হোমিওপ্যাথিক চিকিৎসা কল্পদ্রুম।

দ্বিতীয় পুস্তক।

শ্বাস যন্ত্রের রোগ চিকিৎসা।

শারীর বিধান, হোমিওপ্যাথিক ভৈষজ্য রত্নাবলী, জ্বর চিকিৎসা, সৌদামিনীর
শিশু চিকিৎসা, বিসূচিকা, দর্পণ, ওলাউঠা চিকিৎসা ও ইনফ্লুয়েঞ্জা
পুস্তক প্রণেতা এবং কলিকাতা হোমিওপ্যাথিক স্কুলের
দেহতত্ত্ব ও চিকিৎসা তত্ত্ব প্রভৃতির শিক্ষক

ডাক্তার শ্রীমহেন্দ্র নাথ ঘোষ কর্ত্তৃক

সঙ্কলিত ও প্রকাশিত।

কলিকাতা।

১০নং অপার সারকুলার রোড।

সিয়ালদহ প্রেসে আশুতোষ চক্রবর্ত্তী দ্বারা মুদ্রিত।

১৮৯৩।

THIS BOOK

IS

DEDICATED

TO

Babu Sasi Bhushan Chaudhuri M. A., B. L.

AS AN

ARDENT ADVOCATE

OF

HOMŒOPATHIC TREATMENT

BY

HIS FRIEND,

THE AUTHOR.

সূচীপত্র।

DISEASEAS OF THE RESPIRATORY ORGANS.

শ্বাস প্রশ্বাস যন্ত্র সম্বন্ধীয় রোগাবলীর বিবরণ।

CLINICAL CHARACTERS.

রোগের সাধারণ স্বভাব বিচার।

The following outline serves to indicate the general features of Respiratory diseases

শ্বাসযন্ত্র সম্বন্ধীয় যাবতীয় রোগে নিম্নলিখিত কতিপয় বিষয় রোগীর নিকট উপস্থিত হইয়া জ্ঞাত হইতে হয় যথাঃ—

1. Morbid sensations of various characters in the affections of larynx, trachea, bronchi, lungs, and pleura to be considered

১। মরবিড্ সেন্সেশন্ বা অস্বাভাবিক সংজ্ঞা বোধ হয়, অর্থাৎ, লেরিংস ও ট্রেকিয়া রোগাক্রান্ত হইলে উহাদের স্থানে অসুখবোধ, বেদনাবোধ, প্রকৃতবেদনা, জ্বালা, উত্তেজনা ও ঐ স্থানে অন্য কোন পদার্থের অবস্থিতি ইত্যাদি লক্ষণ প্রকাশ পায়। অপিচ, কাশিলে, কথা কহিলে বা গান করিলে উহাদের বৃদ্ধি হয়। আবার, লেরিংস স্পর্শ করিলে অথবা চাপিলে বেদনা বোধ হইয়া থাকে ইত্যাদি। শ্বাসনলী, ফুসফুস ও ফুসফুসাবরণ (ব্রঙ্কাই, লঙ্গস্, প্লুরা) রোগাক্রান্ত হইলে বক্ষের কোন্ কোন্ প্রদেশে পূর্ব্বোক্ত প্রকারের বেদনা প্রভৃতি অস্বাভাবিক সংজ্ঞা বা চেতনা উপস্থিত হয়, তাহা চিকিৎসককে রোগীর কাশি ও দীর্ঘ শ্বাস দেখিয়া বুঝিতে হইবে।

The effects of cough and of deep inspiration to be observed in the last three affections

2 Dyspnœa, and noisy, hissing, whistling or stridulous breathing in laryngeal and tracheal diseases,

২। শ্বাসপ্রশ্বাস ক্রিয়ার কিঞ্চিৎ ব্যতিক্রম ঘটিলেই ডিস্পনিয়া অর্থাৎ শ্বাসকষ্ট হয়। লেরিংস ও ট্রেকিয়ারোগে শ্বাস প্রশ্বাস শব্দজনক, সাঁই সাঁই বৎ, সীস দেওয়া মত, অথবা ঘড়ঘড়ে হয়। লেরিঞ্জিয়াল শ্বাসকষ্ট সর্ব্বক্ষণ স্থায়ী অথবা আক্ষেপিক হয়। ইহা ক্রমেই বাড়িয়া থাকে। রোগের স্বভাব ও পরিমাণানুসারে অন্য স্থানের শ্বাস কষ্টের তারতম্য হয়।

3 Note the excited expulsive actions namely cough, sneezing and hawking.

৩। প্রশ্বাস ত্যাগ কালে কতকগুলি অবস্থা নজর করিতে

3 Laryngeal cough comes in fits, and is hard, hoarse cracked, croupous, metallic or barking.

হয় যথা,—কাশী, হাঁচি ও হক্ হক্ শব্দ করণ ইত্যাদি। লেরিংস সম্বন্ধীয় রোগের কাশি আক্ষেপিক হয় এবং সহজে চাপিয়া রাখা যায় না। এরূপ কাশি কঠিন, কর্কশ, ভাঙ্গার ক্রুপাস, ধাতুবাদ্যবৎ ও কুকুর ডাকার মত হইয়া থাকে।

4 Expulsive acts attended with expectoration or sputum, consisting of mucus, muco-purulent matter, pus, croupous or diphtheritic exudation, portion of morbid structures or structural tissues and calcareous particles

৪। প্রশ্বাস ত্যাগ কালে শ্বাসযন্ত্র হইতে শ্লেষ্মা প্রভৃতি বহির্গত হয় উহাকে এক্সপেক্টোরেশন বা স্পিউটাম বা গয়ার শ্লেষ্মা কহে। এইরূপ স্পিউটাম বা গয়ারে শ্লেষ্মা, শ্লেষ্মা ও পূঁযমিশ্রিত পদার্থ, পূঁয, ক্রুপাস ও ডিপ্থিরিটিক রস, অস্বাভাবিক বিধানোপাদান খণ্ড, ফুসফুস ও অন্যান্য শ্বাস সম্বন্ধীয় গঠনের খণ্ড এবং চূর্ণ বা ক্যাল্কেরিয়া ঘটিত পদার্থ দৃষ্ট হয় সুতরাং শ্বাস প্রশ্বাস রোগ সম্বন্ধে এ সকল [illegible] করিতে হইবে।

5 Hæmoptysis to note

৫। রক্তবমন শ্বাস প্রশ্বাস সম্বন্ধীয় রোগের একটী প্রধান লক্ষণ সুতরাং ইহাকেও উপেক্ষা করা না হয়।

6 Voice liable to be altered

৬। শ্বাস প্রশ্বাস সম্বন্ধীয় রোগে স্বর বা সুরের প্রতি লক্ষ্য রাখা কর্ত্তব্য। কারণ, লেরিংস ও ট্রেকিয়ার রোগে স্বর ক্ষীণ এমন কি স্বরভঙ্গ হইয়াও থাকে। আর, স্বর কর্কশ, ক্রুপ ও ভাঙ্গা হইয়া থাকে।

7 abnormal expiration

৭। প্রশ্বাসে কখন কখন অস্বাভাবিক ভাব দৃষ্ট হয়।

8 difficult deglutition

৮। লেরিংস সম্বন্ধীয় রোগে গলাধঃকরণ কষ্টকর হয় সুতরাং এ লক্ষণও উপেক্ষিত না হয়।

9. general aspect & posture-peculiarities are to be noted.

৯। শ্বাস প্রশ্বাস সম্বন্ধীয় রোগে রোগীর উপবেশন ও শয়ন প্রভৃতি সাধারণ ভঙ্গীর তারতম্য হইতে দেখা যায়।

PHYSICAL EXAMINATION.

ভৌতিক পরীক্ষা।

EXAMINATION OF THE LARYNX & TRACHEA.

লেরিংস এবং ট্রেকিয়ার পরীক্ষা প্রণালী।

১। গলার বহির্দ্দেশ পরীক্ষা—গলার উপর কোন প্রকার অর্ব্বুদ অথবা নালী ঘা দেখা কর্ত্তব্য। গলা স্পর্শ করিয়া অথবা গলদেশে আকর্ণন যন্ত্র দ্বারা পরীক্ষা পূর্ব্বক দেখা কর্ত্তব্য যে তথায় শ্বাস প্রশ্বাসের কোনরূপ পরিবর্ত্তন আছে কি না। গলার দুই দিকের স্বরের কোন তারতম্য হয় কি না দেখিতে হইবে।

External examination of the neck reveals tumours, fistulous openings, alteration of breath-sounds. Vocal fremitus may differ in two sides.

২। কণ্ঠের আভ্যন্তরিক পরীক্ষা—রোগীকে উত্তম আলোকে হাঁ করাইয়া লেরিংস ও ট্রেকিয়া মধ্যে কোন রোগ আছে কি না দেখিতে হয় এবং অঙ্গুলির দ্বারা এপিগ্লটিসের কোন প্রকার স্ফীতি, বৃদ্ধি, অথবা উহাতে অন্য কোন পদার্থ অবস্থিতি করিতেছে কিনা অনুভব করিতে হয়।

Examination of the throat internally reveals swelling, growth and foreign body of the epiglottis, throat &c

৩। লেরিংগোস্কোপ যন্ত্র দ্বারা পরীক্ষা—চিকিৎসকে আপন কপালে আরসী বাঁধিয়া এবং সম্মুখে রোগীকে বসাইয়া ও রোগীর পার্শ্বে এক উজ্জ্বল প্রদীপ জ্বালাইয়া পরীক্ষা করিতে হইবে। আলোক রশ্মি চিকিৎসকের চক্ষুর সম্মুখে থাকা চাই। পরে রোগী মুখ ব্যাদান করিলে বাম হস্তে তাহার জিহ্বা বস্ত্র দ্বারা টানিয়া এক পার্শ্বে রাখিতে হইবে এবং দক্ষিণ হস্ত দ্বারা এক আয়না সংযুক্ত লেরিংগোসকোপ যন্ত্র ঈষৎ উত্তপ্ত করিয়া ঐ রোগীর মুখের ভিতর প্রবেশ করিয়া দিতে হয়। এই যন্ত্র প্রবেশ করাইবার সময় রোগীকে জোরে নিশ্বাস লইতে হইবে। এই অবকাশে চিকিৎসক উক্ত যন্ত্রটী রোগীর গলার ভিতর ঊর্দ্ধে ও পশ্চাদ্দিকে ঠেলিয়া দিবেন।

Laryngoscopic examination. A mirror being attached to the head, the Doctor should order his patient to sit before him, a lamp to be placed by the side of the patient, the mouth being opened the tongue is held out by the left hand, the throat-mirror having been warmed is now to be introduced by

the rightband; keeping the reflecting surface downwards, push it gently upwards and backwards, introduction is facilitated by deep breath.

হস্তের আরসী বিশিষ্ট মুখ গলার নীচের দিকে রাখিতে হইবে। এইরূপ পরীক্ষা কেহ অনেক ক্ষণ কেহ বা অল্প ক্ষণ সহ্য করিতে পারেন। কোনং স্থলে বরফ সেবন করাইয়া অথবা কোকেন্ লাগাইয়া গলা অবসাদিত করিয়া লইতে হয়।

Morbid conditions detected by laryngoscope —

Change in color due to congestion &c,

Altered size shape and position of epiglottis.

Thickening due to ch inflammation

Oedematous swelling.

Croupous or diphtheritic deposits.

Ulcerations

Growths and tumours

Change in size and shape of the opening of glottis

Derangements of muscular action of glottis.

Revealing of foreign bodies.

নিম্নলিখিত কতিপয় অবস্থা ও রোগ জানিবার জন্য লেরিং-গোসকোপের প্রয়োজন হইয়া থাকে।

১। রক্তাধিক্য বা প্রদাহ বা অন্য কারণ বশতঃ লেরিংসের বর্ণের পরিবর্ত্তন।

২। এপিগ্লটিসের আকার, গঠন ও স্থাপনের পরিবর্ত্তন।

৩। পুরাতন প্রদাহ বশতঃ টিসুদিগের বৃদ্ধি বা ঘনত্ব।

৪। শোথ বা ফুলা।

৫। ক্রুপাস্ অথবা ডিপথিরিটিক অবস্থা।

৬। ক্ষত।

৭। অর্ব্বুদ প্রভৃতি মাংস বৃদ্ধি।

৮। গ্লটিস্ ছিদ্রের আকার পরিবর্ত্তন।

৯। গ্লটাসপেশী গুলির ক্রিয়া বিকার।

১০। অন্য কোন বাহিরের পদার্থের অবস্থিতি ইত্যাদি।

A knowledge of anatomy and physiology of the thorax and its contents is essential before examining morbid condition.

EXAMINATION OF THE CHEST.

বক্ষঃ পরীক্ষা।

বক্ষপরীক্ষায় নিম্নলিখিত কয়েকটী অবশ্য জ্ঞাতব্য বিষয় যথাঃ—

১। বক্ষঃ ও তন্মধ্যস্থিত যাবতীয় যন্ত্রের বিকৃতাবস্থা জানিবার পূর্ব্বে উহাদের প্রকৃত গঠন, স্থান ও ক্রিয়াদি পূর্ব্বে অবগত থাকা চাই এবং স্বাভাবিক শ্বাসপ্রশ্বাসের স্বভাব জ্ঞাত থাকা কর্ত্তব্য।

২। বক্ষের যাবতীয় আবরণ উন্মুক্ত করিয়া বক্ষ পরীক্ষা করা কর্ত্তব্য। পুরুষ ও বালকদিগের গাত্রাবরণ উন্মোচনের কোন আপত্তি নাই। রমণীগণের বক্ষ পরীক্ষা করিতে হইলে সভ্যতার প্রতি দৃষ্টি রাখিবে। আবৃত গাত্রের উপর পরীক্ষা নিষিদ্ধ বলিলে অত্যুক্তি হয় না। কোন কঠিন রোগে একেবারে সমস্ত গাত্রের বস্ত্র উন্মোচন সঙ্গত নহে; কারণ, হঠাৎ শৈত্য লাগিয়া অসুখ বাড়িবার সম্ভাবনা। এরূপ স্থলে সন্দিগ্ধ স্থান কেবল উন্মুক্ত করিয়া পরীক্ষা আবশ্যক।

৩। বক্ষ পরীক্ষা করিবার কালে রোগীকে উপযুক্তভাবে স্থাপিত করা কর্ত্তব্য যথাঃ—সম্মুখ বক্ষ পরীক্ষা কালে রোগীর হস্তদ্বয় দুই পার্শ্বে লম্বভাবে ঝুলিবে এবং রোগী আপন মস্তক কিঞ্চিৎ পশ্চাতে হেলাইয়া অবস্থিতি করিবে। পৃষ্ঠদেশ পরীক্ষা করিতে হইলে রোগীকে কিঞ্চিৎ সম্মুখে ঝুঁকিতে বলিবে এবং তৎসঙ্গে দুই হস্ত বক্ষে রক্ষা করিতে কহিবে। বক্ষের পার্শ্বপরীক্ষা কালে রোগীকে মস্তকের উপর দুই হস্ত তুলিয়া রাখিতে কহিবে।

৪। বক্ষ পরীক্ষা কালে বক্ষের সর্ব্বাংশ সমানভাবে অনুসন্ধান করা কর্ত্তব্য ফুসফুসের চূড়া, সম্মুখ ও পশ্চাদ্ভাগ, তলদেশ ও পার্শ্বদেশ এবং হৃৎপিণ্ড ও ধমনী প্রদেশ উত্তম রূপে পরীক্ষা করা কর্ত্তব্য।

৫। বক্ষের এক একটী প্রদেশ ক্রমান্বয়ে ও বিধি পূর্ব্বক পরীক্ষা করা আবশ্যক যথাঃ—

(ক) ফুসফুস (খ) হৃৎপিণ্ড এবং (গ) ধমনী ইত্যাদি।

Be familiar with the normal physical signs.

Fully expose the chest in the case of males & children before examining the chest, examination of females must be conducted with due regard to decency.

When the front of the chest is being examined, the patient should sit or stand with the hands hanging down by the sides.

A slight stooping with the head bent forward and the arms well folded across the chest so that the scapulæ are drawn away from the spine and muscles are put on the stretch answers best to the examination of the back. Side examination is done by having the arms raised vertically above the chest.

Examine the chest thoroughly.

Examine systematically and orderly.

Repeated examination may be needed before a satisfactory diagnosis can be arrived at.

৬। যতক্ষণ না সন্তোষজনক পরীক্ষা হয় ততক্ষণ ঘন ঘন পরীক্ষা করিতে হইবে। তরুণ রোগের ঘন ঘন পরীক্ষা করিয়া রোগের হ্রাস ও বৃদ্ধি বিচার করিতে হয় অথবা এক যন্ত্রের রোগ সত্ত্বে অন্য যন্ত্র আক্রান্ত হইল কি না দেখিবার জন্যও ঘন ঘন বক্ষ পরীক্ষা করিতে হয়; যেমন প্লুরিসি হইতে ফুসফুস প্রদাহ, ফুসফুস প্রদাহ হইতে যক্ষা, বা হৃদরোগ ইত্যাদি।

Certain conditions which influence the physical signs both in health and disease must always be taken into account

৭। সুস্থ শরীরে অথবা রোগের কালে কোনরূপ অবস্থা ভৌতিক চিহ্নের তারতম্য ঘটাইতেছে কিনা তাহা দেখিতে হইবে যথাঃ—বক্ষ-প্রাচীরের চর্ব্বি ও মাংসের অবস্থা, পঞ্জর ও উপাস্থির অবস্থা, বক্ষের গঠন, পরীক্ষিত স্থানের অবস্থা, রোগীর বয়স ও লিঙ্গ বিচার, স্নায়বিক অবস্থা, চেতনাধিক্য, হিষ্টিরিয়া ধাতুর সহিত শ্বাস প্রশ্বাস ও হৃৎপিণ্ড সম্বন্ধীয় পীড়ার সহানুভূতি প্রভৃতি বিষয় অবশ্য জ্ঞাতব্য।

Examine and compare the corresponding regions

৮। দুই বক্ষ পরীক্ষা করিয়া তুলনা করিতে হইলে প্রত্যেকদিকে এক রকম স্থান পরীক্ষা করিবে।

Long continued training and experience are required for the practical application of these principles.

৯। ভৌতিক পরীক্ষার বিশেষ প্রণালী বা হদিস্ আনুপূর্ব্বিক পূর্ব্বে জানিয়া রাখিতে হয়, তবে ঘন ঘন অভ্যাস বশতঃ ও বহুদর্শিতায় পরীক্ষা কালে কোনরূপ বেগ পাইতে হয় না।

Physical signs are but indication of certain physical conditions.

১০। ভৌতিক চিহ্নগুলি অস্বাভাবিক অবস্থার পরিচায়ক, সুতরাং উহাদিগকে উত্তমরূপে ও বিবিধ প্রকারে অভ্যস্থ করিয়া রাখিতে হইবে।

PHYSICAL DIAGNOSIS.

ভৌতিক পরীক্ষা বা বাহ্যভাবে রোগ নিরূপণ।

দর্শন, শ্রবণ ও স্পর্শন প্রক্রিয়া দ্বারা রোগ নির্ব্বাচিত, স্থিরীকৃত অথবা নিরূপিত হইলে সেই প্রক্রিয়াকে ফিজিক্যাল ডায়েগনোসিস্ বা ভৌতিক পরীক্ষা প্রণালী অথবা বাহ্যভাবে রোগ নির্ব্বাচন প্রক্রিয়া কহা যায়। *Physical Diagnosis is the art of discriminating disease by means of the eye, the ear and the touch.*

ভৌতিক পরীক্ষা প্রণালীদ্বারা শরীরাভ্যন্তরস্থ বিধানোপাদান গুলির স্বাভাবিক আকার ও ঘনত্ব প্রভৃতির যে সমস্ত পরিবর্ত্তন জ্ঞাত হওয়া যায় তাহাদিগকে ভৌতিক চিহ্ন কহে। *Physical signs are the changes in the form or density of the structures within the body.*

নিম্নলিখিত কয়েক প্রকারে বক্ষের ভৌতিক পরীক্ষা করিতে হয় যথা:— *Methods of physical Diagnosis.*

১। দর্শন বা ইনস্পেক্‌সন্। *Inspection.*

২। স্পর্শন বা প্যাল্পেষণ। *Palpation.*

৩। মাপন, পরিমাণ বা মেন্‌সুরেষণ। *Mensuration.*

৪। প্রতিঘাতন বা পার্কষণ। *Percussion.*

৫। শ্রবণ, আকর্ণন বা অসকাল্টেষণ। *Auscultation.*

৬। আলোড়ন, আন্দোলন বা সাকাসন্। *Sucucssion.*

৭। আচমণ বা এস্পিরেষণ, অর্থাৎ অনুসন্ধানকারী সূচী দ্বারা আভ্যন্তরিক তরল পদার্থের পরীক্ষা। *Aspiration.*

উপরোক্ত কয়েক প্রকার বক্ষঃ পরীক্ষা প্রণালীর মধ্যে প্রতিঘাতন ও আকর্ণন এই দুই প্রকার পরীক্ষা প্রণালী সকলাপেক্ষা আবশ্যকীয়, কারণ, এই দুই প্রণালীর দ্বারা বক্ষ গহ্বরের স্বাভাবিক ও অস্বাভাবিক শব্দসমূহের বিষয় জ্ঞাত হওয়া যায়। *Percussion and Auscultation dealing with sounds are the most important methods.*

DIVISION OF THE THORAX.

বক্ষ বিভাজন প্রণালী।

Chest is mapped off into lines and regions for physical exploration —

উত্তমরূপে বক্ষ প্রদেশের ভৌতিক পরীক্ষা করিতে হইলে বক্ষ প্রদেশকে কতিপয় আনুমানিক রেখাদ্বারা নানা অংশে বিভক্ত করিতে হয়। রেখাগুলিকে লাইন এবং প্রত্যেক বিভক্ত প্রদেশকে রিজন্ কহে।

LINES.—আনুমানিক রেখা।

Imaginary lines to be drawn vertically from the top to the bottom of the chest —

লাইন্—আনুমানিক রেখাগুলি বক্ষের উপর লম্বভাবে বক্ষের নিম্নদেশ পর্য্যন্ত টানিয়া লইতে হইবে।

রেখাগুলির নাম যথা,—

Mid-sternal line

১। মিড্ষ্টার্ণাল লাইন—অর্থাৎ ষ্টার্ণাম অস্থি দিয়া যে রেখা অবতরণ করে।

Rt & Lt lateral Sternal.

২। দক্ষিণ ও বাম ল্যাটারাল্ ষ্টার্ণাল লাইন—অর্থাৎ ষ্টার্ণামের দুই পার্শ্ব দিয়া যে দুই রেখা অবতরণ করে।

Mammary

৩। ম্যামারী লাইন—অর্থাৎ স্তনের উপর দিয়া যে রেখা নামে।

Acromial

৪। এক্রোমিয়াল্ লাইন—অর্থাৎ উহার প্রবর্দ্ধন হইতে যে রেখা অবতরণ করে।

Mid axillary.

৫। মিড্এক্জিলারী লাইন অর্থাৎ বগলের মধ্যস্থল হইতে যে রেখা অবতরণ করে।

Scapular.

৬। স্কাপুলার লাইন্ অর্থাৎ স্কাপুলা অস্থির পশ্চাৎ অথবা ভার্টেব্রাল ধার দিয়া যে রেখা নামে।

Mid Spinal

৭। মিড্স্পাইন্যাল লাইন্ অর্থাৎ মেরুদণ্ডের মধ্য দিয়া যে রেখা নামে।

Arrangement of regions

রিজন।—উক্ত আনুমানিক রেখাগুলির ব্যবধানে যে সকল প্রদেশ অন্তর্গত হয় উহাদিগের এক একটীকে রিজন্ বা বিভাগ কহে।

MEDIUM REGION.

মধ্য রিজন্ বা প্রদেশ।

১। সুপ্রাষ্টার্ণাল রিজন্—অর্থাৎ ষ্টার্ণাম অস্থির উপরিস্থিত চাপা স্থান। ইহাতে ট্রেকিয়া, ইনোমিনেট ধমনী, এবং কদাচ এয়োর্টার খিলান অবস্থিতি করে। *Supra sternal region corresponding to the depression above the sternum.*

২। আপার ষ্টার্ণাম রিজন্—অর্থাৎ ষ্টার্ণামের উর্দ্ধ হইতে নিম্নে তৃতীয় পঞ্জরের উপাস্থি পর্য্যন্ত স্থান। এখানে এয়োর্টার খিলান, পালমোনারী ধমনী, ফুসফুসের ধার, ট্রেকিয়া, ট্রেকিয়ার বিভাজন (দ্বিতীয় পঞ্জরের নিম্নে), এয়োর্টিক ভাল্‌ভ (যে স্থানে ৩য় পঞ্জরের উপাস্থি ষ্টার্ণাম অস্থিতে সংলগ্ন হয়) এবং উপাস্থির কিঞ্চিৎ উর্দ্ধে ও ষ্টার্ণামের কিঞ্চিৎ পরে পাল্মোনারী ভাল্‌ভ অবস্থিতি করে। *Upper sternal extending to the lower border of 3rd cartilage.*

৩। লোয়ার ষ্টার্ণাল্ রিজন্—অর্থাৎ ৩য় পঞ্জরের উপর হইতে ষ্টার্ণামের নিম্নাংশ পর্য্যন্ত স্থান। ইহাতে দক্ষিণ ভেণ্টি্রকেল, বাম ভেণ্টি্রকেলের কিয়দংশ, বাম ফুসফুসের ধার, পাকাশয়, যকৃৎ এবং ট্রাইকস্‌পিড্ ও মাইট্রাল ভালভ্ অবস্থিত। *Lower sternal from the 3rd cartilage to the lower end of the sternum.*

ANTERO LATERAL REGION.

সম্মুখ ও পার্শ্বরিজন বা প্রদেশ।

১। সুপ্রাক্লাভিকিউলার রিজন—অর্থাৎ ক্লাভিকেল্ অস্থির উপরে এক ইঞ্চি পরিমাণ স্থান। ইহাতে স্যাব্‌ক্লেভিয়ান্ ও কেরোটিড্ ধমনীর কিয়দংশ এবং জুগুলার ও সাব্‌ক্লেভিয়ান্ শিরা দৃষ্ট হয়। *Supraclavicular including the space above the clavicle.*

২। ক্ল্যাভিকিউলার রিজন্—অর্থাৎ ক্ল্যাভিকেল অস্থির ৩ ভাগের অভ্যন্তর দিকের দুই ভাগ স্থান। ইহার দক্ষিণ রিজনে ইনোমিনেট এবং বাম রিজনে স্যাবক্লেভিয়ান ও কেরোটিড্ ধমনী দৃষ্ট হয়। *Clavicular corresponding to the inner half of clavicle.*

Infraclavicular limited below by the lower margin of the 3rd rib

৩। ইনফাক্লাভিকিউলার—অর্থাৎ ক্লাভিকেল অস্থি হইতে নিম্নে ৩য় পঞ্জরের নিম্ন ধার পর্য্যন্ত স্থান, ইহাতে উভয় দিকে ফুসফুসের ঊর্দ্ধ খণ্ড, এয়োটিক আর্চ বা খিলান ও সুপিরিয়ার ভিনাকেভা এবং ইহার বাম বিভাগে পাল্মোনারী ধমনী দৃষ্ট হয়। দ্বিতীয় পঞ্জরের নিকট টেকিয়া বিভক্ত হয়। বড় বড় শাখা-ব্রঙ্কাই এই রিজনে অবস্থিতি করে।

Mammary from the 3rd rib to the lower border of the 6th

৪। ম্যামারী রিজন—অর্থাৎ ৩য় ও ৬ষ্ঠ পঞ্জরের মধ্যবর্ত্তী স্থান। দক্ষিণ ম্যামারী রিজনে দক্ষিণ ফুসফুস এবং বাম ম্যামারী রিজনে বাম ফুস ফুস ও হৃৎপিণ্ড অবস্থিতি করে।

Inframmary from the 6th rib to the lower margin of the thorax.

৫। ইন্‌ফ্রাম্যামারী প্রদেশে প্লীহা ও পাকাশয় এবং দক্ষিণ ইনফ্রাম্যামারী প্রদেশে যকৃৎ ও দক্ষিণ ফুসফুসের কিয়দংশ দৃষ্ট হইয়া থাকে।

LATERAL REGION.

বক্ষের পার্শ্ব রিজন বা প্রদেশ।

Axillary from the apex of the axilla down to a line continuous with the lower boundary of the mammary

১। একজিলারী রিজন—অর্থাৎ বগল প্রদেশের ৬ষ্ঠ পঞ্জরের উপরের স্থান। ইহাতে ফুসফুসের ঊর্দ্ধাংশ দৃষ্ট হয়।

Infra axillary from the above to the lower margin of the thorax.

২। ইনফ্রা একজিলারী রিজন—অর্থাৎ বগল প্রদেশের ৬ষ্ঠ পঞ্জরের নিম্নদিকের স্থান। দক্ষিণ ইনফ্রা একজিলারী রিজনে ফুসফুস ও যকৃৎ এবং বাম ইনফ্রা-একজিলারী রিজনে ফুসফুস, প্লীহা ও পাকাশয় অবস্থিতি করিয়া থাকে।

POSTERIOR REGION.

বক্ষের পশ্চাৎ রিজন বা প্রদেশ।

Supra scapular corresponding to the supra-spinous fossa.

১। সুপ্রাস্কাপুলার রিজন—অর্থাৎ স্কাপুলা অস্থির উপরের স্থান। ইহাতে ফুসফুস থাকে।

২। স্কাপুলার রিজন—অর্থাৎ স্কাপুলা অস্থির স্থান। ইহাতেও ফুসফুস থাকে। Scapular.

৩। ইন্টার স্কাপুলার রিজন—অর্থাৎ দুই স্কাপুলার মধ্যবর্ত্তী স্থান। ইহাতে ব্রঙ্কাই, ফুসফুস ও ব্রঙ্কিয়েল্ গ্লাণ্ড সমূহ অবস্থিতি করে। Interscapular.

৪। ইনফ্রাস্কাপুলার রিজন অর্থাৎ স্কাপুলার নিম্ন কোণের নিম্নদিকের স্থান। দক্ষিণ অংশে ফুসফুস ও যকৃৎ, বামপার্শ্বে ফুসফুস ও প্লীহা দৃষ্ট হইয়া থাকে। Infra-scapular.

INSPECTION.

দর্শন প্রণালী।

ইনস্পেকশন এই কথার অর্থ দর্শন অর্থাৎ রোগীকে পরিস্কার আলোকে সুস্থভাবে উপবেশন, দণ্ডায়মান অথবা শয়ন করাইয়া তাহার বক্ষের পার্শ্ব পশ্চাৎ ও সম্মুখ প্রদেশ ভাল করিয়া নিরীক্ষণ করণ প্রণালীকে ইনস্পেকশন কহে। Inspection is to look at the sides, back, and front of the chest in a good light, the patient being in an easy and comfortable position.

ইনস্পেকশন অর্থাৎ দর্শন প্রণালীর দ্বারা বক্ষের আকার গঠন, বর্ণ, সঞ্চালন বা নড়ন বুঝা যায়। ইহা দ্বারা বক্ষোপরি ভাবং অবস্থাও দৃষ্ট হইয়া থাকে,—যথা বক্ষের ফুলা, চর্ব্বির পরিমাণ ও শিরার অবস্থা ইত্যাদি। Inspection reveals the form, size, color, movements and superficial conditions of the chest.

সুস্থাবস্থায় দুই বক্ষ দেখিতে সমস্তোভাবে সমান। বক্ষের দুই পার্শ্বই নিশ্বাস কালে সমভাবে উত্থিত হয় এবং প্রশ্বাসে সমান ভাবে নামিয়া থাকে। নিশ্বাস কালে ষ্টার্ণামের উপরের চাপা স্থান আরও খাল বিশিষ্ট হইয়া যায়। প্রত্যেক মিনিটে ১৬ হইতে ২০ বার শ্বাস প্রশ্বাস হয়। Symmetrical movements of the healthy chest during inspiration and expiration. 16 to 20 respirations per minute.

নিশ্বাস প্রক্রিয়া কেবল পেশী ক্রিয়ার ফল। সহজ প্রশ্বাসে পেশী ক্রিয়া লক্ষিত হয় না, ফুসফুস ও বক্ষ প্রাচীরের স্থিতিস্থাপকতা প্রযুক্ত নিশ্বাস বায়ু বহির্গত হয়। নিশ্বাসকাল প্রশ্বাস অপেক্ষা অধিক, সুতরাং প্রশ্বাস অপেক্ষা নিশ্বাসে বক্ষের অধিক Inspiration is the result of muscular action, expiration is due to the elastic action of the lungs & chest walls, inspira-

tory movement is longer than expiratory effort, the pause between the acts is momentary.
Inferior costal breathing in males and children whereas superior costal breathing in females only.

সঞ্চালন হয়। নিশ্বাস ও প্রশ্বাস মধ্যবর্ত্তী বিরামকাল অতি সামান্য। নিশ্বাস ৫, প্রশ্বাস ৪, এবং বিরামকালের সংখ্যা ১, এইরূপ হইয়া থাকে। সমস্ত বক্ষোপরি শ্বাস প্রশ্বাস গতি দৃষ্ট হয়। কিন্তু পুরুষের ও বালকের শ্বাস প্রশ্বাস গতি বক্ষের নিম্নাংশে অধিক প্রকাশ পায় একারণ ইহাকে ইনফিরিয়ার কষ্টাল বৃদিং কহে, এবং নারীর শ্বাস-প্রশ্বাসে বক্ষের উর্দ্ধাংশ অধিক সঞ্চালিত হয় সুতরাং ইহাকে সুপিরিয়ার কষ্টাল বৃদিং কহে।

Palpation is the application of the palm of the hands and fingures to the chest and the impressions conveyed from within the chest are appriciated by the sense of touch.

PALPATION.

স্পর্শন প্রণালী।

স্পর্শনপ্রণালী—এই প্রণালীতে রোগীর বক্ষে চিকিৎসক আপন হস্ত ও অঙ্গুলির সমস্ত তালুপ্রদেশ রক্ষাপূর্ব্বক বক্ষের কতিপয় অবস্থা জ্ঞাত হইতে পারেন, অর্থাৎ বক্ষের ভিতর হইতে একরূপ সংজ্ঞা আইসে যাহা হস্ত স্পর্শে বোধগম্য হইয়া থাকে।

Object

To get more information than what is revealed by inspection

To locate spots of soreness, the density and condition of tumours, state of chest walls, frequency of breathing and action of the heart

To determine the existence and character of various kinds of fremitus.

OBJECT OF PALPATION.

স্পর্শন প্রণালীর উদ্দেশ্য:—

১। দর্শন প্রণালীতে যাহা প্রকাশিত হয়, স্পর্শনে তদপেক্ষা বক্ষের অনেক প্রকৃত অবস্থা বুঝা যায়।

২। স্পর্শ দ্বারা বেদনা বা ক্ষতের স্থান নিরূপণ, অর্ব্বুদদিগের অবস্থা, বক্ষ প্রাচীরের অবস্থা, শ্বাস প্রশ্বাসের পরিমাণ এবং হৃৎপিণ্ডের ক্রিয়ার বিবরণ পাওয়া গিয়া থাকে।

৩। বিবিধ প্রকার ফ্রিমিটস্ অথবা বক্ষের কম্পন বুঝা যায়।

ফ্রিমিটাস্—বক্ষ পঞ্জর স্পর্শ করিলে বক্ষ হইতে যে সকল কম্পন হস্তের স্পর্শে অনুভূত হয় উহাকে ফ্রিমিটাস কহে। এই ফ্রিমিটাস নানা প্রকার, যথাঃ—

Fremitus is tactile inpression conveyed to the surface of the chest,

১। ভোকাল্ ফ্রিমিটাস—কথা কহিলে অথবা ক্রন্দন করিলে যেরূপ স্পন্দন চালিত হয়।

Vocal fremitus produced by the act of speaking or crying.

২। টাসিভ ফ্রেমিটাস্—কাসিলে যেরূপ স্বর চালিত হয়। স্বর ক্ষীণ হইলে ইহার মর্ম্ম বুঝা যায়।

Tussive fremitus produced by coughing.

৩। ব্রঙ্কিয়াল্ ফ্রিমিটাস্—ব্রংকিয়াল নলী মধ্যে যদি শ্লেষ্মা, শোণিত অথবা পূঁয থাকে, আর শ্বাস প্রশ্বাস কালে ভূবায়ু যদি ঐ সকল পদার্থে সংস্পৃষ্ট হয় তবে ব্রংকিয়াল ফ্রিমিটাস্ উৎপন্ন হয়।

Bronchial fremitus produced by the air passing through mucus, blood or pus in the bronchial tubes during respiration.

৪। ফ্রিকসন ফ্রিমিটাস্—প্লুরার কর্কশ গাত্রের পরস্পর ঘর্ষনে একরূপ শব্দ বা কম্পন উৎপন্ন হয়।

Friction fremitus produced by the rubbing together of the roughened surfaces of the pleuræ.

৫। দক্ষিণ বক্ষের চূড়ারদিকে স্বর-কম্পন বা ভোকাল ফ্রিমিটাস্ স্পষ্টরূপে শ্রবণ করা যায়। ফুসফুস যদি কঠিন অর্থাৎ ঘন হয় তবে স্বর-কম্পন অর্থাৎ ভোকাল ফ্রিমিটাসের আধিক্য হইয়া থাকে। আবার দুর্ব্বলতায় উহা কমিয়া যায় ইত্যাদি।

V. fremitus is most heard towards the apex. It is increased in consolidation and decreased in weakness

---

MENSURATION.

মাপ প্রণালী।

মাপ প্রণালী—কোন২ স্থানে বক্ষের আয়তন ও শ্বাস গতির পরিমাণ মাপিবার আবশ্যক হয়। নিম্নলিখিত কয়েক প্রকার বক্ষের মাপ প্রণালী প্রচলিত যথাঃ—

Mensuration is to obtain accurate information as to the size, shape of the chest and the extent of respiratory movements.

Varieties

১। সার্কুলার—অর্থাৎ সম্পূর্ণ বক্ষের নানা অংশে ফিতা ঘুরাইয়া মাপিতে হয়।

Circular.

Semicircular.

২। সেমিসার্কুলার—অর্থাৎ ষ্টার্ণামের মধ্য হইতে ফিতা ঘুরাইয়া মেরুদণ্ডের স্পাইন পর্য্যন্ত বক্ষের দুই দিক মাপিয়া মিলাইতে হয়।

Antero-posterior.

৩। এণ্টিরো-পষ্টিরিয়ার—অর্থাৎ সম্মুখ ও পশ্চাতের মাপ।

Vertical.

৪। ভার্টিকেল্—অর্থাৎ ক্ল্যাভিকেলের মধ্য হইতে বক্ষের নিম্নধার পর্য্যন্ত।

Local.

৫। লোকাল্—অর্থাৎ স্তনের বোঁটা হইতে ষ্টার্ণামের মধ্য পর্য্যন্ত এবং স্তন হইতে ক্লাভিকেল পর্য্যন্ত।

Various instruments for mensuration.

উক্তমরূপ মাপিবার জন্য অনেক যন্ত্র আবিষ্কার হইয়াছে কিন্তু সচরাচর সাধারণ ফিতায় কার্য্যোদ্ধার হইয়া থাকে।

PERCUSSION.

আঘাতকরণ প্রণালী।

Percussion or the act of striking, is to ascertain the composition of structures; it affords signs and information of great value in diagnosis

বক্ষাঘাত অর্থাৎ বক্ষে ঠোকর মারা প্রণালী—এই প্রণালী অবলম্বনে বক্ষস্থিত বিধানোপাদানের প্রকৃত অবস্থা বুঝা যায় সুতরাং ইহা দ্বারা বিশিষ্টরূপে রোগ নির্দেশ করা গিয়া থাকে।

ইমিডিয়েট এবং মিডিয়েট এই দুই প্রকারে বক্ষাঘাত কার্য্য সমাধা হয়।

Immediate percussion has been generally abondoned.

ইমিডিয়েট বা অব্যবহিত আঘাত করণ প্রণালী অর্থাৎ বক্ষ ও হস্তের মধ্যে কোন ব্যবধান ব্যতীত ঠোকরমারা; এই প্রণালী প্রচলিত নাই, কারণ, ইহা দ্বারা বিধানোপদানের ঠিক অবস্থা বুঝা যায় না।

Mediate.

মিডিয়েট—বা ব্যবহিতআঘাত করণ প্রণালী—অর্থাৎ বক্ষের উপর অঙ্গুলি প্রভৃতি রক্ষা করিয়া তদুপরি ঠোকর মারা।

ঠোকর মারার যন্ত্রও আবিষ্কৃত হইয়াছে কিন্তু শিক্ষিত চিকিৎসকের পক্ষে হস্ত ও অঙ্গুলি দ্বারা আঘাত করণ প্রণালীই যথেষ্ট হয়।

আঘাতকরণ প্রণালী—বাম হস্তের তর্জ্জনী অথবা মধ্য অঙ্গুলির অভ্যন্তর প্রদেশ বক্ষোপরি চোস্ত ও দৃঢ়ভাবে রক্ষা করিয়া তদুপরি দক্ষিণ হস্তের এক দুই বা ততোধিক অঙ্গুলির অগ্রভাগ দ্বারা আঘাত করিতে হইবে। ঠোকর মারিবার পূর্ব্বে দক্ষিণ হস্তের অঙ্গুলিগুলির নখ কাটিয়া ছোট করিয়া রাখিবে নতুবা নখাঘাতে রক্তপাত হইবার সম্ভাবনা। কেহ কেহ দক্ষিণ হস্তের তর্জ্জনী প্রভৃতি অঙ্গুলিগুলিকে একত্রিত, সমতল ও ঈষৎ বক্র করিয়া এবং বৃদ্ধাঙ্গুলিকে তর্জ্জনীর মধ্যভাগে দৃঢ় করিয়া আঘাত করেন। কেহ বা এক, দুই বা তিন অঙ্গুলিদ্বারা আঘাত করিয়া থাকেন। সর্ব্ব প্রকার প্রণালী অবগত থাকা কর্ত্তব্য; কিন্তু তর্জ্জনী ও মধ্য অঙ্গুলি একত্রিত করিয়া আঘাত করাই সর্ব্বশ্রেষ্ঠ প্রণালী; অথবা কেবল মধ্য অঙ্গুলি দ্বারা পরীক্ষা চলিতে পারে। মধ্য প্রকারের জোরের সহিত আঘাত করিবে। বক্ষের গভীর প্রদেশস্থিত যন্ত্রের শব্দের অবস্থা বুঝিতে হইলে সজোরে ঠোকর মারিবার আবশ্যক হয়।

অঙ্গুলি হেলাইয়া ঠোকর মারিবে না। ঠোকর বা আঘাত যেন ঠিক লম্বভাবে অবতরণ করে। আঘাত কালে কেবল মণিবন্ধ অর্থাৎ কবজি প্রদেশ সঞ্চালিত হইবে; যেন সমস্ত হস্তোত্তোলন পূর্ব্বক আঘাত করিতে চেষ্টা না করা হয়। ঠোকর মারিয়া অঙ্গুলি তথায় রাখিয়া দিবে না। শীঘ্র শীঘ্র ও সমানভাবে ঠোকর মারিয়াই অঙ্গুলি তুলিয়া লইবে, নতুবা শব্দের বিঘ্ন ঘটিবে।

Percussion method: The fore or middle finger of the left hand must be laid on evenly and firmly with the palmer aspect next the surface of the chest, percussion must then be made with the rounded ends of the fingers of the right hand the nails being shortened.

Some percuss with all the fingers, either arranged in a line, or gathered into a cone with the thumb.

Percussion force should be moderate except when the sound of deep seated organs is desired.

The stroke should be made perpendicularly to the surface, from the wrist, quickly and sharply and fingers to be rapidly withdrawn

Object of percusson : to elicit certain sounds and the amount of resistance or elasticity of the organs percussed.

আঘাত করা বা ঠোকর মারার উদ্দেশ্য— ১।
বক্ষে ঠোকর মারিলে স্বাভাবিক বা অস্বাভাবিক শব্দ বুঝা যায়।

২। বক্ষে ঠোকর মারিলে বক্ষস্থিত যাবতীয় যন্ত্র ও অন্যান্য বিধানোপাদানের বাধা দিবার শক্তি, স্থিতিস্থাপকতা, ও রস পূর্ণাবস্থা প্রভৃতি চিকিৎসক বোধ করিতে পারেন।

Percussion sounds in health.

সুস্থাবস্থায় বক্ষাঘাত জনিত শব্দ—সুস্থাবস্থায় বক্ষে ঠোকর মারিয়া ৫ প্রকার ভিন্ন২ শব্দ শুনা যায় যথা :—

1. Tympanitic or drum like, it is resonant, prolonged and full, due to accumulation of gas.

১। টিম্প্যানিটিক বা ঢাকের মত শব্দ— পাকাশয় ও অন্ত্রের বায়ু পূর্ণাবস্থায় ঠোকর মারিলে যেরূপ শব্দ হয় টিম্প্যানিটিক শব্দ সেইরূপ। এইরূপ শব্দ সুরবিশিষ্ট, অধিকক্ষণ স্থায়ী ও পূর্ণ।

2 Pulmonary or subtympanitic heard over the healthy lungs, it is less resonant, shorter and less full.

২। পাল্মোনারী বা স্যাব্ টিম্প্যানিটিক্ শব্দ— সুস্থ ফুসফুসে ঠোকর মারিলে এইরূপ শব্দ হইয়া থাকে, সুতরাং এই শব্দ বক্ষের অধিকাংশ স্থলে শ্রুত হইয়া থাকে। ইহার সুর অপেক্ষাকৃত কম ও অল্পক্ষণস্থায়ী এবং তত পূর্ণ নহে। ইহা ঢোলের বাঁয়ার ঢেপ্‌ঢেপে শব্দের মত।

3, Laryngeal, tracheal or tubular sound produced over the main wind pipe, it is much less resonant, shorter and not clear.

৩। লেরিঞ্জিয়েল, ট্রেকিয়াল অথবা টিবুলার শব্দ—প্রধান শ্বাসনলীর উপর ঠোকর মারিলে এই শব্দ হয়। এই শব্দ অত্যন্ত কম সুরবিশিষ্ট, অল্প ক্ষণ স্থায়ী এবং অস্পষ্ট; কারণ শ্বাসনলীর উপর অনেক বিধান উপাদান অবস্থিতি করে।

Bony or osteal sound is short, nonresonant and tolerably clear

৪। বোনি বা অষ্টিয়াল—অর্থাৎ ষ্টার্ণাম ও ক্ল্যাভিক্যাল অস্থির উপর ঠোকর মারিলে যেরূপ শব্দ উৎপন্ন হয়। এইরূপ শব্দ সুরবিহীন, অল্পক্ষণস্থায়ী, অথবা অনেক সময় স্পষ্ট হইয়া থাকে।

Dull or non resonant sound from solid organs, it is dull, short and abrupt.

৫। ডাল্ বা নন্‌-রেজোনাণ্ট শব্দ—নিরেট যন্ত্রের উপর ঘা মারিলে এইরূপ শব্দ হয়। এই শব্দ মোটা, ক্ষুদ্র ও অল্পক্ষণস্থায়ী হইয়া থাকে।

অসুস্থাবস্থায় বক্ষাঘাত জনিত শব্দ যথা ;—

১। হাইপার রেজোনান্ট শব্দ—অর্থাৎ ফুসফুসের স্বাভাবিক শব্দের উচ্চতা। ফুসফুসের কঠিন অংশে ঘন পদার্থ অপেক্ষা অধিক পরিমাণে ভূবায়ু সঞ্চিত হইলে এইরূপ শব্দ হয়। কিন্তু এইরূপ বায়ু সঞ্চয় বশতঃ বক্ষ প্রাচীরের টান ভাব বৃদ্ধি পায় না। বৃদ্ধি পাইলে শব্দ মোটা বা ডাল্ হইবে। কারণঃ— (নিমোথোরাকৃস অর্থাৎ প্লুরায় বায়ু পূর্ণাবস্থা), এম্ফিসিমা (ফুসফুসের বায়ু পূর্ণাবস্থা); ফুসফুসের হাইপারট্রোফি (বিবৃদ্ধি,) এট্রোফি (শুষ্কতা) এবং রক্তহীনতা ইত্যাদি।

২। ক্লিয়ার বা পরিস্কার শব্দ—অর্থাৎ শব্দ উচ্চ বা নিম্ন স্বর বিশিষ্ট না হইয়া স্বাভাবিক অবস্থার অপেক্ষা পরিষ্কার হয়। কোন প্রকার তরল বা ঘন পদার্থ ফুসফুসের বায়ুপূর্ণ টিস্থতে সংস্পৃষ্ট হইলে ঐরূপ পরিষ্কার শব্দ বক্ষে ঠোকর দ্বারা শ্রুত হওয়া যায়। (এরূপ অবস্থায় শব্দ টিবুলার হইতে পারে) ব্রংকাইটিস, রক্তাধিক্য, ফুসফুস-শোথ এবং অন্ত্র প্রদাহের প্রথমাবস্থায় ঐরূপ অস্বাভাবিক ভাবে পরিস্কার শব্দ বক্ষে ঠোকর মারিলে উৎপন্ন হইয়া থাকে।

৩। ডাল্ বা স্থূল শব্দ—অর্থাৎ ফুসফুসের স্বাভাবিক শব্দের হ্রস্বতা। ফুসফুসে ভূবায়ু অপেক্ষা ঘন পদার্থের আধিক্য হইলে এই রূপ ডাল্ শব্দ হয়। বক্ষাঘাতে দুই প্রকার ডাল্ বা স্থূল শব্দ প্রকাশিত হইয়া থাকে যথা, (ক) কঠিন কাষ্ঠে ঠোকর মারার মত শব্দ; এইরূপ শব্দ অল্পক্ষণস্থায়ী হয় ও শীঘ্র শীঘ্র উৎপন্ন হয়, ঠোকর দ্বারা এইরূপ শব্দ বাহির

Percussion sounds of unhealthy chest may be:
(1) Hyper resonant, due to increase of air in the lungs, provided the tension of the chest wall is not altered, as in pneumothorax, emphesema, hypertrophy, atrophy and anæmia of the lungs.
(2) Unusually clear: due to liquid or solid being intimately mixed with air containing tissues, as in some cases of bronchitis, congestion, œdema, early period of pneumonia,
(3) Resonance may be more or less diminished to absolute dulness.
Kinds of dulness —
(a) hard wooden sound which is very short and abrupt, almost non resonant, exceedingly high pitched accompanied with much resistance.
(b) Putty like sound which is absolutely non resonant, dull

heavy and dead in character.

Causes of dullness:

cancer and periostitis of chest wall, distension of pleura with serum, pus fluid or air, consolidation as in pneumonia, phthisis, thickening and cancer, of bronchi, excessive collection of fluid in bronchi, air vesicles or lung tissues, due to extensive bronchitis, congestion or oedema, abscess or hydatid cyst, considerable collapse or extreme distension of lungs, (6) Enlargement of heart or solid or fluid accumulation in the pericardium mediastinal enlargements as tumours, enlarged gland abscess, aneurism, enlarged liver and spleen or tumour extending upwards from the abdomen.

Tubular resembles that produced over the trachea, usually being quite clear, causes phthisical

করিতে হইলে বক্ষের ভিতর হইতে হস্তের অঙ্গুলিতে স্থিতি-স্থাপকতা ও বাধকতা অনুভূত হইয়া থাকে। (খ) পুটির মত স্থূল শব্দ অর্থাৎ এই রূপ শব্দে আদৌ কাঁপা সুর থাকে না, এবং অত্যন্ত স্থূল ও ভারি হইয়া থাকে; শব্দ যেন "মরাশব্দ"।

নিম্নলিখিত কতিপয় রোগে ডাল্ বা স্থূল শব্দ শ্রুতিগোচর হইয়া থাকে যথাঃ—(১) বক্ষ প্রাচীরের কর্কট রোগ; রোগগ্রস্থ ও প্রদাহিত পঞ্জরাস্থি ও পঞ্জারস্থির আবরণ প্রদাহ। (২) প্লুরা অর্থাৎ ফুসফুসাবরণের ভিতর তরল পদার্থ সঞ্চয় অর্থাৎ সিরাম্ বা রক্ত রস, পূঁয ও রক্ত সঞ্চয় অথবা অতিরিক্ত পরিমাণে বায়ু সঞ্চয়। (৩) ফুসফুসের কঠিন অবস্থা যথাঃ—নিউমেনিয়া (ফুসফুস প্রদাহ) থাইসিস্ (যক্ষ্মা), শ্বাস নলীর ঘনত্ব এবং কর্কট রোগ। (৪) ব্রংকাই, বায়ুকোষ ও ফুসফুস মধ্যে অধিক পরিমাণ তরল পদার্থ সঞ্চয়, যথাঃ—অধিক স্থানব্যাপী ব্রংকাটিস্, রক্তাধিক্য, শোথ, অথবা কোন বিশেষ স্থানে তরল পদার্থ সঞ্চয় যেমন স্ফোটক ও হাইডাটিড্-সিষ্ট (৫) ফুসফুসের সম্পূর্ণ চোপসান অবস্থা অথবা সম্পূর্ণ পূর্ণাবস্থা। (৬) হৃৎপিণ্ডের বিবৃদ্ধি অথবা হৃদবেষ্ট বা পেরিকার্ডিয়ামে ঘন পদার্থ বা রস সঞ্চয়। (৭) মিডিয়াষ্টিনাম নামক বক্ষ গহ্বরের স্থানে বিবিধ অর্ব্বুদ ও বিবৃদ্ধি যথাঃ—অর্ব্বুদ, গ্রন্থিবৃদ্ধি, স্ফোটক, ও এনিউরিজম্। (৮) যকৃৎ ও প্লীহা প্রভৃতি উদর গহ্বরস্থিত যন্ত্রের বক্ষের দিকে বিবৃদ্ধি অথবা স্থান চ্যুতি। কদাচ উদরস্থিত অর্ব্বুদও উপরদিকে ঠেলিয়া উঠিতে পারে।

৪। টিবিউলার শব্দ—অর্থাৎ টেকিয়া প্রভৃতি বড়২ নলের উপর আঘাত করিলে যেরূপ শব্দ শ্রুতিগোচর হয়। এরূপ শব্দ বক্ষের সকল স্থানে শুনা যায় না, অল্প স্থানের মধ্যে শ্রুত হয়। এই শব্দ পরিষ্কার। এরূপ শব্দের কারণ—অর্থাৎ

যেং রোগে এরূপ শব্দ শ্রুত হয় উহাদের নামঃ—(১) যক্ষারোগে ফুসফুসে মধ্যম প্রকারের গহ্বর হইলে অথবা ব্রংকাই প্রসারিত হইলে এবং তন্মধ্যে কোন প্রকার তরল পদার্থ না থাকিলে বক্ষাঘাতে টিবিউলার শব্দ পাওয়া যায়। (২) ট্রেকিয়া অথবা বড় বড় ব্রংকাই এবং বক্ষগাত্র এতদুভয়ের মধ্যে গ্রন্থি বিবৃদ্ধি হইলে অথবা কোন প্রকার কঠিন পদার্থ অবস্থিতি করিলে ঠোকর দ্বারা টিবিউলার শব্দ চালিত হইয়া থাকে। পশ্চাৎ মিডিয়াষ্টিনাম স্থানে সুতরাং ইণ্টার-স্কাপুলার প্রদেশে বালকদিগের রোগ বা ধাতুতে টিবুলার শব্দ উৎপন্ন হইয়া থাকে। (৩) প্লুরিটিক এফিউজন (ফুসফুসাবরণে রসসঞ্চার), বক্ষস্থিত অর্ব্বুদ, উদর যন্ত্রের উপর দিকে বৃদ্ধি এবং ফুসফুসের কাঠিন্য (যেমন বেসিক নিউমোনিয়া) প্রভৃতি রোগে ফুসফুস উপর দিকে ঠেলিয়া উঠিলে (ক্লাভিকিউলার স্থানে) টিবিউলার শব্দ পাওয়া যায়।

cavities, enlarged bronchi, tumours or enlarged glands in mediastinum, pleuritic effusion, tumour in the chest or enlarged abdominal glands, basic pneumonia.

৫। এম্ফরিক শব্দ—এই শব্দ ফাঁপা ও ধাতুবাদ্যবৎ হইয়া থাকে। (১) ফুসফুসে গহ্বর থাকিলে এবং এই গহ্বরের ধারগুলি কঠিন ও স্থিতিস্থাপক হইলে ঠোকরে এম্ফরিক শব্দ উৎপন্ন হয়। থাইসিস্ রোগের গহ্বরাবস্থায় বিশেষতঃ বক্ষ প্রাচীরের নিকটবর্ত্তী ফুসফুস গাত্রে বৃহৎ গহ্বর হইলে এবং সেই গহ্বরে অধিক পরিমাণ বায়ু কিন্তু অত্যল্প তরল পদার্থ থাকিলে এম্ফরিক শব্দ উৎপন্ন হয়। (২) নিমোথোরাক্স রোগে কদাচ এইরূপ এম্ফরিক শব্দ উৎপন্ন হইয়া থাকে।

Amphoric percussion. sound is markedly hollow metallic, and resonant. Causes-
Supeficial and large phthisical cavity with adherent pleura, having smooth, thin but firm walls and containing chiefly air, with but little fluid.
Pneumothorax occassionally.

৬। মেটালিক শব্দ—ফুসফুসে বায়ু পূর্ণ গহ্বর থাকিলে এবং তদুপরি বাহির বক্ষে ঠোকর মারিলে এইরূপ ধাতুবাদ্যবৎ মেটালিক শব্দ শুনা যায়। এই শব্দের সহিত ক্রাকৃপট শব্দের সহিত ভুল হইতে পারে।

Metallic
This is a high pitched sound, not unfrequently tinkling or splashing. It is due to a cavity containg air.

৭। ক্রাক্‌পট্ শব্দ—অর্থাৎ ভাঙ্গা ধাতুর শব্দ। গহ্বরের একদিকে যদি এক সঙ্কীর্ণ ছিদ্র থাকে এবং তন্মধ্য দিয়া যদি

The cracked pot or cracked metal sound is another variety of the tym

panitic sound. The condition occassioning this sound is a *cavity* in the lung tissue, communicating with a bronchial tube, it requires for its devolopment a strong, quick blow of the percussing finger, while the patient's mouth is open. Causes: Phthisical cavity; Bronchitis of children; rarely *pleuritic effusion* in the *upper part* or in consolidation at the *posterior part* of lung.

সজোরে গহ্বরস্থিত বায়ু ও যৎকিঞ্চিৎ রস বাহির হইয়া যায় তবেই বক্ষাঘাতে ক্রাকৃপট্ শব্দ উৎপন্ন হয়। (১) ফুসফুসে গহ্বর হইলে এবং এই গহ্বর কোন ব্রংকাসের সহিত যোগ রাখিলে ক্রাকৃপট্ শব্দ হয়। এই শব্দ উৎপন্ন করিতে হইলে রোগীকে হাঁ করাইয়া হঠাৎ শীঘ্র২ ও ঈষৎ সজোরে ইনফ্রাক্লাভিকিউলার প্রদেশে অর্থাৎ ফুসফুসের চুড়াপ্রদেশে ঠোকর মারিলে এইরূপ ক্রাকৃপট্ শব্দে শুনা যায়। নিশ্বাস ত্যাগ কালে ঠোকর মারিতে হইবে। (২) শিশুর ব্রংকাইটিস্ রোগে অথবা ক্ষুদ্র শিশু কাঁদিবার কালে ঐরূপ ক্রাকৃপট্ শব্দ শুনা যায়। কিন্তু এইরূপ শব্দ থাইসিসের গহ্বর জনিত শব্দ হইতে ভিন্ন। ১০। ১২ বৎসর বয়স্ক বালক বালিকার কোমল বক্ষ হইতেও ক্রাকৃপট্ শব্দ বাহির হইতে পারে। (৩) প্লুরিটিক এফিউজন হইলে কদাচ বক্ষের উপরিভাগের সম্মুখাংশে, অথবা ফুসফুসের পশ্চাদ্ভাগ কঠিন হইলে ক্রাকৃপট শব্দ শ্রবণ করা যায়।

AUSCULTATION.

আকর্ণন বা শ্রবণ প্রণালী।

Auscultation, or listening, to the sounds produced within the chest during respiration, coughing or speaking.

It is either immedeate or mediate.

Immediate when the ear is applied directly to the chest.

শ্রবণ প্রণালী—শ্বাস প্রশ্বাস কালে, কাশিবার সময় অথবা কথা কহিবার কালে বক্ষের ভিতর ফুসফুস ও শ্বাসনলীর যাবতীয় অবস্থার শব্দ শ্রবণ করণ জন্য যে প্রণালী অবলম্বন করা যায় উহাকে অস্কালটেশন্ বা শ্রবণ অথবা আকর্ণন প্রণালী কহে।

শ্রবণ প্রণালী দুই প্রকার ১। অব্যবহিত ২। ব্যবহিত। খালি বক্ষে অথবা পাতলা বস্ত্র খণ্ড দ্বারা আবৃত বক্ষে কর্ণ রক্ষা করিয়া শ্রবণ পরীক্ষার নাম ইমিডিয়েট্ বা অব্যবহিত শ্রবণ প্রণালী।

ষ্টেথস্কোপ অর্থাৎ নলাকৃতি বিশিষ্ট এক প্রকার যন্ত্র বক্ষে রক্ষা করিয়া তন্মধ্য দ্বারা শ্রবণ পরীক্ষার নাম ব্যবহিত শ্রবণ প্রণালী। ঐরূপ যন্ত্র দ্বারা পরীক্ষিত ব্যক্তির বক্ষের শব্দ পরীক্ষকের কর্ণে চালিত হইয়া থাকে।

Mediate—when the sounds are conducted to the ear by means of a tubular instrument, termed a stethoscope.

সচরাচর ইমিডিয়েট্ বা অব্যবহিত শ্রবণদ্বারা কার্য্য চলিতে পারে কিন্তু হৃৎপিণ্ড প্রভৃতি বক্ষের কোন নির্দ্দিষ্ট প্রদেশের শব্দ জ্ঞাত হইতে হইলে, অথবা রোগী অব্যবহিত পরীক্ষায় আপত্তি করিলে, কিম্বা রোগীর বক্ষ অপরিষ্কার থাকিলে ষ্টেথোসকোপ্ দ্বারা বক্ষ পরীক্ষা করা বিধেয়। বক্ষের কোন কোন স্থানে কর্ণ ঠিক সংলগ্ন করা যায় না, তথায় ষ্টেথোসকোপ বসাইতে হয়। আবার ঐরূপ যন্ত্র দ্বারা শব্দের আধিক্য হইয়াও থাকে।

Immediate auscultation is for ordinary proposes, but when it is desirable to analyze circumscribed sounds or when the patient objects to this method or the auscultater objects on the score of uncleanliness of the patient, the stethoscope is to be preferred. Stethoscope intensifies the sounds.

শ্রবণ প্রণালীর নিয়মাবলী যথাঃ—

Rules for auscultution

১। পরীক্ষক ও পরীক্ষিত ব্যক্তি এরূপ ভাবে থাকিবেন যেন পরীক্ষকের কর্ণ বা ষ্টেথোসকোপ কোনরূপ বাধা প্রাপ্ত না হয়, পরীক্ষাকালে রোগীকে মস্তক অবনত করিতে দেওয়া উচিত নয়।

apply the stethoscope to the surface, avoid stooping.

২। খোলাবক্ষে পরীক্ষা ভাল, অত্যন্ত পাতলা গাত্রাবরণের উপরও পরীক্ষা চলিতে পারে।

Let the chest be bared or covered with a thin shirt.

৩। ষ্টেথোসকোপ বক্ষে বসাইবার কালে যেন "ফাঁক না রয়," কিন্তু তাই বলিয়া অধিক চাপিবে না। হস্তের বৃদ্ধ ও তর্জ্জনী এই দুই অঙ্গুলি দ্বারা ষ্টেথোসকোপ দৃঢ় রাখিবে।

Apply the stethoscope closley to the surface but abstain from pressing with it, hold it between the thumb and index finger

বক্ষের স্থান বারম্বার পরীক্ষা করিবে এবং সহজ শ্বাস প্রশ্বাস কালে ঐরূপ পরীক্ষার তুলনা করিবে। কখন কখন রোগীকে

Examine repeatedly

the different portions of the chest and compare them during quiet breathing; make the patient cough or order him to draw a full breath at times,

কাশাইয়া অথবা সজোরে শ্বাস প্রশ্বাস লইতে বলিয়া শ্রবণ পরীক্ষা করিবে। কিরূপে শ্বাস প্রশ্বাস টানিতে ও ফেলিতে হইবে অনেক রোগীকে চিকিৎসকের বুঝাইয়া দেওয়া কর্ত্তব্য।

RESPIRATORY SOUNDS IN HEALTH.

সুস্থাবস্থায় শ্বাস প্রশ্বাস শব্দ বিবরণ।

Breath sounds in health :—

শ্বাস প্রশ্বাস কালে সুস্থাবস্থায় ৩ প্রকার শব্দ শ্রবণ করা যায় যথাঃ—

Tracheal or laryngeal sound loud hollow and high pitched, it is heard both in inspiration and expiration, expiratory sound is longer, louder and higher pitched

১। ট্রেকিয়াল বা লেরিঞ্জিয়াল শব্দ—এই শব্দ গ্রীবার সম্মুখে শ্বাসনলীর উপর শ্রবণ করা যায়। এই শব্দ উচ্চ সুর বিশিষ্ট ও ফাঁপা, ইহা নিশ্বাসের সহিত শ্রুত হয়। লেরিংস ও ট্রেকিয়ার ভিতর ভূবায়ু চালিত হইলে এইরূপ শব্দ হয়। প্রশ্বাস কালের শব্দ নিশ্বাস কালের শব্দাপেক্ষা দীর্ঘ ও উচ্চ সুর বিশিষ্ট হয়। এই দুই শব্দের মধ্যে বিরাম কাল দৃষ্ট হয়। এই শব্দকে লেরিংঞ্জিয়াল শব্দ কহে।

Bronchial sound is not at all hollow, nor it is so loud or high pitched, has a harsh quality.

২। ব্রংকিয়াল শব্দ—এইরূপ শব্দ ফাঁপা নয় এবং লেরিঞ্জিয়াল শব্দের মত উচ্চ সুর বিশিষ্ট নহে এবং ইহা কর্কশ শব্দ। নিশ্বাস ও প্রশ্বাস শব্দের মধ্যবর্ত্তী বিরাম অপেক্ষাকৃত কম। ব্রংকিয়াল শ্বাস প্রশ্বাস শব্দ দুই স্কাপুলার মধ্যবর্ত্তী প্রদেশে ও ষ্টার্ণামের উপরিভাগে শ্রবণ করা যায়। এই শব্দ ব্রংকিয়াল নলীমধ্যে উৎপন্ন হইয়া থাকে।

Pulmonary or Vesicular sound: produced in the finest bronchial tubes and air cells by their expansion and contraction, it is soft and breezy, heard during inspiration, no pause between

৩। পাল্মোনারী বা ভেসিকিউলার শব্দ—নিশ্বাস কালে বক্ষের প্রায় সর্ব্বত্র ষ্টেথোসকোপ দ্বারা আমরা বায়ু সঞ্চালনবৎ এক কোমল শব্দ শ্রবণ করিয়া থাকি। ঝাউ গাছের তলায় দাঁড়াইলে এরূপ শব্দের অনুকরণ বোধগম্য হয়।

এই শব্দ ধীরে ধীরে উৎপন্ন হইয়া ক্রমাগত চালিত হয়। নিশ্বাস ও প্রশ্বাস শব্দের ব্যবধানে বিরাম দৃষ্ট হয় না। প্রশ্বাস শব্দ অপেক্ষাকৃত ক্ষীণ হইয়া থাকে। ক্ষুদ্র ক্ষুদ্র ব্রংকিয়াল্ নলী ও বায়ু কোষের ক্রমান্বয়ে বিস্তৃতি ও কুঞ্চনে এইরূপ স্বাভাবিক ভেসিকিউলার শব্দ উৎপন্ন হইয়া থাকে। এই শব্দ বক্ষের নানা রিজন বা প্রদেশে ভিন্ন ভিন্ন সুর বিশিষ্ট হইয়া থাকে ইনৃফ্রা ক্লাভিকিউলার প্রদেশে এই শব্দ অতি স্পষ্ট শুনা যায়।

বালক ও বালিকাদিগের সহজ শ্বাস প্রশ্বাসের কিঞ্চিৎ ব্যতিক্রম দৃষ্ট হয়। তাহাদের ভেসিকিউলার শব্দ উচ্চ এবং প্রশ্বাস শব্দ দীর্ঘ হইয়া থাকে। এরূপ শ্বাস প্রশ্বাসকে পিউরাইল শ্বাস প্রশ্বাস কহে। বৃদ্ধদিগের শ্বাস প্রশ্বাস ঈষৎ ক্ষীণ ও মৃদু হয় এবং প্রশ্বাস শব্দ দীর্ঘ হইয়া থাকে, ফুসফুস তন্তুর ক্ষয় বশতঃ এরূপ হইয়া থাকে। নারীদিগের শ্বাস প্রশ্বাস শব্দ উচ্চ হয় এবং দমকে দমকে যেন উৎপন্ন হইয়া থাকে।

SOUNDS IN DISEASE.

রোগের অবস্থায় শ্বাস প্রশ্বাস শব্দ বিবরণ।

রোগ হইলে ভেসিকিউলার শব্দের ইণ্টেনসিটী অর্থাৎ তীক্ষ্ণতা, রিথিম অর্থাৎ তাল ও ক্যারাক্টার অর্থাৎ স্বভাবের তারতম্য দৃষ্ট হয়।

ভেসিকিউলার শব্দের তীক্ষ্ণতার পরিবর্ত্তন যথা:—

১। শব্দের আধিক্য বা তীক্ষ্ণতা বৃদ্ধি।

২। শব্দের হ্রাস বা দুর্ব্বলতা।

৩। শব্দের লোপ বা একেবারে অভাব।

শ্বাস প্রশ্বাস শব্দের আধিক্য—ভেসিকিউলার শব্দের এরূপ অবস্থাকে পিউরাইল শ্বাস প্রশ্বাস কহে। এরূপ শব্দের প্রশ্বাসের অংশ পরিষ্কার শুনা যায়।

inspiraory and expiratory sound. This vesicular murmur varies in different regions on the same side and in corresponding regions on the two sides of the chest.

In children the breath sounds are loud, and expiration prolonged, this breathing being termed Puerile. In aged the sounds are weak and in females they are loud and jerky.

Vesiculur murmur may undergo, in disease changes in intensity, its rhythm, and in its character

The intensity of the respiratory murmur may be :

1. Exaggerated or incresed.

2. Diminished or feeble.

3. Absent or suppressed.

It may be puerile, being increased in intensity the expiratory portion becoming then unusually distinct .

Causes : pleuritic effusions and adhesions. Consolidation of portions of lungs, obstruction of a bronchus and sudden relieving of an obstructed bronchus over the part to which it passes.

শব্দাধিক্যের কারণ—(১) একটী ফুসফুস অথবা এক বা দুই ফুসফুসের কিয়দংশের ক্রিয়ার ব্যতিক্রম বশতঃ যদি অপর ফুসফুস অথবা উভয় ফুসফুসের অন্যান্য অংশকে অধিক কার্য্য করিতে হয়, তবে ভেসিকিউলার শব্দের আধিক্য হয়। প্লুরার ভিতর রস সঞ্চয়, প্লুরার সংযোগ (adhesion), ফুসফুসের দৃঢ়তা অথবা ব্রঙ্কিয়াল ছিদ্রের অবরোধ হেতু এইরূপ শব্দের আধিক্য হয়, (২) কোন ব্রঙ্কাস্ নলীর আক্ষেপ বা অবরোধ হঠাৎ দূরীভূত হইলে উহা ফুসফুসের যে অংশে প্রবিষ্ট হয় তথায় ভেসিকিউলার শব্দের আধিক্য হইয়া থাকে।

In diminished respiration (also called senile), the inspiration suffers the greatest, in asthma, emphesema and laryngeal and bronchial diseases, pleuritic pain, rheumatism or paralysis of chest walls, in thickening of the pleural membrane we observe seperficially diminished respiration. When one chest is partially filled with fluid we may hear a deep seated feeble breath sound

শ্বাস প্রশ্বাস শব্দের হ্রস্বতা—বৃদ্ধ বয়সে এরূপ হইয়া থাকে; অর্থাৎ শ্বাস প্রশ্বাস শব্দের তীক্ষ্ণতা ও স্থিতিকাল কম হয়। অধিকাংশ স্থলে নিশ্বাস শব্দ কম হয় কিন্তু প্রশ্বাস শব্দের অধিক তারতম্য হয় না।

ভেসিকিউলার শব্দের হ্রাস পাইবার কারণ—হাঁপানি কাশি, এম্ফিসিমা অথবা ফুসফুসের বায়ু পূর্ণাবস্থা, লেরিংস ও ব্রংকাই রোগ, প্লুরার বেদনা, বক্ষ প্রাচীরের বাত অথবা পক্ষাঘাত এবং প্লুরা ঘন ও অপরের সহিত সংযুক্ত হইলে শ্বাস প্রশ্বাস শব্দ অত্যন্ত মৃদু হইয়া পড়ে। বক্ষের এক পার্শ্ব তরল পদার্থে কিঞ্চিৎ পূর্ণ হইলে অতি ক্ষীণ শব্দ যেন বক্ষের গভীর প্রদেশ হইতে আসিতেছে বলিয়া বোধ হয়।

Absent respiration

Causes : lung being forced against the spinal column from external pressure. Fluid or air in the pleural cavity,

শব্দের অভাব অথবা এক কালীন লোপ—ফুসফুসের ক্রিয়া বন্ধ হইলেই এইরূপ ঘটিয়া থাকে। ফুসফুসে

বহির্দ্দেশ হইতে চাপ পতিত হইলে, প্লুরা গহ্বর বায়ু বা রস পূর্ণ হইলে এবং ব্রংকাই একবারে অবরুদ্ধ হইলে শ্বাস প্রশ্বাস শব্দ আদৌ শ্রবণ করা যায় না।

শ্বাস প্রশ্বাস শব্দের রিথিম্ অর্থাৎ তালের পরিবর্ত্তন—১। রিথিম্ বা তাল বাধা প্রাপ্ত হয় অথবা তরঙ্গ তাড়িতের মত কম্পিত হইতে পারে।

২। শ্বাস প্রশ্বাস শব্দের বিরামকাল দীর্ঘ হয়।

৩। প্রশ্বাস দীর্ঘ হইয়া থাকে।

সুস্থাবস্থায় শ্বাস প্রশ্বাস শব্দ এক সমান ভাবে ও ক্রমাগত অর্থাৎ অবিচ্ছিন্ন ভাবে প্রকাশ পায়, দুই শব্দের ব্যবধানে বিরাম কাল অতি অল্পই দৃষ্ট হয়; কিন্তু রোগের সময় এরূপ স্বাভাবিক নিয়মের বিপর্য্যয় ঘটে। রোগের সময় শ্বাস প্রশ্বাস শব্দ বিশেষতঃ নিশ্বাস শব্দ বাধা প্রাপ্ত অথবা তরঙ্গ তাড়িতের মত কম্পিত হইতে পারে, এরূপ শ্বাস শব্দের তালকে কগ্‌ হুইল্ রিথিম কহে।

নিশ্বাস গতির কম্পন স্বভাবের কারণঃ—(১) প্লুরিসি রোগের প্রথমাবস্থায় অথবা প্লুরোডিনিয়া নামক বক্ষঃশূল রোগে বেদনা প্রযুক্ত মধ্যে মধ্যে শ্বাস প্রশ্বাসের গতি বাধা প্রাপ্ত হইলে; (২) যক্ষ্মা রোগের প্রথমাবস্থায় ফুসফুস কঠিন হইলে এবং (৩) প্লুরার সহিত অন্য বিধানোপাদানের সংযোগ হইয়া ঐরূপ "কগ্‌হুইল" শ্বাস প্রশ্বাস শব্দ উৎপন্ন হইয়া থাকে।

শ্বাস প্রশ্বাস শব্দ মধ্যবর্ত্তী বিরাম কালের বৃদ্ধি—এরূপ অবস্থায় নিশ্বাস শব্দ অল্পক্ষণ স্থায়ী হয় অথবা প্রশ্বাস শব্দ বিলম্বে আরম্ভ হয়। ফুসফুসের কাঠিন্য হইলে নিশ্বাস শব্দ অল্পক্ষণ স্থায়ী হয় এবং এম্ফিসিমা প্রভৃতি রোগে ফুসফুসের স্থিতিস্থাপক শক্তির হ্রাস হইলে প্রশ্বাস শব্দের বিলম্ব হয় সুতরাং শ্বাস প্রশ্বাস শব্দদ্বয় মধ্যবর্ত্তী বিরামকাল দীর্ঘ হইয়া থাকে।

from complete obstruction of the bronchial tubes preventing the air from either entering or leaving the lungs.

Respiratory rhythm may be:

1 interrupted or jerky.

2 respiratory interval prolonged.

3. Expiration prolonged.

Healthy respiratory sounds are even and continuous. Interrupted or jerky respiratory sounds are termed "Cog-wheel respiration"—Its causes—early pleurisy or pleurodynia, early stage of phthisical consolidation; and pleuritic adhesions.

Respiratory interval is prolonged in consolidation of the lung where the inspiratory sound is shortened and in emphesema where the elasticity of the lung is lessoned and the expiratory sound is delayed

Expiration prolonged in emphysema, in obstruction to the exist of air and in tubercular deposits which impair the contractile power of the lungs.

প্রশ্বাস অর্থাৎ শ্বাস ত্যাগ শব্দের দৈর্ঘ্য—শ্বাস ত্যাগ শব্দের দৈর্ঘ্যকে শ্বাস প্রশ্বাসের রিথিম বা তালের বিশেষ পরিবর্ত্তন বলিতে হইবে। ইহা শ্বাস গ্রহণাপেক্ষা ২। ৩। ৪ গুণ দীর্ঘ হইতে পারে, কিন্তু এতদসঙ্গে নিশ্বাস গ্রহণ শব্দ অল্পক্ষণ স্থায়ী হয়। কারণ যথা:—

(১) এম্ফিসিমা রোগে ফুসফুসের স্থিতিস্থাপক শক্তির হ্রাস হইলে, এবং (২) ফুসফুস ও শ্বাস নলী হইতে বায়ু বহির্গত হইতে না পারিলে অথবা (৩) ফুসফুসে গুটীকা সঞ্চয় বশতঃ ফুসফুসের কুঞ্চন শক্তির লোপ হইলে শ্বাস ত্যাগ শব্দ দীর্ঘ হয়।

Changes in the area over which the breath sounds are heard: (1) increased from lung distension (2) diminished to lung contraction.

বক্ষের আয়তন সম্বন্ধে শ্বাস প্রশ্বাস শব্দের তারতম্য।—(১) ফুসফুস বায়ুপূর্ণ হইলে উহার অনেক স্থানে এবং (২) ফুসফুস কুঞ্চিত হইলে উহার অল্প স্থানে শ্বাস প্রশ্বাস শব্দ শ্রুত হইয়া থাকে।

Changes in quality, pitch, and rhythm of breath sounds.—

শ্বাস প্রশ্বাস শব্দের গুণের পরিবর্ত্তন—অর্থাৎ শ্বাস প্রশ্বাস শব্দের গুণের তীক্ষ্ণতা, তাল ও অন্যান্য পরিবর্ত্তন হেতু এইরূপ অবস্থা লাভ হইয়া থাকে যথা:—

Harsh rough or vesiculo-bronchial respiration is that variety in which both the inspiratory and expirataiy sounds have lost their natural softness In it the expiration is prolonged and tabular

Causes.

Swollen bronchial mucous membrane of early bronchitis, phthisis and pneumonia.

১। কর্কশ শ্বাস প্রশ্বাস—ইহাকে ভেসিকিউলো ব্রংকিয়াল্ রেস্পিরেশন বলা যাইতে পারে। কারণ, ইহাতে নিশ্বাস ও প্রশ্বাস শব্দের স্বাভাবিক কোমল ও মৃদুমন্দ বায়ু সঞ্চালনের ভাবটী নষ্ট হয়। এরূপ কর্কশ শব্দ ফুসফুসের কাঠিন্য পরিচায়ক। স্বাভাবিক ভেসিকিউলার শ্বাস প্রশ্বাস প্রণালীতে ক্ষুদ্র ক্ষুদ্র বায়ু কোষ ও ব্রংকিয়াল নলী প্রসারিত হইয়া যে কোমল শব্দ উৎপন্ন করে তদ্দ্বারা বড় বড় শ্বাস নলী মধ্য দিয়া ভূবায়ু সঞ্চালন জনিত শব্দকে চাপিয়া রাখে, কিন্তু ফুসফুসের কোন অংশ কঠিন হইয়া পড়িলেই ভেসিকিউলার কোমল শব্দের অনেক পরিমাণ লোপ হয় এবং বড় বড় ব্রংকিয়াল্

নলীর মধ্যস্থিত বায়ু সঞ্চালন জনিত কর্কশ শব্দ স্পষ্টরূপে শ্রুতি-গোচর হইয়া থাকে।

অতএব দেখা গেল যে হার্স রেস্পিরেশন অর্থাৎ কর্কশ শ্বাস প্রশ্বাস শব্দ ভেসিকিউলার ও ব্রংকিয়াল শব্দের সংযোগে উৎপন্ন হইয়া থাকে। ইহাতে শ্বাস ত্যাগ ক্রিয়া দীর্ঘ কাল স্থায়ী ও টিবুলার হইয়া থাকে। কর্কশ শ্বাস প্রশ্বাস শব্দ কোন রোগের বিশেষ পরিচায়ক নহে, তবে ফুসফুসের সামান্য দৃঢ়তা, ব্রংকিয়াল ক্যাটার অর্থাৎ ব্রংকাইটিস রোগের প্রথমাবস্থায় শ্লৈষ্মিক ঝিল্লী স্ফীত হইলে এবং ফুসফুস প্রদাহ ও যক্ষ্মা রোগের প্রথমাবস্থায় এইরূপ কর্কশ শ্বাস প্রশ্বাস শব্দ শ্রুত হয়।

Bronchial respiration :—characterized by an entire absence of all the vesicular quality. Inspiration is of high pitch and tubular in character, expiration still higher in pitch, of greater intensity, prolonged, tubular in quality, two sounds being seperated by a brief interval.

Causes : (1) superficial consolidation as in phthisis, cancer, chronic and acute pneumonia · (2) small cavities and dilated bronchi, (3) condensation of lung from collapse.

ব্রংকিয়াল শ্বাস প্রশ্বাস শব্দ—ইহাতে আদৌ ভেসিকিউলার গুণ অর্থাৎ শব্দের কোমলত্ব থাকে না; নিশ্বাস উচ্চ স্বরবিশিষ্ট ও টিবুলার হয় এবং প্রশ্বাস অধিকতর স্বর বিশিষ্ট দীর্ঘ স্থায়ী ও টিবুলার অর্থাৎ নলীর হইয়া থাকে। নিশ্বাস ও প্রশ্বাসের বিরাম কাল অতি অল্প হইয়া থাকে। কারণ যথাঃ—

(১) যক্ষ্মা, ক্যান্সার বা কর্কট রোগ, ফুসফুসের পুরাতন প্রদাহ এবং কখন কখন ফুসফুসের তরুণ প্রদাহে ফুসফুসের উপর প্রদেশের অর্থাৎ বক্ষ পঞ্জরের নিকটবর্ত্তী প্রদেশের ফুসফুস কাঠিন্য বা দৃঢ়তা হইলে ব্রংকিয়াল শ্বাস প্রশ্বাস শুনা যায়, এমন কি ফুসফুস পদার্থ দ্বারা ক্ষুদ্র ক্ষুদ্র গহ্বর অথবা প্রসারিত ব্রংকাই আবৃত থাকিলেও এই শব্দ শ্রবণগোচর হইয়া থাকে। (২) ফুসফুসের চাপ প্রাপ্ত হওন ও চোপসান অবস্থাতে ও ফুসফুস ঘন হইয়া পড়িলেও ব্রংকিয়াল শ্বাস প্রশ্বাস শ্রুত হইয়া থাকে।

Blowing respiration resembling bronchial and tubular, but differs from the former in "blowing" quality, being much clearer and higher pitched ;

ব্লোয়িং বা ফুৎকারবৎ শ্বাস প্রশ্বাস শব্দ—এই শব্দ ব্রংকিয়াল ও টিবুলার শব্দের মধ্যবর্ত্তী স্বরূপ। ইহা ব্রংকিয়াল শব্দাপেক্ষা ফুৎকারবৎ স্পষ্ট ও উচ্চ স্বরবিশিষ্ট

from the latter in being diffused and not follow. Causes: (a) pretty diffused consolidation as in phthisis and pneumonia (b) small cavities or dilated bronchi (c) conduction of the sound from a large bronchus by a solid growth.

এবং ইহা টিবুলার শব্দাপেক্ষা বিস্তৃত ও সগর্ভ অর্থাৎ নিরেট হইয়া থাকে। কারণ যথাঃ—(১) যক্ষা ও নিউমোনিয়া হেতু ফুসফুসের কোন অংশের বিস্তৃত কাঠিন্য বা দৃঢ়তা হইলে, (২) ফুসফুসের ক্ষুদ্র ক্ষুদ্র গহ্বর ঘন পদার্থ দ্বারা বেষ্টিত হইলে অথবা ব্রংকাই প্রসারিত হইলে এবং (৩) কখন কখন বৃহৎ ও স্থূল ব্রংকাশ হইতে শব্দ উত্থিত ও কোন ঘন পদার্থ দ্বারা চালিত হইলে ব্রোঙ্কিং বা ফুৎকারবৎ শ্বাস প্রশ্বাস শব্দ শ্রবণ করা যায়।

Tubular respiration: high pitched, concentrated, somewhat hollow and metallic causes: (1) Acute pneumonic consolidation, (2) Cavity in lungs or dilated bronchi, (3) Solid mass intervening between trachea or a main bronchus and the chestwall.

টিবুলার বা নলীয় শ্বাসপ্রশ্বাস শব্দ—এই শব্দ উচ্চ সুরবিশিষ্ট সমবেত অর্থাৎ নির্দ্দিষ্ট স্থানে বদ্ধ, কথঞ্চিত শূন্যগর্ভ ও ধাতুবাদ্যবৎ হইয়া থাকে। কর্ণ দ্বারা শ্রবণ করিলে বোধ হইবে যেন ঐরূপ শব্দ কোন শূন্য গর্ভ নলের ভিতর হইতে আসিতেছে। শব্দের কারণ যথাঃ—(১) প্রবল ও তরুণ ফুসফুস প্রদাহের ফুসফুসাংশ নিরেট বা কঠিনভাব ধারণ করে.

(২) ফুসফুসে গহ্বর হইলে অথবা ব্রংকাই প্রসারিত হইলে এবং (৩) ট্রেকিয়া অথবা প্রধান ব্রংকাশ এবং বক্ষ প্রাচীরের মধ্যে মধ্যম প্রকারের ঘন পদার্থ থাকিলে উহা দ্বারা টিবুলার বা নলীয় শব্দ চালিত হইতে পারে। ট্রেকিয়া স্থানে কর্ণ পাতিলে এই শব্দের অনুকরণ হয়।

Cavernous] respiration: clear, hollow sound, over a limited area heared either in inspiration or expiration.

Causes: superficial cavity in lung not containing much fluid. (2) Rarely in consolidation around an ordinary sized bronchus.

ক্যাভার্ণাস বা কান্দরিক শ্বাস প্রশ্বাস শব্দ—এই শব্দ শূন্যগর্ভ, ইহা ফুসফুসের পরিমিত স্থানে এবং নিশ্বাসে অথবা প্রশ্বাসে শ্রুত হয়। কারণ যথাঃ—(১) ফুসফুসের উপর গাত্রে মধ্যম প্রকারের গহ্বর হইলে এবং উহাতে অধিক পরিমাণ রস বা জলীয় পদার্থ না থাকিলে এবং (২) কদাচ মধ্যম আকারের ব্রংকাসের চতুপার্শ্ব কঠিন হইলে এইরূপ কান্দরিক শব্দ শ্রুতিগোচর হইয়া থাকে।

এম্ফোরিক শ্বাস প্রশ্বাস শব্দ—ইহা নলীয় শব্দাপেক্ষা অধিকতর শূন্য গর্ত্ত ও বিশিষ্ট রূপে ধাতুবাদ্যবৎ হইয়া থাকে; নিশ্বাস ও প্রশ্বাসে ইহা শ্রুত হয়। শূন্যগর্ত্ত কাচের বোতল অথবা কোন গভীর ধাতু পাত্রের ভিতর ফুৎকার দিলে এই শব্দের অনুকরণ করা যাইতে পারে। শব্দের কারণ যথাঃ—ফুসফুসের বিস্তৃত ও শূন্যগর্ত্ত এবং কঠিন ও চোস্ত গহ্বরে ভূবায়ু সহজে প্রবিষ্ট হইলে এইরূপ শব্দ উৎপন্ন হয়। (১) নিউমোথোরাক্স অর্থাৎ ফুসফুস হইতে বায়ু প্লুরা গহ্বরে প্রবিষ্ট হইলে এবং (২) কখন কখন ফুসফুসের বড় ২ গহ্বরে এই এম্ফোরিক শব্দ শ্রবণ করা যায়।

Amphoric respiration: It is more hollow and metallic, resembling the sound heard on blowing into a large empty glass bottle or metallic vessel. Causes : Produced in a large empty cavity, with firm and smooth walls into which air enters more or less freely; as in Pneumothorax, or rarely in large phthisical excavation

পূর্ব্বোক্ত ৬ষ্ঠ প্রকারের অস্বাভাবিক শ্বাস প্রশ্বাস শব্দ বক্ষের ভিন্ন ভিন্ন স্থানে এবং পীড়ার বৃদ্ধি অনুসারে ঐ সকল শব্দ ক্রমান্বয়ে এক স্থানে প্রকাশ পাইতে পারে যথাঃ—যক্ষ্মা রোগের প্রথমে কর্কশ, পরে ব্রংকিয়াল, তৎপরে ব্লোয়িং বা ফুৎকারবৎ এবং সর্ব্ব শেষে ক্রমান্বয়ে টিবুলার, কাভার্ণাস্ ও এম্ফোরিক হইয়া থাকে। শূন্যগর্ত্ত শব্দগুলি শ্বাস ও প্রশ্বাসে শ্রুত হইলেও নিশ্বাসে বিশেষতঃ দীর্ঘ নিশ্বাসে এবং কখন কখন কাশিবার পর সঞ্চিত সিক্রিশন অর্থাৎ শ্লেষ্মা সরিয়া গেলে অথবা গহ্বর হইতে তরল পদার্থ বহির্গত হইয়া গেলে উক্ত শূন্যগর্ত্ত শব্দগুলি অতি স্পষ্টরূপে শ্রবণ করা যায়।

ঐ সকল শব্দ ভাসা সুতরাং উক্ত সুর বিশিষ্ট অথবা গভীর স্থানে অবস্থিত সুতরাং ক্ষীণ হইতে পারে।

The morbid respirations may be heard in succession over the same region as the physical conditions change as in phthisis the breathing which is at first harsh or bronchial may become blowing and then in succession tubular, cavernous, or even amphoric as cavities form and increase in size.

বিশেষ শ্বাস প্রশ্বাস শব্দ—কোন কোন গহ্বরে চূষণ অর্থাৎ হিস্২ শব্দ শ্রবণ করা যায়, কখন২ শ্বাস গ্রহণ কালে বায়ু বহির্গত ও শ্বাসত্যাগ কালে ফুস্ফুসে বায়ু প্রবিষ্ট হয় বলিয়া বোধ হয়। ইহাকে সুফল্ বা সুফি অথবা আবৃত ফুৎকার কহে।

Sometimes sucking or hissing respiration and souffle or veiled puff may be heard.

RALES OR RHONCHI.

রাল্‌স্ বা রংকাই শব্দ।

Rales * *or* **Rhonchi are adventitious sounds originated within the lungs or the air tubes. They may be simulated by sounds induced by the act of breathing, and resulting from contraction of chest muscles subcutaneous oedema or emphysema, hairs on thorax, fluid in mediastinum** *or breaking of* **healthy lung tissue during a deep inspiration**

Production **of Rales by the passage of air during the act of breathing (1) Through narrowed bronchial tubes, (2) Through fluids in** *air tubes* **or vesicles (3) Through fluid contained in lung cavities. (4) Through solids undergoing softening. Through collapsed air vesicles thus causing them to open up.**

রাল্‌স্ বা রংকাই শব্দ—ইহাদিগকে আকস্মিক শব্দ বলা যায় অর্থাৎ শ্বাস যন্ত্রের রোগের কালে ফুসফুস অথবা শ্বাস নলীর মধ্যে ইহারা হঠাৎ উৎপন্ন হইয়া থাকে। বক্ষ-প্রাচীরের পেশীর কুঞ্চনে, ত্বকের নিম্নে শোথ হইলে, এম্ফিসিমা অর্থাৎ ফুসফুসের বায়ু পূর্ণাবস্থায়, লোমশ বক্ষে, মিডিয়াষ্টিনাল কৌষিক তন্তু মধ্যে রসাল পদার্থ সঞ্চিত হইলে অথবা দীর্ঘ নিশ্বাস টানিবার সময় সুস্থ ফুসফুস ছিড়িয়া যাইলে বক্ষে ষ্টেথেস-কোপ দ্বারা রোগজনিত যাবতীয় রাল্‌স শব্দের অনুকরণ করা যাইতে পারে।

রাল্‌স্ শব্দের কারণ—শ্বাস প্রশ্বাস ক্রিয়ার কতক-গুলি অবস্থায় ভূবায়ুর যাতায়াত কালে এইরূপ রাল্‌স্ বা রঙ্কাই শব্দ উৎপন্ন হয়। সেই সকল অবস্থার তালিকা যথাঃ—১। শ্লৈষ্মিক ঝিল্লীর বৃদ্ধি, উহার গাত্রে ঘন শ্লেষ্মা বা রস সঞ্চয়, শ্বাস নলীর অভ্যন্তর গাত্রে অর্গানিক অর্থাৎ বৈধানিক পরিবর্ত্তন অথবা উহাদের পেশীর আক্ষেপ প্রভৃতি কোন রূপ কারণে শ্বাস নলী সঙ্কীর্ণ হইয়া পড়িলে শ্বাস প্রশ্বাসে রাল্‌স বা রঙ্কাই শব্দ উৎপন্ন হয়। ২। স্বাভাবিক আয়তন বিশিষ্ট শ্বাস নলী অথবা প্রসারিত শ্বাস নলী ও বায়ু কোষের মধ্যে তরল পদা-র্থের সঞ্চয় হইলে শ্বাস প্রশ্বাসে রাল্‌স শব্দ উৎপন্ন হয়। ৩। ফুসফুসে গহ্বর হইলে এবং তথায় তরল পদার্থ সঞ্চিত হইলে শ্বাস প্রশ্বাস বায়ু সেই তরল পদার্থের সংঘর্ষণে রাল্‌স শব্দ উৎপন্ন করে। ৪। ঘন পদার্থ ভাঙ্গিয়া নরম হইবার কালে শ্বাস প্রশ্বাস বায়ু সংস্পর্শে রাল্‌স শ্রবণ করা যায়। ৫। সঙ্কুচিত বায়ু কোষের ভিতর শ্বাস প্রশ্বাস বায়ু প্রবিষ্ট হইয়া উহাকে বিস্তৃত করিবার কালে রাল্‌স উৎপন্ন করিয়া থাকে। নিকটবর্ত্তী

শ্বাস নলী বা কোন গহ্বরে তরল পদার্থের আধিক্য থাকিলে হৃৎপিণ্ডের ক্রিয়ার দ্বারাও রাল্স শব্দ উৎপন্ন হইয়া থাকে।

Rarely heart's action originates rales when there is much fluid in contiguos tubes or cavities.

আকস্মিক সুতরাং অস্বাভাবিক শ্বাস প্রশ্বাস রাল্স বা শব্দ গুলির স্বভাব যথাঃ—শুষ্ক বা সরস, বড় বা ছোট; বিশেষ গুণ যথাঃ—সুরবিশিষ্ট, পাত্রভঙ্গবৎ, বুদবুদ উঠার মত, খড়খড়ে, ও শীশ দেওয়ার মত। শব্দের উচ্চতা যথাঃ—শূন্য গর্ত্ত বা ধাতু-বাদ্যবৎ, প্রভৃতি ভিন্ন ভিন্ন স্বভাব জ্ঞাত হওয়া কর্ত্তব্য।

দ্বিতীয়তঃ দেখিতে হইবে যে রাল্স শব্দ শ্বাস বা প্রশ্বাসে অথবা উভয় ক্রিয়ায় শ্রুত হইয়া থাকে কি না? তৃতীয়তঃ উহারা কোন্ স্থানে উৎপন্ন হয় এবং কতদূর পর্য্যন্ত ব্যাপ্ত হয়? উহাদের সংখ্যাই বা কত? এবং চতুর্থঃ উহারা সর্ব্বদা অথবা কেবল মধ্যে মধ্যে শ্রুত হয় এবং দীর্ঘ শ্বাস ও কাশিবার সময়ে উহাদের কোন তফাৎ বা ব্যতিক্রম ঘটে কিনা এই সকল বিষয় জানিতে হয়।

Notice the following: (1) The character, quality, and pitch of the rales. (2) Whether heard during *inspiration* and expiration or only during one of these acts. (3) Situation and extent. (4) Amount. (5) Constant or only heard at intervals and if affected by inspiration or cough.

CLASSIFICATION AND SPECIAL CAUSES OF RALES AND RHONCHI.

রাল্স বা রঙ্কাই শব্দের শ্রেণী বিভাগ ও বিশেষ বিশেষ কারণ।

Grouping of Rales according to the anatomical situation.

শারীর স্থানানুসারে রাল্স শব্দগুলির নাম যথাঃ—

১। লেরিঞ্জিয়াল্ এবং ট্রেকিয়াল্ রাল্স্। — 1. Laryngeal and tracheal.

২। ব্রঙ্কিয়াল্ রাল্স্। — 2. Bronchial rales.

৩। ভেসিকিউলার রাল্স্। — 3. Vesicular rales.

৪। ক্যাভার্ণাস রাল্স্। — 4. Cavernous rales.

৫। প্লুরাল্ রাল্স্। — 5. Pleural rales.

Dry and moist rales may be audible either during the act of inspiration or expiration, or during both.

স্বভাবানুসারে রাল্‌স্ শব্দ গুলি দুই শ্রেণী ভুক্ত হয় যথা—(১) শুষ্ক রাল্‌স্ (২) সরস রাল্‌স্। ইহারা শ্বাস প্রশ্বাস অথবা উভয় ক্রিয়ায় শ্রুত হইতে পারে।

Dry rales produced by the vibration of thick fluids which the air cannot break up, and which, therefore temporarily narrow the calibre of the bronchial tubes. When this narrowing exists in the larger bronchial tubes, the rales are called sonorous rales, they are deep toned, low pitched, resembling snoring, humming or cooing. They are mostly superficial and extensively heard during inspiration and expiration.

শুষ্ক বা কম্পিত রাল্‌স্—শ্বাস নলীতে ঘন তরল পদার্থ (শ্লেষ্মা প্রভৃতি) সঞ্চিত হইলে শ্বাস প্রশ্বাস বায়ু তন্মধ্য দিয়া যাতায়াত করিতে পারে না। সঞ্চিত ঘন পদার্থের স্থানে শ্বাস নলী সেই সময়ের জন্য কুঞ্চিত থাকে; কারণ, উহার উর্দ্ধ ও নিম্নাংশ বায়ু দ্বারা বিস্তৃত থাকে। ঐ ঘন ও তরল পদার্থ শ্বাস প্রশ্বাস বায়ুর সংঘর্ষণে কম্পিত হইলেই শুষ্ক রাল্‌স্ উৎপন্ন হয়। শুষ্ক শব্দ দুই প্রকারঃ—১। বড় বড় শ্বাস নলীর কুঞ্চিত স্থানে সনোরাস্ বা খনখনে রাল স্ শব্দ উৎপন্ন হইয়া থাকে। সোনোরাস রাল স্ শব্দ গভীর অর্থাৎ মোটা ও নীচু সুরবিশিষ্ট। ইহা নাসাগর্জ্জন, ভ্রমর গুঞ্জন অথবা কপোৎ শাবক-ধ্বনিবৎ হইতে পারে।

বক্ষ ব্যাপিয়া অথচ বক্ষ যন্ত্রের উপরিস্থিত স্থান সমূহে ইহা শ্রুত হয় অর্থাৎ এই শব্দ যেন ভাসা ভাসা ও বহু স্থান বিস্তৃত। শ্বাসগ্রহণ ও শ্বাসত্যাগ এই উভয় কালেই সোনোরাস শব্দ শুনা যায়। শ্বাসত্যাগ কালে অধিক শ্রুত হইয়া থাকে।

When the narrowing exists in the smaller bronchi, the resulting sound is called sibilant. It is high pitched, often whistling, it is not so extensively heard. It accompanies with inspiration and expiration.

২। ক্ষুদ্র ক্ষুদ্র শ্বাসনলীর কুঞ্চিত স্থানে সিবিলাণ্ট অর্থাৎ শীশবৎ রাল্‌স শব্দ উৎপন্ন হইয়া থাকে। সিবিলাণ্ট রাল্‌স শব্দ উচ্চ সুরবিশিষ্ট এবং হিস্ হিস্ শব্দ অথবা শীশ দেওয়ার মত হইয়া থাকে। ইহা বক্ষের বিস্তৃত প্রদেশে শ্রুত হয় না, কিন্তু শ্বাসগ্রহণ ও শ্বাসত্যাগ এই উভয় কালেই শ্রবণগোচর হয়।

সোনোরাস সিবিলাণ্ট শব্দের অনেক বৈষম্য দৃষ্ট হয়; অর্থাৎ উহারা সময়ে সময়ে বিশেষতঃ কাশীর পর শ্রবণগোচর হয় না; আবার উহারা কখন কখন এক সময়েই শ্রুত হইয়া থাকে। সোনোরাস ও সিবিলাণ্ট শব্দের কারণ যথা;—

১। শ্বাস নলীদিগের পুরাতন প্রদাহ, তরুণ ব্রংকাইটিস রোগের প্রথমাবস্থায় এবং প্ল্যাস্টিক অথবা ফাইব্রিনাস ব্রংকাইটিস্ রোগে সোনারাস ও সিবিলাণ্ট, শব্দ শুনা যায়। ২। হাঁপানি রোগে শ্বাস নলীদিগের আক্ষেপিক কুঞ্চনে উহারা শ্রুত হইয়া থাকে।

সরস রাল্স্ শব্দ—শ্বাস ক্রিয়ায় শ্বাস নলীর মধ্যে শ্লেষ্মা, শোণিত, রক্তরস, বা পূঁয পাতলা ভাবে সঞ্চিত হইলে এবং এই পাতলা তরল পদার্থের সহিত শ্বাস বায়ুর সংস্পৃষ্ট হইলে সরস রাল্স্ শব্দ উৎপন্ন হয়। ছোট ছোট শ্বাস নলীতে এইরূপে সরস শব্দ উৎপন্ন হইলে উহাকে ছোট বুদবুদ বা সাব্ মিউকাস রাল্স বলা যায়। অত্যন্ত ক্ষুদ্র শ্বাস নলীর সরস শব্দকে সাব্ ক্রিপিটেণ্ট রালস্ কহে। আর, বড় বড় শ্বাস নলীতে এরূপ শব্দ হইলে উহাদিগকে বড় বুদবুদ বা মিউকাস রাল্স কহে।

মিউকাস, সাবমিউকাস ও সাবক্রিপিটাণ্ট নামক সরস রাল্স শব্দগুলি শ্বাস গ্রহণ ও শ্বাস ত্যাগ এই উভয় কালেই শ্রবণগোচর হয় (শ্বাস গ্রহণ কালে অধিক শ্রবণ করা যায়)। ইহাদের পরিমাণ এত অধিক হইতে পারে, যে ইহারা প্রবল হইয়া শ্বাস প্রশ্বাস শব্দ আচ্ছন্ন করিয়া থাকে। কাশিয়া কতক শ্লেষ্মা তুলিয়া ফেলিলে কিয়ৎ কালের জন্য উহাদিগকে শুনা যায় না। ফুসফুসের নিম্নদেশে ইহারা অধিক শ্রুত হয় কিন্তু সমস্ত বক্ষঃস্থলে উহারা ব্যাপ্ত হইতে পারে। এই বব্লিং রাল্স গুলি স্পষ্ট বুদবুদ শব্দের মত, কিন্তু উহারা ক্র্যাক্লিং, র‍্যাট্লিং বা গার্গ্লিং স্বভাব প্রাপ্ত হইতেও পারে। শৈশবাবস্থায়

Rales dislodged by coughing.

Causes:
1. Chronic bronchitis,
2 Early stage of the acute form.
3 Plastic or fibrinous variety.
2. Spasmodic contraction of the bronchi in cases of asthma.

Moist rales are those produced by air passing through thin fluids. When fluid exists in smaller bronchi the rales are called small bubbling, submucous or subcrepitant; when fluid exists in larger bronchi the rales are said to be large bubbling or mucous.

Mucous, submucous and sub-crepitant rales accompany both inspiration and expiration. They may obscure the breath sounds, cough and expectoration dislodges them. They are chiefly heard

towards the base of lungs. They may have a crackling rattling and somewhat gurgling character, In children they are apt to have a metallic or hollow character.

Causes: bronchitis oedema of the lungs, haemorrhage in bronchi rarely pleuritic effusion emptying in bronchi.

Laryngial and tracheal rales may be either moist or dry, moist or bubbling sounds, due to mucous or other liquid accumulations, occur in moribund state and are known as death rattles. They may also be due to nervous prostration of the part as heard in coma and croup.

Laryngeal and tracheal dry rales are produced by spasm of the glottis as in laryngismus stridulus, whooping cough and croup.

বড় বড় শ্বাস নলীগুলি আক্রান্ত হইলে পূর্ব্বোক্ত বাব্লিং নামক সরস শব্দগুলি কিয়ৎ পরিমাণে ধাতব ও শূন্যগর্ভ স্বভাব ধারণ করিয়া থাকে। মিউকাস, সাব্ মিউকাস ও ক্রিপিটেন্ট শব্দের কারণ যথাঃ—শ্বাসনলী প্রদাহ, ফুসফুসের শোথ, শ্বাস নলীর মধ্যে রক্তস্রাব এবং কদাচ ফুসফুসের বহিঃস্থিত কোনরূপ তরল পদার্থ (যথা প্লুরিটিক এফিউজন বা রস সঞ্চয়) দ্বারাই নলীর ভিতর প্রক্ষিপ্ত হইলে উক্ত প্রকার শব্দগুলি উৎপন্ন হইয়া থাকে।

লেরিঞ্জিয়াল্ এবং ট্রেকিয়াল্ র‍্যাল্স—ইহারা লেরিংস ও ট্রেকিয়ার মধ্যে উৎপন্ন হয়। ইহারা সরস অথবা শুষ্ক হইতে পারে। সরস অর্থাৎ বাব্লিং শব্দগুলি মৃত্যু কালে শ্রুত হয়। লেরিংস ও ট্রেকিয়া মধ্যে শ্লেষ্মা অথবা অন্য প্রকার তরল পদার্থ সঞ্চিত হইলেই সরস বাব্লিং শব্দ উৎপন্ন হইয়া থাকে; আর শ্লেষ্মা প্রভৃতি সঞ্চিত না হইলেও যদি গলা ঘড় ঘড় করে তবে বুঝিতে হইবে যে গলায় তরল পদার্থের সাড় নাই অথবা স্নায়ু দুর্ব্বলতায় উহাকে তুলিয়া ফেলিতে পারা যায় না। কোমা ও ক্রূপ রোগে অসাড়তা প্রযুক্ত এরূপ গলা ঘড় ঘড় করিয়া থাকে।

লেরিঞ্জিস্মাস ষ্ট্রীডুলাস, হুপিং কাশি এবং ক্রূপ্ রোগে গ্লটিস্ ছিদ্রের আক্ষেপ উপস্থিত হইলে লেরিংস্ ও ট্রেকিয়া মধ্যে শুষ্ক র‍্যাল্স শ্রুত হইয়া থাকে।

ভেসিকিউলার, ক্রিপিটেণ্ট বা কেশঘর্ষনবৎ রাল্ শব্দ—ইহারা অনেক প্রকার হইতে পারে যথাঃ—

১। প্রকৃত ক্রিপিটাণ্ট রাল্স্ শব্দ—ফুসফুসের তরুণ প্রদাহের প্রথমাবস্থায় এইরূপ শব্দ হয়। একটী ফুসফুসের তল দেশে ইহারা সচরাচর শ্রুত হইয়া থাকে কিন্তু ফুসফুসের যে অংশ প্রদাহিত হউক না তথায় ইহারা শ্রুত হইতে পারে। ইহারা বহু সংখ্যক, অতি সূক্ষ্ম, তীক্ষ্ণ, সমাকার ও সম্পূর্ণ রূপে শুষ্ক শব্দ বিশেষ। শ্বাস গ্রহণ কালে বিশেষতঃ এই ক্রিয়ার শেষ ভাগে উহারা অধিক শ্রুত হইয়া থাকে। দীর্ঘ শ্বাস গ্রহণ কালে উহাদের পবিমাণ বা সংখ্যার বৃদ্ধি হয়। অগ্নিতে লবণ নিক্ষেপ করিলে যেরূপ শব্দ হয়, কর্ণের নিকট শুষ্ক কেশ গুচ্ছ মর্দ্দন বা ঘর্ষণ করিলে যেরূপ শব্দ হয় অথবা বৃদ্ধাঙ্গুলীর ও তর্জ্জনীর গাত্রে গঁদের তরল আটা লাগাইয়া ঐ দুই অঙ্গুলির একবার সংযোগ ও বিয়োগে যেরূপ শব্দ হয় ক্রিপিটাণ্ট বা ভেসিকিউলার শব্দও সেইরূপ হইয়া থাকে। ক্রিপিটেণ্ট শব্দের কাবণ সম্বন্ধে অনেক মতামত দৃষ্ট হয়। ফুসফুসের বায়ু কোষগুলি চোঁয়ান লিম্ফ রসে জুড়িয়া থাকে, নিশ্বাস গ্রহণ কালে ভূবায়ু দ্বারা ঐ সকল বায়ুকোষ সজোরে খুলিয়া গেলে ক্রিপিটেণ্ট শব্দ উৎপন্ন হয়। বায়ু কোষ অথবা ক্ষুদ্র ক্ষুদ্র ব্রংকাই মধ্যে তরল পদার্থের সঞ্চালনে ঐরূপ শব্দ উৎপন্ন হইতে পারে। বায়ু কোষের মধ্যস্থিত ঘন শ্লেষ্মার সহিত ভূবায়ুর সংঘর্ষণে অথবা ক্ষুদ্রতম ফুসফুস তন্তুর বিদারণে ক্রিপিটাণ্ট রালস্ উৎপন্ন হইতে পারে। কিন্তু রবার্ট প্রভৃতি ডাক্তার বলেন যে প্লুরার ঘর্ষণেই প্রকৃত ক্রিপিটেণ্ট রাল্সের উৎপত্তি হইয়া থাকে। নিউমোনিয়া বা ফুসফুস প্রদাহের প্রথমাবস্থা এবং থাইসিস বা যক্ষ্মা বোগের অঙ্কুর হইলে পর এই রূপ ক্রিপিটেণ্ট রালস্ শব্দ শ্রবণ গোচর হইয়া থাকে।

Varieties of vesicular or crepitant rales;—
True crepitant rales.
They are series of minute, sharp, crepitant sounds equal in size, perfectly dry heard in puffs during inspiration, often towards its termination. It resembles the noise occasioned by throwing salt on the fire or rubbing together a lock of hair near the ear, alternately pressing and separatigg the thumb and finger, moistened with a solution of gum arabic and heard near the ear.
Theories as to their production,
1 opening-up of stuck air vesicles.
2 air passing through thick exudation.
3 minute laceration of lung tissue.
4 pleuritic in origin.
Heard in 1st stage of pneumonia and 2nd stage of pnthisis.

Redux crepitations: are less abundant, larger, unequal and less dry.
Heard during respiration in the *resolution* stage of pneumonia and in the softening stage of phthisis.
Large dry crepitant rales are not abundant, heard in some cases of emphysema.
Compression or Collapse-rales are a number of small dry crepitations at the close of, or after a deep inspiration.
Adhesion rale is associated with pleuritic adhesion, and due to the retention of secretion within airvesicles and small tubes.
Crackling or Choking rales are of 2 kinds (1) dry crackling or crepitation consisting of 3 or 4 clicks or crackles, sharp, abrupt and dry only heard during inspiration. It indicates commencement of softening

২। রিডাক্স ক্রিপিটাণ্ট রাল্স্—ফুসফুসের তরুণ প্রদাহের বর্দ্ধিতাবস্থার পর যখন রেজোলিউসন অর্থাৎ শ্লেষ্মা বা রক্তরস প্রভৃতি শোষিত হইয়া আরোগ্যের পথে অগ্রসর হইতে থাকে তখনই রিডাক্স ক্রিপিটেণ্ট রালস্ শব্দ শ্রবণ গোচর হয়। উহারা প্রকৃত ক্রিপিটাণ্ট রালস্ অপেক্ষা সংখ্যায় কম, বড় বড়, অসমান ও অল্প সরস হয়। উহারা নিশ্বাস গ্রহণ ও নিশ্বাস ত্যাগ এই উভয় কালে শ্রুত হয়। নিউমোনিয়া রোগে বায়ু কোষ মধ্যস্থিত ঘন রস (এক্সুডেশন) তরল হইবার কালে নিশ্বাস বায়ুর সহিত উহার সংঘর্ষণে রিডাক্স ক্রিপিটেশন শব্দ উৎপন্ন হইয়া থাকে।—থাইসিস্ রোগে কখন কখন এইরূপ রিডাক্স ক্রিপিটেশন শব্দ শুনা যায়।

৩। বড় ২ ও শুষ্ক ক্রিপিটাণ্ট রালস্ শব্দ—কোন কোন এম্ফিসিমা রোগে শ্রুত হয়। উহারা সংখ্যায় অধিক হয় না। বিস্তৃত বায়ু কোষের মুখ খুলিলেই এইরূপ শব্দ উৎপন্ন হইয়া থাকে।

৪। কম্প্রেশন বা কোলাপ্স রাল্—কোন কারণে ফুসফুস চুপসিয়া গেলে নিশ্বাস গ্রহণের শেষ ভাগে অথবা উহার অব্যবহিত পরেই ধীরে ধীরে যে কতকগুলি ক্ষুদ্র ও শুষ্ক শব্দ উৎপন্ন হয় উহাদিগকেই কোলাপ্স রাল্ কহে।

৫। এড্হিসন রাল্—প্লুরিটিক এড্হিসন রোগে ভাসা ভাসা বায়ু কোষে ও ক্ষুদ্র ক্ষুদ্র ব্রংকাই নলী মধ্যে শ্লেষ্মা বা রক্ত বদ্ধ হইয়া পড়িলে ঐরূপ রালস্ উৎপন্ন হইতে পারে।

ক্রাকলিং বা চড়চড়ে এবং ক্লিকিং বা চিড়চিড়ে রাল্স—যক্ষ্মা রোগে ফুসফুসের কঠিন অংশ কোমল হইবার কালে কতিপয় ক্রাক্লিং বা ক্লিকিংশব্দ উৎপন্ন হয়। ইহারা দুই শ্রেণী ভুক্ত হয় যথাঃ—১। শুষ্ক ক্রাক্লিং বা ক্রিপিটেশন—ইহারা ৩।৪টা, চড়চড় বা চিড়চিড়ে ভাব বিশিষ্ট তীক্ষ্ন,

আকস্মিক ও শুষ্ক শব্দ বিশেষ। এইরূপ শব্দগুলি সচরাচর কেবল শ্বাস গ্রহণ কালে শ্রুত হয়। ইহাদের উপস্থিতিতে ফুসফুসের বিগলন আরম্ভ বুঝা যায়।

২। সরস বা হিউমিড্ ক্রাক্লিং—শুষ্ক ক্রিপিটেশনাপেক্ষা ইহাদের সংখ্যা অধিক, কিন্তু উহারা বড় বড় ও বহু সংখ্যক নহে। ইহারা সরস ভাবাপন্ন এবং নিশ্বাস ও প্রশ্বাসে বিশেষতঃ শ্বাস গ্রহণে অধিক শ্রুত হয়। ফুসফুস বিগলনের বর্দ্ধিতাবস্থায় এমন কি ফুসফুসে ছোট ছোট গহ্বর হইলে উহারা অধিক শ্রবণ গোচর হয়। ফুসফুসের চূড়ায় উহারা অধিক প্রকাশ পাইয়া থাকে। ভুবায়ুর সহিত ঘন একজুডেশনের সংঘর্ষনে, শুষ্ক এবং পাতলা রসের সংস্পর্শে সরস ক্রাকলিং শব্দ উৎপন্ন হইয়া থাকে।

Moist or humid crackling or crepitation, this is more abundant, more moist, heard during inspiration and expiration. It indicates advanced softening and small cavities. Seat being generally the apices. Causes. air passing through thick and thin fluids produces dry and moist crackles respectively.

হলো বা শূন্যগর্ভ রালস্ শব্দ—ফুসফুসের গহ্বরস্থিত তরল পদার্থের সহিত শ্বাস বায়ুর সংস্পর্শে এইরূপ শূন্যগর্ভ রাল্স উৎপন্ন হয়। গহ্বরের আয়তন ও অন্যান্য অবস্থানুসারে ঐ ফাঁপ শব্দের পরিমাণ ও তীক্ষ্ণতা নির্ভর করে এবং গহ্বর মধ্যস্থিত দ্রবের পরিমাণ ও ঘনত্বানুসারে ঐ শব্দের সংখ্যা ও স্বভাবের তারতম্য উপস্থিত হয়। একারণ উক্ত হলো বা শূন্যগর্ভ শব্দ বাব্লিং, ক্রাক্লিং ও গার্গ্লিং (ফুৎকারবৎ, চড়চড়ে ও ঘড়ঘড়ে) স্বভাব বিশিষ্ট হইয়া থাকে। আবার ঐরূপ ফাঁপা শব্দের পরিমাণ ও তীক্ষ্ণতানুসারে উহাদিগকে কেভার্নুলাস, ক্যাভার্ণাস, এম্ফোরিক, রিঙ্গিং ও মেটেলিক প্রভৃতি প্রকারে বিভক্ত করা যায়। ইহারা শ্বাস ও প্রশ্বাস এই উভয় সময়ে অথবা ঐ দুই ক্রিয়ার এক সময়েও শ্রুত হইয়া থাকে। কাশিলে পর উহারা শ্রুত হয় না অথবা অতি স্পষ্টরূপে শ্রুত হইয়া থাকে।

Hollow rales convey the impression of being originated in a cavity. They are due to the passage of air through fluid in a cavity. They may be bubbling, crackling or gurgling, according to their amount and consistence. They may be cavernulous, cavernous, amphoric, ringing metallic according to their degree of hollowness and pitch

They are heard in

phthisis, pulmonary abscess, or dilated bronchi.

সাধারণ সরস রালস্‌গুলি কোন গহ্বরের সন্নিকটে অবস্থিতি করিলে ফাঁপা স্বভাব বিশিষ্ট হয়। হৃৎপিণ্ডের নিকটবর্ত্তী কোন গহ্বর থাকিলে হৃৎপিণ্ডের ক্রিয়াদ্বারা সেই গহ্বরস্থিত তরল পদার্থ কম্পিত হয় এবং তদ্দ্বারা ক্যাভার্ণাস্ শব্দ উৎপন্ন হইতে পারে। ক্ষয়কাশি রোগে ক্যাভার্ণাস্ রাল্‌স অধিক শ্রুত হয়, কিন্তু ফুসফুসে স্ফোটক হইলে অথবা ব্রংকাই প্রসারিত হইলেও উহারা শ্রবণ গোচর হয়।

Metallic tinkling is a high pitched, silvery or metallic tone, it is a sign of hydro-pneumothorax with perforation of the lung, and phthisical cavity.

মেটেলিকটিংক্লিং—ইহা উচ্চ সুরবিশিষ্ট ও রৌপ্য প্রভৃতি ধাতুবাদ্যবৎ শব্দ বিশেষ। প্রত্যেকবার শ্বাস প্রশ্বাসে ইহা শ্রুত হয় না, অত্যন্ত জোরে কাশিলে ১।১ বার ঐরূপ শব্দ শুনা যায়। এই শব্দ হাইড্রো নিউমোথোরাক্স (ফুসফুস বিদীর্ণ হইয়া প্লুরায় জল ও বায়ু সঞ্চয়) রোগের পরিচায়ক। যক্ষ্মা-রোগে ফুসফুসে বিস্তৃত গহ্বর হইলে এইরূপ মেটেলিক্‌টিংক্লিং শ্রবণ করা যাইতে পারে।

Friction sounds are rubbing together of the adjacent surfaces of either pleura. Heard in the lower chest laterally and behind in small area.

প্লুরাল্ রাল্‌স বা ফ্রিক্‌সন্ শব্দ—প্লুরা বা ফুসফুসা-বরণ উত্তেজিত ও প্রদাহিত হইলে উহার দুই খণ্ড আবরণ পরস্পরের গাত্রে ঘর্ষিত হইয়া এইরূপ ফ্রিকসন বা ঘর্ষণ শব্দ উৎপন্ন করে। এই শব্দ রোগের কালে সমস্ত বক্ষে অনুসন্ধান করা কর্ত্তব্য, কিন্তু সচরাচর বক্ষের পার্শ্বে ও পশ্চাৎ দেশের নিম্নাংশে ফ্রিক্সন্ শব্দ অধিক শ্রুত হয়। অন্যান্য স্থানে ইহা প্রথমে বদ্ধ থাকে সুতরাং ইহা শুনিতে হইলে রোগীর দীর্ঘশ্বাস গ্রহণ করা কর্ত্তব্য, নতুবা ঘর্ষণ ভাল হয় না।

ঘর্ষণ শব্দের কতিপয় বিষয় স্মরণ রাখিতে হইবে যথাঃ—

Condition of friction sounds; Characters rubbing in quality varying from a slight graze to a

স্বভাব—এই শব্দ অল্প সঞ্চালন হইতে উচ্চ কর্কশ শব্দ বিশিষ্ট ঘর্ষণ হইতে পারে। ইহা ক্রিকিং, ক্রিপিটেন্ট, ক্র্যাকলিং ক্রিকিং, অথবা গ্রামরিং অর্থাৎ ছুরিধার দেওয়ার মত, কেশ মর্দ্দনবৎ, অগ্র অগ্র ও ঘন ঘন পাত্রভঙ্গবৎ, হঠাৎ ও ক্ষুদ্র চিড়চিড়

শব্দবৎ এবং নীচু সুরবিশিষ্ট অথচ ক্রমাগত গড়মড় শব্দ বিশিষ্ট হইয়া থাকে। ঘর্ষণ বা ফ্রিক্সন শব্দ ক্রিপিটেন্ট বা কুরকুর বা কেশ মর্দ্দন শব্দের পার্থক্য অনেক সময় ঠিক করা যায় না অর্থাৎ ফ্রিক্সন, ক্রিপিটেশন, ক্রাকলিং এবং ক্ষুদ্র ক্ষুদ্র সরস ব্রংকাই-রাল্স শব্দ পরস্পরে প্রভেদ করা অনেক সময় বড়ই কষ্টকর হইয়া পড়ে, তবে ইহা স্মরণ রাখিতে হইবে যে কাশিলে ফ্রিক্সন শব্দ পূর্ব্বমতই শ্রুত হইয়া থাকে কিন্তু ক্রিপিটেশন শব্দ গুলি প্রায়ই কিয়ৎকালের জন্য বিলীন হয়। আবার ফ্রিক্সন শব্দ প্রায়ই ভাসাভাসা হইয়া থাকে।

loud grating sound. They may be creaking, crepitant, crackling, clicking and rumbling. They are superficial and unaffected by a cough, thus distinguished from crepitation.

স্থান ও পরিমাণ—বক্ষের এক পার্শ্বে ও নিম্নাংশে বিশেষতঃ স্কাপুলা অস্থির নিম্ন কোণের নিম্নে অথবা ইনফ্রা-একজিলারী প্রদেশে ফ্রিকসান বা প্লুরা ঘর্ষণ শব্দ সর্ব্বদা শ্রুত হইয়া থাকে। এই শব্দ এক ইঞ্চি পরিমাণ স্থান অধিকার করে; কিন্তু কখন এক পার্শ্ব অথবা দুই পার্শ্ব ব্যাপিয়া থাকে।

Site and extent Friction is generally one sided, *heard towards* the lower part of the chest, especially below the angle of the scapula or in the infraxaxillary reigon. It is either limited to an inch space or may be diffused to a large area.

৩। তীক্ষ্ণতা—সামান্য ও অস্পষ্ট ঘর্ষণ হইতে এরূপ উচ্চ ঘর্ষণ হইতে পারে যে কিয়দ্দূর হইতে উহা শ্রবণ করা যাইতে পারে। ঘর্ষণ স্বভাবত ঈষৎ উচ্চ সুর বিশিষ্ট হয়।

Intensity—moderately loud rub.

৪। রীথিম বা তাল—শ্বাস গ্রহণ কালে ঘর্ষণ শব্দ শ্রুত হইলেও শ্বাস ত্যাগেও উহা শ্রবণ করা যায়। আবার গভীর নিশ্বাসের শেষাংশে কেবল উহা শ্রবণ করা যাইতে পারে। ঘর্ষণ শব্দ সর্ব্বদা অসমান ও হঠাৎ ধাক্কার মত উৎপন্ন হয়।

Rhythm is frequently irregular and *jerkey.*

৫। কারণ—(ক) প্লুরা গাত্রের শুষ্কতা ও রক্তাধিক্য (খ) প্লুরা হইতে রস সঞ্চয় বা একজুডেসন্ ও কৌষিক তন্তুর নূতন স্বজন বা প্রোলিফিরেসন্ (গ) প্লুরিটিক এডহিসন্ এবং (ঘ) কদাচ গুটিকা বা টিউবর্কাল অথবা কর্কট অর্থাৎ ক্যান্সার সঞ্চয় হইলে ঘর্ষণ শব্দ উৎপন্ন হয়। সিরোটিক্ বা ক্ষুদ্র আয়তন বিশিষ্ট যকৃতেও এইরূপ ঘর্ষণ উৎপন্ন হয়।

Causes of friction: (a) dry surface and increased vascularity. (b) deposit of exudation and proliferation of cellular tissue (c) pleuritic adhesion. (d) rarely tubercular and cancerous deposits. Cirrhotic liver has a friction sound.

VOICE IN HEALTH.

সুস্থাবস্থায় স্বর বিবরণ।

If the ear or stethoscope be applied over the larynx or trachea of a healthy person, and he be directed to count one, two, three in an uniform tone and with moderate force there is perceived a strong resonance, the voice seeming to be concentrated and near the ear. It is called laryngophony If listened over the 3rd rib anteriorly and the healthy man be directed to count as above, a confused distant hum is perceived with more or less vibration. It is termed normal vocal resonance If he be directed to whisper, then a feeble, low-pitched, blowing sound is heard which is termed normal bronchial whisper. The voice in disease may have its intensity altered as :— 1. Diminished or absent. 2. Increased or exaggerated Or its resonance may be of the charac-

কোন সুস্থ ব্যক্তির লেবিংস ও টেকিয়ার উপর কর্ণ অথবা ষ্টেথেসকোপ রক্ষা করিয়া যদি তাহাকে এক, দুই, তিন প্রভৃতি বাক্য সমান জোরে উচ্চারণ করিতে বলা যায় তাহা হইলে পরীক্ষকের কর্ণে পরীক্ষিত ব্যক্তির বাক্যের এক প্রকার জোর স্বর পরিচালিত হয়, সেই স্বরকে লেরিঙ্গোফণি বা লেরিঞ্জিয়াল ফেমিটাস্ বা রেজোনান্স কহে।

সম্মুখ বক্ষের ৩য় পঞ্জরের স্থানে কর্ণ পাতিয়া পরীক্ষিত ব্যক্তিকে পূর্ব্ব মত এক, দুই, তিন প্রভৃতি অঙ্ক উচ্চারণ করিতে বলিলে যে স্বর শ্রবণ করা যায় তাহা দূরের গুণ গুণ শব্দের ন্যায় অস্পষ্ট, এই স্বরকে ভোকাল্ রেজোনান্স কহে। পুরুষাপেক্ষা নারীর ভোকাল্ রেজোনান্স ক্ষীণ হইয়া থাকে। আর যদি পরীক্ষিত ব্যক্তিকে চুপিচুপি কথা কহিতে বলিয়া উহার বক্ষে কর্ণ রক্ষা করা যায় তবে যেরূপ মৃদু ও ক্ষীণ শব্দ পরিচালিত হয় উহাকে ব্রংকিয়াল হুইস্পার কহে। ইহা প্রশ্বাস বায়ুর সঞ্চালনে উৎপন্ন হইয়া থাকে।

VOICE IN DISEASE.

রোগাবস্থায় স্বর বিবরণ।

সম্মুখ বক্ষের ৩য় পঞ্জরের স্থানে যে স্বাভাবিক ভোকাল রেজোনান্স শ্রবণ করা যায় রোগের কালে উহার তীক্ষ্ণতার বিপর্য্যয় ঘটে যথাঃ—

১। ভোকাল্ স্বরের হ্রাস বা লোপ।

২। ভোকাল্ স্বরের আধিক্য অথবা রোগের কালে ভোকাল স্বরের স্বভাবের তারতম্য ঘটিতে পারে যথাঃ—

৩। ব্রংকোফণি।

৪। পেক্‌টোরিলোকি।

৫। ইগোফণি।

৬। এম্ফোরিক স্বর।

ভোকাল্ স্বরের হ্রাস বা লোপ পাইবার কারণ যথাঃ—(ক) ব্রংকাইটিস্ রোগে প্রচুর শ্লেষ্মা নির্গত হইলে, (খ) প্লুরার ভিতর বায়ু অথবা রস সঞ্চয় হইলে, (গ) ক্যান্সার ও টিউবারক্যাল্ জনিত ফুসফুসের অনেক স্থান ব্যাপিয়া কাঠিন্য হইলে, (ঘ) এম্ফিসিমা রোগ হইলে, (ঙ) বক্ষের ভিতর অর্ব্বুদ হইলে অথবা উদরস্থিত প্লীহা যকৃত বক্ষের দিকে বর্দ্ধিত হইলে, এবং (চ) প্রধান ব্রংকাই বন্ধ হইয়া পড়িলে সুতরাং ফুসফুস চুপসিয়া যাইলে ভোকাল্ স্বরের হ্রাস বা লোপ হইয়া থাকে।

ভোকাল্ স্বরের এক কালীন লোপ—নিউমোথো-রাক্স ও প্লুরার রস পূর্ণাবস্থায় ভোকাল্ স্বরের এক কালীন লোপ হইয়া থাকে।

ভোকাল্ স্বরের আধিক্য ও স্পষ্টতা—ফুসফুসের কোন অংশ কঠিন হইলেই সেই স্থানের ভোকাল্ স্বরের আধিক্য হয় সুতরাং উহা দ্বারা টিউবার্কল সঞ্চয় নির্ণয় হয়। ভোকাল্ স্বরের আধিক্য ও স্পষ্টতা ৪ প্রকার যথাঃ—

ব্রংকোফনি—ভোকাল্ স্বরের আধিক্য ও স্পষ্টতা অনুভব হইলে উহাকে ব্রংকোফনি কহে। সুস্থাবস্থায় উহা ইন্টার-স্কাপুলার প্রদেশের উপরিভাগে এবং ক্লাভিকেল অস্থির অভ্যন্তর কোণের নিম্ন দেশে শ্রুত হইয়া থাকে।

(ক) যক্ষ্মা ও ফুসফুস প্রদাহ রোগে ফুসফুসের মধ্যমপ্রকারের কাঠিন্য হইলে, (নিউমোনিয়া রোগে ব্রংকোফণি ধাতব ও অনু-নাসিক হইতে পারে)। (খ) ফুসফুসে গহ্বর হইলে এবং

ter of—(3) Bronchophony (4) Pectoriloquy (5) Egophony. (6) Amphoric voice. Vocal resonance may be diminished or feeble in bronchites with free secretion, pleurisy with effusion, in complete consolidation of the lung as in cancer and phthisis, emphysema, Intrathoracic, tumours, enlarged abdominal organs, bronchial obstruction and consequent collapse. Vocal resonance is absent in pneumothorax and in pleurisy with effusion.

Exaggerated vocal resonance denotes solidification of lung and is diagnostic of tubercle. It is of 4 kinds — Bronchophony implies an increase in the clearness and intensity of the vocal resonance It is heard normally in upper interscapular regions and below the inner end of

the clavicle. Causes. phthisical and pneumonic consolidations and small cavities, condensation mostly.

সেই গহ্বরের চতুষ্পার্শ্ব কঠিন থাকিলে, (গ) ফুসফুস অত্যন্ত কঠিন ও ঘন হইয়া পড়িলে এবং (ঘ) কখন কখন প্রধান ব্রংকাস ও বক্ষ প্রাচীরের মধ্যে মধ্যম প্রকারের কোন ঘন পদার্থ রহিলে ব্রংকোফনি শব্দ শ্রবণ গোচর হইয়া থাকে।

Pectoriloquy is a complete transmission of the voice to the ear the articulated words being distinctly recognized It resembles the resonance heard over the larynx in health Its presence indicates pulmonary cavity, or more complete consolidation and rarely pneumothorax It is an exaggerated bronchophony.

পেক্‌টোরিলিকুয়ি—বক্ষ হইতে প্রত্যেক ভোকাল্ সুর ষ্টেথোসকোপ যন্ত্র দ্বারা পরীক্ষকের কর্ণে স্পষ্ট ২ ভাবে উপনীত করিলে সেই প্রণালীকে পেকটোরিলোকুয়ি কহে। ঐরূপ শব্দ প্রায়ই তীক্ষ্ণ হইয়া থাকে সুতরাং শ্রুতি কটু হয়। ইহা সুস্থাবস্থার লেরিংস স্থানের ভোকাল সুরের মত। ইহার কারণ যথাঃ—(ক) ফুসফুসে মধ্যম প্রকারের গহ্বর হইলে এবং সেই গহ্বর যদি চোস্ত থাকে, উহাতে অধিক তরল পদার্থ না থাকে, উহার প্রাচীর কঠিন কিন্তু পুরু না হয়, গহ্বর যদি ভাসা হয় অর্থাৎ ফুসফুসের গভীর স্থানে না হয় এবং যদি সেই গহ্বরের সহিত শ্বাস নলীর যোগ থাকে তবেই পেকটোরিলোকুয়ি শ্রবণ গোচর হইয়া থাকে।

Whispering pectoriloquy is a modified expiratory sound Its presence indicates pneumothorax and phthisis.

(খ) কদাচ বড় ব্রংকাস নলী ও বক্ষঃপ্রাচীরের মধ্যে ঘন পদার্থ অবস্থিতি করিলে উহা শ্রুত হইয়া থাকে। (গ) কখন কখন নিমোথোরাক্স রোগে ইহা শ্রুত হয়। (ঘ) ফুসফুস সম্পূর্ণ রূপে কঠিন হইলে ইহা শ্রবণ করা যায়। ইহাকে ব্রংকোফনির আধিক্য বলা যাইতে পারে। মৃদু স্বর বিশিষ্ট পেকটোরিলোকুয়ি নামে প্রশ্বাসের এক প্রকার রূপান্তরিত শব্দ আছে। ইহা ফুসফুস করিয়া কর্ণের কাছে ভোকাল্ সুর উপনীত করে। নিমোথোরাক্স রোগে ইহা প্রকাশ পায় কিন্তু থাইসিস্ রোগে ফুসফুসে গহ্বর হইলেও ইহা শ্রুত হইয়া থাকে।

Egophony is a modification of bronchophony, consisting in tremulousness of the voice, its character nasal or bleating somewhat suggestive of the cry of a goat when heard it may be considered

ইগোফনি—ভোকাল সুর কম্পিত হইলে অর্থাৎ উহা নাকি সুরের মত অথবা ছাগল ডাকার শব্দের মত হইলে উহাকে ইগোফনি বলা যায়। ইহা স্কাপুলার কোণের কাছে

শুনা যায়। কারণ, যথাঃ—প্লুরার ভিতর রস সঞ্চয় ও প্লুরোনিউমোনিয়া রোগ হইলে ইগোফনি শ্রুত হইয়া থাকে।

a sign of pleurisy with effusion and pleuro-pneumonia

এম্ফোরিক স্বর—ইহা কিঞ্চিৎ ফাঁপা ও ধাতুবাদ্যবৎ ভোকাল স্বর বিশেষ। শূন্য বোতলে ফুৎকার দিলে ইহার অনুকরণ করা যাইতে পারে। ফুসফুসে বড় বড় গহ্বর হইলে এবং বিশেষতঃ নিমোথোরাক্স রোগে উহা শ্রুত হইয়া থাকে।

Amphoric voice is hollow and metallic in character, heard in phthisis and pneumothorax.

TUSSIVE RESONANCE.

টাসিভ্ রেজোনান্স বা কাশ ক্রিয়ার শব্দ।

ফুসফুস ঘন বা কঠিন হইলে এবং ফুসফুসে গহ্বর হইলে কাশির শব্দের আধিক্য হয়। এই কাশি ব্রংকিয়াল, ক্যাভার্ণাস্ মেটেলিক্ ও এম্ফোরিক নাম প্রাপ্ত হইয়া থাকে। ভোকাল্ স্বর শ্রবণ করিয়া রোগ নির্ণয় করিবার যেরূপ সুবিধা হয়, কাশির স্বরে সেরূপ হইবার সম্ভাবনা দৃষ্ট হয় না, তবে (১) কাশিলে ফুসফুসের গহ্বরস্থিত আকস্মিক রাল্স বা শব্দগুলি যেরূপ স্পষ্ট শ্রুত হয় সহজ নিশ্বাস প্রশ্বাসে সেরূপ শ্রবণ করা যায় না। ২। কাশিলে পর শ্বাস নলী অথবা গহ্বরস্থিত তরল পদার্থ বাহির হইয়া যায় এবং সেই সময়ে শ্বাস প্রশ্বাসের স্বভাব স্পষ্ট বুঝা যাইতে পারে, কারণ তখন রাল্স শব্দ ক্ষণকালের জন্য তিরোহিত হইয়া থাকে। কাশিয়া ফ্রিকসন ও ক্রিপিটেসন ঠিক হইয়া থাকে।

Cough may be intensified in consolidations and cavities and may assume bronchial, cavernous, metallic and amphoric character. During coughing rales may be elicited, after coughing breath sounds rendered louder. Friction and crepitation distinguished by coughing.

PECULIAR SOUNDS HEARD IN CONNECTION WITH LARGE CAVITIES.

বৃহৎ গহ্বর সংযোগে বিশেষ বিশেষ শব্দ।

Metallic tinkling is a single clear, high-pitched, ringing sound heard in large air-containing spaces with little fluid as in phthisis, hydro or pneumothorax. Causes, bursting of a bubble, or dropping of fluid It may be originated during the act of breathing, speaking or coughing.

১। মেটেলিক টিংক্লিং বা ধাতব ঠুনঠুন শব্দ। ইহা একটী স্পষ্ট, উচ্চ সুর বিশিষ্ট ও বাদ্য ধ্বনিবৎ শব্দ বিশেষ। একটী আলপিন দ্বারা কাচের পাত্রে আঘাত করিলে উহার অনুকরণ করা যায়। যে গহ্বরে কেবল বায়ু ও অত্যল্প তরল পদার্থ থাকে তথায় এই শব্দ শ্রুত হয়। বুদবুদ ফাটিয়া অথবা গহ্বরের চূড়া হইতে বিন্দু বিন্দু তরল পদার্থের পতনকালে এই শব্দ উৎপন্ন হয় বলিয়া কথিত আছে। শ্বাস প্রশ্বাসকালে, কথা কহিবার সময়, কাশিলে অথবা হৃৎপিণ্ডের ক্রিয়াজনিত এইরূপ শব্দ উৎপন্ন হইতে পারে। থাইসিস এবং হাইড্রো ও পায়ো নিমোথোরাক্স রোগে ঐ টিংক্লিং বা ঠুনং শব্দ কখন কখন শ্রবণগোচর হইয়া থাকে।

Amphoric echo may attend respiratory sounds, voice, cough, rales, heart sounds and the act of swallowing. It is heard in pneumothorax and phthisis.

২। এম্ফোরিক একো—শ্বাস প্রশ্বাস শব্দ, স্বর, কাশি, রাল্‌স, হৃৎশব্দ এবং কদাচ গলাধঃকরণ ক্রিয়ায় এই এম্ফোরিক গুণবিশিষ্ট প্রতিধ্বনি শ্রবণগোচর হইতে পারে। নিমোথোরাক্স ও কদাচ থাইসিস রোগে বৃহৎ বায়ুপূর্ণ ও চোঙ্গগহ্বর থাকিলে ইহাও উৎপন্ন হইয়া থাকে।

Bell sound is a clear and ringing sound heard in pneumothorax when a coin is placed on the affected side and stuck with another.

৩। বেল্ বা ঘণ্টাধ্বনি—কোন কোন নিউমোথোরাক্স রোগে আক্রান্ত বক্ষের উপর একটী মুদ্রা রাখিয়া অপর মুদ্রা দ্বারা তদুপরি আঘাত করিলে সেই বক্ষের অপর স্থানে ঘণ্টাধ্বনিবৎ স্পষ্ট শব্দ শ্রবণ করা যায়।

SUCCUSSION SIGNS.

আলোড়ন চিহ্ন।

সাক্কাশন বা আলোড়ন প্রণালী কদাচ প্রযোজন হইয়া থাকে। এই প্রণালী দ্বারা বক্ষগহ্বরে বায়ু ও জল সঞ্চয় হইয়াছে কি না জানা গিয়া থাকে। রোগীকে নাড়া দিলে প্রথমতঃ এক প্রকার এসপ্ল্যাসিং অর্থাৎ জল ক্ষেপবৎ ভাব অনুভূত হয়। দ্বিতীয়তঃ হাইড্রো অথবা পায়ো-নিমোথোরাক্স রোগে কখন কখন এসপ্ল্যাসিং অর্থাৎ জল নিক্ষেপবৎ শব্দ শ্রুত হইয়া থাকে। থাইসিস রোগের বৃহৎ গহ্বরে ইহা কদাচ শ্রুত হয়।

Succussion or the process of shaking the chest reveals: Splashing sensation of air and fluid felt by the hand. 2 Splashing sound heard occasionally in hydro or pyo-pneumothorax and very rarely in large phthisical cavities.

SHAPE AND SIZE OF THE CHEST.

বক্ষের আকার ও আয়তন।

সুস্থ বালক ও বালিকার বক্ষ বড় ও প্রায গোলাকার হইয়া থাকে। যুবার বক্ষ নিশ্বাস গ্রহণকালে ডিম্বাকার হয়।

The thorax in healthy children is large and nearly circular, in adults eliptical.

NORMAL CHEST ALTERED BUT NOT DUE TO EXISTING DISEASE.

রোগ ব্যতীত বক্ষের স্বাভাবিক আকারের পরিবর্তন।

ক্ষুদ্র বা কুঞ্চিত বক্ষ—গর্ভাবস্থা হইতে অথবা জন্মের পর নানা কারণ বশতঃ বক্ষের আয়তন ও আকার ক্ষুদ্র হইতে পারে। সঙ্কুচিত বক্ষঃ দুই প্রকার হয় ১। এলার, উইঙ্গেড বা পক্ষবৎ বক্ষঃ—এরূপ বক্ষের পঞ্জর গতি তির্য্যক হয়, পঞ্জর মধ্যবর্ত্তী প্রদেশ প্রশস্ত হয়, বক্ষঃস্থল দীর্ঘ ও সঙ্কীর্ণ হয়, পঞ্জরদিগের কোণ এবং স্কাপুলার কোণ বাহির হইয়া পড়ে। ২। অপর

Small and contracted thorax, either congenital or acquired, may be alar or winged and anteriorly flattened. Other deformities in consequence of an insufficient entrance of air due either to obstruction or muscular weakness may

arise in infancy childhood from 'bronchitis, whooping cough, laryngismus stridulus, croup and chronic enlargement of tonsils. 4 special deformities (*a*) Transversely constricted . depression at lower and anterior part of the chest directed outwards and downwards from the ensiform cartilage. ' Pigeon-breast falling in of true ribs, angles straitened, sternum projected forwards. Anteriorly depressed ; Sternum below 3rd cartilage so depressed that a concavity is left in front. Rickety ordinary pigeon breast flattened posteriorly and depressed latterally with nodular swellings at the junction of the ribs and cartilages, prominent sternum and increased antero-posterior diameter. Deformities due to occupation, *pressure of*

প্রকারের বক্ষের সম্মুখ ভাগ চ্যাপটা হয় ও অগ্রপশ্চাৎ ব্যাস অতি ক্ষুদ্র হইয়া থাকে। ব্রংকাইটিস, হুপিংকাশি, লেরিঞ্জিসমাস ষ্ট্রীডুলাস, ক্রুপ, এবং টন্সিল বিবর্দ্ধন প্রযুক্ত শৈশবে অথবা বাল্যাবস্থায় বায়ুপথের অবরোধ অথবা পেশী দুর্ব্বলতাবশতঃ বক্ষ গহ্বরে সম্যকরূপে বায়ু প্রবিষ্ট হইতে না পারিলে বক্ষ গহ্বরের আয়তন ও আকার ক্ষুদ্র হয়। এবম্প্রকারের বক্ষ বিকৃতি ৪ প্রকার যথা :—

(ক) প্রস্থদিকে কুঞ্চিত বক্ষঃ—এরূপ অবস্থায় বক্ষের নিম্নাংশের সম্মুখে এক গভীর খাত থাকে এবং উহা উপাস্থি হইতে তির্য্যকভাবে বাহ্য ও নিম্নদিকে এনসিফর্ম উপাস্থি পর্য্যন্ত অবতরণ করিয়া থাকে।

(খ) কপোত বক্ষ—এরূপ অবস্থায় বক্ষের দুই দিকেরই প্রকৃত পঞ্জরগুলি বসিয়া যাওয়াতে উহাদের কোণ গুলিও অনেকটা সোজা হয় সুতরাং ষ্টার্ণাম অস্থি সম্মুখে ঠেলিয়া যেন উচ্চ হইয়া পড়ে অথবা প্রকৃতই উচ্চ হইয়া থাকে। এইরূপ বক্ষের আকৃতি ত্রিকোণ হইয়া থাকে।

(গ) সম্মুখচাপাবক্ষ—এরূপ অবস্থায় ৩য় পঞ্জরের উপাস্থি নিম্নস্থিত ষ্টার্ণাম অংশ আপন উপাস্থি সহ একেবারে ভিতর দিকে বসিয়া যায়। এবং এমতে বক্ষের সম্মুখে প্রকাণ্ড এক খত নির্ম্মাণ করিয়া থাকে। জন্মের পূর্ব্বে অথবা পরে এইরূপ হইতে পারে।

(ঘ) রিকেটী বক্ষ—এরূপ অবস্থায় কপোতের মত বক্ষ হয় তৎসঙ্গে বক্ষের পশ্চাৎ দেশ চ্যাপটা এবং পার্শ্বদেশ গভীর খাত বিশিষ্ট থাকে। প্রত্যেক পঞ্জর ও উহার উপাস্থির সংযোগ স্থলে গুটিকা যুক্ত স্ফীতি দৃষ্ট হয় এবং ষ্টার্ণাম যেন বেরিয়ে পড়ে অর্থাৎ সর্ব্বোচ্চস্থান অধিকার করিয়া থাকে। এরূপ বক্ষের সম্মুখ পশ্চাৎ ব্যাস দীর্ঘ হইয়া থাকে, এতদ্ব্যতীত,

বিশেষ ২ ব্যবসা, কসিয়া বুক বাঁধা এবং পঞ্জর ও মেরুদণ্ডের পূর্ব্বাঘাত ও রোগবশতঃ বক্ষের নানা প্রকার বিকৃতি হইতে পারে। stays or belts or previous disease of ribs and spine.

CHANGE IN SPACE AND SIZE DUE TO EXISTING DISEASE.

উপস্থিত পীড়াহেতু বক্ষের আয়তন ও আকারের পরিবর্ত্তন।

১। সাধারণ বৃদ্ধি—এরূপ অবস্থায় বক্ষ পিপের আকারের মত সর্ব্বদিকে বৃদ্ধি পায়। বক্ষবায়ু পূর্ণ হইলেই এরূপ হয়। বক্ষের সমস্ত দৈর্ঘ্য অথবা উহার কেবল ঊর্দ্ধ বা নিম্নাংশ বৃদ্ধি পাইতে পারে। সর্ব্বদা এমফিসিমা রোগে এবং দুই দিকের প্লুরায় রস সঞ্চয় হইলে কদাচ বক্ষের বৃদ্ধি দৃষ্ট হয়। Generally enlarged or barrel shaped chest Causes: Emphesema usually, double pleurisy rarely.

২। সাধারণ হ্রাস—অর্থাৎ বক্ষ চ্যাপটা হইয়া চতুর্দ্দিকে ছোট হইয়া থাকে। থাইসিস রোগে এরূপ হয়। Generally contracted or flattened chest. Cause-phthisis.

৩। এক পার্শ্বে বৃদ্ধি—বর্দ্ধিত পার্শ্ব অপরাপেক্ষা গোলাকার কিন্তু অগ্রপশ্চাৎ ব্যাস দীর্ঘ ও পঞ্জর কোণ বড় হওয়াতে উহাকে ছোট দেখায়। এই দিকের স্কন্ধ উচ্চ হয় এবং মেরুদণ্ডে অপরদিক বাঁধিয়া থাকে। কারণ (ক)। প্লুরার অবস্থা যথা ঃ—১। প্লুরায় রস সঞ্চার। ২। নিউমো অথবা হাইড্রোনিউমো থোরাক্স (কদাচ)। ৩। হিমোথোরাক্স (অতি কদাচ) (খ)। ফুসফুসের অবস্থা যথাঃ—১। ফুসফুসের বৃদ্ধি বা প্রসারণ, ২। ফুসফুসের অন্য রোগ হেতু কর্কট রোগের উপস্থিতি। Unilateral enlargement. Causes (a) conditions of pleura (1) pleuritic effusion 2 pneumo or hydropneumothorax 3 haemothorax. b conditions of the lungs: 1 hypertrophy or distension, 2 secondary cancer.

Unilateral diminution: Causes: pleuritic adhesion, collapse of the lung, phthisis, chronic, pneumonia, cancer.

৪। এক পার্শ্বের ন্যূনতা বা আকৃষ্টতা—এরূপ অবস্থায় আক্রান্ত পার্শ্ব ক্ষুদ্র হয় অর্থাৎ যেন ভিতরদিকে ঢুকিয়া যায়, তাহাতে পঞ্জরগুলি একস্থানে যেন একত্র হইয়া আছে এইরূপ বোধ হইয়া থাকে। কারণ ১। প্লুরিটিক এডহিসন্ ২। ফুসফুসের কোলাপ্স। ৩। থাইসিস্, পুরাতন নিউমোনিয়া ও ক্যান্সার।

Local enlargement Bulging Causes Heart enlargement, pericardial effusion, aneurism, emphysema, pleuritic effusion, pneumothorax (localized) pneumonia at base or apex, phthisical cavity at apex, Localized empheseme, hernia of lungs, mediastenal tumours, enlarged liver and spleen, sternum and rib diseases, superficial abcesses and growth. Local diminution: Causes phthisis, pleuritic adhesion, muscular wasting

Alteration of costal angles and intercostal spaces.

৫। স্থানিক বৃদ্ধি বা স্ফীতি—বক্ষের কোন একস্থান রোগে ফুলিয়া উঠিতে পারে। কারণ যথাঃ—১। হৃৎপিণ্ডের মাংসবৃদ্ধি, পেরিকার্ডিয়ামে রস সঞ্চয়, ও বৃহৎ ধমনীর এণুরিজম্। ২। প্লুরার রোগ যথাঃ—প্লুরার নির্দ্দিষ্ট স্থানে পূয ও রস সঞ্চয় এবং স্থানিক নিমোথোরাক্স। ৩। ফুসফুসের চূড়ায় বা তলায় নিউমোনিয়া, ফুফুসের চূড়ায় থাইসিস্ জনিত গহ্বর, স্থানিক এম্ফিসিমা, কদাচ ফুসফুসের হার্নিয়া বা স্থানচ্যুতি ও বহির্গমন, ৪। মিডিয়াষ্টিনাল অর্ব্বুদ বা বর্দ্ধিত গ্রন্থি। ৫। যকৃৎ ও প্লীহার উপরদিকে বৃদ্ধি। ৬। ষ্টার্ণাম ও পঞ্জরের পীড়া ৭। বক্ষোপরি স্ফোটক ও বিবৃদ্ধি।

৬। স্থানিক নিম্নতা বা চ্যাপ্টাভাব—কারণ যথাঃ—১। যক্ষ্মা, স্থানিক প্লুরিটিক এডিহিসন বা অন্ত্রের সহিত প্লুরার সংযোগ এবং বক্ষ পেশীগুলির শুষ্কতা।

৭। পঞ্জর কোণ ও পঞ্জর মধ্যবর্ত্তী স্থানের উচ্চতা ও নিম্নতা উল্লিখিত নানা কারণে উপস্থিত হইতে পারে।

NORMAL RESPIRATORY MOVEMENTS.

স্বাভাবিক শ্বাস প্রশ্বাস গতি।

দর্শনপ্রণালী বর্ণনকালে স্বভাবিক শ্বাস প্রশ্বাস গতি বর্ণিত হইয়াছে।

ABNORMAL RESPIRATORY MOVEMENTS.

অস্বাভাবিক শ্বাস প্রশ্বাস গতি।

১। দ্রুততার পরিবর্ত্তন—বক্ষের গতি দেখিয়া অথবা পাকাশয়ের উপর হস্ত রক্ষা করিয়া শ্বাস প্রশ্বাস গতির সংখ্যা বুঝা যায়। শ্বাস প্রশ্বাস সংখ্যা বৃদ্ধি পাইবার কারণ যথাঃ—১। বিবিধ প্রকার শ্বাসকষ্ট। (২) বিবিধ হৃদরোগ (৩) হিষ্টিরিয়া প্রভৃতি স্নায়বিক রোগ। (৪) রক্তাল্পতা ও জ্বর প্রভৃতি রোগে রক্তের অসুস্থতা। শ্বাস প্রশ্বাস গতির হ্রাসের কারণ যথাঃ—সন্ন্যাস, মাদক দ্রব্যাদির দ্বারা বিষাক্ততা, ও মূর্চ্ছা প্রভৃতি স্নায়বিক অবস্থা।

Alteration in frequency Increased in dyspnœa, cardiac affections, hysteria, anæmia, fevers. Diminished in apoplexy, narcotic poisoning, trance &c

২। সাধারণ শ্বাসপ্রশ্বাস গতির আধিক্য—এরূপ অবস্থায় রোগী গভীর ভাবে ও সজোরে শ্বাস প্রশ্বাস গ্রহণ ও ত্যাগ করে সুতরাং প্রত্যেক বারে অধিক বায়ু যাতায়াত করিয়া থাকে। কারণ (১) যে সকল ব্যাধি ফুসফুসের নিম্নাংশের ক্রিয়ার ব্যাঘাত ঘটায় যথাঃ—নিউমোনিয়া, রক্তাধিক্য, শোথ, ব্রংকাইটিস, প্লুরায় রস সঞ্চার ইত্যাদি। উদর বৃদ্ধি যথা—উদরী, যকৃৎ বৃদ্ধি ইত্যাদি। (২) হৃদরোগ যদ্দারা রক্ত সঞ্চালনের অবরোধ হয় এবং উপযুক্ত প্রকারে বায়ু দ্বারা রক্ত শোষণের বিঘ্ন ঘটে। (৩) রক্তাল্পতা প্রভৃতি রক্তের অস্বাভাবিক অবস্থা।

General movements in excess: Causes — pneumonia, congestion, œdema, bronchites, pleural accumulations, ascites, enlarged liver, cardiac diseases and anæmia

২। সাধারণ শ্বাস প্রশ্বাস গতির স্বল্পতার কারণ—(১) কেপিলারী ব্রংকাইটিস্, দুই দিকে নিউমোনিয়া, দুই প্লুরায় রস সঞ্চার প্রভৃতি কারণে ফুসফুসের ক্রিয়া একেবারে রুদ্ধ হইলে এরূপ হয়। (২) কষ্টকর বক্ষরোগ যথাঃ তরুণ প্লুরিষ ও নিউমোনিয়া, প্লুরোডিনিয়া ও ইণ্টারকষ্টাল স্নায়ুশূল। (৩) আক্ষেপ বা অবসাদন বশতঃ শ্বাসপ্রশ্বাসোপযোগী পেশীদিগের অকর্ম্মণ্যতা। (৪) মাদকতা ও মূর্চ্ছা। (৫) বক্ষ প্রাচীরের কাঠিন্য ও কদাচ কর্কট রোগ।

General movements diminished. Causes — capillary bronchitis, double pneumonia and double pleurisy with effusion, acute pleurisy and pneumonia, pleurodynia, intercostal neuralgia, loss of respiratory muscular action from spasm or paralysis, narcotic poisoning, trance, rigidity and cancer of the chest walls.

Thoracic movements in excess from diminished action of diaphragm, Causes ascites, tympanites, tumour, peritonitis, diaphragmatic pleurisy, muscular rheumatism. inflamation of diaphragm or abdominal walls, extreme pericardial effusion, paralysis of diaphragm Diaphragmatic and abdominal movements in excess, Causes — pleurisy, pleurodynia, paralysis of thoracic muscles, obstruction of air passages. Movement without expansion Causes Emphysema, rigidity of the chest walls, pulmonary consolidation, pleuritic accumulation or adhesion or obstruction of the air tubes. Alteration in the rhythm of the respiratory act In chorea and hysteria the inspiration is short and quick, expiration being prolonged,

বক্ষ ও উদরের শ্বাসপ্রশ্বাস গতির সম্বন্ধ পরিবর্ত্তন—১। ডায়াফ্রামপেশীর ক্রিয়ার স্বল্পতা হেতু বক্ষের শ্বাস প্রশ্বাস গতির আধিক্য হয়। কারণ যথাঃ—(ক) উদরী, পেটেবায়ু সঞ্চার এবং উদরে অর্ব্বুদ। (খ) পেরিটোনিয়াম প্রদাহ, ডায়াফ্রাম পেশীর বাত এবং ডায়াফ্রাম অথবা উদর-গাত্রের প্রদাহ (গ) পেরিকার্ডিয়মের রসপূর্ণতা, (ঘ) ডায়াফ্রাম পেশীর অবসাদন। ২। নিম্নলিখিত কারণে ডায়াফ্রাম অথবা উদর সম্বন্ধীয় শ্বাসপ্রশ্বাস গতির আধিক্য হয় যথাঃ (ক) প্লুরিসি, প্লুরোডিনিয়া। (খ) বক্ষপেশীর অবসাদন। (গ) বায়ুপথের অবরোধ।

বক্ষ সঞ্চালিত হইলেও বক্ষ প্রসারিত না হইতেও পারে। উদাহরণ যথাঃ—(ক) সাধারণ এম্ফিসিমা। (খ) বক্ষ প্রাচীরের কাঠিন্য। (গ) ফুসফুস কাঠিন্য, প্লুরায় রস সঞ্চয় বা প্লুরার সংযোগ, বায়ু পথের অবরোধ ইত্যাদি।

শ্বাসপ্রশ্বাস ক্রিয়ার তালের পরিবর্ত্তন—কোরিয়া ও হিষ্টিরিয়া প্রভৃতি স্নায়বিক রোগে নিশ্বাস ক্রিয়া অল্প ও দ্রুত হয়, কিন্তু প্রশ্বাস দীর্ঘ এবং বিলম্বে ও কষ্টে সম্পাদিত হয়। এরূপ প্রশ্বাসকে কষ্টকর প্রশ্বাস কহে। ইহার কারণ (ক)

কঠিন বক্ষের সহিত এম্ফিসিমা, বায়ুপথের অবরোধ ও কতক-গুলি ব্রংকাই নলীর কুঞ্চনশীলতা।

নিশ্বাসে বক্ষ প্রাচীরের উত্থান না হইয়া পতন হয় অর্থাৎ ঘোরতর নিশ্বাস কষ্ট হয়—ইহার কারণ ব্রংকাইটিস, হুপিং-কাশি, ক্রুপ্, ইডিমাগ্লটিডিস্, লেরিংজিসমাস্ ষ্ট্রীডুলাস্, টিউ-মার, এন্যুরিজম্, টন্সিল বৃদ্ধি, ফেরিংসের রোগ এবং কদাচ ফুসফুসের শোথ ও হাইড্রোথোরাক্স রোগে বায়ুপথের অবরোধ হইলেই নিশ্বাস কষ্ট হইয়া থাকে।

slowly performed and labored. *Expiratory dyspnœa*—Causes emphysema with rigid chest, obstruction to air passage or contracted bronchi. Depression of the chest wall during inspiration Inspiratory dyspnœa Causes: bronchitis, whooping cough, croup, œdema glottidis, laryngismus stridulus-tamour, aneurism, enlarged *tonsil, pharyngeal impediment, rapid œdema* of lung and hydrothorax.

DYSPNŒA—APNŒA.

ডিস্পনিয়া এপনিয়া বা শ্বাস কষ্ট।

সূত্র—ডিস্পনিয়া বা শ্বাসকষ্ট—ইহা প্রকৃত রোগ নহে। ইহা রোগের একটী লক্ষণ বিশেষ। শ্বাস যন্ত্র সম্বন্ধীয় রোগ ব্যতীত অন্যান্য স্থানের পীড়া হেতু ডিস্পনিয়া বা শ্বাসকষ্ট উৎপত্তি হইতে পারে।

কারণ—নিম্নলিখিত কতিপয় কারণে ডিস্পনিয়া বা শ্বাস কষ্ট উৎপন্ন হইয়া থাকে যথাঃ—

১। বায়ু পথের ভিতর দিয়া বায়ু সঞ্চালনের কোন প্রকার বিঘ্ন ঘটিলেই শ্বাসকষ্ট হইবে। বায়ু পথের আভ্যন্তরিক অব-রোধ, আক্ষেপিক কুঞ্চন, যান্ত্রিক সঙ্কীর্ণতা ও বহির্দ্দিকে চাপ পতন হইলেই বায়ু পথের ভিতর বায়ু সঞ্চালনের বিঘ্ন ঘটে।

Dyspnœa or difficulty of breathing is but a symptom of ches and other diseases. Causes: (1) Impediment to the entrance of air through the air passages owing to internal obstruction, spasmodic contraction, organic stricture, or external pressure. 2. Mechanical in*terference* with the ex.

মুখ গহ্বর হইতে ব্রংকাই বা শ্বাস নলী গুলির ভিতর সর্ব্বত্র ঐরূপ বায়ু সঞ্চালনের বিঘ্ন ঘটিতে পারে।

২। কোন প্রকার যান্ত্রিক চাপ অথবা কাঠিন্য হেতু এবং ডায়াফ্রাম পেশীর সঞ্চালনের বিঘ্নতা বশতঃ শ্বাসকষ্ট হইতে পারে।

৩। অবসাদন বা আক্ষেপ বশতঃ নিশ্বাসোপযোগী পেশী গুলির শক্তি লোপ হইলে শ্বাস কষ্ট হইবে।

৪। ফুসফুসের স্থিতিস্থাপক শক্তির লোপ অথবা বক্ষো-প্রাচীরের কাঠিন্য হেতু প্রশ্বাসোপযোগী শক্তির হ্রাস হইলেও শ্বাস কষ্ট হয়।

৫। ফুসফুসের ধ্বংস, কাঠিন্য, বায়ু কোষ ও ক্ষুদ্র ক্ষুদ্র ব্রংকাই মধ্যে তরল পদার্থ সঞ্চয়, ফুসফুসের কোলাপ্স বা চাপিত অবস্থা অথবা ক্ষুদ্র ক্ষুদ্র ফুসফুস সম্বন্ধীয় ধমনী গুলির অবরোধ হেতু শ্বাসকষ্ট উৎপন্ন হয়।

৬। বক্ষ বা উদর গহ্বরের বহুবিধ রোগ দ্বারা কষ্টকর শ্বাস প্রশ্বাস হইয়া থাকে।

নিশ্বাস গ্রহণোপযোগী বায়ুর অনুপযুক্ত অবস্থা হইলে অর্থাৎ হাল্কা বা অল্প বায়ু এবং দুর্গন্ধ গ্যাস মিশ্রিত বায়ু আঘ্রাণ করিলে শ্বাসকষ্ট হয়।

হৃৎপিণ্ডের বিধান বিকার বা ক্রিয়া বিকার, পাল্‌মোনারী ধমনীর অবরোধ, রক্তস্রাব, এবং প্রবল পরিশ্রম হেতু ফুসফুসে রক্তাধিক্য বা রক্তাল্পতা উপস্থিত হইলে শ্বাসকষ্ট হয়।

৯। রক্তাল্পতা, বায়ু দ্বারা রক্ত পরিস্কৃত হইতে না পারিলে,

pansion of the chest walls from pressure, rigidity or with the movements of diaparrgm. 3. Loss of muscular inspiratory force owing to paralysis or spasm. 4 deficient expiratory force from loss of elasticity of the lungs or from rigidity of chest walls 5. Diminution in the working portion of the lungs, from actual destruction, consolidation, liquid accumulation in cells and airceuls, collapse or compression, obliteration of minute pulmonary vessels 6. Painful chest or abdominal affections 7 Breathing rarefied air or irrespirable gases 8. Excess or deficiency of blood in the lungs due to organic or functional diseases of the heart, obstruction in pulmonary vessels, actual loss of blood, or violent exercise. 9.

জ্বর, মূত্র যন্ত্রের রোগ, পাইমিয়া বা পুঁয শোষণ জ্বর এবং বহু মূত্র প্রভৃতি রোগের বিষ দ্বারা রক্তের গুণ বা ধর্ম্ম পরিবর্ত্তিত হইলে শ্বাসকষ্ট উৎপন্ন হয়।

Altered quality of the blood in anæmia, imperfect æration, fevers, renal disease, pyæmia, and diabetes.

১০। হিষ্টিরিয়া প্রবল মনস্তাপ, মস্তিষ্ক রোগ, মস্তিষ্ক বিষাক্ততা, ভেগাস্ স্নায়ুর বা উহার শাখা প্রশাখার উপর চাপ পতন এবং নানা প্রকার প্রত্যাবর্ত্তক ক্রিয়া হেতু স্নায়ুদিগের ব্যতিক্রম ঘটিলে হাঁপ হয় অর্থাৎ শ্বাসকষ্ট হইয়া থাকে।

10. Nervous disturbances as hysteria, strong emotion, cerebral disease, brain poisoning, pressure on vagas and its branches.

শ্বাসকষ্ট বা শ্বাস অবরোধের লক্ষণ—ইহা স্মরণ রাখিতে হইবে যে শিরা মধ্যে অধিক পরিমাণে রক্ত সঞ্চয় এবং ধমনী মধ্যে অল্প পরিমাণ রক্ত সঞ্চালন হইলে শ্বাসকষ্ট আরম্ভ হয় কিন্তু শোণিত ফুসফুস মধ্যে বায়ু দ্বারা শোষিত হইতে না পারিলেই রক্তমধ্যে কার্ব্বনিক এসিড গ্যাস সঞ্চিত হয় এবং উহা স্নায়ু-কেন্দ্র বা স্নায়ু আকর-বিন্দুদিগকে-বিষাক্ত করিয়া শ্বাস কষ্ট বা শ্বাস অবরোধ লক্ষণ প্রকাশ করিয়া থাকে যথাঃ—রোগী প্রথমে জোরে জোরে নিশ্বাস টানিয়া থাকে, কিন্তু শ্বাসপ্রশ্বাস ক্রিয়ার স্নায়ু মধ্যবিন্দু আক্রান্ত হইলেই নিশ্বাস প্রশ্বাস মৃদু হইয়া পড়ে। মুখ মণ্ডল প্রথমে আরক্ত হয় তৎপরে কাল ও নীল বর্ণ ধারণ করে। ওষ্ঠ নাসিকা, চক্ষু ও নখ পর্য্যন্ত নীল বর্ণ হয়। শিরাগুলি ফুলিয়া উঠে এবং চক্ষু জল পূর্ণ হইয়া যেন বাহির হইয়া পড়ে। শারিরীক উত্তাপের হ্রাস হয় এবং শীতল ও চটচটে ঘর্ম্ম হয়। ক্রমে স্নায়বিক লক্ষণ যথাঃ—শিরোঘূর্ণন, মানসিক বিকার ও হস্ত পদের কম্পন হয়। তৎপরে সামান্য হইতে ঘোরতর তন্দ্রা, আক্ষেপ

Signs of apnœa or asphyxia first unusual efforts to breathe, finally the breathing ceases when the nerve centers are poisoned by carbonic anhydride face first turgid then purple or livid, lips, eyes, nose and finger nails become blue, distended veins, eyes prominent, and watery, temperature reduced, cold clammy sweats, nervous symptoms as vertigo, mental confusion and wandering, twitching and tremors, followed by drowsiness, stupor, coma, convulsions,

muscular relaxation, feeble, frequent and small pulse, failure of respiration, pulse and action of the heart. Post mortem appearances. right side of the heart and veins distended with dark blood, intense venous congestion all over the body. Treatment: 1 Remove the cause 2. Attend to the comfortable posture. 3. Avoid all kinds of effort, 4. Mechanically make up for impaired respiratory forces 5, Supply sufficient air, remove blood in certain cases. 7 administer pulmonary sedatives, antispasmodics or stimulants 8 apply sinapisms, fomentation, turpentine stupes and dry cupping, 9 Treat the asphyxia by warm bath, with free cold affusion over the head and shoulders while the patient is in he bath Slap he chest with

এবং স্ফীংটার প্রভৃতি পেশী শিথিল হইয়া পড়ে। নাড়ী ক্ষীণ, দ্রুত এবং ক্ষুদ্র হয় এবং শ্বাস ক্রিয়া লোপ হইলেও নাড়ী স্পন্দিত হইতে থাকে এবং ক্রমে উহা লোপ পাইলেও হৃদস্পন্দন দৃষ্ট হয়। সর্ব্বশেষে হৃৎপিণ্ডের ক্রিয়া স্থগিদ হইয়া থাকে।

শবদেহ পরীক্ষা—মৃত—দেহ কাটিলে হৃৎপিণ্ডের দক্ষিণদিক এবং শিরা সমূহে কাল রক্তপূর্ণাবস্থা দৃষ্ট হয়। শারিরীক যাবতীয় যন্ত্র ও তন্মধ্যস্থ শিরা মধ্যে রক্ত সঞ্চিত হইয়া থাকে।

চিকিৎসা—ডিস্পনিয়া বা শ্বাসকষ্ট একটি স্বতন্ত্র রোগ নহে, বরং উহা বিবিধ রোগের লক্ষণ স্বরূপ, সুতরাং উহার কারণানুসারে চিকিৎসা করা কর্ত্তব্য যথাঃ—

(১) সম্ভবতঃ ইহার কারণ দূর করিবে; (২) কোন্ অবস্থায় শয়ন করাইলে রোগী সুস্থ থাকিতে পারে তদ্বিষয়ে দৃষ্টি রাখিবে। (৩) সর্ব্বপ্রকার পরিশ্রম নিষিদ্ধ। (৪) অনেক সময় যান্ত্রিক উপায় দ্বারা দুর্ব্বল বা লোপ প্রায় শ্বাস ক্রিয়ার সহায়তা করিতে হয়। (৫) যথাযোগ্য ও বিশুদ্ধ বায়ু সেবন করান আবশ্যক। (৬) কোন কোন সময় রক্ত মোক্ষণ আবশ্যক হয়। (৭) আভ্যন্তরিক ও বাহ্যিক ভাবে ঔষধ ব্যবহার, মর্দ্দন ও আঘ্রাণের প্রয়োজন হয়। (৮) রাই সরিষার পলাস্ত্রা প্রয়োগ, গরম পুল্টিসের সেঁক, তারপিন তৈল মালিষ ও কখনও শুষ্ক কাপিং আবশ্যক হয়। (৯) শ্বাস রোধের চিকিৎসা করিতে হইবে ঃ—যথা বক্ষে পলাস্ত্রা প্রয়োগ, উষ্ণ জলে দেহ স্থাপিত করিয়া মস্তকে শৈত্য প্রয়োগ ও বক্ষে ভিজা কাপড় দ্বারা আঘাত এবং মার্সেল হল্, সিল্ভেষ্টার অথবা হাওয়ার্ড সাহেবদিগের আবিষ্কৃত প্রণালী দ্বারা কৃত্রিম শ্বাস প্রশ্বাস কার্য্য সম্পাদন

করিবে। ভেগাস স্নায়ুতে গালভা-নিজম্ এবং আবশ্যক হইলে লেরিঙ্গটমি বা ট্রেকিয়োটমী করিবে।

a wet towel, make artificial respiration.

COUGH.

কাশি।

কাশি—ইহা একটী নির্দ্দিষ্ট রোগ নহে। শ্বাসযন্ত্র প্রভৃতি শারিরীক নানা যন্ত্রের বিকৃতাবস্থায় কাশি হইতে পারে।

কাশির কারন—১। বায়ুপথের শ্লৈষ্মিক ঝিল্লীর কোন অংশের বিশেষতঃ থ্রোট ও লেরিংস শ্লৈষ্মিক ঝিল্লীতে উত্তেজনা উপস্থিত হইলে কাশি হয়। ঐরূপ স্থলে প্রায়ই প্রদাহিক লক্ষণ বর্ত্তমান থাকে।

২। থ্রোট, লেরিংস, ট্রেকিয়া ও ব্রংকাই মধ্যে সাক্ষাৎ সম্বন্ধে কোনরূপ উত্তেজনা হইলে কাশি হয়। অর্থাৎ ইউভুলা টন্সিল, এপিগ্লটিস ও ভোকালকর্ড বা স্বর রজ্জুর অস্বাভাবিক অবস্থা হইলে, নিশ্বাসের সহিত কোন প্রকার উত্তেজক পদার্থ কণা অথবা বাহিরের কোন বৃহৎ পদার্থ বায়ু পথে প্রবিষ্ট হইলে, নিশ্বাস বায়ুর দূষিত অবস্থা যথাঃ—ভূবায়ুর তাপের স্বল্পতা, অথবা উত্তেজক গ্যাস মিশ্রিত নিশ্বাস বায়ু গ্রহণ করিলে এবং শ্বাস পথের ভিতর রক্তরস, শ্লেষ্মা, পুঁয, রক্ত, ক্রুপাস বা ডিপ্থিরিটিক পদার্থ সঞ্চিত হইলে কাশি হইয়া থাকে। এরূপ স্থলে শ্বাস প্রশ্বাস পথের শ্লৈষ্মিক ঝিল্লীর উত্তেজনার আধিক্য হয়, একারণ ইচ্ছা করিয়া কাশিতে পারিলেও অনেক সময়ে বিনা চেষ্টায় বারম্বার কাশি হইয়া থাকে। গ্লটিস্ ছিদ্রের নিকট উত্তেজনা থাকিলে দুর্দ্দমনীয় কাশি হইয়া থাকে।

Cough is but a symptom and not a disease by itself. Causes: 1. Irritable and inflammatory conditon of mucous membrane of throat and larynx. 2. Direct irritation in throat, larynx, trachea and bronchi, as morbid conditions of uvuala, tonsils, epiglottis and vocal cords, inhaling irritating particles or foreign bodies, inhaling air of low-tempt. or mixed with irritating gas. Collections of serum, mucus, pus, blood croupous or diphtheritic deposit, in these cases cough is often involuntary and irrepressible.

3 Reflex cough due to irritation of lungs and pleuræ, heart or pericardium, dyspepsia, dentition, worms, liver, peretoneum, ear, female organs and external surface.

৩। প্রত্যাবর্ত্তক কাশি—অর্থাৎ ফুসফুস, প্লুরা, হৃৎপিণ্ড ও পেরিকার্ডিয়াম রোগ, অন্নবাহী নলীর রোগ যথাঃ অজীর্ণ, দন্তোদ্গম-কষ্ট ও কৃমি রোগ এবং যকৃত, পেরিটোনিয়াম কর্ণ, স্ত্রী জননেন্দ্রিয় ও ত্বক্ প্রভৃতির রোগ বা উত্তেজনে প্রত্যাবর্ত্তক ভাবে কাশি হইয়া থাকে।

4. Unhealthy condition of blood as in gout and rheumatisms.

৪। বাজবাত ও আমবাত প্রযুক্ত রক্তের দূষিত অবস্থা হইলে কাশি হয়। এরূপ স্থলে প্রায়ই স্নায়ু বিকার জন্মে।

Nervous disturbance as in hysteria, brain disease, or direct irritation of the respiratory nerve.

স্নায়বিক চাঞ্চল্য হেতু—হিষ্টিরিয়া, মস্তিষ্ক রোগ অথবা শ্বাস যন্ত্র সম্বন্ধীয় স্নায়বিক উত্তেজনায় কাশি উৎপন্ন হইয়া থাকে।

Characters of cough · frequent, constant or paroxysmal, severity and duration, mode of onset, voluntary or irrepressible preceded by irritation or caused by exertion, change of posture or cold air inhalation, its quality or sound i. e whether hacking, hoarse wheezing, barking, ringing, metallic, croupy, whooping, crepitous or aphonic, dry or moist, easy or difficult.

কাশির স্বভাব—কাশির স্বভাব আলোচনা করিতে হইলে নিম্নলিখিত বিষয়গুলি স্মরণ রাখিতে হইবে যথাঃ—(১) কতবার কাশি হয় এবং ঐ কাশি সর্ব্বদা বা মধ্যে২ হইয়া থাকে কি না? (২) কাশি কষ্টদায়ক কিনা এবং উহা কতক্ষণ থাকে? (৩) কি প্রকারে আরম্ভ হয়? ইচ্ছা পূর্ব্বক কাশি হয় অথবা স্বতঃ ও দুর্দ্দমনীয় হইয়া থাকে? কোন্ স্থানে উত্তেজনা হইয়া পরে কাশি আসে অথবা পরিশ্রম, শয়ন, উপবেশন, পার্শ্ব পরিবর্ত্তন অথবা শীতল বায়ু সেবন করিলে কাশি হয়? (৪) কাশির গুণ ও শব্দ কিরূপ, অর্থাৎ কাশি খক্‌খকে, কর্কশ, সাঁইসাঁইবৎ কুকুর ডাকার মত, টুনটুনে, ধাতুবাদ্যবৎ, ক্রুপ বা হুপিং রোগের মত, কেশমর্দ্দনবৎ অথবা স্বর ভঙ্গবৎ হইয়া থাকে? (৫) কাশি শুষ্ক বা সরস? সহজে বা কষ্টে ওঠে? (৬) শ্লেষ্মার পরিমাণ, বর্ণ, গন্ধ, একেবারে ওঠে অথবা খণ্ডে২ বাহির হয়?

উহা স্বচ্ছ বা অস্বচ্ছ? ফেনযুক্ত কি না? পাতলা বা ঘন এবং আটাযুক্ত কি না? শ্লেষ্মায় রক্ত অথবা ফাইব্রিণ, চুণ ঘটিত পদার্থ বা কীটাণু আছে কি না? (৭) কাশিতে কাশিতে বমন হয় কিনা এবং কাশিলে পর কাশার কষ্ট যায় কিনা ইত্যাদি বিষয় অবশ্য জ্ঞাতব্য।

Examination of sputa about its quantity, color, odoar, in mass or lumps, transparent or opaque, frothy or adhesive, bloody, fibrinous or calcareous. terminates in vomiting or followed by relief of any previous unpleasent symptoms

চিকিৎসা প্রণালী—সকল সময়েই কাশি বন্ধ করা কর্ত্তব্য নহে। ফুসফুস অথবা বায়ু পথের ভিতর দূষিত পদার্থ বাহির করিতে হইলে কাশির প্রয়োজন হইয়া থাকে। কাশি নিবারণ অথবা বন্ধ করিতে হইলে নিম্নলিখিত কতিপয় উপায় অবলম্বন করিতে হইবে যথাঃ-—১। যতদূর সাধ্য রোগীকে কাশি চাপিয়া রাখিতে কহিবে। ২। কাশির উদ্দীপক কারণ হইতে সম্ভবতঃ দূরে থাকিতে কহিবে এবং যাহাতে কাশি না আসিতে পারে এরূপ উপায় অবলম্বন করিতে কহিবে। ৩। লক্ষণানুসারে উপযুক্ত ঔষধ সেবন দ্বারা কাশি নিবারণ করিবে। ৪। বিবিধ ঔষধের ধূম অথবা স্ফুটিত জলের ধূম গ্রহণ করিলে কাশি নিবারিত হইতে পারে। ৫। থ্রোট্ কিম্বা লেরিংস মধ্যে অস্বাভাবিক অবস্থা প্রকাশ পাইলে ঐ সকল স্থানে ঔষধ লাগাইলেও কাশি নিবারিত হয়। ৬। ফুসফুস বা বায়ু পথের ভিতর শ্লেষ্মা প্রভৃতি নিঃসরণ ঔষধ দ্বারা বন্ধ করিয়া দিতে পারিলে অথবা উহাদের স্বভাব পরিবর্ত্তন করিয়া সহজে উঠাইয়া

Treatment The object of cough is to get rid of materials accumulating in the lungs and air passages so it is not always desirable to check it, in some cases it should be encouraged, Chief indications for stopping or relieving it (1) Let the patient suppress it as much as possible (2) Remove the cause (3) Administer suitable medicines (4) Employ various inhalations (5) Apply local remedies. (6) Limit or check the formation of secretion in

দিতে পারিলে কাশি নিবৃত্তি পায়। কাশিবার কালে বক্ষের নিম্নে অথবা উদরের উপরি ভাগে কাপড় বাঁধিলে অথবা রুগ্নাবস্থায় কিছু ধরিয়া কাশিতে পারিলে শ্লেষ্মা শীঘ্র উঠিতে পারে।

the air tubes and lungs and thus prevent the act of coughing or alter its characters for easy discharge Treatment by characteristic indications of leading remedies · Aconite: cough, catarrhal or rheumatic, short dry *irritative* painful, during sleep, fatiguing; excited by smoking and drinking and attended with a fluid frothy sputum. Ars-cough dry, *spasmodic*, exhausting, suffocating, making him sit up, excited by driking cold water, with sore chest, oppresed breathing, and palpitation, ending in bringing out little salty phlegm, burning in larynx, in day time only. Alumina: continued, dry, hacking, from chronic laryngeal and pharyngeal, irritation, painful, with involuntary urine and arrested breathing.

প্রধান প্রধান ঔষধের বিশিষ্ট লক্ষণানুসারে চিকিৎসা।

একোনাইট—সর্দ্দি জনিত অল্প অল্প শুষ্ক, উত্তেজনা জ্ঞাপক, কষ্টকর ও শ্রান্তিদায়ক কাশি হইলে, গলা শুড় ২ করিয়া অথবা রাত্রি কালে নিদ্রিত অবস্থায় কাশি হইলে, ঘন ঘন এমন কি অর্দ্ধ ঘণ্টান্তর কাশির আক্ষেপ হইলে, তামাক সেবন ও জল পানে কাশি বৃদ্ধি হইলে এবং কাশিতে কাশিতে জলবৎ বা ফেনার মত শ্লেষ্মা উঠিলে একোনাইট ১ হইতে ৩ বা তদূর্দ্ধ ক্রম দুই ঘণ্টান্তর ব্যবস্থা করা যায়।

আর্সেনিক—সদৃশ কাশি শুষ্ক আক্ষেপিক, দুর্ব্বলকর ও শ্বাস অবরোধক হইয়া থাকে। রাত্রিতে কাশিতে কাশিতে রোগীকে হাঁপ লাগার ভয়ে উঠিয়া বসিতে হয়। উহা শীতল জল পানে বৃদ্ধি পায় এবং উহার সঙ্গে লেরিংসে জ্বালা বক্ষে ক্ষত বোধ, শ্বাস কষ্ট ও হৃদস্পন্দন বর্ত্তমান থাকে। দিবাভাগে কাশিয়া কাশিয়া অবশেষে অল্প লবনাক্ত শ্লেষ্মা ওঠে। কিন্তু রাত্রিকালে কিছুই উঠে না। এরূপ অবস্থায় আর্সেনিক ৩য় বা তদূর্দ্ধ ক্রম ৬ ঘণ্টান্তর ব্যবস্থা করা যায়।

এলুমিনা—বুড়া বয়সে আলজিহ্বা বাড়িয়া অথবা যদি অনেক ক্ষণ ধরিয়া ক্রমাগত শুষ্ক খকখকে কাশি হয় এবং ঐরূপ কাশি যদি ফেরিংস ও লেরিংসের পুরাতন উত্তেজনা বশতঃ হইয়া থাকে, কষ্টকর কাশি হইতে হইতে যদি বমন

প্রস্রাব ও শ্বাস কষ্ট হয় এবং অবশেষে অতি কষ্টে অল্প সাদা শ্লেষ্মা উঠিয়া থাকে তবে এলুমিনা • চূর্ণ ছয় ঘণ্টান্তর অথবা উহার উচ্চ ক্রম ব্যবস্থা করা যায়। ;

ending in difficult raising of a little white mucus or from elongated uvula.

আর্জেণ্টম নাইট্রিকাম—যদি ভেগাস ও সিম্পেথেটিক উত্তেজনা বশতঃ শুষ্ক আক্ষেপিক ও শ্বাস অবরোধকারী কাশি হয় এবং এই কাশি চীৎকার পূর্ব্বক গান করিলে অথবা কথা কহিলে বৃদ্ধি পায়, সন্ধ্যায় ও রাত্রিতে কষ্টদায়ক হয়, প্রথম কথা কহিতে গলা শুষ্ক বোধ, তালুতে ও কণ্ঠে জ্বালা বোধ, গলায় যেন কিছু ফুটিয়া আছে এরূপ অনুভব, গলার ভিতর আরক্তিমতা এবং পরিশেষে পূযের মত ও ঈষৎ রক্ত মিশ্রিত শ্লেষ্মা উঠে তবে ইহা ব্যবস্থা করা যাইতে পারে। কাশিলে উদ্গার উঠে এবং কুন্থন প্রযুক্ত বমনেচ্ছা হয়।

Arg. nit ; Laryngeal, with soreness, on raising the voice, dry, spasmodic, tormenting in evening and night, tobacco smoke unbearable, ending in expectoration purulent, mixed with light bood.

আর্ণিকা—নিঃসরণোপযোগী কৈশিকা নলীদিগের দুর্ব্বলতা হেতু কাশি, তৎসঙ্গে পেশী বেদনা, পের্বিংস ও টেকিয়ায় সর্ব্বদা শুড়্শুড়ি বোধ, দিবারাত্র কাশি, টেকিয়ার নিম্নাংশে শুড়শুড়ি বোধ, রাত্রিতে নিদ্রাবস্থায় শুষ্ক কাশি হইলেও নিদ্রা ভঙ্গ না হওয়া, অল্প পরিমাণ স্বচ্ছ শ্লেষ্মা উঠা। তৎসঙ্গে রক্তের ছিট, শ্লেষ্মা তুলিতে পারিলেই গিলিয়া ফেলা, নিশ্বাসে দুর্গন্ধ, ফুসফুসের অবরোধ বা রস সঞ্চয় বশতঃ শ্বাসকষ্ট, হৃদ রোগ বশতঃ কাশি, কাশির পরক্ষণেই শিশুর ক্রন্দন, দীর্ঘ নিশ্বাসের পর কাশি এবং মাথা নীচু করিয়া শয়ন করিলেই কাশির আরাম বোধ ইত্যাদি লক্ষণে আর্ণিকা উপযোগী।

Arnica : dry hacking, night cough, with bruised feeling in ribs ending in bloody expectoration, dyspnœa, crying just after coughing, loosened expectoration swallowed.

এণ্টিম-টার্ট—যদি কাশি তরল হয়, গলা ঘড় ঘড় করে অথচ দুর্ব্বলতা প্রযুক্ত তুলিতে না পারে, অথবা পুরাতন কাশি রোগ জনিত প্রচুর তরল শ্লেষ্মা উঠে এবং বক্ষে শ্লেষ্মা সঞ্চয় বশতঃ সর্ব্বদা হাঁপিয়া উঠে তবে ইহা ব্যবস্থেয়।

Ant-tart compels the patient to sit up, is moist and rattling, but no expectoration at first, afterwards easy and profuse, with prostration, and suffocation and oppression of the chest. •

এসাফিটিডা—ইহার কাশি স্নায়বিক, সুতরাং কাশির সহিত বক্ষে অত্যন্ত হাঁপ বোধ হয়। এসাফিটিডা সদৃশ কাশি ভাঙ্গা ভাঙ্গা, বাধ্যজনক ও ক্ষুদ্র; ইহার শ্লেষ্মা সূতাবদ্ধ।

এম্ব্রা—গলা শুড়্‌২ করিয়া কেবল রাত্রিতে স্নায়বিক সুতরাং শ্বাস অবরোধকারী কাশি হয় তৎসঙ্গে ঘন ২ উদ্গার ও লবণ আস্বাদন যুক্ত শ্লেষ্মা ওঠে। কাশিতে গলা ভাঙ্গিয়া যায়।

এলিয়াম্-স্যাটাইভা—অত্যন্ত আটাযুক্ত শ্লেষ্মা বাহির হয় তৎসঙ্গে পঞ্জরের ভিতর বেদনা করিলে ইহা ব্যবস্থা।

এলিয়াম্-সিপা—ইহার কাশি শুষ্ক, কষ্টকর, তৎসঙ্গে প্রচুর সর্দ্দি ও অশ্রুপাত হইয়া থাকে, প্রত্যেকবার কাশিতে বোধ হয় যেন লেরিংস দুই টুকরা হইয়া পড়িবে। ঘরের ভিতর থাকিলে কাশির বৃদ্ধি হয়, বায়ু সেবনে নরম পড়ে।

এলান্থাস্—কাশি শুষ্ক ও খক্‌খকে হয় তৎসঙ্গে দ্রুত অসমান ও কষ্টকর শ্বাস প্রশ্বাস বর্ত্তমান থাকে। শয়নের পূর্ব্বে এবং নিদ্রাভঙ্গে কাশির প্রবল আক্ষেপ হয়, যতক্ষণ না গয়ার ওঠে ততক্ষণ কাশি হয়, গয়ার উঠিলে শরীর সুস্থ হয়, প্রাতঃকালে শ্লেষ্মা ও পূয মিশ্রিত এবং দিবায় অল্প ও চটচটে গয়ার ওঠে।

এমোনায়েকাম্—পুরাতন কাশিতে অত্যন্ত শ্লেষ্মা উঠিলে ইহা ভাল।

এমোনকার্ব্ব—সদৃশ কাশি লেরিংশ শুড়্ ২ করিয়া প্রাতে ৩।৪ টার সময় উৎপন্ন হয়, তৎসঙ্গে স্বরভঙ্গ ও হাঁপ লক্ষণ বর্ত্তমান থাকে।

এরেলিয়া রেসিমোসা—যদি রাত্রিতে ২ ঘণ্টা কাল নিদ্রার পর কাশিতে ২ রোগী উঠিয়া পড়ে তবে ইহা ফলপ্রদ।

Asaaf nervous, with spasmodic tightness of the chest.
Ambra nervous, spasmodic throat cough, with frequent eructation and hoarseness only at night, with very saltish sputa
All-Sat: much cough with glutionous mucus and pain beneath the ribs
All cepa dry, painful with acrid coryza and lachrymation, with sensation of splitting of larynx
Ailanthus dry hacking cough with hurrid, irregular and heavy breathing, before retiring and on rising, mucopurulent sputa in morning, sticky and scanty in day
Ammoniacum chronic, with porfuse expectoration of mucus
Amoncarb with tickling in larynx, hoarseness and tendency to asthma.
Aralia waking the patient after 2hs sleep.

এক্টিয়া রেসিমোসা—সদৃশ কাশি শুষ্ক, সর্ব্বক্ষণ ও অল্প২ হইয়া থাকে। রাত্রিকালে গলা শুড় শুড় করিয়া প্রবল কাশির উদ্রেক হয়, নড়িলে বৃদ্ধি তৎসঙ্গে পার্শ্ব বেদনা থাকে।

Acte. Race: nightly, dry, constant, short cough, tickling in throat, violent, pain in sides, worse from motion.

এস্কুলাস্-হিপ্—সদৃশ কাশি শুষ্ক, অল্প অল্প ও খকখকে হয়। কোমল তালুর আক্ষেপ ও এপিগ্লটিসের উত্তেজনা এবং যকৃতের দোষবশতঃ কাশি হইয়া থাকে। কাশির সহিত শ্বাসকষ্টও হয়।

Aesculus cough dry, short, hacking, caused by obstruction of the fauces with irritation of the epiglottis, Hepatic cough with labored breathing.

এগারিকাস—ইহারকাশি আক্ষেপিক ও খকখকে হয়, তৎসঙ্গে ঘর্ম্মরোধ হইয়া থাকে। রাত্রিতে এইরূপ কাশি আক্ষেপজনক হইয়া পড়ে।

Agaricus — cough convulsive, hacking, with suppression of sweat, spasmodic at night.

এমোন-মিউরিয়াস্—যদি প্রাতঃকালে শুষ্ক কাশি হয় ও তৎসঙ্গে বক্ষে বেদনা থাকে, এবং অপরাহ্নে ও রাত্রিতে সরল হয় তবে ইহা ব্যবস্থা হয়।

Ammon-mur · cough dry in morning with stitches in chest, loose in afternoon and at night

এনাকার্ডিয়াম্—সদৃশ কাশি আক্ষেপিক ও প্রবল হইয়া থাকে। কাশির পর হাই ওঠে ও নিদ্রা আসে। কাশিতে শ্বাস কষ্ট হয়। দিবাভাগে ও আহারের পর কাশি হয়, রাত্রিকালে কাশি বৃদ্ধি রাখিলেও কিছুই ওঠে না। দিবাভাগে শ্লেষ্মায় ঈষৎ মিষ্ট আস্বাদন থাকে। কাশিলে মস্তকের পশ্চাদ্দেশ অর্থাৎ অক্সিপট বেদনা করে।

Anacard — cough convulsive, violent with yawning and sleepiness after the attacks, with dyspnoea in day and after meals taste sweetish, with pain in occiput.

এণ্টিমক্রুড—যদি শ্লৈষ্মিক ঝিল্লীর ক্রিয়ার অবসাদন হেতু (এমোনমিউরের মত) কাশি হয়, কাশি প্রযুক্ত সর্ব্ব শরীর কম্পিত এবং অসাড়ে প্রচুর প্রস্রাব হয়, প্রাতঃকালে উঠিয়াই কাশি হয় ও বোধ হয় যেন উদর হইতে কাশি আসিতেছে,

Antim. crud cough with depressed vitality of the mucous membranes, shaking the body,

with involuntary urine, in morning as it arising from the abdomen first severe then weaker and hacking, in the hot sun or when looking in the fire, coming into a warm room from cold air, loss of voice when over heated.

প্রথম কাশি অত্যন্ত কষ্টকর এবং পরবর্ত্তী কাশি শুষ্ক ও খক-খকে, যত রৌদ্রের তাপ হয় ততই কাশির বৃদ্ধি, অথবা অগ্নির প্রতি দৃষ্টি করিলে কাশি বৃদ্ধি, শীতল স্থান হইতে উষ্ণ ঘরের ভিতর আসিলে কাশি এবং উত্তাপাধিক্য হইলে স্বর-ভঙ্গ হয় তবে এণ্টিমক্রুড ব্যবস্থা হয়।

Apis cough loosens with difficulty rouses from sleep, and ceases when mucus is loosened and swallowed,—when lying or sleeping,—with painful concussion of head and shaking the chest.

এপিস—কাশিলে যদি সুপ্রাষ্টার্ণাল-ফসাতে উত্তেজন বোধ, ব্রংকাইনলীগুলির উপবাংশ আক্রান্ত হইলে কাশিতে ঘণ্টা বাদ্যধ্বনিবৎ শব্দ, লেরিংসে ঈষৎ চাপ পড়িলেই যদি উগ্র কাশি হয়, যদি কাশিতে ২ অতি কষ্টে শ্লেষ্মা ওঠে, দুই প্রহর রাত্রির পূর্ব্বে নিদ্রাভঙ্গ হয়, অল্প শ্লেষ্মা তরল হইয়া গলাধঃকরণ হইলেই যদি কাশি নরম পড়ে. শয়ন বা নিদ্রিতাবস্থায যদি কাশি হয়, কাশিতে যদি মস্তক বেদনা ও বক্ষ কম্পন হয় এবং কাশিতে যদি কিছু না উঠে, অথবা ঈষৎ মিষ্ট আস্বাদন বিশিষ্ট শ্লেষ্মা ওঠে তবে এপিস উপযোগী।

Arg. met, constant expectoration like boiled starch day and evening.

আর্জেণ্টম মেটেলিকাম—ব্রংকাই উত্তেজনায় যদি শুষ্ক কাশি, তৎসঙ্গে বক্ষে বেদনা এবং তৎপরে সহজে শ্লেষ্মা উঠে, মেরুদণ্ডের নিকট নিম্ন পঞ্জরে চিড়িক বোধ থাকিলে কাশির বৃদ্ধি, দিবাভাগে ও স্বরেব ভিতর গলা ঘড়ঘড়ানি এবং শ্বেতসার সিদ্ধের মত শ্লেষ্মা দিবারাত্র উঠিয়া থাকে তবে ইহা উপযোগী।

Arum, Tri sorethroat, moist cough, hoarse voice night cough, sleeplessness.

এরাম্ ট্রাইফিলাম্—ধর্ম্ম প্রচারক ও পেসাদার গায়কদিগের গলক্ষত বা গলা বেদনা রোগে, অথবা লেরিংস ও টেকিয়া বোগে যদি সরস কাশি, গলায় শ্লেষ্মা সঞ্চয়, কর্কশ স্বর, রাত্রিকালে শয়ন করিলে কাশি ও অনিদ্রা বর্ত্তমান থাকে তবে ইহা উপযোগী হয়।

Aurum: Dry, spasmodic, nervous cough peculiar to females periodically,

অরম-মেটেলিকাম্—কাশি শুষ্ক, আক্ষেপিক ও স্নায়বিক হয়। নারীদিগের ঐরূপ কাশি অধিক হয়। ঐরূপ

কাশির পর্য্যায় শীলতা দৃষ্ট হয় এবং উহা সূর্য্যাস্তে আরম্ভ হয় এবং সূর্য্যোদয়ে ছাড়ে।

every night from sunset to sunrise.

ব্যারাইটা-কার্ব্ব—বৃদ্ধদিগের শ্বাসকদ্ধকারী কাশীতে ও শর্দ্দিতে ইহা বিলক্ষণ উপযোগী হয়। অথবা যে সকল শিশু দিন দিন শুকাইয়া যায়, একটুতেই যাহাদিগেব ঠাণ্ডা লাগে ও গলা বেদনা হয়, ফুসফুসে ধূম পূর্ণ বোধ হয়, লেরিংসে ও টেকিয়ায় কর্কশ শ্লেষ্মা সঞ্চয় বশতঃ স্বরভঙ্গ ও স্বর লোপ হয়, তৎসঙ্গে পাকাশয়ে শুড়শুড়ি বোধ, দুই প্রহর রাত্রির পূর্ব্বে পদে জল লাগাইলে কাশি হয়, অথবা শীতল ঘরে শয়ন করিলে কাশি হয়, উহাদের পক্ষে ব্যাবাইটা উপযোগী।

Baryta carb. Suffocative catarrh of old people, atrophied children who take cold easily, sore throat, sensation of smoke in the lungs, hoarseness and loss of voice, tickling in stomach, cough worse before midnight after getting the feet wet and when sleeping in a cold room.

বেলেডনা—লেরিংস এবং টেকিয়া নলীতে উত্তেজনা ও প্রদাহ বশতঃ মধ্যে মধ্যে আক্ষেপ জনক শুষ্ক, অল্পং কাশি, তৎসঙ্গে রসাভাবে কণ্ঠের শুষ্কতা, ঢোক্ গিলিতে উত্তাপ ও বেদনা বোধ, অনেক ক্ষণ কাশিয়া রক্তের ছিটযুক্ত অথবা অল্প সাদা শ্লেষ্মা স্রাব, সন্ধ্যায় ও প্রথম রাত্রে বিশেষতঃ প্রথম শয়নের পরক্ষণেই কাশি বৃদ্ধি বশতঃ শয্যা হইতে উঠিয়া উপবেশন, (হায়েসায়েমাস্ ঔষধের ধর্ম্ম এইরূপ যে উঠিয়া বসিলে কাশি নরম পড়ে কিন্তু বেলেডনায় তাহা হয় না), শ্বাস পথে ধূলা পড়িয়াছে এরূপ বোধে লেরিংস মধ্যে সড়সড়ানি ও রাত্রিতে কাশিতে কাশিতে নিদ্রাভঙ্গ এবং কাশিতে ঘাড় বেদনা প্রভৃতি লক্ষণে বেলেডনা ফলপ্রদ। বেলেডনা সদৃশ কাশিতে শিশু কাশিবার অগ্রেই ক্রন্দন করে, কিন্তু আর্ণিকা সদৃশ কাশিতে তদ্বিপরীত অবস্থা দৃষ্ট হয়। পূর্ব্বোল্লিখিত লক্ষণ

Beladonna cough: irritative or inflammato[ry], laryngeal, short, dry, hollow an[d] convulsive with dry throat, pa[in] and heat d[ur]ing swallowing, blood-tinged or mucous sput[um] after long coughing, worse evening and early night, after lying do[wn], cough compelling to sit up and without any abatement, with dust sensation in larynx, pressing pain in nape of neck, when coughing

child begins to cry immediatly before cough.

গুলির সহিত বেলেডনা সদৃশ আরক্ত মুখ, শিরোবেদনা ও মস্তিষ্কে রক্তাধিক্য বর্ত্তমান থাকে।

Bromine. anaesthesia of larynx and pharynx, dryness of throat, dry, spasmodic, barking, cough, wheezing, rattling, tickling, short hurried breathing, cold seneation in larynx, smoky sensation in air passages, imminent suffocation, yawning, drowsiness, gasping after waking, relieved by a drink of water.

ব্রোমিণ—যদি লেরিংস ও ফেরিংসের অসাড়তা, কণ্ঠের শুষ্কতা, শুষ্ক, কর্কশ, কুকুর ডাকার মত ও আক্ষেপিক কাশি, গলার ভিতর সাঁই সাঁই শব্দ ঘড়ঘড়ে ও কষ্টকর ও দ্রুত শ্বাস প্রশ্বাস, হৃৎপিণ্ডের বৃদ্ধি, নিশ্বাস কালে ট্রেকিয়ায় শুড়শুড়ি বোধ, (প্রশ্বাসে ঐরূপ হইলে একোনাইট ব্যবস্থা হয়), লেরিংসে ঠাণ্ডা বোধ, বায়ু পথের ভিতর ধূম পূর্ণতা বোধ, লেরিংসে অত্যন্ত শ্লেষ্মা সঞ্চয় বশতঃ শ্বাস অবরোধ আশঙ্কা, (ব্রংকাই মধ্যে ঐরূপ শ্লেষ্মা সঞ্চয় হইলে টার্টার এমোটিক ব্যবস্থা হয়), প্রথম রাত্রিতে কাশির বৃদ্ধি, দুই প্রহর রাত্রির পর উপশম বোধ, শিশুর সর্ব্বদা জৃম্ভন ও তন্দ্রাভিভূত অবস্থা, জাগিলে হাঁপিয়ে উঠা এবং জল পানে উপশম বোধ প্রভৃতি লক্ষণ থাকিলে ব্রোমিন্ উপযোগী হয়।

Bryonia: cough gastric, dry hard, hacking, shaking, worse from talking, smoking, touch, motion, laughing, eating, drinking, —from cold to warm air, holding sternum on coughing,—with thirst nausea and vomiting with bursting sensation in head and chest, with stitches in chest and small of back; suffocating in evening and at night without expectora-

ব্রায়োনিয়া—পাকাশয় প্রদেশ হইতে শুষ্ক কাশি, কাশির পূর্ব্বে পাকাশয় প্রদেশে ও কণ্ঠে শুড়শুড়ি বোধ, শুষ্ক, কঠিন, খকখকে ও কম্পনশীল কাশী, কথা কহিলে বা তামাকু সেবন করিলে কাশি বৃদ্ধি, ষ্টার্ণাম অস্থির উপর হস্ত দ্বারা চাপিয়া কাশি, নিশ্বাস অপেক্ষা প্রশ্বাস দ্রুত, কাশিলে মস্তক ও বক্ষ বিদীর্ণ হইয়া যাইবে একরূপ অনুভব, আহার ও পানে কাশির উদ্রেক তৎসঙ্গে প্রবল পিপাসা বমনেচ্ছা ও বমন, শীতের পর উষ্ণ বায়ু বহিলে অথবা ঠাণ্ডা ঘর হইতে গরম ঘরে আসিলে কাশির বৃদ্ধি, সন্ধ্যায় ও রাত্রিতে কাশি প্রযুক্ত দমবন্ধ হয় অথচ কিছুই শ্লেষ্মা উঠে না, দিবাভাগে পীত বর্ণের শ্লেষ্মা অথবা চাপ রক্ত সংযুক্ত শীতল শ্লেষ্মা, শ্লেষ্মায় দুর্গন্ধ, কাশিতে

কাশিতে অসাড়ে মূত্র ত্যাগ, বক্ষ বেদনা, পৃষ্ঠ বেদনা, স্পর্শে, অঙ্গ সঞ্চালনে, কথা কহিলে, হাসিলে, আহার ও পান করিবার কালে এবং রাত্রিতে শয়নাবস্থায় কাশির বৃদ্ধি হইলে ব্রায়োনিয়া উপযোগী হয়। শয়নাবস্থায় কাশি আসিলে উঠিয়া সোজা হইয়া বসিতে হয়।

ক্যাক্টাস্—সদৃশ কাশি আক্ষেপিক হয়, তৎসঙ্গে প্রচুর পরিমাণ আটাযুক্ত অথবা ঘন পীত বর্ণের কিম্বা শ্বেতসার সিদ্ধবৎ শ্লেষ্মা উঠে। ফুসফুসে অথবা শ্বাস নলীতে প্রচুর শ্লেষ্মা সঞ্চয় বশতঃ গলা ও বক্ষের ভিতর ঘড়্ঘড়ানি ও শ্বাস কষ্ট থাকিলে ক্যাকটাস উপযোগী হয়, ক্যাকটাস সদৃশ কাশির সহিত ফুসফুস হইতে প্রচুর পরিমাণ রক্ত উঠিতে পারে।

ক্যাল্কেরিয়া কার্ব্ব—যদি পুরাতন কাশিতে স্বরোচ্চারণ কালে বেদনা শূন্য কর্কশতা, লেরিংস হইতে ব্রংকাই পর্য্যন্ত আটাযুক্ত শ্লেষ্মা সঞ্চয়, লেরিংস ও ট্রেকিয়ায় শদি এবং ক্ষত, সন্ধ্যাকালে বা নিদ্রাবস্থায় গলার ভিতর শুড়্শুড়ি হইয়া প্রবল শুষ্ক কাশি, অথবা সরস কাশি তৎসঙ্গে মিউকাস র‍্যালস্ শব্দ, ঘন পীত বর্ণের দুর্গন্ধ শ্লেষ্মা উঠা, দিবাভাগে সরস ও রাত্রিতে শুষ্ক কাশি, অল্পেই ঠাণ্ডা লাগা প্রভৃতি লক্ষণ থাকিলে ক্যাল্ককার্ব্ব ব্যবস্থা হয়।

ক্যাল্ক ফস্—যদি গুটিকা অর্থাৎ টিউবার্কল সংযুক্ত কাশি, তৎসঙ্গে গলায় শুষ্কতা ও ক্ষত বোধ, কাশিতে প্রাতঃকালে অধিক পীত বর্ণের শ্লেষ্মা উঠা, তৎসঙ্গে জ্বর লক্ষণ বর্ত্তমান থাকা, কাশিলে বক্ষে বেদনা,এবং বাহু ও নিম্ন বক্ষে উষ্ণতা প্রভৃতি লক্ষণে ইহা ব্যবস্থা হয়।

ক্যাপ্সিকাম্—যদি স্নায়বিক ও আক্ষেপিক কাশি, সন্ধ্যাকালে শুষ্ক ও কঠিন কাশি, তৎসঙ্গে কণ্ঠে, কর্ণে ও

tion, during day with yellow sputa of coagulated blood or of cold mucus, with a disaggreeable taste,—with involuntary urine.

Cactus : Spasmodic cough with copious viscid expectoration, or thick yellow of the consistence of boiled starch, ch. bronchitis with profuse rattling of mucus in the lungs and difficulty of breathing, cough with profuse hæmoptysis.

Calc—Carb cough chronic, hoarse, dry at night, loose during day, of thick mucus, gray yellow, bloody purulent, sour and putrid, worse in morning and cold air, with dyspnea hæmoptysis.

Calc phosp: cough tubercular, with sore chest, fever and yellow expectoration.

Capsicum Cough : nervous, spasmodic, dry, hoarse and

hard with aching in throat and ear, with escape of a volume of pungent foetid air; worse in evening and at night.

স্থানে স্থানে বেদনা প্রভৃতি লক্ষণে ইহা ব্যবস্থা করা যায়। জোরে কাশিবার কালে ঝাঁঝাল ও দুর্গন্ধ বায়ু বাহির হইয়া থাকে।

Carbo. Veg: Chronic catarrahal hoarseness, hacking cough, dyspnoea, hæmoptysis, spasmodic, hollow dry, hard and hoarse cough, with greenish yellow, brown, bloody pus like and offensive sputa mostly in morning, worse in evening and cold air.

কার্ব্বভেজ—পুরাতন সর্দ্দি জনিত স্বরের কর্কশতা, কাশির সহিত সবুজ বর্ণের দুর্গন্ধ শ্লেষ্মা উঠা, শ্বাস পথে সাল্‌ফারের ধূম বোধে আক্ষেপিক ও ফাঁপা কাশি, সন্ধ্যায়, দুই প্রহর রাত্রির পূর্ব্বে, শীতল বায়ুতে অথবা গরম ঘর হইতে বাহিরের ঠাণ্ডায় গমনে কাশির বৃদ্ধি, প্রাতঃকালে অধিক পরিমাণ পীত কটা ও রক্ত পূঁযে মিশ্রিত শ্লেষ্মাস্রাব, হুপিং কাশির মত কঠিন, শুষ্ক, কর্কশ বাদ্যবৎ কাশি, রাত্রিতে স্বরভঙ্গ, শ্বাস কষ্ট ও রক্ত বমন প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী হয়।

Carduus Mariæ dry and hacking cough due to liver and splenic troubles, worse at night and in motion.

কার্ডুয়াস্‌মেরি—পুরাতন প্লীহা ও যকৃত রোগ বশতঃ যদি শুষ্ক ও খকখকে কাশি হয়, রাত্রিতে বৃদ্ধি রাখে তৎসঙ্গে পাকাশয়িক লক্ষণ ও অঙ্গ সঞ্চালনে বক্ষে ও উদরে বেদনা প্রকাশ পায় তবে ইহা উপযোগী।

Causticum Catarrhal aphonia, dry short cough with burning and excoriation in chest, adhering mucus in chest, involuntary urine, cough relieved by a swallow of cold water, worse from cold air, in evening, acrid fatty-tasting

কষ্টিকাম্—যদি শর্দ্দিতে স্বরভঙ্গ, অথবা অত্যন্ত চীৎকার করিয়া স্বরের দুর্ব্বলতা, অল্প অল্প শুষ্ক ও ফাঁপা কাশি তৎসঙ্গে বক্ষে জ্বালা ও ক্ষত বোধ, বক্ষের ভিতর শ্লেষ্মা জড়িয়ে থাকা, নিতম্বে বেদনা, অসাড়ে প্রস্রাব ও শীতল জল পানে কাশির উপশম ইত্যাদি লক্ষণ বর্ত্তমান থাকে তবে ইহা উপযোগী। কষ্টিকাম সদৃশ কাশি শীতল বায়ু ঘ্রাণে এবং সন্ধ্যা হইতে দুই প্রহর রাত্রি পর্য্যন্ত বৃদ্ধি হয়। চর্ব্বি অথবা তেলের

আস্বাদ যুক্ত উগ্র শ্লেষ্মা, রোগী তুলিতে না পারিয়া কোনায়াম ও আর্ণিকার মত গিলিয়া ফেলে। উপবেশন ও শয়নাবস্থায় শ্বাস কষ্ট হৃদস্পন্দন ও গলা ঘড়ঘড়ানি হইয়া থাকে।

mucus cannot be expectorated, must be swallowed, dyspnœa, palpitation and rattling.

কেমোমিলা—সর্দ্দিজনিত স্বরভঙ্গ অথবা স্বরোচ্চারণ কালে বেদনা যুক্ত কর্কশতা(ঐরূপ অবস্থায় বেদনা না থাকিলে কাষ্ট কার্ব্ব উপযোগী হয়), ট্রেকিয়া নলীতে ঘড়ঘড়ে শ্লেষ্মা সঞ্চয় বশতঃ কাশি, উদরের ফাঁপ বশতঃ হাপানি কাশি, শিশুদিগের হঠাৎ শ্বাস বন্ধ, বক্ষের ভিতর ঘড়ঘড়ে শ্লেষ্মা সঞ্চয়, ষ্টার্ণাম অস্থির নিম্নে জ্বালাকর বেদনা, বক্ষের ভিতর শুড়শুড় করিয়া কাশি, শিশুদিগের রাত্রিকালীন শুষ্ক কাশি এবং ঐরূপ কাশি প্রযুক্ত নিদ্রাভঙ্গ না হওয়া (কাষ্টকাবের মত), শয্যার উত্তাপে কাশির উপশম, (শয্যায় গরমে নক্সমশ্চেটার কাশির বৃদ্ধি হয়, কিন্তু কাল্কেরিয়ার কাশি শয়ন করিলেই আরম্ভ হয় এবং নিদ্রিত অবস্থায় লেকেসিস্ সদৃশ কাশি হইয়া থাকে) ইত্যাদি লক্ষণে ইহা উপযোগী। ইহাতে দিবাভাগে কেবল অম্ল ও তিক্ত ও পচা আস্বাদ বিশিষ্ট শ্লেষ্মা উঠে, আহার বা পানের কালে কাশি ও বমন হয়, ব্রায়োনিয়ায় আহার ও পানের পরে ঐরূপ হইয়া থাকে। রাত্রি দুই প্রহরের পর সর্ব্বদা কাশির উত্তেজনা হয় ও তৎসঙ্গে সাঁই সাঁই শব্দ ও শ্বাসকষ্ট হইয়া থাকে।

Chamomilla: painful catarrhal hoarseness, cough from rattling mucus in trachea, flatulent asthma, dyspnœa burning pain under the sternum, cough from tickling in chest, dry nightly cough in children without awaking them, cough better from heat of bed, with little and bitter or putrid sputa in day time, cough and vomiting during meals continual irritation to cough after midnight with orthopnoea and phthisis.

চেলিডোনিয়াম্—পৈত্তিক কাশি তৎসঙ্গে যকৃৎ বৃদ্ধি ও ন্যাবা, শুষ্ক প্রবল ও ঈষৎ আক্ষেপিক কাশি অথবা ফুসফুস হইতে শ্লেষ্মা স্রাব তৎসঙ্গে রাত্রিতে ষ্টার্ণাম অস্থির নিম্নে বেদনা, দিবাভাগে শুষ্ক কাশি তৎসঙ্গে দক্ষিণ পার্শ্বে বেদনা, সন্ধ্যাকালে স্বর ভঙ্গ, আহারান্তে ও বসিলে শুষ্ক কাশির বৃদ্ধি, লেরিংস দ্বারা ফেরিংস চাপিত হওন প্রযুক্ত গলাধঃকরণ কষ্ট ইত্যাদি লক্ষণে ইহা উপযোগী।

Chelidonium: bilious cough, enlarged liver with jaundice violent, dry somewhat spasmodic, with pain behind the sternum, severe hoarseness towards evening, cough increased after meals, when sitting up, impeded deglutition.

China Bronchorrhœa, simulating the last stage of phthisis, cough most when the head is low, after eating, granular expectoration during the day and evening, suppuration of lungs after hæmoptysis.

চায়না—ব্রংকোরিয়া অর্থাৎ শ্বাস নলীর ভিতর প্রচুর শ্লেষ্মা সঞ্চয় (যক্ষ্মারোগের শ্লেষ্মাবস্থায় যেরূপ হইয়া থাকে), মাথা নীচু করিলেই কাশি, আহারান্তে কাশি, দিবাভাগে ও সন্ধ্যায় দানাদার শ্লেষ্মা উঠা, (প্রাতে ও রাত্রিতে কিছুই উঠে না) লেরিংসে শ্লেষ্মা সঞ্চয় বশতঃ স্বরভঙ্গ, লেরিংসে ও ট্রেকিয়ায় ক্ষত বোধ, রক্ত বমনের পর ফুসফুসে পুঁয সঞ্চয় ও শ্বাসকষ্ট প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী হয়।

Cina. cough dry, spasmodic short and hacking, with sudden starts and faintings, violent as to bring tears, with burning and soreness in chest with vomiting tickling in trachea, dyspnea, expectoration of white mucus, frequent returns of; followed by swallowing as if something were rising in throat, child coughs in a rigid state, afterwards gurgling noise in larynx, cough with perspiration, worm cough with great peevishness,—

সিনা—ইহাতে কাশি অথবা সর্দ্দি অপেক্ষা স্নায়বিক উত্তেজনা এত অধিকহয় যে শুষ্ক ও আক্ষেপিক কাশি প্রযুক্ত শিশু হঠাৎ চমকিয়া উঠে অথবা মূর্চ্ছা যায়। প্রবল কাশি প্রযুক্ত চক্ষু দিয়া জল বাহির হয়, তৎসঙ্গে বক্ষের ষ্টার্ণাম অস্থির নিম্নে বেদনা ও জ্বালা, জোরে নিশ্বাস লইলেই কাশি, আক্ষেপিক কাশির সহিত বমন, ট্রেকিয়ার স্থানে স্থানে শুড়শুড়ি বোধ, এবং তজ্জন্য কাশি ও শ্বাসকষ্ট, ঘন ঘন, অল্প অল্প, শুষ্ক ও খকখকে কাশি, তৎসঙ্গে অল্প সাদা শ্লেষ্মা উঠা, কাশির পর ক্ষণেই ঢোক্ গিলিতে হয়, কারণ বোধ হয় যেন গলায় পুটুলির মত কিছু ঠেলিয়া উঠিতে থাকে। শিশু যেন শক্ত হইয়া কাশিতে থাকে, কাশির পর লেরিংস মধ্যে এক ঘড়ঘড়ানি শব্দ পাকাশয় পর্য্যন্ত অবতরণ করে, কাশিতেং প্রচুর ঘর্ম্ম, ক্রিমির উত্তেজনা বশতঃ কাশি এবং তৎসঙ্গে সহজে বিরক্তি বোধ লক্ষণ বর্ত্তমান থাকিলে সিনা ব্যবস্থা করা যায়।

Cocculus. fatiguing cough, oppression of chest, hysteric spasms in chest with sighing and moaning.

ককুলাস—সদৃশ কাশি বড়ই শ্রান্তিদায়ক হয় কারণ, বক্ষে চাপ বোধ ও শ্বাসকষ্ট হইয়া থাকে। এতৎসঙ্গে বক্ষের হিষ্টিরিয় জনিত আক্ষেপ এবং দীর্ঘ নিশ্বাস প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে।

কোক্কাসকাক্টী—যদি কাশি, গলার ভিতর কর্কশ বোধ, হাঁচি, হক্ করিতে গলার ভিতর জ্বালা, কাশিলে প্রত্যেক বারে অনেক পরিমাণে ঘনঘন, আটাযুক্ত অণ্ডলালময় শ্লেষ্মা উঠা, বড় মটরের মত গোলাকার শ্লেষ্মা, টেকিয়ায় শ্লেষ্মা উঠে ও নামে এইরূপ বোধ, টেকিয়ায় শুড়শুড়ি হইয়া কাশি, উষ্ণ ঘরে ও মধ্যাহ্ন আহারের পর কাশির বৃদ্ধি, খোলা বাতাসে উপশম, প্রভৃতি লক্ষণে উপযোগী।

Cocus cacti: cough with roughness of throat, sneezing, expectoration of large quantities of thick vsicid albuminous globular mucus at every coughing, worse in warm room and after dinner, better in open air.

কলিনসোনিয়া—যারা শ্লেষ্মায় জড়িত জমাট রক্ত খণ্ড উঠিয়া থাকে।

Collinsonia: cough with expectoration of lump or coagulated blood enveloped in mucus.

কমোক্লেডিয়া—কাশিতে বাম স্তনের নিম্নে বেদনা, বাম স্কাপুলার ভিতর পর্য্যন্ত ঐ বেদনার বিস্তৃতি, এবং তৎসঙ্গে বক্ষে নানা প্রকার বাত বেদনা বর্ত্তমান থাকে।

Comocladia: cough with pain under left nipple, extending through left scapula, rheumatic pains in chest.

কোনায়াম—শুষ্ক, খকখকে ক্রমাগত কাশি, রাত্রিকালে শয়ন করিলেই কাশির বৃদ্ধি, দিবাভাগে কদাচ কাশিতে হয়, হুপিং কাশির মত কাশি, গলার ভিতর অসহ্য শুড়শুড়ি, হাসিলে ও কথা কহিলে কাশি, রাত্রিতে কিছুই উঠে না দিবাভাগে পুঁয ও রক্ত মিশ্রিত এবং দুর্গন্ধযুক্ত শ্লেষ্মা উঠিলে গিলিয়া ফেলে (আর্ণ ও কষ্টিকামের মত)। কাশিলে বক্ষের টান ভাব তিরোহিত হয়। গর্ভাবস্থায় কাশি হয়।

Conium: dry, hacking almost continuous, teasing cough worse on lying down and at night, hardly any cough in daytime; expectoration none at night, difficult, bloody purulent, offensive expectoration during the day, expectoration must be swallowed, cough simulating whooping cough and that of pregnancy.

Copaiba : ch. pulmonary catarrh with profuse expectoration of a greenish grey purulent mucus, of a bad odor.

কোপেবা—ফুসফুস সম্বন্ধীয় পুরাতন সর্দ্দি, তৎসঙ্গে সবুজ ও ধূসর বর্ণ এবং পূঁয মিশ্রিত ও দুর্গন্ধ শ্লেষ্মা বাহির হয়। শ্লেষ্মায় কখন কখন রক্ত থাকে।

Corallia Rubra : nervous and spasmodic cough, with purple and black face, icy cold sensation on deep breath, difficult hawking up of bronchial mucus worse at every atmospheric change, tuberculosis :—

কোরালিয়া রুব্রা—স্নায়বিক ও আক্ষেপিক কাশি, কাশির প্রাবল্য হেতু শিশুর দম বন্ধ হয় ও মুখ বেগুনী ও কাল বর্ণের হইয়া পড়ে, জোরে নিশ্বাস লইলে বক্ষের ভিতর বরফের মত ঠাণ্ডা বোধ হয়, এবং কাশিয়া অল্প শ্লেষ্মা উঠে, বায়ুর পরিবর্ত্তনের সঙ্গে সঙ্গে কাশি উপস্থিত হয়। গুটিকা রোগ উপস্থিত হয়।

Crocus Sat : violent, dry pharyngeal cough relieved by pressing the pit of stomach, sensation of something living were hopping in the chest :—

ক্রোকাস-স্যাট—ফেরিংসের উত্তেজনাবশতঃ প্রবল শুষ্ক কাশি ও পাকাশয় চাপিলে উপশম, কাশিতে রক্তের ছিটা, এবং বক্ষে বোধ হয় যেন জীবন্ত পদার্থ অবস্থিতি করিতেছে।

Croton Tig cough with pain and burning, morning and evening, with rattling mucus.

ক্রোটন টিগলাই—সকালে ও বৈকালে কাশির সহিত বক্ষে প্রবল ক্ষতের মত ও টেনে ধরার মত বেদনা, এই বেদনা পৃষ্ঠ পর্য্যন্ত বিস্তৃতি, বাম দিকে অধিক জ্বালাকর বেদনা, কাশিবার কালে পেটে বেদনা তৎসঙ্গে শ্লেষ্মা সঞ্চয় বশতঃ গলায় ঘড়ঘড়ানি ও স্পর্শে গলা বেদনা বর্ত্তমান থাকে।

Cubebs : cough incessant, harsh, bronchial barking, with sensation of foreign body, worse in evening by heat and in open air, with dry throat hurried and noisy

কিউবেবস্—সর্ব্বদা ব্রংকিয়াল কাশি, সন্ধ্যায়, গরমে ও খোলা বাতাসে বৃদ্ধি, কুকুর ডাকার মত কাশি, লেরিংস মধ্যে বাহিরের পদার্থ স্থিতি করিতেছ এরূপ অনুভব, কণ্ঠশুষ্ক, দ্রুত ও শব্দসূচক শ্বাস প্রশ্বাস, কাশির কর্কশতা বশতঃ বোধ হয় যেন

ব্রংকাই বিদীর্ণ হইবে, কষ্টের সহিত শ্লেষ্মা উঠে, শ্লেষ্মা পীত ও সবুজবর্ণ মিশ্রিত, ইষ্টক চূর্ণের মত অথবা রক্তমিশ্রিত হইয়া থাকে। সন্ধ্যাকালে রক্ত উঠে।

কুপ্রাম কাশি স্নায়বিক ও আক্ষেপিক অথবা শুষ্ক ও শ্বাস রোধকারী হইয়া থাকে। ঐরূপ কাশি অবিরাম হইতে থাকে,একটী কথা কহিবার অবকাশ থাকে না, নাক দিয়া রক্তের মত শ্লেষ্মা পড়ে, প্রাতেঃ অল্প গয়ার তৎসঙ্গে অল্প কাল রক্ত উঠে, ঘন পদার্থ আহারে রাত্রিতে শীতল বায়ু সেবনে, হাসিলে ও জোরে নিশ্বাস টানিলে কাশির বৃদ্ধি, শীতল জল পান করিলে উপশম, ইত্যাদি লক্ষণ বর্ত্তমান থাকিলে কুপ্রাম উপযোগী।

কুরারী—শুষ্ক ও আক্ষেপিক কাশি, কাশিতে সর্ব্বাঙ্গ কাঁপে, বমন হয়, এমন কি মূর্চ্ছা পর্য্যন্ত হইতে পারে। শীতল বায়ু সেবন করিলে, হাসিলে, আহার করিলে ও নড়িলে কাশির বৃদ্ধি হয়, লেরিংস মধ্যে জ্বালা হয় ও যেন বিঁধিতে থাকে। স্বরের কর্কশতা ও স্বর লোপ হয়, পীত, ধূসর, সবুজ ও কাল বর্ণের গয়ার উঠে, বক্ষে জ্বালাকর তাপ হয়, বক্ষ যেন কাঁপিয়া উঠে ও শ্বাসকষ্ট হয়, দক্ষিণ বক্ষে বেদনা, হৃৎপিণ্ডের স্থানে বেদনা ও হৃদস্পন্দন হইয়া থাকে।

ডিজিট্—আক্ষেপিক ও ফাঁকা কাশি, গলায় সড়সড়ানি, সন্ধ্যাকালে মিষ্ট আস্বাদ বিশিষ্ট পীত বর্ণ ও আঠাযুক্ত এবং চটচটে শ্লেষ্মা উঠা, রাত্রিতে অতি ঘর্ম্ম বশতঃ প্রাতে স্বরের কর্কশতা, আহারান্তে কাশি ও ভুক্ত দ্রব্য বমন, প্রাতঃকালে কথা কহিলে বেড়াইলে ও শীতল জল পান করিলে ও সম্মুখে ঝুঁকিলে

respiration, harsh cough which seems to tear and rupture the bronchi, difficult and painfull expectoration which is yellow greenish, rusty and blood streaked; evening hæmoptysis.

Cuprum—cough: nervous and spasmodic, dry and suffocative uninterrupted with bloody discharge from the nose, slight expectoration of phlegm with dark blood of putrid taste and smell; relieved by drinking cold water

Curari cough dry spasmodic, shaking, with shooting, vomiting, fainting, hoarseness, aphonia, dyspnœa, palpitation and heart pain; sputa being of various colors.—

Digitails cough: spasmodic, hollow, with hoarseness, yellow and sweet jelly like expectoration or like boiled

starch, soreness, heart symptoms and dropsy; worse in morning and after eating.

কাশির বৃদ্ধি, শ্বেতসার সিদ্ধের মত শ্লেষ্মা, কাশির পর দুর্ব্বলতা, এতৎসঙ্গে হৃৎপিণ্ডের ক্রিয়াধিক্য, মৃদু নাড়ী প্রবল হৃদস্পন্দন ও বক্ষ প্রভৃতি স্থানে শোথ বর্ত্তমান থাকে।

Dolichus Prur: tickling, itching sensation under the sternum.

ডলিকোস্ প্রুর—ষ্টার্ণাম অস্থির নিম্নে ট্রেকিয়ার বিভাজন প্রদেশ এরূপ শুড়শুড় করে ও চুলকায় যে সেই স্থান অত্যন্ত আঁচড়াইতে ইচ্ছা হয়।

Drosera. cough spasmodic, nervous and sympathetic, dry and barking, with vomiting bleeding, constriction, high fever, harassing and titillating cough as soon as the head touched the pillow, expectoration only in morning yellow, green, bitter, frothy black clotted blood, or gray, with deep cracked voice

ড্রসেরা—আক্ষেপিক, স্নায়বিক ও সিম্পেথেটিক, কাশি, দুই প্রহর রাত্রি হইতে প্রাতঃকাল পর্য্যন্ত কাশি, তৎসঙ্গে বমন, নাসিকা ও মুখ দিয়া রক্ত পাত, প্রবল জ্বর, বক্ষে চাপ বোধ, কিন্তু হস্ত দ্বারা চাপিলে আরাম বোধ, লেরিংসে ও ট্রেকিয়ার মধ্যে ক্রমাগত কর্কশতা ও শুষ্কতা অনুভব, তৎসঙ্গে শুষ্ক ও কুকুর ডাকার মত কাশি, ট্রেকিয়াতে একবার তরল ও একবার শক্ত শ্লেষ্মা সঞ্চয়, যক্ষ্মা গ্রস্থ বালিকাদিগের আক্ষেপিক কাশি এবং বালিশে মাথা ঠেকিলেই অত্যন্ত কষ্টকর শুড়শুড়ে কাশি হইয়া থাকে।

প্রাতঃকালে সবুজ ও পীত বর্ণের তিক্ত শ্লেষ্মা উঠা অথবা উজ্জ্বল, লাল, ফেনাযুক্ত, কালও চাপযুক্ত রক্ত উঠিয়া থাকে। বমনে প্রথম ভুক্ত দ্রব্য পরে শ্লেষ্মা উঠে। ইহাতে হুপিং কাশির মত প্রত্যেক ঘন্টায় অথবা ২।৩ ঘণ্টান্তর আক্ষেপ উপস্থিত হয়। স্বর গভীর ও ভঙ্গ হইয়া থাকে।

Dulcamara cough caused by damp cold weather, symptoms increased mucus secretions, no perspiration, long coughing spells to expel phlegm, spasmodic cough, or easy expectoration of tasteless mucus often streaked with blood

ডাল্কামারা—শৈত্য অথবা শীতল বায়ু স্পর্শে শর্দ্দি কাশি, তৎসঙ্গে শ্লৈষ্মিক ঝিল্লীর এবং গ্রন্থির নিঃসরণাধিক্য, ঘর্ম্মরোধ, বালক ও বৃদ্ধদিগের ভেগাস স্নায়ুর অবসাদন আশঙ্কা বা সম্ভাবনা বশতঃ দীর্ঘ দীর্ঘ কাশি দ্বারা শ্লেষ্মা উঠা, আক্ষেপিক কাশি তৎসঙ্গে লেরিংস ও ট্রেকিয়ায় প্রচুর শ্লেষ্মা সঞ্চয় এবং আস্বাদন বিহীন অথবা রক্তের ছিট যুক্ত প্রচুর শ্লেষ্মা উঠিয়া থাকে।

ইলাপ্স কর—কাশির সহিত কাল রক্ত উঠা, হৃৎপিণ্ডের স্থানে ছিন্নকর বেদনা, প্রায় সর্ব্বদা কাশি, তৎসঙ্গে ফুসফুসের ভিতর ভয়ানক ছিন্নকর বেদনা, এই বেদনা দক্ষিণ ফুসফুসের উর্দ্ধ দেশে বিশেষতঃ আক্রমণ করিয়া থাকে।

Elaps. cor — cough with black blood spitting, tearing sensation in cardiac region and lungs

ইউপেটরিয়াম-পার্ফো—পৈত্তিক ও সর্দ্দি সংযুক্ত জ্বর, পর্য্যায় জ্বর বন্ধ হইয়া উৎকাশি, জ্বরমধ্যে তরল কাশি, হামজ্বরের পর রাত্রিকালে কাশি (টিকটাব মত), বর্ক্কশ কাশি তৎসঙ্গে বক্ষে এরূপ বেদনা যে কাশির সময় বুক চেপে ধরিতে হয়, এবং মুখ রক্তবর্ণ ও চক্ষু জলপূর্ণ থাকে।

Eupat. perf. Bilio-catarrhal fevers, hectic cough from suppression of intermittent, loose cough during remission, sore chest requires support of hand during rough scraping cough; flushed face and tearful eyes

ইউফ্রেসিয়া—প্রাতে উঠিয়াই কাশি হয় এবং যতক্ষণ না পুনর্ব্বার শয়ন করা যায় ততক্ষণ কাশি থাকে। কাশিতে হাঁপাইতে হয়, ট্রেকিয়া শুড়শুড় করে ও তামাক সেবন করিলেই বৃদ্ধি হয়, আহার করিবার কালে নরম পড়ে এবং রাত্রিতে আদৌ কাশি থাকে না।

Euphras constant cough on rising in morning, continuing until lying down again, tickling in trachea, worse from tobacco smoke, better when eating, no cough at night:

ইউজিনিয়া জেমবোস্—তালুর কাশি, ও তালুতে বেদনা, কিছুই শ্লেষ্মা উঠে না অথচ সন্ধ্যায় ও রাত্রিতে কাশি হয়।

Eugenia jambos cough only in throat, no sputa, worse in night.

ফেরাম—ট্রেকিয়া শুড়শুড় করিয়া আক্ষেপিক কাশি হয়, গয়ার তুলিতে রাত্রিতে উঠিয়া বসিতে হয়, আহারান্তে কাশি, তৎসঙ্গে ভুক্ত দ্রব্য বমন এবং বক্ষে ক্ষতবোধ ও বেদনা, শুষ্ক শুড়শুড়ে কাশি তৎসঙ্গে রক্ত উঠা, শ্লেষ্মা প্রচুর, দুর্গন্ধ

Ferrum Cough Spasmodic must sit up at night after eating with vomiting of food; with blood spitting, sore chest, sputa copious putrid, purulent, greenish or frothy,

worse morning, copious on moving or scanty, thin frothy with streaks of blood, urine squirts out when coughing.

পূর্ব্বের মত, সবুজ ও ফেনাযুক্ত, প্রাতে বৃদ্ধি ; বেড়াইলে প্রচুর শ্লেষ্মা বাহির হয়, আবার অল্প পাতলা ও ফেনাযুক্ত শ্লেষ্মা উঠে, তৎসঙ্গে রক্তের ছিট্ থাকে, কাশিতে কাশিতে মূত্র ত্যাগ হয়।

Gelsemium cough from debilitated condition of the system on the return of warm weather at the close of winter spring fever, hoarseness, dry throat - burning in larynx and trachea, sore chest

জেল্সিমিয়ান্—বসন্ত কালের জ্বর, অর্থাৎ শীতের পর গ্রীষ্মের প্রারম্ভে শিথিল ও দুর্ব্বল শরীরে সর্দ্দি যোগ, তৎসঙ্গে স্বরের কর্কশতা, গলার শুষ্কতা, লেরিংসের জ্বালা, তালুর সড়-সড়ানি ও শুষ্কতা এবং কাশিতে বক্ষ বেদনা।

Graphitis Cough, caused by deep inspiration, with strangling salty sputa, taste of blood in mouth

গ্র্যাফাইটিস্—গভীর নিশ্বাসে কাশি, তৎসঙ্গে শ্বাসকষ্ট, লালমুখ, অশ্রুপূর্ণ চক্ষু, সর্ব্বত্র কুন্থন ; রাত্রিতে বক্ষের ভিতর সড়সড় করিলে তরল শ্লেষ্মা উঠে, গয়ার লবণাক্ত এবং আস্বাদন রক্তের মত হয়।

Hamamelis Cough Cause varicose condition of throat with taste of blood on awaking, dry cough stinging in uvula as if it would break, venous blood comes up into the mouth without coughing, Sputa thick and tasting putrid,

হেমেমেলিস্—কণ্ঠের শিরাধিক্য বশতঃ কাশি, গলা শুড়শুড় করিয়া কাশি, এবং নিদ্রাভঙ্গে জিহ্বায় রক্তের আস্বাদ, শুষ্ক কাশির সহিত আলি জিহ্বায় হুলবিদ্ধবৎ বেদনা বশতঃ উহা ভাঙ্গিয়া যাইবে এরূপ বোধ, কাশি ব্যতীত অর্থাৎ বিনা চেষ্টায় মুখের ভিতর শিরার শোণিত উপস্থিত হওন ; এবং ঘন পীত অথবা সবুজ ও ধূসর বর্ণ মিশ্রিত ও পচা আস্বাদ বিশিষ্ট শ্লেষ্মা স্রাব হইলে ইহা উপযোগী হয়।

Hepar Sulph; croupy cough with loose rattling phlegm in wind pipe.

হেপার সাল্ফার—ক্রুপ রোগের মত কাশি, তৎসঙ্গে শ্বাস নলী মধ্যে সরস ঘড়ঘড়ানি শব্দ (সানুকা-সের মত), ঘড়ঘড়ে ও শ্বাস অবরোধকারী কাশি, এইরূপ

কাশি রাত্রি দুই প্রহরের পর বৃদ্ধি, অথবা প্রাতঃকালীন শুষ্ক ও কর্কশ কাশি; অল্প শৈত্য স্পর্শে কাশীর উত্তেজনা (সুতরাং রোগী অনাবৃত গাত্রে থাকিতে পারে না রুমেক্সের মত) শিশুদিগের বক্ষের ভিতর শ্লেষ্মায় ঘড়ঘড়ানি, প্রবল লেরিঞ্জিয়াল্ শর্দ্দি, আলিজিহ্বার বৃদ্ধি ও স্ফীতি বশতঃ কাশি, এবং উদ্বেগ পূর্ণ, কর্কশ ও সাঁইসাঁইবৎ শ্বাস প্রশ্বাস প্রভৃতি লক্ষণে হেপার উপযোগী হয়।

rattling choking cough, worse after midnight, also dry hoarse cough worse in morning. Least exposure excites cough, rattling in the chest of infants, severe laryngeal catarrh Elongated and flabby uvula; anxious hoarse whizing respiration

হেপাটিকা ট্রাইলোবা—কোমল তালুতে অত্যন্ত কষ্টকর উত্তেজনা; প্রচুর, পীতবর্ণ, সরের মত ও মিষ্টাস্বাদ বিশিষ্ট শ্লেষ্মা; বক্ষের ভিতর শুড়শুড়ি, চুলকনা এবং আঁচড়ান বোধ, আহারান্তে ও ধূলিকণা প্রবিষ্ট হওন হেতু এইরূপ অবস্থা বৃদ্ধি প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী হয়।

Hepatica triloba anoying irritation of fauces. Sputa profuse yellow, creamy and sweet, tickling itching and scraping in chest worse after eating or inhaling dust

হায়োসায়েমাস্—শুষ্ক, আক্ষেপিক ও স্নায়বিক কাশি, রাত্রিকালে শয়ন করিলেই বৃদ্ধি কিন্তু উঠিয়া বসিলেই উপশম বোধ (পাল্‌স্ ও রাসটক্সের মত); আলি জিহ্বার বৃদ্ধি প্রযুক্ত গলায় শুড়শুড়ি বোধ, লেরিংস ও ট্রেকিয়ায শ্লেষ্মা লবণাক্ত ও রক্তের চাপ মিশ্রিত শ্লেষ্মা; কাশিতে পাকাশয় ও যকৃৎ স্থানে বেদনা প্রভৃতি লক্ষণে এবং হিষ্টিরিয়ার কাশিতে ও হাম জ্বরের পর শুষ্ক কাশিতে ইহা উপযোগী হয়। গর্ভিনীর কাশি হইলে কোনায়াম ও নক্সমশ্চেটা ব্যবহৃত হয়।

Hyocyamus dry spasmodic nervous cough worse at night on lying, relieved by sitting up, elongated uvula, rough voice, saltish sputa with blood coagula, pain in epigastrium and hypochondria suitable in hysteric cough and cough after measles.

ইগ্নেশিয়া—শুষ্ক ও আক্ষেপিক কাশি (চায়না ও আর্সেনিকের মত), বোধ হয় যেন ধূলিকণা অথবা সাল্‌ফারের ধুম বশতঃ

Ignatia dry spasmodic cough as if caused by vapour of Sulph or dust constant hack-

ing cough in evening in bed full of grief empty feeling in stomach, stitches in piles during every cough.

ঐরূপ কাশির উৎপত্তি,) সন্ধ্যায় শয়ন কালে সর্ব্বদা থকথকে কাশি , তৎসঙ্গে অন্তরে শোকোচ্ছাস ও পাকাশয়ে শূন্যতা বোধ, প্রত্যেক বার কাশিতে অর্শের বলীতে চিড়িকা বোধ প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী হয়।

Ipecac dry cough caused by tickling in upper part of larynx suffocative cough with rattling mucus in bronchial tubes when breathing. Suffocative cough in children which become purple in face, cough with nausea and vomiting phlegm, the chest seems full of phlegm but does not yeild to coughing

ইপিকাক—লেরিংসের উপবিভাগ শুড় শুড় করিয়া কাশী .(বক্ষের ভিতর শুড়শুড়ি বশতঃ শুষ্ক কাশি হইলে কম্ ব্যবস্থা হয়) ; শ্বাস বদ্ধকারী কাশী তৎসঙ্গে নিশ্বাস কালে ব্রংকিয়াল্ নলী মধ্যে ঘড়ঘড়ে শ্লেষ্মা সঞ্চয় (সাম্বুকাসের মত), কাশি প্রযুক্ত শিশুদিগের শ্বাস অবরোধ ও বেগুনি বর্ণের মত মুখমণ্ডল, অত্যন্ত বমনেচ্ছা ও শ্লেষ্মা বমন (এণ্টিম টার্টের মত) ; বক্ষের ভিতব অধিক শ্লেষ্মা সঞ্চয় এরূপ বোধ, কিন্তু কাশিলে কিছুই উঠে না (এণ্টিমটার্টের মত) , কাশিতে কাশিতে কপালে ঘর্ম্মোৎপাদন, ঘরেব ভিতরে ও অল্প নড়িলেই কাশির বৃদ্ধি, বাহিরে উপশম, ঘন ঘন কাশি, নিশ্বাস প্রশ্বাসের ব্যাঘাত প্রভৃতি লক্ষণে ইপিকাক উপযোগী হয়।

Illicium anis after cough feeling of emptiness, frequent cough with blood spitting pus like phlegm and pain in right chest.

ইলিসিয়াম্ এনিস্—কাশির পর বক্ষে শূন্যতা বোধ, ঘনঘন কাশিতে রক্ত ও পূযের মত শ্লেষ্মা উঠা, এবং তৎসঙ্গে দক্ষিণ বক্ষে বেদনা থাকিলে ইহা ব্যবস্থা হয়। ইহাতে সাদা শ্লেষ্মা বাহির হইয়া থাকে।

Indigo dry cough nose bleed, vomiting, worse in evening pin worms

ইণ্ডিগো—শুষ্ক কাশি তৎসঙ্গে সর্ব্বদা নাসা হইতে রক্ত স্রাব, প্রবল কাশি প্রযুক্ত বমন, এবং সন্ধ্যায় ও রাত্রিতে শ্বাসবদ্ধকারী কাশি ও পিনের মত কৃমি থাকিলে ইহা ব্যবস্থা হয়।

Iodium dry cough with tickling stiching, and burning expectoration blood streaked saltish, sour,

আয়োডিন্—ট্রেকিয়াতে ও ষ্টার্ণাম অস্থির নিম্নে সর্ব্বদা শুড়শুড় করিয়া কাশি ; লেরিংস ও কণ্ঠ শুড়শুড় করিয়া প্রাতঃকালীন শুষ্ক কাশি, শুষ্ক কাশির সহিত বক্ষে বেদনা ও

জ্বালা, তৎপরে অধিক পরিমাণ শ্লেষ্মা স্রাব, শ্লেষ্মা রক্ত মিশ্রিত লবণাক্ত, অম্লযুক্ত, এবং ধূসর বা সাদা বর্ণের হইয়া থাকে; এই সমস্ত লক্ষণের সহিত শীর্ণতা ও ক্ষয়কারী জর বর্ত্তমান থাকিলে আয়োডিন্ উপযোগী হয়। gray or whitish, emaciation with wasting fever.

কেলীবাইক্রোম—তরল কাশি প্রযুক্ত গলায় ঘড়ঘড়ানি শব্দ, কাশিতে কাশিতে ঘন ও ভারগ্রস্ত নীলবর্ণের ও চাপ চাপ শ্লেষ্মা উঠা; কাশিতে চিমসে ও সুতার মত লম্বা শ্লেষ্মা পতন (ফসের মত শ্লেষ্মা পদ পর্য্যন্ত সুতার ন্যায় অবতরণ করিতে পারে); কাশি প্রযুক্ত বক্ষবেদনা ও এই বেদনা ষ্টার্ণাম হইতে পৃষ্ঠের দুই পঞ্জরের স্কাপুলার মধ্য পর্য্যন্ত বিস্তৃতি, গাত্রাবরণ উন্মোচনে, প্রাতে নিদ্রাভঙ্গ), আহারান্তে, গভীর নিশ্বাসে এই বেদনার বৃদ্ধি হইলে এবং ঘরের উষ্ণতায় নরম পড়িলে কেলী বাইক্রম ব্যবস্থা হয়। Kali Bichrom: loose cough, rattling, heavy expectoration of bluish lumpy mucus, tough stringy sputa pain in sternum darting through between shoulders.

কেলীকার্ব্ব—কণ্ঠ, লেরিংস, অথবা ব্রংকাই নলীর শুড়শুড়ি বশতঃ আক্ষেপিক কাশি, এরূপ কাশি দ্বারা চিমসে বা পূযের মত শ্লেষ্মা বিযুক্ত হইলেও গিলিয়া ফেলে আক্ষেপিক কাশি প্রযুক্ত টক শ্লেষ্মা বমন; কষ্টকর কাশি প্রযুক্ত কিছুই উঠে না, অথবা কাশিতে রক্ত ও পূঁয বাহির হয়, দিবারাত্র কাশি; শুষ্ক ও ছিন্নকর কাশি, প্রাতে ৩টা হইতে ৪টা পর্য্যন্ত বৃদ্ধি, উষ্ণ সামগ্রী আহার করিলে, নড়িলে, ও শৈত্য লাগিলে, কাশির বৃদ্ধি. প্রাতে প্রথমবার আহারের পর ও সম্মুখে ঝুঁকিলে কাশির উপশম প্রভৃতি লক্ষণে কেলিকার্ব্ব উপযোগী। Kalicarb paroxysmal cough with dislodgment of tenacious mucus or pus which must be swallowed, vomiting of sour phlegm; tormenting cough gets nothing up, cough with sputum of masses of blood and pus, cough day and night dry and teasing from 3 to 4 A.M., brought on by warm food drinking, motion &c., better after break-fast.

কেলি আয়োড—কণ্ঠে প্রবল উত্তেজনা বশতঃ শুষ্ক কাশি ও শবুজ শ্লেষ্মা স্রাব হইলে ইহা উপযোগী। উপদংশ গ্রস্ত ব্যক্তির কাশিতে ইহা বিশেষ ফলদায়ক হয়। Kali Iod throat irritation with green sputa, syphilitic cases.

Kreasote : fatiguing cough of old people, sputa copious, thick greenish yellow or white, periodical blood spitting Lachesis. short dry cough; slightest pressure on larynx causes a violent cough and a sense of suffocation, larynx and throat painful to touch cannot bear any thing on neck, worse during day and after sleep, sputa small, watery and saltish Lactuca Vir : cough disturbing, the nights rest, incessant spasmodic cough threatning to burst the chest followed by copious expectoration. Laurocerasus cough and dyspnœa from heart disease cannot lie down, copious jelly like sputa with streaks of blood. Ledum Pal : chronic cough with difficient animal heat; spasmodic cough before

ক্রিয়োজোট্—বৃদ্ধ ব্যক্তিদিগের প্রান্তিদায়ক কাশি; প্রচুর ঘন পীত অথবা সাদা শ্লেষ্মা স্রাব, মধ্যে মধ্যে শ্লেষ্মার সহিত রক্ত উঠা ইত্যাদি।

ল্যাকেসিস্—গলা শুড়শুড় করিয়া শুষ্ক কাশি হয়, লেরিংস চাপনে প্রবল কাশি ও শ্বাস অবরোধ উপস্থিত হয় (কমেক্রের মত); লেরিংস ও কণ্ঠ স্পর্শ করিলে বেদনা করে; গ্রীবা প্রদেশে কোন সামগ্রীর ভার সহ্য হয় না; দিবাভাগে এবং নিদ্রার পর জাগিলে কাশি বৃদ্ধি প্রভৃতি লক্ষণে লেকিয়া উপযোগী। লেকিসিয়া সদৃশ শ্লেষ্মা অল্প, জলবৎ লবণাক্ত; শ্লেষ্মা প্রায়ই গিলিয়া ফেলে প্রত্যেক বার কাশিতে অর্শের বলীতে চিড়িকমারে।

ল্যাক্টুকা ভিরোসো—লেরিঞ্জিয়াল্ ও ফেরিঞ্জিয়াল্ স্নায়ুর উত্তেজনা বশতঃ কাশি এবং এইরূপ কাশিতে সর্ব্বদা নিদ্রাভঙ্গ, আক্ষেপিক কাশি প্রযুক্ত বক্ষ বিদীর্ণ হইবে এরূপ অনুভব, এবং তৎপরে প্রচুর শ্লেষ্মা স্রাব প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

লরোসিরেসাস্—হৃদরোগ বশতঃ কাশি ও শ্বাসকষ্ট, শয়ন করিতে অক্ষমতা, বক্ষে সাঁই সাঁই শব্দ, বোধ হয় যেন শ্লৈষ্মিক ঝিল্লী শুষ্ক হইয়াছে। তৎপরে নির্যাসবৎ শ্লেষ্মা স্রাব উহাতে রক্তের ছিট্ থাকিতে পারে, এইরূপ কাশি নড়িলে, ঝুঁকিলে ও গরমে বৃদ্ধি পাইয়া থাকে।

লিডাম্ পালাষ্ট্রি—পুরাতন কাশি প্রযুক্ত শারীরিক শীতলতা ও উত্তাপের হ্রস্বতা; একিজমা (পামা) ও গাউট্ (ছোট গাঁটেবাত) রোগের পূর্ব্বে আক্ষেপিক কাশি, কাশির

পূর্ব্বেই নিশ্বাস লইতে অক্ষমতা, কাশির পর শিরো ঘূর্ণন ও কম্পন, দুইবার ফোঁস ফোঁস নিশ্বাস, পরিশেষে উজ্জ্বল লাল ও ফেনযুক্ত রক্ত উঠা অথবা দুর্গন্ধ ও পূঁযের মত পদার্থ স্রাব হইলে ইহা উপযোগী হয়।

eczema and gout; losing breath before cough; after cough dizziness and staggering, double sobbing respiration. red foaming sputum of fœtid purulent matter.

লিথিয়াম কার্ব্ব—সন্ধ্যায় প্রবল কাশি প্রযুক্ত উঠিয়া বসিতে হয়, শ্লেষ্মা উঠে না, কণ্ঠের পশ্চাতে ও নিম্নে এক ক্ষুদ্র স্থানে কাশির উত্তেজনা অবস্থিতি করে।

Lithium Carb; cough violent in evening, must rise, no sputa.

লবিলিয়া ইন্‌ফ্লেটা—শ্বাস নলীর আক্ষেপিক কুঞ্চন, শ্বাসনলীর ভিতর জ্বালা, শ্বাসকষ্ট তৎসঙ্গে পাকাশয় মধ্যে চাপ বোধ, এরূপ ভাব ঊর্দ্ধ উঠে। শুষ্ক ও ক্ষুদ্র ক্ষুদ্র কাশি; কাশির সহিত হাঁচি ও শ্লেষ্মা জড়াইয়া থাকে।

Lobelia; asthmatic constriction of the air tubes; dyspnoea, ropy mucus sticking to pharynx.

লাইকোপডিয়াম্ পুরাতন কাশি, দিবারাত্র শুষ্ক কাশি তৎসঙ্গে পাকাশয় স্থানে বেদনা, রাত্রিকালে গলায় ও শ্বাসনলীতে পিপীলিকাবৎ দংশন; প্রাতে শুষ্ক কাশি, দিবাভাগে শ্লেষ্মা স্রাব, প্রাতে সবুজ শ্লেষ্মা স্রাব ও প্রবল পার্শ্ব বেদনা নাসারন্ধ্রের উত্থান ও পতন; মূত্রে লাল থাকরী জমা (ফেনের মত), ঘন, পীত ও পূযের মত এবং ধূসর বর্ণ এবং লবণাক্ত শ্লেষ্মা স্রাব, তৎসঙ্গে পাকাশয়ের দুর্ব্বলতা, শ্লেষ্মায় কদাচ রক্তের ছিট্ এবং বেলা ৪টা হইতে রাত্রি ৮টা পর্য্যন্ত সমস্ত অসুখের বৃদ্ধি প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

Lycopod; chronic persistent catarrh of air passages dry cough in morning, cough with expectoration during day and worse at night sputa thick yellow purulent streaked with blood, morning cough with green sputa and pain in the side, fan like motion of alæ nasæ.

ম্যাগ্‌নিসিয়া কার্ব্ব—কৃমি প্রযুক্ত রাত্রি কালের আক্ষেপিক কাশিতে ইহা ফলপ্রদ।

Mag. carb; spasmodic cough at night with ascarides.

Manganum: chronic laryngeal disease, eustachian deafness, morning hoarseness, dry deep cough ceasing when lying down.

ম্যান্‌গানাম্‌—লেরিংসের পুরাতন রোগে ও ইউষ্টেশিয়ান্‌ নলীর বধিরতা তৎসঙ্গে প্রাতঃকালীন স্বরভঙ্গ, গভীর ও শুষ্ক কাশি, শয়নে উপশম প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

Merc sol: dry, racking cough, yellow sputa, sweat without relief, worse at night and in damp rainy weather Sputa tasting putrid and saltish.

মার্ক্‌-সল—রাত্রিতে প্রবল ও খকখকে কাশি, সমস্ত বক্ষের ভিতর শুষ্কতা বোধ, কাশিতে পীতবর্ণের শ্লেষ্মা স্রাব, কদাচ উহাতে রক্তের ছিট থাকে, শ্লেষ্মা দুর্গন্ধ ও লবণাক্ত, শ্বাসকষ্ট, ময়লা স্রাব, ঘর্ম্ম হইলেও আরাম বোধ হয় না, রাত্রিতে এবং ভিজা ও বর্ষার কালে বৃদ্ধি হইলে (ডাল্কাও রাসটক্সের মত) ইহা উপযোগী।

Merc biniod. cough, from elongated uvula, cough with sore throat and loose mucus sputa.

মার্ক বিনআয়োড—আলিজিহ্বা বৃদ্ধি বশতঃ কাশি, তৎসঙ্গে গলক্ষত, এবং তরল শ্লেষ্মাস্রাব।

Mezereum. spasmodic cough, yellow viscid sputa in morning, tasting saltish; violent uninterrupted cough till relieved by vomitting—

মেজিরিয়াম্‌—লেরিংস ও বক্ষের উত্তেজনা প্রযুক্ত আক্ষেপিক কাশি; প্রাতে পীত ও চটচটে শ্লেষ্মা স্রাব, শ্লেষ্মায় লবণাক্ত আস্বাদ ও কাশিতে কাশিতে বমন প্রভৃতি লক্ষণে ইহা ফলপ্রদ।

Millefol. cough with frequent spitting of bright blood oppression of chest palpitation, piercing pains

মিলিফলিয়াম্‌—কাশিতে সর্ব্বদা উজ্জ্বল রক্ত উঠা, বক্ষে চাপ বোধ, হৃদস্পন্দন বক্ষের ভিতর বিদ্ধকর, ও মোচড়ানিবৎ বেদনা প্রভৃতি লক্ষণে ইহা ফলপ্রদ।

Nat. mur: cough from tickling of throat or stomach, sputa yellow or

নেট্রাম মিউর—কণ্ঠ অথবা পাকাশয় শুড়শুড় করিয়া কাশি, প্রাতে পীত ও রক্ত মিশ্রিত শ্লেষ্মা স্রাব, সম্মুখ কপালে বিদারণবৎ বেদনা (যেন হাতুড়ি পিটিতে থাকে), অসাড়ে মূত্র

ত্যাগ হয়, যকৃত বেদনা করে, শুষ্ক কাশির সহিত বক্ষে ঘড়ঘড় করে, দ্রুত চলিলে, গভীর ভাবে শ্বাস টানিলে, শয্যায় শয়ন করিলে, শয্যা উষ্ণ হইলে, অম্ল দ্রব্য ভক্ষণে, কেবল ঢোক গিলিলে অথবা পান করিলে কাশি বৃদ্ধি হয়। blood streaked, headache as hammer beating; involuntry urine, stitches in liver, dry cough with rattling.

নিকলম—শুষ্ক খক্‌খকে কাশী, ঘড়ির টিক্ টিক শব্দের মত নিয়মিত রূপে আক্ষেপিক কাশী। কয়েক ঘণ্টাকাল কাশির এইরূপ নিয়মিত আক্ষেপ দৃষ্ট হয়, সন্ধ্যাকালে গলা সুড় সুড় করিয়া কাশী, রাত্রিতে কাশী বশতঃ শয্যা হইতে উঠিয়া মাথা ধরিয়া বসিতে হয়। প্রবল স্বর ভঙ্গ, কাশীর সহিত প্রবল শ্বাস কষ্ট, এবং কাশিলে কিছু শ্লেষ্মা উঠে না। Niccolum: dry hacking spasmodic cough, clock like, nightly cough obliging him to sit up and to hold his head, hoarseness, dyspnœa, no expectoration.

নাইট্রিক এসিড—যকৃত সম্বন্ধীয় কাশি, লেরিংস ও ও পাকাশয় শুড়শুড় করিয়া শুষ্ক ও কুকুর ডাকার মত কাশি, শয়ন করিলে কাশি বৃদ্ধি, কষ্টকর শ্লেষ্মা স্রাব, দিবাভাগে চাপ চাপ রক্ত স্রাব, অথবা সবুজ ও সাদা বর্ণের কাষ্ট উঠা (যেমন বায়ুকোষ হইতে সেকেণ্ডারী উপদংশ রোগ জনিত শ্লেষ্মার কষ্ট বাহির হয়); শ্লেষ্মার তিক্ত অম্লযুক্ত ও লবণাক্ত আস্বাদ, এবং দুর্গন্ধ, অধিক ক্ষণ কথা কহিলে স্বরভঙ্গ, পুরাতন লেরিঞ্জিয়াল্ কাশি ও এরূপ কাশিতে কিছুই উঠে না, কিন্তু বোধ হয় যেন লেরিংসের এক পার্শ্বে ক্ষত হইয়াছে এবং উহাতে বিদ্ধকর বা চিড়িকবৎ বেদনা হয়। Nitric acid: liver cough, dry cough, sputa raised with difficulty, of blood mixed with clots, of greenish white casts (secondary syphilis), tasting bitter, sour salty, and of offensive odor, hoarseness, sensation of ulcer on one side of larynx with stinging pain

নক্সমস্কেটা—হিষ্টিরিয়া রো' জনিত বায়ু পথের আক্ষেপ, বায়ু প্রবাহের বিপক্ষে ভ্রমণ জনিত হঠাৎ স্বরভঙ্গ, শুষ্ক ও কুকুর ডাকার মত কাশি তৎসঙ্গে শ্বাস অবরোধ, গর্ভিনীর মত শুষ্ক কাশি, আহারান্তে তরল কাশি, পানান্তে শুষ্ক কাশি, কাল, চটচটে ও লবণাক্ত শ্লেষ্মা, শ্লেষ্মা গিলিয়া ফেলা গর্ভিনীর মত। Nux mosch: hysterical affections of air passages hoarseness, dry barking cough, hacking cough, during pregnancy,

নক্সভমিকা।—গলা শুড়শুড় করিয়া শুষ্ক ও শ্রান্তিদায়ক কাশি (হেপার, ফস ও পাল্‌সের মত), কাশির সহিত মস্তকে Nux. vom: dry, fatiguing cough, with pain in head

and stomach ; constipation ; worse in morning, after smoking and mental exertion, better from warm drinks ; sputa yellow or gray , cold mucus, sour or sweetish , bright red blood from nose and mouth, desire to eat during coughing, is best suited after cough mixtures.

Nat Carb · painful cough with hoarseness, coryza, chilness (left side) ; violent dry cough when entering a warm room from cold air , rattling

Nat. sulph dry cough, soreness and roughness in chest has to sit up and hold the chest.

Opium dry, paroxysmal cough, with gaping drowsiness, yet cannot sleep, spasm of lungs, blue face frothy sputa containing blood and mucus, yawning.

Phellandrium . dry, cough,

বিদারণ শীল বেদনা অথবা পাকাশয়ে মোচড়ানিবৎ বেদনা, দুই প্রহর রাত্রির পর, প্রাতে, আহারান্তে, মানসিক পরিশ্রমে ও তামাকু সেবন করিলে কাশি বৃদ্ধি পায় ; শ্লেষ্মা পীত বা ধূসরবর্ণ, শ্লেষ্মা শীতল, অম্লযুক্ত অথবা মিষ্ট; কাশির সহিত নাসিকা ও মুখ দিয়া উজ্জ্বল রক্ত পড়া, কাশির সময় আহার করিবার ইচ্ছা, এতদ্ব্যতীত কোষ্ঠবদ্ধ প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে। অনেক প্রকার কফ নিকশাব ঔষধের পর ইহার বিলক্ষণ উপযোগীতা দৃষ্ট হয়।

নেট্রম কার্ব্ব—কষ্টকর কাশির সহিত স্বরের ও বক্ষের কর্কশতা, শর্দ্দি, শীত বোধ, শীতল বায়ু হইতে উষ্ণ গৃহে প্রবেশ করিলেই প্রবল শুষ্ক কাশি, বক্ষের বাম দিকে শীত বোধ প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

নেট্রম সাল্ফ—রাত্রিকালে শুষ্ক কাশি তৎসঙ্গে বক্ষ বেদনা ও কণ্ঠের কর্কশতা (মার্কের মত), কাশি প্রযুক্ত শয্যা হইতে উঠিয়া বক্ষ ধরিতে হয়।

ওপিয়াম—শুষ্ক, শুড়শুড়ে ও আক্ষেপিক কাশি, রাত্রিতে বৃদ্ধি, কাশির সহিত তন্দ্রা, অনিদ্রা, নীলবর্ণ মুখমণ্ডল, ফেনযুক্ত শ্লেষ্মা, শ্লেষ্মায় রক্ত মিশ্রিত, এবং শ্লেষ্মা স্রাবের পর হাইতোলা প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

ফেলান্ড্রিয়াম্ একোয়াট—শুষ্ক কাশি, তৎসঙ্গে

শ্বাসকষ্ট, বেড়াইবারকালে বৃদ্ধি, গলায় শ্লেষ্মা জড়াইয়া থাকা বশতঃ সর্ব্বদা রাত্রিতে কাশিতে হয়, এরূপ কাশী উঠিয়া বসিলেও উপশম হয় না, প্রাতে সরলভাবে শ্লেষ্মা উঠিয়া থাকে।

short breath, worse while walking, and at night not relieved by sitting; easy sputa in morning.

ফসফারাস্—ট্রেকিয়ার নিম্নাংশ শুড়শুড় করিয়া শুষ্ক ও অল্প অল্প কাশি, (এইরূপ কাশি হঠাৎ উৎপন্ন হয় ও কর্কশ স্বর ভাববিশিষ্ট হইয়া থাকে), বক্ষে টাইট্ বোধ, এবং ট্রেকিয়া ও ব্রংকাই মধ্যে ক্ষত বোধ; কাশিলে সর্ব্ব শরীর কম্পন, কাশিবার সময় পাকাশয় টিপিয়া রাখিতে হয়, স্নায়বিক উত্তেজনা হেতু কাশি, কোন ব্যক্তি ঘরে আসিলেই অথবা বজ্রাঘাতের পূর্ব্বে ও উগ্র গন্ধে, কাশি হইয়া থাকে); কাশিতে কাশিতে অসাড়ে মলত্যাগ; কাশির সহিত এক চক্ষুতে বেদনা, শিরো বেদনা, গলায় জ্বালাকরা শুষ্কতা, কর্কশতা, স্বরভঙ্গ ও লেরিংসে ক্ষত বোধ; সন্ধ্যায় এবং রাত্রিতে, উষ্ণ বায়ু হইতে শীতল বায়ু সংস্পর্শে, হাস্য বা উচ্চ চীৎকারে এবং বাম পার্শ্বে চাপিয়া শয়ন করিলে কাশির বৃদ্ধি; (ব্রাই, ড্রসের ওপালসের মত), প্রাতে শ্লেষ্মা উঠা, এইরূপ শ্লেষ্মা ফেনযুক্ত, রক্ত মিশ্রিত, ইষ্টক চূর্ণের মত, অথবা পূযের মত; এই শ্লেষ্মা সাদা এবং চিমসে ও শীতল হয় এবং উহা অম্লযুক্ত, লবণাক্ত অথবা মিষ্ট হইয়া থাকে।

এতদ্ব্যতীত, ফস্ফরাসের মল দীর্ঘ, সরু, কঠিন ও কষ্টে বাহির হইয়া থাকে। লম্বা, ও পাতলা ব্যক্তি এবং যক্ষ্মাগ্রস্ত ব্যক্তির পক্ষে ইহা বিশেষ উপযোগী হইয়া থাকে।

Phosphorus. dry cough with tight chest, sore larynx and bronchi, trembling of body, nervous cough, with headache aphonia, hoarsenee; worse evening and night, from cold air, laughing and talking aloud and lying on left side; sputa mostly in morning, frothy, bloody, rust colored or purulent white and tough cold mucus, tasting sour salty, or sweet, also long narrow hard and difficult stools, tall slender persons with phthisical constitutions.

ফসফরিক এসিড্—আক্ষেপিক ও শুড়শুড়ে কাশি, (এইরূপ শুড়শুড়ি সুপ্রাষ্টার্ণাল ফসা হইতে পাকাশয় পর্য্যন্ত হইয়া থাকে); সন্ধ্যায় কাশিতে কিছুই উঠে না, কিন্তু প্রাতে কাশিয়া কাল রক্ত অথবা আটাযুক্ত, সাদা, ও অম্লযুক্ত শ্লেষ্মা উঠে, এতৎসঙ্গে বক্ষের দুর্ব্বলতা হেতু শ্বাসকষ্ট লক্ষিত হয়।

Phos Acid: Spasmodic tickling cough, morning sputa with dark blood or of tenacious mucus of sweetish tase, dyspnœa.

Phytollacca : ulcerated, sore throat, dry, hacking cough can only expectorate when pressing against the sore spot in trachea

ফাইটোলাক্কা—গলক্ষত, লেরিংসের বামদিকে শুড়-শুড়ি তৎসঙ্গে খক্‌খক্‌ ও শুষ্ক কাশি, ট্রেকিয়ার বেদনা যুক্ত স্থান টিপিলে শ্লেষ্মা বাহির হয়।

Platina : Hysterical dry cough

প্লাটিনা—হিষ্টিরিয়া জনিত শুষ্ক কাশি, বাম বক্ষে বেদনা স্বরভঙ্গ, ইত্যাদি।

Psorinum : dry cough, green sputa after continued cough, chronic catarrh of lungs, with offensive night diarrhœa.

সোরিনাম্‌—শুষ্ক কাশি, অনেকক্ষণ কাশিয়া সবুজ শ্লেষ্মা বাহির হয়, প্রাতে ও সন্ধ্যায় কাশির বৃদ্ধি, ফুসফুসের পুরাতন শ্লেষ্মা স্রাব, তৎসঙ্গে রাত্রিকালে দুর্গন্ধ উদরাময় প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

Pulsatilla : Shaking shattering and spasmodic cough often in paroxysms of 2 cough each ; dry at night, going off when sitting up in bed, worse when lying on left side, loose cough during day, loose with yellow sputa bitter and greenish, with purulent sputa or of pieces of dark coagulated blood, diarrhœa at night.

পাল্‌সেটিলা—কাশিতে সর্ব্বশরীর কম্পন, বমনেচ্ছা, দক্ষিণ বক্ষন সন্ধিতে বেদনা, পাকাশয়ের উত্তেজনা বশতঃ কাশি, ছিন্নকর ও আক্ষেপিক কাশি, প্রত্যেক বার যোড়া যোড়া কাশি, রাত্রিকালে শুষ্ক কাশি, উঠিয়া বসিলে উপশম (হায়েস্‌, কেলিকার্ব্ব ও জিঙ্ক তদ্বিপরীত), বক্ষের ভিতর চুলকনা শুষ্কতা ও গন্ধকের ধূম এইরূপ বোধ, বাম পার্শ্বে শয়ন করিলে হাঁপ বোধ, হৃদ-স্পন্দন এবং বক্ষের মধ্যস্থলে ক্ষত বোধ, দিবাভাগে সরস কাশি, (ক্যাম, নক্স ও সাল্‌ফারের মত) অথবা সন্ধ্যায় শয্যার উষ্ণতায় শুষ্ক কাশি, দিবাভাগে পীত বর্ণের শ্লেষ্মা স্রাব অথবা তিক্ত, বা লবণাক্ত, সবুজ বর্ণের অথবা পূযের মত ও ঘৃণাকর শ্লেষ্মা স্রাব, শ্লেষ্মায় টুকরা২ কাল রক্তখণ্ড উঠা এবং রাত্রিতে উদরাময় প্রভৃতি লক্ষণে পাল্‌সেটিলা উপযোগী।

Rhododendron : dry exhausting cough with dyspnœa and escape of urine.

রোডোডেণ্ড্রন—প্রাতকালে ও সন্ধ্যায় শুষ্ক ও দুর্ব্বল কর কাশি তৎসঙ্গে বক্ষে চাপ বোধ, মূত্রত্যাগ, প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে।

রাসটক্স—শুষ্ক ও কষ্টকর কাশি, ব্রংকাই শুড়শুড় করিয়া কাশি, গাত্রাবরণ উন্মুক্ত করিলেই কাশি, তৎসঙ্গে বক্ষে ছিন্নকর বেদনা, পাকাশয় স্থানে বেদনা ও ঘর্ম্ম, দুই প্রহর রাত্রির পূর্ব্বে ও প্রাতে শয্যা হইতে উঠিলেই কাশি, কাশিতে রক্ত না উঠিলেও জিহ্বায় রক্তের আস্বাদন, শ্লেষ্মা ফেকাসে অথবা চাপচাপ বা কটা বর্ণের মত, অথবা ধূসর ও সবুজ বর্ণের ন্যায়, শীতল ও দুর্গন্ধ শ্লেষ্মা স্রাব ও উগ্র পূযের মত শ্লেষ্মা প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

Rhus tox : dry teasing cough, caused by tickling in bronchi, by uncovering, with pain in chest, sweat and pain in stomach, worse before midnight and in morning on rising, cough with taste of blood, although no blood is to be seen, sputa pale, clotted, or brown blood, grayish green, cold mucus of putrid smell; acrid pus

রুমেক্স—ইহা দ্বারা লেরিংস ও ট্রেকিয়ার চৈতন্যাধিক্য হয় সুতরাং উহাদিগের শ্লেষ্মা নিঃসরণ কমিয়া যায়। রুমেক্সের কাশি প্রবল, শ্রান্তিদায়ক ও ঘনঘন হয়, চাপনে, কথা কহিলে, এবং প্রত্যেকবার শীতল বায়ুর নিশ্বাসে ও রাত্রিকালে কাশির বৃদ্ধি হয়; কাশির সহিত ষ্টার্ণাম অস্থির মধ্যভাগের পশ্চাতে বেদনা, লেরিংসে ক্ষত ও ষ্টার্ণামের পশ্চাতে ক্ষত বোধ, ক্লাভিকেল অস্থির নিম্নে ক্ষত বোধ, পাকাশয়ে বেদনা, বাম ফুসফুসে বেদনা, গৃহান্তরে যাইলে ও সন্ধ্যায় শয়নকালে কাশি বৃদ্ধি, রাত্রি ১১টা ২টা ও ৫টার সময় শিশুদিগের কাশি বৃদ্ধি প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

Rumex : violent, incessant, fatiguing cough, with pain behind mid sternum; soreness in larynx and behind sternum; pain in stomach, stitches in left lungs worse by every inspiration of cool air and at night.

স্যাব্যাডিলা—শিশুদিগের শুষ্ক কাশি, তৎসঙ্গে অশ্রুপাত, স্বরভঙ্গ, রক্ত উঠা, অমাবশ্যা ও পূর্ণিমার সময়ে কাশির বৃদ্ধি, পীতবর্ণের শ্লেষ্মা উঠা ইত্যাদি লক্ষণে ইহা ফলপ্রদ।

Sabadilla : dry cough with lachrymation, hoarseness, spitting of blood, worse at new or full moon. sputa tenacious and yellow

Sambucus · suffocative cough , with perspiration and tenacious sputa during day, with quick wheezing and crowing respiration

স্যাম্বুকাস্—ঘর্ম্মাধিক্য, শ্লেষ্মাধিক্য, রাত্রিকালে হঠাৎ শ্বাস অবরোধ লক্ষণ, স্বরভঙ্গ, দ্রুত, সাঁইসাঁইবৎ ও কাক ডাকের মত শ্বাস প্রশ্বাস, লেরিংস মধ্যে শ্লেষ্মা জড়াইয়া থাকা. বক্ষে আক্ষেপ প্রযুক্ত শ্বাসরুদ্ধকারী, কাঁপা, ও গভীর কাশি, এবং দিবাভাগে অল্প অল্প চিমসে শ্লেষ্মা ত্যাগ প্রভৃতি লক্ষণে, ইহা ফলপ্রদ।

Sanguinaria · dry cough, pain beneath sternum constriction of chest to take a deep breath painful sighing respiration, sore chest painful to touch, cough not ceasing till sitting up in bed, upward and downward passage of flatus, sputa thick, mucous offensive purulent, rust colored, circumscribed redness of cheeks

স্যাঙ্গুয়িনেরিয়া—শুষ্ক কাশি, কণ্ঠে অত্যন্ত শুড়শুড়ি, কণ্ঠ হইতে ষ্টার্ণাম পর্য্যন্ত যেন কিছু শুড়শুড় করিয়া অবতরণ করে, প্রবল কাশি প্রযুক্ত ষ্টার্ণামের নিম্নে বেদনা ও কিছুই শ্লেষ্মা না উঠা, নিশ্বাস টানিতে দক্ষিণ বক্ষে বেদনা, বক্ষ স্পর্শ করিলে বেদনা, শুষ্ক কাশি প্রযুক্ত নিদ্রাভঙ্গ, ও উঠিয়া বসিলে উপশম, বায়ু উর্দ্ধ ও অধোগামী হওন, পরিশেষে ঘন, দুর্গন্ধ পূয়ের মত অথবা ইষ্টকচূর্ণের মত শ্লেষ্মা স্রাব এবং বদন মণ্ডলে নির্দ্দিষ্ট স্থান ব্যাপিয়া আরক্তিমতা প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

Scilla Severe cough on drinking cold water, day and night tickling, worrying and harassing cough sneezing and involuntary urination at every fit of coughing, rattling cough disturbing sleep sputa reddish or white, sweetish and offensive, loose

সিলা—শীতল পানীয়ে কাশির উদ্দীপনা, দিবারাত্রি শুড় শুড়ি জনক ও শ্রান্তিদায়ক কাশি, প্রত্যেকবার কাশিতে হাঁচি ও অসাড়ে মূত্রত্যাগ, ঘড়ঘড়ে কাশি প্রযুক্ত নিদ্রাভঙ্গ, শ্বেত বা ঈষৎ লাল বর্ণের, মিষ্টাস্বাদ বিশিষ্ট ও দুর্গন্ধ শ্লেষ্মা, সন্ধ্যায় শুষ্ক কাশি

অপেক্ষা প্রাতঃকালীন তরল কাশি অধিক শ্রান্তিদায়ক, গ্রীষ্মের পর শীতে কাশির বৃদ্ধি প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী হয়। cough in the morning is more fatiguing than evening dry cough.

সেনেগা—লেরিংসে ও থ্রোট মধ্যে জ্বালা ও শুড়শুড়ি, শয়ন কালে আটাযুক্ত শ্লেষ্মা প্রযুক্ত শ্বাসরোধাশঙ্কা, বক্ষে ও ট্রেকিয়া নলীতে শ্লেষ্মা সঞ্চয় বশতঃ শ্বাসকষ্ট, বাহিরে বিচরণ করিবার কালে অথবা দ্রুত চলিবার কালে লেরিংস শুড়শুড় করিয়া শুষ্ক ও কম্পনশীল কাশি, ডিম্বের শ্বেতাংশের মত চিমসে শ্লেষ্মা স্রাব, এবং প্রাতঃকালে আহারের পূর্ব্বে কাশির বৃদ্ধি প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী। Senega Burning and titillation in larynx and throat with danger of suffocation when lying down, from adhesive mucus dry shaking cough tough sputa like the white of an egg.

সিনিসিয়ো—ঋতুরোধ বশতঃ পুরাতন কাশি, এবং প্রচুর পরিমাণ পীত বর্ণের ঘন মিষ্টাস্বাদ বিশিষ্ট ও রক্ত মিশ্রিত শ্লেষ্মা স্রাব হইলে ইহা উপযোগী। Senecio cough from obstructed menses, sputa yellow, thick sweet and blood streaked.

সিপিয়া—পোর্টাল শিরায় পুরাতন ভাবে রক্তাধিক্য বশতঃ কাশি, সন্ধ্যা হইতে রাত্রি দুই প্রহর পর্য্যন্ত শুষ্ক কাশি তৎসঙ্গে বমনেচ্ছা, তিক্ত বমন, নিদ্রায় কাশি হইলেও নিদ্রাভঙ্গ হয় না, প্রাতে পীত, সবুজ, ধূসরবর্ণ অথবা দুর্গন্ধবৎ শ্লেষ্মা স্রাব ও শ্লেষ্মায় লবণাস্বাদ প্রভৃতি লক্ষণে ইহা ফলপ্রদ। সিপিয়া ব্যবহার করিবার কালে নারীদিগের গর্ভজনিত কোন রোগ আছে কিনা দেখা কর্ত্তব্য। Sepia cough from passive congestion and obstructions in the portal system, dry evening cough, cough during sleep without waking, sputa yellow, green gray, milky and salty

সাইলিসিয়া—শীতলপানীয়ে কাশির উদ্দীপনা, বক্ষে ক্ষত ও দুর্ব্বলতা বোধ, প্রাতঃকালে উঠিলেই লেরিংস শুড়শুড় করিয়া কাশি, শয্যা হইতে গাত্রোত্থান করিলেই কাশি, তৎসঙ্গে চিমসে ও আটারমত শ্লেষ্মাস্রাব, চিৎ হইয়া শয়ন করিলে অথবা ঝুঁকিলে শ্বাসকষ্ট, কণ্ঠ শুড় শুড় করিয়া আক্ষেপিক কাশি, দিবাভাগে প্রচুর পীত ও সবুজ বর্ণের পূঁযের মত অথবা চিমে সওদুর্গন্ধবৎ শ্লেষ্মা স্রাব, কদাচ শ্লেষ্মায় ফেনযুক্ত রক্ত, চর্ব্বির মত আস্বাদন এবং দুর্গন্ধ, স্বরভঙ্গ, রাত্রিকালীন Silicea cough provoked by cold drinks, laryngeal morning cough, hollow spasmodic suffocative cough, sputa only during day of profuse yellowish green pus or of tough milky mucus, hoarseness.

শ্বাস বন্ধকারী কাশী ও দীর্ঘ নিশ্বাস প্রভৃতি লক্ষণে সাইলিসিয়া উপযোগী।

Silphium :—constant hawking and clearing the throat, sputa of thin viscid mucus, sneezing, pain in supraorbital region, spasmodic cough.

সিল্‌ফিয়াম্—সর্ব্বদা হক্ হক্ দ্বারা অত্যল্প ও চটচটে শ্লেষ্মা স্রাব, হাঁচি, নাসিকা হইতে উগ্র শ্লেষ্মা স্রাব, তৎসঙ্গে সুপ্রাঅবিটাল প্রদেশে চাপ ও আক্ষেপ বোধ, কাশিতে পীত বর্ণের শ্লেষ্মা স্রাব, ফুসফস মধ্যে আক্ষেপ ও টাইট্ বোধ, সর্ব্বদা শ্লেষ্মা তুলিতে ইচ্ছা ও আক্ষেপিক কাশি প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

Spigelia : suffocating dry cough at night with palpitation, discharge of offensive mucus and blood from posterior nares at night, worm cough.

স্পাইজিলিয়া—রাত্রিকালে শ্বাসবন্ধকারী ও শুষ্ক কাশী, সম্মুখে ঝুঁকিলে বৃদ্ধি তৎসঙ্গে হৃদস্পন্দন, রাত্রিতে পশ্চাৎ নাসারন্ধ্র হইতে রক্ত ও দুর্গন্ধ শ্লেষ্মা, ও কৃমি জনিত কাশি প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

Spongia dry barking wheezing cough, chronic cough in violent attacks, bringing up small hard tubercles profuse bronchial secretion, yellowish or whitish sputa oppressed breathing relieved by eating ever so little.

স্পঞ্জিয়া—লেরিংস মধ্যে জ্বালাকর শুড়শুড়ি হইয়া শুষ্ক, কুকুরডাকার মত ও সাঁই সাঁইবৎ কাশি, প্রবল পুরাতন কাশিতে ক্ষুদ্র ক্ষুদ্র কঠিন গুটিকা বা টিউবার্কেল বাহির হওন, ব্রংকাই মধ্যে প্রচুর শ্লেষ্মা সঞ্চয়, পীত অথবা সাদা শ্লেষ্মা স্রাব, অত্যন্ত শ্বাস কষ্ট, মস্তক নিম্ন করিয়া শয়ন করিলে ও উষ্ণ গৃহে বৃদ্ধি এবং কিঞ্চিৎ আহার ও পান করিলেই উপশম প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

Stannum dry racking, concussive cough, languor, copious green salty sputa, during morning, oppressed breathing

ষ্টানাম্—শুষ্ক ও ঝনঝনানি কাশিতে বক্ষের যন্ত্র বাহির হইতেছে এরূপ বোধ, তৎসঙ্গে সর্ব্বাঙ্গিক দুর্ব্বলতা, দিবাভাগে প্রচুর সবুজ ও লবণাক্ত শ্লেষ্মা স্রাব, প্রাতে অধিক স্রাব, কথা কহিলে পান করিলে, হাসিলে ও উষ্ণ পানীয়ে বৃদ্ধি, অঙ্গ সঞ্চালনে, সন্ধ্যাকালে ও শয়ন করিলে শ্বাসকষ্ট প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

Staphisagria dry rough throat, spasmodic hollow

ষ্টাফিশিগ্রিয়া—কণ্ঠ শুষ্ক ও কর্কশ, কথা কহিলে ও গিলিবার কালে ক্ষত বোধ, আক্ষেপিক ও ফাঁপা কাশি তৎসঙ্গে

রাত্রিকালে পীত বর্ণের চিমসে, ও পূযের মত শ্লেষ্মা স্রাব, বিরক্তি, রাগ ও মাংসাহারের পর বৃদ্ধি, রাত্রিতে শ্লেষ্মা তরল হয় ও গিলিয়া ফেলে। | cough, yellow tough purulent sputa at night.

ষ্টিকটা পাল্মোনারিয়া—নাসিকার শ্লৈষ্মিক ঝিল্লীর শুষ্কতা, সুতরাং উহাতে বেদনা, প্রত্যেক নিশ্বাসে কাশি, রাত্রিতে অবিশ্রান্ত কাশি, দিবাভাগে উপশম প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী হয়। | Sticta: dry, hacking, cough at every attempt at inspiration, incessant cough at night, dry nose with hard scabs

ষ্ট্রামোনিয়াম্—মাতালদিগের কাশি; পর্য্যায়শীল, বেদনা শূন্য ও আক্ষেপিক কাশি; তীক্ষ্ণ স্বর; প্রাতে, কণ্ঠস্পর্শে, বায়ুতে বেড়াইলে, পাপাচার করিলে, ভয় পাইলে, ও জলপান করিলে অসুখ বৃদ্ধি প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী। | Stramonium: cough of drunkards; periodical, painless, spasmodic cough

সাল্ফার—চাপা ও শ্বাসবদ্ধকারী কাশী, শুষ্ক ও অল্প অল্প কাশি তৎসঙ্গে বক্ষে বিশেষতঃ বাম স্কাপুলার নিম্নে বেদনা, শুষ্ক কাশির সহিত স্বরের কর্কশতা, কণ্ঠের শুষ্কতা, নাসা হইতে জলবৎ শর্দ্দি স্রাব, পরে তরল কাশি তৎসঙ্গে গলা ঘড়ঘড়ানি বং সবুজ বর্ণের চাপ চাপ শ্লেষ্মা স্রাব, শ্লেষ্মা মিষ্ট আস্বাদ বিশিষ্ট ও কদাচ রক্ত পূঁয মিশ্রিত, কাশিলে শিরোবেদনা প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী হয়। | Sulphur: suppressed chocking dry cough with hoarseness, dry throat watery coryza, loose cough, sputa mucous and greenish.

সাল্ফুরিক এসিড—দুই স্কাপুলার মধ্যে ক্ষত ও শ্রান্তি বোধ, প্রাতে কাল রক্ত উঠে, ও অম্ল যুক্ত শ্লেষ্মা স্রাব প্রভৃতি লক্ষণে ইহা ফলপ্রদ। | Sulph acid: soreness between scapulæ sour tasting mucus with streaks of blood in the morning.

থুজা—টেকিয়া মধ্যে শ্লেষ্মা সঞ্চয় বশতঃ শ্বাসকষ্ট, সন্ধ্যায় শয়ন করিলে পর অথবা ঠাণ্ডা সামগ্রী আহার ও পানের পর কাশি তরল থাকে, সবুজ বর্ণের শ্লেষ্মা বাহির হয়, শ্লেষ্মায় পুরাতন পনিরের গন্ধ বাহির হয়। | Thuja: Sputa green tasting like old cheese.

Tolu : constant violent, racking dry cough, pain in left lung, sleeplessness from irritation.

টোলু—লেবিংস ও টেকিয়ায় সর্ব্বদা শুড়শুড়ি বশতঃ শুষ্ক ও প্রবল কাশি, কাশিতে বাম ফুসফুসের সম্মুখাংশে বেদনা এবং অনিদ্রা প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

Trifol Prat : spasmodic shaking cough, rales, profuse stringy sputa like albumen.

ট্রাইফোলিয়াম্ প্রাট্—আক্ষেপিক কাশি, ব্রংকাই মধ্যে রাল্স শব্দ, হাঁপানির মত শ্বাস প্রশ্বাস, ডিম্বের শ্বেতাংশের মত প্রচুর পরিমাণ চটচটে শ্লেষ্মা স্রাব ইহার প্রয়োগ লক্ষণ।

Varat alb debilatating cough with cold sweat on forehead and cyanosis, yellow tough, tenacious, bitter, saltish, sour or putrid sputa, suffocative cough worse in warmth, eating and drinking cold things, especially cold water.

ভেরেট্রাম এলবাম্—প্রত্যেক বার কাশির পর অত্যন্ত দুর্ব্বলতা তৎসঙ্গে কপালে শীতল ঘর্ম্ম এবং মুখ মণ্ডল নীলবর্ণ, শীতল বায়ুতে বিচরণ করিলে গলার ভিতর শুষ্ক শুড়শুড়ি বোধ, নিম্ন ব্রংকাই দিগের শুড়শুড়ি বশতঃ গম্ভীর ফাঁপা এবং বাদ্যকর কাশী তৎসঙ্গে পীতবর্ণের চিমসে, তিক্ত, লবণাক্ত, অম্ল-যুক্ত অথবা দুর্গন্ধ শ্লেষ্মা স্রাব, লেবিংস অথবা বক্ষঃ মধ্যে আক্ষেপ বশতঃ শ্বাসবোধ, উষ্ণ গৃহে থাকিলে, ঠাণ্ডা সামগ্রী আহার ও পান করিলে, প্রাতঃকালে এবং রাত্রি দুই প্রহর পর্য্যন্ত বৃদ্ধি প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

Verat virid. cough with high fever, oppression of chest, scanty bloody sputa, vomiting of viscid mucus, cough due to spinal or cerebral irritation

ভেরেটাম ভিরিডি—কাশির সহিত প্রবল জ্বর, বক্ষে চাপ বোধ, অল্প রক্ত মিশ্রিত শ্লেষ্মা স্রাব; কাশিতে কাশিতে চিমসে শ্লেষ্মা বমন; পৃষ্ঠ মজ্জা অথবা মস্তিষ্কে উত্তেজনা বশতঃ আক্ষেপিক কাশী প্রভৃতি লক্ষণে ইহাকে ব্যবস্থেয়।

Verbascum. deep hollow hoarse and trumpet sound like cough

ভারবেশকাম্—ঘন ঘন গম্ভীর ফাঁপা ও কর্কশ এবং উচ্চ শব্দ বিশিষ্ট (ঢাকের শব্দের মত) কাশি; লেরিংস ও বক্ষ মধ্যে শুড়শুড়ি বোধ, কাশিতে নিদ্রা ভঙ্গ হয় না এবং সন্ধ্যাকালে পড়িবার সময় স্বরের কর্কশতা প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

জিঙ্কাম—দুর্ব্বলকর ও আক্ষেপিক কাশি, লেরিংস হইতে বক্ষের মধ্যস্থল পর্য্যন্ত শুড়শুড়ি বোধ, দিবাভাগে পীত বর্ণের পুঁযের মত রক্ত মিশ্রিত চটচটে শ্লেষ্মা স্রাব, শ্লেষ্মায মিষ্ট, পচা আস্বাদ ও দুর্গন্ধ বিশিষ্ট অথবা উজ্জ্বল রক্তের আস্বাদন; আহারান্তে, বিশ্রামে, দুগ্ধ পানে, মিষ্টান্ন ভক্ষণে, মদ্যপানে, এবং ঋতুকালে কাশির বৃদ্ধি; সমস্ত রাত্রি কাশি, তৎসঙ্গে বক্ষে স্থূল বেদনা; আক্ষেপিক কাশি, জননেন্দ্রিয়ের স্থানে শিশুর হস্তক্ষেপ, কাশিতে পাকাশযে বিদ্ধকর বেদনা ও শ্লেষ্মা স্রাবে উপশম; আক্ষেপিক কাশি বশতঃ বক্ষ ছিন্ন হইবেক একপ বোধ, ইণ্টার কষ্টাল্ স্নায়ুদিগের উত্তেজনা বশতঃ বক্ষে কর্ত্তনবৎ বেদনা, আক্ষেপিক কাশি বশতঃ শিরাধিক্য ব্যক্তিদিগের পদের শিরা ফাটিযা রক্ত পড়িবে একপ অনুভব ও ঋতু কালীন কাশি প্রভৃতি লক্ষণে ইহা ব্যবস্থেয়।

Zincum: debilitating spasmodic cough, yellow purulent blood streaked sputa, tasting sweetish, putrid metallic or of pure blood in the morning or during day, cough all night, spasmodic cough, child putting hand to genitals, pain in chest from irritation of intercostal nerves, cough during menses.

জিঞ্জিবার—কণ্ঠের বাম দিক শুড়শুড করিযা শুষ্ক খক্‌খকে কাশি, ফুসফুস মধ্যে বেদনা ও চুলকনা, শ্বাসকষ্ট এবং প্রাতঃকালে প্রচুর শ্লেষ্মা উঠিলে ইহা উপযোগী।

Zingiber :— dry hacking cough with copious morning sputa.

জিজিয়া অরিয়া—শুষ্ক কাশি, বক্ষে পেশী মচড়ানিবৎ বেদনা, শ্বাসকষ্ট এবং সন্ধ্যায় ও রাত্রিকালে বৃদ্ধি প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী। Bc. 6

Zizea dry cough with muscular stitches, dyspnœa,

হিমপ্‌টিসিস্ বা বক্ষোৎকাশ অর্থাৎ শ্বাস পথ ও শ্বাসযন্ত্র হইতে রক্তস্রাব।

Hæmoptysi synonyms: broncho-pulmonary hæmorrhage, bronchorrhagia

অপর নাম—ব্রংকিয়াল্ হিমারেজ, ব্রংকো-পাল্‌মোনারী হিমারেজ, ব্রংকোরেজিয়া।

Definition : expectoration of pure or unmixed blood, usually of a bright red color, following the act of coughing, through the mouth, from any part of the respiratory apparatus below the upper opening of the larynx

পরিচয়—কাশির অব্যবহিত পরক্ষণেই যে পরিষ্কার অমিশ্রিত উজ্জ্বল ও লোহিত শোণিত শ্বাসপথ হইতে মুখ দ্বারা বহির্গত হয় উহাকে হিমপ্টিসিস বা রক্তোৎকাশ কহে। অর্থাৎ লেরিংসের উপরের ছিদ্রের নিম্নস্থিত শ্বাসপথ ও শ্বাস যন্ত্রের কোন স্থান হইতে পূর্ব্বোক্ত প্রকারের লোহিত শোণিত কাশিয়া মুখ দিয়া উঠিলে উহা হিমপ্টিসিস্ বা রাক্তোৎকাশ নাম প্রাপ্ত হইয়া থাকে।

Causes going up a height, severe straining or coughing, blowing wind instruments, vicarious, inhaling irritating substances, local injury, unhealthy blood as scurvy and and purpura, Diseases of larynx, trachea and bronchi as congestion, inflammation ulceration, cancer, Diseases of the lungs as phthisis, cancer, congestion, plastic bronchites, ch. pneumonia, abscess gangrene hydatid, mediastinal tumour opening into air passages, Cardiac diseases as mitral disease hypertrophy

কারণ—১। প্রকাশ্য স্থানিক কারণ ব্যতীত *হিমপ্টিসিস্* বা রক্তোৎকাশের উৎপত্তি হয যথাঃ—(ক) পর্ব্বত সমান উচ্চে আরোহণ, (খ) অত্যন্ত কুন্থন ও কাশি, (গ) সর্ব্বদা ফুৎকার দ্বারা বংশীধ্বনি (দুর্ব্বল ও ক্ষীণকায় ব্যক্তিদিগের এইরূপ ঘটে) (ঘ) ভাইকেরিয়াস্ অর্থাৎ—ঋতুবন্ধ হইয়া রক্তোৎকাশ, (ঙ) উত্তেজক পদার্থের আঘ্রাণ, (চ) স্থানিক আঘাত, (ছ) রক্তের অসুস্থ অবস্থা যথা স্কার্ভি ও পার্পরা রোগ।

২। লেরিংস, ট্রেকিয়া ও ব্রংকাইদিগের রোগ অর্থাৎ উহাদের রক্তাধিক্য, প্রদাহ, ক্ষত, এবং ক্যান্সার বা কর্কট প্রভৃতি অস্বাভাবিক বৃদ্ধি। ৩। ফুসফুসের রোগ সমূহ যথাঃ—যক্ষ্মা, কর্কট, রক্তাধিক্য, প্লাষ্টিক ব্রংকাইটিস, তরুণ ও পুরাতন নিউমোনিয়া, স্ফোটক, গ্যাংগ্রিণ ও হাইডাটিড্স। ৪। বায়ু পথের ভিতর মিডিয়াষ্টিনাল্ টিউমার ও অন্যান্য গ্রন্থি বির্দ্ধনের বিদারণ। ৫। হৃদরোগ যথাঃ মাইট্রাল ভালভের পীড়া, দক্ষিণ ভেণ্ট্রিকেলের বিবৃদ্ধি, ও বাম ভেণ্টিকেলের দৌর্ব্বল্য ও প্রসারণ। ৬। ফুসফুস সম্বন্ধীয় ধমনীদিগের রোগ। ৭। বায়ু পথের ভিতর এনুরিজম নামক বা ধমনীস্থিত রক্ত পূর্ণ অর্ব্বুদের বিদারণ।

এ স্থলে ইহা স্মরণ রাখিতে হইবে যে থোট্ বা তালু ও নাসিকা হইতে রক্ত স্রাব হইয়া মুখ দিয়া বহির্গত হইতে পারে।

of the rt. ventricle weak and dilated left ventricle, Disease of the pulmonory vessels, aneurism opening into air passages.

সাধারণতঃ এই রোগে ফুসফুসের কৈশিকা বা কেপিলারি রক্তবাহী নাড়ীগুলি ছিড়িলেই রক্ত উঠে, কিন্তু কোন কোন স্থলে পাল মানারী ধমনীর বড় বড় শাখাও ছিড়িয়া থাকে। যক্ষ্মা রোগে কখন কখন পাল মোনরী ধমনীর শাখায় ক্ষুদ্র ক্ষুদ্র এনুউরিজম হয়, উহারা ছিড়িয়া যাইলে অত্যন্ত রক্ত উঠিয়া থাকে।

The blood comes from the capillaries, sometimes from pulmonary artery.

নৈদানিক পরিবর্ত্তন—কেবল রক্ত উঠা রোগে কদাচ মানুষ মরিয়া থাকে, যাহাদের ঐরূপ মৃত্যু হয় তাহাদের শ্বাস পথ ও শ্বাস যন্ত্রে নিম্নলিখিত অবস্থা দৃষ্ট হইয়া থাকে যথাঃ— ক্ষুদ্র ক্ষুদ্র রক্ত চাপে বায়ু পথের পূর্ণতা, শ্লৈষ্মিক ঝিল্লীর স্ফীতি ও আরক্তিমতা (কোন স্থলে রক্ত হীনতা দৃষ্ট হয়); বায়ুকোষ ও ব্রংকাই নলী মধ্যে রক্ত চাপ ইত্যাদি।

Pathological anatomy: mucus membrane swollen, and of dark red color rarely pale and bloodless, the air cells contained blood clots.

ঐ সকল রক্ত চাপ কাশিয়া তুলিতে না পারিলে অথবা উহারা শোষিত হইতে না পারিলে, উহাদের চতুস্পার্শ্বে আবার প্রদাহ উপস্থিত হইয়া থাকে।

Unless these clots are removed by expectoration or absorption secondary inflammation originates around them.

লক্ষণ—কোন প্রকার পূর্ব্ব লক্ষণ প্রকাশ না পাইয়া অর্থাৎ জানান্ না দিয়া হঠাৎ রক্ত উঠিতে পারে। অথবা বক্ষে ভার ও পূর্ণতা বোধ, ষ্টার্ণাম অস্থির নিম্নে উত্তাপ বোধ, গলায় শুড়শুড়ি, শ্বাসকষ্ট ও জিহ্বার লবণাক্ত আস্বাদন প্রভৃতি লক্ষণ পূর্ব্বে প্রকাশ পাইয়া পরে রক্ত উঠিয়া থাকে। এরূপ অবস্থায় হক্ করিয়া কাশিলে বিনা আয়াসে বা পরিশ্রমে উষ্ণ, লবণাক্ত, উজ্জ্বল লাল ও ফেনযুক্ত শোণিত নাক ও মুখ দিয়া বহির্গত হইয়া থাকে। কোন কোন স্থলে রক্ত বমন হইয়াও থাকে। কদাচ রক্তে চাপখণ্ড দৃষ্ট হয় কিন্তু সাধারণতঃ তরল

Symptoms: sudden blood spitting or preceded by epistaxis, palpitation, difficulty of breathing warmth under sternum, tickling in throat and sweet taste in the mouth

A warm, saltish, bright red, frothy liquid gushes from nose and mouth on coughing:

quantity varies, appearance depresses, patient becomes pale, tremulous, often fainting.

শোণিত উঠিয়া থাকে। কদাচ রক্ত কাল বর্ণের ও বায়ুর সহিত মিশ্রিত না হইয়াও বাহির হইতে পারে। এরূপ অবস্থায় শোণিত হঠাৎ ও প্রচুর পরিমাণে বহির্গত হয়। সামান্য রক্তের ছিটা বা বিন্দু হইতে এত অধিক পরিমাণে শোণিত স্রাব হয় যদ্দারা রোগীর মৃত্যু হইতেও পারে।

রক্তের বর্ণ ও পরিমাণ দেখিয়া রোগী দমিয়া যায় এবং উহার মুখ মণ্ডল পাণ্ডুবর্ণ, কলেবর কম্পিত এমন কি মূর্চ্ছা হইয়াও থাকে।

অর্দ্ধ ঘণ্টা হইতে কয়েক ঘণ্টা পর্য্যন্ত রক্ত উঠিতে পারে এবং কয়েক দিবস পর পুনর্ব্বার রক্ত উঠিয়াও থাকে। এতাবৎ কাল মধ্যে মধ্যে বিন্দু বিন্দু রক্ত বাহির হয়।

Duration slight fever with chest pain supervenes upon the hæmorrhage.

রক্ত উঠিলেই অল্প জ্বর, বক্ষে বেদনা, এবং নাড়ী পূর্ণ, অদমনীয় অথচ কোমল হইয়া থাকে। ফুসফুসে রক্ত কিয়দংশ রহিয়া গেলে ফুসফুস প্রদাহ এমন কি কালে যক্ষা রোগের উৎপত্তি হইতে পারে।

Auscultation coarse bubbling rales are heard in circumscribed portions of the chest.

আকর্ণন বা শ্রবণ প্রণালী—ফুসফুস অথবা বায়ু পথের যে স্থানে হইতে রক্ত উঠে সেই স্থানে বক্ষের উপর শ্রবণ করিলে সবস বাব্লিং রাল্‌স শব্দ শ্রবণ গোচর হইয়া থাকে।

Prognosis: favourable unless secondary pneumonia or phthisis.

ভাবীফল—রক্ত উঠা রোগ স্বতঃ মারাত্মক হয় না, তৎসঙ্গে নিউমোনিয়া ও যক্ষা প্রকাশ পাইলে মারত্মক হইয়া থাকে। রক্ত উঠিলেই যক্ষা রোগের পূর্ব্ব লক্ষণ বলিয়া অনেক সময় স্থির করা যায়। অত্যন্ত রক্ত স্রাব হইলে দুর্ব্বলতায় ও রক্তচাপ নির্ম্মাণ হেতু শ্বাস অবরোধ হইয়া থাকে। নতুবা ধীরে ধীরে আরোগ্য লাভ করিয়া থাকে।

Diagnosis; from epistaxis it is distinguished by the absence of air bubbles and inspection of the fauces.

রোগ নিরূপণ—মুখ গহ্বর, তালু, নাসারন্ধ্র পাকাশয় এবং বায়ু পথ ও ফুসফুস হইতে রক্তস্রাব পরস্পর পৃথক করিতে হইবে।

এপিষ্টাক্সিস্ অর্থাৎ পশ্চাৎ নাসারন্ধ্র হইতে রক্তপাত হইলে সেই রক্তে বায়ু বুদবুদ দৃষ্ট হয় না ; এতদ্ব্যতীত, কোমল তালু পরীক্ষা করিলে রক্তপাত দৃষ্ট হয়।

পাল্‌মোনারী ধমনীর শাখা বিদীর্ণ হইলে ঘোর কাল বর্ণের রক্ত পাত হয়।

পাকাশয় হইতে রক্তপাত হইলে উহা বমিত হয়, রক্ত কাল ও চাপ চাপ হয়, উহাতে পাকাশয় স্থিত ভুক্ত পদার্থ দৃষ্ট হয় ও রক্ত বমনের পর কাল বর্ণের মলত্যাগ হয় এবং বক্ষ পরীক্ষায় কোন প্রকার রাল্‌স শব্দ শ্রুতিগোচর হয় না।

vomiting of blood in hæmatemesis, of a dark color, clotted mixed with the acid contents of the stomach, followed with tarlike stools, and the absence of rales in the chest,

বায়ু পথ অথবা ফুসফুস হইতে রক্ত স্রাবের স্বভাব পূর্ব্বে লিখিত হইয়াছে।

পাকাশয় ক্ষত হইতে রক্ত স্রাব হইয়া মুখ দিয়া বাহির হইবার পূর্ব্বে পাকাশয়ে বেদনা বোধ হয় এবং ঐ রক্ত বুদবুদ যুক্ত হয় না।

The raising of blood is preceeded by epigastric pain and the blood is not frothy

রক্তোৎকাস ও রক্ত বমন এই দুই প্রকার রক্ত উঠার স্বভাব ও পার্থক্য তালিকাকারে লিখিত হইল যথাঃ—

Differential diagnosis

হিমপ্টিসিস্ বা রক্তোৎকাস।	হিমেটেমিসিস্ বা রক্ত বমন।	
উজ্জ্বল লালশোণিত, (red)	কাল শোণিত, (dark)	blood,
কাশিয়া উঠে, (coughed up),	বমিত হয়, (vomited)	blood,
ফেনযুক্ত হয়, (frothy)	তরল থাকে, (fluid)	blood,
শ্লেষ্মা মিশ্রিত থাকে, (sputum)	ভুক্ত দ্রব্য মিশ্রিত থাকে, (food)	mixed with
রক্ত উঠার পূর্ব্বে শ্বাসকষ্ট হয় (dyspnœa)	রক্ত উঠার পূর্ব্বে পাকাশয় কষ্ট হয়, (stomach distress)	preceded by
মলে রক্ত থাকে না, (no blood)	মলে রক্ত দৃষ্ট হয়, (blood)	stool contain
ফুসফুসে রাল্‌স শব্দ শ্রুত হয়, (rales in lungs)	ফুসফুস পরিষ্কার থাকে। (lungs clear)	respiration,

চিকিৎসা—রোগীকে বায়ু সঞ্চালিত গৃহের শয্যায় স্থির হইয়া শয়ন করাইয়া রাখিবে, উহার মস্তক ও স্কন্ধদ্বয় পুরু

Treatment general measures ' recumbent pos-

ture, head and shoulders elevated : airy room, bits of ice to suck, a little salt on the tongue, low diet, cold drinks, tie a handkerchief in upper part of left rm and of right thigh, no warm drinks or stimulants allowed, avoid mental work, vexation, sleeping in day time before meals, *dry cupping* applied to the abdomen and under the ribs, cold application in lower abdomen. egg mixed with sugar and dilute sulphuric acid drinks in repeated spitting of blood

বালিসের উপর রক্ষা করিবে, লঘু আহার ও শীতল পানীয় এমন কি আবশ্যক হইলে ক্ষুদ্র বরফ খণ্ড চুসিবার জন্য ব্যবস্থা দিবে। অল্প লবণ চুসিলেও উপকার হয়। বাম বাহুর উপরিভাগে ও দক্ষিণ উরুর উপরাংশে একটী ফাণী বা কোমল রজ্জু দ্বারা দৃঢ় করিয়া বাঁধিবে। ইহাতে রক্ত বন্ধ না হইলে পূর্ব্বের বাঁধন খুলিয়া অপর দিকে ঐরূপ বাঁধন দিবে। রক্ত বন্ধ হইলে ধীরে ধীরে বন্ধন মোচন করিবে। রোগীকে কিছুদিন পূর্ব্ব উপদেশ মত স্থির ভাবে থাকিতে কহিবে। কোন প্রকার উষ্ণ পানীয় বা উত্তেজক পদার্থ ১০। ১২ দিবস পর্য্যন্ত ব্যবস্থা করিবে না। মানসিক উত্তেজনা যথা পাঠাভ্যাস ও রাগ করিতে নিষেধ করিবে। আহারান্তে দিবাভাগে নিদ্রা যাইতে ব্যবস্থা দিবে। পঞ্জর নিম্নে ও উদরে ড্রাই কাপিং ক্রিয়ার প্রয়োজন হইতে পারে। তল পেটে শীতল বস্ত্র খণ্ড রক্ষা করিলে রক্ত বন্ধ হইতে পারে। কাশি প্রযুক্ত মধ্যে মধ্যে রক্ত উঠিলে ডিম্বের শ্বেতাংশ চিনির সহিত মিশ্রিত করিয়া উহার এক এক ড্রাম পরিমাণ মধ্যে মধ্যে সেবন ব্যবস্থা দিবে। অথবা ডাইলিউট সাল্‌ফুরিক এসিড্ জলে মিশ্রিত করিয়া পানীয় রূপে ৫। ১০ মিনিট অন্তর ব্যবস্থা দিবে। তৎপরে ঔষধ প্রয়োগ দ্বারা রক্ত স্রাব বন্ধ করিতে চেষ্টা করিবে।

Leading remidies :

প্রধান প্রধান ঔষধের প্রয়োগ লক্ষণ যথাঃ—

Aco high arterial tension, blood red and frothy, incessant cough, hot chest, anguish; red face.

একোনাইট—ধামনিক টান ভাবের বৃদ্ধি, প্রচুর পরিমাণ লাল ও ফেনযুক্ত রক্তস্রাব, সর্ব্বদা কাশি, উত্তপ্ত বক্ষ, মানসিক যন্ত্রণা, ও লালবর্ণ মুখমণ্ডল। ডাক্তার হিউজ বলেন যে ইহা নিম্ন ক্রমে ঘন ঘন ব্যবস্থা করিলে তরুণ ও প্রবল রক্তাধিক্যের অবস্থা বিদূরিত হয়।

Arnica · abundamt dark and clotted blood due to heart disease or traumatism

আর্ণিকা—হৃদরোগ বশতঃ অথবা কোন প্রকার আঘাত বা অতি পরিশ্রম জনিত প্রচুর কালবর্ণ ও চাপচাপ রক্তস্রাব হইলে ইহা উপযোগী হয়।

একালাইফা ইণ্ডিকা—প্রাতে লাল রক্ত উঠা, সন্ধ্যায় কাল রক্তের চাপ বহির্গমন, বক্ষে জ্বালা হইয়া ধামনিক রক্ত স্রাব, কাশিতে অল্প পরিমাণ শ্লেষ্মা স্রাব ইত্যাদি। মাত্রা ৬ষ্ঠ দশমিক ক্রম, ঘণ্টায় ঘণ্টায় ব্যবস্থা। কাষ্ঠকার্ব্ব ইহার প্রতিষেধক (antidote) স্বরূপ।

> Acalypha : pure blood in morning, dark clotted blood in evening, little sputa.

এণ্টিমোনিয়াম্ ক্রুড—স্নানের পর রক্ত বমন।

> Ant crud.—blood spitting after bathing.

এরেনিয়া ডায়েডিমা—উপবাস জনিত দুর্ব্বলতা ও রক্তহীনতার অবস্থায় রক্ত উঠিলে ইহা ব্যবস্থা হয়।

> Aran. diad: hæmoptysis from privations.

আর্সেনিক—রক্ত উঠার পর দুর্ব্বলতা, অস্থিরতা, মানসিক যন্ত্রনা, হৃদস্পন্দন, শুষ্ক ও জ্বালাকর তাপ ইত্যাদি।

> Arsenic : after loss of blood weakness, restleeness, anguish palpitation, dry burning heat

বেলেডনা—কাশিতে কাশিতে রক্ত স্রাবের বৃদ্ধি, বক্ষ রক্ত পূর্ণ রহিয়াছে এরূপ বোধ, বক্ষে চিড়িকমারার মত বেদনা, অঙ্গ সঞ্চালনে বৃদ্ধি।

> Belladonna : coughing aggravates the bleeding.

ক্যাক্টাস্—হৃদপিণ্ডের অতিরিক্ত ক্রিয়া বশতঃ রক্ত স্রাব হয়, একোনাইট অপেক্ষা ইহাতে জ্বর ও অস্থিরতা কম থাকে, হৃৎপিণ্ড স্থান যেন লৌহ শৃঙ্খলে বাঁধা থাকে। ইহাতে অধিক রক্ত স্রাব হয়, শ্বাসকষ্ট এবং বক্ষে রক্তাধিক্য বশতঃ শয্যায় শয়ন করিতে অক্ষমতা প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে।

> Cactus : copious blood spitting due to over action of heart with constricting sensation of an iron band about the heart

কার্ব্বোভেজ—রক্ত স্রাব জনিত দুর্ব্বলতা, বক্ষে জ্বালা ও নাড়ী লোপ প্রভৃতি অবস্থায় ইহা ফলপ্রদ।

> Carbo-veg.—weakness, pulse slow and intermittent, worse evening.

কার্ডুয়াস মেরি—যকৃত রোগ বশতঃ উজ্জ্বল রক্ত স্রাব হয় তৎসঙ্গে শ্লেষ্মা মিশ্রিত থাকিতেও পারে।

> Carduus marius pure blood from diseased liver.

চায়না—প্রবল কাশির সহিত রক্ত উঠা, অথবা রক্ত স্রাবের পর দুর্ব্বলতা, অতি ঘর্ম্ম, ক্ষীণ দৃষ্টি প্রভৃতি অবস্থায় ইহা উপযোগী। ইহার পর ফেরম খাটে ভাল।

> China debility after blood spitting.

Collisonia: blood dark, tough coagulated, enveloped in viscid phlegm. Cause being cardiac affection or portal congestion, previous discharge of blood from anus, subsequent constipation.

কোলিনসোনিয়া—চটচটে শ্লেষ্মার মধ্যে কাল, চিমসে ও চাপ চাপ রক্ত উঠা, হৃদরোগ অথবা পোর্টাল্ শিরার রক্তাধিক্য বশতঃ রক্ত উঠা, ইতিপূর্ব্বে মলদ্বার দিয়া রক্তস্রাব, পরে কোষ্ঠবদ্ধ।

Conium: after masturbation.

কোনায়াম—হস্তমৈথুন প্রযুক্ত রক্তোৎকাশে ইহা উপযোগী।

Dulca from cold.

ডাল্কামারা—শৈত্যপ্রযুক্ত উজ্জ্বল রক্ত উঠা।

Ergotin: Passive venous hæmorrhage wants to lie with head low, and wants fresh air.

আর্গটিন্—ফুসফুসের শিরা হইতে রক্তস্রাব, উহার পূর্ব্বে বক্ষে চাপ বোধ, মূর্চ্ছারোগ ও ক্ষীণ নাড়ী, এবং রোগীর কেবল শয়ন করিতে ইচ্ছা এবং বায়ু সেবন জন্য আগ্রহ।

Ferrum: Scanty blood spitting during a slight cough, with weakness

ফেরম্—দুর্ব্বলতা প্রযুক্ত অল্প অল্প কাশিতে অল্প অল্প রক্ত উঠা, তৎসঙ্গে হৃদস্পন্দন, অল্প নিদ্রা, ফেকাসে মুখমণ্ডল ইত্যাদি।

Ferrum acet dry, tickling cough and spitting of bright coagulated blood.

ফেরাম্ এসিটিকাম্—ষ্টার্ণাম অস্থির নিম্নে প্রবল গুড়গুড়ি, প্রবল কাশি ও উজ্জ্বল এবং জমাট রক্ত স্রাব হইলে ইহার ১ দশমিক চূর্ণ ফলপ্রদ।

Hamamalis: venous blood coming into mouth, without effort—like a warm current, labored respiration in recumbent position, taste of blood and sulphur in the mouth.

হেমেমেলিস্—চেষ্টা ব্যতীত মুখের ভিতর শিরার কাল শোণিত উঠা, শোণিতে উষ্ণতা বোধ, মন স্থির থাকে, শয়ন করিলে অত্যন্ত শ্বাসবদ্ধ হয়। গলা গুড়গুড় করিয়া কাশি, মুখের আস্বাদন রক্তের মত অথবা সাল্ফারের মত হইয়া থাকে।

হায়োসায়েমাস্—রাত্রিতে শুষ্ক কাশি হইয়া পরে রক্ত উঠা, শয্যা হইতে উঠিয়া বসিতে হয়। নিদ্রার অবস্থায় হঠাৎ চমকে উঠা, মাতালদিগের ঐরূপ অবস্থায় ওপিয়াম্ ও নক্স ব্যর্থ হইলে ইহা উপযোগী।

Hyoscyamus, blood spitting preceeded by a dry cough, suitable to drunkards when opium and Nux, fail.

ইগ্নেসিয়া—রক্ত উঠা বন্ধ হইলে দুর্ব্বলতার অবস্থায় এবং ঘন হাই উঠিলে ইহা ব্যবহার্য্য।

Ignatia: debility after bleeding with sighing—

ইপিকা—হেমেমেলিস অপেক্ষা অধিক কাশি ও ষ্টার্ণাম অস্থির নিম্নে শুড়শুড়ি হইয়া প্রচুর রক্ত উঠা; রক্ত উঠিবার পূর্ব্বে বক্ষে বাব্লিং বা বুদবুদ-চেতনা বোধ, সর্ব্বদা হক্ হক্ করণ, শ্লেষ্মায় রক্তের ছিট এবং মুখে রক্তের আস্বাদন প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

Ipecac: copious bleeding preceeded by a sensation of bubbling in chest; tickling cough from behind the sternum.

লিডাম্ পলাষ্ট্রী—প্রচুর পরিমাণ উজ্জ্বল ও ফেনযুক্ত রক্ত স্রাব, তৎসঙ্গে লেরিংস ও টেকিয়া শুড়শুড় করিয়া প্রবল কাশি, বক্ষে ও মস্তকে রক্তাধিক্য, বধিরতা, সবল ও কঠিন নাড়ী, বক্ষের কোন অংশে জ্বালাকর বেদনা, এবং ঐ স্থান হইতে রক্ত উঠিতেছে এরূপ অনুভব, যকৃৎ ও পোর্টাল শিরায় রক্তাধিক্য, পর্য্যায়ক্রমে বঙ্ক্ষন (Hip) সন্ধির রোগ ও রক্ত উঠা ইত্যাদি।

Ledum: red and frothy blood, violent and spasmodic cough, pulse strong and hard, burning pain in chest, liver and portal congestion.

মেলিফোলিয়াম্—অধিক কাশি ব্যতীত ও বিনা কষ্টে লাল ও ফেনযুক্ত তরল রক্ত স্রাব। রজঃলোপ ও লোকিয়া বন্ধ বশতঃ মুখ দিয়া রক্ত উঠিলে, এবং টীউবার্কিউলার ও কার্ডিয়্যক্ রক্তোৎকাশ রোগে ইহা বিস্তর ব্যবহৃত হয়। হেমেমেলিস্ কেবল পাল্মোনারী অর্থাৎ ফুসফুস সম্বন্ধীয় শিরার রক্ত স্রাবে উপকার করিয়া থাকে।

Millefolium: painless hæmorrhage of light color or red frothy thin blood ejected without much coughing.

মার্টাস-কম্—যক্ষ্মা গ্রস্ত ব্যক্তির বাম ফুসফুসে তীক্ষ্ম বেদনা থাকিলে ইহা উপযোগী হয়।

Myrtus com: pain in upper part of left lung in phthisis.

Nuxvom: blood spitting after high living and drinking from suppressed hæmorrhoidal discharges after fits of passion.

নক্সভমিকা—অতিরিক্ত পান ও ভোজন দোষ জনিত রক্তোৎকাশ, বক্ষে গুড়গুড়ি হইয়া কাশি, তৎসঙ্গে শিরঃপীড়া, অর্শের স্রাব বন্ধ হেতু রক্তোৎকাশ অথবা রাগ প্রভৃতির পরবর্ত্তী অসুখে ইহা ফলপ্রদ।

Opium: blood spitting of drunkards, thick frothy blood, cold extermities, oppressed breathing, and absence of all pain

ওপিয়াম্—মদ্যপায়ীদিগের রক্তোৎকাশিতে ইহা ফলপ্রদ। ঘন ও ফেনযুক্ত রক্তস্রাব, ঢোক্ গিলিতে কাশির বৃদ্ধি, শ্বাসকষ্ট, মানসিক যাতনা, হৃৎপিণ্ডের স্থানে জ্বালা, বাহু-কম্পন, ক্ষীণ স্বর, উদ্বেগজনক নিদ্রা, নিদ্রায় হঠাৎ চমকে উঠা শীতল হস্তপদ, বক্ষে উত্তাপ, এবং বেদনা হীনতা প্রভৃতি ওপি-য়ম প্রয়োগ লক্ষণ।

Phosphorus: tight feeling in chest, with dry tight cough, followed by hæmorrhage. Inflammatory symptoms of fever supervening on an attack of hæmoptysis.

ফসফারাস্—ঋতুর সময় ঋতু না হইয়া রক্ত উঠা, টিউ-বার্কেলার ধাতু, শুষ্ক ও টাইট কাশি, কাশিতে সর্ব্ব শরীর কম্পন, মধ্যে মধ্যে প্রচুর পরিমাণ রক্ত উঠা আবার কিছুদিন বন্ধ থাকা, তৎপরে রক্ত হীনতা ও দুর্ব্বলতা, সন্ধ্যা হইতে রাত্রি দুই প্রহর পর্য্যন্ত বৃদ্ধি, প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

রক্তোৎকাশের তরুণ অবস্থায় ইহার বড় ব্যবহার নাই তবে উহাতে প্রাদাহিক লক্ষণ ও টিউবার্কেল্ প্রকাশ পাইলে এবং তৎসঙ্গে কর্কশ স্বর, শুষ্ক ও ঘন ঘন কাশি, লেরিংসের নিম্নে গুড়গুড়ি ও শ্বাসকষ্ট, প্রবল জ্বর এবং রক্ত উঠার ধাতুতে ইহা ব্যবহার করা যায়।

Plumbum alternate hæmoptysis and purulent sputa in phthisis.

প্লাম্বাম্—যক্ষ্মা রোগে একবার রক্ত উঠা ও একবার প্রচুর পূযের মত শ্লেষ্মা স্রাব হইলে ইহা উপযোগী হয়।

Pulsatilla: dark, coagulated blood spitting, worse in night soreness in left side of chest.

পালসেটীলা—কাল ও চাপ চাপ রক্ত উঠা, রাত্রিতে মানসিক যাতনা ও কম্প, দুর্ব্বলতা, পাতলা ভেদ, ঋতু বন্ধ, বাম বক্ষের উর্দ্ধাংশে বাম স্কন্ধে ও বাম বাহুতে অত্যন্ত ক্ষত বোধ ও বেদনা।

রাসটক্স—কুন্থন, পদার্থ উত্তোলন, বংশীবাদন এবং পর্য্যায়ক্রমে মানসিক শ্রান্তি ও উত্তেজনা বশতঃ উজ্জ্বল রক্ত উঠা, বক্ষের ভিতর শুড়শুড়ি বোধ, ও ছিন্নকর কাশি, রক্ত উঠার স্বভাব প্রাপ্তি এবং পরিণামে রক্তহীনতা ও দুর্ব্বলতা প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

Rhustox · red blood after straining, lifting blowing instruments, tickling in chest, tearing cough, habit of spitting blood, afterwards anæmia and debility.

স্যাঙ্গুয়িনেরিয়া—যক্ষ্মার অঙ্কুরে রক্ত উঠা। রজোলোপ অবস্থায় রক্ত উঠায় ইহা ফলপ্রদ।

Sanguinaria · blood spitting during incipient phthisis, during and after climaxis

সিনিসিয়ো গ্রেসিলিস্—রজঃ লোপাবস্থায় রক্ত উঠা, অত্যন্ত দুর্ব্বলতা, প্রথমতঃ শুষ্ক পরে প্রচুর পরিমাণ তরল ও পীত বর্ণের শ্লেষ্মা স্রাব, শ্লেষ্মায় রক্তের ছিট্, তৎসঙ্গে বক্ষে বেদনা প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

Senecio · Hæmoptysis in suppressed menstruation, cough first dry then loose blood streaked sputa.

ষ্ট্যানম্—রক্ত স্রাব, তৎসঙ্গে প্রচুর শ্লেষ্মাস্রাব, বক্ষে বেদনা ও দুর্ব্বলতা, তজ্জন্য কথা কহিতে অক্ষমতা, নাড়ী ক্ষুদ্র ও দ্রুত।

Stannum · with copious sputa, blood spitting

সালফুরিক এসিড—রজোলোপাবস্থায় রক্ত উঠা, গুটিকা রোগে ফুসফুসের স্থানে স্থানে ক্ষত, নাড়ী ক্ষুদ্র, দ্রুত ও দুর্ব্বল অবস্থায় ইহা উপযোগী।

Sulph acid · climacteric period, profuse bleeding, ulcerated lungs, pulse small weak and quick,

সালফার—নক্স ও আর্সেনিকের পর ইহা উপযোগী। ইহা পুনরাক্রমণ নিবারণ করিতে পারে।

Sulphur after nux and Ars. to prevent relapses.

টার্টারএমেটিক—রোগ সারিলে যদি অনেক দিবসাবধি রক্ত ও শ্লেষ্মা থাকে তবে ইহা উপযোগী।

Tart emetic —bloody slimy sputa after the attack

রক্তোৎকাশ রোগের অবস্থানুসারে

ঔষধের তালিকাঃ—

(১) ফুসফুসের তরুণ রক্তাধিক্যে একো, আর্ণ, বেল্, মেলিফোলি, নক্স, ট্রিলিয়াম্, ও ভেরেট্রাম ভিরিডি উপযোগী।

For active pulmonary congestion.

For passive pulmonary congestion.

(২) ফুসফুসে শিরায় রক্তাধিক্য হইলে আর্সেনিক, ডিজিটেলিস্, হেমেমেলিস্, ইরিজিরন্ ও ইপিকাকুয়ানা।

For mechanical pulmonary congestion

(৩) যান্ত্রিক কৌশলে ফুসফুসে রক্তাধিক্য হইলে ক্যাক্টাস্, ডিজিটেলিস্, লিডাম্ ও আর্সেনিক।

For pulmonary œdema.

(৪) ফুসফুসে শোথ বশতঃ রক্ত উঠিলে ফসফরাস্, ডিজিট্, এন্টিম্‌টার্ট ও আর্সেনিক।

For vicarious hæmoptysis

(৫) ঋতু বন্ধ প্রযুক্ত রক্ত উঠিলে—পাল্‌স, ব্রাই ও সিলিসিয়া।

For hæmoptysis due to tuberculosis.

(৬) টিউবার্কেল বা গুটিকা জনিত রক্তোৎকাশে—একো, আর্ণ, পালস, মেলিফোলি, লিডাম্, ও ফস ব্যবস্থা।

hæmoptysis due to cardiac disease.

(৭) হৃদ রোগ বশতঃ রক্ত উঠিলে একো, ক্যাক্টাস্, ডিজিট, ও আর্সেনিক্।

due to emphysema and asthma

(৮) এম্ফিসিমা ও এজ্‌মা বশতঃ রক্ত স্রাবে কুপ্রাম, ইপিকা, আর্স, নক্স, ব্রাই, ডিজিট, এবং কার্ব্বোভেজ।

due to catarrh.

(৯) সর্দ্দি বশতঃ ঐরূপ হইলে বেল্, হায়েস্, মার্ক ও সিলা ব্যবহার্য্য।

due to inflamation

ফুসফুস প্রদাহ বশতঃ রক্তস্রাবে (আর্ণিকা, ব্রাই, ডিজিট্ ফস ও মার্ক ব্যবস্থা হয়।

For the prevention of the return of hæmoptysis ·

রক্তোৎকাশের পুনরাক্রমণ নিবারণ জন্য কাল্ককার্ব্ব, কার্ব্বভেজ, বোনায়াম্ ফেরাম্ সিপিয়া ও সাইলিসিয়া ব্যবহার্য্য।

একিউট নেজাল্ ক্যাটার।

ACUTE NASAL CATARRH.

Acute nasal catarrh.

Synonyms: Rhinitis, coryza, cold in the head running at the nose, snuffles.

অপর নাম—একিউট রিনাইটিস্, একিউট কোরাইজা, মস্তকের শৈত্য, নাসাস্রাব, স্নাফ্‌লস নাসিকার তরুণ সর্দ্দি।

নির্ব্বাচন বা পরিচয়—নাসারন্ধ্র ও এতদসংযুক্ত গহ্বর গুলির শ্লৈষ্মিক ঝিল্লীতে তরুণ প্রদাহ বশতঃ যদি জ্বর বোধ, মস্তকে ভার বোধ, এবং প্রথমতঃ শ্লেষ্মা বদ্ধ হইয়া পরে প্রচুর শ্লেষ্মা স্রাব হয় তবে উহাকে নাসিকার তরুণ সর্দ্দি কহে।

শরীরের যে কোন প্রদেশের শ্লৈষ্মিক ঝিল্লি হইতে শ্লেষ্মা স্রাব হয় উহাকে ক্যাটার কহা যায়। গ্রীক দেশের লোকেরা সর্দ্দি রোগে মস্তকের ভিতর সিদ্ধ হইতে থাকে বলিয়া উহাকে কোরাইজা বলিয়া থাকেন।

ইতিহাস—অতি পূর্ব্ব কালের লোকের এরূপ বিশ্বাস ছিল যে সর্দ্দি রোগে মস্তিষ্ক হইতে রস ঝরিযা নাসিকায় অবতরণ করে এমন কি অনেকে বলিয়াছেন যে স্ফিনয়েড অস্থির উপরিস্থ পিটুয়িটারী গ্রন্থি হইতে রস ঝরিয়া থাকে। কিন্তু সপ্তদশ শতাব্দীর মধ্যভাগে ডাক্তার স্নীডার সাহেব দ্বারা ইহা স্থিরীকৃত হইয়াছে যে, সর্দ্দি রোগে নাসা গহ্বরস্থিত শ্লৈষ্মিক ঝিল্লীর উগ্রতা হেতু স্থানিক লক্ষণ প্রকাশিত হইলেও ঐরোগে সর্ব্বাঙ্গিক বা কনষ্টিটিউসনাল্ লক্ষণ সমূহ প্রকাশ পাইয়া থাকে।

কারণ—শারিরীক যাবতীয় টিস্যু বা তন্তু অপেক্ষা নাসিকার শ্লৈষ্মিক ঝিল্লি বাহিরের পদার্থ দ্বারা আক্রান্ত হইয়া থাকে। সুতরাং হঠাৎ ঋতু পরিবর্ত্তনে অর্থাৎ গরমের পর ঠাণ্ডা এবং ঠাণ্ডার পর গরম পড়িলে, উত্তেজক ধূম অথবা ধুলিকণা আঘ্রাণ করিলে, শৈত্য প্রয়োগ দ্বারা হঠাৎ ঘর্ম্ম রোধ হইলে, তৎসঙ্গে পদদ্বয় অভিষিক্ত করিয়া রাখিলে সহজেই সর্দ্দি রোগ উৎপন্ন হয়। ব্যক্তি বিশেষের ধাতুতে ঠাণ্ডা একবারেই সহ্য হয় না যথাঃ—কয়েক মিনিট অভিষিক্ত পদে বিচরণ করিলে, অথবা

Definition : an acute catarrhal inflammation of the mucous membranes lining the nose and the cavities communicating with it, characterized by feverishness, feeling of fulness in head and diminished followed by an increased secretion. The term Catarrh is applied to a downward discharge of fluid from any mucous membrane. Coryza signifies a peculiar boiling or stewing sensation in the nose and frontal regions

History : the old pathologists thouhgt that in catarrah the discharge came from the brain, till Schneider exposed the fallacy constitutional symptoms in catarrh to be especially considered.

Causes : sudden changes from hot to cold or the reverse, inhalations of

dust and of irritating vapors, sudden arrest of perspiration, and getting the feet wet Susceptible constitution to cold, and suppression of chronic eruptions by washes and salves. Eruptive fevers, imperfect action of skin liver and kidneys; mercury, ars, potassium, and iodine poisoning, malaria Common catarrh is not contagious like gonorrhoea Anatomy of catarrh: The anterior nares communicate with the nasal fossæ which is situated in the middle line of the face extending from the base of the cranium to the roof of the mouth, and seperated by a partition called septum, Nasal fossæ communicate with the pharynx and upper part of the throat by two openings called posterior nares Each

গ্রীবায় ঠাণ্ডা লাগাইলে উহাদিগের প্রবল সর্দ্দি উপস্থিত হয়। উন্মুক্ত বাতায়নে দণ্ডায়মান থাকিলে অথবা খালি পায়ে বেড়াইলে অনেকের সর্দ্দি হইতে পারে। পুরাতন চর্ম্ম স্ফোট অর্থাৎ ইরাপ্সন বসিয়া বা মিলাইয়া গেলে সর্দ্দি হইতে পারে। বসন্ত রোগ আরক্ত জ্বর এবং বিশেষতঃ হাম জ্বরের সহিত পাকাশয়, কণ্ঠ, নাসিকা এবং কর্ণ হইতে শ্লেষ্মা স্রাব হইতে দেখা যায়। ত্বক, যকৃত, অথবা মূত্রগ্রন্থি সম্যক্‌রূপে আপনাপন কার্য্য করিতে না পারিলে, সর্দ্দি দ্বারা শারিরীক ক্লেদ বাহির হইয়া থাকে। পূর্ণ অথবা মধ্য মাত্রায়-পারদ, আর্সেনিক, পটাসিয়াম ও আইওডিয়াম সেবন করিলেও বহুদিনস্থায়ী ও কষ্টকর সর্দ্দি রোগ হইতে দেখা যায়। ম্যালেরিয়া সর্দ্দি রোগের পূর্ব্ববর্ত্তী কারণ বলিয়া উল্লিখিত হইয়াছে অর্থাৎ ইহা দ্বারা শরীর যন্ত্রের বিধান বিকার উপস্থিত হয় এবং শ্লৈষ্মিক ঝিল্লির উত্তেজনা হেতু প্রচুর সর্দ্দি হইয়া থাকে।

সাধারণ সর্দ্দি সংক্রামক নহে। প্রমেহ রোগ সাধারণতঃ সংক্রামক হইয়া থাকে।

এনাটমী ও পেথোলজী—অর্থাৎ সুস্থ ও অসুস্থ বিধান—সম্মুখ নাসারন্ধ্র নেজাল্‌ফসি নামক অসমান গহ্বর দ্বয়ের সহিত যোগ রাখিয়া থাকে। মুখ প্রদেশের মধ্যস্থলে দুইটী অসমান গহ্বর দৃষ্ট হয়, উহাদিগকে নেজাল ফসি কহে। এই গহ্বরদ্বয় ক্রেনিয়ামের তল দেশ হইতে মুখ-গহ্বরের

ছাদ পর্য্যন্ত বিস্তৃত থাকে। দুই গহ্বরের ব্যবধানে লম্বা, এবং পাতলা এক প্রাচীর দৃষ্ট হয় উহাকে সেপ্‌টাম কহে। পশ্চাৎ নাসারন্ধ্র নামক দুই ছিদ্রের দ্বারা নেজাল ফসি ফেরিংস অর্থাৎ গুহা নলীর সহিত অথবা পোটের উর্দ্ধাংশের সহিত যোগ রাখিয়া থাকে। নাসার অভ্যন্তর গঠন অতি সূক্ষ্ম। প্রত্যেক নেজাল ফসাতে বক্র ও মোচড়ান তিন খানি অস্থি দৃষ্ট হয়, উহাদিগকে টার্বিনেটেড অস্থি কহে। ঐ অস্থি খণ্ডগুলির দুই প্রদেশ স্বাধীন বা মুক্ত অর্থাৎ উহাদের দুই গাত্রে কিছুই সংলগ্ন থাকেনা; উহাদের গাত্রে কেবল সূক্ষ্ম শ্লৈষ্মিক ঝিল্লী আবৃত থাকে এবং তাহাতেই নেজাল ফসা অনেকটা পূর্ণ দেখায়। নেজাল ফসার উর্দ্ধ দিকের শ্লৈষ্মিক ঝিল্লী অত্যন্ত ঘন, কোমল স্পঞ্জের মত এবং রক্তপূর্ণ অথবা লাল থাকে এবং উহাতে বহু সংখ্যক মিউকাস ফলিকেল দৃষ্ট হয়, যদ্দ্বারা, এক প্রকার রস নিঃসৃত হইয়া উক্ত শ্লৈষ্মিক ঝিল্লিকে সরস ও চেতনা বিশিষ্ট করিয়া রাখে। শ্লৈষ্মিক ঝিল্লীর ঐ অংশেই কেবল অলফ্যাকটরী স্নায়ুর শাখা প্রশাখা দৃষ্ট হয় যদ্দ্বারা আঘ্রাণের সুবিধা হইয়া থাকে, এই স্থানের ঝিল্লী অলফ্যাকটরী ঝিল্লী নামে আখ্যাত হইয়া থাকে, এই স্থান ব্যতীত নাসা পথের অন্যান্য অংশে যে শ্লৈষ্মিক ঝিল্লী দৃষ্ট হয় উহা

fossa has three turbinated* bones. These twisted plates of bones with their two sides free are covered with mucous membrane.

At the upper part of the nasal fossæ the membrane is thick, soft, spongy and vascular, and is supplied with numerous mucous follicles, which exude a secretion by which the surface is protected and kept in a moist and sensitive condition This portion is only supplied with filaments of olfactory nerve, which is capable of receiving the impression of smell. The membrane of this portion is designated as olfactory membrane. Elsewhere the nasal passages are lined with a mucous membrane which is less vascular and spongy and which is cal-

lad schneiderian or pituitary membrane

Nasal fossæ communicate with frontal, sphenoidal, maxillary and ethomoidal, sinuses, these are also lined with pituitary membrane and frequently affected with catarrhal inflammation.

Pathological changes: Pituitary membrane becomes congested slightly inflamed and dry; it swells; the hydrostatic pressure obstructs the functions of capillaries, the serum exudes through the distended capillaries and adds to the swelling of adjacent tissues The epithelial cells of the membrane become infiltrated and take a globular form entangling granulations of mucin, they are then thrown off, and constitute with

ত্ত স্পর্শ্বি এবং আরক্ত নহে। উহাকে স্নিডিরিয়ান্ বা পিটুয়িটারী ঝিল্লী কহে।

নেজাল্ ফসির সহিত ৪টী সাইনাস্ বা গহ্বরের যোগ দৃষ্ট হয় যথাঃ—ফ্রণ্টাল্, স্ফিনয়েডাল্, ম্যাগ্জিলারী, এবং এথ্‌মযিডাল্।

ঐ চারিটী গহ্বরেও পিটুটারীর মত শ্লৈষ্মিক ঝিল্লী দৃষ্ট হয় এবং উহারাও সর্দ্দি রোগে প্রদাহিত হইয়া থাকে।

কোরাইজা অর্থাৎ তরুণ সর্দ্দি রোগে কিরূপ নৈদানিক পরিবর্ত্তন সংঘটিত হয় এক্ষণে তাহার আলোচনা করা কর্ত্তব্যঃ—

পিটুটারী শ্লৈষ্মিক ঝিল্লীতে প্রথমে রক্তাধিক্য ও প্রদাহের অঙ্কুর ও শুষ্কতা দৃষ্ট হয়, পরে উহা ফুলিয়া ওঠে. এই রস পূর্ণতার চাপে ঐ স্থানের প্রসারিত কেপিলারীগুলি আপন কার্য্য করিতে পারে না, সুতরাং প্রসারিত কেপিলারীর রক্ত হইতে সিরাম চোয়াইয়া চতুর্দ্দিকস্থ তন্তুতে উপস্থিত হয় এবং এমতে ফুলার বৃদ্ধি হইতে থাকে। ক্রমে বিস্তৃত শ্লৈষ্মিক ঝিল্লীর এপিথিলিয়াম কোষগুলি রস পূর্ণ হইয়া ও মিউসিন কনা গ্রহণ করিয়া গোলাকার ভাব ধারণ করে। তৎপরে উক্ত রূপে এপিথিলিয়াম কোষগুলি ছিঁড়িয়া বহির্গত হয়। শ্লেষ্মাখণ্ড ও অর্দ্ধ নির্ম্মিত এপিথিলিয়াম যাহা বহির্গত হয় তাহা দেখিতে অর্দ্ধ স্বচ্ছ, আটাযুক্ত এবং নীল ও ধূসর বর্ণ মিশ্রিত হইয়া থাকে।

এই শ্লেষ্মার সহিত পূয কণা দৃষ্ট হয় এবং উক্ত পূঁযকণার সংখ্যানুসারে শ্লেষ্মা দেখিতে অস্বচ্ছ ও পীতবর্ণের হয়।

স্পেকুলাম দ্বারা নাসা গহ্বর পরীক্ষা করিলে ইন্‌ফিরিয়ার টার্বিনেটেড্ অস্থির কোমল আবরণ অত্যন্ত পুরু হইয়াছে বলিয়া বোধ হইবে এবং উক্ত অস্থি যেন গহ্বরের তল দেশে সংলগ্ন হইয়া ও সেপ্‌টামকে চাপিয়া রহিয়াছে এরূপ বোধ হইবে, ঝিল্লীও স্পঞ্জের মত হয় এবং উহাতে শর্দ্দি লাগিয়া থাকে।

নিকটবর্ত্তী তন্তু সমুদায়ের ফুলা প্রযুক্ত মধ্য-টার্বিনেটেড অস্থি প্রায়ই দৃষ্ট হয় না। কদাচ উহার সম্মুখ কোণটী দেখিতে পাওয়া যায়।

রিনোস্কোপ্ যন্ত্র দ্বারা পশ্চাৎ নাসারন্ধ্রে অনেক পরিবর্ত্তন দৃষ্ট হয় যথাঃ—টার্বিনেটেড্ অস্থি বৃদ্ধি পায় ও রক্তের ছিট মিশ্রিত ধূসর বর্ণ হয়। পশ্চাৎ নাসারন্ধ্রের শ্লৈষ্মিক ঝিল্লী প্রদাহিত ও স্ফীত হইয়া থাকে, ফুলা ক্রমে কমিয়া আসে এবং শ্লেষ্মা ঘন ও পূযের মত হয়। কিছুদিন এইরূপ অবস্থা থাকিলে শ্লেষ্মা পাত্‌লা, ফিকেবর্ণ, চটচটে, এবং অল্প হইয়া আসে

mucous globules, and half formed epithelium the semi-transparent gelatinous bluish-gray discharge. Pus is usually mixed with this mucus, and give it, according to their number, a more or less opaque yellowish color. Speculum shows thickening of the soft tissues covering the inferior turbinated bone which rests on tho floor of the cavity and presses upon the septtum. Spongy membrane remains, coated with mucus, middle turbinated bone remains hidden owing to swelling. Rhinoscope reveals the hypertrophied condition of the turbinated bones and inflamed condition of the lining of the post—nasal cavity Inflammation gradually subsides, discharge becomes thicker and puslike, later it becomes more

এবং অবশেষে রেজোলিউসন দ্বারা আরোগ্য হয়। ১০। ১২ দিন তরুণ শর্দ্দি ভোগ হইয়া থাকে।

লক্ষণ—তরুণ ক্যাটার বা সর্দ্দি রোগে নাসাভ্যন্তরে শুষ্কতা, তাপ ও ভার বোধ হয়। এই ভার উপরে বৃদ্ধি পাইয়া সম্মুখ শিরোবেদনায় পরিণত হয়। এক্ষণে শ্লৈষ্মিক ঝিল্লীর উত্তেজনা আরম্ভ হয়, অর্থাৎ নাকের ভিতর চিন্‌চিন্ ও সড়সড় করিতে থাকে, এবং বারম্বার হাঁচি উৎপন্ন হয় ও নাসিকা হইতে পাতলা সর্দ্দি ঝরিতে থাকে। শ্লৈষ্মিক ঝিল্লীর রসপূর্ণতা হেতু এক বা দুই নাসারন্ধ্র বন্ধ হইয়া যায় (এরূপ অবস্থাকে ষ্টিনোসিস্ কহে) এবং রোগীকে শ্বাস প্রশ্বাস গ্রহণ কার্য্য মুখ গহ্বরের দ্বারা অনেক পরিমাণে সম্পাদন করিতে হয়। কথা নাকি বা অনুনাসিক হইয়া পড়ে। কম্প, ঈষৎজ্বর, ও ক্ষুধামান্দ্য, প্রভৃতি লক্ষণ প্রকাশ পায়। অর্থাৎ অত্যন্ত সর্দ্দি হইলে শারীরিক ও মানসিক কোন কার্য্যে ব্যাপৃত হইতে ইচ্ছা করে না, শরীরে আলস্যও শ্রান্তি অনুভূত হয় এবং সর্ব্বাঙ্গে কামড়ানি ও ক্ষত বোধ হইয়া থাকে। জ্বরে শারীরিক উত্তাপ বৃদ্ধি পাইয়া ১০০, ১০১ অথবা ১০২ ডিগ্রি পর্য্যন্ত উঠিতে পারে। এতৎসঙ্গে দ্রুত নাড়ী, শুষ্কগাত্র, ময়লা জিহ্বা, ক্ষুধামান্দ্য, মলবদ্ধ, ঘন ও লাল প্রস্রাব এবং ধরিয়া রাখিলে উহাতে ইউরেটস্ অধঃপতন হইয়া থাকে। কোন কোন ব্যক্তির অত্যন্ত দুর্ব্বলতা, গলা বেদনা ও ঘাড়ের আড়ষ্টতা, কণ্ঠেরভিতর আরক্তিমতা, গলাধঃকরণে কষ্ট, মুখমণ্ডলের স্নায়ুশূল ও চক্ষু বেদনা প্রভৃতি লক্ষণ প্রকাশ পাইয়া থাকে। এতদ্ব্যতীত, স্বরের কর্কশতা, স্বরলোপ, কাশি, এবং কথা কহিলে বা কাশিলে লেরিংস ও ট্রেকিয়া নলী মধ্যে বেদনা অনুভূত হয়। ব্রংকাই নলী মধ্যে সর্দ্দি বিস্তৃত হইলে রোগীর বক্ষে ভার ও টাইট বোধ হইয়া থাকে এবং তৎসঙ্গে পূর্ব্বাপেক্ষা কাশি, হুইজিং বা সাঁই সাঁই শব্দ এবং ব্রংকিয়াল ক্যাটারের

gelatinous and less copious, average duration of catarrh is from 10 to 12 days.
Symptoms: feeling of dryness heat and fulness, spreads upward to the forehead, producing a dull frontal headache Irritation of mucous membrane as itching, tingling sneezing, and dripping; obstructed nose with nasal speech, indisposition for any occupation or mental effort, languid and tired feeling, rigor, aching or soreness of limbs, more or less pyrexia, with frequent pulse, dry skin, furred tongue constipation, concentrated high colored urine, weakness, red and sore throat, stiffneck, dysphagia, hoarseness, loss of voice, cough, pain on speaking, oppressed and tight chest, wheezing, deafness, loss of smell and

অন্যান্য লক্ষণ প্রকাশ হয়। অনেক স্থলে ইউষ্টেসিয়ান্ নলী আক্রান্ত হওয়া প্রযুক্ত বধিরতা উপস্থিত হয়, এবং এই সময়েই আস্বাদন ও ঘ্রাণ শক্তির লোপ হইয়া থাকে। স্থানিক লক্ষণানুসারে উক্ত শরীর গত বা লক্ষণগুলির তারতম্য হইয়া থাকে। নাসিকা বদ্ধ হইলে ঘ্রাণশক্তি থাকে না এবং উহার সহানুভূতিতে আস্বাদন শক্তিরও (Gustatory sense) লোপ অথবা হ্রাস হইয়া থাকে। শর্দ্দি গ্রস্ত ব্যক্তি মাত্রেই বলিয়া থাকে যে তাহাদের মুখ বিস্বাদ হইয়াছে, কোন তারই পাওয়া যায় না অথবা সর্ব্ব সামগ্রী সমান আস্বাদিত হইয়া থাকে। সর্দ্দি রোগে অন্নবাহীনলী আক্রান্ত হইলেই গলাধঃকরণ কালে ইসোফেগাস্ নলীতে বেদনা, এপিগাষ্ট্রীয়াম্ বা পাকাশয় প্রদেশে বেদনা, সম্পূর্ণ ক্ষুধামান্দ্য, বমনেচ্ছা ও বমন এবং উদরাময় লক্ষণ প্রকাশিত হয়। কদাচ, সর্দ্দিতে ক্যাটারল-জণ্ডিস্ বা ন্যাবা রোগ লক্ষণ প্রকাশ পাইয়া থাকে।

taste, pain in esophagus and in epigastrium, complete anorexia, nausea, vomiting, diarrhoea and catarrhal jaundice.

সর্দ্দি কখন প্রবল কখন বা মৃদু ভাবে প্রকাশ পাইতে পারে। সাধারণতঃ ইহা ২। ৩ দিন বৃদ্ধি পাইয়া কমিতে থাকে। নাসাস্রাব ক্রমে প্রচুর হয় ও পূঁযের আকার ধারণ করে। সর্দ্দিতে মুখ গহ্বর বেদনাগ্রস্ত হয়। ওষ্ঠে হার্পিস বা জ্বর স্ফোট বাহির হয় এবং নাসারন্ধ্রের ভিতর অল্প অল্প ক্ষত হইয়া থাকে। রাত্রিকালে সর্দ্দির যাবতীয় অসুখ বৃদ্ধি পায় সুতরাং নিদ্রার বিলক্ষণ ব্যাঘাত ঘটিয়া থাকে। কয়েক দিনের মধ্যেই শর্দ্দি রোগ আরোগ্য হয়। কোন কোন স্থলে আরোগ্য হইলেও কিছু দিনের জন্য সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা, ক্ষুধামান্দ্য, কাশি, ঘ্রাণ ও আস্বাদন শক্তির লোপ প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে। শিশু ও বৃদ্ধ, দুর্ব্বল ও কোমলাঙ্গী এবং শরীর ও মনের পরিশ্রম জনিত নিস্তেজ ব্যক্তিদিগের সর্দ্দি হইলে ব্রংকাইটিস বা শ্বাসনলীর প্রদাহ হইতে পারে।

Catarrh gradually diminish, nasal discharge more abundant and profuse assuming a muco-purulent appearance, mouth becomes sore, *herpes appears on lips*, nostrils ulcerate, sleep is disturbed, catarrh ends in recovery or debility, loss of appetite, cough, impairment of sense of smell and taste may remain for a certain time, and bronchites may sup-*ervene in* catarrh of delicate, feeble, young old or bodily and mentally depressed persons.

The 1st stage of dryness, irritation and tumefaction is of short duration. 2nd stage: more or less free discharge of thin serous acrid fluid which irritates, by contact, the nostrils and the lip. Constant dripping from and blowing of the nose, torments the patient and blood is discharged from the inflamed and sensitive membranes, discharge proceeds from pituitary membrane, quantity astonishing. The swelling and turgescence of the pituitary membrane lining the frontal, ethmoidal and sphenoidal cavities close the openings into the nasal cavity, and thus penning up the secretions, produces pressure upon the nerves, and consequently frontal pain or headache. Inflammation may extend

নাসাগহ্বরের সর্দ্দি রোগের উল্লিখিত শুষ্কতা, উত্তেজনা ও রসপূর্ণতা অতি অল্প কাল থাকে মাত্র। সর্দ্দি রোগের ২য় অবস্থায়, অল্প বা অধিক পরিমাণে পাতলা, সিরাস্, ও উগ্র রস বা শ্লেষ্মা বাহির হয় এই রসের স্পর্শে উত্তেজনার লক্ষণ প্রকাশ পায়, যেহেতু রস গড়াইবার কালে নাসারন্ধ্রে অথবা ওষ্টে ক্ষত হইয়া থাকে। সর্ব্বদা নাক দিয়া রস ঝরা ও সর্ব্বদা নাক ঝাড়া প্রযুক্ত রোগীর অত্যন্ত কষ্ট হইয়া থাকে। প্রদাহিত ও চেতনা বিশিষ্ট ঝিল্লির গাত্র হইতে রক্তপাত হইয়াও থাকে। সমস্ত পিটুয়িটারি ঝিল্লি হইতে শ্লেষ্মাস্রাব হয়, বিস্তৃত নিঃসরণকারী শ্লৈষ্মিক ঝিল্লির গাত্র হইতে এবং টার্বিনেটেড অস্থির বিস্তৃত ভাঁজ হইতে প্রচুর শ্লেষ্মা স্রাব হইয়া থাকে। ফ্রণ্টাল সাইনস বা গহ্বরের পিটুইটারি ঝিল্লির স্ফীতি ও রক্ত পূর্ণতা বশতঃ সর্দ্দি রোগে সম্মুখ কপালে বেদনা হয়। এথ্‌ময়েড এবং স্ফিনয়েড সাইনস্ বা গহ্বরের ঐরূপ স্ফীতি ও রক্তাধিক্য বশতঃ পশ্চাৎ নাসারন্ধ্রদ্বয়ের মুখ বন্ধ হয় একারণ স্নায়ু সূত্রের উপর শ্লেষ্মার চাপ পতিত হইয়া বেদনা উৎপন্ন করে। কদাচ এরূপ স্নায়ুশূল উৎপন্ন হয় যে রোগী যন্ত্রণায় অস্থির হইয়া পড়ে। কদাচ পশ্চাৎ নাসারন্ধ্র হইতে ইউষ্টেশিয়ান নলীতে

প্রবাহ বিস্তৃত হইয়া বধিরতা এবং কর্ণ মধ্যে কষ্টকর যাতনা উপস্থিত হইয়া থাকে। সর্দ্দি রোগের সহানুভূতিতে চক্ষু লাল ও জলপূর্ণ হয় এবং উহাতে বিবিধ প্রকার জ্বালা ও হুল-ফুটার মত যন্ত্রণা হইয়া থাকে।

to the Eustachian tube and cause hardness of hearing and disagreeable sensation in ears, the eyes sympathize with the irritation, and become red and watery; patient complains of burning and stinging sensation in them.

রোগের বর্দ্ধিত অবস্থায় শ্লেষ্মা ঘন ও অল্প হয়, নাসারন্ধ্রের ভিতর শ্লেষ্মা শুষ্ক হইয়া বড় বড় মামড়ি বা ক্রষ্ট উৎপন্ন করে। উহাদিগকে অতি কষ্টে বাহির করিতে হয়। নাসারন্ধ্রে শ্লেষ্মা সঞ্চয় বশতঃ কদাচ এই কালে সবুজ বর্ণের এবং অত্যন্ত দুর্গন্ধ-যুক্ত শ্লেষ্মা বাহির হইয়া থাকে।

Catarrhal discharge gradually becomes thicker and less copious, secretions dry up in large crusts sometimes the discharge at this period is of greenish hue and offensive through long retention in the nose.

বালক এবং ক্ষুদ্র শিশুর কোরাইজা বা স্নাফলস্ রোগে অত্যন্ত কষ্ট উপস্থিত হইয়া থাকে। শিশুকে মুখ দিয়া কেবল নিশ্বাস লইতে হয়। স্তন পান করিবার কালে শ্বাস অবরোধ লক্ষণ উপস্থিত হয়। শিশুকে স্তন পান করাইতে গেলে কাঁদে। প্রসূতি বা ধাত্রী শিশুর ঐরূপ অবস্থা দেখিয়া উহার মুখে বা জিহ্বায় ক্ষত হইয়াছে বলিয়া বোধ করেন। কিন্তু প্রকৃত রোগের কারণ যে নাসারন্ধ্রের ভিতর অবস্থিতি করে ইহা তাহারা বুঝিতে পারেন না। সে যাহা হউক শিশুর এবম্প্রকার সর্দ্দি রোগ নিবারণ না করিয়া উহাকে দুগ্ধ পান করাইতে চেষ্টা করা বৃথা। কারণ, বহু চেষ্টা করিলেও শিশুকে দুগ্ধপান করান যায় না। শিশু পোষণ অভাবে অত্যন্ত উগ্র

Snuffles or coryza of infancy: child breathes entirely through the mouth, relinquishes the breast and is almost suffocated owing to the swelling in the narrow nasal fossa. The mischief being in the nose and not in the mouth as is often attributed by the mother or nurse The child cries of distress and

স্বভাবাপন্ন হইয়া পড়ে। উহার শরীর শীর্ণ ও দুর্ব্বল হয় এবং ক্রমে মৃত্যু ঘটিতে পারে।

dies ultimately if not taken care of.

রোগনিরূপণ ও ভাবীফল—মুখ ফোলা, চক্ষু ভার, গলা ভাঙ্গা, নাকি সুর, এবং মেজমেজে শরীর অর্থাৎ শ্রান্তিযুক্ত আলস্য এবং নাক দিয়া শ্লেষ্মা স্রাব প্রভৃতি লক্ষণ দেখিয়া কেহই শর্দ্দি রোগকে নিরূপণ করিতে অসমর্থ হয় না। সর্দ্দি রোগে বিপদের আশঙ্কা নাই; তবে এ রোগ অত্যন্ত বৃদ্ধি পাইলে অথবা ক্রমাগত শৈত্য প্রযোগ প্রভৃতি অনিয়ম করিলে তরুণ সর্দ্দি পুরাতনসর্দ্দিতে অথবা ফুসফুস প্রদাহে পরিণত হইতে পারে। সর্দ্দি রোগে ইউষ্টেসিয়ান নলী আক্রান্ত হইলে বধির হইবার সম্ভাবনা থাকে। সর্দ্দি রোগ হইতে চক্ষুর তরুণ প্রদাহ সম্ভব হইয়া থাকে।

Diagnosis and prognosis. Swollen face, heavy eyes, husky voice, nasal speech, lassitude and discomfort are diagnostic signs. Catarrh is not attended with danger except in severe cases when improperly managed or aggravated by repeated cold, when it passes into pneumonia; when Eustachian tube is affected danger to the hearing apparatus is great. Catarrhal opthalmia is one of the dangers of repeated nasal catarrh.

সর্দ্দি নিবারক উপায়—সর্দ্দি প্রধান ধাতুতে স্বাস্থ্য ও পরিধেয় প্রভৃতির উপর নজর রাখিতে হইবে। শীতের সময় উষ্ণ অথবা পশমী কাপড় ব্যবহার করা কর্ত্তব্য। এক জনের পক্ষে যে সমস্ত বস্ত্র অধিক বলিয়া বোধ হয় অপরের পক্ষে সে গুলি অতি সামান্য বলিয়া বোধ হইতে পারে। বিবস্ত্র হইয়া থাকা অপেক্ষা অযথা বস্ত্র জড়ানও ভাল। বৃদ্ধ ও দুর্ব্বলের পক্ষে বস্ত্র বিশেষ আবশ্যক। উপযুক্ত রূপ পরিশ্রম করিয়া শারিরীক রক্ত সঞ্চালন ক্রিয়া ও শারীরিক উত্তাপ রক্ষা করা কর্ত্তব্য। পদদ্বয় সর্ব্বতোভাবে উষ্ণ ও শুষ্ক রাখিবে। গলায় পশমী কম্ফাটার প্রভৃতি সর্ব্বদা জড়াইয়া রাখিবে না, কারণ

Preventive treatment build up the general health, protect the body by warm clothing and secure an equal circulation. Each individual must be a law unto himself; moderate excess of clothing is less objectionable than a deficiency especially for old

উহা দ্বারা গলায় প্রচুর ঘর্ম্ম হয় এবং উক্ত গরম বস্ত্র খুলিয়া ঠাণ্ডায় বিচরণ করিলেই হঠাৎ ঘর্ম্ম রোধ প্রযুক্ত সর্দ্দি উপস্থিত হইতে পারে।

প্রাতঃস্নান করিয়া শুষ্ক বস্ত্র দ্বারা গাত্র মার্জ্জনা করিলে উত্তমরূপ রক্ত সঞ্চালন হয় এবং তজ্জন্য দিবাভাগে সহজে শরীরে ঠাণ্ডা লাগে না। স্নান সহ্য না হইলে ভিজা গামছা দ্বারা গাত্র পুছিয়া পরে শুষ্ক বস্ত্র দ্বারা শরীর উষ্ণ করা কর্ত্তব্য। শয়ন গৃহে যেন উত্তম রূপ বায়ু সঞ্চালিত হয় কিন্তু ঘরের ভিতর যেন ঝড়ের বাতাস প্রবেশ না করে। সর্দ্দি-প্রধান ধাতুতে পরিপাক ক্রিয়ার প্রতি দৃষ্টি রাখিতে হইবে। কারণ, অজীর্ণ রোগে শীঘ্র ঠাণ্ডা লাগে। পুষ্টিকর অথচ সহজপাচ্য আহার আবশ্যক। অতিরিক্ত পান ও ভোজন নিষেধ। হোমি- য়োপাথি মতে কয়েকটী ঔষধ সর্দ্দি রোগের নিবারক হইয়া থাকে যথাঃ—

এলুমিনা—বৃদ্ধ ব্যক্তির শৈত্য প্রধান ধাতুর সহিত কোষ্ঠবদ্ধ থাকিলে এলুমিনার ৬ষ্ঠ ও ৩০ ক্রম দ্বারা উপকার হয়।

কাল্কেকার্ব্ব—প্রত্যেকবার ঋতু পরিবর্ত্তনে যাহাদিগের ঠাণ্ডা লাগিবার সম্ভাবনা থাকে, শিশুদিগের দন্তোদ্গম কালে মস্তকে শীঘ্র ঠাণ্ডা লাগিবার সম্ভাবনা থাকিলে ও তৎসঙ্গে শ্বাস-

and feeble men; Moderate excercise to keep up good circulation and a pleasant feeling of warmth; Keep the feet warm and dry; avoid comfort or fur collar; A morning bath in cold water followed by vigorous rubbing renders the body less susceptible to cold air during the day. Sleeping rooms should be well ventilated with studious exclusion of drafts of air. Watch the digestive functions, for indigestion catches cold, recommend a nourishing and generous diet, avoid overloading, Prophylactic Hommœopathic treatment by few sterling remedies :— Alumina : catarrh of old men from the least cold, with constipation Calc. carb : leucophlegmatic temperament catching cold at every change in the

কষ্ট বর্ত্তমান থাকিলে, শিশুগণ আহারীয় বা পানীয় পদার্থ ভালরূপ সহ্য করিতে না পারিলে, এবং যুবা ব্যক্তিদিগের সর্ব্বদা পা ঠাণ্ডা থাকিলে যদি সর্দ্দির সম্ভাবনা হয় তবে কাল্ক-কার্ব্ব বিশেষ উপযোগী।

নক্সভমিকা—পাকাশয়ের ক্রিয়ার বিঘ্নতা হেতু যাহাদের সম্মুখ কপাল বেদনা করে, অথবা শিরোঘূর্ণন হয়, দিবাভাগে তরল ও রাত্রিতে শুষ্ক সর্দ্দি থাকিলে, প্রাতে লক্ষণের বৃদ্ধি ও তৎসঙ্গে কোষ্ঠবদ্ধ বর্ত্তমান থাকিলে অথবা যাহারা এলোপাথি মতে টনিক বা বলকারক ও বিরেচক ঔষধ ব্যবহার করিয়া থাকে, এরূপ ব্যক্তিদিগের শৈত্য নিবারণ জন্য নক্সভমিকা উপযোগী।

পাল্সেটিলা—নম্র প্রকৃতি ও শ্লেগ্মেটিক ধাতুতে পাকাশয় ক্রিয়া বৈলক্ষণ্য হেতু সর্দ্দি উপস্থিত হইলে ও তৎসঙ্গে চক্ষু ও কর্ণ আক্রান্ত হইলে পালসটিলা বিশেষ ফলপ্রদ।

সাল্ফার—যাহাদিগের ত্বকে কর্কশতা, খোস, পাচড়া, ও শীতপিত্ত প্রভৃতি অস্বাস্থ্যকর লক্ষণ প্রকাশ পায়, এবং তৎসঙ্গে যাহাদিগের নাসারন্ধ্রে রক্তাধিক্য থাকে অথবা নাসিকা হইতে

weather, teething of children, who are subject to cold in the head, with oppressed breathing, mal assimilation in children with swelling of glands of the neck, adults who suffer much from cold, damp feet.

Nux. vom : susceptibility to cold in persons with frontal headache and vertigo, caused by deranged stomach, fluent catarrh during the day and dry at night, symptoms worse in morning, constipation, it is useful after tonics and drastic medicines.

Pulsatilla : mild temper, phlegmatic constitution, catarrh with deranged digestion with ear and eye affections.

Sulphur : unhealthy skin as roughness, cracks, of scaling of cuticle, chilblain, nettle rash, herpetic saddle across the nose, con-

মধ্যে মধ্যে রক্তপাত হয় তাহাদিগের শৈত্য নিবারণ জন্য সাল্ফার বিশেষ উপযোগী হইয়া থাকে।

আরগ্যকর চিকিৎসা—পুরাতন স্কুলের ভ্রাতৃগণ মনে করেন যে তরুণ সর্দ্দি রোগ একবার উত্তমরূপ প্রকাশ পাইলে নিয়মিত কাল পর্য্যন্ত ঐ রোগের ভোগ হইবেই হইবে, কিন্তু সর্দ্দি রোগের সর্ব্ব প্রকার অবস্থায় হোমিওপ্যাথি চিকিৎসা দ্বারা উপকার প্রত্যাশা করা যায়। তরুণ সর্দ্দি রোগের অঙ্কুরে অর্থাৎ শীত, অবসাদন এবং আলস্যের অবস্থায় ক্যাম্ফর অতি উৎকৃষ্ট ঔষধ। বয়স অনুসারে ২।৩ বিন্দু কর্পূরের অরিষ্ট কিঞ্চিৎ দুগ্ধ শর্করার সহিত মিশ্রিত করিয়া ব্যবহার করিতে পারিলে শরীর গরম হইয়া উঠে এবং সর্দ্দি নিবারিত হইতে পারে। কর্পূর ব্যর্থ হইলে নিম্নলিখিত কতিপয় ঔষধ লক্ষণানুসারে ব্যবস্থা করা যায় যথাঃ—

একোনাইট—যদি শুষ্ক ও শীতল বায়ুতে সর্দ্দি উপস্থিত হয়, তৎসঙ্গে জ্বরবোধ, স্নিডিরিয়ান্ ঝিল্লীতে ফুলা ও রক্তাধিক্য, অসুস্থ অংশে তাপ ও বেদনা বোধ, লেরিংসে শুড়শুড়ি বশতঃ ক্ষুদ্র ও শুষ্ক কাশী এবং প্রচুর অশ্রুপাত ও ধূলিপূর্ণ চক্ষু প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে তবে একোনাইট উপযোগী।

এলিয়াম সিপা—যদি নাসিকা হইতে প্রচুর শ্লেষ্মা স্রাব, চক্ষু হইতে অশ্রুপাত, তৎসঙ্গে হাঁচি, উগ্রতা জ্বালা

gested nose with a tendency to bleed.
Curative treatment: old school brethren admit that an established catarrh run its own course, with Homœopathic treatment, such causes may be cut short at any stage.
Camphor: chilling depression and languor of the 1st stage. 1 to 3 drops of the strong tincture on sugar every quarter of an hour until reaction and comfortable warmth. If it fails then.
Aconite: fever, swelling and congestion of scheniderian membrane with pain heat and smarting, short dry cough, later profuse lachrymation, eyes feel as if full of sand, attacks in dry cold weather.
Allium Cepa: lachrymation, nose-running, sneezing, acrid burning and excoriating dis-

প্রযুক্ত ওষ্ঠ ক্ষত, শীতল বায়ু আঘ্রাণে কাশি, লেরিংস মধ্যে অত্যন্ত উত্তেজনা ও শুড়শুড়ি, শিরোবেদনা সন্ধ্যায় বৃদ্ধি ও খোলা বাতাসে উপশম প্রভৃতি লক্ষণে এলিয়াম সিপা ব্যবস্থা।

charge; cough when inhaling cold air, irritation and tickling in larynx, headache worse in the evening better in open air.

আর্সেনিকাম এল্‌বাম—অত্যন্ত শীত বোধ ও দুর্ব্বলতা, সর্ব্বদা অগ্নিতাপের নিকট থাকিতে ইচ্ছা, নাকবন্ধ, তৎসঙ্গে প্রচুর উগ্র জলবৎ শ্লেষ্মা স্রাব, নাসাভ্যন্তরে ও বাহিরে জ্বালা, প্রবল তৃষ্ণা, ঘন ঘন ও অত্যল্প জলপান করিলে আর্সেনিক বিধি। সর্দ্দি রোগে হাঁপানির মত শ্বাসকষ্ট হইলে আর্সেনিক বিশেষ উপযোগী হইয়া থাকে।

Arsenicum: chilliness, prostration, wants fire heat, stoppage of nose with acrid watery mucus, with burning of nose intense thirst drinks little, restlessness at night, catarrh with asthmatic dyspnœa.

ক্যালকেরিয়া কার্ব্ব—শিশুদিগের সর্দ্দিতে অথবা থল্‌থলে শীর্ণকায় ও মাথা মোটা ছেলেদের সর্দ্দি রোগে ক্যাল্ক কার্ব্ব উপযোগী।

Calc. carb: in coryza of infants, flabby and illnourished children with large heads.

ক্যামোমিলা—ঘর্ম্ম রোধ প্রযুক্ত উগ্র সর্দ্দি, ওষ্ঠ বিদারণ তৎসঙ্গে নাসারন্ধ্রের রক্তাধিক্য, নাকের নিম্নদেশে হাজা ও ক্ষত, তাপের সহিত শীত বোধ, স্বরভঙ্গ এবং কাশী, তৎসঙ্গে বক্ষের ভিতর ঘড়্‌ঘড়ে শ্লেষ্মা, শিশুদিগের ঘোঁতঘোঁতানি, প্রভৃতি লক্ষণে ক্যামোমিলা উপযোগী। ক্যামোমিলা সদৃশ সর্দ্দিতে শিশুর মেজাজ এরূপ খিটখিটে হয় যে উহাকে সর্ব্বদা কোলে করিয়া বেড়াইতে হয়।

Chamomilla: acrid coryza from checked perspiration. Chapped lips, red nostrils, sore under the nose chill with heat, hoarseness and cough, with rattling of mucus in chest, snuffls of infants, irritable children want to be carried all the time

ইউফ্রেসিয়া—নাসিকা হইতে প্রচুর জলবৎ শ্লেষ্মাস্রাব,

Euphrasia: profuse fluent coryza red eyes and

মস্তকের ভিতর গোলমাল বোধ, অক্ষি ও অক্ষিপুটের আরক্তিমতা, চক্ষু হইতে প্রচুর পরিমাণে জ্বালাকর অশ্রুস্রাব, আলোকাতঙ্ক, প্রাতঃকালে কাশীর সহিত শ্লেষ্মাউঠা এবং নাকের ডানাতে স্ফোট বাহির হইলে ইউফ্রেসিয়া উপযোগী।

eyelids, copious secretion of burning tears, photophobia, cough and expectoration only in the morning, eruptions in the wings of the nose.

জেল্‌সিমিয়ম—নাসিকা হইতে বোদা ও জলবৎ স্রাব, নাসারন্ধ্রের ভিতর ঝিনুঝিনি, শৈত্য প্রযুক্ত শীত, সর্দ্দি চাপিয়া যাওয়া অথবা উত্তমরূপে প্রকাশ না পাওয়া, জ্বরে পিপাসার অভাব, কণ্ঠে ও বক্ষে ক্ষত বোধ, দেশব্যাপী ইন্‌ফ্লুয়েঞ্জা রোগের সহিত অল্প জ্বর, প্রত্যেকবার ঋতু পরিবর্ত্তনে ঠাণ্ডা লাগা প্রভৃতি লক্ষণে জেল্‌সিমিয়ম উপযোগী।

Gelsemium: bland watery discharge, tingling in nose, incipient *cold* with chills, undeveloped or suppressed catarrh, fever without thirst sore chest and throat, epidemic influenzas with some fever, catching cold with every change in the weather

হেপার সল্‌ফার—নাকফুলা, নাকে ফোড়ার মত বেদনা, নাসারন্ধ্র হইতে ঘা এবং পুঁযের মত ও কদাচ রক্ত মিশ্রিত শ্লেষ্মা স্রাব, এক নাকের সর্দ্দি, যতবার ঠাণ্ডা লাগে ততবার সর্দ্দির উদ্রেক, গলার ভিতর কর্কশতা ও আঁচড়ান বোধ, স্বরভঙ্গের সহিত ক্রুপি কাশি তৎসঙ্গে তরল অথচ শ্বাসবদ্ধকারী শ্লেষ্মা এবং অল্প অঙ্গ সঞ্চালনে নাসার বেদনার বৃদ্ধি প্রভৃতি লক্ষণে হেপার সল্‌ফার উপযোগী হইয়া থাকে।

Hepar. sulph: *swelling* of nose which is painful like boil, discharge is thick and pus-*like tinged* with blood. Catarrh confined to one nostril, every exposure catches cold, roughness and scraping, in throat, hoarse croupy cough with loose choking phlegm. Headache aggravated by the slightest motion,

Hydrastis : fluent coryza with free watery discharge from the posterior nares and postnasal cavity into the throat, useful where sanguinaria fails.

হাইড্রাষ্টিস—অত্যন্ত স্রাবী সর্দ্দি, পশ্চাৎ নাসারন্ধ্র হইতে গলমধ্যে প্রচুর জলবৎ স্রাব হইলে ইহা ব্যবস্থেয়। ঐরূপ স্থলে স্যানুগুয়িনেরিয়াও ব্যবহার করা যায় কিন্তু উহা ব্যর্থ হইলে হাইড্রাষ্টিস প্রযোগ বিধি।

Pulsatilla : thick yellow or greenish mucus from the nose, mucus mixed with clots of blood, sneezing loss of taste and smell; evening chill, wants open air, worse in warm room; loose cough, yellow phlegm, mildtearful women.

পাল্সেটিলা—নাসা হইতে ঘন ও পীত অথবা সবুজ বর্ণের শ্লেষ্মা স্রাব, শ্লেষ্মায় রক্তের চাপ চাপ, হাঁচি, আস্বাদন ও ঘ্রাণশক্তির লোপ, সন্ধ্যায় শীত বোধ, খোলা বাতাসে থাকিতে ইচ্ছা, উষ্ণ ঘরে বদ্ধ থাকিলে কষ্ট, তরল কাশি ও পীতবর্ণের শ্লেষ্মা উঠা, শান্ত ও ক্রন্দনশীল স্বভাব প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে পাল্সেটিলা ব্যবস্থেয়।

Kali bichr : fluent coryza swollen nose and nostrils, discharge of tough stringy mucous, presure at the root of nose ; closing stage of catarrh, headache alternating with fluent coryza ; derangement of digestion.

কেলী বাইক্রোম—তরল শ্লেষ্মা স্রাবী সর্দ্দি, তৎসঙ্গে নাসিকা ও নাসারন্ধ্র ফুলা, চিমসে ও দড়ীর মত শ্লেষ্মা ত্যাগ, নাকের মূলে চাপ বোধ, সর্দ্দির শেষাবস্থায় ও স্থিতিস্থাপক শ্লেষ্মা বহির্গমন, তৎসঙ্গে চিমসে শিরঃপীড়া ও পর্য্যায়ক্রমে তরল সর্দ্দি, কাশিলে দড়ির মত লম্বভাবে শ্লেষ্মা বাহির হইলে, ও পরিপাক ক্রিয়ার বৈলক্ষণ্য ঘটিলে কেলীবাইক্রম উপযোগী।

Kali. hydriod : discharge is first very thin, watery, fluent and scalding, then thicker, frontal pressure and

কেলী হাইড্রিয়োডিকাম—নাসা হইতে প্রথমে প্রচুর পরিমাণ পাতলা জলবৎ ও জ্বালাকর শ্লেষ্মা স্রাব তৎপরে ঘন

শ্লেষ্মা বহির্গমন, সম্মুখ কপাল চাপ বোধ ও বেদনা, তৎসঙ্গে অল্প বিস্তর অশ্রুপাত, কদাচ গলা বেদনা, ও রক্ত বর্ণ নাসিকা প্রভৃতি লক্ষণে কেলী হাইড্রিয়োডিকাম উপযোগী।

মার্কুরিয়াস ভাইভাস্—প্রচুর উগ্র ও শ্লেষ্মা স্রাব, নাসিকার স্ফীতি ও আরক্তিমতা, নৈশঘর্ম্ম, তৎপূর্ব্বে জ্বর জনিত তাপ, কণ্ঠ এবং টন্‌সিলের পুরাতন প্রদাহ, মুখক্ষত, মুখে দুর্গন্ধ, লালা স্রাব, এবং যে সর্দ্দিতে লবণাক্ত শ্লেষ্মা বাহির হয় অথবা শ্লেষ্মা যুক্ত উদরাময় হইয়া থাকে তাহাতে মার্কুরিয়াস ভাইভাস উপযোগী।

নক্সভমিকা সদৃশ তরুণ সর্দ্দি দিবাভাগে বৃদ্ধি পায় এবং রাত্রিকালে নাক বন্ধ থাকে। মস্তক এবং মুখে তাপ, তৎসঙ্গে শীত বোধ (অগ্নিতাপেও শীত নিবারিত হয় না), ফ্রণ্টাল সাইনস অর্থাৎ সম্মুখ কপালের গহ্বরে প্রদাহ তৎসঙ্গে প্রবল শিরঃপীড়া, নাসিকার অত্যন্ত চুলকণা ও নাসা হইতে রক্ত মিশ্রিত শ্লেষ্মা ত্যাগ, শিশুর শুষ্ক তরুণ সর্দ্দি, সর্দ্দি সম্বন্ধীয় শিরঃপীড়া, কোষ্ঠবদ্ধের সহিত ঘন ২ মলবেগ এবং প্রাতঃকালীন বৃদ্ধি প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে নক্সভমিকা উপযোগী।

headache with more or less profuse lachrymation, sometimes irritable throat red nose,

Merc. viv: profuse discharge with excoriations swelling or redness of nose, night sweats, with feverish heat chronic inflammation of the throat and tonsils; apthæ, fœtid odor from the mouth; ptyalism. catarrh with salty tasting expectoration or with mucous diarrhœa.

Nux vomica: fluent coryza in day with stoppage of nose at night heat in head and face with creeping chills even when seated by fire, inflamation of frontal cavities with severe headache, excessive itching of nose, with expulsion of bloody mucus. Dry coryza of infants, constipation with urging to stool; symptom worse in the morning.

Sambucus nigra · suffocative catarrh of infants, nose obstructed by a thick mucus child can hardly nurse and starts from sleep, hoarseneess; worse midnights

সেম্বুকাস-নাইগ্রা—শিশুদিগের শ্বাস বন্ধকারী সর্দ্দি, ঘন শ্লেষ্মা প্রযুক্ত নাসাবন্ধ। শিশু দুগ্ধ পান করিতে পারে না এবং সর্ব্বদা নিদ্রায় চমকিয়া উঠে, স্বরভঙ্গ তৎসঙ্গে লেরিংস মধ্যে চিম্‌সে শ্লেষ্মা সঞ্চয়, শিশুদিগেব শ্বাসবন্ধ কারী কাশি, দুই প্রহব বাত্রির পর বৃদ্ধি প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে সেম্বু-কাস নাইগ্রা উপযোগী হইযা থাকে।

Sanguinaria profuse watery coryza, continual dripping, sneezing, stinging and excoriation in the nasal passage and throat.

সেঙ্গুয়িনেরিয়া—তরুণ সর্দ্দি রোগে প্রচুর জলবৎ শ্লেষ্মা স্রাব, নাসারন্ধ্র হইতে ক্রমাগত শ্লেষ্মা ঝরা, ঘন ঘন হাঁচির আক্ষেপ তৎসঙ্গে বেদনা বোধ এবং নাসা ও কণ্ঠের ভিতর হুল ফুটান এবং যন্ত্রণা বর্ত্তমান থাকিলে সেঙ্গুয়িনেরিয়া ফলপ্রদ।

Sticta pulmon severe coryza, sneezing headache, conjunctivities with burning eyes; primary discharge of a hot, irritating and watery mucus, which often change to a thick, greenish or bloody matter. dry throat painful deglutition and aggrvation at night.

ষ্টিক্‌টা পালমোনাম—প্রবল সর্দ্দি, হাঁচি, শিরঃপীড়া, চক্ষু প্রদাহ, চক্ষু জ্বালা, প্রথমতঃ উষ্ণ জ্বালাকর ও জলবৎ শ্লেষ্মা ত্যাগ তৎপরে ঘণ সবুজ অথবা রক্ত মিশ্রিত শ্লেষ্মা বহির্গমন, কণ্ঠের শুষ্কতা ও গলাধকরণ কষ্ট, এবং রাত্রিতে বৃদ্ধি প্রভৃতি লক্ষণ থাকিলে ষ্টিকটা পালমোনাম উপকারক।

Sulphur · free in open air but obstructed coryza in the room, loss of taste and smell. dry scabs, herpes at the corner of the mouth, extreme liability to take cold.

সলফার—খোলা বাতাসে পরিষ্কার জলবৎ শ্লেষ্মা স্রাব, ঘরের ভিতর নাসাবন্ধ, আস্বাদন ও ঘ্রাণশক্তির লোপ, মুখমণ্ডলে লাল লাল দাগ, নাসিকায় শুষ্ক মামড়ি (ছিঁড়িলে অত্যন্ত রক্ত পাত হয়), শুষ্ক এবং ফাটা ওষ্ঠ, উপর ওষ্ঠে হাজা, এবং মুখের কোণে হার্পিস ক্ষত এবং সহজেই ঠাণ্ডা লাগা প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে সাল্‌ফার প্রয়োগ বিধি।

অন্যান্য ঔষধ—উপরোক্ত ঔষধগুলি ব্যতীত অন্যান্য ঔষধ ব্যবহৃত হইয়া থাকে যথা—থ্রোট বা কণ্ঠ বিশেষ ভাবে আক্রান্ত হইলে বেলেডনা, মার্ক-আয়োড ও ফাইটোলেক্কা উপযোগী হয়, ইউষ্টেসিয়ান্ নলীতে প্রদাহ বিস্তৃত হইলে গ্রাফাইটিস্ ব্যবহার্য্য ; চক্ষু আক্রান্ত হইলে আর্জেণ্টাম-নাইট্রিকাম, ইউফ্রেসিয়া, বেলেডনা ও ইগ্নেসিয়া প্রয়োগ বিধি। সর্দ্দিতে দন্তশূল হইলে প্লাণ্টেগো-মেজার উপকারী এবং লেরিংস যন্ত্র আক্রান্ত হইলে বেল্, ফস্, স্পঞ্জিয়া, উপকার করিয়া থাকে।

Remedies to be consulted : Bell, merc-iod, phyto, in throat affections. Graph, when eustachian tube is inflamed. Argent nit, Eurphrasia Bell, Ignatia, if the eyes affected. Plantago, in toothache with catarrh. Bell phosp. spong, where larynx is involved

তরুণ সর্দ্দি রোগে—এসকিউলাস হিপ্, এমোনিয়া, সিমিসিফুগা, ডালকা, ইপিকাক, লেকেসিস্, লাইকোপডিয়াম, নেট্রামমিউর এবং রুমেক্স ঔষধগুলিও সময়ে সময়ে প্রয়োজন হইয়া থাকে।

Also Æsculus hip ; ammonia., cimici, Dulca, Ipecac. Laches, Lyco, Nat. mur or Rumex. may be referred to.

CHRONIC NASAL CATARRH.

নাসিকার পুরাতন সর্দ্দি।

Ch Catarrh: Synonyms. Definition : A chronic inflammation of the schneiderian membrane with increase, or decrease in the secretion and is always attended by hypertrophy of the mucous tissues in the nasal fassæ and narrowing with more or less obstruction in the nasal passages and then producing nasal speech.

অপর নাম—পুরাতন রিনাইটিস্, পুরাতন কোরাইজা।

নির্ব্বাচন বা পরিচয়—স্নিডিরিয়ান্ ঝিল্লির পুরাতনসর্দ্দি বশতঃ স্বাভাবিক নাসা স্রাবের আধিক্য বা স্বল্পতা, নেজাল ফসি নামক গহ্বরের শ্লৈষ্মিক ঝিল্লির বৃদ্ধি প্রযুক্ত নাসারন্ধ্রের সংকীর্ণতা, ও নাসা বন্ধ, সুতরাং নাকি সুর, নাসাভাব এবং ঘ্রাণ ও শ্রবণের বিপর্য্যয় প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে পুরাতন সর্দ্দি রোগের পরিচয় পাওয়া গিয়া থাকে।

Causes : Repeated attacks of acute catarrh ; inhalation of dust laden in atmosphere of manufactories, breathing of vitiated air of badly ventilated rooms ; heating of houses by furnaces, instead of open grates or stoves, excessive use of stimulants and tobacco also a rich and highly seasoned diatary Venereal excesses and dissipation in general, luxuries and vices of modern civilized world Causes may be symptomatic as being occasioned by syphilitic and scrofulous taints in children

কারণ—ঘন ঘন তরুণ সর্দ্দির আক্রমণ প্রযুক্ত নাসিকার শ্লৈষ্মিক ঝিল্লি দুর্ব্বল হইয়া পড়ে, এবং এমতে পুরাতন প্রদাহের উৎপত্তি হইয়া থাকে। বড় বড় কারখানার ভিতর ধুলা মিশ্রিত ভুবায়ু আঘ্রাণ করিলে এবং বদ্ধ ঘরের দূষিত ভুবায়ু আঘ্রাণ করিলে পুরাতন সর্দ্দি হইয়া থাকে; বিশেষ জানালা না রাখিয়া ঘরের ভিতর অগ্নি জ্বালাইলে নাসিকা লেরিংস ও ব্রংকাই প্রায়ই আক্রান্ত হইয়া থাকে। অতিরিক্ত পরিমাণে উত্তেজক পদার্থ ও তামাক সেবন এবং অত্যন্ত ঘৃতপক্ক ও গরম মসলা যুক্ত খাদ্য দ্রব্য আহার করিলে অনেক স্থানে পুরাতন সর্দ্দি হইয়া থাকে, অধিক পরিমাণ শুক্র ক্ষয় এবং বিবিধ প্রকার অত্যাচারে পুরাতন সর্দ্দি রোগের উৎপত্তি হইয়া থাকে, একারণ পূর্ব্বাপেক্ষা এক্ষণকার লোকের পুরাতন সর্দ্দি রোগ অধিক পরিমাণে দৃষ্ট হইয়া থাকে।

এস্থলে ইহা স্মরণ থাকা কর্ত্তব্য যে, প্রধান প্রধান শারীরিক যন্ত্রের ক্রিয়া বিকারে এবং উপদংশ ও স্ক্রফুলা প্রযুক্ত শরীরের রক্ত খারাপ হইয়া গেলে পুরাতন সর্দ্দি রোগ হইয়া থাকে। জনক জননীর পাপে শিশুদিগকে সর্ব্বদা পুরাতন সর্দ্দি রোগে ভুগিতে দেখা যায়।

Pathological anatomy, The mucus membrane is thickened of a dark-red, sometimes grayish color superficial veins dilated and varicose often forming polypoid enlargements.

নৈদানিক পরিবর্ত্তন—নাসারন্ধ্রের শ্লৈষ্মিক ঝিল্লী পুরু হয়। উহার বর্ণ ঘোলাটে লাল এবং কখন ধূসর হইয়া থাকে। উহার উপরিস্থিত শিরাগুলি প্রসারিত ও বক্র হইয়া পলিপাস্ অর্ব্বুদের মত বৃদ্ধি পাইয়া থাকে।

অনেক স্থলে শ্লৈষ্মিক ঝিল্লিতে সামান্য হইতে গুরুতর ক্ষত দৃষ্ট হয় এবং উহা হইতে ঘন চিমসে সবুজ বর্ণের এবং অত্যন্ত দুর্গন্ধ শ্লেষ্মা বাহির হইয়া থাকে। টারবিনেটেড অস্থি এবং সেপ্‌টামের উপরে শ্লেষ্মা ঘটিত বড় মামড়ি উৎপন্ন হইতে দেখা গিয়া থাকে। অনুবীক্ষণ যন্ত্র দ্বারা শ্লৈষ্মিক ঝিল্লি সর্ব্বদা পরীক্ষা করিলে উহার এপিথিলিয়াম কোষ মধ্যে সিলিয়া দৃষ্ট হয় না। সুতরাং পুরাতন সর্দ্দিতে শ্লৈষ্মিক ঝিল্লির ক্ষত শীঘ্র ভাল হয় না। নাসারন্ধ্রের তল দেশ সুস্থাবস্থায় থাকে।

In many cases there is ulceration of the structure with more or less loss of substance, the secretion is thick tough of a greenish character and often very fœted, dried mucus being formed upon the turbinated bones and septum. Microscope reveals a notable absence of cilia, degeneration being rapid to prevent healthy granulations, nasal floor usually remains healthy.

লক্ষণ—তরুণ সর্দ্দি রোগ পুরাতন সর্দ্দি রোগে পরিণত হইতে পারে। তরুণ রোগের দ্বিতীয় ও তৃতীয় অবস্থায় যেসকল লক্ষণ প্রকাশ পায়, পুরাতন সর্দ্দিতে সেইরূপ হইয়া থাকে, অর্থাৎ ঘন পীত বর্ণের এবং কদাচ সবুজ বর্ণের শ্লেষ্মা স্রাব হয়। এই শ্লেষ্মা ফেরিংসে পতিত হইলে সর্ব্বদা হকৃহক্ করিতে হয়। নাসারন্ধ্রের ভিতর পূর্ণতা বোধ হয়। কোন কোন স্থলে কয়েক দিন শ্লেষ্মা ঝরিয়া নাসার ভিতর শুষ্কতা উপস্থিত হয় এবং মামড়ি পড়ে, মামড়ি তুলিতে অত্যন্ত কষ্ট হয়, সম্মুখ কপালে বেদনা এবং কোষ্ঠ বদ্ধ হইয়া থাকে। কদাচ মাথা ঘোরে, প্রাতঃকালে হাঁচি হয়। কোন কোন স্থানে আদৌ হাঁচি হয় না। অনেক স্থলে নেজাল ফসি পর্য্যন্ত শুষ্ক হইয়া পড়ে। ফেরিংসের খিলানে সর্দ্দি হইলে গলার ভিতর শ্লেষ্মা জড়িয়া থাকে একপ স্থলে বমনেচ্ছা উপস্থিত হয়; কারণ, আটাযুক্ত শ্লেষ্মা ফেরিংসে পতিত হইয়া যান্ত্রিক উত্তেজনা উৎপন্ন করে তজ্জন্য বমনেচ্ছা ও বমন হইয়া

Symptoms: The discharge is thick and yellowish, sometimes greenish which dropping posteriorly into the pharynx causes paroxysms of hawking. free secretions dry up and plugs and scabs are formed which can be removed with considerable exertion, frontal headache, constipated bowels sometimes diarrhœa dizziness, morning sneezing,

sometimes no sneezing, dryness of nostrils, secretion forms far back in the nasal fossæ at the vault of the pharynx giving an unpleasant symptom of mucus dropping down into the throat, so sick stomach and bringing vomiting, sleep is disturbed and choking sensation from mucus dropping in throat, sense of smell and hearing impaired, voice gets a peculiar nasal intonation; Ozæna and epiphora leading to the congestion of the eyes.

থাকে। গলার ভিতর শ্লেষ্মা পতিত হইলে হাঁপ লাগে এবং নিদ্রা ভঙ্গ হয়। প্রত্যেক দিন প্রাতঃকালে নাকঝাড়া, ক্রমাগত হক্ হক্ করা এবং কাশি প্রযুক্ত অত্যন্ত কষ্ট হইয়া থাকে। নাসারন্ধ্র বড় হইলে শ্লৈষ্মিক ঝিল্লি অত্যন্ত ফুলিলেও সহজে নাকিস্থর উৎপন্ন হয না। কদাচ নাসিকার ভিতর উগ্র অসহ্য ও অসুখকর উগ্র গন্ধ বাহির হয়। ইহাতে স্নিডিরিয়ান ঝিল্লির অল্‌ফ্যাক্‌টারী স্নায়ু অংশের তীক্ষ্ণ উত্তেজনার পরিচয় পাওয়া যায়। যাহাদিগের ঘ্রাণশক্তি কম, এরূপ সর্দ্দিতে তাহাদিগেরও ঘ্রাণ শক্তি জন্মে, সাধারণতঃ ঘ্রাণ শক্তির ও শ্রবণশক্তির হ্রাস বা এককালীন লোপ হইতে পারে এবং স্বর এককালীন অনুনাসিক হইয়া থাকে। নাসারন্ধ্রে ক্ষত ও দুর্গন্ধ পূঁয বাহির হইলে ঔজিনা রোগ উপস্থিত হয়। নাসিকার ডাক্‌ট পর্য্যন্ত প্রদাহ বিস্তৃত হইলে অর্থাৎ নেজাল ডাক্‌ট অবরুদ্ধ হইলে, মেলার অস্থির উপর দিয়া অশ্রুপাত হয় (এরূপ অবস্থাকে এপিফোরা কহে), এবং এরূপ অবস্থা প্রযুক্ত চক্ষু-প্রদাহ হইয়া থাকে।

Complications, deafness erysipelas of the face.

উপসর্গ—তরুণ ও পুরাতন সর্দ্দি রোগে ইউষ্টেশিয়ান নলীর ভিতর দিয়া মধ্য কর্ণে প্রদাহ বিস্তৃত হইলে অত্যন্ত বেদনা ও অসুস্থতা প্রযুক্ত বধিরতা উপস্থিত হয়। ঐরূপ কারণেও ল্যাক্রিমাল ডাকট্ আক্রান্ত হইয়া চক্ষু প্রদাহিত হয়। সর্দ্দি বশতঃ ফ্রন্টাল ও ম্যাগ্‌জিলারি সাইনাস্ গুলিও আক্রান্ত হইয়া থাকে। কেহ কেহ বলেন নাকের পুরাতন সর্দ্দি প্রযুক্ত ঘন ঘন ইরিসিপেলাস্ বা বিসর্প রোগের আক্রমণ হইতে পারে।

Diagnosis: polypi, ulceration, and hypertrophy of turbinated bones to be detected.

রোগ নিরূপণ—ফেরিঞ্জিয়াল খিলান এবং প্রয়োজন হইলে নেজাল ফসি পোষ্টনেজাল সিরিঞ্জ দ্বারা উষ্ণ লবণ জলের সহিত ধৌত করিয়া স্পেকুলাম এবং মাউথ মিরার ব্যবহার করিবে। পিচকারী দ্বারা নাসাপথ পরিষ্কার হইলে পর রোগীকে

উত্তমরূপে নাক ঝাড়িতে বলিবে যাহাতে নাসাপথের ভিতর পলিপাই, ক্ষত অথবা টার্বিনেটেড অস্থির বৃদ্ধি প্রভৃতি দৃষ্ট হইতে পারে। ষ্ট্রুমাস্ এবং সিফিলিটিক অর্থাৎ গণ্ডমালা ও উপদংশ ধাতু ঘটিত লক্ষণ দৃষ্ট হইতে পারে। শ্লেষ্মার স্বভাব ও পরিমাণ এইরূপ প্রণালী দ্বারা জ্ঞাত হওয়া যায় ইত্যাদি।

ভাবীফল—পুরাতন সর্দ্দি রোগ সহজে আরাম হয় না। বহুদিন চিকিৎসা করিলে উপকার আশা করা যায়। বিলম্বে রোগ আরোগ্য হইবে বলিয়া রোগীর ধৈর্য্যচ্যুতি হইয়া থাকে।

নিবারক চিকিৎসা—তরুণ সর্দ্দি রোগে যাবতীয় নিবারক উপায় পুরাতন সর্দ্দি রোগেও অবলম্বন করিতে হইবে। পুরাতন সর্দ্দি রোগ হইতে লেরিঞ্জিয়েল ও পালমোনারি থাইসিস্ রোগের যে সম্ভাবনা আছে তাহা পূর্ব্ব হইতে রোগীকে জ্ঞাত করিয়া রাখা কর্ত্তব্য।

ঘৃতপক্ক ও অত্যন্ত মসলা সম্বলিত আহার বিধি দিবে না। সাধারণ পুষ্টিকর আহার ব্যবস্থা। শীতকালে গরম কাপড়, পায়ে মোজা, শীতল জলে স্নান, তৎপরে উত্তমরূপ গাত্রমার্জ্জনা, উত্তেজক সুরা প্রভৃতি পরিত্যাগ, রিপু দমন, শয়ন গৃহে বায়ু সঞ্চালন, বাহিরে ভ্রমণ, এবং নিয়মিতরূপে জীবন নির্ব্বাহ প্রভৃতি উপায় অবলম্বন করিতে পারিলে পুরাতন সর্দ্দি রোগে উপকার হয়।

চিকিৎসা—অনেক সময়ে স্থানিক চিকিৎসা কোন উপকারে না আসিয়া রোগ বৃদ্ধি করিয়া থাকে। বিশেষ প্রয়োজন হইলে ৩। ৪ বিন্দু হাইড্রাসটিস ক্যানেডেন্সিস অথবা ম্যাঙ্গানেরিয়া ঔষধ ১ বা ২ বার গরম জলের সহিত মিশ্রিত করিয়া

Strumous and syphilitic diathesis should be borne in mind in ch. catarrh

Prognosis: Permanent cure is seldom obtained, treatment is protracted success of treatment depends upon the common sense of the patient who is generally tired before complete restoration is effected

Preventive treatment: nutritious—and plain diet, woollen clothing in cold weather, ample protection to the feet at all seasons, cold bath followed by vigourous rubbing, abstinence from stimulants, control of sexual passion, ventilation, out door exercise and well regulated life

Treatment: The use of douche, the syringe and the inhaler, often does more harm than good, mix 3 or 4 drops of the

পিচকারী দ্বারা ব্যবহার করা যাইতে পারে। অথবা ১০। ২০ বিন্দু উক্ত ঔষধের হোমিওপ্যাথিক ক্রমও পিচকারী দ্বারা ব্যবহার করা যাইতে পারে।

fluid extract of hydrastis or of sanguinaria in one or two ounces of water This lotion can be injected and the same medicine in homeo, dilutions can be taken internally.

পুরাতন সর্দ্দি রোগে—ঘন ঘন ঔষধ পরিবর্ত্তন করিবে না। প্রত্যেক ঔষধ ১০। ১৫ দিবস পরীক্ষা করা কর্ত্তব্য। ইহার সহিত শিরোবেদনা, কোষ্ঠ বদ্ধ, অর্শ ও চর্ম্মরোগ প্রভৃতি বর্ত্তমান থাকিলে পর্য্যায়ক্রমে ২টী ঔষধ ব্যবহার করা যায়। স্থান পরিবর্ত্তন করিলে পুরাতনসর্দ্দির বিশেষ উপকার দৃষ্ট হয়। খনিজ ঝরনার জল বিশেষউপকার করিতে পারে।

The frequent change of remedies is not to be encouraged, 3 to 4 doses of one medicine should be given each day an hour before each meal and at bed time. Alternation may be allowed on certain cases, change and visits to mineral springs may be allowed,

ঔষধ দ্বারা চিকিৎসা ঃ—

এলুমিনা—স্ক্রুফুলাস ধাতু, তৎসঙ্গে নাসা ও কর্ণস্রাব এবং পিতামাতা হইতে সর্দ্দি প্রাপ্ত হওন প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে এলুমিনা উপযোগী হয়।

স্নিডিরিয়ান্ ঝিল্লির প্রবল উত্তেজনা, ঘন পীত বর্ণের শ্লেষ্মা স্রাব, পীত ও সবুজ বর্ণের মামড়ি বহির্গত হওন, নাসারন্ধ্র বদ্ধ, ইউষ্টেশিয়ান্ নলীর অল্প অবরোধ হওয়া হেতু চর্ব্বন করিতে অথবা গিলিতে কানের ভিতর পট পট শব্দ, নাকের গোড়ায় বেদনা, কোমল তালুতে পুরাতন প্রদাহ, থ্রোট বা গলার ভিতর

Alumina removes scrofula, nasal or aural discharges and modifies inherited predisposition to catarrh, its symstoms being · irritable schneiderian membrane, thick yellow mucous discharge, expulsion of yellowish green scabs, stoppage of nose snapping in the ears, pain at the root of

চট্‌চটে শ্লেষ্মা জড়িয়া থাকা, বৃদ্ধদিগের পুরাতন সর্দ্দি রোগে অন্ত্রের দুর্ব্বলতা বশতঃ অত্যন্ত কোষ্ঠ বদ্ধ, এমন কি নরম মল ত্যাগেও কষ্ট বোধ হয়; সীস ধাতু লইয়া যাহারা সর্ব্বদা ব্যস্ত থাকে তাহাদিগের পুরাতন সর্দ্দি প্রভৃতি লক্ষণ ও অবস্থায় এলুমিনা ঔষধ প্রয়োগ বিধি। খোলা বাতাসে এলুমিনা সদৃশ সর্দ্দি রোগের বৃদ্ধি হয় এবং অল্পেই ঠাণ্ডা লাগে। শারীরিক সমস্ত শ্লৈষ্মিক ঝিল্লীর উপর এলুমিনা প্রবল এবং অধিক কাল স্থায়ী ক্রিয়া প্রকাশ করিয়া থাকে। ইহা স্ত্রী জননেন্দ্রিয়ের উপরে বিশেষ ক্রিয়া প্রকাশ করিয়া থাকে। নাসা স্রাব ও শ্বেত প্রদর পর্য্যায়ক্রমে প্রকাশপাইলে এলুমিনা বিশেষ উপকারী হয়।

আর্জেণ্টাম নাইট্রিকাম—নাসিকার ভিতর প্রবল চুলকনা বা সড়সড়ানি, নাসাভ্যন্তরে ক্ষত ও তদোপরি পীত বর্ণের মামড়ি, মামড়ি বশতঃ নাসিকায় বেদনা এবং উহা ছিঁড়িতে গেলে রক্তপাত, রাত্রিকালে নাকবন্ধ ও সড়সড়ানি, নাসা হইতে রক্ত ও পুঁয মিশ্রিত শ্লেষ্মা স্রাব, ঘ্রাণশক্তির হ্রাস সর্দ্দিতে সর্ব্বদা শীতানুভব, অশ্রুপাত, হাঁচি, এবং প্রবল শিরঃপীড়া প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে আর্জেণ্টাম নাইট্রিকাম উপযোগী হইয়া থাকে। তরুণ ও পুরাতন সর্দ্দি রোগে

the nose ch. inflammation of fauces, with tenacious mucus in the throat. It is valuable for old men with obstinate constipation from atony of the bowels, and in catarrh, of painters and workers in lead. Alumina patients feels better in open air, but take cold easily. It makes a powerful and long lasting impression upon the mucous membrane of the whole body. It is useful in leucorrhœal discharges which alternate with catarrh of the nose and throat.

Argent. Nit: itching and ulcer in nose with yellow crusts, which excite pain and followed by bleeding when detached, stoppage of nose at night with much itching, bloody and purulent catarrh, impaired smell, coryza with constant chilliness,

lachrymation, sneezing, and violent stupefying headache. It is good in acute and chronic catarrh when larynx, pharynx and eyes are simultaneously affected

ফেরিংস, লেরিংস্ এবং চক্ষু আক্রান্ত হইলে আজেন্টাম নাইট্রিকাম ব্যবহৃত হইয়া থাকে।

Arsenic : burning and acrid discharge, frequent, stoppage followed by a fluent, coryza ; chilliness, restlessness, sufferer hugs the fire, worse in open air and at night, sleeplessness no thirst or desire to drink often but little at a time, excoriating tears &c. it is useful in thin ill-nourished and malarial subjects.

আর্সেনিকাম এল্বম—জালাকর ও উগ্র নাসা স্রাব, এবং নাসা মধ্যে ক্ষত বোধ ও যন্ত্রণা, আর্সেনিক প্রয়োগ লক্ষণ। অথবা সর্দ্দি রোগে ঘন ঘন নাক বন্ধ হইলে তৎসঙ্গে হুলফোটা, জ্বালা, এবং পরিশেষে প্রচুর তরল শ্লেষ্মা বাহির হইলে আর্সেনিক উপযোগী। এই রোগে অস্থিরতা; শীত, অগ্নিতাপ পাইবার বিশেষ লালসা, উষ্ণ ঘরে আরাম বোধ, খোলা বাতাসে এবং রাত্রিতে অসুখ বৃদ্ধি, কপালে দপ্ দপে বেদনা ও অনিদ্রা, কদাচ বিবমিষা, পিপাসার অভাব অথবা ঘন ঘন অল্প পরিমাণে জল পান প্রভৃতি লক্ষণ থাকিলেও আর্সেনিক ব্যবস্থা করা যায়। ঢোক্ গিলিতে কখন কখন কর্ণে জ্বালা বোধ এবং চক্ষু হইতে জালাকর অশ্রুপাত হইলেও আর্স প্রয়োগ লক্ষণ জানিবে। দুর্ব্বলকায় ও মেলেরিয়া পীড়িত ব্যক্তির পুরাতন সর্দ্দিতে আর্সেনিক বিশেষ উপযোগী হইয়া থাকে।

Ars. Jod : useful in persons with pale delicate skin, enlarged tonsil, defective assimilation, passive œdema, puffy eye lids, and tuberculous diathesis the discharge being copious and thin, sometimes scanty and thick, or tenacious and

আর্সেনিক আয়োড্—ফেকাসে ও পাতলা চর্ম্ম বিশিষ্ট ব্যক্তির টন্সিল্ বৃদ্ধি, পোষণাভাব, পরোক্ষভাবে শোথ যথা চক্ষু ফোলা ইত্যাদি।

টিউবার্কিউলাস ধাতুতে নাসিকা ও লেরিংস মধ্যে সর্দ্দি উপস্থিত হইলে ইহা বিশেষ উপযোগী হয়। এরূপ স্থলে প্রচুর ও পাতলা শ্লেষ্মা ত্যাগ হয়। কদাচ অল্প ও ঘন শ্লেষ্মা এবং মধ্যে আটাযুক্ত ও ফেনিল শ্লেষ্মা বাহির হইয়াও থাকে।

অত্যন্ত উগ্র ও জ্বালাকর শ্লেষ্মা স্রাব প্রযুক্ত নাসারন্ধ্র ও ওষ্ঠ জ্বালা করে, তৎসঙ্গে পর্য্যায়ক্রমে শীত ও তাপ বর্ত্তমান থাকে। এপিডেমিক ইন্‌ফ্লুয়েঞ্জা রোগে এইরূপ লক্ষণ দৃষ্ট হয়।

সর্দ্দি সহিত কানপাকা এবং দুর্গন্ধ ও জ্বালাকর পুঁয স্রাব হইলেও আর্স আয়োড উপযোগী হয়। নাসিকার ও গলার ভিতর জ্বালা আর্স আয়োড্ প্রয়োগ লক্ষণ।

টন্সিল বৃদ্ধি ও অন্যান্য গ্রন্থি বৃদ্ধি হইলে ইহা বিশেষ ফলপ্রদ হয়। মেলেরিয়া ধাতুতে সর্দ্দি প্রকাশ পাইলে ইহা অমোঘ। পুরাতন সর্দ্দিতে ইহা আর্সেনিক অপেক্ষা বিশেষ উপকার করিয়া থাকে।

অরম—নাসা অস্থিতে কেরিজ ক্ষত, তৎসঙ্গে দুর্গন্ধ ও সবুজ বা পীত বর্ণের পুঁয স্রাব; পশ্চাৎ নাসারন্ধ্র হইতে লবণাক্ত ও জলবৎ শ্লেষ্মাস্রাব, নাসাবদ্ধ তৎসঙ্গে নাসারন্ধ্রের ভিতর কঠিন মামড়ি উৎপত্তি, গন্ধলোপ, নাসা হইতে সর্ব্বদা রক্তপাত, খোলা বাতাসে বেড়াইলে নাক ফুলা, স্পর্শে নাসা অস্থিতে বেদনা, সর্দ্দির সহিত দুর্গন্ধ কর্ণস্রাব, কদাচ প্রবল ও প্রচুর সর্দ্দি, স্বাভাবিক অনুনাসিক স্বর এবং পানীয় পদার্থ নাসারন্ধ্র দ্বারা বহির্গমন প্রভৃতি লক্ষণে অরম উপযোগী হয়।

উপদংশ জনিত ওজিনা রোগে অত্যন্ত পারদ ব্যবহৃত হইলে পর এবং কেবল শীত কালের সর্দ্দিতে ইহা বিশিষ্ট রূপে উপযোগী হয়। অরম সদৃশ চিরদিনের জন্য মানসিক নিস্তেজ ভাব, বিষাদ, জীবনে নৈরাশ্য ও ঘৃণা এবং নির্জ্জন প্রিয়তা

frothy; irritating and corrosive discharge burns the nostrils and lips, with alternate chill and heat, catarrh: otorrhoea with enlarged tonsil, endurated glands, malaria. *Ars Iod* is very useful in chronic catarrh.

Aurum: nasal caries with fœtid discharge of greenish or yellow pus, salty-tasting watery discharge from posterior nares, nostrils closed with hard scabs, loss of smell, epistaxis, *pain and* swelling of nose, fœtid Catarrh violent and profuse coryza, habitual nasal *tone of* voice, and flowing of drinks back again through the nose.

It is useful in syphiletic ozæna afte abuse of mercury and in winter cough, Aurum Mur. in scrofulous diathesis, mental symptoms of aurum resembling to

স্মরণ রাখা কর্ত্তব্য। এস্‌ক্রফুলা ধাতুর সর্দ্দিতে অরম মিউরি-য়াস ভাল। নাইট্রিক এসিড সদৃশ মানসিক লক্ষণগুলি ঠিক অরমের মত কিন্তু পরিমাণে কম হইয়া থাকে।

ক্যাল্ককার্ব্ব—পুরাতন সর্দ্দি রোগের মজ্জাগত দোষগুলি ইহা দ্বারা যেন ধৌত হইয়া থাকে। শিশুদিগের এসক্রফুলা ধাতুতে এবং থলথলে ব্যক্তিদিগের গ্রন্থি বৃদ্ধি এবং নাসা ও কর্ণ স্রাব হইলে ইহা বিশেষ উপযোগী হইয়া থাকে। ক্যাল্কে রিয়া সদৃশ লক্ষণ গুলিতে তরুণ ও প্রবল প্রাদাহিক ভাব দৃষ্ট হয়। শীতল পদদ্বয় অর্থাৎ পদে যেন শীতল মোজা বা কাপড় জড়ান আছে এরূপ বোধ হইলে ইহা বিশেষ উপযোগী হয়। কাল্ককার্ব্ব সদৃশ নাসা স্রাব ঘন ও পূঁযের মত, কদাচ পাতলা জলবৎ হইয়া থাকে। ইহাতে রাত্রিকালে নাসিকা শুষ্ক ও দিবাভাগে সরস থাকে। ইহা দ্বারা নাসিকা ব্যতীত ফেরিংস ও লেরিংস আক্রান্ত হইতে পারে এবং স্বর-যন্ত্রের ক্ষত বোধ হইয়া থাকে। ইহা দ্বারা ধীরে ধীরে স্বরভঙ্গ হইয়া থাকে।

নাসার সম্মুখ অংশের প্রদাহ, স্ফীতি ও আরক্তিমতা, নাসার উপরিভাগে স্ফোট, নাসারন্ধ্রে ক্ষত, নাসিকায় অত্যন্ত দুর্গন্ধ, চক্ষুতে চুলকানি ও জলপড়া প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলেও কাল্ককার্ব্ব প্রয়োগ করা যায়।

নারীগণের লিউকো-ফেল্‌গ্‌মেটিক ধাতুতে অর্থাৎ প্রদরাদি স্রাব ও ঋতু সম্বন্ধীয় বিপর্য্যয় এবং থলথলে শরীর হইলে ক্যাল্ক-কার্ব্ব উত্তম। পোষণ প্রক্রিয়ার ব্যাঘাত ঘটিলে অর্থাৎ অত্যন্ত শীর্ণ অথবা অত্যন্ত স্থূলকায় হইলে ইহার উপযোগীতা দৃষ্ট হয়, ফেকাসে ও চোপসান মুখমণ্ডলে যেরূপ ইহা উপযোগী বর্ণহীন স্ফীতিমুখ মণ্ডলেও ইহা সেইরূপ উপযোগী হইয়া থাকে। বালক ও বালিকাগণের পুরাতন সর্দ্দি, অর্থাৎ নাক ও কাণ পাকা প্রভৃতি অবস্থায় ইহা বিশেষ ফলপ্রদ।

that of nitric acid differing in intensity.

Calc. carb. scrofulous and phlegmatic temperament, cold and damp feet, thick and pus like nasal discharge dry nose in night, moist during the day, pharynx and larynx being affected with the catarrh, raw feeling in vocal cords, chronic hoarseness, inflammation swelling and redness of the anterior portion of the nose, eruption on nose, sore ulcerated nostrils, bad smell in nose, itching of eyes with lachrymation.

It is useful in leucophlegmatic temperament, it corrects mal nutrition or excessive obesity; it removes constitutional taint like sulph, silic. Kali-bich, and merc.

In glandular enlargement and in duration with copious and yellow discharge from the nose (merc.)

পিতা মাতা হইতে সর্দ্দি প্রভৃতি অবস্থা শিশুগণে বর্ত্তিলে ইহা দ্বারা বিশেষ উপকার আশা করা যায়। ইহা ব্যতীত, সাল্‌ফার, সাইলিসিয়া, কেলীবাইক্রম, এবং মার্কুরিয়াস ঔষধ, দ্বারাও পৈতৃক পাপাদির চিহ্ন বিদূরিত হইয়া থাকে।

মস্তক ও গ্রীবা প্রদেশের গ্রন্থি বিবর্দ্ধন, প্রচুর ও ঈষৎ অথবা ঘোর হরিদ্রা বর্ণের স্রাব হইলে মার্কুরিয়াস, মধ্যে মধ্যে পীত বর্ণের আটাযুক্ত ও দুর্গন্ধ শ্লেষ্মা বাহির হইলে কেলী-বাইক্রম, এবং অপরিস্কার ত্বকোপরি স্ফোটক ও স্ফোটাদি হইলে সাল্‌ফার বিশেষ উপযোগী হইয়া থাকে।

গ্রাফাইটিস্—সর্দ্দি প্রযুক্ত তালু প্রদাহ ও ইউষ্টেশিয়ান নলী বন্ধ হইলে নাসারন্ধ্র ও কণ্ঠ পরিস্কার করিবার ইচ্ছা হয়, এরূপ অবস্থায় গ্রাফ্ উপযোগী। ঢোক গিলিবার কালে কর্ণের ভিতর গর্জ্জনবৎ ও পড়পড় শব্দ; মধ্যকর্ণের সর্দ্দি; নাসিকা হইতে রক্ত মিশ্রিত শ্লেষ্মা, তৎসঙ্গে পর্য্যায়ক্রমে শুষ্ক মামড়ি বাহির হওন, মধ্যে মধ্যে ঘন ও দুর্গন্ধ শ্লেষ্মা স্রাব হইলে ইহা উপযোগী হয়। ইউষ্টেশিয়ান্ নলী বন্ধ হেতু কর্ণ লক্ষণে ইহা বিশেষ ফলপ্রদ হয়।

কোন প্রকার চর্ম্ম রোগ প্রযুক্ত ত্বক হইতে পাতলা, আটা-যুক্ত স্বচ্ছ ও তরল রস বাহির হইলে ইহা বিস্তর ব্যবহৃত হয়। ইহা কাল্ককার্ব্ব, হেপার, সাইলিসিয়া এবং সাল্‌ফারের সহিত সাদৃশ্য রাখিয়া থাকে। মার্কুরিয়াসের পর ইহার বিলক্ষণ উপ-যোগীতা দৃষ্ট হয় এবং নারীগণ অসুস্থভাবে স্থূলকায় হইলে ও উহাদের ঋতু বিপর্য্যয়ে ইহা বিশেষ উপকারক।

হেপার সাল্‌ফার—নাসায় স্ফীত ও স্ফোটকের মত বেদনা যুক্ত অবস্থা, তৎসঙ্গে সর্দ্দি, ও তালুর কষ্টকর কর্কশতা, স্পর্শে নাসা অস্থিতে বেদনা, নাসা হইতে ঘন ও পুঁযের মত শ্লেষ্মা, কদাচ রক্ত মিশ্রিত, শিরোবেদনা নড়িলে বৃদ্ধি, এক

In periodical ejection of plugs of yellow mucus. (Kali bich.) In boils and eruptions over a dirty skin. (sulphur.)

Graph: catarrh with inflammation of fauces and stoppage of eustachian tube with desire to clear the nose and throat, roaring and cracking in ears, catarrh of middle ear, bloody mucus from nose, alternating with expulsion of dry scurfs also discharge of thick fetid, mucous, thin glutinous, transparent watery fluid oozing from the raw skin. Its analogues to be considered. It follows well after mercurius, it is good in unhealthy corpulence of women with menstrual troubles.

Hepar Sulph: catarrh with swollen and painful nose, with smarting roughness in fauces, thick and pus like nasal dis-

নাকের সর্দ্দি, প্রত্যেক বার শৈত্য সংযোগে সর্দ্দি, সাধারণ সর্দ্দি (যে স্থানে মার্ক্যুরিয়াস অধিক উপকার করিতে না পারে), প্রভৃতি লক্ষণে হেপার উপযোগী হয়। পাচড়া বা অন্যবিধ চর্ম্ম রোগ মলম অথবা কোন ধাবণ প্রভৃতি দ্বারা আরোগ্য না হইলে হেপার অব্যর্থ হয়। চর্ম্মে চেতনাধিক্য, অল্পেই চর্ম্মে ক্ষত প্রকাশ, স্ফীত ও কঠিন টন্সিল, এবং গ্রীবা প্রদেশস্থ গ্রন্থি, বিবর্দ্ধনে ইহা বিশেষ উপযোগী। পারদ দ্বারা বিষাক্ত হইলে ইহা ধন্বন্তরী।

charge sometimes stinged with blood, headache, catarrh confined to one nostril, every exposure to cold causes a new attack, obstinate itches and ulceration from least injury, sensitiveness, swollen indurated tonsils and hard glandular swellings about the neck. It is antidote to mercury.

হাইড্রাষ্টিস্—পশ্চাৎ নাসারন্ধ্র হইতে কণ্ঠের ভিতর শ্লেষ্মা পতন, উভয় নাসারন্ধ্রে ক্ষত বোধ, সর্ব্বদা নাক ঝাড়িতে ইচ্ছা, প্রদাহিত ও ক্ষত বিশিষ্ট তালু, চিমসে পীত অথবা শ্বেত বর্ণের শ্লেষ্মা বহির্গমন, অথবা আটাযুক্ত ও সুতার মত শ্লেষ্মা স্রাব, নাসা-ঝিল্লী ক্ষত, এস্‌ক্রেফুলা ঘটিত ওজিনা, মুখ গহ্বরের শ্লৈষ্মিক ঝিল্লীর ক্ষত, মুখগহ্বর হইতে আটাযুক্ত ও প্রচুর শ্লেষ্মা স্রাব ও প্রচুর অশ্রুপাত, হইলে হাইড্রাষ্টিস বিলক্ষণ উপযোগী হয়।

Hydrastis: dropping down of mucus from posterior nares into the throat, raw and excoriated nares, constant blowing of nose raw and inflamed fauces, hawking up of tough yellow or whitish mucus, tenacious and stringy discharge, ulcer in nose, scrofulous ozæna apthous sore mouth, profuse lachrymation, constipation. It is a rival to kali bich. It is very useful in torpidity of the liver and a general

সর্দ্দি রোগে পশ্চাৎ নাসারন্ধ্র হইতে কণ্ঠের ভিতর শ্লেষ্মা পতন হাইড্রাষ্টিস্ প্রয়োগের বিশেষ লক্ষণ বলিয়া স্মরণ রাখিতে হইবে। উপরোক্ত লক্ষণগুলির সহিত যদি রোগীর কোষ্ঠবদ্ধ অথবা সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা থাকে তবে ইহা দ্বারা বিশেষ উপকার হয় এবং বিশেষ উপকার না হইলেও শরীর এরূপ পরিষ্কার হয় যাহাতে অন্য উপযুক্ত ঔষধ শীঘ্রই কার্য্যকরী হইয়া থাকে। ক্ষত হইতে পূয স্রাব হইলে ইহার বিশেষ উপযোগীতা দৃষ্ট হয়। ইহা কেলীবাইক্রমের সমকক্ষ ঔষধ। কিন্তু বহুদিন হইতে আটাযুক্ত ও সুতার মত শ্লেষ্মা বাহির হইলে হেপার অপেক্ষা, কেলিবাইক্রম উপযোগী। পশ্চাৎ নাসারন্ধ্র ও ইউষ্টেসিয়ান নলী ও মধ্য কর্ণ আক্রান্ত হইলে,

ইহা বিশেষ ফলপ্রদ হয়। শর্দ্দি রোগে চক্ষু আক্রান্ত হইলে এবং পুরাতন শর্দ্দিতে যকৃতের ক্রিয়া বিকার ও পরিপাক যন্ত্রের দুর্ব্বলতা থাকিলে ইহা বিশেষ উপকার করিয়া থাকে।

কেলিবাইক্রম—পুরাতন শর্দ্দিরোগে নাসিকা, ফেরিংস ও লেরিংস আক্রান্ত হইলে ইহা উপযোগী হয়। নাসার অস্থি-ক্ষত, উপদংশ রোগ জনিত শারীরিক লক্ষণ এবং তৎসঙ্গে নাসিকা ও কণ্ঠে সর্দ্দি থাকিলে ইহা বিশেষ ফলপ্রদ হয়। স্থূলাকার ও পাতলা চুল বিশিষ্ট ব্যক্তির ধাতুতে ইহা উত্তম খাটে। নাসা হইতে পীত বর্ণের স্রাব, নাকের ভিতর হাজা বা ক্ষত, নাকের সাঁকোতে অত্যন্ত বেদনা, নাসিকা হইতে মধ্যে মধ্যে চিমসে শ্লেষ্মা বহির্গমন, নাকের ডাঁটিতে ক্ষয়; মস্তকে ও কোমল তালুতে পুরাতন শর্দ্দি তৎসঙ্গে পুরাতন স্বরভঙ্গ, ঘ্রাণশক্তির লোপ, নাকের সম্মুখে দুর্গন্ধ, শ্লেষ্মা সহিত শিরঃপীড়া, গ্রীষ্মকালে শর্দ্দির বৃদ্ধি, ক্ষুধামান্দ্য, নড়িলে বমনেচ্ছা, শয়ন করিলে উপশম প্রভৃতি কেলিবাইক্রম প্রয়োগ লক্ষণ জানিবে।

মার্কুরিয়াস্ আয়োডেটাস্—যদি নাসিকার শর্দ্দি গলা পর্য্যন্ত বিস্তৃত হয়, তৎসঙ্গে চিমসে, সাদা, অথবা অল্প হলদে শ্লেষ্মা স্রাব, পশ্চাৎ নাসারন্ধ্রে ঐরূপ শ্লেষ্মা সঞ্চয়, শ্লেষ্মাস্রাব বশতঃ নাসা ও উপরের ওষ্ঠে হাজা, মধ্যে২ টন্সিলে ফুলা ও ঘা, গ্রন্থিগুলির কাঠিন্য ও স্ফীতি, যকৃতের ক্রিয়া বিকার ও প্লীহা বৃদ্ধি থাকিলে ইহা বিশেষ উপকার করিয়া থাকে। নাসিকা হইতে ল্যাক্রিমাল নলী ও থলীতে শর্দ্দি বিস্তৃত হইলে ইহা বিশেষ উপকার করে। শিশুদিগের এরূপ স্থলে কখন কখন ইহার ১ দশমিক চূর্ণ ব্যবহৃত হইয়া থাকে।

মার্কুরিয়াস্-ভাইভাস্—নাসিকা হইতে প্রচুর ও জলবৎ স্রাব, অথবা উহা হইতে অল্প সবুজ ও দুর্গন্ধযুক্ত পূঁজ স্রাব, মুখ দ্বারা তরল পদার্থ পান করিবা গিলিতে চেষ্টা করিলে

atonic condition of digestive organs.
Kali Bich.: beneficial in nasal caries and syphilitic affections of nose and throat. Symptoms: yellow discharge, pain in bridge, tough and stringy discharge, destruction of nasal septum, chronic cold in head, chronic hoarseness, loss of smell, headache from suppressed ozæna, with loss of appetite and nausea on moving.
Mercurias Iodatus: tough, white or yellowish discharge which excoriate the nose and upper lip, inflamed and ulcerated tonsil, torpid liver enlarged spleen.
Merc Viv. profuse, watery, greenish, fœtid, dis-

charge, salivation, tonsilitis, inflammation of nose, night sweats, nose bleeding, ulcerated mouth, liver disorder &c.

পশ্চাৎ নাসারন্ধ্রে উহার পশ্চাদ্ধাবন, টন্সিল ও কণ্ঠের পুরাতন প্রদাহ; তরুণ শর্দ্দিতে প্রচুর পরিমাণ লালাস্রাব, নাসিকা প্রদাহ অর্থাৎ উহা স্ফীত, লাল ও বেদনা যুক্ত; উত্তপ্ত গাত্র, তৎসঙ্গে নৈশ ঘর্ম্ম, ঘর্ম্মে উপশম না হওয়া, গরমে অথবা ঠাণ্ডায় লক্ষণের বৃদ্ধি, হস্ত ও পদে বেদনা, নিদ্রাবস্থায় অথবা কাশিলে নাক দিয়া রক্তপাত, মুখে ঘা ও দুর্গন্ধ লালপড়া, লবণাক্ত শ্লেষ্মা ওঠা ও উদরাময়। মুখের তালু শুষ্ক, সর্ব্বদা ঢোক্ গিলিতে ইচ্ছা, ইউষ্টেসিয়ান্ নলীর শর্দ্দি, শ্রবণ কষ্ট, কর্ণের ভিতর পড় পড় শব্দ অথবা গর্জ্জন, মধ্যে ২ কানবন্ধ, স্ফীত ও কঠিন যকৃৎ, যকৃতের ক্রিযাবিকার, শরীরে অলস, ও ভার বোধ প্রভৃতি লক্ষণ প্রকাশ পাইলে ইহা ফলপ্রদ হয়।

Nitric Acid yellow and fœtid discharge, swollen nose, itching, violent coryza, pain in limbs, red tip of nose, emaciation, heart-burn, acid eructation ulcer in mouth.

নাইট্রিক-এসিড—অধিক পরিমাণে পারদ সেবন করিলে ইহা বিশেষ উপযোগী হয়। যদি পীতবর্ণ এবং দুর্গন্ধ যুক্ত নাসাস্রাব, নাক ফুলা ও সড়সড়ানি, কখন কখন রসানির মত স্রাব, প্রবল সর্দ্দি, হস্ত ও পদে ছিন্নকর বেদনা, রক্তবর্ণ নাসাগ্রভাগ, খোলা বাতাসে যাতনা বৃদ্ধি, পাতলা ও শীর্ণদেহ, তৎসঙ্গে বুক্ জ্বালা, অম্ল উদ্গার ও মুখক্ষত বর্ত্তমান থাকে, তবে ইহা উপকার করিয়া থাকে।

Nux Vom: Heat in head and face, creeping chill, fluent coryza in day, stoppage at night, frontal headache, bloody mucus from nose, itching, pain in face, constipation.

নক্সভমিকা।—উত্তপ্ত মস্তক ও মুখমণ্ডল, তৎসঙ্গে শীত বোধ (অগ্নির উত্তাপে শীতের হ্রাস হয় না), দিবাভাগে পাতলা সর্দ্দি, কিন্তু রাত্রিকালে নাক্‌বন্ধ, ফ্রণ্টাল অস্থির গহ্বর প্রদাহ, তৎসঙ্গে প্রবল শিরঃপীড়া, নাসিকা হইতে রক্ত মিশ্রিত শ্লেষ্মা বহির্গমন, অত্যন্ত নাক সড়সড়ানি ও মুখমণ্ডলে প্রবল বেদনা প্রভৃতি লক্ষণে ইহা বিশেষ উপযোগী হয়। আর্সেনিক ব্যর্থ হইলে নক্সভমিকা দ্বারা প্রায়ই উপকার হয়। শিশুদিগের শুষ্ক শর্দ্দিতে ইহা বিশেষ উপকার করে। সর্দ্দিরোগের

কপালে বেদনা ইহা দ্বারা শীঘ্র বিদুরিত হয়, সর্দ্দির সহিত কোষ্ঠ বদ্ধ এবং প্রাতঃকালে অসুখ বৃদ্ধি থাকিলে ইহা অমোঘ। পূর্ব্বে বহুবিধ ঔষধ সেবন করা হইলে পর ইহা দ্বারা উহাদের বিষ নষ্ট হয়।

ফস্ফরাস্—যক্ষ্মাগ্রস্থ ধাতুতে সর্দ্দি হইলে ইহা বিশেষ উপকার করিয়া থাকে। যদি নাক ফুলা, নাক হইতে ঘন ঘন রক্তপাত (বিশেষ লক্ষণ), নাক হইতে সবুজ ও পীতবর্ণের স্রাব, তৎসঙ্গে মাথাভার, সর্দ্দির সহিত গলা বেদনা ও স্বরভঙ্গ, নাসিকা হইতে চিম্‌সা অথবা ঘনস্রাব, তরল সর্দ্দির অভাব, ফুসফুসে দুর্ব্বলতা, ঘন ঘন স্বরভঙ্গ, গলা সুড় সুড় করিয়া কাসি, চীৎকার করিয়া পড়িলে, উচ্চ হাস্য করিলে অথবা গান করিলে ঐরূপ কাসির বৃদ্ধি, কাসিয়া লবনাক্ত গয়ার তোলা, ঘ্রাণশক্তির হ্রাস, নাসিকা হইতে দুর্গন্ধ বহির্গমন, খোলা বাতাসে চক্ষু হইতে জ্বালাকর অশ্রুপাত, ঝড়ের দিনে অথবা শীতের সময় অসুখের বৃদ্ধি, মস্তক ও মুখমণ্ডলের স্নায়ুশূল, শিরঃপীড়া (ঝুঁকিলে বৃদ্ধি) প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে তবে ফস্ফরাস্ উপযোগী হয়।

পাল্‌সেটিলা—যদি ক্ষুধামান্দ্য, আস্বাদন ও ঘ্রাণ শক্তির হ্রাস, আলোকাতঙ্ক, মস্তকে ভার বোধ, বিশেষতঃ গরম ঘরে থাকিলে, খোলা বাতাসে উপশম, শীত থাকিলেও তৃষ্ণা না থাকা, পর্য্যায়ক্রমে নাক বদ্ধ ও নাক ঝরা সবুজ ও দুর্গন্ধযুক্ত নাসাস্রাব, শ্রবণ কষ্ট, (যেন কান বুজিয়া থাকে), কপালে সর্দ্দি, নাকহইতে দুর্গন্ধ বহির্গমণ, নাকের গোড়ায় চাপ বোধ, সহজে হাস্য বা ক্রন্দন, পাকাশয়িক বিকার, কখন কখন অত্যন্ত কোষ্ঠ বদ্ধ, প্রত্যূষে কর্কশ স্বর, অল্প কাসিয়া গয়ার তুলিলে উপশম প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে তবে ইহা উপকার করে। অক্ষি পুটের উগ্রতা, মুখে ঘা, মাংস অথবা চর্ব্বিযুক্ত পদার্থে ঘৃণা এবং

Phosphorus: swollen nose, epistaxis, green yellow discharge, hoarseness, tough and thick discharge, no coryza, hoarseness, tickling cough, salty expectoration, loss of smell, burning tears, neuralgia of head and face, headache worse from stooping, sensitive to cold air.

Pulsatilla: loss of appetite taste and smell, photophobia, dull and heavy head, worse in warm room, with obstruction of nose, chilliness with absence of thirst, alternate stoppage and running; green fœtid discharge, hard hearing, bad smell from nose, pressure at the root of nose &c.

Sanguinaria : burning heat and redness in face, sneezing, fluent watery, acrid coryza, catarrhal opthalmia, watering of eyes, humming in ears, torpid liver &c.

Sepia inflammed nose, ulcerated nostrils, painful eruption on the tip of nose, dry coryza, green bloody mucus from nose, yellow saddle across the nose.

Silicia : painful, dry nose, ulcer in, acrid and corroding discharge, eruption in the nostrils and lips, indurated and suppurated glands.

Sulphur : obstruction, hard scabs bleeding, itching, ulceration, thick yellowish and puriform mucous boils, hot feet.

হাম প্রভৃতি রোগের পরবর্ত্তী অবস্থায় ইহা বিশেষ উপযোগী হয়।

সাঙ্গুয়িনেরিয়া—যদি মুখমণ্ডলে জ্বালাকর তাপ ও আরক্তিমতা, অত্যন্ত হাঁচি, অত্যন্ত তরল সর্দ্দিস্রাব, চোক ওঠা, প্রচুর অশ্রুপাত, কর্ণের ভিতর গুণ গুণ শব্দ, বক্ষের ভিতর শুষ্কতা অনুভব, পান করিলেও উপশম হয় না, গলা ফুলিয়াছে এরূপ বোধ, বক্ষে বেদনা, কাসি, অবশেষে উদরাময়, ক্ষীণ ভাবে রক্ত সঞ্চালন, যকৃতের ক্রিয়া বিকার, গলায় সর্দ্দি বশতঃ শ্রবণ কষ্ট প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে, তবে ইহা উপযোগী হয়। কোন কোন স্থলে ইহা ফসফরাস, আর্স ও হাইড্রাষ্টিস ঔষধের সহিত ঐক্য হইয়া থাকে।

সিপিয়া—যদি স্ফীত ও প্রদাহিত নাসিকা বেদনা ও ক্ষত বিশিষ্ট নাসারন্ধ্র, নাসাগ্রভাগে বেদনাজনক স্ফোট, নাসিকা ও কোমল তালুতে শুষ্কতা অনুভব. নাসা বদ্ধ, প্রবল ও শুষ্ক সর্দ্দি, মস্তকে এবং কর্ণের ভিতর গর্জ্জন শব্দ, নাসিকা হইতে পূঁয ও রক্ত মিশ্রিত শ্লেষ্মা স্রাব, নাসা গহ্বরের ঊর্দ্ধদেশে ক্ষত, ঘ্রাণ শক্তির হ্রাস, নাসিকার উপর ঘোড়ার জিনের আকৃতি বিশিষ্ট এক পীত বর্ণের দাগ প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে তবে ইহা ফলপ্রদ হয়। স্ত্রীগণের জরায়ু দুর্ব্বলতা এবং ঋতু বিকার থাকিলে ইহা বিশেষ উপযোগী হয়।

সাইলিসিয়া—বহুদিনের বেদনাযুক্ত শুষ্ক নাসাগহ্বর, অথবা নাসিকার-শ্লৈষ্মিক ঝিল্লীর দুরারোগ্য ক্ষত, উগ্র ও জ্বালাকর নাসাস্রাব, নাসারন্ধ্রে ও ওষ্ঠে স্ফোট, শরীরের স্থানে স্থানে বিচি কাঠিন্য ও বিচি পাকা প্রভৃতি লক্ষণে ইহা ফলপ্রদ হয়।

সালফার—বহুদিনের নাসা বদ্ধ, নাসারন্ধ্রের ভিতর কঠিন ও শুষ্ক মামড়ী হইতে ঘন ঘন রক্তপাত, নাসার বাহ্যদেশে

প্রদাহ, ত্বকে কণ্ডুয়ন ও স্ফোট, ঘ্রাণ শক্তির হ্রাস, নাসারন্ধ্রের ভিতর হাজা ও ক্ষত, প্রচুর পরিমাণে ঘন ঈষৎ পীতবর্ণ ও পূঁজবৎ শ্লেষ্মাস্রাব, নাসিকার উপর স্ফোটক ও ফোস্কা, দুই বা এক নাসা বন্ধ, মুখে ক্ষত, লাল পড়া, সহজে ঠাণ্ডা লাগা, রাত্রি কালে পদে অত্যন্ত তাপ জ্বালা ও চুলকনা, সহজেই ত্বকে ক্ষতোৎপাদন ও বিলম্বে আরোগ্য প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে ইহা ফলপ্রদ হয়। ইহা দ্বারা পারার বিষও নষ্ট হইয়া থাকে।

এতদ্ব্যতীত, পুরাতন সর্দ্দিরোগে এমোন-ব্রোম্, এসাফিটিডা সাইক্লেমেন, আয়োডিন, কেলী-হাইড্রিয়োড, ল্যাকেসিস, লাইকো-মার্কুরিয়াস্, বিন্-আয়োডাইড্, ন্যাট্রাম-মিউর, ষ্টিক্টা-পালমো ঔষধগুলিরও ব্যবস্থা আছে। Other medicines.

ডাক্তার রো সাহেবের মতে তরুণ সর্দ্দি রোগের চিকিৎসা।

একোনাইট—যদি ঠাণ্ডা লাগিয়া সর্দ্দি হয় তবে ঐ রোগের সর্ব্ব প্রথম অবস্থায় ইহা ব্যবহৃত হয়। সর্দ্দিরোগে একোনাইট প্রয়োগ লক্ষণ যথা:—শিরঃপীড়া হাঁচি, নাকঝরা চক্ষু হইতে জল পড়া, কর্ণে গর্জ্জন, আরক্ত মুখ, পিপাসা, স্বল্প ও গরম প্রস্রাব, শুষ্ক ও অল্প ২ কাসি, তৎসঙ্গে কান্না, দ্রুত নাড়ী ও শ্বাস প্রশ্বাস, শুষ্ক ও উত্তপ্ত গাত্র, অনিদ্রা অথবা তন্দ্রা, তৎসঙ্গে চমকান ইত্যাদি।

Aconite - headache, sneezing, nose running, watering eyes, roaring in ears, flushed face, thirst, scanty hot urine, dry cough, quick pulse and breathing, hot, dry skin sleeplessness.

এমোন-কার্ব্ব—রাত্রিকালে নাক বন্ধ, উগ্র জ্বালাকর ও জলবৎ নাসাস্রাব, ঝুঁকিলে নাসাগ্রভাগে রক্তাধিক্য ইত্যাদি।

Amm. Carb. stoppage at night, acrid, burning discharge, red tip of nose.

এমোন্-মিউর—সর্দ্দির সহিত নাক বন্ধ, নাক্ বেদনা, গন্ধ লোপ ইত্যাদি।

Amm. mur: coryza with stoppage, sore and tender nose, loss of smell,

Anacard : fluent, sneezing, acute smell. — এনাকার্ডিয়ম—প্রচুর সর্দ্দি, ঘন ঘন হাঁচি, তীক্ষ্ণ গন্ধ ইত্যাদি।

Aral rac: coryza, sneezing, asthma. — এরেলিয়া-রেসিমোসা—সর্দ্দির সহিত ঘন ঘন হাঁচি তৎসঙ্গে হাঁপানি ইত্যাদি।

Arsenic : burning, watery, discharge, feeling of stoppage, alternate stoppage and running, morning headache, sneezing, hoarseness, dry night cough, nose bleed, thirst, restlessness, sleeplessness lassitude. — আর্সেনিক—জ্বালাকর, হাজাব মত ও জলবৎ নাসাস্রাব অথচ নাক বন্ধ এরূপ অনুভব, অথবা পর্য্যায়ক্রমে নাক বন্ধ ও নাসাস্রাব, তৎসঙ্গে জ্বালা, প্রাতঃকালে শীত বা সর্দ্দির আধিক্য, তৎসঙ্গে দপ্‌দপে শিরঃপীড়া; ঘন ঘন হাঁচি; গলাভাঙ্গা; কণ্ঠের ভিতর ক্ষত ও জ্বালা বোধ; কণ্ঠের ভিতর সুড়সুড়ি এবং রাত্রিকালে শুষ্ক কাশি, নাসিকা হইতে রক্তপাত, ফেকাসে মুখমণ্ডল, অত্যন্ত পিপাসা, অনিদ্রা অস্থিরতা ও আলস্য।

Arum Triph: excoriating nostrils lips and corners of mouth, nose picking. — এরাম-টাইফিলাম—জ্বালাকর ও পাতলা নাসাস্রাব; নাসা, উপরের ওষ্ঠ ও মুখের কোণে হাজা, নাক বন্ধ, সর্ব্বদা নাক ও ওষ্ঠ খোঁটা।

Asarum coryza, deafness. — আসারাম্—প্রচুর সর্দ্দি তৎসঙ্গে বধিরতা অথবা কান বন্ধ।

Belladonna : watery or acrid discharge, or dry nose, sneezing, red face and eyes, lachrymation, dysphagia, swollen tonsils. — বেলেডোনা—জলবৎ ও উগ্র নাসাস্রাব তৎসঙ্গে নাক জ্বালা অথবা শুষ্ক নাসাবন্ধ, তৎসঙ্গে গন্ধাধিক্য অথবা কম গন্ধ বোধ, ঘন ঘন হাঁচি বশতঃ মস্তকে বেদনা ও কম্পন, লালবর্ণ ও স্ফীত নাসিকা, তৎসঙ্গে মুখ মণ্ডলে শীত ও তাপ বোধ, লালবর্ণ মুখমণ্ডল, প্রবল ও দপ্‌দপে শিরঃপীড়া, কপালের ভিতর বেদনা, প্রলাপ, তৎসঙ্গে আরক্ত চক্ষু, আলোকাতঙ্ক ও অশ্রুপাত, কোমল তালুর অত্যন্ত শুষ্কতা, গলাধঃকরণে কষ্ট, চক্‌চকে ও প্রদাহিত কোমল তালু, স্ফীত টন্সিল্, শিশুদিগের সর্ব্বদা ক্রন্দন অথবা উহারা তন্দ্রাভাবাপন্ন।

Bryonia : extending in frontal sinuses and chest. — ব্রায়োনিয়া—কপালের গহ্বর বক্ষ ও গহ্বরের ভিতর এবং শ্বাসপথে সর্দ্দি বিস্তৃত হয় তৎসঙ্গে বক্ষের পার্শ্বদেশে চিড়িক যন্ত্রণা থাকে।

ক্যাল্ক-কার্ব্ব—হঠাৎ ঠাণ্ডা লাগিয়া নাক হইতে জলবৎ শ্লেষ্মা পড়ে। শুষ্ক মুখ গহ্বর, শুষ্ক তালু, মস্তক গরম ও ভারবোধ, ঘন ও প্রচুর প্রস্রাব, সহজে সর্দ্দি হওন ও নাক বন্ধ।

Calc. carb: sudden cold, dropping of clear water from nose, dry mouth, hot head, stoppage of nose.

ক্যাম্ফার—তরল সর্দ্দি, তৎসঙ্গে শীত বোধ, ও হাত পা ঠাণ্ডা। দুর্ব্বলকায় ও স্নায়বিক ব্যক্তিদিগের পক্ষে ইহা উপযোগী হয়।

Camphora: fluent, chilliness, cold extremities.

সিপা—প্রচুর ও জলবৎ স্রাব, হাঁচি, নাক ও ঠোঁট হাজা, চক্ষুতে চুলকনা, জ্বালা, ও হুলফুটানি, অশ্রুপাত, শিরঃপীড়া, সন্ধ্যায় ও গরম ঘরে অসুখবৃদ্ধি কিন্তু খোলা বাতাসে উপশম, লেরিঞ্জিয়াল্ কাশি, বোধ হয় যেন লেরিংস ছিঁড়িয়া যাইবে, উত্তর ও পূর্ব্ব দিকের জোর বাতাসে অসুখ উৎপত্তি প্রভৃতি সিপা প্রয়োগ লক্ষণ।

Cepa: profuse, watery, sneezing, excoriating nose and lip, itching, burning and stinging in eyes, flow of tears, headache, laryngial cough.

ক্যামোমিলা—শীত ও জ্বর বোধ, পিপাসা, এক গাল লাল ও অপর গাল ফেকাসে, ঘড় ঘড় কাশি।

Chamom: one cheek red other pale, rattling cough

সাইক্লেমেন্—হাঁচি ও প্রচুর সর্দ্দি, গন্ধ ও আস্বাদন লোপ, মাথায় ও কর্ণে বেদনা।

Cyclam: sneezing, profuse discharge.

ইউপেট-পার্ফো—স্বরভঙ্গ, সন্ধ্যাকালে কাশির বৃদ্ধি, সর্ব্বাঙ্গের অস্থিতে বেদনা।

Eupat-Perfo: hoarseness, evening cough, bone pain

ইউফ্রেসিয়া—পাতলা রকমের প্রচুর শ্লেষ্মা স্রাব, উপরের ওষ্ঠ আড়ষ্ট, চক্ষু প্রদাহিত ও উগ্র জলপূর্ণ, কেবল দিবাভাগে কাশি।

Euphrasia: profuse mucus, stiff upper lips, inflamed and tearful eye, day cough.

Gelsem : summer cold, morning sneezing, sore nostrils, drowsy. fever until morning, half walking or talking in sleep.

জেলসিমিয়াম্—গ্রীষ্মকালীন শর্দ্দি, প্রাতঃকালে প্রবল হাঁচি, নাসারন্ধ্রের ধারগুলি লালবর্ণ ও ক্ষতবিশিষ্ট, ফেরিঙ্ক্সিয়াল প্রদাহ, সুতরাং ঢোক গিলিতে কষ্ট, ও কর্ণ পর্য্যন্ত বেদনা, বধিরতা, অপরাহ্নে হাত ও পা ঠাণ্ডা, তৎপরে তন্দ্রা ও প্রাতঃকালাবধি জ্বর, অর্দ্ধ জাগরিত, রাত্রিকালে ঘুমের ঘোরে বকা, কোনরূপ বায়ুর পরিবর্ত্তনে ঠাণ্ডা লাগা।

Hepar Sulp. inflamed nose snapping in ear on blowing the nose, sensitive to cold air, wants to be covered, stoppage of fluent coryza and hoarseness and croupy cough.

হেপার-সাল্‌ফার—লাল ও স্ফীত নাসিকা, স্পর্শ করিলে বেদনা, নাক ঝাড়লে কানে পট্ পট্ শব্দ, নাকের ভিতর ক্ষত বোধ, শীতল বায়ুতে ঠাণ্ডা বোধ, গা গরম হইলেও ঢাকিতে ইচ্ছা। অনেক পরিমাণ পারদ সেবন করিলে পর সহজে ঠাণ্ডা লাগা, তরল শর্দ্দি হঠাৎ বন্ধ হইলে পর স্বরভঙ্গ ও ঘুংড়ির মত কাশি প্রভৃতি হেপার প্রয়োগ লক্ষণ।

Hydrastis stoppage, headache.

হাইড্রাষ্টিস্—পশ্চাৎ নাসারন্ধ্র শ্লেষ্মায় বন্ধ, নাসারন্ধ্র বন্ধ, ও কপাল বেদনা।

Iodium glassy mucus watery discharge at night, sneezing, evening stoppage, dull hearing

আয়োডিয়াম্—সাদা ও স্বচ্ছ শ্লেষ্মা, রাত্রিতে প্রচুর নাসাস্রাব, তৎসঙ্গে হাঁচি, সন্ধ্যাকালে নাক বন্ধ ও গন্ধ না পাওয়া, বধিরতা ও কর্ণের ভিতর শব্দ।

Kali Bich. pressure in root of nose, headache, acrid discharge.

কেলিবাইক্রোম—নাসিকার মূলদেশে চাপ বোধ, কপাল বেদনা, নাক চাপিলে আরাম বোধ, উগ্র নাসাস্রাব প্রযুক্ত উপরের ওষ্ঠ হাজা, গরমে বৃদ্ধি, ঠাণ্ডায় উপশম।

Kali hydr: acrid discharge, sneezing, swollen eyelids, red eyes, lachrymation, hammering in forehead,

কেলি-হাইড্রিয়োডিকাম্—স্নৈষ্মিকঝিল্লীর প্রদাহ ফ্রণ্টাল্ সাইনাস্ পর্য্যন্ত বিস্তৃতি, হাইমোরিয়ান্ গহ্বর, ল্যাক্রিমাল্ নলী ও কোমল তালু প্রদাহ। লালবর্ণ ও স্ফীত নাসিকা, সর্ব্বদা জলবৎ ও উগ্র নাসাস্রাব, তৎসঙ্গে কষ্টকর ও প্রবল হাঁচি, চক্ষুর পাতা ফোলা, আরক্ত চক্ষু, অশ্রুপাত, কর্ণের ভিতর বেদনা, লাল মুখমণ্ডল, তৎসঙ্গে উদ্বেগ ও অস্থিরতা, কপালে হাতুড়ী পেটার মত বেদনা, দুই রগ চাপিয়া যাইতেছে এরূপ

অনুভব, অথবা মাথা যেন তিন গুণ বড় হইয়াছে এরূপ বোধ, জ্বরের সহিত অত্যন্ত তৃষ্ণা, পর্য্যায়ক্রমে উত্তপ্ত ও শুষ্ক গাত্র, এবং ঘর্ম্ম, মধ্যে ২ কম্প বা শীত হইলেও তাপাধিক্য এবং গরম প্রস্রাব। alternate heat and sweat.

ল্যাকেসিস্—প্রচুর ও পাতলা নাসাস্রাব, নাসারন্ধ্র ও ওষ্ঠ ক্ষত, সর্দ্দির পূর্ব্বে গলার ভিতর ক্ষত বোধ ও কুটকুটনি; নাসাস্রাব হঠাৎ বন্ধ হইলে প্রবল শিরঃপীড়া। Laches: thin discharge soreness, frontal headache when discharge dries up.

লাইকোপোডিয়ম্—ফ্রন্টাল-গহ্বরের প্রদাহ, তৎসঙ্গে ছিন্নকর শিরঃপীড়া, সন্ধ্যাকালে বৃদ্ধি, রাত্রিকালে নাসাস্রাব বন্ধ, সুতরাং মুখ দিয়া শ্বাস প্রশ্বাস কার্য্য সম্পাদন। Lycopod frontal headache, nightly stoppage, breathing through mouth.

মার্কুরিয়াস-সল্—হাঁচি এবং নাসা হইতে জলবৎ স্রাব, নাসিকা স্ফীত, লালবর্ণ ও বেদনা বিশিষ্ট, চক্ষু, ফ্রন্টাল ও হাইমোরিয়ান-গহ্বর, টন্সিল, তালু এবং সমস্ত শ্বাস পথের প্রদাহ, রাত্রিতে প্রচুর ঘর্ম্ম হইলেও উপশম বোধ হয় না, বাত বেদনা, রাত্রিকালে বৃদ্ধি। এক সময়ে অনেক লোকের সর্দ্দি। Merc Sol: sneezing, watery dropping, inflamed nose, eyes, cavities, air passages tonsils and fances, night sweat, pain, epidemic cold.

নক্সভমিকা—সর্দ্দির প্রথমাবস্থায় ইহা ব্যবহৃত হয়। ইহার প্রয়োগ লক্ষণ যথা: দিবাভাগে শুষ্ক অথবা তরল সর্দ্দি, রাত্রিকালে নাক বন্ধ, নাকের ভিতর ঝিন্ ঝিনী, গলার ভিতর আঁচড়ান বোধ, মস্তক গরম, কপাল বেদনা, জ্বর বোধ, অঙ্গ-সঞ্চালনে শীতবোধ, পুরাতন পনীর অথবা গন্ধকের ধুম অনুভব, কোষ্ঠ বন্ধ, সদ্য-প্রসূত শিশুদিগের সর্দ্দি। Nux Vom: dry or fluent during day, stopped at night, tingling in nose, scraping in throat, hot head, pain in forehead, hot and feverish, chilly on *moving*, smell of sulphur, constipation,

Phosphorus: alternation of fluent and dry coryza, morning obstruction, sneezing, hoarseness, bronchial catarrh, smell and taste gone

ফসফরাস—পর্য্যায় ক্রমে তরল ও শুষ্ক সর্দ্দি, প্রাতঃকালে নাক বন্ধ, এক নাসিকা হইতে স্রাব, অপর নাসিকা বন্ধ, হাঁচিলে গলা ও মাথা বেদনা, এবং বক্ষে আক্ষেপ বোধ, কোমল তালু লাল বর্ণ ও শুষ্ক, উহাতে জ্বালা, স্বরভঙ্গ এবং শ্বাস পথের সর্দ্দি, গন্ধ এবং স্বাদ না থাকা।

Phytolacca flow from one only.

ফাইটোলেক্কা—এক নাক হইতে স্রাব অপর নাক বন্ধ, অশ্বারোহণ কালে দুই নাক বন্ধ।

Pulsatilla dry and fluent alternately, stopped in evening, loss of smell, taste and appetite, no thirst, chilliness, profuse, thick yellow or greenish discharge nose bleed, inflamed conjunctiva, dry cough at night on lying, stomach ache, slimy, painful diarrhœa

পালসেটিলা—পর্য্যায়ক্রমে শুষ্ক ও তরল সর্দ্দি, সন্ধ্যাকালে নাক বন্ধ, ঘ্রাণ, আস্বাদন এবং ক্ষুধা লোপ, পিপাসার অভাব, শীতবোধ পরে প্রচুর পরিমাণে ঘন পীতবর্ণ অথবা অল্প সবুজ নাসাস্রাব, নাক হইতে রক্তপাত, চক্ষুর শ্লৈষ্মিক ঝিল্লী ও প্রদাহ, হাইমোরিয়ান গহ্বর হইতে কর্ণ পর্য্যন্ত ছিন্নকর বেদনা, রাত্রিতে শয়ন করিলে শুষ্ক কাশি, উঠিয়া বসিলে উপশম, পাকাশয় বেদনা, আমাশয় ও বেদনাযুক্ত উদরাময়, সন্ধ্যাকালে এবং গরম ঘরে সমস্ত লক্ষণের বৃদ্ধি, খোলা বাতাসে উপশম।

Rhus-tox: thick yellowish discharge, eczema, nose inflammation, sometimes bleeding, bone pain.

রস্ টক্স—ঘন ও অল্প পীতবর্ণ স্রাব, নাসিকার নিম্নদেশের দুই পার্শ্বে একজিমা বা পামারোগ, স্ফীত নাসিকা হইতে মধ্যে মধ্যে রক্তপাত, সমস্ত অস্থিতে বেদনা বৃদ্ধি।

Sanguinaria: pain over root, sore

সেঙ্গুইনেরিয়া—নাসিকার মূলদেশে বেদনা, চক্ষু পার্শ্বে বেদনা, গলা বেদনা, কাশি এবং অবশেষে উদরাময়।

সিপিয়া—হঠাৎ প্রচুর এবং মধ্যম প্রকারের স্রাব, তৎসঙ্গে হস্ত পদে বাত বেদনা এবং পশ্চাৎ মস্তকে প্রবল শিরঃপীড়া।

স্পাইজিলিয়া—প্রচুর স্রাব, স্রাবে দুর্গন্ধ ও দুর্গন্ধযুক্ত আস্বাদন; রাত্রিকালে পশ্চাৎ নাসারন্ধ্র হইতে প্রচুর শ্লেষ্মাস্রাব বশতঃ কর্ণ মধ্যে শ্লেষ্মা সঞ্চয় এবং তজ্জন্য দম বন্ধ।

শিশুদিগের ঘোঁতঘোঁতানি সর্দ্দির জন্য ঔষধ :—

এমোন-কার্ব্ব, শিশুর নিদ্রা যাইবার কালে শ্বাস রোধ বশতঃ চমকিয়া উঠে। এতদ্ব্যতীত, ক্যামোমিলা, নক্সভমিকা ও পল্‌সিটিলা ব্যবস্থা হয়।

eyes, sore throat, cough diarrhœa.
Sepia : profuse' discharge, rheumatic pain occipital headache,
Spigelia : offensive copious discharge, choking from mucus at night.
Treatment of snuffles of infants.

ডাক্তার রো সাহেবের মতে পুরাতন সর্দ্দি রোগের ও উজিনা রোগের চিকিৎসা।

এগারিকাস্—প্রচুর ও দুর্গন্ধযুক্ত স্রাব, নাসিকার ভিতর শ্লেষ্মা সঞ্চয়, বোধ হয় যেন সমস্ত নাসিকা শ্লেষ্মায় বুজিয়া আছে। মুখ হইতে দুর্গন্ধ বহির্গমন।

এলুমিনা—নাসিকার ভিতর ক্ষত বোধ ও মামড়ী পড়া ঘন ও পীত বর্ণের শ্লেষ্মা স্রাব।

এণ্টিম-ক্রুড্—শীতল বায়ু আঘ্রাণ করিলে গলার ভিতর বেদনা বোধ, নাকের ভিতর মামড়ী, মুখের কোণে ফাটা ও ঘা।

আর্জেণ্টম-নাইট্রিকাম্—নাক হইতে পূঁজ ও রক্তের চাপ বাহির হয়। শীত বোধ, অশ্রুপাত, আলস্য উৎপাদক শিরঃ পীড়া অত্যন্ত নাসিকা কণ্ডুয়ন।

এসাফিটিডা—অল্প, সবুজ বর্ণের ও দুর্গন্ধযুক্ত নাসাস্রাব, পারদ উপসর্গ।

Agaricus : profuse, fœtid, discharge, sense of fullness in, bad smell from mouth.
Alumina : soreness, scabs, thick yellow mucus.
Ant. Crud: sensitive throat to cold air, sore nostrils, ulcerated corners of mouth.
Argenti-nit: discharge of pus and blood, chilliness, lachrymation, stupefying headache, nose itching.
Asaf : greenish offensive discharge.

Aurum : inflamed nose, nasal bones sore, caries, foetid discharge, ulcer, mercurial and syphilitic complication.

অরম্‌—প্রদাহিত নাসিকা, স্পর্শে নাসা অস্থিতে বেদনা, নাসাঅস্থিতে ক্ষত, দুর্গন্ধ নাসাস্রাব, নাসারন্ধ্রে ক্ষত, নাসারন্ধ্র যোড়া লাগা, সমস্ত নাসিকায় বেদনা, রাত্রিকালে বৃদ্ধি, পারদ ও উপদংশ উপসর্গ।

Aur. Mur: sore nose, blowing out of blood, mucus from head to throat, headache, constipation, piles.

অরম-মিউর—নাসিকার ভিতর ছোট ছোট ও বেদনাযুক্ত ক্ষত, নাক ঝাড়িলে রক্তপাত, মস্তক হইতে গলা পর্য্যন্ত শ্লেষ্মা সঞ্চয়, শিরঃপীড়া কোষ্ঠবদ্ধ, অর্শ।

Bar. Carb : scabs in posterior nares and behind uvulva.

ব্যারাইটা-কার্ব্ব—পশ্চাৎ নাসারন্ধ্রে ও কোমল তালুর পশ্চাদ্ভাগে মামড়ী পড়া।

Berberis : extending to antrum of Highmore.

বার্বেরিষ—বামদিকের হাইমোবিয়ান্‌ গহ্বর পর্য্যন্ত সর্দ্দি বিস্তৃত হয়।

Calc. carb : purulent, foetid, thick, yellow reddish discharge, lip sore, day discharge, stoppage at night, worse morning, swollen upper lip, bad smell, morning hoarseness, scrofula.

ক্যাল্ক-কার্ব্ব—পূঁযবৎ দুর্গন্ধযুক্ত, ঘন, পীত ও অল্প লাল বর্ণের নাসাস্রাব, ঐরূপ শ্লেষ্মা গড়াইলে উপরের ওষ্ঠ হাজিয়া যায়। দিবাভাগে চটচটে স্রাব, তৎসঙ্গে বোধ হয় যেন নাক বুজিয়া আছে, রাত্রিকালে নাক শুষ্ক ও বন্ধ, প্রাতঃকালে শয্যা-হইতে উঠিলে নাসিকা অত্যন্ত বুঝিয়া থাকে, নাসিকা ফুলিয়া ওঠে, নাকের গোড়া অধিক ফোলে, নাসারন্ধ্রের ধারগুলি ও তাহার ডাঁটিতে বেদনা ও ক্ষত, উপরের ওষ্ঠ ফোলা, ঘ্রাণশক্তি কম অথবা বিষ্ঠা, পচা ডিম্ব কিম্বা বারুদের মত আঘ্রাণ, প্রাতঃ-কালে স্বরভঙ্গ, কাসিতে কাসিতে স্বরভঙ্গ দূর হওন, স্ক্রফুলা ধাতু।

Coral. Rub. secretion through posterior nares, hawking,

কোরালিয়াম্‌ রুব্রাম—পশ্চাৎ নাসারন্ধ্র হইতে প্রচুর শ্লেষ্মা স্রাব হয়, তজ্জন্য সর্ব্বদা হক্‌ হক্‌ করিতে হয়।

কুপ্রাম—সম্মুখ কপালের গহ্বরের ভিতর অসুখ বোধ, কপাল বেদনা, বাম চক্ষুর উপর ও নাকের গোড়ায় অধিক যন্ত্রণা, নড়িলে বৃদ্ধি, শয়ন করিয়া থাকিলে উপশম, নাক বন্ধ থাকিলেও কখন কখন পীত অথবা জলবৎ শ্লেষ্মা বাহির হয়, গন্ধ পাওয়া যায় না, স্বাদেরও বৈলক্ষণ্য ঘটে।

Cuprum : headache, worse over left eye and root of nose.

কুরারী—দুর্গন্ধযুক্ত ও চাপ চাপ পূঁযের মত শ্লেষ্মা স্রাব, স্বল্পরজঃ, জরায়ুগ্রীবায় বেদনা, অল্প জলবৎ ও শ্বেতসারের মত প্রদর বর্ত্তমান থাকে।

Curare : foetid lump of pus, scanty menses pain in os-uteri, starchy leucorrhoea.

ইলাপ্স—আংশিক নাক বন্ধ, নাসারন্ধ্রের ঊর্দ্ধাংশে বন্ধ, তৎসঙ্গে কপাল বেদনা, ভিজা বাতাসে বৃদ্ধি, নাসিকা হইতে কখন কখন দুর্গন্ধ, দুর্গন্ধযুক্ত স্রাব, কণ্ঠ গহ্বরের পশ্চাৎ প্রাচীরে অল্প সবুজ ও পীতবর্ণের মামড়ী, ঐ স্থান কুঞ্চিত ও ফাটা, কখন২ নাক হইতে রক্তপাত, ঢোক গিলিবার সময় নাসিকার মূল দেশ হইতে কর্ণ পর্য্যন্ত বেদনা, রাত্রিকালে হাঁচি, গন্ধ লোপ, প্রচুর ও কাল বর্ণের রজঃস্রাব।

Elaps : partial stoppage, worse in wet weather, offensive discharge, greenish yellow scab, sneezing at night, profuse and dark catamenia.

গ্রাফাইটিস—নাকবন্ধ তৎসঙ্গে চিমসে ও দুর্গন্ধযুক্ত শ্লেষ্মা স্রাব, নাকবন্ধ থাকিলেও মধ্যে ২ তরল সর্দ্দি, নাসিকার ভিতর শক্তচাপ বা মামড়ি পড়া, ঋতুকালে নাসিকা হইতে দুর্গন্ধ যুক্ত স্রাব, নাসিকা হইতে রক্তমিশ্রিত শ্লেষ্মা স্রাব, নাসিকা হইতে পোড়া লোমের গন্ধ বহির্গমন, নাসারন্ধ্র ক্ষত, কর্ণের পশ্চাতে সরস স্ফোট, মলদ্বারের চতুস্পার্শ্বে এবং জননেন্দ্রিয়ে স্ফোট ও সহজেই ঠাণ্ডা লাগে।

Graphitis : stoppage with secretion of tough foetid slime, periodic fluent coryza, crusts in nose, ulcerated nostrils, moist eruptions.

হেপার সালফার—স্পর্শ করিলে নাক বেদনা, নাসিকা স্ফীত ও লাল বর্ণ, নাসিকা হইতে শ্লেষ্মা স্রাব হইলে পর উহার ভিতর ক্ষত বোধ, বায়ু স্পর্শে নাসারন্ধ্র বেদনা।

Hepar Sulphur : sensitive swollen and red nose, raw feeling after discharge.

আইওডাম—নাসিকা হইতে দুর্গন্ধ স্রাব, স্ফীত ও বেদনা যুক্ত নাসা, গণ্ডমালা গ্রস্থ ধাতু।

Iodum : foetid discharge, inflammation, scrofula.

Kali Bichrom: snufing, bloody discharge, ulceration, foetid smell), loss of sense of smell.

কেলি-বাইক্রম—গরম ও সেঁৎসেঁতে কালে সর্ব্বদা হাঁচির উদ্রেক, নাসিকা হইতে রক্ত মিশ্রিত মামড়ি বহির্গমন, নাকের ডাঁটিতে ক্ষত, নাসারন্ধ্রের শ্লৈষ্মিক ঝিল্লীতে ক্ষত, নাসাস্রাব বন্ধ হইলে ললাটের ভিতর অত্যন্ত বেদনা, নাসিকা হইতে দুর্গন্ধ বহির্গমন, ঘ্রাণশক্তি লোপ।

Kali-Carb: obstruction in warm room, yellow green, bloody, purulent discharge, crusts, convulsive cough at night, with rheumatic symptoms.

কেলীকার্ব্ব—ঘরের ভিতরে নাকবন্ধ, খোলাবাতাসে উপশম, পীত ও সবুজ অথবা রক্ত মিশ্রিত শ্লেষ্মা স্রাব, এক নাসারন্ধ্র হইতে দুর্গন্ধযুক্ত ও পুঁজবৎ স্রাব, মামড়ি দ্বারা নাসারন্ধ্র বন্ধ, গলার ভিতর শ্লেষ্মা সঞ্চয় ও পুঁটুলির মত বোধ, রাত্রিকালে আক্ষেপ জনক ও সুড়সুড়ি উৎপাদক কাসি, প্রাতঃকালে ঐরূপ কাসি বশতঃ দম বন্ধ, বাত সদৃশ লক্ষণ।

Kali Hydr. syphilitic and bone pain.

কেলীহাইড্রিয়োডিকাম্—উপদংশ অথবা অতিরিক্ত পারদ সেবন জনিত ও পুরাতন সর্দ্দি রোগে রাত্রিকালে অস্থি বেদনা হইলে ইহা ফলপ্রদ।

Kali-Phosp.

কেলিফস্—ডাক্তার শুস্লারের মতে ইহা উপযোগী হইয়া থাকে।

Lycopod: stoppage at night, elastic discharge, headache.

লাইকোপোডিয়ম—রাত্রিকালে নাকবন্ধ বশতঃ মুখ দিয়া নিশ্বাস ফেলা, স্থিতি স্থাপক শ্লেষ্মা স্রাব, এবং সর্দ্দি সম্বন্ধীয় শিরঃপীড়া ও নৈরাশ্য প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে ইহা ফলপ্রদ।

Merc Prot: tough yellow mucus drops in throat causing to hawk and spit.

মার্ক-প্রটো—কোমল তালুতে কালাটে লাল বর্ণ, কোমল তালুর স্ফীতি, তৎপশ্চাতে শ্লেষ্মা সঞ্চয়, টন্সিল্ বৃদ্ধি, টন্সিলের উপর পীত অথবা সাদাটে ময়লা সঞ্চয়, পশ্চাৎ নাসারন্ধ্রে চিম্‌সে ও হরিদ্রাবর্ণের শ্লেষ্মা সঞ্চয় ও মধ্যে ২ গলার ভিতর ঐরূপ শ্লেষ্মার পতন বশতঃ সর্ব্বদা হক্২ করিয়া গয়ার তোলা ইত্যাদি লক্ষণ বর্ত্তমান থাকিলে ইহা ফলপ্রদ হয়।

Nat-Carb: thick discharge ceasing after meal.

নেট্রাম কার্ব্ব—প্রচুর পরিমাণে পাতলা ও সাদা বর্ণের

শ্লেষ্মা স্রাব অথবা ঘন পীত ও সবুজ বর্ণের ছাতা পড়ার ন্যায় গন্ধবিশিষ্ট শ্লেষ্মা স্রাব, আহারান্তে অথবা রাত্রিকালে ঐরূপ স্রাব বন্ধ, রাত্রিকালে নাক বন্ধ, অল্প বায়ু স্পর্শে বৃদ্ধি এবং গন্ধ ও স্বাদ লোপ প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী হয়।

নেট্রাম মিউর—নাসিকার ঊর্দ্ধাংশে স্রাব বন্ধ, তৎসঙ্গে মধ্যে২ হঠাৎ জলবৎ স্রাব, প্রাতঃকালে পশ্চাৎ নাসারন্ধ্র শুষ্ক বোধ, তৎসঙ্গে লেরিংস মধ্যে আঁচড়ান বোধ ও কর্কশ স্বর, নাসানলী বন্ধ বশতঃ সর্ব্বদা অশ্রুপাত, কর্ণ এবং মস্তকের ভিতর গর্জ্জন ও ঝিঁঝিঁবশতঃ কার্য্য করিতে, পড়িতে ও ভাবিতে অক্ষমতা এবং গন্ধ ও স্বাদ লোপ প্রভৃতি লক্ষণে ইহার উপকারিতা দৃষ্ট হয়।

Nat. Mur : stoppage high up, Lachrymation.

নাইট্রিক এসিড—কেবল পশ্চাৎ নাসারন্ধ্র হইতে শ্লেষ্মা স্রাব, নাসাগ্রভাগ এবং নাসারন্ধ্র লালবর্ণ, স্পর্শ করিলে কাঠের মত শক্ত বোধ হওয়া, দুর্গন্ধ ও পাবার বিষাক্ততা প্রভৃতি লক্ষণে ইহা ফলপ্রদ হয়।

Nit-Acid : discharge from post nares.

পিট্রোলিয়ম—পশ্চাৎ নাসারন্ধ্র বন্ধ, কোমল তালুতে প্রচুর পরিমাণে শ্লেষ্মা সঞ্চয়, ও ঐ স্থানে শুষ্কতা অনুভব, ইউষ্টেসিয়েন্ নলী বন্ধ বশতঃ কর্ণের ভিতর বিবিধ প্রকার শব্দ ও শ্রবণশক্তির হ্রাস এবং মুখ হইতে দুর্গন্ধ বহির্গমন প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী হয়।

Petrol : stoppage of post nares, ear symptoms.

ফস্ফরাস—পীত অথবা পীত ও সবুজ কিম্বা রক্তমিশ্রিত স্রাব, স্ফীত ও বেদনাযুক্ত নাসিকা, নাসারন্ধ্রে ক্ষত, শয়নকালে কণ্ঠের ভিতর শ্লেষ্মা পতন প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Phosp : yellow or bloody discharge.

সোরিণাম—অত্যন্ত দুর্গন্ধ, সমস্ত নিঃসরণ এবং বহির্গমনশীল পদার্থে অত্যন্ত দুর্গন্ধ। দুরারোগ্য স্থলে ইহা বিস্তর ব্যবহৃত হয়।

Psorin : great foetor.

Pulsat: thick, yellow foetid discharge.

পালসেটিলা—ঘন পীত অথবা সবুজ এবং দুর্গন্ধযুক্ত স্রাব, স্ফীত নাসিকা, সন্ধ্যাকালে নাসিকা কণ্ডুয়ন, নাকের ডানায় ক্ষত, নাসিকা হইতে জলবৎ শ্লেষ্মা স্রাব, ঘ্রাণ ও আস্বাদন লোপ প্রভৃতি স্থলে ইহার প্রয়োগ লক্ষণ।

Rhodod.: one stopped other free.

রডোডেণ্ড্রাম—এক নাসা বন্ধ অপর নাসা মুক্ত, নাক হইতে কপাল পর্য্যন্ত অসুখজনক চিনচিনি, কপালের ভিতর শর্দ্দি, সর্ব্বদা হক হক করা ও গলা খাঁকারি দেওয়া ইত্যাদি লক্ষণে ইহা উপযোগী।

Sepia: greenish crusts with bloody borders.

সিপিয়া—সবুজ বর্ণের মামড়ী, উহার ধারগুলি রক্তবর্ণ, কর্ণের পশ্চাতে পামা বা একজিমা রোগ, পোর্টাল নামক যকৃৎ শিরায় রক্তাধিক্য বশতঃ বহুবিধ লক্ষণ।

Silicia: secretion tough, slimy purulent, stoppage in morning, sore nose, smarting crusts, inflamed frontal sinuses, chronically inflamed glands

সাইলিসিয়া—চিমসে, চট্চটে ও পুঁযবৎ শ্লেষ্মা স্রাব; প্রাতঃকালে নাকবন্ধ, পরে গাঢ় সবুজ ও পীত এবং দুর্গন্ধযুক্ত চাপ২ শ্লেষ্মা উঠা, নাসারন্ধ্র হইতে উগ্র স্রাব বশতঃ উহার ভিতর ক্ষত, নাসারন্ধ্রের উপরিভাগে বেদনাজনক মামড়ী পড়া, কপালের গহ্বরের ভিতর অত্যন্ত যন্ত্রণা, কোমল তালু শুষ্ক ও বেদনাযুক্ত, আলিজিহ্বা স্ফীত, ইউষ্টেসিয়ান নলীতে সড়সড়ানি, টন্সিল ও স্যাবম্যাগজিলারী গ্রন্থির পুরাতন প্রদাহ।

Sulphur: slimy acrid, discharge, burning eyes and upper lips, or dry nose followed by thick bloody slime, again dry nose with sneezing, drawing phlegm through posterior nares, obstructed ears on blowing, sore nostrils and septum, sensitive nostrils in warm air

সালফার—চট্চটে ও উগ্রস্রাব, তৎসঙ্গে চক্ষু ও উপরের ওষ্ঠ জ্বালা, অথবা প্রথমে নাক শুষ্ক ও আড়ষ্ট থাকিয়া, পরে উহা হইতে ঘন ও রক্ত মিশ্রিত শ্লেষ্মাপাত, তৎপরে আবার শুষ্ক নাসিকা ও হাঁচি, পশ্চাৎ নাসারন্ধ্র হইতে সর্ব্বদা শ্লেষ্মা টানিতে ইচ্ছা, নাক ঝাড়িলে কানে তালা লাগা, অথবা কর্ণের ভিতর বায়ু প্রবেশ করিতেছে এরূপ বোধ, নাসিকার ভিতর ও নাকের ডাটিতে ক্ষত, গরম ঘরের ভিতর নিশ্বাস লইলে নাকের ভিতর বেদনা বোধ (ঘরের বাহিরে অর্থাৎ খোলা বাতাসে সেরূপ হয় না)।

OZÆNA.

ওজিনা বা পূতিনস্য।

Ozæna :

অপর নাম—রিনাইটিস্-আলসিরোসা, পায়োরিয়া-নেজেলিস্ ইত্যাদি।

নির্ব্বাচন বা পরিচয়—পিটুয়িটারী ঝিল্লীর রোগ বশতঃ ছারপোকা রগড়ান মত দুর্গন্ধি যুক্ত শ্লেষ্মা বাহির হইলে তাহাকে ওজিনা রোগ কহে।

Def. an affection of pituitary membrane with disagreeable breath, resembling the smell of a crushed bed bug.

ইতিহাস—ওজিনা রোগের প্রকৃত স্থান ও স্বভাব আজিও স্থিরীকৃত হয় নাই। অনেকে বলেন যে এই রোগের সহিত স্নিডিরিয়ান ঝিল্লীর ক্ষত হইয়া থাকে; কিন্তু ইদানীন্তন চিকিৎসকগণ উহা অস্বীকার করিয়া থাকেন। তাঁহারা বলেন যে, ঐ রোগে নাসারন্ধ্রের শ্লৈষ্মিক ঝিল্লীতে সবুজ বর্ণের ও আঁইসাকার অবস্থা প্রকাশ পাইলে উহাকে ক্ষত বলিয়া বোধ হয়। ডাক্তার মিচেল বলেন যে, ওজিনা রোগে সেপ্টাম ও স্ফিনয়েড অস্থির গহ্বরে এক প্রকার পূঁয-স্রাবী-প্রদাহ হইয়া থাকে। ঐ গহ্বরে শ্লেষ্মা সঞ্চিত হইয়া থাকে বলিয়া উহা অত্যন্ত দুর্গন্ধ ও ঝাঁঝাল হইয়া থাকে।

Ozæna consists in purulent inflammation of the cavities of septum and of sphenoid bones, pungent cadaverous odor of the semi-fluid secretion being due to its being retained in the cavities for some time.

কারণ—স্ক্রফুলা ধাতু প্রযুক্ত ওজিনা হয়। কিন্তু স্ক্রফুলা ও সর্দ্দি বর্জ্জিত সুস্থ ধাতুতেও ওজিনা রোগ প্রকাশ পাইতে দেখা গিয়াছে। ঘন ঘন তরুণ সর্দ্দি প্রকাশ পাইয়া নাসাগহ্বরের ভিতর এরূপ দুরারোগ্য এক প্রদাহ বদ্ধমূল হয় যদ্দ্বারা ক্রমে ওজিনা প্রকাশ পাইয়া থাকে। কেহ বলেন যে স্ত্রীলোক ও বালিকাগণ এই রোগে অধিক আক্রান্ত হইয়া থাকে।

Causes :
1 scrofula,
2 acute catarrh,
3 women.

Symptoms and pathology: yellowish greenish or ashy gray secretions from nose, irritative and fœtid smell from nasal fossæ which always remain open and free, dryness of throat, nausea, retching, vomiting of food in the effort to expell the tenacious mucus from the throat, frontal headache, loss of smell, swollen nasal cartilage, yellow bilious look, necrosis of nasal bones depression, melancholy.

লক্ষণ ও নিদান—ওজিনা রোগের শ্লেষ্মা পীত ও সবুজ বর্ণের হয়, কিন্তু কদাচ উহা ভস্মের মত ধূসর বর্ণ ধারণ করিয়াও থাকে। নেজাল-ফসি হইতে উগ্র গন্ধবিশিষ্ট শ্লেষ্মা বাহির হয়। সর্ব্বদা ওরূপ শ্লেষ্মা বাহির হইলেও নাসিকা বন্ধ থাকেনা। কণ্ঠ শুষ্ক হয় এবং রোগীর সর্ব্বদা বমনেচ্ছা হয়। কোমল তালুর পশ্চাদ্ভাগে এবং ফেরিংসের থিলানে চটচটে শ্লেষ্মা জড়াইয়া থাকা প্রযুক্ত ঐরূপ বমনেচ্ছা হইয়া থাকে। কেহ২ আহারের পর ঐরূপ আটা যুক্ত শ্লেষ্মা তুলিতে গিয়া বমন করিয়া ফেলে। সম্মুখ কপালে বেদনা হয় ও ঘ্রাণ শক্তির লোপ হইয়া থাকে। এই রোগে আস্বাদন ও শ্রবণ শক্তির কোন ব্যতিক্রম ঘটে না। নাসিকার উপাস্থি-অংশ প্রায়ই ফুলিয়া থাকে, এবং রোগী অনেক দিবস পর্য্যন্ত ভুগিলে পর উহার আকৃতি পীত বর্ণের হইয়া থাকে। কেহ ২ বলিষ্ঠ থাকিতেও পারে। নাসারন্ধ্র হইতে যে দুর্গন্ধ বাহির হয় তাহাতে বুঝা যায় যে নাসাস্থিত কেরিজ-ক্ষত ও পচন আরম্ভ হইয়াছে। রোগীর মন সর্ব্বদাই বিষাদিত থাকে, কারণ, তাহার নাসিকার দুর্গন্ধে নিকটস্থ ব্যক্তি বিরক্ত হয়।

Treatment: outdoor exercise, judicious bathing, travelling, sea air, sea bathing. Aurum, Kali-Bich, Puls, and Merc.-

চিকিৎসা—এই রোগে বাহিরে পরিশ্রম, ভ্রমণ, সামুদ্রিক বায়ু সেবন ও সমুদ্রে স্নান করা বিধি।

এই রোগে লক্ষণানুসারে অরম, কেলী-বাইক্রম, পল্‌সেটিলা;

ও মার্কি-আয়োড্ ব্যবস্থা হয়। অরম-মিউরিয়েটিক্ ঔষধ অরম-মেটালিকাম অপেক্ষা ফলপ্রদ হইয়া থাকে। Iod, Aur-mur. is preferred to Aur met.

এতদ্ব্যতীত, আর্সেনিক, ক্যাল্ক-কার্ব্ব, গ্রাফাইটিস্, হেপার-সলফার, হাইড্রাষ্টিস, মার্ক-ভাইভাস্, নাইট্রিক-এসিড্, পাল্সেটিলা, স্যাঙ্গুয়িনেরিয়া, সিপিয়া, সাইলিসিয়া ও সল্ফার ব্যবস্থা হইয়া থাকে। Also others may be consulted.

এসাফেটিডা সেবন করিলে বিশেষ উপকার পাওয়া যায় না।

এ স্ক্রফুলা ধাতুতে ক্যাল্কেরিয়া, নাইট্রিক-এসিড, মারকুরিয়াস্ ও সিপিয়া প্রভৃতি ঔষধ বিলক্ষণ উপকার করিয়া থাকে, এই রোগের সহিত ত্বক্ অসুস্থ থাকিলে আর্সেনিক, হেপার, রাসটক্স ও সলফার ব্যবস্থা হয়। পুরাতন সর্দ্দির লক্ষণানুসারে এই রোগেও উহার ঔষধগুলি ব্যবহৃত হইয়া থাকে। In scrofulous persons calc-carb nitric acid, mercurias, and sepia Where skin is unhealthy Ars, Hepar, Rhus and sulph.

স্প্রেযন্ত্র—৪ ড্রাম পটাসক্লোরেট্ দুই পাইন্ট উষ্ণ জলে মিশ্রিত করিয়া এক ধাবন প্রস্তুত করিবে। এই ধাবন স্প্রেযন্ত্রের ভিতর পুরিয়া প্রত্যহ প্রাতে ও সন্ধ্যায় ক্ষুদ্রতম জল বিন্দুর আকারে নাসারন্ধ্রের ভিতর প্রবিষ্ট করাইবে। এইরূপ করিলে নাসার দুর্গন্ধ বিনষ্ট হয়। পটাস-পারমাঙ্গনেট্, হাইড্রাষ্টিস্ ও কার্ব্বলিক-এসিড্ ধাবনও এইরূপ দুর্গন্ধ বিনষ্ট করিবার জন্য প্রযুক্ত হইতে পারে, কিন্তু উহাদিগের একটীও পটাসক্লোরাসের সমকক্ষ হয় না। Potas-chloras spray (4 drs to 2 pint of warm water) is a very good disinfectant for the offensive breath.

NOSE-GENERAL OBSERVATIONS

নাসা সম্বন্ধীয় কতিপয় লক্ষণ।

১। নাসার আকৃতি বা গঠনানুসারে। Form and shape: thick and swollen in rachitis, scrofula or inflammation, also in drunkards.

স্ফীত ও স্থূল নাসিকা র‍্যাকেটিক্ ও এস্ক্রফুলা রোগের পরিচায়ক। অথবা ঐরূপ নাসিকায় বেদনা, তাপ ও লালবর্ণ থাকিলে প্রদাহের চিহ্ন বলিয়া স্থির করিতে হইবে। মাতালদিগের নাসার প্রায়ই ঐরূপ গড়ন হইয়া পড়ে।

Pointed and pinched during spasm, chill and collapse. Suddenly pointed in impending spasm, habitually pointed in disease of mesenteric glands and general atrophy. If pointed during parturition then signs of internal haemorrhage, complete exhaustion and threatening convulsion. It is bad for nursing women. Heavy motion of alænasi in impeded respiration.

আক্ষেপের সময়, শীতাবস্থায় অথবা হিমাঙ্গ কালে নাসিকা সরু ও চোপসান হইয়া যায়। শিশুদিগের নাক হঠাৎ সরু হইয়া পড়িলে আসন্ন আক্ষেপ অনুমিত হয়। আর, বহুদিন হইতে ঐরূপ সরু নাক থাকিলে অন্ত্র সম্বন্ধীয় গ্রন্থি বিকার অথবা সর্ব্বাঙ্গিক শুষ্কতা স্থির হইয়া থাকে।

প্রসব কালে নাসিকা ঐরূপ হঠাৎ সরু হইয়া পড়িলে, আভ্যন্তরিক রক্তস্রাব, সম্পূর্ণ দুর্ব্বলতা, অথবা শীঘ্র খেচুনি বা আক্ষেপ রোগ উপস্থিত হইতে পারে।

স্তন্যদাত্রী জননীর নাসিকা যদি ঐরূপ ছুঁচাল হয়, তবে তিনি ধাত্রীর অযোগ্য হইয়া পড়েন। প্রবল পীড়ার সময় ঐরূপ নাসিকা হইলে অত্যন্ত দুর্ব্বলতা ও অবসন্নতার পরিচয় পাওয়া যায়।

নাসিকার ডানাগুলি নড়িলে বা ফাঁক হইলে শ্বাসকষ্টের লক্ষণ বলিয়া বুঝা যায়। হাঁপানি, ফুস্‌ফুস্ প্রদাহ, ক্রুপ ও বক্ষে উদরী ও শ্বাস প্রশ্বাস পেশীর পক্ষাঘাত প্রভৃতি রোগে ঐরূপ নাকের ডানা ফাঁক হইয়া থাকে।

২। নাসারবর্ণ অনুসারে ঃ

Color redness from cold air, congestion, crying, over-heat, cold in head, worms, scrofula, intemperance, first menses. Circumscribed redness indicate pus in pneumonia.

নিম্নলিখিত অবস্থায় নাসিকা লাল বর্ণ হয় যথা,—অত্যন্ত ঠাণ্ডা বায়ু, রক্তাধিক্য, ক্রন্দন, শরীরের অত্যন্ত গরম অবস্থা হইলে পর, মস্তকে শৈত্যলাগা, কৃমি, এস্‌ক্রফুলা বা গণ্ডমালা, অযথা মদ্যপান, প্রথম রজঃ প্রকাশ ইত্যাদি।

নাসিকার অগ্রভাগে, বদনমণ্ডলে এবং কপালের স্থানে স্থানে লালবর্ণ হইলে এবং সমুদায় স্থানের অপরাপর অংশ ফেকাসে ও শীতল থাকিলে বোধ হইবে যে, ফুস্‌ফুস্ প্রদাহ রোগে পূয়োৎপত্তি হইয়াছে।

নাসিকার মূল দেশ তাম্রবৎ চকচাক হইলে নাসিকার ভিতর উপদংশ জনিত ক্ষত অবস্থিতি করে বলিয়া বোধ হয়।

Coppery redness indicate syphilitic ulcer in nose.

মদ্যপায়ী ব্যক্তিগণের নাসিকার বর্ণও তাম্রবৎ হইয়া থাকে।

Coppery nose in drunkards.

নিম্ন লিখিত অবস্থায় নাসিকার বর্ণ ফেকাসে হইয়া থাকে যথাঃ—শৈত্যাবস্থা, মূর্চ্ছা অথবা হৃৎপিণ্ডের ক্রিয়ায় অত্যন্ত দুর্ব্বলতা, আক্ষেপ বা খেঁচুনি, বমনেচ্ছা, অত্যন্ত পরিশ্রম, কামাধিক্য, প্রচুর রক্তস্রাব, রজঃ প্রকাশ পাইবার কালে, অথবা রজোবিকার, প্রচুর প্রদর, মৃৎপাণ্ডুরোগ, গর্ভের ভিতর ভ্রূণের মৃত্যু, স্ফোট জ্বরে আভ্যন্তরিক যন্ত্রে স্ফোট বাহির হওন ইত্যাদি।

Pale nose in: chill, syncope, spasm, nausea, excess, haemorrhage, approaching menses, leucorrhœa, chlorosis, dead fœtus, eruption in internal organs in eruptive fevers.

বক্ষের ভিতর শোথ, ফুসফুস কাঠিন্য এবং কোন কোন দূষিত টাইফয়েড বা সান্নিপাতিক বিকার রোগে নাসিকা সীস ধাতুর বর্ণের মত অথবা ধূসর বর্ণের হইয়া থাকে।

Lead colored nose in dropsy of chest, indurated lungs and typhoid

পোর্টাল শিরা বদ্ধ হইয়া পড়িলে নাসিকার উপর লম্বা লম্বা সীস ধাতুর মত দাগ পড়ে।

Lead colored stripes in portal obstruction.

কোন কোন সন্ন্যাস রোগ, ঘুংড়ী কাশী, শ্বাস অবরোধকারী সর্দ্দি, ফুসফুস রোগ, হৃৎপিণ্ড ও বৃহৎ২ ধমনীর রোগে নাসিকা নীলবর্ণ হইয়া থাকে।

Bluish in apoplexy, croup, suffocative catarrh, lungs and heart diseases

যকৃতরোগে এবং পুরাতন প্রদর রোগে নাসিকার উপর ঈষৎ কটা অথবা ঈষৎ পীত বর্ণের দাগ পড়ে।

Brownish or yellowish in diseased liver and leucorrhœa

মোহজ্বরে, রক্তাতিসারে ও বিসূচিকায়, নাসিকার উপর কাল দাগ পড়ে।

Blackish in Typhus, dysentery and cholera.

তাপানুসারে ঃ—

প্রবল সর্দ্দি, প্রদাহ, রক্তপাতের পূর্ব্বে, প্রলাপের কালে, তন্দ্রায় ও সন্ন্যাস রোগে নাসিকা উত্তপ্ত হয়।

Hot nose in coryza, infla-

mmation, before bleeding, during delirium, sopor, apoplexy. Cold in chill, spasm, nausea bleeding, exhaustion, inflammation of bowels habitually cold in visceral diseases dropsy and chlorosis. Picking and boring worms, typhoid, cerebral affections

শীতাবস্থা, আক্ষেপ, বমনেচ্ছা, রক্তপাত, দুর্ব্বলতা এবং অন্ত্র প্রদাহে নাসিকা ঠাণ্ডা হয়।

ঔদরিক যন্ত্রের বিকার, উদরী ও মৃৎপাণ্ডু রোগে নাসিকা সর্ব্বদাই শীতল থাকে।

কৃমিজনিত অন্ত্রের উত্তেজনায় টাইফয়েড্ বা সান্নিপাতিক জ্বরে ও মস্তিষ্ক সম্বন্ধীয় রোগে সর্ব্বদা নাক খোঁটা হইয়া থাকে। ঐরূপ স্থলে নাসাভ্যন্তর প্রায়ই শুষ্ক ও খটখটে থাকে। নাসাভ্যন্তর সরস হইলেই নাক খোঁটা দূর হয়।

SYPHILITIC AFFECTIONS OF NASAL CAVITY

নাসা গহ্বরের ঔপদংশিক রোগ।

Nasal syphilitic affections confounded with simple catarrh

উপদংশ রোগের যাবতীয় লক্ষণ চিকিৎসা দ্বারা বিদূরিত হইলেও বহু বৎসরের পরেও আবার উহার লক্ষণ প্রকাশ পাইতে পারে। ঐরূপ স্থলে প্রায়ই নাসা গহ্বর আক্রান্ত হইয়া থাকে। ঐরূপ অবস্থায় চিকিৎসার বিশেষ ভুল হইতে পারে। কারণ, উপদংশ জাত ঐরূপ নাসাক্ষত সামান্য সর্দ্দিজনিত ক্ষত বলিয়া ভ্রম হইয়া থাকে।

Symptoms coryza or crusts preceded by hawking and spitting.

প্রথম হইতে প্রবল সর্দ্দি হইতে পারে, অথবা নাকের ভিতর প্রথম হইতেই মামড়ী পড়িয়া থাকে। ঐরূপ মামড়ী পড়িবার পূর্ব্বে পশ্চাৎ নাসারন্ধ্রে শুষ্কতা ও উত্তেজনা হয়, তজ্জন্য ক্রমাগত খকখক করিতে হয় ও বারম্বার ছেপ ফেলিতে হইয়া থাকে।

Watery and copious discharge, swelling, nasal voice, scabs, red discharge, ulceration, intense, persistent and deep seated night pain, caries.

প্রথমতঃ প্রচুর ও জলবৎ নাসাস্রাব হয় তৎপরে নাসিকা ফুলিয়া উঠিলে নাসারন্ধ্রের ভিতর বায়ু যাতায়াতের বিঘ্ন ঘটে এবং নাক বুজিয়া যায়। ঐরূপ স্থলে স্বর অণুনাসিক হইয়া থাকে। অনেক স্থলে নাকের ভিতর মামড়ী পড়ে এবং

উহাদিগকে তুলিতে অত্যন্ত কষ্ট হইয়া থাকে। ক্রমে রক্ত মিশ্রিত স্রাব হয়, নাসিকা বেদনাযুক্ত ও স্ফীত হয় এবং স্রাবে অত্যন্ত দুর্গন্ধ বাহির হইয়া থাকে। এইরূপ অবস্থা নিবারিত না হইলে ক্রমে নাসিকার অস্থি ও উপাস্থি আক্রান্ত হয় এবং উহাদিগের গাত্রে ক্ষত হইয়া থাকে। এই সময় অত্যন্ত যন্ত্রণা অনুভূত হয়। দিবাভাগ অপেক্ষা রাত্রিতে ঐরূপ যন্ত্রণার অত্যন্ত বৃদ্ধি হইয়া থাকে। যন্ত্রণার জন্য রোগী ওপিয়াম্ প্রভৃতি মাদক দ্রব্যের জন্য প্রার্থনা করে। সামান্য ও সাধারণ সর্দ্দিরোগে ঐরূপ প্রবল, দীর্ঘস্থায়ী ও গভীর বেদনা হয় না।

উপদংশ রোগের বিষ এইরূপে নাসাভ্যন্তর আক্রমণ করিলে পুরাতনভাবে ক্রমাগত নাসা গহ্বর হইতে পূঁযবৎ স্রাব হইতে থাকে ও উহাতে অত্যন্ত দুর্গন্ধ হয়। ঐরূপ অবস্থাকে ওজিনা বা পূতিনস্য রোগ কহে। Offensive discharge.

চিকিৎসা—নাসা গহ্বরের উপদংশজনিত রোগ হইলে [অরু]ম, নাইট্রিক-এসিড্, মার্কুরিয়াস্ এবং আয়োডাইড্-পটাস্ [অ]নুসারে উপকার করিয়া থাকে। নাসাস্রাবে অত্যন্ত [দুর্গন্ধ হ]ইলে ওজিনা রোগের মত চিকিৎসা করিতে হয়। Treatment Aurum Acid-Nitric, Mercurius, Pot-Iod

---

EPISTAXIS—NOSE BLEED.

নাসা হইতে রক্তস্রাব।

শারীরিক নানাপ্রকার অবস্থা বা রোগাদিতে নাক দিয়া রক্তপাত হয়। রক্তাধিক্য অথবা রক্তাল্পতা কিম্বা মৃৎপাণ্ডু রোগের অবস্থায় নাক দিয়া রক্ত পড়ে। নাক দিয়া রক্তপাত হইলে কোন কোন প্রকার শিরঃপীড়া অথবা রক্তাধিক্যের অবস্থায় কষ্ট দূর হয়। কিন্তু দুর্ব্বলকর ও স্পর্শাক্রামক রোগাদিতে যথা বসন্ত অথবা হামজ্বর প্রভৃতি রোগে নাক দিয়া রক্ত পড়িলে Causes congestion, anæmia, chlorosis, small-pox, measles, diseases of heart, lunge and spleen.

ইহা অলক্ষণের বিষয় বলিয়া বুঝিতে হইবে। হৃৎপিণ্ডের রোগ, ফুস্‌ফুস রোগ এবং প্লীহা রোগে নাক হইতে রক্তপাত বড়ই অশুভ লক্ষণ। বৃদ্ধাবস্থায় নাক দিয়া রক্তপাত হইলে সন্ন্যাস রোগ হইবার সম্ভাবনা থাকে।

Exciting causes. violent exercise, sudden change of temperature, hot drinks, stimulating diet, mechanical injuries, suppressed discharges, irritation from coryza, polypi and various diseases.

উদ্দীপক কারণ যথা :—প্রবল পরিশ্রম, হঠাৎ ঋতু পরিবর্ত্তন, বিশেষতঃ ঠাণ্ডা হইতে হঠাৎ অত্যন্ত গরম পড়িলে, গরম পানীয় পদার্থ পান, উত্তেজক পদার্থ আহার, যান্ত্রিক আঘাত যথা নাসিকার উপর পড়িয়া যাওয়া অথবা উহাতে দারুণ আঘাত লাগা, কাশিবার কালে অত্যন্ত কুন্থন ; কোনরূপ স্বাভাবিক স্রাব বন্ধ হইলে (বিশেষতঃ ঋতু বন্ধ হইলে), সর্দ্দি বশতঃ নাসিকার শ্লৈষ্মিক ঝিল্লীর উত্তেজনা, পলিপাই বা নাসার অর্ব্বুদ, বিবিধজ্বর রোগ, হৃৎপিণ্ড, মূত্রগ্রন্থি ও যকৃৎ রোগ, নাসিকার শ্লৈষ্মিক ঝিল্লীর স্বাভাবিক দুর্ব্বলতা তজ্জন্য জোরে নাক ঝাড়িলেই রক্তপাত, পর্য্যায় জ্বরের তাপাবস্থায় এবং সান্নিপাতিক বিকারজ্বরে নাক দিয়া রক্তপাত হইয়া থাকে।

এতদ্ব্যতীত, কোন কোন পরিবারে নাক দিয়া রক্তপড়ায় ধাতু দৃষ্ট হইয়াও থাকে।

Varieties active and passive

প্রকার—দুই প্রণালীতে নাসিকা হইতে রক্তপাত হয় যথা :—১। স্বাভাবিক, ইডিয়োপ্যাথিক বা ধামনিক রক্তস্রাব। ২। লাক্ষণিক বা শৈরিক রক্তস্রাব। যুবা এবং সবল ব্যক্তি-দিগের ১ম প্রকারের রক্তপাত হইয়া থাকে। ঐরূপ রক্তপাতের কোন হেতু দৃষ্ট হয় না। ঐরূপ রক্তপাতের জন্য কোনপ্রকার ঔষধ আবশ্যক করে না। কারণ, মস্তিষ্ক প্রভৃতি স্থানে স্বাভা-বিকভাবে রক্তাধিক্য হইলে নাসিকার ধামনিক কৈশিকা হইতে রক্তপাত হইয়া রক্তাধিক্য অথবা চাপ প্রভৃতির অবস্থা দূর করিয়া দেয়।

Arterial bleeding is salatary, venous bleeding is sympomatic.

শারীরিক দুর্ব্বলাবস্থায় অথবা হৃৎপিণ্ড, যকৃৎ অথবা মূত্র-

গ্রন্থির রোগ বশতঃ নাক দিয়া রক্তপাত হইলে নাসিকার শৈরিক কৈশিকা হইতে রক্তপাত হইয়া থাকে।

বৃদ্ধবয়সে নাক দিয়া রক্ত পড়িলে পক্ষাঘাত সন্ন্যাস কিম্বা মৃগীরোগ আশঙ্কা করা যায়।

যকৃত রোগের সহিত ন্যাবা হইলে এবং তৎসঙ্গে নাক দিয়া রক্ত পড়িলে রোগ অতিশয় কঠিন হইয়া পড়ে।

Epistaxis in old people and in liver diseases is a bad omen.

বহু পরিশ্রম বশতঃ পুরুষের নাক দিয়া অধিক রক্তপাত হয়। ঋতু বন্ধ বশতঃ নারীগণের পর্য্যায়ক্রমে নাক দিয়া রক্ত পাত হইয়া থাকে।

Frequent in males.

১ম প্রকারে—ধামনিক কৈশিকাগুলি বিদীর্ণ হয়, ২য় প্রকারে—শৈরিক কৈশিকার প্রাচীর ফাটিয়া রক্ত চোঁয়াইয়া পড়ে।

লক্ষণ—সাধারণতঃ এক নাসিকা হইতেই রক্তপাত হয়। কয়েক বিন্দু হইতে কয়েক সের রক্ত পাত হইতে পারে। কয়েক সেকেণ্ড হইতে কয়েক ঘণ্টা পর্য্যন্ত রক্ত পড়িতে পারে। আঘাত প্রযুক্ত নাসিকা হইতে রক্তপাত হইলে সাধারণতঃ অধিক রক্ত পাত হয় না, তবে বড় ২ দুই একটী রক্তবাহী নাড়ী ছিঁড়িয়া গেলে অধিক রক্তপাত হইয়া থাকে। কখন ২ রক্ত জমাট বাঁধিয়া নাসারন্ধ্র দিয়া পড়িতে থাকে; কখন ২ রক্ত জমাট বাঁধেনা অর্থাৎ পাতলা ভাবেই পড়িতে থাকে। কখন২ উজ্জ্বল লাল এবং কখন বা কাল বর্ণের রক্তপাত হইয়া থাকে। সম্মুখ নাসারন্ধ্র দিয়া সাধারণতঃ রক্ত পড়ে, অথবা পশ্চাৎ নাসারন্ধ্র দিয়া রক্তপাত হইয়া তালুর সম্মুখ দিয়া পাকাশয় অথবা ফুসফুসে উপনীত হইতে পারে। একারণ রক্ত বমন, রক্তোৎকাশ ও নাসিকা হইতে রক্ত স্রাব পরস্পর পৃথক করিতে হয়।

Symptoms: character, nature, quantity, and duration of the flow to be considered.

Blood may or may not coagulate,

Epistaxis hæmatemesis and hæmoptysis to be distinguished.

নাসিকা হইতে রক্তপাতের পূর্ব্বে মস্তকে ভার বোধ, লাল বর্ণ

Premonitory signs heavy head,

red cheeks, nose itching.

বদনমণ্ডল, এবং নাক সড়সড়ানি প্রভৃতি লক্ষণ প্রকাশ পাইয়া থাকে।

Signs of danger: fainting, roaring in ears, weak pulse, sighing respiration, pale face.

কিয়ৎকাল পর্য্যন্ত রক্তস্রাব হইলে অথবা শীঘ্র ২ অনেক রক্ত পড়িলে মূর্চ্ছা, কর্ণের ভিতর গর্জ্জন, ক্ষীণ নাড়ী, দীর্ঘ নিশ্বাস, এবং পাণ্ডুবর্ণ মুখ প্রভৃতি লক্ষণ প্রকাশ পায়।

নাসিকা হইতে রক্তপাত হইবার কালে মূর্চ্ছা হইলে নাসারন্ধ্র দিয়া ট্রেকিয়া নালীতে রক্ত পড়িয়া শ্বাসবদ্ধ হইবার সম্ভাবনা থাকে।

Treatment.

চিকিৎসা।—নাসিকা হইতে উজ্জ্বল লালবর্ণের রক্তপাত হইলে সাধারণতঃ নিম্নলিখিত ঔষধগুলি মিলাইয়া ব্যবস্থা করিতে হইবে যথাঃ—একোনাইট, আর্ণিকা, বেলেডনা, ব্রায়োনিয়া, ডাল্‌কামারা, হায়েসায়েমাস, মিলিফোলিয়াম্‌, রাসটক্স ও স্যাবাডিলা।

Drugs for bright red blood.

For dark blood.

For clotted blood.

নাসিকা হইতে কালবর্ণের রক্তপাত হইলে ক্রোকাস্‌ ও নক্সভমিকা ব্যবস্থা হয়। চাপ চাপ রক্ত পড়িলে ক্যামোমিলা, মার্কুরিয়াস, রাসটক্স ও প্ল্যাটিনা উপযোগী হয়।

Indications of drugs.

প্রধান ২ ঔষধের প্রয়োগ লক্ষণ যথাঃ—

Aconite: arterial bleeding, fever, palpitation, fear of death, children.

একোনাইট—ধামনিক রক্তাধিক্য বশতঃ দীর্ঘ স্থায়ী ও প্রবল রক্তস্রাব, তৎসঙ্গে জ্বর লক্ষণ, মৃত্যু ভয়, হৃদস্পন্দন, রাগ বশতঃ শিশুদিগের নাসিকা হইতে রক্ত স্রাব ইত্যাদি।

Agaricus: for old people.

এগারিকাস—বৃদ্ধব্যক্তিগণের রক্তবাহী নাড়ী গুলির শিথিলতা প্রযুক্ত নাসিকা হইতে রক্তস্রাব হইলে এগারিকাস ব্যবস্থা হয়।

Amm. Carb: in morning when washing.

এমোন-কার্ব্ব—প্রাতঃকালে মুখ প্রক্ষালন করিবার সময় নাক দিয়া রক্ত পড়িলে ইহা উপযোগী হয়।

Argent: tickling.

আর্জেণ্টম—নাকের ভিতর সুড়সুড়ি করিয়া রক্তপাত।

আর্ণিকা—আঘাত প্রযুক্ত রক্তস্রাব, মুখ প্রক্ষালনকালে অথবা নাক ঝাড়িবার কালে রক্তস্রাব। Arnica : after injury, from washing face and blowing nose.

আর্সেনিক—রাগ ও বমনের পর রক্তস্রাব তৎসঙ্গে শরীরে অত্যন্ত তাপ ও অস্থিরতা। Arsenic : after a fit of passion or vomiting.

বেলেডনা—মস্তিষ্কে রক্তাধিক্য, ভয়ে ভয়ে প্রশ্নোত্তর করা, প্রশস্ত তারা, ঝুঁকিলে মাথা ঘোরা, নড়িলে বৃদ্ধি, গোলমাল করিলে ও উজ্জ্বল আলোকে রক্তপাতের বৃদ্ধি, চক্ষুর সম্মুখে দাগ দর্শন, কর্ণে শব্দ, মূর্চ্ছা, রাত্রিকালে ঘুমন্ত অবস্থায় নাক দিয়া রক্তপাত ও ঘুম ভাঙ্গিয়া যাওয়া, অত্যন্ত গরম প্রযুক্ত অথবা গরম হইলে রক্ত পড়া ইত্যাদি বেলেডনা লক্ষণ। Bellad : congestion, fright, dilated pupil, vertigo, bleeding at night or from being overheated.

ব্রায়োনিয়া—উগ্রস্বভাবাপন্ন ব্যক্তির, প্রাতঃকালে শয্যা হইতে উঠিলে, অত্যন্ত তাপ প্রযুক্ত অত্যন্ত গরম হইলে অথবা ঋতু বন্ধ প্রযুক্ত নাক দিয়া রক্ত পড়িলে ইহা ফলপ্রদ হয়। Bryonia : in morning, after being over heated, vicarious.

কার্ব্বোভেজ—প্রচুর ও দীর্ঘস্থায়ী রক্তপাত, ফেকাসে মুখমণ্ডল, সূক্ষ্ম ও পর্য্যায়শীল নাড়ী, জ্বরান্তে নাক দিয়া রক্তপাত, মানসিক উত্তেজনা ও অঙ্গ সঞ্চালনে বৃদ্ধি, তৎসঙ্গে ঘন ঘন ও গরম নিশ্বাস, শরীর অবশ বোধ, যকৃৎ স্থানে বেদনা, ন্যাবা ও প্রত্যহ প্রাতে ৯ টার সময় রক্তপাত প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। Carbo-Veg : profuse, long-continuing, pale face, intermittent pulse, jaundice, bleeding at 9 A. M.

চায়না—রক্তাল্পতা, কর্ণের ভিতর বাদ্য-ধ্বনি, ফেকাসে মুখ এবং মূর্চ্ছা। China : anæmia ringing in ears, paleness, fainting.

কোনায়াম—শৈত্যবশতঃ ঋতু বন্ধ, ঘন ২ নাক দিয়া রক্তপাত, হৃৎপিণ্ডের স্থানে দপ্ দপানি। Conium : from suppressed menses.

ক্রোকাস—কাল ও আটার মত রক্তপাত, কপালে শীতল ঘর্ম্ম, পীতবর্ণ মুখমণ্ডল, মূর্চ্ছা। Crocus : black, viscid blood.

ইরিজিরিন—মস্তকে রক্তাধিক্য, জ্বরবোধ, লালবর্ণ মুখ। Eriger : congested head, red face.

Ferrum : anæmia with change of color ২ — ফেরাম্‌—রক্তহীন অর্থাৎ ফেকাসে বালকদিগের ঘন ২ মুখেরবর্ণ পরিবর্ত্তন।

Hamam : with hæmoptysis — হেমেমেলিস্‌—রক্তোৎকাশের সহিত নাক দিয়া রক্তপাত।

Indigo : with dry cough — ইণ্ডিগো—শুষ্ক কাশির সহিত নাকদিয়া রক্ত পড়া।

Kali Carb when washing face and at 9 A. M. — কেলিকর্ব্ব—মুখ প্রক্ষালন কালে ও প্রত্যহ প্রাতে ৯টার সময় রক্তপাত।

Meliolot : — মেলিয়োলোটাস্‌—নাকদিয়া রক্ত পড়ার ইহা একটী উৎকৃষ্ট ঔষধ বলিয়া নির্ব্বাচিত হইয়াছে।

Merc Sol : coagulated blood hangs. — মার্ক-সল্‌—নাকের ভিতর রক্ত জমাট বাঁধিয়া যেন ঝুলিতে থাকে।

Moschus : with spasms. — মস্কাস্‌—রক্তপাতের সঙ্গে পেশী গুলির আক্ষেপিক কুঞ্চন থাকে।

Nux Vom head congestion, forehead pain, constipation, suppressed hæmorrhoidal flow. — নক্স-ভমিকা—মস্তকে রক্তাধিক্য, কপাল বেদনা, কোষ্টবদ্ধ ও অর্শ হইতে রক্ত পড়া বন্ধ।

Pulsatilla : vicarious menses, catarrh, anæmia. — পাল্‌সেটিলা—ঋতুবন্ধপ্রযুক্ত অন্য স্থান হইতে রক্তপাত, সর্দ্দি, ফেকাশে ও রক্তহীন বালকের পক্ষে ইহা উপযোগী হয়।

Rhustox : at night, during stool, from least exertion. — রাসটক্স—রাত্রিকালে বাহ্যে করিবার কালে, সম্মুখে ঝুঁকিলে, অথবা কোনরূপ শারীরিক পরিশ্রম করিলে যদি রক্তপাত হয় তবে ইহা ফলপ্রদ হয়।

Secale : anæmia, aged men — সিকেলি—রক্তহীন দেহ, পাতলা রক্ত, বৃদ্ধ ব্যক্তি।

Thulaspi bursa pastoris — থ্যালাস্পি-বর্সি প্যাষ্টোরিষ—ডক্তার বর্নিংহোসেন্‌ ইহার পক্ষপাতী।

Trill pend : passive bleeding. — ট্রিল-পেণ্ড—শৈথিক রক্তস্রাব।

Verat Alb : — ভেরেট্রাম এলবাম—ফেকাসে মুখ, উঠিলে মুখ লালবর্ণ, শীতল গাত্র, ক্ষীণ ও পর্য্যায়শীল নাড়ী।

Accessary measures. — আনুসঙ্গিক চিকিৎসা—নাসিকা কপাল ও ঘাড়ে

শীতল জল লাগাইবার প্রথা বহুদিন হইতে প্রচলিত আছে। নাসিকা হইতে প্রচুর পরিমাণে রক্তপাত কালে রোগীর স্থির থাকা কর্ত্তব্য। রক্তপাত কালে নাক টিপিয়া ধরিলে রক্ত জমাট বাঁধিয়া রক্তস্রাব বন্ধ হইতে পারে। সম্মুখ দিকে মস্তক অল্প নোয়াইয়া বসিয়া থাকিলে নাক দিয়া রক্ত পড়া বন্ধ হইতে পারে। গলায় টাইট করা কিছু বাঁধা থাকিলে উহার বন্ধন শিথিল করিয়া দিবে, নতুবা শিরার রক্ত স্রোত গতির ব্যাঘাত ঘটে। হাত দুটী উত্তোলন করিয়া মস্তকোপরি স্থাপন করিলে অনেক সময় নাক দিয়া রক্ত পড়া বন্ধ হয়। রক্তপাত বশত মূর্চ্ছার সম্ভাবনা থাকিলে রোগীকে উপুড় করিয়া শয়ন করাইয়া দিবে। কারণ, তাহা হইলে গলার ভিতর রক্ত পড়িয়া দম বন্ধের সম্ভাবনা থাকেনা। অত্যন্ত রক্তপাত বশতঃ দুর্ব্বলতা থাকিলে অল্প ২ মাত্রায় ক্যাম্ফার অথবা এক ড্রাম মাত্রায় সুরা এক সপ্তাহ সেবন করাইলে দুর্ব্বলতা দূর হইয়া থাকে। হেমে-মেলিস্ ঔষধের মূল অরিষ্ট কাপড়ে ভিজাইয়া সেই টুকরা কাপড় নাকের ভিতর রাখিলে রক্ত পড়া বন্ধ হয়। নাসিকা ভিতর এলাম্, টানিন্, ক্লোরাইড্-জিঙ্ক, নাইট্রেট্-সিলভার, ও আয়রণ পারস্যাল্‌ফেট্ ঔষধ গুলির জলীয় দ্রাব নাসারন্ধ্রের ভিতর পিচকারী করিলে উপকার হয়। এতদ্ব্যতীত, নিম্নলিখিত প্রকারে নাসারন্ধ্র বন্ধ করিবারও আবশ্যক হইয়া থাকে যথা—

Process of plugging the posterior nares by a loop of double thread.

একটী ক্যাথিটার অথবা বুলক্ সাহেবের ক্যানুলা নামক যন্ত্রের দ্বারা একগাছি সূতা ডবল করিয়া সম্মুখ নাসারন্ধ্রের ভিতর দিয়া পশ্চাৎ নাসারন্ধ্রের ভিতর সুতরাং মুখের ভিতর প্রবেশ করাইয়া দিবে। পরে সেই সূতা অল্প টানিয়া উহাতে একটী ন্যাকড়ার পুঁটুলি বাঁধিয়া দিবে, তৎপরে সম্মুখ নাসা-রন্ধ্রের সূতার মুখ টানিয়া লইবে তাহাতে উক্ত পুঁটুলির দ্বারা

পশ্চাৎ নাসারন্ধ্র বন্ধ হইবে। পরিশেষে সন্মুখ নাসারন্ধ্রও ঐ দিকের সূতার দ্বারা অপর এক ন্যাকড়ার পুটুলি বাঁধিয়া বন্ধ করিয়া রাখিবে। কিয়ৎকাল পরে নাসিকা হইতে রক্তস্রাব বন্ধ হইলে ঐ সকল পুটুলি টানিয়া বাহির করিয়া লইবে।

DISEASES OF THE LARYNX.

ACUTE CATARRHAL LARYNGITIS.

লেরিংস শ্লৈষ্মিক ঝিল্লীর তরুণ প্রদাহ।

Definition simple inflammation of mucous membrane of larynx.

পরিচয়—লেরিংস বা স্বরনালীর শ্লৈষ্মিক ঝিল্লীতে সামান্য বা সাধারণ ভাবে প্রদাহ লক্ষণ প্রকাশ পাইয়া থাকে। এইরূপ প্রদাহ স্বতঃই উৎপন্ন হয় অথবা অন্য কোন রোগের উপসর্গস্বরূপ উপস্থিত হইয়া থাকে। এইরূপ প্রদাহ সাধারণতঃ বিদূরিত হয়, অথবা কদাচ ইডিমা-গ্লটিডিস রোগ উৎপন্ন করিয়া বড়ই দুরারোগ্য হয়—কিম্বা মারাত্মক লক্ষণগুলি উপস্থিত করিয়া থাকে।

Predisposing causes perspiration, weakness, cachectia, warmly clad in the neck, indoor life

পূর্ব্ববর্ত্তী কারণ—সর্ব্বদা ঘর্ম্ম, দুর্ব্বল ও ক্ষীণকায় শরীর, গলায় সর্ব্বদা গরম কাপড় জড়ান, সর্ব্বদা গৃহমধ্যে বদ্ধ থাকা প্রভৃতি অবস্থায় এই রোগের অঙ্কুর হইয়া থাকে। পুরুষ অপেক্ষা নারীগণ ইহা দ্বারা অধিক আক্রান্ত হয় এবং শিশুগণ অপেক্ষা যুবা ব্যক্তিগণ এই রোগে অধিক ভুগিয়া থাকে।

Exciting causes irritating agencies, taking cold, catarrhs, influenza and other constitutional diseases.

উদ্দীপক কারণ—বিবিধ উত্তেজনা যথা:—ঠাণ্ডা বায়ু, ধূলিকণা ও উগ্রধূম নিশ্বাস দ্বারা গ্রহণ, উচ্চ চীৎকার অথবা জোরে সঙ্গীতকরণ, গলায় হঠাৎ ঠাণ্ডা লাগা, সর্ব্বদা ভিজা পায়ে থাকা, সর্দ্দি, ইনফ্লুয়েঞ্জা ও বিবিধপ্রকার স্ফোট জ্বর ও উপদংশ বশতঃ এই রোগের উৎপত্তি হইয়া থাকে।

নিদানতত্ত্ব—স্বর-রজ্জুর পশ্চাৎ অংশ প্রথমে লালবর্ণ হয়। ক্রমে এই আবক্তিমতা অপ্রকৃত স্বররজ্জু, এরিটিনয়েড্-উপাস্থি, এপিগ্লটিস ও ট্রেকিয়া নলীর ভিতর বিস্তৃত হয়। একারণ ঐ সকল স্থানে লালবর্ণ, ফুলা, ও রক্ত ফুটার মত দাগ দৃষ্ট হয়। ক্রমে লেরিংস মধ্যে শোথ ও উহার গাত্রে রক্তস্রাব হইতে পারে। অথবা শ্লৈষ্মিক ঝিল্লীর কিম্বা তন্নিম্নস্থিত স্যাব্-মিউকাস তন্তুতে রক্তরস সঞ্চিত হইয়াও থাকে।

Pathology: redness, swelling, ecchymosis, aedema, haemorrhage, extravasation or infiltration in different parts within the larynx, ulceration, various character of secretion.

এই সকল ভিন্ন ভিন্ন অবস্থাপ্রযুক্ত ভিন্ন ভিন্ন লক্ষণ প্রকাশিত হয়। সামান্য কর্কশ স্বর হইতে স্বরভঙ্গ বা স্বরলোপ হয় এবং লেরিঞ্জিয়াল পেশীগুলি অত্যন্ত দুর্ব্বল ও ক্রিয়াহীন হইয়া থাকে। শ্লৈষ্মিক ঝিল্লীর এপিথিলিয়াম পর্দ্দা ক্ষয় হইয়া ক্ষত উৎপন্ন হইতে পারে। প্রথমতঃ লেরিংসের শ্লেষ্মা পরিষ্কার ও ও চটচটে থাকে পরে আঠার মত ও পূযবৎ হয় অথবা পূয হইয়া যায়।

লক্ষণ—প্রথমতঃ কম্প বা শীত হইয়া অল্প বা অধিক জ্বর হয়। পরে গলা বেদনা, লেরিংস মধ্যে ক্ষতবোধ, জ্বালা, শুড়শুড়নি ও আক্ষেপ অনুভব হইয়া থাকে। কথা কহিতে অথবা কাশিতে অত্যন্ত কষ্ট হয়। কোন কোন স্থলে কাশিবার সময় এরূপ বেদনা হয় যে বোধ হয় যেন সেইরূপ বেদনায় প্রাণ বহির্গত হইবে। গলার বাহিরে হাত দিলেও লাগে। কর্কশ ও কুকুর ডাকার মত কাশি হয়। স্বররজ্জু পুরু ও ফুলিয়া উঠিলে কুকুর ডাকারমত কাশি হইয়া থাকে। স্বর কর্কশ গম্ভীর বা বসা ও ভাঙ্গা ভাঙ্গা হইয়া যায় এবং কখন কখন স্বরলোপ হইয়াও থাকে। প্রকৃত স্বর রজ্জু ফুলিয়া উঠিলে অথবা অপ্রকৃত স্বর রজ্জু ফুলিয়া প্রকৃত স্বর রজ্জু অর্থাৎ ট্রু-ভোকাল্-কর্ডস্ গুলির কম্পন ও টান ভাব ঠিক থাকে না, অথবা উহাদিগের সেই কার্য্যের সম্পূর্ণ ব্যাঘাত ঘটে, সুতরাং স্বরলোপ হয়। স্ফীত

Symptoms: rigor, fever, sore-throat, sore larynx, burning, tickling, constriction, painful speaking and coughing pain in external pressure, hoarse and barking cough, voice hoarse, deep, cracked, aphonia, 1st clear and glassy, 2nd thick and turbid, 3rdly yellow and puslike sputa, dyspnœa

স্বর রজ্জু গুলির স্থানে স্থানে শ্লেষ্মা সঞ্চয় হয় এবং উহাদের পরস্পর সংস্পর্শে স্বরভঙ্গ হইয়া থাকে। প্রথমতঃ পরিষ্কার, কাচবৎ স্বচ্ছ, ও অল্প শ্লেষ্মা উঠিয়া থাকে। ক্রমে গাঢ় শ্লেষ্মা বাহির হয় এবং শেষে হলদে ২ ও পূঁযের মত গয়ার উঠিয়া থাকে। শ্লৈষ্মিক ঝিল্লী ফুলিয়া উঠিলে শ্বাসকষ্ট হয় এবং সাব্-মিউকাস্ টিসুতে রস সঞ্চয় হইলে দম আটকিয়া যাইতে পারে।

Course and termination : few hours to 5 days, generally recovery.

গতি ও স্থিতি কাল—কয়েক ঘণ্টা হইতে ৫ দিবস পর্য্যন্ত এই রোগ থাকিতে পারে। ইহা প্রায়ই আরোগ্য হয়। কদাচ শোথ বশতঃ হিমাঙ্গ অবস্থা উপস্থিত হইয়া মৃত্যু হইতে পারে।

Treatment : Aconite : early stage, from cold west winds, fever, pain in larynx, thin and frothy sputa.

চিকিৎসা—একোনাইট্—প্রথমাবস্থা, ঠাণ্ডা ও পশ্চিমে বায়ু-সঞ্চালন জনিত অসুখ, জ্বর লক্ষণ যথা-উত্তপ্ত ও শুষ্ক গাত্র, অস্থিরতা ও অধৈর্য্য, অর্দ্ধেক রাত্রিতে জাগিয়া উঠিলে ঘুংড়ীর মত কাশি এবং শ্বাস প্রশ্বাস, লেরিংসে বেদনা, সঙ্গীত প্রযুক্ত সজোরে স্বর উচ্চারণ, পাতলা ও ফেনা যুক্ত শ্লেষ্মা ওঠা প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী হয়।

Belladonna spasmodic, dry barking cough, pain, headache, fever, drowsiness, sudden aphonia, painful deglutition.

বেলেডনা—আক্ষেপজনক ও কুকুর ডাকের মত কাশি, অর্দ্ধেক রাত্রিতে হঠাৎ নিদ্রাভঙ্গ, লেরিংসে বেদনা, শিরঃপীড়া, জ্বর, ও ঝিমান বা তন্দ্রা, হঠাৎ স্বর লোপ। আরক্তমুখ, ঘর্ম্ম, অনিদ্রা, শুষ্ক কাশি, লেরিংস মধ্যে ধূলি কণা পড়িয়াছে এরূপ অনুভব, এবং গলাধঃকরণ কষ্ট প্রভৃতি লক্ষণে ইহা ফলপ্রদ।

Bromium : husky, hoarse voice, oppressed breathing, croupy cough.

ব্রোমিন্—কণ্ঠের ভিতর কর্কশতা ও আঁচড়ান বোধ, তৎসঙ্গে শ্বাসকষ্ট, কর্কশ ও ভাঙ্গা ২ স্বর, এবং ঘুংড়ীর মত কাশি হইলে ইহা দ্বারা উপকার হয়।

Bryonia : dry cough worse from motion, pain in stomach.

ব্রায়োনিয়া—কাশি, নড়িলে ও গরম ঘরে প্রবেশ করিলে সর্দ্দি, তৎসঙ্গে পাকাশয়ের গহ্বর মধ্যে বেদনা এবং ঋতু পরিবর্ত্তনে অসুখ প্রভৃতি লক্ষণে ইহা ব্যবহৃত হয়।

ক্যাল্ক-কার্ব্ব—শিশুদিগের দন্তোদ্গম কালে অসুখ, শরীরের ভালরূপ বিকাশ না হওয়া, নিদ্রাবস্থায় কাশি। Calc Carb: teething, rachites, cough during sleep

কার্ব্বো-ভেজ—স্বরভঙ্গ, সন্ধ্যাকালে বৃদ্ধি, অনেকক্ষণ বিলম্বে ২ কাশি প্রভৃতি লক্ষণে ইহা ব্যবহার করা যায়। Carbo-Veg evening hoarseness, cough far apart

কষ্টিকাম—সম্পূর্ণ স্বর লোপ অথবা অত্যন্ত গলা ভাঙ্গা, প্রাতঃকালে অত্যন্ত বৃদ্ধি, গলার ভিতর জ্বালা ও ক্ষত বোধ। Caust: morning aphonia, great hoarseness, burning in throat

ক্যামোমিলা—লেরিংসে শুড়শুড়ি বশতঃ সর্ব্বদা শুষ্ক কাশি, রাত্রিকালে বৃদ্ধি, নিদ্রাবস্থায় কাশি, জ্বর বোধ, অস্থিরতা, অধৈর্য্য, উগ্রস্বভাব, এক অথবা উভয় গাল লালবর্ণ, মস্তকে গরম ঘর্ম্ম প্রভৃতি লক্ষণে ইহা ফলপ্রদ হয়। Chamom dry cough during sleep, feverishness, irritability one or both cheeks flushed, hot perspiration in head

ড্রসেরা—লেরিংস মধ্যে সর্ব্বদা শুড়শুড়ি এবং তজ্জন্য কাশি ও কাশিতে ২ নিদ্রা ভঙ্গ হইলে ১নং ড্রসেরা জলে মিশ্রিত করিয়া খাওয়াইবার ব্যবস্থা আছে। Drosera tickling cough preventing sleep at night

ডাল্কামারা—প্রত্যেক বার গরমের পর ঠাণ্ডা পড়িলেই যদি এই রোগের পুনরাক্রমণ হয় তবে নিশ্চয়ই ডাল্কামারার দ্বারা উপকার হয়। Dulcamara: aggravation from warm to cold

হেপার সালফার—লেরিংস মধ্যে শ্লেষ্মার ঘড়ঘড়ানি, শ্লেষ্মা ও পূঁযের মত গয়ার, শ্বাসকষ্ট, শুড় শুড় করিয়া ঘুংড়ীর মত কাশি, প্রাতঃকালে বৃদ্ধি, স্বরভঙ্গ অর্থাৎ কর্কশ ও বসা স্বর, শীত কালের শুষ্ক ও পশ্চিমে হাওয়ায় অসুখের উৎপত্তি প্রভৃতি লক্ষণে ইহা বিশেষ উপযোগী হয়। স্পঞ্জিয়া ঔষধের পর ইহা উত্তম খাটে। Hep Sulph croupy cough, worse morning, hoarseness, from dry, cold west winds.

আয়োডিয়াম্—শুড়শুড়ে কাশি, ভাঙ্গা ২ স্বর, লেরিংসে আক্ষেপ, প্রাতঃকালে বৃদ্ধি প্রভৃতি লক্ষণে ইহা ফলপ্রদ। Iodium tickling cough, husky voice, constriction worse morning

ল্যাকেসিস—শুষ্ক কণ্ঠ, লেরিংসের বাম দিকে ক্ষত বোধ, কণ্ঠের ভিতর পুঁটলি বোধ, গলার ভিতর দম আটকান বোধ, কথা কহিলে ও হাস্য করিলে প্রবল ও শুষ্ক কাশির বৃদ্ধি, Lachesis:

dry throat, sore spot in left side of larynx, lump in throat, choking in throat,

ও পাকাশয় গহ্বরে উত্তেজনা বোধ প্রভৃতি লক্ষণে ইহা ব্যবস্থা করা যায়।

Mercurius : chilliness on moving, perspiration without improvement

মার্কুরিয়াস—জ্বরকালে শয্যার ঠাণ্ডা স্থানে পদ সঞ্চালন করিলে শীত বোধ, ঘর্ম্মে উপশম না হওয়া ও মস্তকে ঠাণ্ডা ও শর্দ্দি বোধ প্রভৃতি লক্ষণে ইহা ফলপ্রদ হয়।

cold in head. Nux Vom from cold with chilliness, headache, stoppage of nose.

নক্স-ভমিকা—রোগের প্রথমাবস্থায় শীত বোধ, শিরঃপীড়া, নাকবন্ধ, ঠাণ্ডা লাগিয়া অসুখের উৎপত্তি প্রভৃতি লক্ষণে ইহা ফলপ্রদ।

Phosphorus tickling dry spasmodic *cough, scanty blood-streaked sputa,* bursting headache, worse in speaking

ফসফরাস—লেরিংস হইতে সর্ব্বদা শুড়শুড়ে কাশি, মস্তক ফাটিয়া যাইবে এরূপ শিরঃপীড়া, শুষ্ক ও আক্ষেপিক কাশি, অল্প রক্তের ছিট্ যুক্ত গয়ার উঠা, কথা কহিলে এবং সন্ধ্যা হইতে রাত্রি দুই প্রহর পর্য্যন্ত বৃদ্ধি প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী হয়।

Pulsatilla chilliness, thirstlessness, worse evening

পাল্সেটিলা—শীত, পিপাসার অভাব, সন্ধ্যা ও গরম ঘরে বৃদ্ধি প্রভৃতি ইহায় প্রয়োগ লক্ষণ।

Rhustox tickling under mid-*sternum,* bone pains during rest.

রাসটক্স—ষ্টার্ণাম অস্থির মধ্যস্থলে শুড়শুড়ি বোধ, কথা কহিলে কিম্বা হাঁসিলে বৃদ্ধি, স্থির হইয়া থাকিলে সর্ব্বাঙ্গের অস্থিতে বেদনা, জোর করিয়া সঙ্গীত করিলে অথবা বক্তৃতা করিলে অসুখের উৎপত্তি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Rumex - dry cough in paroxysms.

রুমেক্স—থেকে ২ শুষ্ক কাশি ; জোরে ও গভীর নিশ্বাস লইলে, কথা কহিলে, অত্যন্ত ঠাণ্ডা বায়ু নিশ্বাস টানিলে অথবা ট্রেকিয়ার বাহ্য দেশে চাপ পড়িলে কাশির বৃদ্ধি, প্রভৃতি লক্ষণে ইহা ব্যবহৃত হয়।

স্যাঙ্গুয়িনেরিয়া—ঔষধেরও এই রোগে বিস্তর প্রশংসা আছে।

Spongia ·

স্পঞ্জিয়া—জ্বর, গলা বেদনা ; কুকুর ডাকার মত কর্কশ কাঁপা ও শুষ্ক কাশি, গলা সাঁই সাঁই করিলেও কিছুই গয়ার

না উঠা অথবা চটচটে, পীত বর্ণের চাপ গয়ার উঠিয়া থাকে।

টাটার-এমেটিক—ঘড় ঘড়ে কাশি ও নিশ্বাস প্রশ্বাস, কম্পন শীল নাড়ী, চটচটে ঘর্ম্ম, পিপাসার অভাব, ফেকাসে মুখ ও তন্দ্রা প্রভৃতি লক্ষণে ইহা ফলপ্রদ হয়।

barking, hoarse, hollow, dry cough, worse before midnight.
Tart. Emet: rattling cough and breathing, trembling pulse, sticky sweat, no thirst, drowsiness.

ŒDEMA GLOTTIDIS-ŒDEMA LARYNGIS.

ইডিমা গ্লটিডিস্ ইডিমা-লেরিঞ্জিস্।

পরিচয়—প্রদাহ অথবা অপ্রদাহ যে কারণেই হউক লরিংস গহ্বরের শ্লৈষ্মিক ঝিল্লীর নিম্নস্থিত সাবমিউকাস্ টিসুতে সিরাস্ বা রক্তরস ও পূঁয মিশ্রিত তরল পদার্থ সঞ্চয় হইলেই উহাকে ইডিমা-গ্লটিডিস্ বা ইডিমা-লেরিঞ্জিস্ বলে।

Definition: serous or sero-purulent infiltration of the submucous tissue

কারণ—লেরিংস ও ফেরিংসের তরুণ প্রদাহ, জ্বালাকর, উত্তপ্ত ও ধ্বংসকারী কোন প্রকার তরল পদার্থ পান, আরক্তজ্বর, হামজ্বর, সান্নিপাতিক বিকার জ্বর, মূত্রযন্ত্রের রোগের পরবর্ত্তী শোথ, উপদংশজনিত লেরিংসের পুরাতন প্রদাহ; নিকটবর্ত্তী প্রদেশের গুটিকা ও কর্কট রোগ; গ্রীবা প্রদেশে অর্ব্বুদ, কণ্ঠ ও তন্নিকটবর্ত্তী প্রদেশে ক্ষত; অতিরিক্ত মদ্যপান, প্রভৃতি কারণে এই রোগের উৎপত্তি হইয়া থাকে। অত্যন্ত ঠাণ্ডা লাগিলে এই রোগের শীঘ্র শীঘ্র বিকাশ হইয়া থাকে। অর্থাৎ শৈত্য ইহার উদ্দীপক কারণ স্বরূপ।

Causes: acute laryngitis, swallowing of hot and caustic liquids, following scarlatina, measles, Typhoid, Bright's disease, syphilitic laryngitis, tubercle and cancer in neighbouring parts, cervical tumour, wounds of throat, alcoholism and Cold.

নিদানতত্ত্ব—লেরিংসের তরুণপ্রদাহ অপেক্ষা এই রোগে কম পরিমাণ শ্লৈষ্মিক ঝিল্লীর প্রদাহ দৃষ্ট হয়; অর্থাৎ এই রোগে শ্লৈষ্মিক ঝিল্লী অল্প লাল হইয়া থাকে। কিন্তু এই রোগে শ্লৈষ্মিক ঝিল্লীর নিম্নে অত্যন্ত রক্তরস সঞ্চয় হইয়া থাকে।

Pathology marked se-

rous effusion but less hyperæmia.

এপিগ্লটিস ফুলিয়া উঠে সুতরাং বায়ু যাতায়াতের সম্পূর্ণ বিঘ্ন ঘটে।

Symptoms tenderness, pain, constriction, dyspnœa, whistling, stridulous sound.

লক্ষণ—লেরিংসে চাপিলে বেদনা, উহাতে আক্ষেপ, শ্বাসকষ্ট এবং সীস দেওয়ার মত একপ্রকার শ্বাসপ্রশ্বাস শব্দ হইয়া দমবদ্ধ হইয়া আসে এবং তৎসঙ্গে সমস্ত শরীর নীলবর্ণ হইয়া যায়। কাশি থাকে, কিন্তু উহাতে সর্ব্বদা শ্লেষ্মা বাহির হয় না, গলাধঃকরণ কষ্টকর, স্বর ক্ষীণ এমন কি স্বরভঙ্গ ও স্বরলোপ হইয়া থাকে। রোগী অতি সাবধানে শ্বাসপ্রশ্বাস কার্য্য সম্পাদন করিতে ও ঢোক গিলিতে চেষ্টা করে; কারণ অসাবধানে আহার করিলেই এই রোগে মৃত্যু ঘটিতে পারে। ঘন ঘন ঐরূপ শ্বাসকষ্ট হয় এবং উহার আক্ষেপেই মৃত্যু ঘটিতে পারে। রোগ বৃদ্ধি পাইলে নিশ্বাস ও প্রশ্বাস এই দুই ক্রিয়াতেই শ্বাসকষ্ট হয়। অবশেষে ঘড়ঘড়ে শ্বাস প্রশ্বাস হইয়া মৃত্যু ঘটে।

চিকিৎসা।

Treatment
Acon controls the active hyperæmia.

একোনাইট—ইহা দ্বারা তরুণ রক্তাধিক্য দূর হয় মাত্র।

Apis - soreness, stinging.

এপিস্—বিসর্প রোগ অথবা কোন প্রকার স্ফোট জ্বরের সহিত লেরিংসে শোথ হইলে এবং তৎসঙ্গে লেরিংস মধ্যে হুল ফুটানি প্রভৃতি লক্ষণ থাকিলে ইহা উপযোগী হয়।

Arsen. restlessness, prostration.

আর্সেনিক—সার্ব্বাঙ্গিক শোথ রোগের সহিত অথবা মূত্রগ্রন্থির রোগের পরবর্ত্তী লেরিংস মধ্যে শোথ হইলে তৎসঙ্গে অস্থিরতা ও অবসন্নতা থাকিলে ইহা ফলপ্রদ হয়। এই রোগে আর্সেনিক অতি উৎকৃষ্ট ঔষধ। কারণ, ইহা দ্বারা লেরিংসের দুর্ব্বলতা দূর হয় ও রক্ত রসের শোষণ হইয়া থাকে।

Arum Triph. in connection with diphtheria and scarlet fever.

এরাম্-ট্রাইফিলাম্—ডিপ্‌থিরিয়া রোগ ও স্কার্লেট জ্বরের সহিত এই রোগ হইলে ইহা ব্যবহৃত হয়।

বেলেডনা—হঠাৎ আক্রমণ, তালু ঘোর বেগুণি বর্ণ, ফেরিংসের সর্ব্বাংশে স্ফীতি, গলার গভীর প্রদেশে বেদনা, আড়ষ্ট গ্রীবা, ফেল্ ফেলে দৃষ্টি, অত্যন্ত অবসাদন প্রভৃতি লক্ষণে ইহা ফলপ্রদ হয়। stiff neck, wild look, prostration.

ক্যান্থারিস—পোড়া বা ঝলসান অবস্থার সহিত এই রোগ হইলে ইহা ব্যবস্থা হয়। Cantharis—in Burns.

চায়না—উদরী রোগের সহিত এই রোগ হইলে এবং তৎসঙ্গে শ্বাস ও কষ্টকর নিশ্বাস থাকিলে এবং প্রশ্বাস সহজ থাকিলে ইহা ফলপ্রদ হয়। China—with dropsy, inspiration short and difficult.

ল্যাকেসিস—এনজিনাপেক্টোরিস রোগের সহিত এই রোগ হইলে এবং তৎসঙ্গে কাল রঙের প্রস্রাব ও অত্যন্ত শ্বাসকষ্ট থাকিলে ইহা উপযোগী হয়। Lachesis—dark urine, dyspnoea.

ফসফোরাস—হৃৎপিণ্ডের রোগের সহিত এই রোগ হইলে ফসফরাস দিতে হয়। Phosp—with heart affections.

স্যাঙ্গুইনেরিয়া—নাক, টন্সিল ও লেরিংসে [illegible], নিশ্বাস অপেক্ষা প্রশ্বাস সহজ, [illegible] শ্বাস প্রশ্বাস, শুষ্ক ও কর্কশ কাশি, [illegible] শ্লেষ্মা [illegible] ও শ্লেষ্মা ফুটিলে বমি, [illegible] বোধ হওয়া, এবং গ্রীবা গ্রন্থি স্ফীতি প্রভৃতি লক্ষণে ইহার [illegible] চূর্ণ ব্যবহৃত হয়। Sanguinaria—burning, respiration dry and harsh cough, difficult raising of tough mucus, inflammation of cervical glands.

অন্যান্য [illegible] এবং বিপদের সম্ভাবনা [illegible] দিতে হয়, অথবা বাতিল হইলে একবারে ট্রেকিয়োটমি-অস্ত্রচিকিৎসা করার আবশ্যক হইয়া থাকে। [illegible] scarification and tracheotomy.

CHRONIC LARYNGITIS.

লেরিংসের পুরাতন প্রদাহ।

Definition: ch. inflammation of m. m of larynx with hoarseness and spasmodic cough.

পরিচয়—লেরিংসের পুরাতন প্রদাহ, তৎসঙ্গে কর্কশ স্বর ও আক্ষেপিক কাশি থাকিলে আমরা উহাকে পুরাতন লেরিংজাইটিস্ রোগ বলিয়া বুঝিয়া থাকি।

Causes: excessive talking, singing, continued exposures, ch. pharyngitis, phthisis, syphilis.

কারণ—সদা সর্ব্বদা উচ্চ চীৎকার অথবা সঙ্গীত করণ, সর্ব্বদা গলায় ঠাণ্ডা লাগা, তরুণ প্রদাহের পরবর্ত্তী অবস্থা, পুরাতন ফেরিঞ্জাইটিস, পুরাতন যক্ষ্মা রোগ, উপদংশ, এবং অত্যন্ত তামাক ও মদ্যপান বশতঃ এই রোগ হইয়া থাকে।

Symptoms: hacking, tickling, pricking, stinging and burning in larynx, hoarseness, aphonia and different kinds of sputa.

লক্ষণ—গলা পরিষ্কার রাখিবার জন্য সর্ব্বদা খকখক করিয়া কাশি, গলার ভিতর শুড়শুড়ানি, কুটকুটনি, হুল বিধুনি, অথবা জ্বালা, কর্কশ স্বর, স্বরলোপ, প্রাতঃকালে স্বরভঙ্গ, ক্রমে কথা কহিতে কহিতে স্বর পরিষ্কার হওন, পরিষ্কার, স্বচ্ছ, সাদা টে ধূসর বর্ণ ও অল্প ফেণাসক্ত শ্লেষ্মা অথবা চটচটে, দড়ীর মত ও পূঁযবৎ শ্লেষ্মা উঠা প্রভৃতি লক্ষণ প্রকাশ পাইয়া থাকে।

Pathology: swelling injection, velvety appearance, thickening of m. membrane, rarely ulceration.

নিদান—শৈষ্মিক ঝিল্লীর সর্ব্বত্র অথবা উহার স্থানে স্ফীতি, লালবর্ণ ও কোমলত্ব দৃষ্ট হয়। স্বররজ্জুর শ্লৈষ্মিক ঝিল্লী অন্যান্য স্থানাপেক্ষা কম লাল হয়। স্বর-রজ্জু ফুলিয়া পুরু হয় সুতরাং উহা দেখিতে দানাদার হইয়া থাকে এবং উহার ধারগুলি অসমান হইয়া পড়ে। এপিগ্লটিস প্রভৃতি অন্যান্য স্থান ফুলিয়া বিকৃতি উৎপাদন করে। ঐ স্থানের উপর বড় বড় অর্থাৎ ফলা ফুলা শিরা দৃষ্ট হয়। এই রোগে শৈষ্মিক ঝিল্লীর উপর শীঘ্র ক্ষত হয় না, উহা প্রায়ই পুরু হইয়াই থাকে।

Course and termination.

গতি ও পরিণাম—এই রোগ অতি ধীরে২ প্রকাশ ও

বৃদ্ধি পায় এবং হ্রাস হইয়া থাকে। ইহা একবার আরোগ্য হইলেও পুনর্ব্বার প্রকাশ পাইতে পারে। এই রোগের স্থানে শোথ হইলেও হইতে পারে কিন্তু প্রায়ই ঐরূপ ঘটে না। অনেক সময় এই রোগ হইতে যক্ষ্মাকাশ উপস্থিত হইয়া থাকে।

slow, recurrent, may terminate in phthisis.

রোগ নিরূপণ—লেরিংস শোথ রোগে যেরূপ শ্লৈষ্মিক ঝিল্লীতে ফুলা ও লালবর্ণ দৃষ্ট হয় এই রোগে সেরূপ হয় না।

Diagnosis tumefaction is less, less bright color.

চিকিৎসা—লেরিংসের তরুণ প্রদাহ রোগে যে যে ঔষধ উল্লেখ করা হইয়াছে তৎসমুদায়ই ইহাতে প্রয়োজনানুসারে ব্যবস্থা করা যায়। এই রোগে প্রধান প্রধান ঔষধের প্রয়োগ লক্ষণ যথাঃ—

Treatment: Arg. nitr. pharyngo-laryngeal catarrh.

আর্জেণ্টম্-নাইট্রিকাম—ফেরিঙ্গো-লেরিঞ্জিয়াল্ শর্দ্দি, দুর্ব্বলতা, কম্পন ও হৃদস্পন্দন প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

আর্সেনিক—লেরিংসের শ্লৈষ্মিক ঝিল্লীতে লাল বর্ণ ও স্ফীতি, কণ্ঠস্বর স্থূল, কথা কহিবার সময় গলার শুষ্কতা, শ্রান্তি ও শুড়শুড়ি বোধ, কণ্ঠের ভিতর জ্বালা, দুর্ব্বল শরীর, স্নায়বিক ও উগ্র স্বভাব, থেকে২ কাশি, স্বল্প গয়ের অথবা প্রাতঃকালে ধূসরবর্ণের চাপ২ গয়ার ওঠা ইত্যাদি ইহার প্রয়োগ লক্ষণ।

Arsenic: injected and swollen m m. husky voic, dryness, fatigue and tickling in speaking, burning in throat, cough in paroxysms, scanty sputa or in gray lumps in morning.

ক্যাল্ক-কার্ব্ব—মুখগহ্বরের শ্লৈষ্মিক ঝিল্লী ফেকাসে, কোমল তালু ও ফেরিংসের উপর শিরাস্ফীতিপ্রযুক্ত ঐ ঐ স্থানের বর্ণ ঈষৎ নীল, শুষ্ককণ্ঠ, সাদা জিহ্বা, চুপি চুপি কথা, জোরে কথা কহিলে কর্কশ ও কুকুর ডাকার মত কাশি, সন্ধ্যা হইতে দুই প্রহর রাত্রি পর্য্যন্ত কাশি, ফেকাসে চেহারা, ওষ্ঠ সাদা, চক্ষুর পাতা ফোলা, চক্ষুর কোণে কালিমা, হাত ও পা ঠাণ্ডা এবং অবসন্ন, সঙ্গীত প্রভৃতি ভাল লাগে না, অন্যমনস্ক স্বভাব, মানসিক ও শারীরিক পরিশ্রমে হৃদস্পন্দন ও শ্বাসকষ্ট এবং নৈশ ঘর্ম্ম প্রভৃতি ক্যাল্ক-কার্ব্ব প্রয়োগ লক্ষণ।

Calc. Carb: pale mouth dilated viens in pharynx, dry throat, white tongue, whispering voice, cough from eve till night, puffy eyelids, dark rings around the eyes, hands and feet cold, weakness,

palpitation, breathlessness, night sweats.
Carbo Veg : swelling of vocal ligaments, hoarseness and aphonia, easy and lumpy sputa, low vitality, cold knees in bed.
Causticum : aphonia, hoarseness, worse evenings
Hepar Sulp: tubercular disposition, scanty, tenacious muco-purulent sputa, pain in one spot of larynx, breathing
Iodium : catarrh, ulceration, tickling cough, hunger, emaciation
Kali-Bich : bluish pharynx, red and puffy larynx, dryness, tickling cough, rough voice, scanty and stringy cough.
Kali hydr : dryness, burning irritation, fee-

কার্ব্বো-ভেজ—স্বররজ্জু বা বন্ধনীগুলির স্ফীতি, লেরিংস শ্লৈষ্মিক ঝিল্লীর ঈষৎ বেগুনি বর্ণ, সন্ধ্যায় ও ভিজা বাতাসে কর্কশ স্বর, স্বরলোপ, সবলভাবে চাপ২ গয়ার ওঠা সামর্থ্য লোপ, ফেরিঙ্গো-লেরিঞ্জিয়াল স্থানে শিরা স্ফীতি সর্ব্ব যন্ত্রের শিথিল ক্রিয়া, শয্যায় শীতল জানু প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

কষ্টিকাম—স্বরলোপ, অত্যন্ত গলা ভাঙ্গা, সন্ধ্যায় বৃদ্ধি সঙ্গীতকারী ও বক্তৃতাকারী লোকদিগের রোগে ইহা উপযোগী হয়।

হেপার-সালফার—গুটি সঞ্চয়ের ধাতু, অল্প, আঠার মত এবং শ্লেষ্মা ও পূঁযমিশ্রিত গয়ার, কষ্টে গয়ার ওঠা, লেরিংসের এক স্থানে বেদনা ; চাপে, কথায়, কাশিলে অথবা নিশ্বাস টানিলে ঐরূপ বেদনার বৃদ্ধি। এই রোগে ইহা অতি উৎকৃষ্ট ঔষধ। সঙ্গীতকারীদিগের এই রোগে ইহা বিশেষ ফলপ্রদ হয়।

আয়োডিয়াম্—সর্দ্দি ও ক্ষত, সর্ব্বদা গুড়গুড়ে কাশি অল্প ও চটচটে গয়ার ওঠা, অত্যন্ত ক্ষুধা, তৎসঙ্গে শীর্ণতা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

কেলি-বাইক্রম—ফেরিংস ঈষৎ নীলবর্ণ, উহাতে বক্রগতি শিরা, স্বর-রজ্জু ও লেরিংসের পশ্চাৎ অংশে লালবর্ণ ও অল্প ধূসরবর্ণের শ্লেষ্মা সঞ্চয় বশতঃ ফুলা, উহাতে শুষ্কতা বোধ, কথা কহিবার কালে শুড়শুড়ানি বোধ, কর্কশ ও কাঁপা স্বর, স্বল্প ও সুতার মত গয়ার, কথা কহিলে অথবা হাসিলে কাশি বৃদ্ধি।

কেলিহাইড্রিয়োডিকাম—লেরিংশ মধ্যে শুষ্কতা জ্বালা ও উত্তেজনা, উহাতে চাপ বোধ, সবল গয়ার উঠা, ক্ষত বোধ ও কর্কশ স্বর।

ম্যাঙ্গানাম্—কণ্ঠ ও ফেরিংসে শিরা স্ফীতি, প্রাতঃ-

কাশিতে কর্কশ স্বর, গয়ার তুলিতে তুলিতে গলায় চাপবোধ ও ক্ষীণকায় শরীর সুতরাং যক্ষ্মার ধাতু।

নেট্রাম মিউর—নাইট্রেট-সিলভার দ্রাব লাগান হেতু কেরিংস প্রদাহে ইহা ফলপ্রদ।

নাইট্রিক এসিড—লেরিংসে ক্ষত, স্বর লোপ, পূর্ব্ব হইতে পারদ সেবন। প্রবল আক্ষেপিক কাশি গলায় ঘড়ঘড়ানি, কষ্টে গয়ার তোলা।

ফসফরাস্—স্বর-যন্ত্রে লালবর্ণ ও ক্ষত, চাপা স্বর, কথা কহিলে গলা শুড় শুড় করিবা আক্ষেপিক কাশি তৎপরে শুষ্ক কণ্ঠ ও উহাতে জ্বালা।

স্যাঙ্গুয়িনেরিয়া—লেরিংস মধ্যে শুষ্কতা, ক্ষত বোধ ও ফুলা, প্রচুর গাঢ় শাদা শ্লেষ্মা উঠা, কণ্ঠ সাবরণ, নাক বন্ধ, চক্ষুর দ্রূতে কামড়ানি; চিমসে, ঘন, দুর্গন্ধযুক্ত ও রক্ত মিশ্রিত শ্লেষ্মা উঠা, রাত্রিকালে কাশ বৃদ্ধি।

টার্টার-এমেটিক্—মেকাসে আকৃতি, প্রচুর পরিমাণে শাদাটে ও ঘন শ্লেষ্মাস্রাব, ঘড়ঘড়ে শ্লেষ্মা, বোধ হয় যেন উঠিবে কিন্তু উঠিয়া ওঠেনা।

সিলিনিয়ম্—ইহারও উপরে শ্লেষ্মা দৃঢ় হইয়া থাকে।

সাল্ফার—সন্ধ্যাকালে কাশি, শয়ান শয়ন বা পূর্ব্বে অথবা শয়ন করিলে কাশি তৎসঙ্গে চর্ম্মরোগ, অথবা পূর্ব্ব হইতে চর্ম্মস্ফোট বন্ধ।

স্থানিকপ্রয়োগ—এক ভাগ গ্লিসিরিন ও ৪ ভাগ জল পরস্পর মিশ্রিত করিয়া আক্রান্ত স্থানে লাগান যায়। শুষ্ক অবস্থায় এরূপ মালিশ লাগাইলে বড় উপকার হয়। ক্লোরাইড্ পটাস বা সোডা ৫ গ্রেণ ও এক ঔন্স জল পরস্পর মিশ্রিত করিয়া লাগাইলে লেরিংসের উত্তেজনা অর্থাৎ রসকারক শক্তি উৎপন্ন হয়। ২ গ্রেণ কার্বলিক এসিড্ এক ঔন্স জলে মিশ্রিত

ling lumps expectoration. Mang. Hum morning hoarseness anæmia.

Nat Mur: after abuse of nitrate of silver lotion.

Nitric acid: ulcer, toneless voice spasmodic cough, rattling difficult to raise

Phosphorus: ulcer, suppressed voice, tickling, spasmodic cough dryness and burning in throat.

Sanguinaria, tough, thick, offensive, blood streaked sputa, cough at night.

Tartar Emetic: pallor, moist cough which thick sputa.

Selenium

Sulphur cough evening, skin itis

diseases. Local applications: Not frequently required.

করিয়া লাগাইলে শ্লৈষ্মিক ঝিল্লির উত্তেজনা দূর হইয়া থাকে। এস্থলে ইহা স্মরণ রাখিতে হইবে যে হোমিওপ্যাথিক ঔষধ সেবন কালে কোন প্রকার বাহ্য প্রয়োগের আবশ্যকতা থাকে না। তবে বাহ্য প্রয়োগে যে উপকার হয়, ইহা স্বীকার করিতে হইবে।

PERICHONDRITIS LARYNGIS.

পেরিকণ্ড্রাইটিস-লেরিঞ্জিস্।

Definition: inflammation of perichondrium followed by caries of cartillage.

পরিচয়—এই রোগে লেরিংসের পেরিকণ্ড্রিয়াম্ অর্থাৎ উহার উপাস্থিগুলির আবরণ মধ্যে প্রদাহ হয় এবং উহাতে কথন২ পুরাতন প্রদাহ এবং কেরিজ অর্থাৎ ক্ষত হইয়া থাকে।

Causes: tuberculosis, syphilis, typhoid.

কারণ—এই রোগ স্বতঃই উৎপন্ন হয় না। টিউবার্কলোসিস্ বা গুটিকা, উপদংশ ও টাইফয়েড্ বা আন্ত্রিক জ্বর বিকার রোগের পরবর্ত্তীকালে, এই রোগের উৎপত্তি হয় থাকে।

Pathology: m. m. infiltration, cartilage thickens. abscess forms, cartilage sloughs.

নিদান—আক্রান্ত স্থলের শ্লৈষ্মিক ঝিল্লীর ভিতর রস সঞ্চয় হয়, উপাস্থি গুলি পুরু হয়, ধূসর বর্ণের ছোট ছোট স্ফোটক বাহির হয় এবং অবশেষে সমস্ত উপাস্থি পচিয়া যায়, ক্রাইকয়েড্ ও এরিটিনয়েড্ উপাস্থি অধিক আক্রান্ত হয় এবং থাইরয়েড গ্রন্থিও অল্প পরিমাণে আক্রান্ত হইতে পারে।

Symptoms: pain, dysphagia, hoarseness, aphonia, dyspnoea, external pain and swelling.

লক্ষণ—লেরিংসমধ্যে জ্বালাকর ও বিদ্ধকর বেদনা হয় স্ফোটক হইলে গলাধঃকরণে অত্যন্ত কষ্ট হয়। প্রথমতঃ স্বর ভঙ্গ পরে একেবারে স্বর লোপ হইয়া থাকে। প্রথমতঃ অল্প পরে অধিক শ্বাসকষ্ট হইয়া থাকে। স্ফোটক হইলে লেরিংস চাপিলে বেদনা হয় ও উহা ফুলিয়া উঠে।

Treatment: support, arsenic, silicia,

চিকিৎসা—প্রথমতঃ শরীরের পুষ্টি সাধন করা কর্ত্তব্য

অর্থাৎ দুগ্ধ, ও শুরুয়া, প্রভৃতি ব্যবস্থা করিতে হয়। লেরিংসে জ্বালা কর যন্ত্রণা, উহাতে ক্ষত বোধ, শোথ এবং সর্ব্বাঙ্গিক দুর্ব্বলতা থাকিলে আর্সেনিক উপযোগী হইয়া থাকে। লেরিংসে ক্ষত হইলে সাইলিসিয়া ব্যবস্থা করা কর্ত্তব্য। পূর্ব্ববৎ গয়ার উঠিলে এবং শোথের সম্ভাবনা থাকিলে সাল্ফার ব্যবস্থেয়। এতদ্ব্যতীত, ৬ ঔন্স জলে ১৮ বিন্দু ফাউলারস্ সলিউসন মিশ্রিত করিয়া সেই জল দিবসে, ৫ মিনিট পর্য্যন্ত আঘ্রাণ করিলে বিশেষ উপকার বোধ হইয়া থাকে। sulphur, Fowler's solution inhalation.

LARYNGEAL PHTHISIS.

লেরিংস্ সম্বন্ধীয় যক্ষ্মারোগ।

পরিচয়—লেরিংসের পুরাতন প্রদাহ বশতঃ যাবতীয় তন্তুতে ঘনত্ব ও ক্ষত হইলে এবং তৎসঙ্গে স্বরভঙ্গ, স্বরলোপ, গলাধঃকরণ কষ্ট, এবং অন্যান্য যক্ষ্মালক্ষণ থাকিলে উহাকে লেরিঞ্জিয়াল-থাইসিস্ রোগ কহে। Definition ch. inflammation with thickening, ulceration, hoarseness aphonia, dysphagia &c.

কারণ—বিশেষ ধাতু অর্থাৎ শারীরিক বিশেষ অবস্থা, সর্ব্ব প্রকার দুর্ব্বলকর ব্যাধি বা অবস্থা, শৈত্য, প্রবল উত্তেজনা, শ্বাসযন্ত্রের রোগ, প্রভৃতি কারণে এই রোগের আক্রমণ হইয়া থাকে। Causes specific diathesis, debilitating influences, cold, irritation.

নিদানতত্ত্ব—প্রথমতঃ লেরিংস মধ্যে রক্তহীন অবস্থা দৃষ্ট হয় পরে উহার মধ্যে রক্ত সঞ্চয় হয় কিন্তু পুরাতন লেরিঞ্জাইটিস্ রোগের মত ততদূর রক্তাধিক্য হয় না। ক্রমে উহার মধ্যে সিরাম্ রস বাহির হইয়া উহার গাত্রকে পুরু করিয়া ফেলে। তৎপরে উহার মধ্যে ক্ষত হয়। এই ঘা গুলি দেখিতে পোকা খাওয়ার মত এবং ইহারা পরস্পর মিলিত হইয়া ক্রমে বিস্তৃত হইয়া থাকে। এই ক্ষত প্রথমে শ্লৈষ্মিক ঝিল্লীতে Pathology 1st anæmia, 2nd hyperæmia, 3rd thickening, 4th ulceration, 5th abscess, 6th caries, 7th necrosis.

প্রকাশ পায়, পরে উহা ক্রমে ক্রমে লেরিংসের পেশী, [illegible] তন্তু ও উপাস্থি পর্য্যন্ত বিস্তৃত হয় এবং অবশেষে উহার মধ্যে স্ফোটক উৎপন্ন করিতে পারে। লেরিংস-মধ্যে কেরিজ ও নিক্রোসিস্ অবস্থা উপস্থিত হইতে পারে।

Symptoms burning pain, hyperæsthesia, dysphagia, hoarseness aphonia tickling dry, spasmodic and belching cough, muco-purulent expectoration.

লক্ষণ—লেরিংস মধ্যে জ্বালা, চিড়িক যন্ত্রণা এবং বাহ্য দেশ হইতে চাপিলে বেদনা অনুভূত হয়। লেরিংস ও কেরিংস মধ্যে এরূপ চেতনাধিক্য থাকে যে, সময়ে২ উহার পরীক্ষা অসম্ভব হইয়া পড়ে। ক্রমে গলাধঃকরণ ক্রিয়ার অত্যন্ত ব্যাঘাত ঘটে। অর্থাৎ অত্যন্ত কষ্টে গিলিতে হয়; এমন কি অনেকে অনশনে মরিয়াছে তথাপি কিছুই আহার করে নাই। এরূপ স্থলে নলিকা ব্যবহার করিবার আবশ্যক হইয়া থাকে। স্বরভঙ্গ, স্বরলোপ, শুড়শুড়ে, শুষ্ক ও আক্ষেপিক কাশি, বমনোদ্দীপক কাশি, শ্লেষ্মা ও পূয মিশ্রিত গয়ার উঠা, কখন অল্প ও কখন প্রচুর শ্লেষ্মা [illegible] লক্ষণ প্রকাশ পাইয়া থাকে।

Treatment Argent-nit swelling, ulcer, titillation, hawking, spasmodic cough accumulation of phlegm.

চিকিৎসা ঃ—আর্জেণ্টম্-নাইট্রিকাম—লেরিংস মধ্যে ফুলা, উহার মধ্যে ক্ষত, ক্ষতের উপর বড়২ দানা, লেরিংস মধ্যে শুড়শুড়ি, অত্যন্ত হক্‌হক্ শব্দ, আক্ষেপিক কাশি ও উহার মধ্যে শ্লেষ্মা সঞ্চয় প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী হয়।

Arsenic dry mouth, red tongue, dry cough, scanty blood streaked sputa, œdema, burning pain flat bluish ulcers emaciation, weakness, sero purulent secretion.

আর্সেনিক— শুষ্ক মুখগহ্বর, লালবর্ণ জিহ্বা, শুষ্ক কাশি, অল্প রক্তের ছিটযুক্ত গয়ার উঠা, শোথ জ্বালাকর বেদনা, লেরিংস-শ্লৈষ্মিক ঝিল্লির [illegible] লালবর্ণ অথবা রক্তহীনতা, চ্যাপটা ঈষৎ নীল অথবা নানাবর্ণের ক্ষত, অলস অথবা জ্বালাকর ক্ষত, ক্ষতে রসানি পূয, ক্ষীণ নাড়ী এবং সর্ব্বাঙ্গিক শীর্ণতা ও দুর্ব্বলতা থাকিলে আর্সেনিক বিশেষ উপকার করিয়া থাকে।

Belladonna intercurrent

বেলেডনা—এই রোগে মধ্যে২ ঠাণ্ডা লাগিয়া তরুণ প্রাদাহিক লক্ষণ উপস্থিত হইলে তৎসঙ্গে গিলিতে কষ্ট ও বেদনা

আক্ষেপিক ও কুকুর ডাকার মত কাশি থাকিলে ইহা ব্যবহার করা যায়। cold, difficult and painful deglution, spasmodic or barking cough.

কার্ব্বো-এনিমলিস—সবুজ বর্ণের গয়ার ওঠা, দক্ষি ফুস্‌ফুস্ পর্য্যন্ত রোগের বিস্তৃতি, গ্রন্থি বৃদ্ধি, মুখমণ্ডলে ও শরীরে তাম্রবর্ণের দাগ, মাটীর মত মুখের বর্ণ ও অত্যন্ত দুর্ব্বলতা ইহার প্রয়োগ লক্ষণ। Carbo-an : greenish sputa, right lung affection, enlarged glands, coppery face and body, earthy face, great exhaustion.

ক্যাল্ক-কার্ব্ব এসক্রফুলা ধাতু, চট্‌চটে ও পচা গন্ধ-বিশিষ্ট গয়ার ওঠা, হস্ত ও পদে অত্যন্ত ঘর্ম্ম প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। Calc Carb. scrofula, gluey putrid sputa, sweat on hands and feet.

কার্ব্বো-ভেজ—সন্ধ্যাকালে স্বরভঙ্গ, পেট ফাঁপা, মুখ দিয়া টক জল ওঠা, সামান্য অর্থাৎ অতি লঘু আহারেও অজীর্ণ বোধ, বক্ষে অধিক ঘর্ম্ম, বায়ুর অল্প পরিবর্ত্তনে ঠাণ্ডা লাগা, রাত্রিকালে শয্যায় শয়িত থাকিলেও হাঁটুতে ঠাণ্ডা বোধ প্রভৃতি লক্ষণে ইহা ফলপ্রদ। Carbo-veg. : evening hoarseness, most innocent food disagrees, sweat on breast, cold knees.

আয়োডিয়াম্ ও কেলি-হাইড্রিয়োডিকাম—গণ্ডমালা বা এসক্রফুলা ধাতু, গলার ভিতর ফুলা ও ক্ষত প্রভৃতি লক্ষণে ইহারা উপযোগী হয়। Iod, and kali hydr. : Scrofulous-swelling and ulceration in throat.

কেলিবাইক্রম—সবল ক্রুপি কাশি, জ্বালাকর বেদনা, অত্যন্ত স্বরভঙ্গ, পীতবর্ণের ডিম্বাকার ও জ্বালাকর ক্ষত, সূত্রবৎ গয়ার, তৎসঙ্গে চাপ ২ ও চিমসে এবং পূঁজ ও শ্লেষ্মা মিশ্রিত গয়ার ওঠা প্রভৃতি লক্ষণে ইহা ফলপ্রদ হয়। Kali Bichrom. Loose croupy cough, excoriating pain great hoarseness, yellow oval corroding ulceration, stringy expectoration.

ল্যেকেসিস—গ্লটিস ছিদ্রের বাম পার্শ্বে ক্ষত, কোমল তালুতে নীলবর্ণ ও প্রদাহ, শব্দ রহিত কাশি ও স্বর প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

মার্ক-আয়োড—কালাটে লালবর্ণের প্রদাহ, ও ফুলা, অত্যন্ত থক থক করিয়া প্রাতঃকালে পূঁজের মত অনেক গয়ার ওঠা, চটচটে লালা ইত্যাদি লক্ষণে ইহা ব্যবহৃত হয়। ইহা Lachesis : ulceration

বেলেডনার পর উত্তম খাটে। ক্ষত হইতে অধিক পরিমাণে শ্লেষ্মা বাহির হইলে ইহা অতি উৎকৃষ্ট ঔষধ।

on leftside of glottis, inflamed fauces toneless voice and cough.

নাইট্রিক-এসিড্—অত্যন্ত উত্তেজনা, এপিগ্লটিস্ এবং লেরিংসে ক্ষত, গিলিতে কষ্ট, প্রবল ও শুষ্ক কাশি এবং নৈশঘর্ম্ম প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী হয়।

Merc Iod dark red inflammatary swelling, hawking, purulent sputa in morning. Nitic acid irritation, difficult deglutition, violent dry cough, night sweat.

সোডা-সিলিনিয়েট্—রোগের প্রথমাবস্থায় অল্প চাপ২ রক্তমিশ্রিত শ্লেষ্মা উঠিলে ও স্বরভঙ্গের সম্ভাবনা থাকিলে ইহা উপকার করে।

Soda-selen small lumps of bloody mucus, tenoncy to hoarseness.

এতদ্ব্যতীত, কষ্টিকাম, ড্রসেরা, হেপার সাল্ফার, কেলি-আয়োড্, স্প্যানাম, সিপিয়া, সিলিকা, ষ্টামোনিয়াম্ ও সালফার ঔষধগুলি বিচার পূর্ব্বক আবশ্যকানুসারে ব্যবস্থা করিতে হয়।

Other medicines to be considered Local treatment.

স্থানিকচিকিৎসা—১ ঔন্স জলে ১৫ বিন্দু ফাউলার্স-সলিউসন্ মিশ্রিত করিয়া সেই জলের এক ড্রাম পরিমাণ দিবসে ৩ বার ৫ মিনিট ধরিয়া আঘ্রাণ করিবে। এইরূপ করিতে পারিলে ক্ষত ভাল হয়। এক ভাগ গ্লিসিরিন্ ৪ ভাগ জলে মিশ্রিত করিয়া উহাতে কিঞ্চিৎ টিংচার আয়োডাইন (অর্দ্ধ ছটাক জলে ২ হইতে ৫ বিন্দু এই পরিমাণে) মিশ্রিত করিয়া সেই জল আঘ্রাণ করিলেও শ্লেষ্মা ও পূঁজ মিশ্রিত গয়ার ওঠা দমন হয়। গ্লিসিরিন্ শ্লৈষ্মিক ঝিল্লীর উত্তেজক সুতরাং কোন২ ব্যক্তির গ্লিসিরিন্ সহ্য হয় না।

It is preferable to use the solutions with the atomizer than with a laryngeal brush

৫ গ্রেন ট্যানিন্ এক ঔন্স জলে মিশ্রিত করিয়া লাগাইলেও গয়ার ওঠা কম হয়। এক ঔন্স জলে ৫ হইতে ১০ গ্রেণ কার্ব্বলিক এসিড্ মিশ্রিত করিয়া আঘ্রাণ করিলে অথবা লাগাইলে দুর্গন্ধ দূর হয় ও ক্ষুদ্র কীটানু বিনষ্ট হয়।

In all cases mild applications should be used

এক ঔন্স জলে ১ বা ২ গ্রেণ আর্জেণ্টম-নাইট্রিকাম মিশ্রিত করিয়া লাগাইলে উত্তেজক ক্রিয়া হয়। মার্ক-কর ১ দশমিক

চূর্ণের ১ গ্রেণ ১ ঔন্স জলে মিশ্রিত করিয়া লেরিংসে লাগান যায়।

উপরোক্ত যাবতীয় ঔষধের ধাবন অতি মৃদুভাবে অর্থাৎ কম-জোরী করিয়া ব্যবহার করা কর্ত্তব্য। অত্যন্ত কষ্টে গলাধঃকরণ হইলে এক ঔন্স জলে ৪ গ্রেণ মর্ফিয়া মিশ্রিত করিয়া লাগাইলে অত্যন্ত উপকার হয়।

SYPHILITIC LARYNGITIS.

উপদংশ সম্বন্ধীয় লেরিঞ্জাইটিস্—প্রথম হইতে উত্তমরূপ হোমিওপ্যাথিক চিকিৎসা করিতে পারিলে লেরিংসে উপদংশ রোগ হইতে পারে না। টন্সিল ও ফেরিংসে প্রধানতঃ উপদংশ সম্বন্ধীয় লক্ষণ প্রকাশ পাইয়া থাকে। যদি লেরিংসে উপদংশ সম্বন্ধীয় লক্ষণ প্রকাশ পায় তবে উহার ঊর্দ্ধাংশে প্রকাশ পাইয়া থাকে। ইহাতে লেরিংস শ্লৈষ্মিক ঝিল্লীতে রক্তাধিক্য ও ক্ষত হইয়া থাকে। উপদংশ রোগের ২য় অবস্থায় লেরিংসে ভাসা২ ঘা হয় কিন্তু উহার ৩য় অবস্থায় ঐ সকল ক্ষত গভীর হয়, ঐ সকল ক্ষতে জ্বালা হয় এবং উহাদের তলদেশ অল্প ধূসর বর্ণের এবং ধারগুলি অসমান হইয়া থাকে। উহারা একস্থানে আরোগ্য হইলে পর অপর স্থানে প্রকাশিত হইয়া থাকে। ঐরূপ ক্ষত দ্বারা শ্লৈষ্মিক ঝিল্লী, সাবমিউকাস্ টিসু, পেরিকণ্ড্রিয়াম ও উপাস্থি সকলই ক্ষয়িত হইতে পারে। এইরূপ ক্ষতে এপিগ্লটিস্ প্রায়ই আক্রান্ত হয় এবং উহাতে ক্ষত হইলে গলাধঃকরণে অত্যন্ত কষ্ট হইয়া থাকে। তৎপরে লেরিংস মধ্যে কণ্ডাইলোমেটা নামে আঁচিল জাতীয় একপ্রকার অর্ব্বুদ প্রকাশ পাইয়া থাকে। গামেটা নামক অপর এক প্রকার গুটীও প্রকাশ পাইয়া থাকে।

In Secondary stage congestion, ulceration. In Tertiary deep, excoriating ulcer with ragged edges and greyish base destructive ulceration, extreme dysphagia, condylomata, gummata.

Symptoms : pain, offensive sputa, altered voice, contraction, during healing of ulcers.

লক্ষণ—এইরূপ ক্ষতে অধিক বেদনা থাকেনা। থাইসিস্—লেরিঞ্জিস্ রোগের ক্ষতে এতদপেক্ষা অধিক বেদনা হইয়া থাকে। এইরোগে গয়ার অত্যন্ত দুর্গন্ধযুক্ত হইয়া থাকে। স্বর পরিবর্ত্তন হয় এবং উক্তপ্রকার ক্ষতগুলি আরোগ্য হইবার কালে লেরিংসের গাত্রকে অত্যন্ত কুঞ্চিত করিয়া দিয়া থাকে।

Treatment merc-sol : when tonsil is affected also.

চিকিৎসা—মার্ক-সল—লেরিংসের সহিত টনসিলে ক্ষত হইলে ইহা ব্যবস্থা হয়।

Merc-cor : secondary ulcer, with considerable secretion, offensive sputa

মার্ক-কর—উপদংশ রোগের ২য় অবস্থার ক্ষতের তলদেশে প্রদাহ চিহ্ন, উহা হইতে প্রচুর রস স্রাব, এবং অত্যন্ত দুর্গন্ধযুক্ত গয়ার ওঠা প্রভৃতি লক্ষণ থাকিলে ৬ষ্ঠ দশমিক চূর্ণ মার্ক-কর উপকার করিয়া থাকে।

Merc Iod : painless ulcers

মার্ক-আয়োড্—বেদনাশূন্য ক্ষতে ইহা উপযোগী হয়।

Kali-Iod : tertiary ulcer, dry cough, burning in larynx

কেলি-আয়োড্—৩য় অবস্থার ক্ষত, শীঘ্র ধ্বংসের সম্ভাবনা, শুষ্ক কাশি ও লেরিংসে জ্বালা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Kali Bich : ulcer on fauces.

কেলি-বাইক্রম—কোমল তালুর কোমল অংশে ক্ষত হইলে ইহা ব্যবস্থা হয়।

Nitric acid painful ulcer abuse of mercury, condylomata

নাইট্রিক-এসিড্—বেদনাযুক্ত ক্ষত, পূর্ব্ব হইতে পারার দোষ, আঁচিল জাতীয় অর্ব্বুদ, অত্যন্ত উত্তেজনা রক্তপাত প্রভৃতি উহার প্রয়োগ লক্ষণ।

Thuja condylomata.

থুজা—আঁচিল জাতীয় অর্ব্বুদ হইলে ইহা ব্যবস্থা করা যায়।

LARYNGISMUS STRIDULUS.

গ্লটিস্ ছিদ্রের আক্ষেপ।

Definition Spasm of vocal cords consisting of a sudden

পরিচয়—ভি ভোকাল্ কর্ডস অর্থাৎ স্বররজ্জুদ্বয়ের আক্ষেপ বশতঃ গ্লটিস্ ছিদ্রের হঠাৎ, আংশিক অথবা সম্পূর্ণরূপ

বদ্ধভাব উপস্থিত হয় এবং তৎসঙ্গে শ্বাসকষ্ট, ঘড়ঘড়ে শ্বাস প্রশ্বাস এবং পরিশেষে শ্বাস প্রশ্বাস ক্রিয়া বন্ধ হয় তবে উহাকে লেরিঞ্জিস্‌মাস্ ষ্ট্রীডুলাস্ অথবা গ্লটিস্ ছিদ্রের আক্ষেপ বলা গিয়া থাকে।

temporary, partial or complete closure of the glottis, with dyspnoea, stridulous breathing and stoppage of respiration.

কারণ—শিশুর ৪ মাস হইতে ১৪ মাস বয়সের মধ্যে এই রোগ অধিক হইতে পারে। প্রথম ঋতু কালে এই রোগ হইতে দেখা যায়। শিশুগণের র‍্যাকাইটিস্ রোগ হইতে প্রধানতঃ এই রোগ প্রকাশ পাইয়া থাকে। প্রত্যাবর্ত্তক উত্তেজনায় ও ষ্ট্রুমাস্ ধাতুতে এই রোগ প্রকাশ পাইতে পারে। কিন্তু সুস্থ দেহে দন্তোদ্গমের উত্তেজনা এবং অন্ত্র মধ্যে ভক্ষিত পদার্থ অথবা কৃমি প্রভৃতির উত্তেজনায় এই রোগ শীঘ্র প্রকাশিত না হইলেও উপযুক্ত ধাতুতে অল্প ঠাণ্ডা লাগিলেই এইরূপ আক্ষেপিক রোগ প্রকাশ পাইয়া থাকে। ভেগাস্ স্নায়ুর উৎপত্তি স্থানে রক্তাধিক্য অথবা রক্ত সঞ্চয় হইলে এই রোগ হইতে পারে। ডাক্তার মার্সাল-হল বলেন যে গ্রীবাস্থিত পৃষ্ঠ মজ্জায় রোগ হইলে এই রোগ হয়। হাইড্রোকেফালাস্ অর্থাৎ মস্তিষ্কে জল সঞ্চয়, ভয় ও রাগ প্রভৃতি কারণেও গ্লটিসের প্রবল আক্ষেপ হইয়া থাকে।

Causes : especial age, puberty, *rachitis*, reflex irritation, struma, hyperœmia or a serous exudation near the origin of vagus, disease of the cervical portion of the spinal cord, hydrocephalus, terror, anger.

লক্ষণ—এই রোগের ছোট ও বড় আক্রমণ সম্ভব হয়। সামান্য আক্রমণে শিশু হঠাৎ হাঁপাইয়া জাগিয়া উঠে এবং ক্রুপরোগের মত নিশ্বাস লইবার কালে উহার শ্বাস পথে দাঁড়কাক ডাকার মত এক প্রকার শব্দ হইয়া থাকে। উপর্য্যুপরি কয়েক রাত্রিতে এইরূপ অবস্থা হইয়া থাকে। রাত্রি ব্যতীত অন্যান্য সময়েও ঐরূপ গলার শব্দ হইতে পারে। সুচিকিৎসায় অথবা শিশু বলিষ্ঠ থাকিলে লেরিংসের ঐরূপ আক্ষেপ চলিয়া যায় এবং শিশুর কোন কষ্টই থাকে না, কিন্তু সেই শিশু দুর্ব্বল থাকিলে অথবা ষ্ট্রুমাস ধাতু বিশিষ্ট হইলে সেই সামান্য

Symptoms : In minor cases :— wakens with dyspnœa, crowing inspiration, nightly attack, In major cases :— Dyspnoea, with prolonged inspiration with a peculiar whoop or whistling,

difficult expiration, anguish, sense of suffocation, blue or purple face, cold sweat on forehead, turgescent neck-veins, small and intermittent pulse, rolling of eyeballs, flexing of thumb, tension of the hands and feet, exhaustion, crying, sobbing, no fever, no catarrh, death during spasm if no relief from medicine.

আক্রমণও গুরুতর হইয়া উঠে, অথবা উক্ত রোগ প্রথম হইতেই ভয়ানক আকার ধারণ করিয়া থাকে। গুরুতর আক্রমণে শিশু হঠাৎ অত্যন্ত হাঁপাইয়া উঠে, নিশ্বাস অত্যন্ত দীর্ঘ হয় ও উহার সহিত সীস দেওয়ার মত, কাক ডাকার মত, অথবা কিরকিরে এক প্রকার শব্দ হয়, নিশ্বাস লইবার কালে এত কষ্ট হয় যে নিশ্বাস গ্রহণোপযোগী যাবতীয় পেশীর প্রবল কুঞ্চনে আক্ষিপ্ত গ্লটিস্ ছিদ্রের ভিতর দিয়া বায়ু ফুসফুসে নীত হয়, প্রশ্বাস কার্য্য প্রায় অসম্ভব হইয়া পড়ে ও কিয়ৎকালের জন্য শ্বাস প্রশ্বাস কার্য্য স্থগিত হইয়া থাকে। এই অবস্থায় শিশুর মুখ দেখিলেই উহার অত্যন্ত যন্ত্রণা ও শ্বাসকষ্ট বুঝাযায়, উহার মুখ মণ্ডল বেগুনের বর্ণের মত নীল বর্ণ হয়, কপালে শীতল ঘর্ম্ম হয়, গ্রীবার শিরাগুলি ফুলিয়া ওঠে এবং বক্ষ যেন অচল ও নিস্পন্দভাবে অবস্থিতি করিয়া থাকে। ঐরূপ অবস্থার শিশুর অক্ষি গোলক ঘুরিতে থাকে, হস্তও পদে টান ধরে ও বৃদ্ধাঙ্গুলি গুটাইয়া যায়। নাড়ী ক্ষুদ্র ও পর্য্যায়শীল হয়; বাক্‌রোধ অথবা স্বরলোপ পর্য্যন্ত হইতে পারে। লেরিংসের গুরুতর আক্ষেপ কালে উল্লিখিত যাবতীয় ভয়াবহ লক্ষণ ১ বা ২ মিনিট থাকিতে পারে, কিন্তু সাধারণতঃ উহারা কয়েক সেকেণ্ড মাত্র অবস্থিতি করিয়া থাকে। পরিশেষে শিশু দাঁড় কাকের শব্দের মত ক্রন্দন করিয়া দম বন্ধ হয় এবং অত্যন্ত পরিশ্রান্ত হইয়া কাঁদিতে ও ফোপাইতে থাকে, কিন্তু উহার শরীরে কোনরূপ জ্বর লক্ষণ বা শর্দ্দি লক্ষণ থাকে না। সমস্ত দিবসে ১০।২০ ও এমন কি ৫০ বার আক্ষেপ উপস্থিত হইতে পারে। আক্ষেপের ব্যবধানে মুখের নীলবর্ণ দূর হয়, এবং শিশু দুর্ব্বল হইয়া ঘড়ঘড়ে শ্বাস প্রশ্বাস লইয়া থাকে। ঔষধ প্রভৃতি দ্বারা এই রোগ নিবারিত না হইলে প্রবল আক্ষেপের অবস্থায় মৃত্যু উপস্থিত হইয়া থাকে।

রোগনিরূপণ—এই রোগের সহিত ক্রুপ্ রোগের সাদৃশ্য দৃষ্ট হয়, কিন্তু ক্রুপ্ রোগে প্রাদাহিক লক্ষণ থাকে ও ক্রুপ্ রোগে এক ভাবে আক্ষেপ থাকে অর্থাৎ আক্ষেপের বিরাম দৃষ্ট হয় না।

Diagnosis: It resembles croup which has inflammatory action.

চিকিৎসা—বেলেডনা।—মস্তিষ্কে রক্তাধিক্য, দুই রগে অত্যন্ত দপদপানি; দন্তোদগম কালে এবং পান করিলেই আক্ষেপ প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী হয়।

Treatment. Bellad: congestion, throbbing, spasm after drinking.

ক্লোরিণ—এই গ্যাস্ জলে মিশ্রিত করিয়া ব্যবস্থা করিতে হয়। যদি দাঁড়কাক ডাকার মত শ্বাস ও প্রশ্বাস, যদি কয়েক বার ঐরূপ শব্দবিশিষ্ট নিশ্বাস পড়ে, এবং প্রত্যেক বার ঐরূপ নিশ্বাসের পর অসম্পূর্ণ প্রশ্বাস হেতু বক্ষ ফুলিয়া উঠে ও তজ্জন্য অত্যন্ত কষ্ট হয়, তবে ক্লোরিণ মিশ্রিত জল সেবন ব্যবস্থা হইয়া থাকে।

Chlorine: (gas in water) crowing inspiration and ineffectual effort at expiration

কুপ্রাম—মুখমণ্ডল ও ওষ্ঠ নীলবর্ণ, তড়কা বা আক্ষেপ, ভয়, রাত্রিতে শীতল ঘর্ম, এবং শীতল জল পানান্তে কাশির উপশম প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Cuprum: bluish face and lips, convulsions, bright, cold sweat.

জেলসিমিয়াম—দীর্ঘনিশ্বাস তৎসঙ্গে দাঁড়কাক ডাকার মত শব্দ, এবং তৎপরে হঠাৎ ও সজোর প্রশ্বাস হইলে ইহা অতি উৎকৃষ্ট ঔষধ।

Gelsemium long crowing inspiration, sudden and forcible expiration

ইগ্নেসিয়া—কষ্টকর নিশ্বাস, কিন্তু সহজ প্রশ্বাস ও হিষ্টিরিয়া লক্ষণ থাকিলে ইহা ফলপ্রদ।

Ignatia: difficult inspiration, sudden and forcible expiration.

আয়োডিয়াম—লেরিংস স্থানে আক্ষেপ ও টাইট্ বোধ, উহাতে ক্ষত বোধ, কর্কশ স্বর, গ্রীবা ও অগ্রসম্বন্ধীয় গ্রন্থিগুলির বৃদ্ধি ও কাঠিন্য, ক্ষুধা লোপ, স্বল্প ও ঘোর বর্ণের প্রস্রাব, মাটীর মত মল, শীর্ণ দেহ, হরিদ্রাবর্ণের ত্বক্, হৃৎপিণ্ডের ক্রিয়া ক্ষীণ কিন্তু অঙ্গ সঞ্চালনে দ্রুতগতি, র‍্যাকেটিক শিশুর গলায় গ্রন্থি ফুলা ইত্যাদি লক্ষণে ইহা ফলপ্রদ হয়।

Iodium: tightness, constriction, soreness, hoarse voice glandular, enlargement absence of, appetite,

scanty and high colored urine clayey stools, emaciation, yellow skin, weak and quick pulse.

ইপিকাক্—প্রথমাবস্থায় মুখমণ্ডল নীলবর্ণ ও হস্ত পদ শীতল হইলে ইহা ব্যবস্থা হয়।

Ipecac: blue face and cold extremities.

লেকেসিস্—লেরিংস ও ট্রেকিয়ার স্পর্শ অসহ্য হইলে ইহা ব্যবস্থা হয়।

Laches. sensitive to touch.

মেফিট্—ইহার ক্রিয়া ক্লোরিণের মত, যদি দম বন্ধের মত ভাব হয়, প্রশ্বাস ত্যাগ করিতে না পারে এবং মুখ ফুলিয়া ওঠে ও খেঁচুনি হয় তবে ইহা ব্যবস্থা করা যায়।

Mephit: suffocating feeling, bloated face convulsions.

মস্কাস্—ইহা হিষ্টিরিয়া গ্রস্ত ধাতুতে উপযোগী হয়।

Moschus: in hysterical women.

ফাইটোলাক্কা—লেরিংসের ঘন২ ও আক্ষেপিক কুঞ্চন, হস্তের বৃদ্ধাঙ্গুলি গুটাইয়া হস্তের মধ্যে রক্ষা, পদের অঙ্গুলি গুটান, বিকৃত মুখভঙ্গী, এক চক্ষু কেবল ঘুরাইতে পারা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Phytolacca: frequent spasm, flexion of thumb and toes, distorted face.

প্লাম্বাম—গ্লটিস্ ছিদ্রের আক্ষেপিক কুঞ্চন, গলার ভিতর ঘড়ঘড়ানি, তৎসঙ্গে কষ্টকর শ্বাস প্রশ্বাস ও হাঁপ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Plumbum: Spasm, rattling, asphyxia.

স্যাম্বুকাস্—নিশ্বাস লইতে পারা কিন্তু প্রশ্বাস কার্য্যে অক্ষমতা, মুখ নীলবর্ণ, অত্যন্ত যাতনার সহিত নিশ্বাস গ্রহণ, দমবন্ধের সহিত নিদ্রাভঙ্গ, মুখে জ্বালা ও তাপ, শরীরে উত্তাপ, নিদ্রাবস্থায় শীতল হস্ত ও পদ, জাগ্রতাবস্থায় মুখে ও শরীরে প্রচুর ঘর্ম্ম, কিন্তু ঘুমাইলেই আবার শরীর শুষ্ক তাপ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Sambucus: ability to inhale, livid face, awakes from sleep with suffocative hot face, hot body, cold extremities during sleep, perspiration while awake, dry skin when asleep.

ভেরেট্রাম—কপালে শীতল ঘর্ম্ম ও শীতল হস্ত পদ থাকিলে ইহ ব্যবস্থা হয়। Veratrum—cold sweat on head and cold extremities.

অন্যান্য ঔষধ—আর্স, ক্যাল্ক-কার্ব্ব, ফস্, ক্যাম, কোরাল্-কব্রাট, এসিড হাইড্রো, লবোসি, ফস্, শিলিকা, স্পঞ্জিয়া, ও সাল্‌ফার আবশ্যক হইলে ব্যবস্থা করা যায়। Other remedies.

র‍্যাকেটিক্ অবস্থা থাকিলে ক্যাল্ক-কার্ব্ব, হেপার, আয়োড্, সিলিকা, ও সাল্‌ফার ব্যবহার্য্য। medicines for rachitic conditions.

সাধারণ ভাবে চিকিৎসা—প্রবল আক্ষেপের অবস্থায় শিশুকে অল্প ২ গরম জলের টবে কোমর পর্য্যন্ত ডুবাইয়া উহার মস্তকে ও বক্ষে শীতল জল ঢালিবে তাহাতে শীঘ্রই আক্ষেপ ছাড়িয়া যাইবে। কোন ২ স্থলে ক্লোরোফর্ম্ম আঘ্রাণ করাইলেও উপকার হয়। বিশেষ আবশ্যক হইলে ট্রেকিয়োটমি করা কর্ত্তব্য। দন্তের উত্তেজনা থাকিলে দন্তমাড়ী চিরিয়া দেওয়া, পাকাশয়ে অজীর্ণ ভুক্ত দ্রব্য থাকিলে বমন কারক ঔষধ দেওয়া এবং শিশ্নের সম্মুখ চর্ম্মের ভিতর তাড়স থাকিলে উহা কর্ত্তন করা কর্ত্তব্য। General measures. hot bath, cold to head and chest, inhalation of chloroform, tracheotomy. Lancing the gums, emetics, cutting of protuce.

CROUP.

ঘুংড়ী-কাশি।

পরিচয়—লেরিংসে প্রদাহ, তৎসঙ্গে লেরিংসের শ্লৈষ্মিক ঝিল্লী মধ্যে রস সঞ্চয় ও চিমসে এক প্রকার কৃত্রিম ঝিল্লী পড়া, স্বরভঙ্গ, শ্বাসকষ্ট, তীক্ষ্ণ ও ঘণ্টাবাদ্য-ধ্বনিবৎ কাশি ও গ্লটিস্ ছিদ্রের আক্ষেপ এবং জ্বর প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে উহাকে ক্রুপ বা ঘুংড়ী কাশি কহে। ঐ প্রদাহ কখন২ ট্রেকিয়া ও ব্রংকাই পর্য্যন্ত বিস্তৃত হইয়া থাকে। এই রোগ শিশুদিগের লেরিঞ্জাইটিস্ এবং ডিপ্‌থিরিটিক্-লেরিঞ্জাইটিস্ হইতে পৃথক। Definition. Inflammation of larynx with exudation, tough membrane, hoarseness dyspnœa, ringing cough, spasm of glottis and fever.

Causes : age, from 1 to 10, cold northeast wind, season-winter and spring, Heridity.

কারণ—১। বয়স। ১ হইতে ১০ বৎসর বয়সের মধ্যে এই রোগ অধিক হয়। ইহার পর প্রায়ই হয় না। ২য় ও ৩য় বৎসরে সর্ব্বাপেক্ষা অধিক হইয়া থাকে। ২য় বৎসরে হইলে অধিক মৃত্যু হয়। বালিকা অপেক্ষা বালকগণ অধিক আক্রান্ত হইয়া থাকে।

২। বায়ু। উত্তর ও পূর্ব্ব হইতে অত্যন্ত শীতল বায়ু বহিলে শিশুগণের এই রোগে আক্রান্ত হইবার অধিক সম্ভাবনা। পূর্ব্বদিকের বাতাস এই রোগের বিশেষ সহায়তা করিয়া থাকে। পশ্চিম ও দক্ষিণ পশ্চিম হইতে ঠাণ্ডা বাতাস বহিলেও তত আশঙ্কা থাকে না কিন্তু পূর্ব্বদিকের বায়ু এই রোগের অনুকূল।

৩। কাল। শীত ও বসন্ত কালে এই রোগের অধিক প্রাদুর্ভাব হয়। গ্রীষ্ম ও শরৎ কালে অধিক হইতে দেখা যায় না।

৪। পারিবারিক ও পৈত্রিক।—ক্ষয়কাশগ্রস্ত ও কর্কট রোগগ্রস্ত ব্যক্তিগণের শিশু সন্তান রোগাক্রান্ত হইবার অধিক সম্ভাবনা থাকে।

Pathology : hyperæmia swelling, oedema, formation of an opaque false membrane on vocal cords and epiglottis, membrane is composed of a network of fibrillæ holding leucocytes.

নিদানতত্ত্ব—লেরিংসের শ্লৈষ্মিক ঝিল্লীতে অত্যন্ত রক্তাধিক্য হয়, ক্রমে উহাতে রস সঞ্চয় হইয়া ফুলা বা শোথ হয়। শ্লৈষ্মিক ঝিল্লীর উপর অস্বচ্ছ সাদা এক পর্দা পড়ে। ঐ পর্দা সর্ব্বত্র সমান পুরু থাকে না। ক্রমে উহা পুরু হইয়া উঠিলে উহাকে অস্বচ্ছ কৃত্রিম ঝিল্লী বলা যায়। স্বরতন্ত্রী ও এপিগ্লটিসের অভ্যন্তর গাত্রে প্রধানতঃ ঐরূপ ঝিল্লী দৃষ্ট হইয়া থাকে। প্রথম যে রস বাহির হয় তাহা নিঃশ্বাস দ্বারা নরম হয় ও কাশি বা বমন দ্বারা উঠিয়া যায়। কিন্তু আবার পূর্ব্ববৎ জমিয়া ঝিল্লী নির্ম্মিত হইয়া থাকে। ঐ ঝিল্লী তুলিয়া ফেলিলে লেরিংসে ক্ষতাদি কিছুই দৃষ্ট হয় না।

অনুবীক্ষণ যন্ত্র দ্বারা দেখা যাইবে যে উক্ত কৃত্রিম ঝিল্লী

জালবৎ আকার ধারণ করে এবং উহার মধ্যে ২ এল্‌বুমিনাস্ ও ফিব্রিনাস্ শ্বেত রক্তকনা অবস্থিতি করিয়া থাকে।

লেরিংসে এই কৃত্রিম ঝিল্লী আসিতে পারে কিন্তু প্রধানতঃ উহা নিম্নদিকে ট্রেকিয়া ও ব্রংকাই মধ্যে বিস্তৃত হইয়া থাকে এবং ঐ সময়ে শ্লেষ্মা ও পূঁজ মিশ্রিত রস বাহির হইয়া থাকে।

Symptoms of the 1st stage :— night attack, fever, hoarseness, fever increases in the 2nd night, hoarse ringing cough, no coryza, scanty urine, red pharynx, enlarged tonsil

লক্ষণ—এই রোগের আক্রমণ প্রায় রাত্রিকালেই হইয়া থাকে। প্রথমতঃ অত্যাল্প বা অধিক শীতের সহিত জ্বর হইয়া থাকে। এই জ্বর ক্রমশঃ বৃদ্ধি পায়, অল্প স্বরভঙ্গ থাকে, বিশেষ প্রকার কাশি হয়, প্রথম রাত্রিতে শিশুর প্রায়ই নিদ্রা হয় কেবল ২।১ বার নিদ্রা ভঙ্গ হয় মাত্র কিন্তু ২য় রাত্রিতে জ্বর বৃদ্ধিপায় ও বিশেষ প্রকার কর্কশ ও ঘণ্টার বাদ্য ধ্বনিবৎ কাশি হইয়া থাকে। কিছুই সর্দি লক্ষণ থাকে না। মূত্র কম হয়। ফেরিংস লালবর্ণ হয় ও টন্সিল বৃদ্ধি পায়। উপরোক্ত লক্ষণ গুলিকে প্রথমাবস্থার লক্ষণ বলা যাইতে পারে।—

Symptoms of the 2nd stage :— dyspnœa, startings, staring, whistling, prolonged and stridulous inspiration, prolonged expiration, red and purple face, clutching throat, harsh, ringing and barking cough, restlessness.

২য় অথবা ৩য় রাত্রিতে শিশু হঠাৎ হাঁপাইয়া জাগিয়া উঠে, ইহা ভয় পাইয়া চমকায় এবং এক দৃষ্টিতে চাহিয়া থাকে। শ্বাস ভরের লক্ষণ প্রকাশ পায়, সাঁই সাঁই শব্দ বিশিষ্ট দীর্ঘ ও ঘড় ঘড়ে নিশ্বাস লইয়া থাকে, কাশির পর ঐরূপ নিশ্বাস টানিয়া থাকে। প্রশ্বাস দীর্ঘ হয়, মুখ প্রথমে লাল পরে বেগুনি বর্ণের মত হয় এবং শিশু আপন গলায় হাত দেয় ও বাহু বিস্তার করে। কাশিলেই এক প্রকার কর্কশ, ঘণ্টার বাদ্যবৎ ও কুকুর ডাকার মত শব্দ হয়, ক্রমে গলা ভাঙ্গিয়া কাশির শব্দও লোপ পাইতে পারে। এই অবস্থায় শ্বাসকষ্ট অত্যন্ত প্রবল হইলে শিশু অত্যন্ত অস্থির হয়, ক্রোড়ে লইয়া বেড়াইতে বলে, কিন্তু কিয়ৎকাল বেড়াইলে পর আবার শয্যায় শয়ন করাইয়া দিতে বলে, আবার উঠাইতে বলে ইত্যাদি। শয্যায় শায়িত থাকিয়া শিশু পা দিয়া গাত্রবস্ত্র নিক্ষেপ করে, উহার মুখে উদ্বেগ চিহ্ন

দৃষ্ট হয় এবং শিরাগুলি ফুলিয়া ওঠে, চক্ষু যেন বাহির হইয়া পড়ে এবং শ্বাস রদ্ধের অবস্থা উপনীত হইয়া থাকে। উপরোক্ত লক্ষণ গুলিকে ২য় অবস্থার লক্ষণ বলা যাইতে পারে।

Sympts of 3rd stage. Carbonic acid poisoning, pale skin, dull expression, drooping eyes, languor, depression cyanosis, rapid, feeble and intermittent pulse, cold limbs, skin and sweats, death

ক্রমে ৩য় অবস্থার লক্ষণ গুলি প্রকাশ পায় যথা:—শরীর কার্ব্বনিক এসিড্ দ্বারা বিষাক্ত হইয়া ওঠে, অর্থাৎ মুখের সে জ্যোতি ও লাবণ্য থাকে না, মুখ ও শরীরের বর্ণ ফেকাসে হয়, চক্ষু মুদ্রিত হয়, এবং সর্ব্ব শরীরে আলস্য অনুভূত হইয়া থাকে। শ্লৈষ্মিক ঝিল্লী নীলবর্ণ হইয়া পড়ে। শ্বাস প্রশ্বাস দ্রুত হয় ও গলা ঘড় ঘড়ানি কম হয়; কখন প্রবল ভাবে নিশ্বাস লইবার চেষ্টা হয় কিন্তু পর ক্ষণেই আবার মোহ আসিয়া উপস্থিত হইয়া থাকে। এই সময় নাড়ী দ্রুত, ক্ষীণ ও পর্য্যায়শীল হইয়া পড়ে। হস্ত ও পদ শীতল হয়, ত্বকের সংজ্ঞা কম হয় এবং গাত্রে শীতল ও চটচটে ঘর্ম্ম হইয়া থাকে। অল্প ২ অচৈতন্যতা ও আক্ষেপ উপস্থিত হইয়া দুর্ব্বলতায় প্রাণ বায়ু বহির্গত হইয়া থাকে।

Special sympts Breathing ingress and egress of the air causes in the stuffed up air passages, a sawing noise up and down movements of ali nasi, sinking of Epigastrium and zyphoid cartilage, difficult inspiration but easy expiration, sawing, whistling or wheezing inspiration but rattling

বিশেষ লক্ষণ গুলির ব্যাখ্যা—১। শ্বাস প্রশ্বাস লক্ষণ—সন্ধ্যা উপস্থিত হইলেই অসুখের বৃদ্ধি হয়, দুই বার কাশির ব্যবধানে দম্ আটকাইতে থাকে। শ্বাস প্রশ্বাসকারী পেশী গুলির অতিরিক্ত কার্য্য ব্যতীত করাত করার মত এক প্রকার কিরকিরে শব্দ সঙ্কীর্ণ শ্বাস পথের ভিতর হইয়া থাকে। এইরূপ শব্দ নিশ্বাস ও প্রশ্বাসে শ্রুত হইয়া থাকে। ঘণ্টায় ২ শ্বাসকষ্ট বৃদ্ধি পায়। অজ্ঞাতসারে শিশু আপন মস্তক ও গ্রীবা পশ্চাদ্দিকে হেলাইয়া থাকে। যাহাতে শ্বাস নলীতে কোন প্রকার চাপ না পড়ে তজ্জন্য শিশু এইরূপ করিয়া থাকে। নাসিকার ডানা দুটী প্রবল ভাবে উঠিতে ও পড়িতে থাকে। পাকাশয় প্রদেশ সহজ অবস্থায় যেরূপ নিশ্বাস লইলে ফুলিয়া থাকে, এই রোগে উহা সেরূপ ভাবে না থাকিয়া যেন খোলে

পড়িয়া থাকে। লেরিংস বন্ধ হেতু ফুসফুসে উত্তমরূপ বায়ু প্রবিষ্ট হয় না সে জন্য ঐরূপ হইয়া থাকে। জাইফয়েড্ প্রবর্দ্ধন ও নিম্ন পঞ্জরের উপাস্থি গুলিও ঐ কারণে ভিতর দিকে প্রবল ভাবে ঢুকিয়া থাকে, সুস্থাবস্থার মত উহারা আস্তে ২ নীচে নামে না। শ্বাস প্রশ্বাস এই দুই কার্য্যই কষ্টে সম্পাদিত হইলে গ্লটিস্ ছিদ্রের মুখে জমাট-বস সঞ্চয় হইয়াছে বলিয়া বুঝা যায়। কেবল নিশ্বাস কার্য্য কষ্টে সম্পাদিত হইলে ইহা বুঝা যায় যে কৃত্রিম ঝিল্লী নির্ম্মাণ হেতু নিশ্বাস গ্রহণ কষ্ট হয় না কিন্তু গ্লটিসের পেশী দুর্ব্বলতা হেতু নিশ্বাস কার্য্যে এপি-গ্লটিস উত্তোলিত হয় না। প্রশ্বাস কার্য্যের বিঘ্ন ঘটে না, কারণ, অবসন্ন পেশীগুলি অকর্ম্মণ্য থাকে সুতরাং যে বায়ু ফুসফুসে ঢুকিয়া ছিল উহা আপনাপনি বহির্গত হইয়া থাকে।—নিশ্বাস লইবার কালে সীস দেওয়ারবৎ, সাঁইসাঁই বৎ অথবা করাত করার মত কিরকিরে শব্দ হয় কিন্তু প্রশ্বাস কালে গলায় ঘড়ঘড় শব্দ হইয়া থাকে।

expiration. This is due to not to false membrane but owing to paralysis of glottis muscles, diminished respiratory sounds.

স্বাভাবিক শ্বাস প্রশ্বাস শব্দের অত্যন্ত হ্রাস হইয়া থাকে।

তাপবৃদ্ধি—প্রথম ও দ্বিতীয় দিবসে তাপ অধিক হয় না। এই রোগে ১০২ বা ১০৩ ডিগ্রি পর্য্যন্ত তাপ উঠিয়া থাকে। সাধারণতঃ ১০০ ডিগ্রি পর্য্যন্ত তাপ হয়। ৩য় বা ৫ম দিবসে তাপ স্বাভাবিক হইয়া যায়। ১০৪ বা ১০৫ ডিগ্রি তাপ উঠিলে ফুসফুস প্রদাহ সন্দেহ করা যায়। শারীরিক তাপ এক ভাবে বৃদ্ধি পাইয়া থাকিলে ডিপ্থিরিয়া ও লেরিঞ্জাইটিস্ সন্দেহ করা যায়।

Tempt. may rise to 102 or 103 degree.

নাড়ী—ইহা পূর্ণ ও কঠিন থাকে এবং এক মিনিটে ১২০ হইতে ১৩০ বার স্পন্দিত হইয়া থাকে। ২য় অবস্থায় নাড়ী এই রূপই থাকে কিন্তু শ্বাসবদ্ধের অবস্থায় ২০।৩০ বারের অধিক স্পন্দন হয়। শেষাবস্থায় ১ মিনিটে ১৬০ বা ১৮০ বার স্পন্দিত

Pulse full and hard, 120 to 130 in a minute Later 160 to 180, small compresi

ble intermittent.

হইতে পারে এবং উহা ক্ষুদ্র, চাপন শীল ও পর্য্যায় শীল হইয়া থাকে।

Dyspnœa · respiration 28 to 32, asthmatic breathing, mouth remain open, movement of alæ nasi.

শ্বাসকষ্ট—এই অবস্থায় এক মিনিটে ২৮ হইতে ৩১ বার শ্বাস প্রশ্বাস হয়। হাঁপানি রোগীর মত শিশু শ্বাস প্রশ্বাস কালে উপর দিকে মস্তক উঠাইয়া থাকে। যত শক্তি সম্ভব তাহা দিয়া শ্বাস প্রশ্বাস কার্য্য সম্পন্ন করে। যতই লেরিংস কুঞ্চিত হয় ততই নিশ্বাস কার্য্য কষ্টকর হয়। মুখ হাঁ হইয়াই থাকে। নাকের ডানা উঠে ও পড়ে এবং নিম্ন পঞ্জরের উপাস্থি ও জাইফয়েড্ উপস্থি ভিতর দিকে ঢুকিয়া যায়।

Remissions · marked improvement of all the symptoms during remission, but remissions may be delusive when fresh attack may supervene.

বিরামকাল—রোগের ২য় অবস্থার লক্ষণের বিরাম দৃষ্ট হয়। অর্থাৎ ঐ সময়ে শ্বাসকষ্ট কম হয়, কাশি নরম পড়ে, স্বর অনেকটা স্বাভাবিক হয় এবং রোগী সর্ব্বাংশে অনেক পরিমাণে সুস্থ বোধ করিয়া থাকে। জ্বর ত্যাগ হয়, ক্ষুধা ফিরিয়া আসে এবং নিদ্রা হইয়া থাকে। এই বিরাম কাল শুভ লক্ষণ; কারণ এই সময়ে কৃত্রিম ঝিল্লী শ্লেষ্মার সহিত অল্প ২ উঠিয়া গিয়া থাকে। আক্ষেপে বিরাম হইলে শ্বাস কষ্ট প্রায় থাকে না, কাশি তরল হয় এবং ক্রমাগত শ্লেষ্মা ও পূঁজ মিশ্রিত গয়ার উঠিতে থাকে। স্বরভঙ্গ দিন ২ ভাল হয়, জ্বর আদৌ আসেনা, ঘর্ম্ম হয়, এবং রোগী ভাল হইয়া থাকে।

অনেক সময় এই রোগে বিরাম কালও শুভ হয় না, অর্থাৎ এই সময়ে নূতন রস বাহির হইয়া পুনর্ব্বার আক্ষেপ উপস্থিত হয় এবং শ্বাস কষ্ট প্রবল হইয়া শ্বাস অবরোধের অবস্থা উপনীত হইয়া থাকে।

Glandular enlargement (cervical and submaxillary).

গ্রন্থিবৃদ্ধি—লেরিংস মধ্যে প্রচুর রস জমিলে চোয়ালের নিম্নস্থিত ও গ্রীবাস্থিত গ্রন্থিগুলি বড় হয়, এই সঙ্গে এলবুমিনুরিয়া রোগ হইয়া থাকে।

Pain· nothing particular.

বেদনা—এই রোগে লেরিংসে বিশেষ কোন বেদনা হয়

না, তবে শ্বাস কষ্ট বশতঃ শিশু গলায় হাত দিয়া থাকে। বড়২ বালক দিগের কখন২ লেরিংস মধ্যে ক্ষত বোধ ও চিমটিকাটার মত বেদনা হইয়া থাকে এবং লেরিংস মধ্যে চাপ অনুভূত হয়।

গতি ও পরিণাম।—ক্রুপরোগ ৫ হইতে ১০ দিবস অবস্থিতি করে। প্রবল রোগে ২৪ হইতে ৪৮ ঘণ্টার মধ্যে মৃত্যু ঘটে।

Course : 5 to 10 days.

অন্যান্য রোগে এই ক্রুপরোগ উপসর্গ স্বরূপ উপস্থিত হইতে পারে। সেইসকল রোগের নাম যথাঃ—হামজ্বর, আরক্তজ্বর, বসন্ত ও ডিপথিরিয়া, হুপিং কাশি, টাইফয়েড্ জ্বর, নিউমোনিয়া বা ফুসফুস প্রদাহ ও বিসূচিকা।

Secondary croup in of.

প্রভেদ ও রোগনিরূপণ—শিশুদিগের তরুণ লেরিঙ্গাইটিস, লেরিংস শোথ, অপ্রকৃত ক্রুপ অর্থাৎ লেরিংসের আক্ষেপ প্রভৃতি রোগ এবং ডিপথিরিয়া রোগের সহিত প্রকৃত ক্রুপরোগের পার্থক্য বিচার করিতে হয়।

অপ্রকৃত ক্রুপ রোগে প্রকৃত রোগের মত প্রবল শ্বাস কষ্ট ও জ্বর থাকে না, যাহা থাকে তাহা শীঘ্র ঔষধ সেবনে দমন হয়। এতদ্ব্যতীত, উহাতে স্বরের ব্যতিক্রম হয়, কিন্তু প্রকৃত ক্রুপ রোগে দিনং লক্ষণের বৃদ্ধি হইয়া থাকে।

Diagnosis. amelioration of symptoms day by day in false croup, the reverse in case of true croup.

ক্রুপ ও ডিপথিরিয়া রোগের পার্থক্য।

Croup and Diphtheria distinguished.

ক্রুপ	ডিপথিরিয়া।
দুর্ব্বলকর ও স্থানিক প্রদাহ।	দুর্ব্বলকর ও সার্ব্বাঙ্গিক প্রদাহ।
স্পর্শাক্রমক নহে।	স্পর্শাক্রমক।
প্রথমে লেরিংস আক্রান্ত হয়।	তালু ও নাসারন্ধ্র প্রথমাক্রান্ত হয়।
পক্ষাঘাত হয় না।	সর্ব্বদা পক্ষাঘাত হয়।
২।১ স্থানে হয়।	প্রায়ই দেশব্যাপী হইয়া থাকে।

যুবাদিগের হয় না।	যুবাদিগের এই রোগ হয়।
রস বাহির হয়।	রস প্রায় বাহির হয় না।
শ্বাস অবরোধে মৃত্যু।	শ্বাস অবরোধে মৃত্যু ঘটে না।
কৃত্রিম ভাবে অন্যের দেহে উৎপন্ন করা যায় না।	অন্যের দেহে উৎপন্ন করা যাইতে পারে।

Prognosis.

ভাবী ফল—এই রোগে শতকরা ২৩ হইতে ৭৫ জনের মৃত্যু ঘটে। হোমিওপ্যাথি মতে ইহার সুচিকিৎসা হইয়া থাকে। সবলকায় শিশুদিগের কম ভয় থাকে। এবং এসক্রফুলাগ্রস্ত শিশুদিগের পক্ষে এই রোগ প্রায়ই মারাত্মক হয়।

Treatment. Acid. ac: bright red face. Aconite: high fever, dry skin, restlessness prostration agony. Arsenic: worse about mid night, restlessness with prostration, bloated face, cold sweat, œdema glottis, dyspnœa.

চিকিৎসা—এসিটিক্ এসিড্—উজ্জ্বল লালবর্ণ মুখ ইহার প্রয়োগ লক্ষণ। উহাতে ১০ বিন্দু এসিটিক-এসিড্ বড় গেলাসের অর্দ্ধ গেলাসপূর্ণ জলে মিশ্রিত করিয়া ও সেই মিশ্রিত জল চিনির দ্বারা মিষ্ট করিয়া ২।৩ ঘণ্টান্তর এক ছোট চামচ পরিমাণ সেবন করাইলে বিশেষ উপকার হইয়া থাকে।

একোনাইট্—প্রবল জ্বর, শুষ্কগাত্র, অতিশয় অস্থিরতা যাতনা এবং এ পাশ ও পাশ করিবার জন্য ব্যগ্রতা। প্রথমাবস্থায় রস বাহির হইতে না হইতে ইহা প্রয়োগ করিতে পারিলে বিশেষ উপকার হয়। মেম্ব্রেন্স-ক্রুপ রোগে ইহা বিশেষ ফলপ্রদ হয়।

আর্সেনিক—দুই প্রহর রাত্রির সময় বৃদ্ধি, অত্যন্ত দুর্ব্বলতা সত্ত্বেও অতিশয় অস্থিরতা, মুখ ফোলা, শরীরে শীতল ঘর্ম্ম, লেরিংসে শোথ এবং তজ্জন্য শ্বাসকষ্ট প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Belladonna: sawing breathing, barking cough, [d]ry skin, red [f]ace, full pulse, rest[l]essness, red [a]nd swollen tonsils, midnight attacks.

বেলেডনা—করাত করার মত অথবা শীস দেওয়ার ন্যায় শ্বাসপ্রশ্বাস, কুকুর ডাকার মত ঘন ২ কাশি, শুষ্ক ও উত্তপ্ত গাত্র, লালবর্ণ মুখ, পূর্ণনাড়ী অত্যন্ত অস্থিরতা, লালবর্ণ ও স্ফীত টন্‌সিল, কোমল তালুর স্থানে ২ অল্প ২ রস, দুই প্রহর রাত্রিতে রোগের আক্রমণ ইত্যাদি ইহার প্রয়োগ লক্ষণ।

ব্রোমিন—একোনাইট্ ও স্পঞ্জিয়া প্রভৃতি সেবন দ্বারা কিছু উপকার না হইলে অথচ রোগের বৃদ্ধি হইলে অর্থাৎ প্রবল শ্বাসকষ্ট, শুষ্ক ও সাঁইসাঁইবৎ কাশি, অল্প গয়ার ওঠা এবং কাশিলে লেরিংস মধ্যে ঘড়ঘড়ানি প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে ইহা উপযোগী হয়।

Bromine : dyspnoea, dry wheezing coughs scanty sputa, rattling on coughing

ক্যাল্‌ক-কার্ব্ব—ইহা কেবল এসক্রফুলা ধাতুতে উপকার করিয়া থাকে।

Calc. Carb. :

ক্যান্থারিষ—স্বরলোপ, সীস দেওয়াবৎ শ্বাস প্রশ্বাস এবং যাতনায় শয্যায় কেবল পার্শ্ব পরিবর্ত্তন প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Cantharis : loss of voice, whistling, agony

কষ্টিকাম—লেরিংস মধ্যে ক্ষত বোধ থাকিলে ইহা উপযোগী হয়।

Causticum : rawness

হেপার সাল্‌ফার—লেরিংস মধ্যে অন্য পদার্থ রহিয়াছে একপ বোধ, এক কর্ণ হইতে অপর কর্ণ পর্য্যন্ত চিড়িক বেদনা, জ্বর, তরল কাশি থাকিলেও গয়ার না ওঠা, শুষ্ক, কুকুর ডাকার মত কর্কশ ও ঘড়ঘড়ে কাশি, ক্রুপি শব্দ, কষ্টকর নিশ্বাস, সহজ প্রশ্বাস, প্রাতঃকালে কাশি বৃদ্ধি, কাশিবার কালে শিশুর ক্রন্দন, ঠাণ্ডা ও পশ্চিমে বাতাসে রোগের উৎপত্তি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Hepar Sulp. : sensation of foreign body, pain from ear to ear, fever; loose cough, yet no sputa; dry barking and rattling cough, croupy sound, difficult inspiration, morning cough

আয়োডিন—স্পঞ্জিয়া ঔষধের পর যেমন ব্রোমিন উপযোগী হয়, হেপার সাল্‌ফারের পর তেমনি আয়োডিন্ ফলপ্রদ হইয়া থাকে। প্রাতঃকালে কাশি বৃদ্ধি, গলা ঘড়ঘড় করিলেও কাশি না ওঠা, স্বরভঙ্গ, শ্বাসকষ্ট, প্রাতঃকালে তরল ও কর্কশ কাশি, সরল গয়ার ওঠা, গয়ারে ক্ষীণ রক্তের ছিট্, অস্থিরতা ও মোহের সম্ভাবনা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Iodine : cough worse in morning, loose cough yet no sputa, hoarseness.

কেয়োলিন—লেরিংসের নিম্নাংশে এবং ট্রেকিয়ার উর্দ্ধাংশে ক্রুপি প্রদাহ হইলে এবং তৎসঙ্গে অত্যন্ত কষ্টকর ও

Kaolin : laboring and sawing respiration.

করাত করার মত শ্বাস প্রশ্বাস থাকিলে ইহা ব্যবহৃত হইয়া থাকে।

Kali Bich hoarse voice, constant cough, tough stringy sputa

কেলি-বাইক্রম—লেরিংসে অত্যন্ত চেতনাধিক্য, মোটা ছেলেদের অত্যন্ত কর্কশ স্বর, সর্ব্বদা কাশি, প্রত্যুষে কাশি বৃদ্ধি, প্রদাহিত কোমল তালু, চিমসে ও সূত্রবৎ শ্লেষ্মা উঠা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Laches cannot bear touch, worse in afternoon, after and during sleep, paralysis of lungs

লেকেসিস—কণ্ঠে স্পর্শ সহ্য না হওয়া, অপরাহ্নে এবং নিদ্রার সময়ে ও পরে বৃদ্ধি, কোমল তালুতে রস সঞ্চয়, ও ফুস্‌ফুসের পক্ষাঘাত সম্ভাবনা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Lycopod motion of alae nas., crossness after sleep, can't bear to be covered

লাইকোপোডিয়াম—নাকের ডানাগুলির আক্ষেপিক গতি, নিদ্রাভঙ্গে খিটখিটে মেজাজ, গাত্রাবরণ সহ্য না হওয়া ইহার প্রয়োগ লক্ষণ।

Phosph extension to bronchi, weakness, worse evening to mid night and on lying on back

ফসফরাস—ব্রংকাইটিস রোগের সহিত ক্রুপ, অথবা ক্ষুদ্র বায়ুনলী বা ব্রংকাই পর্য্যন্ত ক্রুপ রোগের বিস্তৃতি, স্নায়ুমণ্ডলীর দুর্ব্বলতা, সন্ধ্যা হইতে রাত্রি দুই প্রহর পর্য্যন্ত বৃদ্ধি; চিৎ হইয়া শয়ন করিলেই কাশি প্রভৃতি লক্ষণে ইহা ব্যবহার করা যায়।

Sanguin dry throat, fullness in larynx, steady severe thick sputa, aphonia, or hoarseness metallic cough.

স্যাঙ্গুয়িনেরিয়া—শুষ্ককণ্ঠ লেরিংসের ভিতর পূর্ণতা বোধ, তৎপরে গাঢ় শ্লেষ্মা ওঠা, দীর্ঘস্থায়ী ও প্রবল কাশির পর শ্লেষ্মাত্যাগ, স্বরলোপ অথবা অত্যন্ত গলা ভাঙ্গা, শীশ দেওয়ারবৎ অথবা ধাতুবাদ্যবৎ কাশি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Spongia dry crowing cough, worse in evening.

স্পাঞ্জিয়া—অত্যন্ত শুষ্ক ও দাঁড়কাক ডাকার মত কর্কশ শব্দবিশিষ্ট কাশি, সন্ধ্যাকালে অত্যন্ত বৃদ্ধি, বিরামকালেও কাশিতে করাত করার মত শব্দ প্রভৃতি লক্ষণে ইহা ফলপ্রদ হয়। ইহা হেপার সাল্‌ফার ঔষধের পূর্ব্বে ব্যবহৃত হইয়া থাকে।

Tart. Emet cold, bluish face, with sweat, frequent pulse,

এণ্টিমটার্ট—শীতল ও ঈষৎ নীলবর্ণ মুখমণ্ডল, মুখে শীতল ঘর্ম্ম, অত্যন্ত দ্রুত নাড়ী, বক্ষের ও ট্রেকিয়া নামক শ্বাস

নলীর ভিতর ঘড়ঘড়ানি শব্দ, (যেন কতই শ্লেষ্মা জমিয়া আছে অর্থাৎ কিছুই ওঠে না), অত্যন্ত দুর্ব্বলতা, ফুস্‌ফুসের পক্ষাঘাত উপক্রম, স্বরভঙ্গ (প্রাতঃকালে বৃদ্ধি) ও শ্বাসকষ্ট প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী হয়। rattling, prostration, hoarseness, dyspnoea.

ডাক্তার ভন্‌-গ্রভগল্ সাহেবের মতে নিম্নলিখিত ঔষধগুলির উপযোগীতা দৃষ্ট হয়:— Von Granvogl's treatment

কুপ্রাম—কেবল আক্ষেপিক প্রকারে ইহার বিশেষ উপযোগীতা দৃষ্ট হয়। Cuprum: for spasm.

ইপিকা, আয়োডিন ও ব্রোমিন্—মধ্যে২ অর্থাৎ থেকে২ আক্ষেপ হইলে উহাদের দ্বারা উপকার হয়। ব্রঙ্কিয়াল শর্দ্দি, সন্ধ্যাকালে আক্ষেপিক কাশি, শ্বাসনলী মধ্যে শ্লেষ্মা বাহির হওন প্রযুক্ত শ্বাসবোধাশঙ্কা প্রভৃতি **ইপিকাক** প্রয়োগ লক্ষণ। Ipecac: convulsive evening cough, threatening suffocation from free secretion of mucus

ব্রায়োনিয়া—ষ্টর্ণাম অস্থির নিম্নে বেদনা, টেকিয়া নলীর ভিতর কর্কশ বোধ, শুষ্ক ও কর্কশ কাশি, পরে শ্লেষ্মা ওঠা প্রভৃতি উহার প্রয়োগ লক্ষণ। Bryonia subsetrnal pain, dry hoarse cough.

হেপার সাল্‌ফার—শীতপিত্ত ও বিসর্প রোগ থাকিলে ইহা দ্বারা উপকার হয়। Hepar when urticaria or erysipelas prevail.

ডাক্তার শুস্‌লার সাহেবের মতে নিম্নলিখিত ঔষধগুলির দ্বারা উপকার আশা করা যায়:—

কেলি-মিউর্—প্রথমতঃ ব্যবহৃত হয়। Kali-mur.

ফেরাম্-ফস্—প্রবল জ্বরাবস্থায় বিশেষ উপযোগী হয়। Ferr. Phosp

ক্যাল্ক-সাল্‌ফ—ইহা শেষে উপকার করে। Calc Sulph.

কেলি-ফস্—যদি রোগী বিলম্বে চিকিৎসাধীন হয়, সুতরাং রোগী দুর্ব্বল হয়, কিন্তু উহার মুখমণ্ডল নীলবর্ণ হয় তবে ইহা উপযোগী হইযা থাকে। Kali-Phosp.

নিবারক চিকিৎসা—তালু, গ্রীবা ও বক্ষ শীতল ও Prophylaxis.

লবণাক্ত জলে উত্তমরূপে অভিষিক্ত করিয়া রাখিলে এই রোগ হইতে পারে না।

Local treatment. Inhalation of Bromine and Iodine.

স্থানিক চিকিৎসা—গরম জলের ধূম আঘ্রাণ করাইলে বিশেষ উপকার হয়। এক ড্রাম ব্রোমাইড-পটাস, এক গ্রেণ ব্রোমিন্ ও এক ঔন্স জল মিশ্রিত করিয়া আঘ্রাণ করিলে উপকার হয়। একটী বড় গ্লাসের তলায় এক টুকরা স্পঞ্জ কয়েক বিন্দু টিংচার আয়োডাই দ্বারা অভিষিক্ত করিয়া রাখিয়া দিবে পরে ঐ গ্লাসটি শিশুর নাসিকার নিকট ধরিলে আয়োডিন আঘ্রাণ করান হয় এবং উহাতেও বিশেষ উপকার হইয়া থাকে।

Tracheotomy

যদি মুখ ও ওষ্ঠ লালবর্ণ, ও অত্যন্ত শ্বাসকষ্ট হয় তবে ট্রেকিয়োটমী নামক অস্ত্র চিকিৎসার আবশ্যক হইয়া থাকে।

ANÆSTHESIA OF THE LARYNX.

লেরিংসের সঙ্গাহীনতা।

Anaesthesia of Larynx.

লেরিংসের শ্লৈষ্মিক ঝিল্লীতে আংশিক অথবা সম্পূর্ণরূপ অসাড়তা উপস্থিত হইতে পারে, ডিপথিরিয়া রোগের পরবর্ত্তী অবস্থায় এবং হিষ্টিরিয়া রোগে ঐরূপ অসাড়তা হইয়া থাকে।

Treatment.

চিকিৎসা—লক্ষণানুসারে আর্জেণ্টম, জেলসিমিয়াম্, কেলি-ব্রোম, ও ষ্ট্রীক্নাইন্ ব্যবহার করা যাইতে পারে। তাড়িত প্রয়োগেও উপকার হইয়া থাকে।

Hyperaesthesia and neuralgia of Larynx.

HYPERÆSTHESIA AND NEURALGIA

লেরিংসের চেতনাধিক্য ও স্নায়ুশূল।

লেরিংসের মধ্যে প্রদাহ ও ক্ষত হইলে, হিষ্টিরিয়া রোগে এবং অত্যন্ত শুক্রক্ষয় বশতঃ মাথা পাগলা ব্যক্তিদিগের লেরিংসের শ্লৈষ্মিক ঝিল্লিতে চেতনাধিক্য ও স্নায়ুশূল হইয়া থাকে। হিষ্টিরিয়া জনিত ঐরূপ অবস্থায় আক্ষেপিক কাশি হইয়া থাকে।

চিকিৎসা—হিষ্টিরিয়া ঘটিত রোগে ইগ্নেসিয়া ফলপ্রদ। Treatment.

BILATERAL PARALYSIS OF LARYNX.

লেরিংসের দুই পার্শ্বের পক্ষাঘাত।

Bilateral paralysis of Larynx loss of voice, inability to cough and expectorate

দুই পার্শ্বের রেকারেণ্ট লেরিঞ্জিয়াল স্নায়ুর পক্ষাঘাত হইলেই লেরিংসের দুই পার্শ্বেরই পক্ষাঘাত হইয়া থাকে। এইরূপ পক্ষাঘাত রোগে নিম্নলিখিত কয়েকটী লক্ষণ প্রকাশ পাইয়া থাকে যথাঃ—এককালীন স্বরলোপ, কাশিতে ও গয়ার তুলিতে অক্ষমতা, স্বর উচ্চারণে অত্যন্ত জোর করিয়া প্রশ্বাস ফেলা ইত্যাদি।

UNILATERAL PARALYSIS OF LARYNX.

লেরিংসের এক পার্শ্বের পক্ষাঘাত।

Unilateral paralysis of larynx broken voice, rattling in larynx, dyspnoea

এক পার্শ্বের রেকারেণ্ট লেরিঞ্জিয়াল আক্রান্ত হইলে লেরিংসের এক পার্শ্বের পক্ষাঘাত হইয়া থাকে। এরূপ স্থলে খোনার কথা ও লেরিংসে ঘড়্ঘড়ানি হয়, এবং রোগী কথা কহিতেই শ্রান্ত হইয়া পড়ে। ক্রমে শ্বাসকষ্ট উপস্থিত হইয়া থাকে।

লেরিংসের পক্ষাঘাতের চিকিৎসা :—

Therapeutic Hints.

বেলেডনা, ব্রায়োনিয়া, কষ্টিকাম, নক্স্‌ভমিকা, কুপ্রাম, ইগ্নেসিয়া, প্লাম্বাম্ ও জিঙ্কাম ঔষধগুলি বিচার পূর্ব্বক ব্যবস্থা করিতে হয়। তাড়িত প্রয়োগেও উপকার হয়।

Treatment of paralytic aphonia

পক্ষাঘাত জন্য স্বরভঙ্গ ও স্বরলোপের চিকিৎসা :—

এমোন-কষ্টিকাম—ব্রংকিয়াল ও হাঁপানি কাশি, অত্যন্ত পেশী দুর্ব্বলতা, স্বরযন্ত্রের দুর্ব্বলতা ও কম্পন। Amm Caust: bronchial and asthmatic sympts, debility tremor.

এণ্টিম-ক্রুড—পরিশ্রম জনিত স্বরলোপ এবং বিশ্রামের পর স্বর পুনঃপ্রাপ্তি। Ant. Crud. Aphonia from exertion

আর্জেণ্টম-নিট—সঙ্গীত ও বক্তৃতা করার পর স্বরভঙ্গ, কোমল তালুর অসাড়তা। Arg. Nit.: hoarseness, anaesthesia.

Arum. Triph. aphonia after singing or speaking.

এরাম-ট্রাইফিলাম—সঙ্গীত করণ ও কথা কহনের পর স্বরলোপ, সর্ব্বদা স্বরের পরিবর্ত্তন।

Bellad. sudden aphonia.

বেলেডনা—হঠাৎ স্বর লোপ হওয়া।

Causticum. aphonia from cold.

কষ্টিকাম—ঠাণ্ডা প্রযুক্ত হঠাৎ স্বরলোপ, তৎসঙ্গে শর্দ্দি লক্ষণ।

Cina: twitching of right hand, spasm of it. chest, dyspnoea, gurgling down esophagus.

সিনা—কাশিবার কালে দক্ষিণ হস্তের কম্পন, দক্ষিণ বক্ষের আক্ষেপ, তৎসঙ্গে শ্বাসকষ্ট, অন্নবাহীনলীর ভিতর ঘড়-ঘড় শব্দ।

Cup. Met. aphonia from convulsions after convulsions.

কুপ্রাম-মেটালিকাম—স্নায়ুচাপের রোগ বশতঃ এবং তড়কা বা আক্ষেপের পরবর্ত্তী স্বরলোপ।

Gelsem after diptheria and during menses

জেলসিমিয়াম—ডিপথিরিয়া রোগের পর এবং ঋতু-কালে স্বরলোপ।

Ignatia. in hysteric

ইগ্নেসিয়া—হিষ্টিরিয়া রোগীর স্বরলোপ।

Laches paralysis of left vocal cord, worse after sleep, tender larynx

লেকেসিস—বামস্বর-বজ্জুর পক্ষাঘাত, নিদ্রার পর বৃদ্ধি, স্পর্শে লোরিংসে বেদনা।

Nux moschata aphonia from walking against wind, hysteria gastro-intestinal and cardiac diseases

নক্স-মস্কেটা—বায়ুতে বেড়াইতে বেড়াইতে স্বরলোপ, হিষ্টিরিয়া, ঔদরিক এবং হৃদ্‌রোগ সম্বন্ধীয় স্বরলোপ।

Nux Vom: sudden aphonia with catarrh

নক্স-ভমিকা—হঠাৎ ও শর্দ্দি সংযুক্ত স্বরভঙ্গ।

Opium: from fright.

ওপিয়াম—ভয় প্রযুক্ত স্বরভঙ্গ।

Phosph.: broad and relaxed vocal cords chest com-

ফসফরাস—প্রশস্ত ও শিথিল স্বররজ্জু, তৎসঙ্গে শ্রান্তি, ফেকাসে বর্ণ, বক্ষে আক্ষেপ ও ঘন ঘন রক্তোপ্রকাশ।

প্লাটিনা—জরায়ুরোগের সহিত স্বরলোপ।

রাসটক্স—অত্যন্ত চীৎকারে স্বরভঙ্গ।

ষ্ট্রামোনিয়াম্—মস্তিষ্করোগ ও মানসিক বিকার বশতঃ স্বরলোপ।

সাল্ফার—সর্ব্বপ্রকার পুরাতন স্বরভঙ্গে ইহা ব্যবহৃত হইয়া থাকে।

pressed menses too often. Platina.: in uterine disease. Rhustox: after straining. Stram.: from brain affections. Sulphur in chronic case

---

ACUTE BRONCHITIS.

একিউট্ ব্রংকাইটিস।

Acute Bronchitis.

অপর নাম—একিউট ব্রংকিয়াল্ ক্যাটার অর্থাৎ ব্রংকাইগুলির তরুণ প্রদাহ, বক্ষের শর্দ্দি।

Synonyms

নির্ব্বাচন বা পরিচয়—বৃহৎ ও মধ্যম আকারের ব্রংকাই নামক শ্বাসনলীদিগের শ্লৈষ্মিক ঝিল্লীর তরুণ প্রদাহ, তৎসঙ্গে জ্বর, ষ্টার্ণাম অস্থির নিম্নে বেদনা, শ্বাসকষ্ট, এবং প্রথম অল্প পরে অধিক শ্লেষ্মা স্রাব হইলে তরুণ অর্থাৎ একিউট্ ব্রংকাইটিস্ নাম প্রাপ্ত হইয়া থাকে।

Def. An acute catarrhal inflammation of the larger and middle sized bronchial tubes, characterized by fever, substernal pain oppressed breathing, and scanty expectoration, becoming free.

পূর্ব্ববর্ত্তী বা দূরবর্ত্তী কারণ—বাল্যাবস্থা বা বৃদ্ধাবস্থা, যে সকল অভ্যাসের বশবর্ত্তী হইলে শরীর শিথিল ও দুর্ব্বল হয় সেই সমস্ত অভ্যাসের দাস হউন, শিশুর গাত্রে প্রয়োজনাপেক্ষ অধিক বস্ত্র জড়ান, যে কারণে হউক দৌর্ব্বল্য, রিকেট ও গাউট্ প্রভৃতি শারীরিক ধাতু বা মজ্জাগত পীড়া, ফুস্ফুসের পুরাতন পীড়া ও ব্রংকাইগুলির পূর্ব্বরোগের পর, হৃদরোগ বা অন্য অবস্থা হেতু ব্রংকাইগুলির রক্তবহানাড়ীতে রক্তাধিক্য, শীতপ্রধান ও আর্দ্র দেশ এবং কাল, বিশেষতঃ তাপের শীঘ্র শীঘ্র অথবা হঠাৎ পরিবর্ত্তন, ঠাণ্ডায় কর্ম্ম করা, উত্তেজক পদার্থ

Predisposing causes child hood, old age, relaxing and innervating habits, immoderate clothing, debility, rickets, gout, chronic pulmonary diseases, previous bronchites, cardiac diseases, cold and damp climate or sea-

son, sudden or rapid changes of temperature, exposure-work, breathing irritating particles, and residence in poorer unhealthy quarters of large towns
Exciting causes
1. Taking direct cold as from exposure of the back to cold and wet, sitting in a draught when perspiring, sudden change of temperature damp or insufficient clothing, sleeping in damp bed, unprotected lower limbs.
2 Direct irritation as from hot or cold air, fogs and irritant gases, *inhalation of* cotton, wool, dust, steel, blood, irritating secretions, tubercle or cancer.
3. Blood poisoning as from typhoid, measles, whooping cough, gout, rheumatism syphilis, sudden

আঘ্রাণ এবং সহরের দারিদ্র পীড়িত ও অস্বাস্থ্যকর স্থানে বাস প্রভৃতি অবস্থা তরুণ ব্রংকাইটিস রোগের পূর্ব্ববর্ত্তী কারণ বলিয়া স্বীকৃত হইয়াছে।

উদ্দীপক কারণ—(১) বক্ষাপেক্ষা পৃষ্ঠ দেশে অধিকন্ত শৈত্য প্রয়োগ, ঠাণ্ডা ও ঘর্ম্মের অবস্থায় শীতল বায়ু সেবন, বায়ুর ও তাপের হঠাৎ পরিবর্ত্তন, আর্দ্র ও অনুপযুক্ত অর্থাৎ অল্প বস্ত্র পরিধান অথবা আর্দ্র শয্যায় শয়ন প্রভৃতির কোন একটী অবস্থায় শরীরে সাক্ষাৎ সম্বন্ধে ঠাণ্ডা লাগিলেই ব্রংকাইটিস্ হয়। যে সকল শিশুর নিম্নাংশ অনাবৃত থাকে উহাদের মধ্যে অনেকেই ব্রংকাইটিস রোগে ভুগিয়া থাকে। (২) অত্যন্ত উষ্ণ অথবা শীতল বায়ু, কুজ্ঝটিকা, উত্তেজক গ্যাস, নিশ্বাস বায়ুতে তুলা, পশম, ধূলা, ইস্পাতচূর্ণ, শোণিত, উত্তেজক সিক্রিসন্, গুটিকা ও ক্যান্সার পদার্থ সাক্ষাৎ সম্বন্ধে ব্রংকিয়াল শ্লৈষ্মিক ঝিল্লীর উত্তেজনা হইলে ব্রংকাইটিস হয়। (৩) বিশেষ তরুণ রোগ যথাঃ—সান্নিপাতিক জ্বর, হাম জ্বর, হুপিংকাশি বিসর্প, ডিপ্থিরিয়া, অথবা ক্ষুদ্র ও বৃহৎ সন্ধিবাত, উপদংশ, ত্বকের প্রবল অথবা পুরাতন পীড়ার হঠাৎ অদৃশ্য হওন, স্বাভাবিক বহির্গমন শীল পদার্থের অবরোধ, এবং আয়োডিন প্রভৃতি ঔষধ দ্বারা রক্তদূষিত বা বিষাক্ত হইলে ব্রংকাইটিস হয়। (৪) ইনফ্লুয়েঞ্জা রোগের সহিত কখন কখন বহুব্যাপক ব্রংকাইটিস হয়।

নৈদানিক পরিবর্তন —ব্রংকাই নলী গুলির শ্লৈষ্মিক ঝিল্লির মধ্যে প্রথমে আরক্ততা হয়। এই আরক্ততা অনেক স্থল ব্যাপিয়া অথবা অল্প স্থান ব্যাপিয়া সাধারণতঃ দৃষ্ট হয় না। রক্তাধিক্য বশতঃ শ্লৈষ্মিক ঝিল্লির বর্ণ নানারূপ অর্থাৎ উজ্জ্বল লালবর্ণ হইতে শিরার কাল রক্তের বর্ণের মত হইতে পারে। শ্লৈষ্মিক ঝিল্লির স্থানে আরক্ততা নানারূপ আকৃতি বিশিষ্ট হইয়া সজ্জিত হইয়া থাকে। ফুসফুসের ঊর্দ্ধাংশে এবং ব্রংকাইদিগের বিভক্ত প্রদেশে ঐরূপ রক্তাধিক্যের অবস্থা অধিক দৃষ্ট হয়। ব্রংকাইদিগের ৪র্থ ও ৫ম বিভক্ত প্রদেশের নিম্নে ঐরূপ আরক্তিমতা বড় দৃষ্ট হয় না।

disappearance of skin affections, suppression of habitual discharges, Iodine poisoning.
4 Epidemic with influenza.
Pathological changes. redness, swelling, oedema, diminished secretion, followed by increased secretion overgrowth and desquamation of epithilial cells, yellowish expectoration, rupture of capillaries, slight ulcerations, fibrinous casts
Redness above and inflammation below.

শ্লৈষ্মিক ঝিল্লী আরক্ত হইলে পর উহা স্ফীত, অস্বচ্ছ, শিথিল, এবং অপেক্ষাকৃত কোমল হইয়া পড়ে, বোধ হয় যেন উহাতে শোথ হইয়াছে।

শ্লৈষ্মিক ঝিল্লী প্রথমতঃ শুষ্ক থাকে তৎপরে উহা হইতে প্রচুর রস নিঃসরণ অর্থাৎ শ্লেষ্মা বাহির হইয়া থাকে। রোগের বৃদ্ধির সঙ্গে সঙ্গে শ্লেষ্মার পরিবর্তন দৃষ্ট হয় যথাঃ— প্রথমে পরিষ্কার ও ফেনিল শ্লেষ্মা বাহির হয় তৎপরে ঐ শ্লেষ্মা অস্বচ্ছ, আটাযুক্ত, শ্লেষ্মা ও পূযমিশ্রিত, অথবা কেবল পূযের মত শ্লেষ্মা উঠিয়া থাকে। ক্রমে শ্লেষ্মার সহিত এপিথিলিয়াম্ ও সিলিয়া বহির্গত হয়। শ্লৈষ্মিক ঝিল্লিতে ক্ষুদ্রতম ক্ষত, নলী মধ্যে কদাচ রক্তবর্ণ, অথবা ফাইব্রিণ ঘটিত পদার্থকণা ও কাষ্ঠ দৃষ্ট হইয়া থাকে।

ফুসফুসের নিম্নপ্রদেশে উক্ত প্রাদাহিক পদার্থ অধিক দৃষ্ট হয়, উহারা বায়ুকোষ ও শিশুদিগের ক্ষুদ্র ব্রঙ্কাই মধ্যে সঞ্চিত হইলে পীত বর্ণের বিন্দুর মত দৃষ্ট হইয়া থাকে।

ব্রংকাইটিস রোগে দুই ফুসফুস প্রায়ই আক্রান্ত হয় কিন্তু প্রদাহের নিয়মিত স্থান ঠিক থাকে না।

Both sides affected.

Primary Bronchitis.
(a) Involving larger and medium sized tubes.
(b) Capillary Bronchitis
(c) Mechanical Bronchitis

ব্রংকাইটিস রোগের উপসর্গ স্বরূপ নিম্নলিখিত রোগ ও অবস্থা দৃষ্ট হয় যথাঃ—ফুস্ফুসের রক্তাধিক্য ও শোথ, ফুস্ফুসের অল্প বা বিস্তৃত কোলাপ্স বা চোপসান অবস্থা, ফুসফুসে তরুণ বায়ুপূর্ণতা, আংশিক অথবা বিস্তৃত ফুসফুস প্রদাহ এবং প্লুরিষি।

এতদ্ব্যতীত, ফুসফুসের শিরায় রক্তপূর্ণতা, ব্রংকিয়াল গ্রন্থি লাল কোমল ও বড় হইয়া থাকে।

তরুণ ব্রনকাইটিস ৩ প্রকার যথাঃ—(১) প্রাথমিক অর্থাৎ স্বয়ংজাত (ক) ব্রনকাইটিস ইহাতে বড় ২ ও মধ্যম প্রকারের ব্রন্‌কাই নলীগুলি আক্রান্ত হয়, (খ) কৌশিকাবী ব্রন্‌কাইটিস্ অর্থাৎ ইহাতে ক্ষুদ্র হইতে ক্ষুদ্রতর ও ক্ষুদ্রতম ব্রনকাইগুলি আক্রান্ত হইয়া থাকে। ২। আনুষঙ্গিক ব্রনকাইটিস্ অর্থাৎ অন্য রোগের উপসর্গস্বরূপ ব্রনকাইটিস, এবং ৩। যান্ত্রিক ব্রনকাইটিস অর্থাৎ বাহিরের উত্তেজক পদার্থ ঘ্রাণজনিত ব্রণকাইটিস্। এক্ষণে প্রত্যেকের স্বতন্ত্র লক্ষণ বর্ণনায় প্রবৃত্ত হওয়া যাউক।

Primary Bronchitis symptom coryza, sore throat, hoarseness, chilliness alternating with heat, pain, languor, drowsiness with restlessness, furred tongue and anorexia and constipation, occasionally delirium and convulsion in infants.
Symptoms of an established Bronchitis Local and general

১। প্রাথমিক বা স্বয়ংজাত ব্রংকাইটিস—

এরূপ রোগে বড় ও মধ্যম প্রকারের ব্রণকাইগুলি আক্রান্ত হইয়া থাকে। ঠাণ্ডা প্রযুক্ত তরুণ ব্রংকাইটিস্ রোগের প্রথমে শর্দ্দি, গলা বেদনা, স্বরের ঈষৎ কর্কশতা, অল্প বা অধিক শীত বোধ এবং ইহার সহিত পর্য্যায়ক্রমে তাপ, সর্ব্বাঙ্গে বেদনা, আলস্য, তন্দ্রা ও অস্থিরতা, মলা জিহ্বা, ক্ষুধামান্দ্য এবং কোষ্ঠবদ্ধ, কদাচ প্রলাপ এবং শিশুদিগের আক্ষেপ হইয়া থাকে।

ব্রন্‌কাইটিস্ রোগ স্পষ্ট প্রকাশিত হইলে উহার লক্ষণগুলিকে দুই ভাগে বিভক্ত করা যায় যথাঃ—স্থানিক ও সাধারণ।

Local Symptoms: heat, burning, rawness, soreness or pain behind

স্থানিক লক্ষণ—বক্ষের সম্মুখে, বিশেষতঃ উহার ষ্টার্ণাম অস্থির ঊর্দ্ধাংশের ভিতর অর্থাৎ পশ্চাৎদিকে এবং সুপ্রাষ্টার্ণাল ফসা বা খাতের মধ্যে উত্তাপ, জ্বালা, টাটানি, ক্ষতবোধ, সড়সড়ানি,

এমন কি প্রকৃত বেদনা অনুভূত হইয়া থাকে। ট্রেকিয়ার শ্লৈষ্মিক ঝিল্লী আক্রান্ত হইলেই এরূপ লক্ষণ প্রকাশিত হয়, উহারা জোরে নিশ্বাস টানিলে বৃদ্ধি পায় এবং কাশিলে ষ্টার্ণাম অস্থির স্থানে ছিন্নকর বেদনা হইয়া থাকে। ষ্টার্ণাম অস্থিতে হাত দিলেও বেদনা করে। কাশিপ্রযুক্ত বক্ষের পার্শ্ব ও তলদেশের পেশীগুলি বেদনা করে। বক্ষের এক পার্শ্ব হইতে অপর পার্শ্ব পর্য্যন্ত বিবিধ প্রকার চাপ ও ভার বোধ হয়। শ্বাস প্রশ্বাস দ্রুত ও কষ্টকর হইলেও প্রকৃত হাঁপানি বা শ্বাসকৃচ্ছ্র হয় না। প্রথমতঃ শ্বাসপথের শ্লৈষ্মিক ঝিল্লির উত্তেজনা এবং তৎপরে উহার নিঃসরণাধিক্য বশতঃ কাশি হয়। এই কাশির মধ্যেঃ আক্ষেপ হয় এবং উহা প্রায় অদমনীয় ও প্রবল হইয়া থাকে। শয়ন করিলেই অথবা নিদ্রাভঙ্গে জাগিয়া উঠিলেই কাশির প্রবল আক্ষেপ হইয়া থাকে। ক্রমে শ্লেষ্মা উঠিতে থাকে। প্রথমতঃ অল্প, পরিষ্কার, পাতলা ও ফেনিল শ্লেষ্মা উঠে, তৎপরে প্রচুর, শ্লেষ্মা ও পূয়মিশ্রিত, অস্বচ্ছ, আটাযুক্ত, এবং বায়ুর সংস্রব রহিত শ্লেষ্মা বাহির হইয়া থাকে কখনও এরূপ আটাযুক্ত ও সুতার মত শ্লেষ্মা উঠে যাহাকে "মাস্‌লেটেড্ চাপ" কহে। শ্লেষ্মার কদাচ রক্তের ছিট থাকে। অণুবীক্ষণ যন্ত্র দ্বারা শ্লেষ্মা পরীক্ষা করিলে উহাতে এপিথিলিয়াম কোষ, অসংখ্য নূতন কোষ, পূয়কণা, বিবিধ দানাদার পদার্থ, শোণিত চাক্তি, ফিব্রিনাস চাপ, ও ক্রিষ্টাল বা কাচ সদৃশ পদার্থ দৃষ্ট হইয়া থাকে।

the sternum, aggravated by inspiration and cough, tender sternum, muscular pain towards the sides and base of the thorax, tightness across the chest, hurried respiration, 1st hard, dry paroxysmal, irrepressible and violent cough, worse on lying and after waking 2ndly loose cough, sputa 1st clear thin and frothy 2ndly mucopurulent of aque, viscid and not aerated, sometimes tenacious and blood streaked, taste of sputa saltish, color being 1st white then yellowish.

সাধারণ লক্ষণ—যদি শ্লৈষ্মিক ঝিল্লীর অনেক স্থান ব্যাপিয়া ব্রংকাইটিস হয় তবে কিঞ্চিৎ জ্বর লক্ষণ অর্থাৎ উত্তপ্ত ও শুষ্ক গাত্র, ক্ষীণ ও দ্রুত নাড়ী, ক্ষুধা মান্দ্য, অল্প বা অধিক তৃষ্ণা ও কোষ্ঠবদ্ধ প্রভৃতি লক্ষণ প্রকাশ পাইয়া থাকে।

General symptoms: slight fever, hot and dry skin, frequent pulse, loss of appetite thirst, and constipation.

খ। কেপিলারী ব্রংকাইটিস।

অপর নাম—ব্রংকো-নিউমোনিয়া, শ্বাসরোধকারী সর্দ্দি।

Capillary Bronchitis:

is characterised by catarrhal inflammation of fine bronchial tubes, with fever, impeded and increased respiration, impeded circulation, slight cough and scanty expectoration.
Causes childhood, cold, measles, whooping cough &c
Pathological anatomy redness, swelling, tough and tenacious exudation, catarrhal pneumonia, emphysema, collapse.

পরিচয়। ক্ষুদ্রতর হইতে ক্ষুদ্রতম ব্রংকাই নলীদিগের ভিতর শ্লেষ্মা সঞ্চয, তৎসঙ্গে প্রবলজ্বর, শ্বাস প্রশ্বাসের সংখ্যাবৃদ্ধি ও শ্বাস অবরোধ, রক্ত সঞ্চালনের বিঘ্ন, প্রথমে অল্প কাশি ও পরে অধিক শ্লেষ্মা বাহির হইলে কেপিলারী ব্রংকাইটিস্ নাম প্রাপ্ত হইয়া থাকে।

কারণ—শৈত্য প্রযুক্ত এবং তাপের হঠাৎ পরিবর্ত্তন হেতু শিশু দিগের এই রোগ প্রধানতঃ হইয়া থাকে। হামরোগ ও হুপিং কাশির সহিত কেপিলারী ব্রংকাইটিস্ অধিক দৃষ্ট হইয়া থাকে।

নৈদানিক পরিবর্ত্তন—ক্ষুদ্রতম ব্রংকাই নলীগুলির শ্লৈষ্মিক ঝিল্লীতে রক্তাধিক্য ও স্ফীতি, দৃষ্ট হয, উহা লাল হয় ও ফুলিয়া থাকে। শ্লৈষ্মিক ঝিল্লীতে চিমসে ও আঠাযুক্ত শ্লেষ্মা জড়াইযা থাকে।

এই রোগে বায়ুকোষ প্রকৃতিস্থ থাকিতে পারে, কিন্তু অধিকাংশ স্থলে উহারা আক্রান্ত হইয়া ক্যাটারাল-নিউমোনিয়ার অবস্থা উৎপন্ন করিয়া থাকে।

যে কেপিলারী ব্রনকাইটিস্ রোগে বায়ুকোষ আক্রান্ত না হয সে স্থলে শ্লেষ্মাপূর্ণ ক্ষুদ্রতম ব্রংকিয়াল নলীর ভিতর ফুসফুসের বায়ুকোষ মধ্যে নিশ্বাস দ্বারা ভূবায়ু প্রবিষ্ট হয, কিন্তু প্রশ্বাসকালে উহা উক্ত রস পূর্ণ নলীর ভিতর দিয়া আর বাহির হইতে পারে না (শ্লেষ্মায বাধা প্রাপ্ত হয), সুতরাং বায়ুকোষগুলি পূর্ণ হইয়া ক্ষুদ্র বা বৃহৎ স্থানব্যাপী এম্ফিসিমা উৎপন্ন করে। এইরূপ এম্ফিসিমা অর্থাৎ বায়ুকোষের বায়ুপূর্ণাবস্থাকে ক্রিয়াবিকারজনিত এম্ফিসিমা কহে। যদি এরূপ হয় যে, ক্ষুদ্রতম ব্রঙ্কিয়োলগুলির শ্লেষ্মা পূর্ণ তা হেতু উক্ত বায়ু আদৌ বাহির হইতে না পারে, তবে সেই বায়ু ফুস্‌ফুস মধ্যে শোষিত হয় এবং সেই ফুস ফুস্ অংশ চুপসিয়া যায। এই কলাপ্‌স অবস্থাকে এটেলেক্‌টেসিস কহে।

ব্রংকাইটিস্ রোগের প্রদাহ যদি ফুস্‌ফুসের এলভিয়োলাই পর্য্যন্ত বিস্তৃত হয় তবে ব্রংকোনিমোনিয়া উপস্থিত হয়, এরূপ অবস্থা প্রায়ই শিশু ও বৃদ্ধদিগের হইয়া থাকে। এরূপ প্রদাহ ফুসফুসের ক্ষুদ্র২ খণ্ড ব্যাপিয়া উপস্থিত হয়; সুতরাং উহাকে লবিউলার-নিউমোনিয়া কহে।

Symptoms: rigor, head-ache, vomiting, pain, hurried wheezing or crepitous breathing, dyspnoea, frequent and violent cough, difficult, abundant viscid tenacious sputa, high fever weakness, cyanosis, feeble and flickering pulse livid countenance, blue lip and nails, cold surface clammy sweat, dull mind, stupor, convulsion,

লক্ষণ—তরুণ ব্রংকাইটিস্ রোগ বৃদ্ধি পাইয়া কেপিলারি ব্রংকাইটিস্ উপস্থিত করিলে পূর্ব্বোক্ত লক্ষণগুলিই প্রকাশিত হইবে; কিন্তু প্রথম হইতেই যদি ক্ষুদ্র২ কেপিলারী-ব্রংকাই-গুলি আক্রান্ত হয়, তবে অগ্রেই শীতবোধ অর্থাৎ কম্প, শিরো-বেদনা ও বমন হইয়া থাকে।

কেপিলারী ব্রংকাইটিস্ রোগের প্রধান২ কয়েকটী লক্ষণ যথাঃ—

১। বক্ষের ভিতর অত্যন্ত বেদনা হয় অথবা আদৌ বেদনা হয় না, কিন্তু কাশি প্রযুক্ত বক্ষের পেশীতে প্রবল বেদনা হইয়া থাকে।

২। শ্বাস প্রশ্বাস এরূপ দ্রুত হয় যে প্রত্যেক মিনিটে গণনায় উহা ৫০ বার হইতে পারে। শ্বাস প্রশ্বাসের স্বভাব পরিবর্ত্তিত হয় অর্থাৎ উহা হুইজিং বা ঝিঁ ঝিঁর মত ও ক্রিপিটান্ বা কেশমর্দ্দনবৎ কুরকুরে হইয়া থাকে। নিশ্বাস প্রশ্বাসে কষ্ট হয় এবং বোধ হয় যে বক্ষের ভিতর ভূবায়ুর অভাব আছে ইত্যাদি। নাড়ী ও শ্বাস প্রশ্বাস সম্বন্ধ পরিবর্ত্তিত হয়, অর্থাৎ আড়াইবার নাড়ী স্পন্দিত হইলে একবার শ্বাস প্রশ্বাস হয়। রোগ বাড়িলে সর্ব্বদা অথবা থেকে২ অত্যন্ত শ্বাসকষ্ট হয় এমন কি প্রবল শ্বাস অবরোধ উপস্থিত হইয়া থাকে। ৩। অত্যন্ত ঘন ঘন ও প্রবল কাশি হয়, এবং কাশির আক্ষেপ হইলে রোগী উঠিয়া বসে ও সম্মুখে ঝুঁকিয়া থাকে এবং হাত দিয়া বক্ষ চাপিয়া ধরে।

৪। অতি কষ্টে গয়ার তুলিয়া থাকে। প্রথ. অল্প২ পরে প্রচুর, আটাযুক্ত ও ক্ষুদ্র ফাইব্রিণ কাষ্ট সংযুক্ত শ্লেষ্মা বাহির হইয়া থাকে।

৫। সাধারণ লক্ষণ যথাঃ—প্রবল জ্বর হয়, ১০৩ ডিগ্রী পর্য্যন্ত শারীরিক উত্তাপ বৃদ্ধি, এবং তৎসঙ্গে অত্যন্ত শ্রান্তি ও দুর্ব্বলতা উপস্থিত হইয়া থাকে। মূত্রে কদাচ সামান্য পরিমাণ অণ্ডলাল ও শর্করা দৃষ্ট হয়।

রোগ অত্যন্ত বৃদ্ধি পাইলে ধীরে২ শ্বাস অবরোধ এবং শিরায় রক্ত সঞ্চয় আরম্ভ হয়।

এরূপ স্থলে শোণিত শোধিত হইতে না পারা প্রযুক্ত নাড়ী দুর্ব্বল ও কম্পনশীল হয়, এবং মুখ, ওষ্ঠ ও নখ প্রভৃতি নীলবর্ণ ধারণ করিয়া থাকে; গাত্র শীতল, আটাযুক্ত ও ঘর্ম্মাক্ত, মন অলস, এবং শিশুদিগের তন্দ্রা, অজ্ঞানতা ও আক্ষেপ উপস্থিত হইয়া থাকে। শরীর নীলবর্ণ ধারণ করিলে কাশি ও শ্লেষ্মা ওঠা বন্ধ হয়, এবং শ্বাসকষ্ট ও দুর্ব্বলতায় মৃত্যু উপস্থিত হইয়া থাকে।

ব্রংকাই নলীগুলি শীঘ্র২ শ্লেষ্মায় পূর্ণ হইলে কখন২ দ্রুত বা হঠাৎ শ্বাস অবরোধ হইয়া থাকে, এরূপ স্থলে কাশি কম পড়ে, শ্বাসঅগভীর হয়, এবং প্রশ্বাস শীতল হইয়া থাকে। কোন২ স্থলে সান্নিপাতিক লক্ষণ প্রকাশিত হয়।

শিশুদিগের কেপিলারী ব্রংকাইটিস রোগে দৌর্ব্বল্য, অপুষ্টি, ও রিকেট রোগ থাকিলে সহজে শ্লেষ্মা তুলিতে পারে না সুতরাং শীঘ্র২ রক্ত শোধিত হয় না। শিশুগণ গয়ার তুলিয়া গিলিয়া ফেলে, একারণ কাশির পর উহাদের জিহ্বার পশ্চাদ্ভাগ কাপড দ্বারা মুছিয়া শ্লেষ্মা পরীক্ষা করিতে হয়। যুবকদিগের এইরূপ রোগ অতি বিরল। দুর্ব্বল ও বৃদ্ধদিগের ঐ রোগ হইলে জ্বর লক্ষণ বর্ত্তমান থাকে।

Secondary Bronchitis Causes exanthemata, gout, rheumatism Bright's disease chronic lung and heart diseases

২ সেকেণ্ডারী বা আনুসঙ্গিক ব্রংকাইটিস — এক্‌জ্যান্থিমেটা, রক্তসম্বন্ধীয় রোগ যথা—বড় ও ছোট২ সন্ধির বাত, ব্রাইট রোগ, এবং ফুসফুস ও হৃৎপিণ্ডের পুরাতন পীড়ার সঙ্গে ব্রংকাইটিস হইতে পারে।

লক্ষণ—এই রোগের উপসর্গ বড়ই মারাত্মক উপসর্গ বলিয়া স্মরণ রাখিতে হইবে। ইহা ধীরে ধীরে প্রকাশ পায়, অর্থাৎ প্রথমতঃ ব্রংকাইটিস রোগের লক্ষণগুলি স্পষ্টরূপে দৃষ্ট হয় না। গাউট অর্থাৎ ছোট২ সন্ধিবাত রোগের সহিত ব্রংকাইটিস রোগ হইলে রোগীর শ্লেষ্মায় ইউরিক এসিড দৃষ্ট হয়। ফুসফুসে কোনরূপ গুটিকা প্রভৃতি স্থান পাইলে ব্রংকাইটিস হয়। এম্ফিসিমা, পুরাতন ব্রংকিয়াল শর্দ্দি এবং হৃদরোগের সহিত ব্রংকাইটিস্ হইলে প্রবল শ্বাসকষ্ট, শ্বাস-অবরোধ লক্ষণ, সার্ব্বাঙ্গিক শিরায় রক্তাধিক্য ও উদরী হইয়া থাকে। ঐরূপ স্থলে প্রথমতঃ প্রচুর পরিমাণে ফেনিল শ্লেষ্মা বাহির হয় কিন্তু পরিশেষে অনেক কষ্টে শ্লেষ্মা উঠিয়া থাকে। প্রসারিত ব্রংকাই রোগের সহিত ব্রংকাইটিস্ হইলে প্রচুর, দুর্গন্ধযুক্ত ও পুঁযের মত শ্লেষ্মা উঠিয়া থাকে।

Sympts: urgent dyspnoea, dropsy, abundant and frothy sputa, foetid profuse and purulent sputa.

৩। যান্ত্রিক ব্রংকাইটিস্—উত্তেজক পদার্থের ঘ্রাণে এইরূপ ব্রনকাইটিস হয়। এরূপ স্থলে জ্বর ও বেদনা থাকে না, কেবল উগ্র কাশি হয় ও অত্যল্প শ্লেষ্মা উঠে। শ্লেষ্মায় উগ্র পদার্থ বাহির হইয়া থাকে।

Mechanical Bronchitis: Sympts no fever, irritable cough scanty sputa.

ভৌতিক চিহ্ন—১। ব্রনকাইটিস্ রোগে ফুসফুসে বায়ু সঞ্চয় বশতঃ বক্ষের আয়তন কিঞ্চিৎ বৃদ্ধি হইয়া থাকে।

২। শ্বাসগতি অস্বাভাবিকভাবে ঘন২ ও গভীর হয়, প্রশ্বাসকাল কিছু বৃদ্ধি পায় এবং ব্রংকাই নলীগুলি বিস্তৃতভাবে শ্লেষ্মায় পূর্ণ হইলে বক্ষের ঊর্দ্ধাংশ অধিক উঠিয়া ও নামিয়া থাকে। শিশুদিগের নিশ্বাসকালে হাঁপ উপস্থিত হয়।

৩। নানা স্বভাববিশিষ্ট বঙ্কাল্ ফ্রিমাইটিস্ অনুভূত হয়।

৪। ঠোকর মারিলে ফুস্‌ফুসের কাঁপা শব্দের পরিমাণ ও উচ্চতার বৃদ্ধি বুঝা যায়। ফুস্‌ফুস বায়ু পূর্ণ হইলেই এইরূপ হইয়া থাকে। কিন্তু শ্বাসনলীতে শ্লেষ্মা সঞ্চিত হইলে অথবা

Physical signs: somewhat enlarged chest, frequent and deep respiration, Ronchal fremitus, increased resonance above and dull at the base of the lungs; loud, harsh and prolonged respiration where the tubes are free, weak or absent respiration

where obstruction; sonorous, sibilant, mucous, sub-mucous or subcrepitant rales, first, dry, then moist rales are heard towards the bases of lungs.

ফুস্‌ফুসে রক্তাধিক্য, শোথ ও চোপসান অবস্থা হইলে ফুস্‌ফুসের তলদেশে উক্ত ফাঁপা শব্দের কিঞ্চিৎ হ্রাস হইয়া থাকে। শিশুদিগের বক্ষে ঠোকর মারিলে ক্র্যাকপট্‌ শব্দ শ্রবণ করা যায়।

৫। শ্বাস প্রশ্বাস শব্দ উচ্চ ও কর্কশ হয়, এবং শ্বাসনলী মুক্ত থাকিলে এতৎসঙ্গে প্রশ্বাসকাল দীর্ঘ বোধ হয় কিন্তু উহা শ্লেষ্মায় বদ্ধ হইয়া পড়িলে শ্বাস প্রশ্বাস শব্দ ক্ষীণ হয় অথবা আদৌ শুনা যায় না কিম্বা উহারা রাল্‌স শব্দের দ্বারা লুপ্ত হইয়া থাকে।

৬। শ্বাসনলীগুলির সঙ্কীর্ণতা অথবা শ্লেষ্মা পূর্ণতা বশতঃ যে সকল বিভিন্ন প্রকার রংকাই ও রাল্‌স শব্দ শ্রবণ করা যায় উহাদিগকে ব্রনকাইটিস রোগের সর্ব্বাপেক্ষা আবশ্যকীয় ভৌতিক চিহ্ন বলা গিয়া থাকে, উহার অবস্থা ও স্থানভেদে সোনোরাস্‌, সিবিলাণ্ট, মিউকাস, সব্‌মিউকাস্‌ ও সাব্‌-ক্রিপিটাণ্ট নামে আখ্যাত হইয়া থাকে।

এই সকল আকস্মিক শব্দগুলি পরস্পর মিশ্রিত হইয়াও অবস্থিতি করিয়া থাকে। সহজ ব্রনকাইটিস্‌ রোগে কেবল শুষ্ক রংকাই শ্রুত হয়। ফুসফুসের তলদেশের নিকট কেবল সরস রালস শ্রবণগোচর হইয়া থাকে। বৃহৎ২ শ্বাসনলীতে শ্লেষ্মা সঞ্চিত হইলে দূর হইতেও রাল্‌স শ্রুত হইয়া থাকে। হৃৎপিণ্ডের ক্রিয়া জনিত নিকটবর্ত্তী শ্বাসনলীতে রাল্‌স উৎপন্ন হয়।

তরুণ ব্রনকাইটিস রোগে বড়২ শ্বাসনলীগুলির শ্লৈষ্মিক ঝিল্লিতে প্রদাহ হইলে শ্লৈষ্মিক ঝিল্লীর শুষ্কতা ও স্ফীতি বশতঃ প্রথমতঃ কর্কশ ও ভেসিকিউলো-ব্রংকিয়াল্‌ শ্বাসপ্রশ্বাস শব্দ এবং তৎসঙ্গে সোনোরাস্‌ ও সিবিলাণ্ট রংকাই শ্রবণ করা যায়।

দ্বিতীয়তঃ শ্লৈষ্মিক ঝিল্লীর নিঃসরণাধিক্য বশতঃ শ্বাস প্রশ্বাস শব্দ কম কর্কশ হয় কিন্তু তৎসঙ্গে বড় এবং ছোট সরস ও পুড়্‌-পুড়্‌ বা বুদবুদ স্বভাব বিশিষ্ট রাল্‌স শ্রবণ গোচর হইয়া থাকে।

কেপিলারী ব্রন্‌কাইটিস্ রোগে প্রথমাবস্থায় কর্কশ বা ভেসি-কিউলো-ব্রন্‌কিয়াল শ্বাস প্রশ্বাস শব্দ শ্রুত হয়, পরে শ্বাস প্রশ্বাস শব্দ ক্ষীণ হয় কিন্তু এই সময়ে স্যাবক্রিপিটাণ্ট শব্দ শ্রবণ গোচর হইয়া থাকে।

স্থিতিকাল ও পরিণাম—তরুণ ব্রন্‌কাইটিস রোগ ৩।৪ দিবস অথবা ২।৪ সপ্তাহ থাকিতে পারে। ৬ হইতে ১২ দিনের দিনে কেপিলারী ব্রন্‌কাইটিস রোগে মৃত্যু হইতে পারে। ইহা অপেক্ষা অল্প দিনের মধ্যে শিশুর মৃত্যু হইতে পারে। আরোগ্য হইলেও রোগের পুনরাক্রমণের সম্ভাবনা, অথবা রোগ ক্রমাগত বৃদ্ধি পাইতে পারে। ব্রন্‌কাইটিস রোগের পরিণাম এইরূপ :—

Duration and termination: 3 or 4 days or to 2 to 3 weeks, recovery, death, chronic bronchitis.

(১) সহজে রোগ আরোগ্য হয় কিন্তু রোগ কঠিন হইলে আরোগ্যের বিলম্ব হয় এবং বহুদিন পর্য্যন্ত কাশি থাকে। (২) ধীরে২ বা হঠাং শ্বাসরোধে অথবা দুর্ব্বলতায় মৃত্যু ঘটিতে পারে। (৩) তরুণ রোগ পুরাতন ব্রন্‌কাইটিস রোগে পরিণত হইতে পারে। অথবা আরোগ্যের অবস্থায় এম্ফিসিমা ফুস্‌ফুসের কোলাপ্স, শিশু-বক্ষের বিকৃতি, এবং তরুণ বা পুরাতন যক্ষ্মায় পরিণত হইতে পারে।

রোগ নিরূপণ—হুপিং কাশি, ক্রুপাস্ বা অনুরূপ লেরিংজাইটিস, লবিউলার-নিউমোনিয়া, তরুণ থাইসিস ও টিউবার কুলোসিস প্রভৃতি রোগ হইতে ব্রণকাইটিস রোগ পৃথক করিতে হইবে।

Diagnosis from other lung diseases.

ভাবী ফল—শীত প্রধান দেশে ব্রন্‌কাইটিস রোগের মৃত্যুসংখ্যা অধিক। নিম্নলিখিত কতিপয় অবস্থা ব্রন্‌কাইটিস রোগ আরোগ্যের পক্ষে প্রতিকূল জানিবে :—শৈশব বা বৃদ্ধাবস্থা, অস্বাস্থ্য, কোন প্রকার সাধারণ রোগের তরুণ বা পুরাতন ভাবে অবস্থিতি, ফুস্‌ফুসের পূর্ব্বরোগ, হৃদরোগ, কেপিলারী ব্রংকাই-

Prognosis various circumstances increase its gravity while abatement of symptoms favors recovery.

টিস, হাঁপ ও দুর্ব্বলতা, বিবিধ উপসর্গ, সময়ে চিকিৎসা না করা, এবং সংক্রামণতা। এক মিনিটে ৬০ ও তদূর্দ্ধবার শ্বাস প্রশ্বাস উঠিলে বা পড়িলে এবং এক মিনিটে ১৫০ বা তদূর্দ্ধ সংখ্যা গণনা হইলে, নাড়ী ক্ষুদ্র, সূত্রবৎ ও অসমান হইলে এবং মুখমণ্ডল নীলবর্ণ ধারণ করিলে অশুভ লক্ষণ বলিয়া জানিতে হইবে। কিন্তু শ্বাস প্রশ্বাস গতি সহজ ও বারে কম হইয়া আসিলে, নাড়ীর বেগসংখ্যা হ্রাস হইলে এবং শ্বাস প্রশ্বাস শব্দের হ্রাস হইলে শুভ লক্ষণ বুঝিতে হইবে।

Treatment.

তরুণ ব্রঙ্কাইটিস রোগের চিকিৎসা;—

Aconite : early in attack, chill and fever, dry hot skin, restlessness, thirst, short, hard tickling cough, worse after smoking; drinking and at night ; cause. cold west winds, checked perspiration.

একোনাইট—বায়ুনলী ভুজ অর্থাৎ ব্রঙ্কাইগুলির প্রদাহের প্রথমাবস্থা, ঠাণ্ডা ও পশ্চিমে বায়ু লাগান অথবা হঠাৎ ঘর্ম্ম-রোধ হেতু রোগের উৎপত্তি, তৎসঙ্গে শীত, জ্বর, শুষ্ক ও উত্তপ্ত গাত্র, অস্থিরতা, পিপাসা, ঘন২ কঠিন ও গলা শুড়২ করিয়া কাশি, তৎসঙ্গে সর্ব্বদা লেবিংসে উত্তেজনা, তামাক সেবন করিলে, জল পান করিলে এবং রাত্রিতে কাশির বৃদ্ধি, অল্প ও ফেনাযুক্ত গয়ার ওঠা, কদাচ রক্তমিশ্রিত শ্লেষ্মাস্রাব প্রভৃতি একোনাইট ঔষধের প্রযোগ লক্ষণ। ডাক্তার হিউজ বলেন যে প্রদাহের প্রথমাবস্থায় ইহা বিলক্ষণ উপযোগী হয় কিন্তু প্রদাহ বদ্ধমূল হইয়া পড়িলে ও উহাতে রস সঞ্চয় হইলে ইহা দ্বারা উপকার হয় না।

Act Racem · cough from every attempt to speak.

একটিয়া রেসিমোসা—প্রত্যেক বার কথা কহিতে চেষ্টা করিলে কাশি, সুতরাং কথা কহিতে ইচ্ছা না থাকা ইহার প্রয়োগ লক্ষণ।

Antim-Crud · cough from bathing, gastric derangement.

এণ্টিম ক্রুড—স্নান করা প্রযুক্ত কাশি, উদর হইতে কাশির উৎপত্তি ও পাকাশয়িক বিকার থাকিলে ইহা উপযোগী হয়।

Aescu Hip ; gouty cough, piles constipation.

ইস্কুলাস হিপ—রাজবাতসংযুক্ত কাশি, তৎসঙ্গে অর্শ ও কোষ্টবদ্ধ থাকিলে ইহা ফলপ্রদ হয়।

আর্ণিকা—শিশুদিগের ক্রন্দনপ্রযুক্ত কাশি, গয়ার শীঘ্র না ওঠা, এবং রক্তমিশ্রিত শ্লেষ্মা ওঠা ইহার প্রয়োগ লক্ষণ।

Arnica: cough from crying, bloody, difficult to loosen.

আর্সেনিক—কাশির সহিত শ্বাসকষ্ট, দুই প্রহর রাত্রির সমকালে, শীতল পদার্থ পান করিলে, শয়ন করিলে, মানসিক উত্তেজনায় ও শারীরিক অঙ্গ সঞ্চালনে কাশির বৃদ্ধি; কঠিন ও আক্ষেপিক কাশি, তৎসঙ্গে বক্ষের ভিতর জ্বালা, গলাধঃকরণ কষ্ট, অত্যন্ত দুর্ব্বলতা, কষ্টে অল্প২ চিম্‌সে ও ফেণাযুক্ত শ্লেষ্মা ত্যাগ, শ্লেষ্মা লবণাক্ত ও রক্তের ছিট্‌যুক্ত, রাত্রিকালে অস্থিরতার বৃদ্ধি, কাশিবার সময় কোমর হইতে উরুদেশ পর্য্যন্ত বেদনার বিস্তৃতি, শীতল বায়ু লাগিলেই গলা গুড়২ করিয়া কাশি, প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Arsenic: hard, spasmodic cough with burning, dyspnoea, dysphagia, exhaustion, sputa saltish, scanty and tough, worse after drinking and motion.

ব্যাডিয়েগা—আক্ষেপিক কাশি তৎসঙ্গে হাঁচি ও অশ্রুপাত, কাশির আক্ষেপকালে কান্না ও হাত দিয়া মাথা চাপিয়া ধরা, কখন২ কণ্ঠরোধ বশতঃ কালবর্ণ মুখমণ্ডল, তৎসঙ্গে নাক ও মুখ দিয়া গাঢ় পীতবর্ণের ও চটচটে শ্লেষ্মা বাহির হওন, প্রাতে সরস ও অপরাহ্নে শুষ্ক কাশি প্রভৃতি লক্ষণে ইহা উপযোগী।

Badiaga: spasmodic cough sneezing, lachrymation, crying, pressing head with hands, cough loose at a.m tight p. m

বেলেডনা—শুষ্ক, কষ্টদায়ক ও আক্ষেপিক কাশি, ঘন২ ও অল্পক্ষণস্থায়ী কাশি, কাশিতে২ গলার ভিতর গরম বোধ, সন্ধ্যাকালে অত্যন্ত কাশির বৃদ্ধি, কুকুর ডাকার শব্দের মত কাশি, কাশিবার কালে ক্রন্দন, ত্বক্ উষ্ণ অথচ ঘর্ম্মযুক্ত, তন্দ্রাযুক্ত অথচ অনিদ্রা, নিদ্রাবস্থায় চমকান, গয়ার না ওঠা অথবা অত্যল্প শ্লেষ্মা ত্যাগ, রক্তমিশ্রিত অত্যল্প গয়ার তোলা, শ্বাস প্রশ্বাস দ্রুত, কষ্টকর ও অসমান; বক্ষের ভিতর পূর্ণতা বোধ ও ফুস্‌ফুসে রক্তসঞ্চয়, প্রাতে অধিক শ্লেষ্মাস্রাব ইত্যাদি লক্ষণে ইহা উপযোগী হয়। ডাক্তার বেয়ার বলেন, যে ব্রংকাইটিস রোগে প্রবল জ্বর হইলে একোনাইট অপেক্ষা বেলেডনা দ্বারা সেই জ্বরের শীঘ্র সাম্য হয়।

Belladonna: barking, dry, distressing, spasmodic, hot cough; in short spells, worse evening, crying during coughing hot and moist skin, sleeplessness, starting in sleep, scanty and blood streaked expectoration, loose cough in morning difficult breathing, profuse expectoration in morning.

Bryonia - dry cough, substernal pain, stitches in chest and in pit of stomach, crying on moving and coughing, scanty sputa sometimes blood streaked, spurting of urine during cough, rush of blood in head during cough.

ব্রায়োনিয়া—কেবল টেকিয়া ও বঙ্কং ব্রংকাইনলী আক্রান্ত হইয়া যদি শুষ্ক কাশি, ষ্টার্ণাম অস্থির নিম্নে বেদনা, বক্ষের ভিতর চিড়িক বেদনা, অঙ্গ নাড়িলে ও কাশিলে কান্না, নড়িলে, আহার ও ধূমপান করিলে এবং অল্প বায়ুর পরিবর্ত্তনে কাশির বৃদ্ধি, পাকাশয় গহ্বরের ভিতর বেদনা ও কাশির উৎপত্তি, কাশিতেং মূত্রত্যাগ, কাশিতেং উঠিয়া উপবেশন, কাশিতেং কখনং বমন; স্বল্প পীতবর্ণের শ্লেষ্মা ওঠা, কখনং রক্তের ছিটযুক্ত গয়ার তোলা, কাশিতেং কষ্টকর শ্বাস প্রশ্বাস, মস্তকে রক্ত ওঠা ও মুখ লালবর্ণ প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে তবে ইহা ফলপ্রদ হয়। ডাক্তার হিউজ বলেন যে সাধারণ কাশিতে ইহা বিশেষ উপকার করিয়া থাকে।

Cactus: cough from cardiac disease, with suffocation, palpitation, sensation of iron band over the chest, spasmodic cough, yellow thick and tenacious sputa.

ক্যাক্টাস—হৃদরোগবশতঃ কাশির উৎপত্তি, তৎসঙ্গে শ্বাসবদ্ধভাব, হৃদস্পন্দন, বক্ষের উপর লৌহখণ্ড অবস্থিতি করিতেছে এইরূপ বোধে শ্বাস প্রশ্বাস লইতে অক্ষমতা, আক্ষেপিক কাশি এবং পীত বর্ণের গাঢ় ও চটচটে শ্লেষ্মা ত্যাগ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Calc. carb scrofula, dentition constant cough, rattling, evening diarrhoea. Head sweat, yellow thick fœtid sputa, enlarged cervical glands.

ক্যাল্ক কার্ব্ব—এসক্রফুলা ধাতু, দন্তোদ্গমকাল, সর্ব্বদা কাশি, কথা কহিলে বৃদ্ধি, তরল কাশি, গলার ভিতর ঘড়ঘড়ানি, সন্ধ্যাকালে অনেকবার মলত্যাগ, মস্তকে প্রচুর ঘর্ম্ম, নিদ্রাবস্থায় মস্তকে ঘর্ম্মাধিক্য, সন্ধ্যাকালে ও রাত্রিতে কাশির বৃদ্ধি, গলার ভিতর গুড়গুড় বোধ, পীতবর্ণের গাঢ় এবং দুর্গন্ধযুক্ত শ্লেষ্মা উঠা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। শিশুদিগের কাশ রোগের সহিত উহাদের গলার গ্রন্থিগুলি বড় থাকিলে ইহা দ্বারা অতি আশ্চর্য্য ফল হয়।

Carbo-Veg evening hoarseness, burning under sternum, soreness of chest, heat

কার্ব্বোভেজ—সন্ধ্যাকালে স্বরভঙ্গ, ষ্টার্ণাম্ অস্থির নিম্নে জ্বালা, বক্ষের ভিতর ক্ষতবোধ, কাশিলে শরীরের ভিতর গরম বোধ, অনেক বিলম্বেং কাশি, ঘরের বাহির হইয়া ঠাণ্ডা

লাগাইলে কাশের উদ্রেক, উষ্ণ শয্যায় জানুতে ঠাণ্ডা বোধ, দিবা ভাগে মুখ দিয়া প্রচুর পরিমাণে জল ওঠা, কাশিবার কালে কণ্ঠ হইতে বুকের মধ্যস্থল পর্য্যন্ত শুড়শুড়ি বোধ ইত্যাদি ইহার প্রয়োগ লক্ষণ।

কষ্টিকাম—প্রাতঃকালীন স্বরভঙ্গ, শয্যায় গরম হইলে কাশের বৃদ্ধি, শীতল জল পান করিলে কাশের উপশম. কাশের সহিত বাম নিতম্বে বেদনা, অসাড়ে প্রস্রাব, চর্ব্বি, শর্করা এবং শ্বেতসার জাতীয় পদার্থ আহারের পর বুকজ্বালা এবং অম্লাধিক্য, রাত্রিকালে গোড়ালির পশ্চাতে হঠাৎ কামড়ানি, চোয়াল আড়ষ্ট প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

ক্যামোমিলা—দন্তোদ্গমকালে কাশি, নিদ্রিত অবস্থায় কাশি, খিট্‌খিটে স্বভাব, শিশুর সর্ব্বদা বেড়াইতে ইচ্ছা, কাশিতে২ কণ্ঠ বোধ তৎসঙ্গে সর্ব্বদা কাশিতে ইচ্ছা।

সিনা—শুষ্ক খক্‌খকে কাশি, রাত্রিকালে বৃদ্ধি. কাশিবার পর ঢোক গেলা (বোধ হয় যেন বুকের উপর কিছু উঠিতেছিল), কাশিতে২ শিশুর সর্ব্বশরীর আড়ষ্ট, কণ্ঠ হইতে পাকাশয় পর্য্যন্ত কোঁৎকোঁৎ শব্দ।

চায়না—গলা শুড়শুড় করিয়া কাশি, কথা কহিলে কিম্বা হাসিলে বৃদ্ধি।

কোনায়াম—শয়ন করিয়া থাকিলে, কথা কহিলে বা হাস্য করিলে কাশির বৃদ্ধি।

কুপ্রাম—অল্প জল পান করিলেই কাশির উপশম। কাশির পর কম্পন, শ্বাসরোধকারী খন্‌ কাশি।

ড্রসেরা—প্রবল কাশি, তৎসঙ্গে উদর ও বক্ষের পেশীগুলির আক্ষেপ, নিদ্রাভঙ্গে প্রচুর ঘর্ম্ম, কণ্ঠের ভিতর শুড়শুড়ি বোধ, লেরিংসের মধ্যে চিড়িক যন্ত্রণা, রাত্রিকালে শয়নের পর কাশির বৃদ্ধি, উদর হইতে কাশির উৎপত্তি, আক্ষেপ ও বেদনা নিবারণ জন্য, হস্ত দ্বারা বক্ষ ও যকৃত স্থান ধরিয়া থাকা, ধূসর

of body when coughing, cold knees, Pyrosis, itching from throat down to the centre of the chest when coughing

Causticum: morning hoarseness, pain over left, lid, involuntary urine, heartburn, acidity, cramps in heel cords, stiff jaws.

Chamomilla: coughing during teething, and sleep cross child, constriction of the chest, constant desire to cough.

Cina dry hacking night cough followed by swallowing, stiffness during cough and afterwards a clucking noise from throat to stomach.

China tickling cough.

Conium.

Cuprum: suffocating spells, better from drinking water, trembling after coughing.

Drosera: violent convulsive cough, perspiration on walk-

ing, worse after lying down, coughing and vomiting.

পীত অথবা সবুজ বর্ণের শ্লেষ্মা ওঠা, কাশির সহিত বমন প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Eupat-perfo: rough scraping, violent cough, sore chest, cough before and after meals, pain in limbs and back, palpitation

ইউপেট-পার্ফো—কর্কশ কাশি, কাশিতে গলা আঁচড়ান, প্রবল কাশির সহিত বক্ষের ভিতর ক্ষত বা বেদনা বোধ, হস্ত দ্বারা বক্ষ ধরিয়া থাকা আহারের পূর্ব্বে ও পরে কাশি, হস্ত পদে ও পৃষ্ঠে বেদনা এবং হৃদস্পন্দন প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Euphrasia dry tickling cough in day time, better from drinking, cough after cessation of hæmorrhoidal flow.

ইউফ্রেসিয়া—দিবাভাগে গলা শুড়শুড় করিয়া শুষ্ক কাশি, অল্প জল পান করিলে উপশম, অর্শের বলি হইতে রক্তপাত বন্ধ হইলে কাশি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Ferr met. cough better during supper

ফেরাম মেটালিকাম—আহার করিলে বিশেষতঃ সন্ধ্যার আহারের সময় কাশির উপশম হয়।

Ferr Phosp in catarrh of children

ফেরাম ফস—শিশুদিগের সর্দ্দি রোগে ইহা একোনাইটের মত উপকার করিয়া থাকে।

Hepar Sulph deep, dry, tight or loose cough, worse morning, and in uncovering the body, moist rales, substernal pain, wheezing respiration.

হেপার সালফার—টাইট অথবা তরল কাশি, প্রাতঃকালে বৃদ্ধি, শরীরের কোন অংশের গাত্রাবরণ খুলিলেই কাশির বৃদ্ধি, গাত্রে বস্ত্র জড়াইয়া থাকিলে অথবা কোনরূপে গরমে থাকিলে কাশির উপশম, ফোট বন্ধ বা হঠাৎ চাপিয়া যাওয়া হেতু কাশি, গভীর ও শুষ্ক কাশি, তৎসঙ্গে বক্ষের ভিতর কষ্ট, হাঁপ ও বেদনা বোধ, বক্ষের ভিতর সরস ভুড়ভুড় শব্দ, ষ্টার্ণাম অস্থির নিম্নে চিড়িক বেদনা, শ্বাস প্রশ্বাসে সাঁই সাঁই শব্দ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। ক্রুপাস্ ব্রঙ্কাইটিসে ইহা বিশেষ উপযোগী।

Hyoscyamus dry, convulsive titillating cough; worse after lying, food, drinking vocal exercise, day and night cough.

হায়োসায়েমাস—রাত্রিকালীন শুষ্ক আক্ষেপিক ও শুড়শুড় কাশি, শয়ন করিলে, আহার ও পান করিলে এবং অধিক কথা কহিলে কাশির বৃদ্ধি, সাদা ও ঈষৎ সবুজ বর্ণের শ্লেষ্মা ওঠা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। দিবা রাত্রি অবিশ্রান্ত কাশি হইলে ইহা দ্বারা বিশেষ উপকার হয়।

ইপিকা—গলা গুড়গুড় করিয়া কাশি তৎসঙ্গে শ্বাসকষ্ট, অত্যন্ত বমনেচ্ছা, শ্লেষ্মা বমন, শ্বাসনলীর ভিতর শ্লেষ্মার ঘড়ঘড়ানি, কাশিবার কালে ফেকাসে ও নীলবর্ণ মুখমণ্ডল, শ্বাস প্রশ্বাসে সাঁই সাঁই শব্দ তৎসঙ্গে উচ্চ শব্দ বিশিষ্ট মিউকাস রাল্; অজীর্ণ, উদরাময় প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। শিশু ও বালকদিগের সর্দ্দিতে ইহা বিশেষ উপকার করিয়া থাকে।

Ipecac: titillating cough, dyspnoea, nausea, vomiting, rattling, wheezing, pale and blue face during cough.

আয়োডিন—গুড়গুড়ে ও শুষ্ক কাশি শ্বাসকষ্ট, মধ্যে২ রক্তওঠা, হৃদস্পন্দন, গ্রীবাগ্রন্থিস্ফীতি, শৈশবর্ম্ম এবং ক্ষুধাসত্ত্বেও শীর্ণতা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Iodium: tickling dry cough, blood spitting swollen glands, emaciation with good appetite.

কেলি-বাইক্রম—ট্রেকিয়াতে জ্বালাকর বেদনা, কর্ক্কশ ও শীশ দেওয়াবৎ কাশি, তৎসঙ্গে বমনেচ্ছা ও গলা সড়সড়ানি কাশিতে২ দড়ির মত চিমসে শ্লেষ্মা ত্যাগ, গাঢ় শ্লেষ্মা অথবা পূষমিশ্রিত গয়ার, চিমসে ও সূত্রবৎ ও কখন২ দুর্গন্ধযুক্ত শ্লেষ্মা ওঠা, ময়লাযুক্ত জিহ্বা এবং ক্ষুধামান্দ্য প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। ব্রংকোরিয়া রোগে পূযের মত প্রচুর শ্লেষ্ম স্রাব হইলে, ৪ ঔন্স জলে ২ গ্রেণ কেলি-বাইক্রম ফেলিয়া সেই জল আঘ্রাণ করিলে বিশেষ উপকার হয়।

Kali-Bichrom: burning pain in trachea, hoarse whistling cough, stringy mucus, nausea, tickling.

ক্রিয়োজোট—দন্তোদ্গমকালে শিশু অত্যন্ত খিটখিটে ও ক্রোধপরবশ হইলে এবং রাত্রিতে অত্যন্ত চীৎকার করিলে, এবং শুষ্ক কাশির সহিত লেরিংসের নিম্নে সড সড করিলে ইহা দ্বারা বিশেষ উপকার হয়।

Kreosote: dry cough during dentition, fretful and irritable nature, screaming at night.

লেকেসিস্—প্রবল ও আক্ষেপিক কাশি, রাত্রিতে নিদ্রাবস্থায় অথবা নিদ্রাভঙ্গে অত্যন্ত কাশির বৃদ্ধি, কণ্ঠের বাহিরে স্পর্শ করিলে বেদনাধিক্য, কণ্ঠের ভিতর শুড়শুড়ি বোধ, মলে দুর্গন্ধ, উঠিয়া বসিলে কাশির উপশম, চক্ষুতে ও মস্তকে বেদনা, স্বল্প গয়ার, হঠাৎ প্রচুর ফেনিল ও চটচটে শ্লেষ্মা তুলিলে আরাম বোধ, প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। রাত্রিকালীন কাশিতে ইহা উপযোগী।

Lachesis: spasmodic cough, worse during and after sleep, pain in throat, scanty sputa, sudden profuse, frothy and tenacious expectoration.

Manganum: spasmodic cough, from afternoon till bed time, scanty and difficult expectoration sore and bruised chest,

ম্যানগানাম—অপরাহ্ণ হইতে শয়ন কাল পর্য্যন্ত আক্ষেপিক কাশি, শয়ন করিলে উপশম, নড়িলে বৃদ্ধি, স্বল্প ও কষ্টকর গয়ার ওঠা (অনেক কষ্টে গয়ার তুলিতে হয়), প্রাতে গয়ার সরল থাকে, বক্ষের ভিতর বেদনা ও মোচড়ানি যন্ত্রণা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Merc Sol: mucous membrane exhaustively involved, alternate chill and heat, sweat without relief, cough worse lying on right side, thirst, coated tongue, violent wearing cough, worse evening till midnight, sore chest, yellow tenacious sputa, adapted for children and robust people.

মার্ক-সল—নাসিকা হইতে শ্বাসনালীর সমস্ত শ্লৈষ্মিক ঝিল্লীতে সর্দ্দি, পর্য্যায়ক্রমে শীত ও তাপ, শয্যায় গরম বোধ কিন্তু ঠাণ্ডা স্থানে পা রাখিলেই শীতবোধ, ঘর্ম্মে কিছুই উপশম হয় না, গরম বা শীতল বায়ু কিছুই ভাল লাগে না, দক্ষিণ পার্শ্ব চাপিয়া শয়ন করিলেই কাশি বৃদ্ধি, জিহ্বায় সাদা ও ঈষৎ হরিদ্রা বর্ণের ময়লা সঞ্চয়, বরফ জলের তৃষ্ণা কিন্তু বরফ জল পান করিলেই কাশির বৃদ্ধি, শুষ্ক কাশি সন্ধ্যায় ও রাত্রিতে বৃদ্ধি, বোধ হয় যেন বক্ষ ফাটিয়া যাইবে, বক্ষের ভিতর শুষ্কতা, কর্ক-শতা, বেদনা ও শুড়শুড় বোধ, গাঢ় হরিদ্রা বর্ণের শ্লেষ্মা তোলা, প্রবল জ্বর, তাপাধিক্য, উদরাময়, প্রবল ও শ্রান্তিদায়ক কাশি, কখনও চটচটে গয়ারের সহিত রক্তের ছিট, প্রত্যেকবার কাশির পূর্ব্বে শ্বাসকষ্ট প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। শিশু ও বলিষ্ঠ ব্যক্তিগণের পক্ষে ইহা যেরূপ উপযোগী বৃদ্ধদিগের পক্ষে সেরূপ নহে। ইহা ফুস্ফুস, পাকাশয় এবং অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লী আক্রান্ত হইয়া থাকে।

Nux Mosch cough during pregnancy, worse on getting warm in bed

নক্স মস্চেটা—শয্যায় গরম হইলেই কাশির বৃদ্ধি, বক্ষ হইতে কণ্ঠ পর্য্যন্ত শুড়শুড় করিয়া কাশি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। পোয়াতী অবস্থায় ইহা বিশেষ উপযোগী হইয়া থাকে।

Nux Vom cough after drug mixtures, worse morning, relieved by-

নক্স-ভমিকা—কাশির জন্য অধিক পরিমাণ এলো-প্যাথিক ঔষধ সেবনের পর কষ্টকর কাশি, প্রাতঃকালে কাশির বৃদ্ধি, গরম পানীয় সেবনে উপশম, বিয়ার প্রভৃতি মদ্য পানে

বৃদ্ধি, সন্ধ্যায় নাকবন্ধ, শিরোবেদনা, জ্বর তৎসঙ্গে অঙ্গ নড়িলেই শীতবোধ, উগ্র স্বভাব, আলোক, শব্দ ও গন্ধে বিরক্তি ও চেতনাধিক্য, কাশিলে, হাঁচিলে ও হাসিলে অসাড়ে মূত্রত্যাগ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

warm drink, stoppage of nose in evening, fever with chilliness from motion, irritableness, sensitiveness, involuntary urine.

ওপিয়ম্‌—আক্ষেপিক, শুষ্ক ও শুড়শুড়ে কাশি, রাত্রিতে বৃদ্ধি, কাশিবার সময় মুখে নীল ও লালবর্ণ, তৎসঙ্গে মুখে ঘর্ম্ম, কাশির পর হাইতোলা, তন্দ্রা অথচ অনিদ্রা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Opium: convulsive, dry tickling cough, worse at night, bluish red face, sweat in face, yawning after cough, drowsiness, sleeplessness.

ফস্‌ফরাস্‌—শীর্ণকায় ব্যক্তিদিগের ব্রংকাইটিস রোগে তীক্ষ্ণ ও শুষ্ক কাশি, বক্ষে টাইট বোধ, কাশিবার সময় বক্ষে, লেরিংসে ও মস্তকে বেদনা, প্রাতঃকালে গয়ার বৃদ্ধি, গয়ার চটচটে ও রক্তমিশ্রিত, কথা কহিলে, হাসিলে ও ঠাণ্ডা লাগাইলে কাশি বৃদ্ধি, সন্ধ্যা হইতে রাত্রি দুই প্রহর পর্য্যন্ত জোর কাশি, পেঁয়াজ সেবনে কাশির বৃদ্ধি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Phosphorus: tight and dry cough of emaciated persons worse from evening till midnight.

পাল্‌সেটিলা—শীতবোধ, পিপাসার অভাব, তরল কাশি, পীত অথবা ঈষৎ সবুজ বর্ণের শ্লেষ্মা ত্যাগ, সন্ধ্যাকালে শয্যায় শয়ন করিলে শুষ্ককাশি ও কাশিতে২ বমন প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। হামজ্বরের পরবর্ত্তী ব্রংকাইটিস্‌ রোগে ইহা ফলপ্রদ হয়।

Pulsatilla: chilliness, thirstlessness, loose cough, yellow sputa, tight cough in evening with vomitting.

রাসটক্স—ষ্টার্ণাম অস্থির মধ্যবর্ত্তী স্থান শুড়শুড় করিয়া কাশি, শরীরের কোন অংশ খুলিলেই কাশি বৃদ্ধি, অথবা হাসিলে, কথা কহিলে, সঙ্গীত করিলে ও শীতল জল পান করিলে বৃদ্ধি, উষ্ণ পানীয়ে উপশম, বিশ্রামাবস্থায় হস্ত পদ বেদনা, প্রথম অঙ্গ সঞ্চালনে অঙ্গের আড়ষ্ট ও খঞ্জ ভাব, কিন্তু পুনঃ২ অঙ্গ সঞ্চালনের পর উপশম, এবং অস্থিরতা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Rhustox: cough excited by tickling under sternum, better after warm drinks, pain in limbs during rest, stiff and lame on first movement.

রুমেক্স—রাত্রিতে ও প্রাতঃকালে কর্কশ, কুকুর ডাকার মত, দীর্ঘস্থায়ী ও শুষ্ক কাশি, শ্বাস প্রশ্বাস কার্য্যের অনিয়ম হেতু

Rumex: dry cough in long paroxysm brought

on by irregular breathing, talking, external pressure over throat, can not bear cold.

স্বাভাবিক অবস্থার অপেক্ষা গভীর নিশ্বাস গ্রহণ, অধিক কথা কহা, অথবা কণ্ঠের উপর অধিক চাপ হেতু ঐরূপ কাশির উৎপত্তি, সন্ধ্যাকালে শয়ন করিলে বৃদ্ধি; মস্তক আবৃত করা, কারণ অল্প ঠাণ্ডা লাগিলেই কণ্ঠের ভিতর এবং ষ্টার্ণাম অস্থির নিম্নে শুড়শুড় করিযা কষ্টকর ও শুড়শুড়ে কাশি, কণ্ঠের বামভাগে অধিক শুড়শুড়ি বোধ, বেড়াইতে হইলে নাক ও মুখ ঢাকা ইত্যাদি ইহার প্রয়োগ লক্ষণ।

Senega: tough mucus.

সেনেগা—অত্যন্ত চিমসে শ্লেষ্মা সঞ্চয় কিছুতেই ওঠে না, অনেক পরিশ্রমে শ্লেষ্মা তুলিতে হয়।

Sepia: cough from stomach and abdomen, in rapid concussions worse in cold, wet weather, papular and herpetic eruptions, passive congestion of uterus

সিপিয়া—পাকাশয় অথবা উদর হইতে কাশি ওঠে। কাশিবার কালে ও পরে বমনেচ্ছা, দুই প্রহর রাত্রির পূর্ব্বে শয্যায় শুড়শুড়ে কাশি ও ঘনং কাশির আক্ষেপ বশতঃ দমবন্ধ হওন, অবশেষে শ্লেষ্মা উঠিলে ক্ষণকালের জন্য উপশম, ঠাণ্ডায় বৃদ্ধি, ব্রণের মত কঠিন স্ফোট, উহার তলদেশ লালবর্ণ, উহাতে জ্বালা ও চুলকণা, দদ্রুবৎ স্ফোট, এবং জরায়ুর মধ্যে শৈরিক রক্ত সঞ্চয় প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Spongia: croupy dry-hard wheezing asthmatic cough, day and night, with mucus rales, dyspnoea, scanty sputa worse on lying head low

স্পঞ্জিয়া—ঘুংড়ী বা ক্রুপি কাশি, শুষ্ক, কঠিন, সাঁইং বং অথবা হাঁপানির মত কাশি, আহার বা পান করিলে উপশম, মস্তক নিচু করিযা শয়ন করিলে শ্বাসকষ্ট, কাশির সহিত কণ্ঠের ভিতর মিউকাশ বা শ্লেষ্মার সবস শব্দ, শ্বাসকষ্ট, অল্প শ্লেষ্মা ওঠা, এবং দিবারাত্রি কাশি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Sanguinaria: dry cough, tickling under sternum, dryness and constriction of air passages, chest sore and painful, burning and stitching in chest, scanty or profuse sputa

স্যাঙ্গুয়িনেরিয়া—শুষ্ক কাশি, তৎসঙ্গে ষ্টার্ণাম অস্থির নিম্নে শুড়শুড়ি বোধ, শ্বাসপথের ভিতর শুষ্কতা ও আক্ষেপ বোধ, বক্ষে ক্ষত ও বেদনা বোধ, এবং উহার ভিতর জ্বালা ও চিড়িক যন্ত্রণা, স্বল্প অথবা প্রচুর শ্লেষ্মা ওঠা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

ষ্টাণাম—কর্কশ কাশির সহিত বক্ষের গভীর স্থানে চাপ বোধ ও আক্ষেপ বোধ, সমস্ত বক্ষে ক্ষতের মত বেদনা, শ্বাসকষ্ট, গলায় সাঁই২ ও ঘড়২ শব্দ, অধিক জোরে কথা কহিলে বৃদ্ধি, সবুজ অথবা পীতবর্ণের ও মিষ্টাস্বাদ বিশিষ্ট গয়ার প্রভৃতি ইহার প্রযোগ লক্ষণ। কাশির সহিত অত্যন্ত দুর্ব্বলতায় ইহা উপযোগী হয়।

Stannum: hoarse cough, sore chest, dyspnoea, wheezing, rattling, sweet sputa, weakness.

ষ্টীকটা—শুষ্ক কাশি, তৎসঙ্গে কপালে বিদারণশীল শিরঃপীড়া, ট্রেকিয়ার দক্ষিণদিকে শুড়শুড়ি, নিশ্বাস টানিলে কাশি ইত্যাদি ইহার প্রয়োগ লক্ষণ।

Sticta: dry cough, spliting frontal headache.

সাল্‌ফার—সন্ধ্যাকালে শয়ন করিলে কাশির বৃদ্ধি, ব্রংকাই মধ্যে শুড়শুড়ি বা চুলকণা, কষ্টকর বমনেচ্ছা, গাত্র হইতে গরম ভাব বাহির হওন, শীতল পদ, অথবা হাতের ও পায়ের তলা গরম, ব্রহ্মতালু গরম, রাত্রিতে ঠোঁট ও নিম্নসন্ধিতে বাত বেদনা, ক্ষত বেদনা ও ঠাণ্ডানুভব, শয়ন করিলেই গা চুলকান প্রভৃতি ইহার প্রযোগ লক্ষণ।

Sulphur: evening cough on lying down, itching, retching hot flushes, cold feet, hot palms, soles and vertex, pain in lips and knees, itching on retiring

টার্টার-এমেটিক—ঘড়ঘড়ে শ্লেষ্মা, কাশির পর হাইতোলা, শয়ন করিলে কাশি বৃদ্ধি, শিশুর সর্ব্বদা বেড়াইবার ইচ্ছা, আহারের পর বৃদ্ধি, তৎসঙ্গে বমন, তন্দ্রা, চটচটে ঘর্ম্ম, শ্বাসকষ্ট ও নীলবর্ণ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Tart emetic: rattling mucus, yawning after cough, cough worse when lying, wants to be carried, drowsiness, sticky perspiration, dyspnoea, cyanosis

জিঙ্কাম—কাশিতে২ শিশু সর্ব্বদা জননেন্দ্রিয়ে হাত দিয়া থাকে।

Zincum: grasping genitals while coughing.

CHRONIC BRONCHITIS.

ক্রনিক ব্রংকাইটিস।

অপর নাম—পুরাতন ব্রন্‌কিয়াল শর্দ্দি, শীতকালের কাশি, আনুষঙ্গিক ব্রন্‌কাইটিস।

Synonyms: Chronic Bronchial catarrh winter cough, secondary bronchitis.

Definition · An. inflammation of the mucous membrane of large & middle sized tubes with cough profuse sputa and emphesema.

নির্ব্বাচন বা পরিচয়—বৃহৎ ও মধ্যম আকারের ব্রঙ্কাইনলী গুলির শ্লৈষ্মিক ঝিল্লীর পুরাতন প্রদাহ, তৎসঙ্গে কাশি, প্রচুর শ্লেষ্মা ওঠা এবং অনেক স্থলে এম্ফিসিমা বর্ত্তমান থাকিলে ক্রনিক বা পুরাতন ব্রন্‌কাইটিস কহা যায়।

Causes : repeated attacks of acute bronchitis : cardiac disease Brights disease, gout rheumatism. Ch. alcoholism, breathing irritants.

কারণ—তরুণ ব্রন্‌কাইটিস রোগের ঘনঘন আক্রমণ, অথবা একবার আক্রমণের পর, কিম্বা পুরাতন ভাবে প্রথম হইতেই প্রদাহ; হৃদ্ রোগ বশতঃ ফুস্‌ফুসে রক্তাধিক্য, ফুস্‌ফুস্‌এর পুরাতন রোগ, ব্রাইটস্ রোগ, গাউট, ও রিউমেটিজম্ (ছোট ও বড় সন্ধির বাত), বহুদিন ধরিয়া ক্রমাগত মদ্যপান, উত্তেজক পদার্থের সর্ব্বদা আঘ্রাণ প্রভৃতি রোগ ও অবস্থায় পুরাতন ব্রন্‌কাইটিস উৎপন্ন হইয়া থাকে। বৃদ্ধগণ প্রায়ই এই রোগের হস্তগত হইয়া থাকে। শিশুগণও কখনঃ ইহা দ্বারা আক্রান্ত হইয়া পড়ে।

Varieties (1) mucous catarh, (2) Broncorrhœa. (3) Dry Catarrh.

শ্রেণীবিভাগ—পুরাতন ব্রন্‌কাইটিস্ তিন শ্রেণীভুক্ত হইয়া থাকে যথা :—

১। মিউকাস ক্যাটার—ইহাতে মধ্যম প্রকারের শ্লেষ্মা উঠে। ২। শুষ্ক সর্দ্দি বা ড্রাই কাটার—ইহাতে অত্যল্প শ্লেষ্মা ওঠে, এবং ৩। ব্রংকোরিয়া ইহাতে প্রচুর শ্লেষ্মা বাহির হইয়া থাকে।

Pathological anatomy : discoloration of mucous membrane, vessels become dilated, thickening of mucous membrane, submucous tissue becomes infiltrated contracted and indurated. hypertrophy of

নৈদানিক পরিবর্ত্তন—পুরাতন ব্রন্‌কাইটিস্ রোগ হইলে, ব্রঙ্কাইনলীগুলির শ্লৈষ্মিক ঝিল্লীর বর্ণ ঈষৎ লোহিত অথবা শিরার শোণিতের মত কালাটে-লাল হইয়া থাকে। উহার মধ্যে ধূসর ও কটা বর্ণও দৃষ্ট হয়। শ্লৈষ্মিক ঝিল্লিতে অল্প বা অধিক স্থান ব্যাপিয়া ঐরূপ বর্ণের পরিবর্ত্তন দৃষ্ট হয়। শ্লৈষ্মিক ঝিল্লির রক্তবাহী নাড়ী গুলিও প্রসারিত হইয়া থাকে, শ্লৈষ্মিক ঝিল্লি ক্রমে পুরু হয় সুতরাং নলীর অভ্যন্তর গাত্র সঙ্কীর্ণ ও কর্ক্কশ হইয়া থাকে। সাব্‌মিউকাল টিসুও ক্রমে আক্রান্ত

হইয়া কুঞ্চিত ও শক্ত হইয়া পড়ে। শ্বাসনলীগুলির স্থিতিস্থাপক ও পেশীসূত্রগুলি বৃদ্ধি পায়, উহাদিগের স্থিতিস্থাপক শক্তির লোপ হয়, এবং নলীগুলির উপাস্থিতে চূর্ণঘটিত পদার্থ সঞ্চিত হইয়া থাকে। নলীগুলির স্থিতিস্থাপক ও পেশী শক্তি লোপ পাওয়াতে উহারা অসমানভাবে প্রসারিত হইয়া পড়ে; এইরূপ প্রসারণকে ব্রংকিয়াল্-প্রসারণ কহে। নলীগুলি সমানভাবে প্রসারিত হইলে দস্তানার অঙ্গুলির মত আকার প্রাপ্ত হয়, অথবা থালীর মত কিম্বা গোলাকার প্রসারণ দৃষ্ট হয়, এরূপ হইলে ব্রংকাই মধ্যে যেন প্রকৃত গহ্বর হইয়াছে বলিয়া বোধ হইয়া থাকে।

elastic and muscular coats of the tubes calcification of cartilages bronchial dilatation, yellow colored cells and corpuscles in mucus variety; scanty tough and semi-transparent secretion in dry variety, abundant greenish yellow and foetid secretion in Bronchorrhoea

মিউকাস্-কাটার নামক পুরাতন ব্রংকাইটিস্ শ্রেণীতে যে শ্লেষ্মা বাহির হয় উহাতে পীতবর্ণের ছোট ছোট নূতন কোষ বা সেল্ এবং মিউকাস কণা বা কর্পাসকেল্ দৃষ্ট হয়, শুষ্ক সর্দ্দি শ্রেণীতে অল্প, চিম্‌সে, অর্দ্ধেক স্বচ্ছ, এবং গোলাকার চাপ২ শ্লেষ্মা ওঠে, এবং ব্রংকোরিয়া নামক শ্রেণীবিভাগে প্রচুর, সবুজ ও পীত বর্ণ মিশ্রিত ও দুর্গন্ধযুক্ত শ্লেষ্মা বাহির হইয়া থাকে।

মিউকাস্-ক্যাটার বা সর্ব্বদা যে পুরাতন ব্রংকাইটিস হইয়া থাকে। শীতকালে প্রায়ই এইরূপ কাশি হয়। অল্প শৈত্য লাগিলেই মধ্যে২ কাশির উদ্রেক হইয়া থাকে। এরূপ পুরাতন ব্রন্‌কাইটিস্ রোগে ষ্টার্ণাম অস্থির পশ্চাতে ঈষৎ বেদনা ও ক্ষত বোধ, কাশিলে বৃদ্ধি, বক্ষে চাপ বোধ ও অল্প পরিশ্রমে হাঁপ বোধ হইয়া থাকে। এই রোগে কাশিই প্রধান লক্ষণ; ইহা মধ্যে২ জোর করে এবং ইহা প্রথম শয়ন কালে এবং প্রত্যূষে উঠিবার কালে উপস্থিত হয়। বক্ষে শ্লেষ্মা সঞ্চয় হইলেও কষ্টে উঠিয়া থাকে। শ্লেষ্মা ধূসর, পীত, সবুজ, শ্লেষ্মা পূঁয মিশ্রিত অথবা পূঁযের বর্ণের মত হয়। এক২ চাপ অথবা টুকরা ২ গয়ার ওঠে। শ্লেষ্মায় অত্যল্প বায়ু থাকা প্রযুক্ত উহা

Mucous catarrh. Symptom. soreness behind sternum, oppression short breath, cough worse on going to bed and in early morning, abundant sputa but difficult to expel; greyish, yellowish or greenish sputa sputa sink in water, offensive odour in foetid variety, wasting, debility slight eve-

sing pyrexia, night sweats.

জলে প্রায়ই নিমগ্ন হইয়া যায়। শ্লেষ্মায় কদাচ রক্তের ছিট দৃষ্ট হয়। শ্লেষ্মা পচিয়া গেলে অথবা উহাতে পচা টুকরা অর্থাৎ স্লাফ্ থাকিলে ফিটিড বা পচা ব্রংকাইটিস্ নাম প্রাপ্ত হয়। অনুবীক্ষণ যন্ত্র দ্বারা শ্লেষ্মা পরীক্ষা করিলে উহাতে গ্র্যানুলার পদার্থ, এপিথিলিয়াম্ ও পূয কোষ, এবং রক্তকণিকা দৃষ্ট হইয়া থাকে।

পুরাতন ব্রন্কাইটিস্ রোগ কঠিন হইয়া পড়িলে শীর্ণতা, দুর্ব্বলতা, সন্ধ্যাকালে ঈষৎ জ্বর বোধ বা উত্তাপের আধিক্য এবং নৈশ ঘর্ম্ম প্রকাশ পায়, সুতরাং অনেক স্থলে যক্ষ্মা রোগের পূর্ব্বাভাস পাওয়া গিয়া থাকে।

Dry catarrh. cause: gout, *emphesema*, iritant inhalation, seaside residence. sympts: dyspnoea, tightness oppression, wheezing, irritable dry cough, followed by boiled starch like greyish, pearl like tough mucus.

২। শুষ্ক শর্দ্দি বা ড্রাই-ক্যাটার—গাউট ও এম্ফিসিমা, উত্তেজক পদার্থের আঘ্রাণ এবং সমুদ্র ধারে বাস প্রভৃতি অবস্থায় শুষ্ক শর্দ্দি উপস্থিত হয়। ইহাতে শ্বাসকষ্ট, বক্ষে টাইট চাপ বোধ, হুইজিং বা বক্ষে সাঁইং শব্দ ও কষ্টকর ও উত্তেজক কাশি হইয়া থাকে। কাশি প্রায়ই শুষ্ক হয় অথবা কাশিলে ধূসর বর্ণের, মুক্তার মত, চিমসে, সাগুদানা সিদ্ধ করার মত অথবা জলবৎ অতি সামান্য শ্লেষ্মা উঠিয়া থাকে।

Bronchorrhoea: cause. old people with heart disease. sympts: abundant sputa, sputa watery, transparent, glutinous and ropy like a mixture of egg and water, not frothy, little but violent cough, loss of flesh, weakness.

৩। ব্রংকোরিয়া—হৃদ্‌রোগগ্রস্ত বৃদ্ধদিগের প্রায়ই ব্রংকোরিয়া হয়। ইহাতে ২৪ ঘণ্টার মধ্যে ৪।৫ পাইন্ট শ্লেষ্মা উঠিতে পারে। শ্লেষ্মা জলবৎ স্বচ্ছ, আটাযুক্ত, সুতার মত, জলে ডিম্ব দ্রব করার মত অথবা কদাচ ফেনযুক্ত হইয়া থাকে। থেকেং প্রবল কাশি হয়, কিন্তু কাশি অপেক্ষা অধিক পরিমাণে শ্লেষ্মা উঠিয়া থাকে। প্রত্যেকবার কাশির পর শ্বাসকষ্ট কম হয়। ব্রংকোরিয়া রোগ বৃদ্ধি পাইলে রোগী শীর্ণ ও দুর্ব্বল হইয়া থাকে।

Physical signs: on Percu-

ভৌতিক লক্ষণ—১। বক্ষ স্পর্শ করিলে রঙ্কাল

ফ্রি মিটাস অনুভব করা যায়। (২) ঠোকর মারিলে স্বাভাবিক শব্দ হয় কিন্তু ব্রংকাই প্রসারিত হইলে বিস্তৃতভাবে টিম্পানিক অথবা এম্ফোরিক পার্কাশন বা ঠোকর শব্দ শ্রুত হয়। সীমা বিশিষ্ট গহ্বরে বায়ু থাকিলে সুতরাং ব্রংকাই নলীর মুখ খোলা থাকিলে ঐরূপ ঠোকর শব্দ উৎপন্ন হইয়া থাকে। (৩) ষ্টেথোস্কোপ অর্থাৎ আকর্ণন যন্ত্র দ্বারা কর্কশ শ্বাস প্রশ্বাস শব্দ ও দীর্ঘ প্রশ্বাস শ্রবণগোচর হয় এবং এতৎসঙ্গে সোনোরাস্ সিবিলেণ্ট এবং নিম্নদেশে বড়২ ও ছোট২ সরস রাল্‌স শ্রুত হইয়া থাকে। ব্রংকাইগুলি প্রসারিত থাকিলে কর্কশ শ্বাস প্রশ্বাস ব্যতীত ব্রংকো-ক্যাভার্ণাস্ শ্বাস প্রশ্বাস ও বড়২ ও ক্ষুদ্র২ গার্গ্লিং শব্দ শ্রবণ করা গিয়া থাকে।

ssion : normal, or diffused spots of tympanitic or amphoric sound. On Auscultation : 1. Rhonchal fremitus. 2. Harsh respiration. with prolonged expiration. 3 sonorous and sibilant rhonchi with large mucous rales.

ভাবী ফল—পুরাতন ব্রংকাইটিস্ রোগ বদ্ধমূল হইলে কদাচ নির্দ্দোষরূপে আরোগ্য হয়। ঐ রোগ অত্যন্ত পুরাতন না হইলে এবং বিশেষ তদারক করিলে সম্পূর্ণ আরোগ্য সম্ভব হয়। ঐ রোগগ্রস্ত ব্যক্তি বহুকাল অথবা বৃদ্ধ বয়স পর্য্যন্ত বাঁচিলেও বড় কষ্টে জীবন যাপন করিয়া থাকে। এই রোগ অত্যন্ত বিস্তৃত হইলে অথবা এই রোগের সহিত হৃদ্‌রোগ, মুত্রগ্রন্থির রোগ, এম্ফিসিমা বা ফুস্‌ফুস স্ফীততা, প্রশস্ত ব্রংকাইনলী, ফুস্‌ফুসের কুঞ্চন, অথবা যক্ষ্মা উপস্থিত হইলে বিপদের আশঙ্কা থাকে।

prognosis : favourable but with great difficulty

পুরাতন ব্রংকাইটিস্ রোগ হৃদরোগ ও ফুস্‌ফুস্ রোগের সহিত মিশ্রিত না থাকিলে প্রায়ই মারাত্মক হয় না, তবে এই রোগ সহজে আরাম হয় না, অল্প শৈত্য লাগিলেই বৃদ্ধি পাইয়া থাকে।

চিকিৎসা—পুরাতন ব্রংকাইটিস রোগের অঙ্কুরেই চিকিৎসা করা কর্ত্তব্য। উত্তেজনা হইতে রোগীকে দূরে রাখিবে এবং যাহাতে ঠাণ্ডা না লাগে এরূপ করিবে অর্থাৎ সর্ব্বদা গরম

জামা ব্যবহার করিতে বলিবে। দেশ ও বায়ু পরিবর্ত্তনের বিশেষ আবশ্যক হইয়া থাকে। ঠাণ্ডায় বাহির হওয়া উচিত নহে, নাক ও মুখ ঢাকিয়া বাহিরে বেড়ান কর্ত্তব্য। ফিটিড্ ব্রংকাইটিস রোগে পটাস্ পার্মেঙ্গানেট ও কার্ব্বলিক এসিড্ ক্ষীণ দ্রাব প্রস্তুত করিয়া আঘ্রাণ করান কর্ত্তব্য। ব্রংকোরিয়া রোগে এক ঔন্স জলে ১০ বিন্দু হাইড্রাষ্টিস মূল অরিষ্ট মিশ্রিত করিয়া ব্যবহার করা কর্ত্তব্য। অত্যন্ত কাশির আক্ষেপ হইলে কয়েক বিন্দু ক্লোরো-ফর্ম্ম আঘ্রাণ করান কর্ত্তব্য; তথাপি কতকগুলি কাফ্ মিকশ্চার ব্যবহার করাইবে না। শীতল জলে স্নান করিয়া ফ্লানেল প্রভৃতি জামা পরিধান বিধেয়। ব্রংকোরিয়া রোগে গরম দেশে বাস এবং শুষ্ক ব্রংকাইটিস রোগে সেঁৎসেঁতে দেশে বাস উপ-যোগী হয়।

Alumina cough worse at 6 a m difficulty in raising cough prevail in cold season, relieved by lying on face,

এলুমিনা—প্রাতঃকালে উঠার সময় কাশির বৃদ্ধি, অনেকবার কাশির পর গয়ার ওঠা, কখন রাত্রিতে অতি কষ্টকর কাশি, শীতকালে কাশি, গরম পড়িলে তবে উপশম, মুখ চাপিয়া শয়ন করিলে কাশির উপশম, প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। উগ্র স্বভাবাপন্ন নর নারীর পক্ষে ইহা ব্রায়োনিয়া ঔষধের পর বিলক্ষণ খাটে।

Ambragrisea: dry evening cough of aged people, gray sputa in morning

এম্ব্রা-গ্রিসিয়া—সন্ধ্যাকালে শুষ্ক কাশি, প্রাতে ধূসর বর্ণের গয়ার তোলা, পরিশ্রম করিলে ও অধিক গান করিলে কাশি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। ইহা বৃদ্ধদিগের পক্ষে ভাল।

Amm. Carb: dry tickling cough, heat and burning under sternum rough voice, aged people.

এমোন-কার্ব্ব—শুষ্ক ও শুড়শুড়ে কাশি, শ্বাসনলীতে প্রচুর শ্লেষ্মা সঞ্চয় হইলে তুলিতে অক্ষমতা, প্রাতঃকালে ও সন্ধ্যা-কালে কাশি, স্বল্প ও রক্ত মিশ্রিত গয়ার ওঠা, তৎসঙ্গে ষ্টার্ণাম অস্থির নিম্নস্থিত শ্বাসনলীতে তাপ ও জ্বালা বোধ, (বোধ হয় যেন সুরাবীর্য্য সেবন করিয়াছে), কর্কশ স্বর প্রভৃতি ইহার

প্রয়োগ লক্ষণ। বৃদ্ধ ব্যক্তি ও দুর্ব্বল অবস্থায় ইহা উপযোগী হয়।

এমোন-মিউর—কাশিলে প্রচুর, গাঢ় ও সাদাটে গয়ার ওঠা, বক্ষের ভিতর শ্লেষ্মার ঘড়ঘড়ানি, শয়ন করিলে কাশির বৃদ্ধি, বক্ষের ভিতর জ্বালা, নড়িলে এবং শয়ন করিয়া থাকিলে শ্বাসকষ্ট, কোমল তালুতে ক্ষত ও বেদনা বোধ, দুই স্কন্ধের মধ্যবর্ত্তী প্রদেশে ঠাণ্ডা বোধ, প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। বৃদ্ধ ব্যক্তি, ব্রংকিয়েক্টেসিস্ ও এম্ফিসিমা প্রভৃতি অবস্থায় ইহা বিশেষ উপযোগী হইয়া থাকে।

Amm mur. profuse sputa, burning in chest, rattling, sore fauces, cold between shoulders, old age, bronchiectasis, emphysema.

আর্জেন্টম-নাইট্রিকাম্—ঘড়ঘড়ে কাশি, কর্কশ স্বর, শীর্ণ পদ, শিশুকে ক্রোড়ে করিয়া না বেড়াইলেই কন্দন, শর্করা খাইবার জন্য অত্যন্ত ইচ্ছা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Arg nit. rattling cough hoarse voice, emaciated legs, much crying, craving for sugar.

আর্সেনিক—শুষ্ক ও আক্ষেপিক কাশি, তৎসঙ্গে শ্বাসকষ্ট, হাঁপানি, হৃদকষ্ট, দুর্ব্বলতা, স্নায়বিক উগ্রতা, শোথ, রাত্রিতে শয়ন করিলে, পান করিলে ও ঋতু পরিবর্ত্তনে কাশির বৃদ্ধি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। ফিটিড্—ব্রংকাইটিস্ রোগে গয়ারে অত্যন্ত দুর্গন্ধ হইলে এমন কি গয়ারের দুর্গন্ধে গৃহ মধ্যে তিষ্টিতে না পারিলে ৬ নং আর্সেনিক ৩ দিবস সেবন করাইলে বিশেষ উপকার হয়। বৃদ্ধদিগের পুরাতন ব্রংকাইটীস্ রোগে ইহা দ্বারা হাঁপ ও উত্তেজনা বিশেষরূপে নিবারিত হইয়া থাকে।

Arsenic dry, spasmodic cough, dyspnoea, asthma hydraemia,

কাল্ককার্ব্ব—পীতবর্ণের, চাপ২ অল্প মিষ্ট এবং কখন২ দুর্গন্ধ যুক্ত গয়ার, জলে ফেলিলে তলায় স্খলিত তারকার মত লাঙ্গুল বিশিষ্ট দেখায়, এসৃক্রফুলা ধাতু, স্বরভঙ্গ, অল্প পরিশ্রমে অতি ঘর্ম্ম, এবং আহারান্তে হৃদস্পন্দন প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Calc carb. yellow lumpy, sweetish, foetid sputa, shooting star like when thrown in water, hoarseness, perspiration palpitation.

কার্ব্বো-এনিমেলিস—কাশি তৎসঙ্গে স্বরভঙ্গ, নৈশঘর্ম্ম, দুর্গন্ধযুক্ত ও দুর্ব্বলকর কাশি, পরে সন্ধ্যাকালে শীত হইয়া

Carbo. ani.: cough hoarseness, night

sweat, evening fever, cold and aching in lumbar region and lógs.

জ্বর, কটিপ্রদেশে ও পদে ঠাণ্ডা ও বেদনা বোধ প্রভৃতি ইহার প্রযোগ লক্ষণ।

Corbo-veg. burning heat, perspiration, weakness, wants to be fanned, cold skin, pointed nose, rattling of large bubbles, cold knees in bed.

কার্ব্বো-ভেজ—বক্ষের ভিতর জ্বালা; তাপ, ঘর্ম্ম, অত্যন্ত দুর্ব্বলতা, বক্ষে চাপ বোধ, সর্ব্বদা বায়ু সেবনে ইচ্ছা, শীতল গাত্র, উন্নত নাসিকা, শ্বাসপথে বড় বড় সবস শব্দ, শয্যায় শীতল জানু, প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। পরিশ্রান্ত ও বৃদ্ধদিগের পক্ষে ইহা উপযোগী হয়।

Causticum dry hard cough. sputa greasy tasting and tough

কষ্টিকাম—শুষ্ক ও কঠিন কাশি, রাত্রিতে বৃদ্ধি, শীতল পানীয়ে উপশম, শ্লেষ্মা চর্ব্বির মত আস্বাদনযুক্ত ও চিমসে।

China : black difficult sputa cough worse with head lying low

চায়না—কাশি ও কষ্টকর গয়ার, মস্তক নিচু করিয়া শয়ন করিলে কাশি বৃদ্ধি, মস্তক উত্তোলন করিলে কাশির উপশম।

Coral. Rubr: cold expectoration

কোরালিয়াম রুব্রাম—ঠাণ্ডা গয়ার উঠিলে ইহা উপযোগী হইয়া থাকে।

Chelidonium: dry spasmodic cough

চেলিডোনিয়াম—শুষ্ক ও আক্ষেপিক কাশিতে ইহা উপকার করিয়া থাকে।

Drosera spasmodic cough with vomiting, worse on lying down

ড্রসেরা—কাশির প্রবল আক্ষেপ বশতঃ বমন, শয়ন করিলে কাশি বৃদ্ধি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Hepar Sulph yellowish and foetid sputa loose in morning

হেপার সাল্ফর—ঈষৎ হরিদ্রা বর্ণের ও দুর্গন্ধযুক্ত গয়ার, প্রাতঃকালে এবং গাত্রবস্ত্র উন্মোচন করিলে কাশি বৃদ্ধি।

Iodium :

আইওডিয়াম—তরুণ ব্রংকাইটিস্ রোগের চিকিৎসা স্থানে ইহার প্রয়োগ লক্ষণ দ্রষ্টব্য।

Kali bichr Ropy sputa.

কেলি-বাইক্রম—দড়ির মত গয়ার, আহার ও পান করিলে কাশি বৃদ্ধি।

Kali carb : dry cough, worse

কেলিকার্ব্ব—শুষ্ক কাশি, টেকিয়া নাকক শ্বাসনলীতে বোধ হয় যেন এক শুষ্ক ঝিল্লী অবস্থিতি করে, কাশিয়া কিছুতেই

উহা উঠাইতে পারা যায় না), পিচ্ছিল ও লবণাক্ত গয়ার রাত্রি ৩ টার সময় কাশি বৃদ্ধি ও তৎসঙ্গে বক্ষের নিম্নাংশে বেদনা, আহার ও পান করিলে কাশিবৃদ্ধি, শুষ্ক গাত্র, শুষ্ক মল, আরক্ত এবং স্ফীত উপরের অক্ষিপুট এবং হামরোগের পর কাশিতে ইহার বিলক্ষণ উপযোগীতা দৃষ্ট হয়। about 3 A. m. slimy salty sputa dry skin, dry stool, red and swollen eyelids.

ল্যাকেসিস্—তরুণ ব্রংকাইটিস রোগে ইহার প্রয়োগ লক্ষণ দ্রষ্টব্য। Lachesis:

লরোসিরেসাস্—হৃদ্‌রোগ বশতঃ গলা শুড়্২ করিয়া অল্প২ কাশি। Laurocerasus cardiac cough.

ক্রিয়োজোট—দন্তোদ্গমকালে শিশুদিগের ব্রংকাইটিস রোগে গাঢ় অল্প শাদা অথবা হরিদ্রা বর্ণের গয়ার উঠিলে ইহা দ্বারা উপকার হয়। Kreasot: cough during dentition.

লোবিলিয়া—এমফিসিমা রোগে ডায়াফ্রাম পেশীর আক্ষেপিক কুঞ্চন, তৎসঙ্গে পাকাশয়ের স্থানে বেদনা, পেটফোলা, গভীর নিশ্বাস লইতে অক্ষমতা, অত্যন্ত শ্বাসকষ্ট বশতঃ মুখ নীল বর্ণ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। Lobelia. tympanitis, contraction of diaphragm stomach pain dyspnoea cyanosis.

লাইকোপোডিয়ম—প্রচুর ও পূঁযবৎ গয়ার তৎসঙ্গে যকৃতে রক্তাধিক্য, পেটফাঁপা, কোষ্ঠবদ্ধ শীর্ণাকৃতি, প্রস্রাবে লাল-গুঁড়া, অজীর্ণ ও অম্লাধিক্য, দুর্ব্বল ও শীর্ণকায় বালকদিগের দিবারাত্র শুষ্ক কাশি, কাশির পর উচ্চ শব্দ বিশিষ্ট উদ্গার উঠা এবং লবণাক্ত গয়ার প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। বৃদ্ধদিগের পুরাতন কাশ রোগে ইহা বিশেষ ফলপ্রদ। Lycopodium. mucopurulent sputa, liver congestion, flatulence, constipation, acid dyspepsia, cough ends with a loud belch, salty sputa.

নেট্রাম-কার্ব্ব—গরম ঘরে ঢুকিলেই কাশিবৃদ্ধি (ব্রাইওনিয়ার মত)। Natrum Carb cough excited by coming into a warm room.

নেট্রাম মিউর—স্বচ্ছ ও চট্‌চটে গয়ার, ক্ষীণ স্বর, Natrum Mur.

transparent viscid sputa, weak voice, pain after urination.

হৃৎস্পন্দন এবং প্রস্রাবের পর মূত্রনালীতে কর্ত্তনবৎ বেদনা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Natrum Sulph night cough worse morning.

নেট্রাম-সল্‌ফার—রাত্রিতে কাশি হইলে উঠিয়া বসিতে ও দুই হাত দিয়া বুক চাপিয়া ধরিতে হয়, শেষ রাত্রিতে অথবা প্রাতঃকালে হাঁপানির মত কাশি, ঠাণ্ডায় ও বাদলায় হাওয়ায় কাশিবৃদ্ধি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Nitric Acid; cough with morning thirst

নাইট্রিক-এসিড—কাশির সহিত প্রাতঃকালে তৃষ্ণা থাকিলে ইহা দ্বারা উপকার হয়।

Phosphorus: dry cough, also abundant tough, morning sputa, tremor.

ফসফরাস—শুষ্ককাশি ব্যতীত পুরাতন কাশ রোগে প্রাতঃকালে অধিক পরিমাণে চিমসে শ্লেষ্মা উঠা, কখনং ঠাণ্ডা গয়ার উঠা, কাশিবার কালে কম্প প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Phos Acid cough in overgrown youths.

ফসফরিক-এসিড—যে সকল বালক শীঘ্রং বাড়ে উহাদের কাশিতে ইহা উপযোগী হয়

Platina; cough due to uterine disease with nocturnal disturbances.

প্লাটিনা—জরায়ুর রোগ বশতঃ পুরাতন কাশি তৎসঙ্গে মানসিক বিকার প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে ইহা উপযোগী হয়।

Plumbum: purulent sputa.

প্লাম্বাম্—প্রচুর এবং শ্লেষ্মা ও পূঁয মিশ্রিত কিম্বা কেবল পূঁযবৎ গয়ার উঠিলে ইহা উপকার করে।

Sanguinaria night cough, red cheeks. burning dryness in mouth and throat.

স্যাঙ্গুয়িনেরিয়া—রাত্রিকালে কাশি বৃদ্ধি, লাল গণ্ডদেশ, মুখগহ্বর ও কণ্ঠের ভিতর জ্বালাকর শুষ্কতা, জল পান করিলে ও শুষ্কতা দূর হয় না প্রভৃতি লক্ষণে ইহা উপকার করে।

Secale: concussive cough, profuse sweat, sleepless night, colic, diarrhœa, tympanitis.

সিকেলি—মাথা ঝনঝনানি কাশি, প্রচুর ঘর্ম্ম, রাত্রিতে অনিদ্রা, অন্ত্রশূল, উদরাময় ও পেটফুলা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Sepia

সিপিয়া ও স্পাঞ্জিয়া—তরুণ ব্রংকাইটিস রোগে

ইহার প্রয়োগ লক্ষণ দ্রষ্টব্য।

Spongia :

সিলিকা—পূঁযবৎ গয়ার উঠা, ঐরূপ গয়ার জলে পড়িলে তলায় ডুবিয়া থাকে, ঠাণ্ডায় কাশিবৃদ্ধি ও গরম পদার্থ পান করিলে উপশম প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Silica : pus sputa sinks in water.

ষ্ট্যানাম—শ্বাসনলীর বিস্তৃতি, তৎসঙ্গে অত্যন্ত পূঁয গয়ার উঠা এবং বক্ষের ভিতর দুর্ব্বলতা অনুভব প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Stannum : purulent sputa weak chest

ষ্টাফিসিগ্রিয়া—মাংস আহার করিলে বা দাঁত মাজিতেং কাশির উদ্রেক, সহজেই ক্ষুণ্নমনা এবং গ্রীবা ও বগলের গ্রন্থি স্ফীতি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Staphis : cough excited by eating meat or cleaning the teeth ; sensitive mood, swollen glands

সালফার—বাত ও চর্ম্মরোগগ্রস্ত ব্যক্তিদিগের পুরাতন কাশি, ঠাণ্ডা লাগিলে অথবা ঘর্ম্মরোধপ্রযুক্ত বক্ষের ভিতর বরফের মত শৈত্যানুভব, কাশির সহিত মস্তকে ভার বোধ, ক্ষীণদৃষ্টি, প্রচুর পরিমাণে চটচটে শ্লেষ্মাস্রাব অথবা হরিদ্রাভ শাদা ও অল্প পরিমাণ গয়ার উঠা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। অন্যান্য ঔষধে উপকার বোধ না হইলে ইহা ব্যবহৃত হইয়া থাকে।

Sulphur cough with heavy head, dim vision, profuse or scanty sputa in rheumatic or scrofulous persons, sensation as of ice in the chest whenever chilled or perspiration checked.

টার্টার এমিটিক—তরুণ ব্রংকাইটিস রোগে ইহার প্রয়োগ লক্ষণ দ্রষ্টব্য।

Tartar emt.

এতদ্ব্যতীত, শুষ্ক ব্রংকাইটিস রোগে সিদ্ধ জলের ধূম আঘ্রাণ করিলে উপকার হয়। দুর্গন্ধ পূঁযস্রাবী ব্রংকাইটিস রোগে পটাস পারম্যাগানেট ঔষধের ক্ষীণ দ্রাব অথবা কার্ব্বলিক এসিড গরম জলে ফেলিয়া উহার ধূম আঘ্রাণ করিলে বিশেষ উপকার পাওয়া যায়। ১০ ফোঁটা হাইড্রাষ্টিস্ মূল আবিষ্ট অর্দ্ধ ছটাক জলে ফেলিয়া আঘ্রাণ করিলে ব্রংকোরিয়া রোগের উপকার হয়।

Inhalation of various drugs may be useful in chronic bronchitis.

কাশির প্রবল আক্ষেপকালে কয়েকবিন্দু ক্লোরোফরম আঘ্রাণ করিলেও বিশেষ উপকার হইয়া থাকে। প্রত্যহ প্রাতঃকালে লবণ মিশ্রিত জলে স্নান করিয়া পরে উষ্ণ বস্ত্র দ্বারা দেহ আবৃত

করিয়া রাখিলে বিলক্ষণ উপকার হয়। পুরাতন কাশিগ্রস্ত ব্যক্তিগণের সর্ব্বদা বেড়ান কর্ত্তব্য।

পুরাতন ব্রংকাইটিস রোগ সম্বন্ধে কয়েকটী সার কথা:—

শ্লেষ্মা গয়ার উঠিলে—এণ্টিমটার্ট, কেলি বাইক্রম।

পূঁয গয়ার উঠিলে—মার্কুরিয়াস, সিলিকা, লাইকোপোডিয়াম, ক্যাল্কেরিয়া, সালফার এবং আইওডিয়ম্।

ডাক্তার মেহোফার বলেন সালফার অথবা লাইকোপোডিয়ম্ ব্যতীত পুরাতন ব্রংকাইটিস রোগের চিকিৎসা করা যায়না।

ক্যাপিলারী ব্রংকাইটিস চিকিৎসা।

Treat ment of Capillary Bronchitis:

Aconite: diminishes dyspnœa and cough. Belladonna during congestion.

একোনাইট—ইহা প্রথম হইতে প্রয়োগ করিলে কৈশিকা ব্রংকাইনলী গুলিতে অধিক রক্ত সঞ্চয় হইতে পারে না; ইহা দ্বারা শ্বাস কষ্ট ও শুষ্ক কাশি অনেক পরিমাণে কমিয়া যায়। রক্ত সঞ্চয় হইয়া পড়িলে ইহা অপেক্ষা বেলেডনা ভাল।

Tarteremet: carbonic acid poisoning, rattling cough, nausea or vomiting.

টার্টার এমেটিক—ফুসফুসে কার্ব্বনিক এসিড্ সঞ্চয়, ঘড়ঘড়ে কাশি, তৎপরে বমন অথবা তরল কাশি তৎসঙ্গে বমনেচ্ছা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Ipecac.: Bubbling rales, dyspnœa, suffocative cough, vomiting,

ইপিকা—ইহারও প্রয়োজন হইয়া থাকে, বক্ষের ভিতর সরস পুড় পুড় শব্দ, অত্যন্ত শ্বাস কষ্ট, শ্বাসবদ্ধকারী কাশি এবং টার্টার এমেটিক অপেক্ষা অধিক বমনেচ্ছা ও বমন ইহার প্রয়োগ লক্ষণ।

Merc. sol.: coated tongue diarrhœa, alternate chill and heat, perspiration.

মার্ক সল্—পাকাশয় ও অন্ত্রের লক্ষণ প্রবল থাকিলে, ময়লাযুক্ত জিহ্বা, উদরাময়, পর্য্যায় ক্রমে শীত ও তাপ এবং প্রচুর ঘর্ম্ম ইহার প্রয়োগ লক্ষণ।

এতদ্ব্যতীত, সোলেনাম, হেপার সাল্ফার, স্পঞ্জিয়া, ওপিয়াম, ও ভিরেট্রামভিরিডি প্রয়োজনানুসারে ব্যবহার করিলে উপকার দর্শে। Other remedies may be consulted.

কেপিলারি ব্রংকাইটিস্ রোগে এক ঘরে সমান তাপের মধ্যে শিশুকে রক্ষা করা কর্ত্তব্য। এই রোগে ঘর্ম্মকারক ঔষধ প্রয়োগ নিষিদ্ধ। কাশির আক্ষেপ নিবারণার্থে গরম জলের ধূম আঘ্রাণ করা ভাল। Accessary, treatment.

BRONCHIECTASIS.

ব্রংকিয়েক্টেসিস্।

ব্রংকিয়াল নলীর প্রকরণ—ব্রংকিয়েকটেসিস্

Dilated bronchitis: Causes: Bronchitis, Phthisis, Ch. interstitial Pneumonia, morbid changes in the walls, increased pressure of air from within, pressure of stagnant secretion, lung contraction.

কারণ। ব্রংকাইটিস্ থাইসিস এবং পুরাতন ইনটারিষ্টিসিয়াল্ নিউমোনিয়া রোগের সহিত ব্রংকাই প্রসারিত হইয়া থাকে। ইহার প্রধান ২ কারণ যথা :—

১। ব্রংকাই প্রাচীরের অস্বাভাবিক পরিবর্ত্তন ঘটিলে উহার শক্তি লোপ হয় এবং তজ্জন্য উহার প্রসারণ হয়।

২। প্রশ্বাসে বায়ুর চাপে অথবা নিশ্বাসে বায়ু কোষের সঙ্কোচ বশতঃ ক্ষুদ্র২ শাখা ব্রংকাই প্রসারিত হইতে পারে।

৩। বহুদিনের শ্লেষ্মা ও রস প্রভৃতির চাপে ব্রংকাই প্রসারিত হয়।

৪। পুরাতন ইনটারষ্টিসিয়াল্ নিউমোনিয়া রোগে ফুসফুস তন্ত কুঞ্চিত হইলে উক্ত টিসু মধ্যস্থিত ক্ষুদ্র ব্রংকাই প্রসারিত হইয়া থাকে।

Pathological anatomy: dilatation, fusiform shape, globular enlargement, occassional ulcer, muco-purulent or purulent mucous accumerlation some times gangrene or hœmorrhages.

নৈদানিক পরিবর্ত্তন—প্রসারিত হইয়া ব্রংকাই মাকুর মত অথবা গোলাকার আকৃতি বিশিষ্ট হয়। উহার অভ্যন্তর গাত্রে ক্ষত দৃষ্ট হইতে পারে। উহার ভিতর দুর্গন্ধ পূঁয এবং পূয ও শ্লেষ্মা মিশ্রিত পদার্থ অবস্থিতি করে। ইহার মধ্যে পচন অথবা রক্তস্রাব হওয়া সম্ভব হয়। উহার মধ্যস্থিত

lastty caseation, calcareous deposit and obliteration.

পদার্থ ক্রমে শুকাইয়া কেজিয়াস ও ক্যাল্কেরিয়াস পদার্থে পরিণত হয় এবং অবশেষে প্রশস্ত ব্রংকাইগুলি শুকাইয়া বদ্ধ হইয়া গিয়া থাকে।

Physicalsigns: Tubular percussion sound, loud bronchial, blowing tubular or cavernous breath sound heard after cough, various moist and hollow rales. Loud bronchophony or pectoriloquy.

ভৌতিক চিহ্ন— ১। ঠোকার মারিলে টিবুলার শব্দ হয়। ২। উচ্চ ব্রংকিয়াল্ ব্লোয়িং টিবুলার ও কেভার্নাস শ্বাস প্রশ্বাস শব্দ শ্রুত হয়।

কাশিব পর এইরূপ শব্দ উত্তমরূপ শ্রবণ গোচর হইয়া থাকে। ৩। বিবিধ ফাঁপা সরস বাল্‌স শুনা যায়। ৪। উচ্চ ব্রংকোফোনি বা পেক্টোরিলোকুই শ্রবণগোচব হইয়া থাকে।

Symptoms: severe paroxysmal cough, difficult expectoration when coughing.

লক্ষণ—ব্রংকাইগুলি প্রশস্ত হইলে প্রবল ও আক্ষেপিক কাশি হয় এবং তৎপরে অত্যন্ত দুর্গন্ধযুক্ত ও গাঢ় শ্লেষ্মা অতি কষ্টে উঠিয়া থাকে। কাশিবার কালে প্রশ্বাস বায়ু যৎপরোনাস্তি দুর্গন্ধযুক্ত হইয়া থাকে।

Treatment: Kreasote. & other cough remedies described.

চিকিৎসা—অন্যান্য কাশি বোগেব ন্যায়। এই বোগে সাল্‌ফার, ক্যাল্কেবিয়া ও ষ্টানাম লক্ষণানুসাবে উচ্চ ক্রমে উপকার করিয়া থাকে। তবে অত্যন্ত দুর্গন্ধ শ্লেষ্মা উঠিলে ৩৩ বিন্দু করিয়া ক্রিয়োজোট দিবসে ৩ বাব কবিয়া আঘ্রাণ করাইবে। এতদ্ব্যতীত, কার্ব্বলিক এসিড আঘ্রাণ কবা ও প্রচলিত আছে।

Croupous Bronchitis.
Synonyms- membranous, plastic or diphtheritic bronchitis.

CROUPOUS BRONCHITIS.

ক্রুপাস ব্রণকাইটিস্।

অপর নাম—মেম্ব্রেনাস্ ব্রংকাইটিস প্লাষ্টিক ব্রংকাইটিস বা ডিপথিরিটিক ব্রংকাইটিস, ব্রংকিযাল-ক্রুপ, ফিব্রিনাস্ ব্রংকাইটিস, ব্রংকিয়াল পলিপাস্।

Definition: an acute inflammation of the M. M. of the large and medium sized bronchial tubes, attended with an exudation forming a membrane which is closely adherent and characterized by

নির্ব্বাচন—বড় ও মধ্যম আকারের ব্রংকিয়াল নলীর শ্লৈষ্মিক ঝিল্লীব তরুণ প্রদাহ, জনিত রস সঞ্চয় ও তন্মধ্যে এক নূতন ঝিল্লী নির্ম্মাণ; তৎসঙ্গে জ্বর, কাশি, কষ্টকর শ্বাস

প্রশ্বাস অল্প শ্লেষ্মা ওঠা সহিত কৃত্রিম ঝিল্লীর বহির্গমন প্রভৃতি অবস্থা প্রকাশ পাইলে উহাকে ক্রুপাস্ ব্রংকাইটিস কহে।

fever, cough dyspnoea, scanty expectoration followed by the expulsion of false membrane.

কারণ—মেম্ব্রেনাস-লেরিঞ্জাটিস্ রোগ নিম্নে বিস্তৃত হইলে এবং এজ্মা, এম্ফিসিমা, থাইসিস ও ডিপথিরিয়া রোগের সহিত এই রোগ উৎপন্ন হইতে দেখা যায়। কিন্তু সজোর ব্যক্তিগণ শৈত্য লাগাইয়া এই রোগে আক্রান্ত হইয়াও থাকেন। কথিত আছে নারীগণ এই রোগে অধিক ভুগিয়া থাকেন।

Causes : membranous laryngitis, asthma, empheema, phthisis diptheria, cold.

নৈদানিক পরিবর্ত্তন। ব্রংকিয়েল শ্লৈষ্মিক ঝিল্লীতে আরক্তিমতা, ফুলা ও শোথ হয়, তৎসঙ্গে উহার উপর সাদা ধূসর বর্ণের এক ঝিল্লীবৎ পদার্থ দৃঢ়ভাবে সংলগ্ন থাকে উহা শীঘ্র আলগা হয় অথবা পাকিয়া ওঠে সুতরাং অত্যন্ত জোর করিয়া কাশিলে বা বমন করিলে উহা বাহির হইয়া পড়ে। বমন হইলে পর কৃত্রিম ঝিল্লীতে কাষ্ট অর্থাৎ ক্ষুদ্র ক্ষুদ্র ব্রংকিয়োল খণ্ড দৃষ্ট হইয়া থাকে।

Patho logica anatomy : hyperaemia, swelling, oedema, membranous deposit in mucous mebrane.

অণুবীক্ষণ যন্ত্র দ্বারা উহাতে ফাইব্রিণ ও লিম্ফ দৃষ্ট হয়। উহাতে এসিটিক্এসিড প্রয়োগ করিলে ফুলিয়া উঠে। সাধারণ শ্লেষ্মা এসিটিক্এসিড দ্বারা কুঞ্চিত হইয়া থাকে।

লক্ষণ—এই রোগ পুরাতন ভাবে আক্রমণ করিয়াও প্রবল ভাব ধারণ করিতে পারে। শ্লেষ্মায় ঝিল্লী বাহির না হইলে এই রোগকে পূর্ব্বে ঠিক করা যায় না। এই রোগে কাশি ও শ্বাস কষ্ট হয়। তৎপরে ফিব্রিনাস চাপ মত শ্লেষ্মা ওঠে। জলের নীচে উহাকে নাড়িলে বৃক্ষের আকার পাইয়া থাকে। এইরোগে অধিক বা অল্প রক্ত উঠিয়া থাকে। কখন কখন এই-রোগে বিস্তৃত ব্রংকিয়াল-ক্যাটার অথবা ফুস ফুস প্রদাহ দৃষ্ট হয় সুতরাং অত্যন্ত জ্বর লক্ষণ প্রকাশ পাইতে পারে। মধ্যে মধ্যে রোগী ভাল থাকে।

Symptoms : violent cough, dyspnoea, fibrinous sputa (tree like under water,) haemoptysis, more or less fever.

Physical signs : dry, sibilant rhonchi with a few mucous rales.

ভৌতিক চিহ্ন—বক্ষে শুষ্ক সিবিলাণ্ট্য রংকাই অধিক পরিমাণে এবং অত্যল্প সরস রাল্ স শ্রবণ গোচর হয়। এইরূপ ভৌতিক লক্ষণ দ্বারা শ্বাসনলীর অবরোধ সুতরাং এম্ফিসিমা অথবা কোলাপ্স রোগের আশঙ্কা থাকে।

Duration. uncertain.

স্থিতিকাল—ক্রুপাস্ ব্রংকাইটিস্ রোগ তরুণ, ও পুরাতন অথবা নূতন ও পুরাতন অবস্থার মধ্যবর্ত্তী ভাব ধারণ করিতে পারে, সুতরাং দিন, সপ্তাহ, মাস ও বৎসরের পর উক্ত প্রকার ঝিল্লী চাপ উঠিতে পারে।

Diagnosis.

রোগ নিরূপণ—তরুণ ব্রংকাইটিস, নিউমোনিয়া, ও প্লুরিসি রোগ হইতে ক্রুপাস ব্রংকাইটিস রোগকে পৃথক করিতে হয়।

Prognosis favourale when no complication.

ভাবীফল—থাইসিস্, এম্ফিসিমা ও নিউমোনিয়া রোগের সহিত ক্রুপাস্ ব্রংকাইটিস হইলেই উহা মারাত্মক হইয়া থাকে নতুবা শিশুদিগের এইরোগে শ্বাস অবরোধ লক্ষণ প্রকাশ পাইলেও সহজে রোগ আরোগ্য হইয়া থাকে।

Treatment : Phosphorous : plastic exudation. Belladonna for capillary congestion ; Aconite to prevent exudation and to control spasmodic cough. Inhalation of steam, weak solution of Hamameles, Hydrastis, and Iodine, warmth to the chest, flannel next to skin.

চিকিৎসা—ব্রংকাই মধ্যে প্ল্যাষ্টিক্ একজুডেশন হইলে ফসফরাস ব্যবস্থা হয়। কারণ ফসফরাস্ দ্বারা মেম্ব্রেন শোষিত হইয়া থাকে। তরুণ রোগে কৈশিকাগুলিতে রক্তাধিক্য হইলে বেলেডনা উপযোগী হয়। প্রথমে একোনাইট সেবন করিলে প্রবল ও আক্ষেপিক কাশি নিবারিত হয় এবং একজুডেশন অর্থাৎ রস বাহির হওন বন্ধ হইয়া থাকে।

ক্রমাগত সিদ্ধ জলের বাষ্প আঘ্রাণ করাইবে। হেমেমেলিস্ হাইড্রাষ্টিস্, এবং আয়োডিন ঔষধের ক্ষীণদ্রাব ব্যবহার করা যাইতে পারে। বক্ষে সর্ব্বদা তাপ দিলে কষ্টে বাহির হইবার

সুবিধা ঘটে। ফ্লানেল গরম করিয়া বক্ষে শুষ্ক তাপ লাগান অথবা রবারের থালিতে গরম জল পুরিয়া সর্ব্বদা বক্ষে সেঁক দেওয়া বিধি। কেলীবাইক্রম ৩ দশমিক ক্রম ক্রুপাস্ ব্রংকাইটিস্ রোগে বিশেষ উপযোগী হইয়া থাকে।

BRONCHIAL ASTHMA.

শ্বাসনলী সম্বন্ধীয় হাঁপানি রোগ।

Definition: periodical dyspnoea, with or without cough and periods of health between the attacks

পরিচয়—যে রোগে মধ্যে২ প্রবল শ্বাসকষ্ট, তৎসঙ্গে কখন প্রবল কাশি, কখন আদৌ কাশি না থাকা. এবং মধ্যে২ শারীরিক সহজ স্বাস্থ্য বর্ত্তমান থাকে উহাকে হাঁপানি কাশি কহে।

Synonyms:

অপর নাম—আক্ষেপিক হাঁপানি রোগ, ব্রংকিয়াল্ এজমা, স্নায়বিক এজ্মা ইত্যাদি।

Varieties: laryngeal, bronchial, nervous, peptic, cardiac hæmic, hay, catarrhal, humid and diaphragmatic asthma.

প্রকার—১। লেরিঞ্জিয়াল্। ২। ব্রংকিয়াল্, ইহা আবার (ক) আক্ষেপিক ; অথবা (খ) পক্ষাঘাতিক হইতে পারে। ৩। নার্ভাস্ বা স্নায়বিক। ৪। পেপ্টিক্ বা পাকাশয়িক। ৫। কার্ডিয়াক্ বা হৃদরোগ সম্বন্ধীয় হাঁপানি রোগ। ৬। হিমিক্ অর্থাৎ রক্তের অথবা রক্ত সঞ্চালন প্রক্রিয়ার অস্বাভাবিক অবস্থা জনিত হাঁপরোগ। ৭। হে-এজমা, অর্থাৎ গ্রীষ্মকালীন শর্দ্দি, জ্বর ও হাঁপ। ৮। শিশুদিগের ক্যাটার্‌্যাল এজমা। ৯। বৃদ্ধদিগের হিউমিড এজমা। ১০। ডায়াফ্রাগমেটিক এজ্মা।

ইহাতে উদর পেশীগুলি টাইট ও শক্ত হয় এবং তজ্জন্য মল মূত্র ত্যাগ হয়।

এই ১০ প্রকার হাঁপানি রোগের মধ্যে ব্রংকিয়াল ও স্নায়বিক হাঁপ রোগের বিশেষ বর্ণনা লিখিত হইল।

Pathology. tonic spasm of the muscular fibres of the bronchiole from direct, reflex or centric irritation. Asthma may also be due to tonic spasm of diaphragm or from an acute swelling of bronchial mucous membrane.

Exciting causes: 1. Idiopathic, 2. Direct inhalation of certain materials 3. Bronchitis emphesema, 4. Cardiac disease, 5 Gastric cause, 6 reflex irritation, 7. Centric origin, 8 irritation of vagus.

নিদানতত্ত্ব—সাক্ষাৎ সম্বন্ধে, পরোক্ষ বা প্রত্যাবর্ত্তিত কারণে অথবা স্নায়বিক উত্তেজনাহেতু ক্ষুদ্র ক্ষুদ্র ব্রাংকাইওলির পেশীসূত্রের এক ভাবে বহুক্ষণস্থায়ী কুঞ্চন হয় সুতরাং প্রশ্বাস বায়ু বাহির হইতে ও নিশ্বাস বায়ু প্রবেশ করিতে বিলক্ষণ বাধা প্রাপ্ত হইয়া থাকে। সুতরাং অতি জোর শ্বাস প্রশ্বাস কার্য্য না হইলে রক্ত সাফের সম্ভাবনা থাকে না। ডায়ফ্রাম পেশীর প্রবল কুঞ্চন, এবং ব্রংকিয়াল শ্লৈষ্মিক ঝিল্লির তরুণ স্ফীতি প্রযুক্ত ও ঐরূপ শ্বাসকষ্ট বা হাঁপ উৎপন্ন হইয়া থাকে।

উদ্দীপক কারণ—১। ইডিয়োপ্যাথিক বা প্রাইমারি অর্থাৎ কোন বিশেষ কারণ ব্যতিরেকে স্বতঃই এই রোগ হইতে পারে। সেরূপ স্থলে ঐরূপ রোগের স্পষ্ট পর্য্যায়শীল আক্রমণ দৃষ্ট হয়। ২। কুয়াশা, ধূম, উত্তেজক গ্যাস ও বাষ্প, ধূলিকণা এবং জান্তব ও উদ্ভিদ গন্ধঘ্রাণ, সেঁথসেঁথে অথবা শুষ্ক বায়ু অথবা শীতল ও পূর্ব্বদিগের বায়ু সেবন, এবং খটখটে ও উচ্চপ্রধান দেশে বাস প্রভৃতি কারণে হাঁপানি রোগ হঠাৎ অথবা সাক্ষাৎ সম্বন্ধে প্রকাশ পাইয়া থাকে। ৩। ব্রংকাইটিস, (শতকরা ৮০ জন) ব্রংকিয়াল শর্দ্দি অথবা এম্ফিসিমা রোগের সহিত এই রোগ হইয়া থাকে। ৪। হৃদরোগ বশতঃ ফুস্ফুসে রক্তাধিক্য হইয়া হাঁপ রোগ উৎপন্ন হয়। তাড়াতাড়ি পাকাশয় মধ্যে খাদ্য সামগ্রী পুরিলে অর্থাৎ অতি শীঘ্র২ আহার করিলে, অজীর্ণ হইলে এবং অধিক সুরা পান অথবা মিষ্টান্ন সেবন করিলে হাঁপ উপস্থিত হইতে পারে। ৫। জরায়ুর রোগ, সরলান্ত্রে কঠিন মল বা গুটলে সঞ্চয়, গাত্রে হঠাৎ শৈত্য প্রয়োগ, শীতল পদ, এবং স্ফোটক প্রভৃতি কারণে প্রত্যাবর্ত্তক ভাবে হাঁপ উপস্থিত হইয়া থাকে। পুরাতন নাসা শর্দ্দি, পলিপাই নামক অর্ব্বুদ ও টার্বিনেটেড অস্থির-বৃদ্ধি হইলে প্রত্যাবর্ত্তক হাঁপকাশি প্রায়ই হইয়া থাকে। টন্সিল বৃদ্ধি ও লেরিংস রোগেও ঐরূপ শ্বাসকৃচ্ছ্র

হইতে পারে। ৭। কখন প্রবল মানসিক উত্তেজনা, ও হিষ্টিরিয়া হেতু হাঁপ হয়। ৮। ভেগাস্ স্নায়ুর উত্তেজনা হেতুও হাঁপানি হইয়া থাকে।

পূর্ব্ববর্ত্তী কারণ - প্রথম ১০ বৎসর বয়সের মধ্যে এই রোগ জন্মায়, কিন্তু ২০ হইতে ৫০ বৎসর পর্য্যন্ত এই রোগ ক্রমাগত বৃদ্ধি পাইয়া থাকে। নারী অপেক্ষা পুরুষগণ অধিক ভুগিয়া থাকে। পিতা মাতার হাঁপ রোগ থাকিলে শতকরা ৪০ জন পুত্র কন্যার ঐ রোগ হইতে পারে।

Predisposing causes. Age, sex, heredity.

লক্ষণ—কোন২ রোগীর হাঁপ লাগিবার পূর্ব্বে প্রচুর পরিমাণ ফেকাসে ও জলবৎ প্রস্রাব হয; এবং আস্তে২ হাঁপের চিহ্ন গুলি বৃদ্ধি পাইতে থাকে। কোন কোন স্থলে হঠাৎ প্রবল হাঁপ উপস্থিত হইযা থাকে। অধিকাংশ স্থলে রাত্রি ২ | ৩টার সময় হাঁপ আরম্ভ হয। হাঁপের পূর্ব্বে কাহারও উত্তেজনা এবং কাহারও বা অবসন্নতা উপস্থিত হইয়া থাকে। কেহ২ হাঁপের পূর্ব্বে অলস হইয়া নিদ্রাভিভূত হয।

Symptoms: before the fit: diuresis gradually increasing dyspnœa, or sudden appearance of fits, exhilaration or depression.

হাঁপের সমকালীন লক্ষণ—হাঁপ আরম্ভ হইলে রোগীর দমবন্ধ হইয়া আসে ও বক্ষে চাপ উপস্থিত হয। সে গাত্রের সমস্ত আবরণ উন্মোচন করে এবং বিশুদ্ধ বায়ুসেবনের জন্য বিধিমতে চেষ্টা করিয়া থাকে। বসিয়া, দাঁড়াইয়া হাঁটু গাড়িয়া অথবা হস্ত কিম্বা কনুই কোনরূপে কিছু পদার্থের উপর রাখিয়া যদি উপকার বোধ হয় তবে রোগী তাহাই করিয়া থাকে উক্ত প্রকার অবস্থাও বার বার বদলাইয়া থাকে। শ্বাস প্রশ্বাসের জন্য প্রবল চেষ্টা করে, অর্থাৎ স্কন্ধ উত্তোলন করিযা, মস্তক পশ্চাদ্দিকে হেলাইয়া এবং হাঁ করিয়া শ্বাস প্রশ্বাস কার্য্য সমাধা করিয়া থাকে। এরূপ পরিশ্রম জনিত শরীরের উর্দ্ধাংশে ঘর্ম্ম হইতে থাকে। সকল সময়ে শ্বাস প্রশ্বাস কার্য্য অধিকবার হয় না কিন্তু নিশ্বাস ক্রিয়া অল্প,হঠাৎ শীঘ্র দমক যুক্ত অথবা কম্পন-

Symptoms: of the fit: sense of suffocation want of breath, tightness, oppression, struggle for fresh air in different positions, sweat in upper part of body, short, abrupt and jerky inspiration, prolonged expiration, noisy and wheezing respiration, over loading of venous system, deficient aeration of blood, cold extremi-

tis, small quick or fit ending in cough with little or profuse pearl like grey mucus, more or less hœmoptysis.

শীল হয় এবং প্রশ্বাস কার্য্য দীর্ঘ হইয়া থাকে। প্রশ্বাসের পরই শীঘ্রই অল্প পরিমাণে আবার নিশ্বাস টানিতে হইয়া থাকে। শ্বাস প্রশ্বাস শব্দজনক ও সাঁইসাঁইবৎ হয়। শিরামণ্ডলীতে রক্ত সঞ্চিত হইয়া রক্ত দূষিত হইয়া পড়ে, সুতরাং হস্ত ও পদ শীতল, এবং নাড়ী ক্ষুদ্র, দ্রুত ও অসমান হইয়া পড়ে। হাঁপের আক্ষেপ শীঘ্র বা বিলম্বে কমিয়া গিয়া থাকে। হাঁপের শেষ ভাগে সাধারণতঃ কাশি হয় এবং কাশির সহিত মুক্তার মত ধূসর বর্ণের অল্প২ গয়ার উঠিয়া থাকে। কোন কোন স্থলে প্রচুর পরিমাণ শ্লেষ্মা উঠিয়া থাকে। সেরূপ স্থলে হাঁপ দীর্ঘ স্থায়ী হয় এবং ঐরূপ হাঁপকে হিউমিড হাঁপানি রোগ কহে। কখন কাশিতে২ অল্প অথবা বিস্তর রক্ত ওঠে।

Physical signs. 1. enlarged chest, 2 expansile movements deficient, intercostal, supra-sternal and supra clavicular fossae and epigastrium sink during inspiration. Expiration prolonged. 3. Percussion sound hyperresonant 4. Auscultation discloses weak or absent breath sounds where tubes are constricted with loud puerile sounds where they are free. dry ronchi in every variety with some moist rales at the close of the paroxysm.

ভৌতিক চিহ্ন—হাঁপানি রোগের আক্ষেপকালে শ্বাস নলীগুলি কুঞ্চিত হয় সুতরাং উহাদিগের মধ্য দিয়া বায়ু যাতায়াতের বিঘ্ন ঘটে। এই রোগে নিম্নলিখিত কয়েকটী ভৌতিক চিহ্ন প্রকাশিত ও শ্রুত হইয়া থাকে যথাঃ—১। ফুস্‌ফুস্ বায়ু পূর্ণ হয় সুতরাং বক্ষের আয়তন বৃদ্ধি হইয়া থাকে। ২। বক্ষের বিস্তারণশীলতা কমিয়া যায় এমন কি বক্ষ প্রায় বিস্তৃত হয় না। কিন্তু পঞ্জর মধ্যবর্ত্তী স্থান, সুপ্রাষ্টার্ণাল ও সুপ্রা ক্লাভিকিউলার ফসা এবং পাকাশয় প্রদেশ নিশ্বাসকালে বিলক্ষণ বসিয়া বা ঢুকিয়া গিয়া থাকে। প্রশ্বাসকাল দীর্ঘ হইয়া থাকে। ৩। বক্ষে ঠোকর মারিলে অত্যন্ত ফাঁপা ও সুরবিশিষ্ট শব্দ হইয়া থাকে। ৪। বক্ষের যে স্থানে শ্বাসনলীগুলি অত্যন্ত কুঞ্চিত হইয়া থাকে তথায় ষ্টেথোসকোপ নামক আকর্ণন যন্ত্র দ্বারা শ্রবণ করিলে শ্বাস প্রশ্বাস শব্দ অতি ক্ষীণভাবে শ্রুত হইয়া থাকে এমন কি অনেক স্থলে বায়ু যাতায়াতের শব্দ কিছুই শ্রবণ করা যায় না। কিন্তু যে স্থলে শ্বাসনলীগুলি কুঞ্চিত থাকে না সেই সেই স্থলে দ্রুত শ্বাস প্রশ্বাস গতি শ্রবণ করা যায় এবং তৎসঙ্গে শুষ্ক রঙ্কাই শব্দ

শুনা গিয়া থাকে। হাঁপ রোগের আক্ষেপের শেষভাগে কয়েকটী সরল রাল্‌স বা পুড়্‌পুড়্‌ শব্দ শ্রবণ করা যায়।

হাঁপের মধ্যকালীন লক্ষণ—হাঁপের পরক্ষণই অত্যন্ত অবসন্নতা ও বক্ষের ভিতর বিবিধ প্রকার অসুখ বোধ হয়। এই সকল ক্রমে দূর হইলেই রোগী আপনাকে সুস্থ বোধ করিয়া থাকে। State in the intervals.

রোগ নিরূপণ—এম্ফিসিমা, ব্রংকাইটিস্‌, কার্ডিয়াক্‌ এজ্‌মা, লেরিঞ্জিয়াল্‌ ও ডায়াফ্রাগমেটিক এজ্‌মা প্রভৃতি রোগ হইতে ব্রংকিয়াল্‌ এজ্‌মা পৃথক করিতে হয়। ব্রংকাইটিস্‌ রোগে পূঁযের মত গয়ার ওঠে, এবং হঠাৎ শ্বাসকষ্ট উপস্থিত হয় না। কার্ডিয়াক এজ্‌মাতে হৃদ্‌রোগ বর্ত্তমান থাকে এবং সাঁইং শব্দ, দীর্ঘ শ্বাস প্রশ্বাস, এবং শ্বাস প্রশ্বাস শব্দ বন্ধ থাকে না। এম্ফিসিমা রোগে হাঁপের এককালীন বিরাম হয় না। কেপিলারি ব্রংকাইটিস্‌ রোগে জ্বর থাকে এবং হাঁপের বিরাম দৃষ্ট হয় না। লেরিংসের আক্ষেপ হইলে গলায় ঘড়ঘড়ানি ও স্বর ভঙ্গ থাকে। Diagnosis from other diseases.

ভাবী ফল—হাঁপের আক্ষেপকালে কদাচ মৃত্যু ঘটিয়া থাকে। যুবা ও বালকগণের তরুণ হাঁপ রোগ শীঘ্র ভাল হয়। বৃদ্ধদিগের অনেক দিনের হাঁপ ঔষধ সেবনে দমিত হইয়া থাকে মাত্র। ঘন২ ও প্রবল হাঁপ রোগে পরিণামে হৃদ্‌রোগ ও এম্ফিসিমা রোগ আসিতে পারে। প্রবল কষ্টদায়ক ব্রংকাইটিস্‌ রোগের সহিত হাঁপ রোগ উপস্থিত হইলে উহা মারাত্মক না হইলেও দুরারোগ্য হইয়া পড়ে। যক্ষ্মা উপদংশ ও এসক্রফুলা রোগের সহিত হাঁপ রোগ হইলে উহার আরোগ্য কঠিন হয়। কোনরূপ উত্তেজনা হেতু যে সমস্ত হাঁপ রোগ হয় সেগুলি শীঘ্রই আরোগ্য হইয়া থাকে। Prognosis uncomplicated cases rarely terminates fatally

---

ব্রংকিয়াল্ এজমা রোগের চিকিৎসা—

Treatment :
Aconite : evening attack, heat, restlessness, perspiration, nausea, inability to speak, full bounding pulse, blood streaked sputa, palpitation.

একোনাইট—সবল ব্যক্তিগণের প্রবল হাঁপ, সন্ধ্যাকালে হাঁপ আরম্ভ, তৎসঙ্গে তাপ, অস্থিরতা, প্রচুর ঘর্ম্ম, অত্যন্ত বমনেচ্ছা, কথা কহিতে অক্ষমতা, পূর্ণ ও লম্ফনশীল নাড়ী, রক্তের ছিটযুক্ত গয়ার ওঠা ও হৃদ্‌স্পন্দন প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে ৩য় ক্রমের একোনাইট বিশেষ উপযোগী হইয়া থাকে।

Apis : constriction, suppression of urine, worse frm warmth.

এপিস—বক্ষের ভিতর মোচড়ানি, ও আক্ষেপ বোধ, মূত্র বন্ধ, তাপে অসুখ বৃদ্ধি, গাত্রে কোনরূপ আবরণ রাখিতে অক্ষমতা, আমবাত বা শীত পিত্তের হঠাৎ লোপ ইত্যাদি ইহার প্রয়োগ লক্ষণ।

Aralia : dry, whistling respiration, cannot lie down acrid mucus from nose and throat, sore sternum and lungs.

এরেলিয়া—শুষ্ক ও সাঁই সাঁই শব্দ বিশিষ্ট শ্বাস প্রশ্বাস শয়ন করিলেই বৃদ্ধি, সুতরাং উঠিয়া বসিয়া থাকিতে হয়, নাসিকা ও কণ্ঠ হইতে অত্যন্ত উগ্র শ্লেষ্মা পাত, ষ্টার্ণাম অস্থি ও ফুস ফুস মধ্যে ক্ষত বা বেদনা বোধ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। ইহা এজমারোগে বিশেষ উপযোগী হইয়া থাকে।

Arg. nit. : walks about, drinking and talking impossible, suicidal mania.

আর্জেণ্টমনাইট্রিকাম—হাঁপ প্রযুক্ত উঠিয়া বেড়াইতে হইবেই হইবে। গভীর নিশ্বাস লইতে হইলেই দমবন্ধ হয়। কথা কহিতে অক্ষমতা, জল খাইলে দম বন্ধ হয়। মনোমধ্যে একরূপ যন্ত্রণা হয়, যে আত্ম হত্যার প্রবৃত্তি জন্মিয়া থাকে।

Arsenic : midnight attack, sit up bent forward, restlessness, anxiety, alternate chill and heat, fear of death, sweat, burning pain, prostration worse from motion, warmth and storm, dry cough with frothy mucus streaked with blood.

আর্সেনিক—দুই প্রহর রাত্রির পর হইতে প্রাতঃকাল পর্য্যন্ত হাঁপ, হাঁপের জন্য শয্যা হইতে উঠিয়া ঝুঁকিয়া বসিতে হয়। অস্থিরতা মানসিক উদ্বেগ, পর্য্যায় ক্রমে তাপ ও শীত বোধ, আপন জীবনকে ধ্বংস করিতে বাধ্য হইতে হইবে এইরূপ ভয়, সর্ব্ব শরীরে ঘর্ম্ম, বক্ষের ভিতর জ্বালাকর বেদনা, দুর্ব্বলতা, ঝড়ের কালে, অধিক নড়িলে ও উষ্ণতায় রোগের বৃদ্ধি, শুষ্ক ও কঠিন কাশিতে ফেনিল ও রক্ত মিশ্রিত গয়ার ওঠা প্রভৃতি ইহার

প্রয়োগ লক্ষণ। শুষ্ক এজ্‌মা এবং বৃদ্ধ দিগের হাঁপরোগে ইহা বিশেষ উপযোগী হইয়া থাকে।

বেলেডনা—অপরাহ্নে, সন্ধ্যাকালে, গ্রীষ্মকালে, নিদ্রার পর, পরিশ্রম করিলে অথবা উত্তেজক পদার্থ সেবনের পর হাঁপ হইলে তৎসঙ্গে লেরিংসে আক্ষেপ বোধ, বক্ষে অত্যন্ত চাপ ও কষ্ট বোধ এবং শুষ্ক কাশির আক্ষেপ হইলে ইহা ফলপ্রদ হয়।

Belladonnaa: afternoon and evening attack, worse in hot weather, and after sleep with constriction in larynx, oppression in chest and dry cough

ব্রোমিন্—অত্যন্ত শ্বাসকষ্ট, শুষ্ক ও খকখকে কাশি। নাবিকগণ কূলে উপস্থিত হইলে যদি ঐরূপ কাশি হয় তবে ইহা দ্বারা উপকার হয়।

Bromium: asthma of sailors.

ব্যাপ্টিসিয়া—ফুস ফুসে টাইট বোধ, বক্ষের ভিতর তীক্ষ্ণ বেদনা, আক্ষেপের পর প্রচুর শ্লেষ্মা ওঠা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Baptisia: tight lungs pain in chest profuse expectoration after a fit.

সিষ্টাস্ ক্যান্—শ্বাসনলীর ভিতর সঙ্কীর্ণতা বোধ, সর্ব্বদা জানালা খুলিয়া বায়ু সেবন করিতে হয়। শয়ন করিলেই বৃদ্ধি।

Cist. Can: constricted feel at the larynx.

কার্ব্বো ভেজ—দুই প্রহর রাত্রির পর হাঁপ, হাঁপ বশতঃ টেবিল ধরিয়া বসিতে হয়, বৃদ্ধ ব্যক্তি, দুর্ব্বলতা, কম্পন ও মড়ার মত আকৃতি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Carbo veg: midnight attack in old and weak people.

কুপ্রাম—হাঁপের হঠাৎ আক্রমণ ও হঠাৎ দমন; কাশিলে, হাসিলে, পান করিলে এবং ঋতুকালে হাঁপের বৃদ্ধি; ভয় অথবা মানসিক উদ্বেগ বশতঃ শিশু ও হিষ্টিরিয়া গ্রস্ত নারী দিগের এই রোগে শুষ্ক ও দমবন্ধ কারী কাশি, রাত্রি কালে বৃদ্ধি এবং হৃৎপিণ্ডের স্থানে অসুখ বোধ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Cuprum: sudden attack sudden disappearance, worse by laughing, coughing drinking and during menses, dry suffocative cough in Children and hystorics.

ফেরাম্—বলিষ্ঠ ও রক্ত প্রধান ধাতু বিশিষ্ট বালক দিগের অল্পেতেই মুখ লালবর্ণ, ঘন ঘন নাক দিয়া রক্ত পড়া, শ্বাস কষ্ট,

Ferrum: easily flushed face, repeated epistaxis, dyspnœa, palpitation, spa-

spasmodic cough, tenacious sputa, midnight attack, relieved by talking moving and uncovering.

হৃদ স্পন্দন, আক্ষেপিক কাশি, আটার মত চটচটে গয়ার, রাত্রি দুই প্রহরের পর হাঁপ; নড়িলে, কথা কহিলে ও গাত্রাবরণ খুলিয়া রাখিলে উপশম প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Graphitis after midnight attack, better from eating bread.

গ্রাফাইটিস্—প্রত্যেক রাত্রিতে হাঁপ প্রযুক্ত নিদ্রাভঙ্গ, দুই প্রহরের পর বৃদ্ধি, শয্যা হইতে লম্ফ দিয়া উঠিয়া সম্মুখে যাহা থাকে তাহাই ধারণ ও এক টুকরা রুটী ভক্ষণ ইত্যাদি ইহার প্রয়োগ লক্ষণ।

Grindelia: nervous asthma, great dyspnœa, first scanty then considerable sputa.

গ্রিণ্ডেলিয়া রোবাষ্টা—স্নায়বিক এজমা, প্রবল শ্বাসকষ্ট, প্রথমতঃ অল্প ও কষ্টে শ্লেষ্মা ওঠা, পরে শ্লেষ্মা তরল হইয়া প্রচুর শ্লেষ্মা স্রাব হইয়া থাকে।

Hypericum: asthma return with changes of the weather.

হাইপারিকাম্—ঋতু পরিবর্তন কালে হাঁপ, যথা পরিষ্কার ভূবায়ুর পরিবর্তে হঠাৎ সেঁথ সেঁথে ভূবায়ুর সঞ্চালন, ঝড়ের পুর্ব্ব সময়ে হাঁপ ইত্যাদি ইহার প্রয়োগ লক্ষণ।

Ipecac: laboured and slow respiration. Violent dyspnœa cyanosis constriction of throat and chest cough constant and severe sound loud but no expectoration vomiting, cold extremities.

ইপিকাক্—কষ্টকর ও মৃদু বা আস্তে আস্তে প্রশ্বাস, প্রবল শ্বাসকষ্ট প্রযুক্ত দমবন্ধ, নীলবর্ণ মুখ মণ্ডল, কণ্ঠ ও বক্ষে আক্ষেপ বোধ, সুতরাং উন্মুক্ত গবাক্ষের নিকট পরিষ্কার ও প্রচুর পরিমাণ বায়ু সেবনোদ্যম, সর্ব্বদা ও প্রবল কাশি, শ্লেষ্মার ঘড়ঘড়ানি থাকিলেও শ্লেষ্মা না ওঠা, কাশিতে কাশিতে বমন, ঐরূপ বমনে উপশম বোধ, নড়িলে বৃদ্ধি, হস্ত ও পদ শীতল ও ঘর্ম্ম যুক্ত প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Kali carb: must lean forward with head on table, pressure and tension in pit of stomach after eating the least, belching, nausea, vomiting, puffy lids, dry stools.

কেলিকার্ব্ব—টেবিলে মাথা রাখিয়া কোঁয়াইয়া পড়া, অঙ্গ সঞ্চালনে ও পান করিলে বৃদ্ধি, পাকাশয় গহ্বর মধ্যে টান ও ফাঁপ বোধ, অল্প আহার করিলেই বৃদ্ধি; উদ্গার, বমনেচ্ছা, বমন, চক্ষুর পাতা ফোলা, শুষ্ক মল, ও শুষ্ক গাত্র প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

লেকেসিস—হাঁপ প্রযুক্ত বক্ষের ভিতর অত্যন্ত আক্ষেপ ও বদ্ধভাব, হৃদস্পন্দন, নীলবর্ণ মুখমণ্ডল, বক্ষের ভিতর সাঁই সাঁই শব্দ, মৃদু ও কষ্টকর প্রশ্বাস, গলায় ও বক্ষে কোনরূপ চাপ পড়িলেই অধৈর্য্য হওন, বাম পার্শ্বে শয়ন করিতে অক্ষমতা, নিদ্রাবস্থায় বা নিদ্রা ভঙ্গে, আহার কালে, হাত নাড়িলে এবং স্পর্শ করিলে বৃদ্ধি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Lachesis: constriction, palpitation, cyanosis, wheezing, slow difficult expiration, impatient about any pressure, cannot lie on left side worse after sleep and touch.

লোবিলিয়া—পরিশ্রমে ও অজীর্ণতায় বৃদ্ধি; পাকাশয়ের দুর্ব্বলতা, পাকাশয় প্রদেশে চাপ বোধ, হাঁপের পূর্ব্বে সর্ব্বশরীরে পিট্ পিট্ করা, হস্তের ও পদের অঙ্গুলিগুলি পর্য্যন্ত পিট্ পিট্ করা, হঠাৎ প্রবল শ্বাসকষ্ট, অল্প পরিমাণ ঠাণ্ডা সহ্য না হওয়া প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Lobelia: worse after exertion and indigestion, weak stomach pressure, prickling all over, dyspnoea, cannot bear cold.

মেফিট্—দিবা রাত্রি কাশি, কাশির জন্য শিশুকে তুলিয়া ধরিতে হয়, উহার মুখ নীলবর্ণ হয়, নিশ্বাস ফেলিতে পারে না, আক্ষেপ বা তড়কা হয় এবং দুর্গন্ধযুক্ত ভেদ হইয়া থাকে।

Mephit.: spells day and night, child must be raised, gets blue in the face convulsion, faetid diarrhoea.

মস্কাস—গন্ধকের ধূম আঘ্রাণের ন্যায় দম বন্ধ, কাশিবার ইচ্ছা হইলেই হাঁপ, ঐরূপ হাঁপের ক্রমাগত বৃদ্ধি বশতঃ আরোগ্যে নৈরাশ্য, অল্প ঠাণ্ডা লাগিলেই বৃদ্ধি, বগল প্রদেশে বেদনা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। হিষ্টিরিয়া গ্রস্ত নারীদিগের পক্ষে ইহা ভাল।

Moschus: paroxysms caused by desire to cough, sore axilla, hysterics.

নেট্রাম-মিউর—কাশিবারকালে মুখের উপর দিয়া চক্ষুর জল গড়াইয়া যায়।

Nat. mur: tears streams down the face during cough

নিকল—ঘড়ীর টিকটিক করার মত নিয়মিত শুষ্ক ও অধিককাল স্থায়ী কাশি, কাশির সময় শিশুকে ঠিক সোজা করিয়া তুলিয়া ধরিতে হয় নতুবা হাঁপ উপস্থিত হয়। অত্যন্ত হাঁপ হয় কিন্তু কিছুই গয়ার উঠে না।

Niccol.: dry hack, like the tick of a clock, child must be raised straight up during the cough.

Nux. vom.: asthma of dyspeptics, worse in morning and after eating, vomiting constipation, blue face, pain in abdomen, dyspnoea relieved by eructation, dry and short cough, irritability.

নক্সভমিকা—কফি ও মাদক দ্রব্য সেবন জনিত অজীর্ণ গ্রস্থ রোগীদিগের হাঁপ রোগ, প্রাতঃকালে ও আহারান্তে কাশি ও হাঁপ বৃদ্ধি, বমন, কোষ্ঠ বদ্ধ, কাশিতে কাশিতে মুখ নীলবর্ণ, শুষ্ক ও অল্প২ কাশি, পেট বেদনা, উদ্গার উঠিলে হাঁপের উপশম, শীতল বায়ু ও পরিশ্রমে বৃদ্ধি, অতি কষ্টে অল্প গয়ার ওঠা এবং অত্যন্ত খিটখিটে ও উগ্র স্বভাব প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Opium: deep stertorous, rattling breathing, attack during sleep, loose cough, better from cold air.

ওপিয়াম—বক্ষে অত্যন্ত রক্তাধিক্য, গভীর ও ঘড় ঘড়ে শ্বাস প্রশ্বাস, নিদ্রাবস্থায় দমবন্ধকারী হাঁপ, তরল কাশি, নীল ও লালবর্ণ মুখ; আহার, তামাক সেবন ও মদ্যপান করিলে বৃদ্ধি, শীতল বায়ুতে ও ঝুঁকিলে উপশম প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Phosp.:

ফসফরাস—তৃতীয় অবস্থায় ভাল।

Puls: disordered stomach evening attack, cough dry at night, loose at day time, menstrual irregularity and suppressed eruptions.

পালসেটিলা—প্রথম ও তৃতীয় অবস্থা, পাকাশয়ের দোষ; আহারান্তে সন্ধ্যাকালে হাঁপ, শিরোঘূর্ণন, গরমে, বেড়াইলে বা পরিশ্রম করিলে হাঁপ বৃদ্ধি, রাত্রিতে শুষ্ক কিন্তু দিবাভাগে তরল কাশি, তৎসঙ্গে বমনেচ্ছা ও বমন প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। এই রোগের সহিত ঋতুর দোষ ও চর্ম্মস্ফোট বদ্ধ থাকিলে বিশেষ উপযোগী হইয়া থাকে।

Sanguinaria: hay-asthma, dry cough, better on sitting and eructating.

স্যাঙ্গুয়িনেরিয়া—গভীর নিশ্বাস বশতঃ বক্ষের টাইট ভাব বৃদ্ধি, শুষ্ক কাশি, উঠিয়া বসিলে এবং উদ্গার তুলিলে উপশম; নীলবর্ণ, দ্রুত শ্বাস প্রশ্বাস প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। হে-এজমা রোগে ইহা উপযোগী হয়।

Sepia.: rapid successive cough, vomiting of mucus, worse at night.

সিপিয়া—ঘন ঘন কাশি প্রযুক্ত দম ফুরিয়া যাওয়া, শ্লেষ্মা বমন, রাত্রিতে কাশির বৃদ্ধি, প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Squilla.: cough, excited by drinking cold water involuntary urine during the Spell.

স্কুইলা—শীতল জল পান করিলেই কাশি, কাশিতেং প্রস্রাব ইহার প্রয়োগ লক্ষণ।

ষ্ট্রামোনিয়াম্—কুকুর ডাকার মত অথবা ঘুংড়ীর মত কাশি, বক্ষের ভিতর আক্ষেপ বোধ, গলা ঘড় ঘড়ানি, হৃদস্পন্দন, উদ্বেগ, রক্তাধিক্য, রক্তর ছিট ওঠা, আক্ষেপ বা তড়কা, বসিয়া কাশিলে নিম্নাঙ্গ নড়িয়া ওঠে।

Stram.: barking, cro-, up like cough, rattling, palpitation, anxiety congestion blood spitting.

সাল্ফার—তৃতীয় অবস্থা; ঘন ঘন পুনরাক্রমন; পুরাতন হাঁপরোগে বক্ষে বেদনা না থাকা, বক্ষের ভিতর সরস পুড় পুড় শব্দ; রাত্রিকালীন দমবদ্ধকারী হাঁপের আক্রমণ, বক্ষের ভিতর চাপ ও জ্বালা, সাদা ও ঈষৎ পীতবর্ণের গয়ার ওঠা, ৮ দিবসান্তর হাঁপ, প্রাতে হাঁপের পুনরাক্রমণ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Sulphur: chronic causes, moist rales, nightly attack, morning recurrence, recurring every 8 days.

ষ্টানাম—প্রবল কাশি, প্রচুর পরিমাণে সাদা গয়ারে অল্প হলদে ছিট্, সন্ধ্যায় ও রাত্রিতে বৃদ্ধি, এবং অল্প পরিশ্রমে বৃদ্ধি।

Stannum: violent cough (evening and night) profuse sputa.

টার্টার এমেটিক্—বক্ষের ভিতর সরস ও পুড় পুড় শব্দ; সন্ধ্যায় অথবা প্রাতঃকালে শয্যায় শয়ন কালে বক্ষে চাপ বোধ ও দম বন্ধ। অত্যন্ত শ্বাস কষ্ট, কাশি ও মুখব্যাদান, রাগ বশতঃ ও আহারের পর কাশির আক্ষেপ, কাশির পর শ্লেষ্মা ও ভুক্ত দ্রব্য বমন, রক্ত দুষিত অবস্থা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Tartar emetic- moist rales, evening aggravation, dyspnoea, coughing, and gaping, cough excited by anger, vomiting, signs of carbonized blood.

ভেরেট্রাম এলবাম্—হাঁপ রোগে অত্যন্ত দুর্ব্বলতা, নীলবর্ণ, শীতল হস্ত ও পদ, ললাটে শীতল ঘর্ম্ম, ক্ষীণ ও দুর্ব্বল নাড়ী, চিমসে ও পাতলা গয়ার ওঠা; অসাড়ে প্রস্রাব, গরম ঘরে প্রবেশ করিলে অথবা শীতল জল পান করিলে রোগীর আক্ষেপ, শয়ন করিলে উপশম কিন্তু উঠিলেই বৃদ্ধি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Verat. alb: prostration, cyanosis, cold extremities cold sweat, weak pulse, tough and thin mucous sputa worse in sitting and drinking cold water.

এতদ্ব্যতীত, এই রোগে লক্ষণানুসারে এম্ব্রা, এলুমিনা, এস্ক্লিপিয়াস্, ব্রায়োনিয়া, এমোনিয়াম্, অরম, বোরাসিক এসিড্, ককুলাস্, ডাল্কামারা, স্যাবাডিলা ও স্পঞ্জিয়া ব্যবহৃত হইয়া থাকে।

Other remedies:

General Treatment: ventilation, exciting iritations to be removed, encorrage vomiting when the stomach is overloaded, constipation removed by enema. Various kinds of inhalations. clhmatic change.

এজ্‌মা বা হাঁপরোগের আক্ষেপ কালে রোগীকে বিশুদ্ধ বায়ু সঞ্চালিত গৃহে রক্ষা করিবে। রোগীর নিকটে হেলান বা ঠেসান দিবার জন্য চৌকি বা কেদারা একখানি দিবে এবং তাহার সেবার জন্য একটী লোকমাত্র ঘরে থাকিতে দিবে, কারণ অধিক লোক থাকিলে রোগীর বড় গরম বোধ হইয়া থাকে। কোন প্রকার উত্তেজক পদার্থ যথা ধূম বা ধূলিকণা দ্বারা হাঁপ উপস্থিত হইলে তাহা বিদূরিত করিয়া দিবে। অতিরিক্ত আহার প্রযুক্ত হাঁপ হইলে বমন করাইয়া দিবে। কোষ্ঠবদ্ধ যদি হাঁপের কারণ হয় তবে পিচকারী দ্বারা মল বাহির করিয়া দিবে। যাহারা তামাকু সেবন করে না তাহারা হাঁপের কালে তামাকু টানিলে উপকার পায়, কিন্তু তাই বলিয়া তামাকের দাস হওয়া উচিত নহে। নাইটার ষ্ট্রামোনিয়াম ও আর্সেনিক নির্ম্মিত চুরুট হাঁপ নিবারণার্থ ব্যবহৃত হয়। ক্লোরফর্ম আঘ্রাণ করিলেও হাঁপ ক্ষণকালের জন্য দূর হইয়া থাকে কিন্তু পরে আবার অধিকতর প্রবলভাবে হাঁপ উপস্থিত হইয়া থাকে। অল্প দুগ্ধের সহিত ৫।১০ বিন্দু ক্লোরোফরম আঘ্রাণ করিতে হয়, এতদ্ব্যতীত, বায়ু পরিবর্ত্তন করিলেও হাঁপের বিলক্ষণ উপকার হইয়া থাকে। আহারের অব্যবহিত পূর্ব্বে ও পরে অধিক জল পান নিষিদ্ধ, এবং আহারান্তে একঘণ্টাকাল কোনরূপ পরিশ্রম নিষিদ্ধ।

স্নায়বিক এজমার চিকিৎসা।

স্নায়বিক হাঁপ কাশের আক্ষেপকালে নিম্নলিখিত ঔষধগুলি ব্যবহার্য্য যথাঃ—

Aconite: induced by cold, dry air or fog.

একোনাইট—শীতল বায়ু, শুষ্ক বায়ু, অথবা কুয়াশা লাগিয়া হাঁপ উপস্থিত হইলে ইহা ব্যবহৃত হয়।

আর্সেনিক—রাত্রিকালে হাঁপের আক্রমণ, তৎসঙ্গে অস্থিরতা, উদ্বেগ, বক্ষের ভিতর জ্বালাকর বেদনা, সর্ব্বশরীরে ঘর্ম্ম, শরীরে একবার তাপ ও পরক্ষণে ঠাণ্ডা বোধ, এবং দুর্ব্বলতা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

ব্রায়োনিয়া—হাঁপ তৎসঙ্গে ব্রংকাইটিস্ লক্ষণ, বক্ষের চতুষ্পার্শ্বে তীক্ষ্ণ বেদনা, গভীর নিশ্বাসে ও নড়িলে বৃদ্ধি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

ইপিকাক্—ইহা সর্ব্বদা ব্যবহৃত হয়। প্রবল শ্বাসকষ্ট, কণ্ঠে ও বক্ষে আক্ষেপ বোধ, সর্ব্বক্ষণ কাশি, গয়ার বা শ্লেষ্মার ঘড়ঘড়ানি, বমনেচ্ছা, বমন, শীতল ও অভিষিক্ত গাত্র, বিবর্ণ ফেকাসে মুখমণ্ডল প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

লোবিলিয়া—পাকাশয় মধ্যে গ্যাস সঞ্চয়, কাশির অভাব এবং হাঁপের পূর্ব্বে সর্ব্বাঙ্গে পিট্ পিটানি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

স্যাম্বুকাস—ইপিকাক অপেক্ষা অধিক শ্বাস কষ্ট, কাশি কম, উদ্বেগ, লালবর্ণ মুখ, শ্বাসরোধাশঙ্কা, উচ্চ শব্দ বিশিষ্ট সিবিল্যাণ্ট রালস। ইহার মূল অরিষ্ট ব্যবহৃত হয়।

কুপ্রাম—স্নায়বিক এজ্‌মা রোগে হঠাৎ আক্ষেপ, অত্যন্ত আক্ষেপিক শ্বাস প্রশ্বাস, তৎসঙ্গে শরীরের নানা স্থানে কামড়ানি ও অঙ্গ প্রত্যঙ্গের আক্ষেপিক কুঞ্চন, উহাদের হঠাৎ দৃঢ় হওন, ঋতুকালে অথবা কোনরূপ মানসিক উত্তেজনায় আক্ষেপ উৎপত্তি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

হাইড্রোসিয়ানিক এসিড—তরুণ ও অমিশ্রিত হাঁপ রোগে কষ্টকর ও আক্ষেপজনক শ্বাস প্রশ্বাস, তৎসঙ্গে কণ্ঠের ভিতর

Arsenic: nightly paroxysm, restlessness, anxiety, burning, perspiration, alternate hot and cold sensation, prostration.

Bryonia.: pain around chest bronchitis, worse on motion and breath.

Ipecac.: dyspnoea constriction, constant cough, rattling, nausea, vomiting, cold and damp surface, pale face.

Lobelia: gas in stomach, pricking all over before the attack.

Sambucus: dyspnoea, less cough, anxiety, violent face, imminent asphyxia loud sibilant rales.

Cuprum.: sudden attack sudden termination, spasmodic respiration, cramp convulsive twitchings, time: menstrual epoch, emotion.

Hydrocy. acid.: difficult and spasmodic respiration, contraction of

throat, feeling of suffocation.

আক্ষেপ বা কুঞ্চন বোধ সুতরাং শ্বাসরোধ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Remedies in the interval

হাঁপের বিরামকালের ঔষধ ঃ—

Arsenic : nightly aggravation, transparent, frothy, visoid fluid sputa after cough.

আর্সেনিক—রাত্রিকালে বৃদ্ধি, কাশিলে স্বচ্ছ, ফেনিল ও আঠার মত গয়ার ওঠা, পুরাতন ব্রংকাইটিস্ এম্ফিসিমা, অথবা হৃদরোগ সংযুক্ত হাঁপ রোগ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Nux vom thick yellow coated tongue, feeling of fullness in stomach belching, constipation, attack begining with sneezing and fluent coryza spasmodic asthma.

নক্সভমিকা—কফি ও মদ্য পায়ীদিগের হাঁপ, হাঁপের পর জিহ্বায় ঘন পীতবর্ণের লেপ, পাকাশয়ে ভার বোধ উদ্গার ওঠা, কোষ্ঠ বদ্ধ হাঁচি ও প্রচুর তরল শর্দ্দির সহিত হাঁপের আক্রমণ, কপার ও আর্সেনিক চূর্ণের ধূম লাগিয়া হাঁপ, ভেগাস স্নায়ুর চেতনাধিক্য বশতঃ আক্ষেপিক হাঁপ, প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। এরূপ স্থলে নক্সের বীর্য্য ষ্ট্রীকনিয়াও ব্যবহৃত হয়, পুরাতন হাঁপ রোগে প্রাতে আর্সেনিক এবং রাত্রিতে নক্সভমিকা পর্য্যায়ক্রমে ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শে।

Sulphur : alternate skin affections and dyspnoea, asthma with gout, sibilant dyspnoea, bluish lips, recurs once a week at night.

সাল্ফার—একজ্মারোগে চর্ম্মস্ফোট ও হাঁপ কষ্ট পর্য্যায় ক্রমে প্রকাশিত হইলে এবং গাউট নামক বাত রোগের সহিত হাঁপ প্রকাশ পাইলে ইহা বিশেষ উপযোগী হয়। শ্বাসকষ্ট, সিবিলান্টরাল্স, ঈষৎ নীলবর্ণ ওষ্ঠ, সপ্তাহান্তে রাত্রিকালে আক্রমণ প্রভৃতি সাল্ফার প্রয়োগ লক্ষণ।

Pulsatilla : ill defined asthma profuse sputa, vertigo vomiting prostration, palpitation, asthma due to deranged menses, hysteria, uraemia, suppressed rash.

পাল্সেটিলা—প্রথমতঃ এজ্মা লক্ষণ স্পষ্ট প্রকাশ না পাওয়া, তৎসঙ্গে প্রচুর গয়ার ওঠা, শিরোঘূর্ণন, বমন, অবসাদন, হৃদস্পন্দন, প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। ঋতু বিকার, হিষ্টিরিয়া ইউরিমিয়া অথবা কোন প্রকার চর্ম্ম স্ফোট বন্ধ হইয়া হাঁপ হইলে পাল্সেটিলা উপযোগী হইয়া থাকে।

Tartar. emetic. : abundant se-

টার্টার এমেটিক—প্রচুর শ্লেষ্মা নিঃসরণ, গলায় ও বক্ষে শ্লেষ্মার ঘড়ঘড়ানি, কষ্টকর প্রশ্বাস, প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

বৃদ্ধ ব্যক্তি ও শিশু দিগের পক্ষে ইহা বিশেষ উপযোগী হইয়া থাকে। cration rattling, difficul expiration. for old people and children.

আয়োডিন—আয়োডাইড-পটাস্ রূপে ইহা বিস্তর ব্যবহৃত হয়। ডাক্তার বেথারও বলেন যে ইহা বহু দিবস সেবন করিলে বিশেষ উপকারও হইয়া থাকে। দুই প্রহর রাত্রিতে আক্রমন, অর্দ্ধঘণ্টা স্থিতি, পরে আলস্য ও অল্প নিদ্রার আবেগ, হাঁপের বিরাম কালে রোগীর অস্থিরতা ইত্যাদি ইহার প্রয়োগ লক্ষণ। আক্ষেপিক হাঁপ রোগেই কেবল ইহার ব্যবহার আছে।

Iodine.: midnight attack, lasts half an hour, desire to sleep restless during interval, spasmodic variety.

অরম্—প্রাতঃকালীন হাঁপ, ঈষৎ নীলবর্ণ মুখ মণ্ডল, অত্যন্ত হৃদ স্পন্দন, শ্বাসরোধ কারী আক্রমণ, বক্ষের আক্ষেপিক কুঞ্চন। এই সকল লক্ষণ দেখিয়া বোধ হয় যে হৃদরোগ বশতঃ ফুসফুসে রক্ত সঞ্চয় হইয়াছে।

Aurum: morning asthma, bluish face, palpitation, spasmodic constriction of chest.

স্নায়বিক এজমা রোগের অন্যান্য ঔষধঃ—

বেলেডনা—অপরাহ্নে অথবা সন্ধ্যায় হাঁপের আক্রমণ, তৎসঙ্গে মুখে ও মস্তকে রক্তাধিক্য; শুষ্ক ও সেঁৎ সেঁতে কালে বৃদ্ধি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Belladonna: afternoon or evening attack, congested face and head.

ক্যানাবিস—১ দশমিক ক্রমে ইহা হিউমিড এজ্‌মা রোগে উপকার করে।

Cannabis. in humid asthma

কেমোমিলা—দন্তোদ্গম কালের এজ্‌মা, হিষ্টিরিক এজ্‌মা এবং রাগ প্রযুক্ত এজ্‌মা রোগে পেট ফাঁপা থাকিলে ইহা উপকার করে।

Chammomilla: asthma during dentition, hysteric asthma, asthma from anger, with flatulence.

কার্ব্বোভেজ—বৃদ্ধ ও দুর্ব্বল ব্যক্তিগণের দুই প্রহর রাত্রির পর হাঁপ, হাঁপবশতঃ মৃত্যু যন্ত্রণা, পেট ফাঁপা ও উদ্গার না ওঠা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Carbo-veg: after midnight attack in old and feeble persons with flatulence, inability to raise wind.

Digitaline: purely nervous asthma, dilated right ventricle, attack preceded by palpitation venous congestion of the head followed by headache, from sexual excess.

ডিজিটেলিন—ফুসফুস, ব্রংকাই ও হৃদ পিণ্ডের কোনরূপ রোগ না থাকিয়া যদি বিশুদ্ধ স্নায়বিক এজ্‌মা রোগ হয়, ঘন ২ ও অসক্ষণ স্থায়ী হাঁপ, দক্ষিণ ভেণ্ট্রিকেল্‌ প্রসারণ, হাঁপের পূর্ব্বে হৃদস্পন্দন, আক্ষেপ কালে মস্তকের শিরায় রক্তাধিক্য, তৎপরে প্রবল শিরোবেদনা, এবং অধিক পরিমাণ শুক্রক্ষয় বশতঃ দুর্ব্বলতা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Kali-bich: signs of mucus far exceeding the amount actually present

কেলি বাইক্রম—শ্বাসনলী মধ্যে যেরূপ শ্লেষ্মা সঞ্চয় হয় তদপেক্ষা অধিক শ্লেষ্মা সঞ্চয় চিহ্ন, তৎসঙ্গে পাকাশয় শ্লৈষ্মিক ঝিল্লীর বিকৃতি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Moschus violent constriction without cough.

মস্কাস্‌—স্নায়বিক, উগ্র স্বভাবাপন্ন অথবা পাগলাটে ব্যক্তির হাঁপ, কণ্ঠে ভয়ানক রূপ কুঞ্চন বা আক্ষেপ বোধ, এবং কাশির অভাব প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Opium slow and labored respiration, cyanotic face, depressed sensorium. constant cough.

ওপিয়াম্‌—অথবা উহার বীর্য্য মর্ফিয়া নিম্ন ক্রমে ব্যবহার করিলে উপকার হয়। মৃদু ও কষ্টকর শ্বাস প্রশ্বাস, নীলবর্ণ মুখ, বিষাদিত মন, এবং সর্ব্বদা কাশি ইহার প্রয়োগ লক্ষণ।

Pulmo vulpis. for humid asthma

পালমো-ভালপিস—বৃদ্ধদিগের হিউমিড্‌ এজ্‌মা রোগে ওর শতমিক চূর্ণ বিশেষ উপকার করিয়া থাকে।

Sanguinaria dyspnoea teasing hacking cough, dry throat

সাঙ্গুয়িনেরিয়া—প্রবল শ্বাসকষ্ট, কষ্টকর ও খক খকে কাশি কণ্ঠের ভিতর শুষ্কতা এবং আক্ষেপ কালে গভীর নিশ্বাস লইতে ইচ্ছা।

Spongia: loss of voice, wheezing respiration, contraction of glottis.

স্পঞ্জিয়া—হাঁপ বশতঃ সম্পূর্ণ স্বর ভঙ্গ, সাঁই সাঁইবৎ শ্বাস প্রশ্বাস এবং গ্লটিস ছিদ্রের আক্ষেপ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

PNEUMONIA.

নিউমোনিয়া বা ফুস ফুস প্রদাহ।

তরুণ ক্রুপাস নিউমোনিয়া।

অপরনাম—লোবার নিউমোনিয়া, নিউমোনাইটিস, ফুসফুস জ্বর ইত্যাদি।

Synonyms :

নির্ব্বাচন বা পরিচয়—ফুসফুসের বায়ু কোষের মধ্যে প্রদাহ তৎসঙ্গে শীতের সহিত প্রবল জ্বর, বক্ষ বেদনা, শ্বাস কষ্ট দ্রুত শ্বাস প্রশ্বাস, কাশি আটাযুক্ত ও ইষ্টক চূর্ণের মত শ্লেষ্মাস্রাব, অত্যন্ত দুর্ব্বলতা, প্রথমতঃ ক্রিপিটিণ্ট রংঙ্কাস বা কেশ মর্দ্দনবৎ শব্দ তৎপরে ব্রংকিয়াল শ্বাস প্রশ্বাস ও ব্রংকোফনি, ঠোকরে ডাল বা কাষ্ঠে আঘাত করনের মত মোটা ও নিরেট শব্দ, হঠাৎ আক্রমণ, নির্দ্দিষ্টকাল অবস্থিত ও শোষণ প্রক্রিয়া দ্বারা প্রাদাহিক পদার্থের শোষণ প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে উহাকে নিউমোনিয়া কহে।

Def.-Inflamation of pulmonary vesicular structure with chill, high fever chest pain, hurried and oppressed breathing, cough, rusty sputum, depression, crepitant rales, tubular breathing, bronchophony, dullness, definite course.

পূর্ব্ববর্ত্তী বা দুরবর্ত্তী কারণ—১। বয়স—২০।৩০ বৎসর বয়সের মধ্যে এই রোগ অধিক হইলেও শিশু ও বৃদ্ধদিগকে এই রোগে ভুগিতে দেখা গিয়া থাকে। (২) **পুরুষ**—কার্য্য বশতঃ পুরুষ দিগের রোগাধিক্য দৃষ্ট হয় (৩) **সামাজিক অবস্থা, অভ্যাস ও কার্য্য**—যথা দারিদ্র্য, সহরে বাস, অপরিমিতাচার এবং ঠাণ্ডায় কার্য্য প্রভৃতি কারণে নিউমোনিয়া উপস্থিত হয়। (৪) **স্বাস্থ্যের অবস্থা**—শরীর দুর্ব্বল হইলে অথবা রোগান্তে দুর্ব্বলতায় এইরোগ অধিক দৃষ্ট হয়। সবল ব্যক্তিগণও ইহার হস্ত হইতে রক্ষা পায় না। (৫) একবার রোগ হইলে পর পুনবায় আক্রমণের অধিক সম্ভাবনা থাকে। (৬) **দেশ ও কাল**—শীত, উত্তাপের শীঘ্র পরিবর্ত্তন, শৈত্য এবং উত্তর ও পূর্ব্ব দিকের বাতাস প্রভৃতি দ্বারা নিউমোনিয়া

Predisposing Causes :
1. 20 to 30 years of age but no age exempted.
2 Male sex. exposure.
3 Social position, habits and occupation.
4 Feeble health
5 Previous attacks
, Cold place, rapid change in tempt, moisture, north and east winds.
7. Family or individual predisposition.

উপস্থিত হয়। (৭) পারিবারিক অথবা ব্যক্তিগত ধাতু দ্বারাও এই রোগ উৎপন্ন হইতে পারে।

Exciting Causes. 1. Cold draught. 2. Direct irritation from various causes. 3. Injury to the chest. 4. Secondary from various acute affections. 5. Epedimic (sometimes.) 6. Intense or long continued pulmonary congestion from heart disease; hypostatic congestion in old and weak individuals who are confined to bed from any cause.

উদ্দীপক কারণ—(১) উত্তপ্ত শরীরে বা ঘর্ম্মাক্ত কলেবরে হঠাৎ শৈত্য প্রয়োগ, ঠাণ্ডায় ভ্রমণ প্রভৃতি যে কোন প্রকারে হউক ঠাণ্ডা লাগিলেই ফুস ফুস প্রদাহিত হয়। (২) অত্যন্ত উষ্ণ ও শীতল বায়ু ও উত্তেজক গ্যাস, আহারীয় খণ্ড, শোণিত, (বিশেষতঃ সন্ন্যাস রোগের রক্তচাপ), গুটিকা, কর্কট, ডিপথিরিটিক ও ক্রুপাস্ রস প্রভৃতি দ্বারা ফুস ফুস মধ্যে সাক্ষ্যাৎ সম্বন্ধে উত্তেজনা উপস্থিত হইলে নিউমোনিয়া হয়। (৩) বক্ষে আঘাত ভগ্ন পঞ্জরাস্থি, অথবা আহত বক্ষ প্রভৃতি অবস্থায় ফুস ফুস প্রদাহিত হয়। (৪) হাম, বসন্ত, টাইফাস ও টাইফয়েড্ অর্থাৎ মোহ ও সান্নিপাতিক জ্বর, পুঁজ শোষণ জ্বর তরুণ বাত, এবং প্রসবান্তিক জ্বর প্রভৃতি রোগে আনুষঙ্গিক হইয়া নিউমোনিয়া উপস্থিত হইয়া থাকে। রক্তের অপকৃষ্টতা হেতু পুরাতন রোগের সহিতও এইরোগ হইতে পারে। কিন্তু সে স্থলে অন্যবিধ উদ্দীপক কারণ থাকা সম্ভব। (৫) স্বাস্থ্য রক্ষার অনিয়ম বশতঃ এই রোগে কদাচ দেশব্যাপী হইয়াও পড়ে যথাঃ ইন্ ফ্লুয়েঞ্জা, জনতা, ও বদ্ধবায়ু সঞ্চালন জনিত নিউমোনিয়া দৃষ্ট হইয়া থাকে। ম্যালেরিয়া প্রপীড়িত দেশে ইহার প্রাদুর্ভাব অধিক। (৬) ফুসফুসে প্রবল অথবা বহুকাল স্থায়ী রক্তাধিক্য প্রযুক্ত নিউমোনিয়া হয়। হৃদরোগ অথবা বহুদিন শয্যাগত থাকা প্রযুক্ত ফুসফুসে উক্ত প্রকার রক্তাধিক্য হইয়া থাকে।

Various theories about its pathology.

বিশেষ নিদান—পূর্ব্বে তরুণ ও প্রাথমিক নিউমোনিয়া রোগকে লোকে এক প্রকার বিশেষ জ্বর অথবা বিশেষ সংক্রামক রোগ বলিয়া জানিত। এক্ষণে স্থির হইয়াছে যে বিশেষ অর্গানিজম দ্বারা এই রোগ উৎপন্ন হইয়া থাকে। কোন কোন ডাক্তার বলিয়াছেন যে ফুসফুস হইতে নিঃসৃত রসে, ফুসফুসের লিম্ফাটিক

নলীতে এবং আলাওর পলাস্রা আকর্ষিত রসে মাইক্রো কোসাই নামে এক প্রকার ক্ষুদ্র কীটানু অবস্থিতি করে। কেহ কেহ উক্ত কীটকে নিউমোকোসাই নাম দিয়াছেন। কেহ কেহ বলেন যে জলবায়ুস্থিত কীট আঘ্রাণ দ্বারা ব্যক্তি বিশেষের ফুসফুসে নিউমোনিয়া উৎপন্ন হয়। আবার কেহ কেহ নিউমোনিয়া রোগকে প্রাদাহিক রোগ বলিয়া স্বীকার করেন না।

নৈদানিক পরিবর্তন—দক্ষিণ ফুসফুসের নিম্নাংশ প্রায়ই প্রদাহ হয়। কদাচ ফুসফুসের ঊর্দ্ধাংশে এবং অতি কদাচ উভয় ফুসফুসের সমস্থানে প্রদাহ দৃষ্ট হয়। ডাক্তার ষ্টোকস বর্ণিত প্রাথমিক অবস্থায় কেবল ফুসফুসের ধামনিক রক্তপূর্ণতা ও উহার শুষ্কতা দৃষ্ট হয়। কিন্তু ক্রমশঃ নিম্নলিখিত পরিবর্তনগুলি দৃষ্ট হইয়া থাকে :—

Pathological anatomy changes: (1) hyperæmia, (engorgement,) (2) exudation (red hepatization) (3) resolution (yellow hepatization) or it may undergo purulent transformation (gray hepatization.)

১। আরক্তিমতা বা এনগর্জমেণ্ট অবস্থা।

২। একজুডেশন বা রসনিঃসারণাবস্থা অথবা রেড্ হিপাটিজেশন বা লালবর্ণ যকৃদাবস্থা। ৩। রেজোলিউসন্ বা আরোগ্যাবস্থা (পীতবর্ণের যকৃদাবস্থা), অথবা রোগের বৃদ্ধি (রোগ পাকিয়া উঠে) সুতরাং ধূসরবর্ণ যকৃদাবস্থা।

১। প্রথম আরক্তিম বা এনগর্জমেণ্ট অবস্থা—এই অবস্থায় এলভিওলাই স্থিত নাড়ীগুলি রক্ত পূর্ণ হয় এবং বায়ুকোষ গহ্বর লাল হইতে থাকে, সুতরাং ফুসফুসের আক্রান্ত স্থান বিবিধ প্রকার লাল ও নীলবর্ণ ধারণ করে, কিন্তু ঐ বর্ণ সমরূপে বিস্তৃত হয় না।

Hyperæmic stage: lungs become dark red, heavier, firmer, more resisting, less elastic crepitates inperfectly, on section bloody aerated serum, lung tissue perceptibe, pieces float in water, and being easily torn.

ফুসফুস ভারি ও কঠিন হয়, উহার স্থিতিস্থাপকতার হ্রাস হয় এবং আক্রান্ত অংশ টিপিলে ঈষৎ টোল খায় এবং সুস্থাবস্থার মত পরিষ্কাররূপে কুরকুর শব্দ উৎপন্ন করে না। কাটিলে উহা হইতে লাল বা কটা বর্ণ সিরাম বা রক্তরস বাহির হয়। এই রসে বায়ু বুদ্ বুদ্ দৃষ্ট হয়। এবং উহা ঈষৎ চটচটে

হইয়া থাকে। এই অবস্থায় ফুসফুসতন্ত নষ্ট হয় না এবং উহার খণ্ড গুলি জলে নিক্ষেপ করিলে ভাসিয়া থাকে। আক্রান্ত ফুস-ফুস অংশ পাতলা হয় সুতরাং উহা সহজে ছিন্ন করা যায়।

Exudation stage color more uniform and dull reddish, increased in weight and firmness, inelastic non-crepitant On section little and non-aerated dirty and thick fluid escapes, pieces become brittle and sink in water, microscope reveals fibrin cells, granules micrococci

দ্বিতীয় বা রস বাহির হওন—বা একজুডেশন অবস্থা, অথবা লালবর্ণ যকৃদাবস্থা। এ অবস্থায় আক্রান্ত ফুসফুস-খণ্ড সমভাবে ও ফিঁকে লালবর্ণ ধারণ করে। উহার ওজন বৃদ্ধি হয়, এবং উহা ফুলিয়া থাকে। আক্রান্ত স্থান ক্রমে ঘন ও শক্ত, স্থিতিস্থাপক শক্তি শূন্য এবং বুবকুর শব্দ বর্জ্জিত হয়। এ অবস্থায় কর্ত্তন করিলে উহার অভ্যন্তর প্রদেশে লাল ও কটা মিশ্রিত বর্ণ দৃষ্ট হয়, কিন্তু উহার মধ্যে মধ্যে ধূসরবর্ণও দৃষ্ট হইয়া থাকে। বিভক্ত প্রদেশ অস্বচ্ছ থাকে এবং বায়ুর স্পর্শে ক্রমে ২ উহা উজ্জ্বল লাল হইয়া পড়ে। এক্ষণে উহা হইতে অত্যল্প তরল পদার্থ বাহির হয়, কদাচ, পেষণ ব্যতীত কিছুই বাহির হয় না। পিষিলে যাহা বাহির হয় তাহা ঘন, ময়লা, রক্তানির-মত ও বায়ু শূন্য। আক্রান্ত অংশ ছিন্ন করিলে উহার অভ্যন্তর গাত্র গ্রানুলার বা দানাদার দেখায়। কিন্তু শিশু ও বৃদ্ধদিগের ঐরূপ দৃষ্ট হয় না। দ্বিতীয় অবস্থায় সমস্ত ফুসফুস তন্তু নষ্ট হয় সুতরাং আক্রান্ত অংশ অত্যন্ত ভঙ্গ প্রবণ হইয়া থাকে। এরূপ ঘনীভূত ফুসফুসাংশ জলে নিক্ষেপ করিবা মাত্র ডুবিয়া যায়। অণু-বীক্ষণ যন্ত্রদ্বারা উহাতে এমফাস ফাইব্রিণ, প্রচুর নূতন কোষ কিঞ্চিৎ গ্রান্যুলস্, ও মাইক্রোকোসাই দৃষ্ট হইয়া থাকে।

Gray hepatization gray, and greenish, yellow color On section soft pulpy lung tissue, escape of puriform liquid, due to cell formation, fatty degeneration and liquifaction,

৩। রোগের বৃদ্ধি অবস্থা বা ধূসরবর্ণ যকৃদাবস্থা—রেজোলিউসন বা পীত বর্ণের যকৃদাবস্থায় জমাট এল্‌বুমেন ঘটিত রস তরল হইয়া শোষিত হয়, কৌষিক পদার্থগুলি চর্ব্বিজাতীয় পদার্থে পরিণত হয়, উহাও অধিকাংশ শোষিত হয় এবং উহাদের অল্পাংশ কাশিয়া উঠিয়া যায়। ক্রমে এল্‌ভিয়োলাইগুলি আয়তন, স্থিতিস্থাপকতা ও ক্রিয়া সম্বন্ধে প্রকৃত সুস্থাবস্থা লাভ করিয়া থাকে।

আর যদি এরূপ না হয় তবে ৩য় অবস্থায় রোগের বৃদ্ধি হয়; অর্থাৎ আক্রান্ত ফুসফুস ধূসরবর্ণ যকৃদাবস্থায় পরিণত হয়; এরূপ স্থলে যকৃত ক্রমে ধূসববর্ণ লাভ করে। এতৎ সঙ্গে সবুজ ও পীত বর্ণ দৃষ্ট হইযাও থাকে, আক্রান্ত ফুসফুস বিভক্ত করিলে উহার দানাদার বা গ্রানুলার আকৃতি বড দৃষ্ট হয় না, এবং ফুসফুস তন্তু কোমল হইযা থাকে। এরূপ অবস্থায উহা হইতে ময়লা, ধূসর বর্ণের এমন কি পূঁযের মত রস স্বতঃ অথবা চাপনে বাহির হইযা থাকে। আক্রান্ত অংশ অল্প নরম হইতে পাবে অথবা একে বারে পাকিযা পুঁযে পরিণত হইতে পাবে। অধিক পরিমাণে কোষ নির্ম্মাণ এবং প্রদাহিক পদার্থ সমূহের চর্ব্বি জাতীয় পদার্থে পরিণতি ও উহাদের বিগলন প্রযুক্ত ঐরূপ ঘটিযা থাকে। রোগী যদি বাঁচিবার হয তবে এই সকল পদার্থ শোষিত অথবা শ্লেষ্মা দ্বারা বহির্গত হইযা থাকে এবং ফুসফুস তন্তু প্রকিতিস্থ হয।

নিউমোনিযা রোগে ফুস ফুসের এইরূপ পরিবর্তন সর্ব্বদা দৃষ্ট হইলেও উহাতে অন্যরূপ অবস্থাও দেখা গিয়া থাকে যথাঃ—(১) ফুসফুস মধ্যে এক বা ততোধিক স্ফোটক উৎপন্ন হয়। স্ফোটক ব্রংকাই মধ্যে অথবা প্লুরা মধ্যে ফাটিতে পাবে অথবা না ফাটিযা স্ফোটক মধ্যস্থিত পদার্থ গুলি পনিরের মত বা ক্যাল্কেরিয়া বা চূর্ণ ঘটিত পদার্থের মত আকার প্রাপ্ত হয, এবং স্ফোটক গহ্বর ক্রমে ক্রমে পূর্ণ হইযা পড়ে। (২) ফুসফুসে গ্যাংগ্রিন্ বা বিগলন হওযা সম্ভব হয়। (৩) ফুসফুস তন্তু, কেজিয়াস্ পদার্থে পরিণত অথবা উহার ধ্বংস হইতে পাবে। (৪) ফুস ফুস তন্তু ধীরে২ কঠিন হইতে পাবে এবং এমতে উহাতে সিরোসিস্ অবস্থা উৎপন্ন হইযা থাকে।

Other pathological terminations. 1 abscess, 2 gangrene, 3 caseous degeneration and destruction of lung tissue 4 Chronic induration or cirrhosis.

ফুস ফুসের অনাক্রান্ত স্থানে রক্তাধিক্য ও ফুলা দৃষ্ট হয এবং অল্প ও বিস্তর ব্রংকাইটিস্ লক্ষণ প্রকাশিত থাকে। প্লুরায় ও

Changes in nonpneumonic parts: congestion or oedema, bron-

chitis, pluritic exudation, enlarged bronchial glands infiltrated mediastinum, pericarditis, peritonitis, meningitis, ulceration in larynx, right heart and venous system overloaded, coagula in heart

রস সঞ্চয় হয় সুতরাং অনেক স্থলে প্লুরোনিউমোনিয়া রোগ প্রকাশ পাইয়া থাকে। কখনং আক্রান্ত ফুসফুসের স্থানীয় সাব প্লুরাল্ লিম্ফাটিকগুলিতে পাদার্থিক পদার্থ সঞ্চিত হইলে মার্বলের মত দেখিতে হয়। ব্রংকিয়াল গ্রন্থি বড়, লাল ধূসর বর্ণ এবং কোমল হয়। মিডিয়াষ্টিনামে মধ্যে কদাচ আটাযুক্ত রস দৃষ্ট হয়। নিউমোনিয়ার সহিত পেরিকার্ডাইটিস ও পেরিটোনাইটিস লক্ষণ প্রকাশ পাইতে পারে। কদাচ মেনিঞ্জাইটিস উপসর্গ হইতে পারে। কভু বা লেরিংস মধ্যে ক্ষত দৃষ্ট হয়। হৃৎপিণ্ডের দক্ষিণ গহ্বর দ্বয় এবং সমস্ত শিরা মণ্ডলী রক্তে পরিপূর্ণ, বিবিধ যন্ত্রে রক্তাধিক্য, হৃৎপিণ্ড ও বৃহৎ রক্তবহানাড়ীতে সংযত ফাইব্রিন নির্ম্মান এবং রক্তে ফাইব্রিনের আধিক্য হেতু ক্ল্যাফিকোট্ নির্ম্মিত হইয়া থাকে।

Premonitory symptoms sudden rigor, prostration, pyrexia, vomiting, headache, delirium, restlessness, stupor and convulsions

লক্ষণ—অত্যন্ত দীর্ঘ স্থায়ী শীতের সহিত প্রাথমিক নিউমোনিয়া রোগ উপস্থিত হয়, শিশুদিগের প্রথম কম্পের স্থলে আক্ষেপ উৎপন্ন হইয়া থাকে। এই রোগে জ্বরের সহিত অত্যন্ত দুর্ব্বলতা, প্রবল বমন, অথবা বিবিধ মস্তিষ্ক লক্ষণ যথাঃ শিরঃ বেদনা, প্রলাপ, অস্থিরতা তন্দ্রা এবং শিশুদিগের আক্ষেপ প্রভৃতি প্রকাশ পায়। রোগ বদ্ধমূল হইলে উক্ত লক্ষণ গুলিকে দুই ভাগে বিভক্ত করা যায় যথা স্থানিক ও সাধারণ।

Symptoms when disease is established (1) Local · side pain, rigor, tenderness, hyperaesthesia, dyspnœa, disturbed pulse respiration-ratio, orthopnœa; short hacking and spasmodic cough, viscid

স্থানিক বা লোকাল্ লক্ষণ—বক্ষের পার্শ্ব দেশে বেদনা হয়। শীতের সহিত অথবা শীতের পূর্ব্বে বেদনা ধরে, কিন্তু প্রায়ই শীতের কিছু কাল পরে বেদনা বুঝা গিয়া থাকে। স্তন প্রদেশে বেদনা প্রথম অনুভূত হয়। বেদনা অসহ্য না হইলেও অতি কষ্টদায়ক হয়। ঐ বেদনা বিদ্ধকারী হইয়া থাকে এবং শ্বাস গ্রহণে ও কাশিতে বৃদ্ধি পায়। বেদনা যুক্ত স্থানে হাত দিলে লাগে এমন কি ঐ স্থানের ত্বকের বেদনাধিক্য হইয়া থাকে ।

প্রথম হইতেই শ্বাস প্রশ্বাস দ্রুত ও শ্বাস কষ্ট হইয়া থাকে। এক মিনিটে ৩০। ৬০। ৮০ বার শ্বাস প্রশ্বাস হইতে পারে। শ্বাস অববোধ পর্য্যন্ত হইতে পারে। শ্বাস প্রশ্বাসের ব্যতিক্রমের সঙ্গে২ কাশি উপস্থিত হয়। প্রবল আক্ষেপের সহিত কাশি আরম্ভ না হইলেও ঘন২ ও ক্ষুদ্র২ এবং খকখকে কাশি হয়, এরূপ সাধারণ আক্ষেপ যুক্ত কাশি চাপিয়া রাখা যায় না, বিশেষতঃ জোরে নিশ্বাস লইলে অথবা উঠিয়া বসিলে অত্যন্ত কষ্টের সহিত কাশি হইবেই হইবে। শীঘ্র২ শ্লেষ্মা উঠিতে আরম্ভ হয়। শ্লেষ্মা প্রায়ই ফেনযুক্ত হয়না, কিন্তু এরূপ চট চটে ও আটা যুক্ত হয় যে অতি কষ্টে ফুৎকার দ্বারা উহা নিক্ষিপ্ত হয়, অনেক সময় গলার ভিতর হইতে শ্লেষ্মা টানিয়া বা পুছিয়া লইতে হয়। যে পাত্রে গয়ার প্রক্ষিপ্ত হয় উহা উপুড় করিলেও সহজে উক্ত শ্লেষ্মা পড়ে না। শ্লেষ্মা দেখিতে পীত অথবা ইষ্টক চূর্ণের মত হয়, কারণ, উহা রক্ত মিশ্রিত হইয়া থাকে। অনুবীক্ষণ যন্ত্র দ্বারা শ্লেষ্মা পরীক্ষা করিলে উহাতে এপিথিলিয়াম্, রক্তের চাক্তি, গ্রানুলার বা একজুডেসন কোষ, কদাচ রক্তের ক্ষুদ্র চাপ, ক্রমে উহাতে পিগমেণ্ট কোষ, স্বাধীন পিগমেণ্ট, প্রচুর গ্রানুলার পদার্থ ও তৈল বিন্দু, স্বাধীন নিউক্লিয়াই এবং পূঁযকণা দৃষ্ট হয়। রাসায়নিক পরীক্ষায় উহাতে মিউসিন্, কিঞ্চিৎ শর্করা; লবণ, বিশেষ ক্লোরাইড্ ঘটিত লবণ, এবং এক বিশেষ অম্ল ঘটিত পদার্থ দৃষ্ট হয়। প্রশ্বাস শীতল বোধ হয় এবং উহাতে কার্ব্বনিক এন্‌হিড্রাইড্ গ্যাস কম থাকে।

adhesive rusty sputa containing epethelium, blood disc, granular cells pigment cells oil globuls pus cells, mucin, albumin, sugar, salts, chlorides Expired air may be cool

কদাচ নিউমোনিয়া রোগে বেদনা গুপ্ত থাকে, শ্লেষ্মা অত্যল্প ওঠে অথবা আদৌ ওঠেনা, অথবা বরাবর সাদা থাকে। কদাচ শ্লেষ্মা কাল বর্ণের দুর্গন্ধ যুক্ত ও পাতলা তরল পদার্থের মত হয়, ঠিক যেন জেষ্টমধু অথবা কুলের রসের মত। কদাচ শ্লেষ্মার পিত্ত দৃষ্ট হইয়া থাকে।

Punemonia latent.

সাধারণ লক্ষণ—প্রবল জ্বর ও দুর্ব্বলতা এই দুইটি প্রধান সাধারণ লক্ষণ বলিয়া স্মরণ রাখিতে হইবে।

General symptoms: high, pyrexia greant depre

ssion prostration; hot, dry burning and acrid, skin tempt 102 to 105 degree, frequent pulse (90 to 120 per minute,) pulse at first full incompressible, then becomes weak, small yelding, intermittent or irregular, dorsal position with head high, cannot sit up

Furred, dry tongue, cracked lips, dysphagia, vomiting, jaundice, enlarged liver, diarrhoea headache, sleeplessness, restlessness, slight nocturnal delerium, febrile urine containing little albumen and no chlorides symptoms of Typhoid Pneumonia dry brown tongue, sordes in lips and teeth, delirium stupor, coma convulsions, twitchings, tremors

নিউমোনিয়া রোগে শীঘ্রই ত্বক অত্যন্ত উত্তপ্ত ও শুষ্ক হইয়া ওঠে, এবং ত্বক অত্যন্ত জ্বালা করিয়া থাকে। কখনং ঘর্ম্ম হয়, কিন্তু উহা দ্বারা রোগের কিছুই উপশম বোধ হয় না। ১০২, ১০৩ এবং ১০৫ ডিগ্রি পর্য্যন্ত শারীরিক উত্তাপ বৃদ্ধি পাইয়া থাকে। রোগের ২য় বা ৩য় দিবসে উত্তাপের আধিক্য হয়, কিন্তু রোগের শেষাবধি তাপাধিক্য থাকিতে পারে। ১০৭ ডিগ্রি উত্তাপ বাড়িয়া ও রোগী আরোগ্য হইয়াছে, মারাত্মক রোগীর ১০৯ ডিগ্রি পর্য্যন্ত উত্তাপ উঠিতে দেখা যায়। ১০৩ বা ১০৪ ডিগ্রি উত্তাপ সর্ব্বদা প্রকাশ পায়। অতি প্রত্যূষে উত্তাপের হ্রাস হয়, ক্রমে দুই প্রহর বেলা হইতে অল্পং বাড়িয়া সন্ধ্যা কালের পর আবার ক্রমেং কমিতে থাকে। কোনং স্থলে রাত্রি দুই প্রহরের পর আবার শারীরিক উত্তাপের আধিক্য হয় এবং আবার প্রাতঃকালে নরম পড়ে। ½ হইতে ১.৫ ডিগ্রী সন্তাপের হ্রাস হইতে পারে কিন্তু সচরাচর ৯৮ ডিগ্রীর অধিক কমে না। নিউমোনিয়া রোগের ক্রাইসিস অর্থাৎ হঠাৎ আরোগ্যের পথে আসিবার সময়ের ১দা ২ দিবস পূর্ব্ব হইতে শারীরিক উত্তাপ কমিতে থাকে। পর্য্যায় জ্বরের সহিত নিউমোনিয়া রোগ হইলে প্রাতঃকালে উত্তাপের একবারে হ্রাস হয় অর্থাৎ স্বাভাবিক উত্তাপের অধিকই তাপ দৃষ্ট হয় না। নিউমোনিয়া রোগের আক্রান্ত দিকের মুখ মলিন ও বিশেষতঃ লাল হইয়া থাকে, কদাচ নীল অথবা পীত বর্ণের হইয়াও থাকে। মুখমণ্ডলের ভাবে রোগীকে সবেদন, উদ্বিগ্ন চিত্ত অথবা অপ্রসন্ন ও স্ফূর্ত্তি হীন বোধ হয়। ২য় বা ৩য় দিবসে রোগীর আক্রান্ত বক্ষের দিকের মুখে প্রায়ই হার্পিস বা জ্বর ঠুঁটা বাহির হইয়া থাকে।

এক মিনিটে নাড়ী ৯০ হইতে ১২০ বা ততোধিক বার স্পন্দিত হইয়া থাকে। প্রথমে নাড়ী সবল পূর্ণ এবং অদমনীয় থাকে; পরে ক্ষীণ, ক্ষুদ্র, দমনীয় বা চাপনশীল অথবা কখনং ক্ষণ বিলুপ্ত বা বিষম হয়।

রোগী অনেক স্থলে সাতিশয় নিস্তেজ ও দুর্ব্বল হইয়া পড়ে। রোগী মস্তক অল্প উন্নত করিয়া চিৎ হইয়া প্রায়ই শয়ন করিয়া থাকে এবং উঠিয়া বসিতে বিশেষ কষ্ট বোধ করিয়া থাকে।

জ্বর রোগের মত নিউমোনিয়া রোগেও পরিপাক যন্ত্র সম্বন্ধীয় নিম্নলিখিত কয়েকটি আস্বাভাবিক লক্ষণ প্রকাশ পাইয়া থাকে যথাঃ—জিহ্বা ময়লা যুক্ত ও শুষ্ক হয়, ওষ্ঠ ফাটিয়া যায়, কদাচ গলাধঃকরণ কষ্ট, প্রবল বমন, যকৃৎ বৃদ্ধি ও ন্যাবা, ও উদরাময় উপস্থিত হয়।

সাধারণ মস্তিষ্ক লক্ষণ যথাঃ—শিরোবেদনা, অনিদ্রা, অস্থিরতা, ও নিদ্রাবস্থায় প্রলাপাদি প্রকাশ পাইয়াও থাকে। জ্বর রোগের মত ঘোর বর্ণের প্রস্রাব ও মূত্রে ঈষৎ এলবুমেন দৃষ্ট হয় কিং [illegible] ভাবে ক্লোরাইডসের স্বল্পতা অথবা এক কালে অভাব হয়। দুরবস্থা স্থানে স্থলে অত্যন্ত দৌর্ব্বল্যাকর লক্ষণ যথাঃ—শুষ্ক ও কটা বর্ণের জিহ্বা, ওষ্ঠে ও দন্তে সর্ডিস বা ময়লা, প্রলাপ, মোহ, অচৈতন্য আক্ষেপ বা কনভালসন্, পেশীর কাঁপন, ও বিবিধ ইন্দ্রিয় বিকার লক্ষণ প্রকাশিত হয়। এইরূপ হইলে টাইফয়েড নিউমোনিয়া কহা যায়। রোগী দুর্ব্বল বৃদ্ধ ও অপরিমিতাচারী হইলে, কোন তরুণ বা পুরাতন রোগের সহিত নিউমোনিয়া প্রকাশ পাইলে, নিউমোনিয়ার সহিত প্রবল জ্বর থাকিলে, অথবা ঐরোগ পাকিয়া পচিয়া উঠিলে দুর্ব্বলতার একশেষ হয়। মাতাল দিগের নিউমোনিয়া বা ফুসফুস প্রদাহ উহাদিগের ডিলিরিয়াম ট্রিমেন্স রোগের লক্ষণের সহিত ঐক্য হয়, পরে ঐরূপ নিউমোনিয়া রোগে কোলাপ্স বা অবসাদনাবস্থা উপস্থিত হইয়া থাকে। কখন২ এই রোগে উন্মত্ততা বা মস্তিষ্ক প্রদাহের লক্ষণের ন্যায় লক্ষণাদি প্রকাশ পাইয়া থাকে। ফুসফুসে পূঁযোৎপত্তি হইলেই প্রবল কম্প ও জ্বরের বৃদ্ধি রাখে। ফুসফুসের প্রদাহ যদি একটি স্ফোটকে পরিণত হয় তবে উহার পূঁযের সহিত ফুসফুসের টুকরাও বাহির হইয়া থাকে।

কখনং নিউমোনিয়া রোগে সায়েনোসিস্ অর্থাৎ শির য় রক্ত সঞ্চয় বশতঃ সর্ব্ব শরীর নীল বর্ণ ধারণ করিতে পারে। এরূপ অবস্থায় হৃৎপিণ্ডের দক্ষিণ দিকে এবং সমস্ত শিরা মণ্ডলীর মধ্যে শোনিত পূর্ণাবস্থায় দৃষ্ট হয়, এবং ফুসফুসের ধমনীর ভিতর রক্তের ক্ষুদ্রং চাপ দৃষ্ট হইয়া থাকে।

Physical-signs : Stokes stage harsh and rough breath sounds. Engorgement stage. respiratory movements are deficient, vocal fremitus increased, percussion sound not much altered, respiratory sounds are weak harsh and may be bronchial, fine crepitation over the part affected Red hepatization stage : enlargement of the side, expansion movement impaired, vocal fremitus increased; percussion dull, hollow, tubular or amphoric, respiratory sounds tubular, dry, high pitched metallic, blowing or bronchial ; crepitant rales over the confines of the inflamed part; vocal reson-

ভৌতিক চিহ্ন—১। ষ্টোক্সের অবস্থা—এই অবস্থায় শ্বাস প্রশ্বাস শব্দের কর্কশতা ও আধিক্য হইয়া থাকে।

২। এন্‌গর্জমেণ্ট—১। বেদনা প্রযুক্ত শ্বাস প্রশ্বাস গতির হ্রাস হয়। ২। ভোকাল্ ফ্রিমিটস্ বৃদ্ধি পায়। ৩। ঠোকর শব্দের কিছু অধিক পরিবর্ত্তন দৃষ্ট হয় না; উহা অতি স্পষ্ট ফাঁপা অথবা ঈষৎ মোটা স্বভাব বিশিষ্ট হয়; অর্থাৎ ঠোকর শব্দ-প্রতিধ্বনির স্বল্পতা হইতে পারে। ৪। শ্রবণ করিলে শ্বাস প্রশ্বাস শব্দ কর্কশ ও ক্ষীণ বোধ হয়, কদাচ উহা ব্রংকিয়াল্ স্বভাব বিশিষ্ট হইয়া থাকে।

৫। এই অবস্থায় আক্রান্ত অংশে প্রকৃত ক্রিপিটেণ্ট র‍্যাল্‌স শব্দ শ্রবণ গোচর হইয়া থাকে।

৩য় লালবর্ণ যকৃদাবস্থা—(১) আক্রান্ত বক্ষ কিঞ্চিৎ বর্দ্ধিত হয়। (২) শ্বাস প্রশ্বাস গতির অত্যন্ত হ্রাস হয়; বক্ষ প্রায় বিস্তৃত হয় না। (৩) ভোকাল ফ্রিমিটাসের আধিক্য হয়। (৪) ঠোকর মারিলে প্রতিরোধকতার সহিত সগর্ভ বা স্থূল শব্দ উৎপন্ন হয়; কখন কখন ঠোকর-শব্দ শূন্যগর্ভ ফাঁপা অথবা নলীয় (টিবুলার) এবং এমন কি বাদ্যবৎ অর্থাৎ এম্ফোরিক গুণ বিশিষ্ট হইয়া থাকে। বেসিক্ নিউমোনিয়া রোগে অর্থাৎ ফুসফুসের তলদেশে প্রদাহিত হইলে, বক্ষের সম্মুখাংশের উপরিভাগে টিবুলার অথবা টিম্পানিটিক ঠোকর শব্দ উৎপন্ন হইয়া থাকে। (৫) শ্বাস প্রশ্বাস শব্দ টিবুলার বা নলীয়, শুষ্ক, উচ্চ স্বর ও ধাতব গুণবিশিষ্ট এবং কখন কখন কেবল ফুৎকারবৎ অথবা ব্রংকিয়াল

স্বভাবাপন্ন হইয়া থাকে। এই অবস্থায় টিবুলার বা নলীর শ্বাস প্রশ্বাস শব্দ একটী প্রধান ভৌতিক লক্ষণের মধ্যে গণ্য হয়। (৬) প্রদাহিত অংশের ধারে ধারে সর্ব্বদা ক্রিপিটেন্ট অর্থাৎ কেশ-মর্দ্দনবৎ শব্দ শ্রুত হইয়া থাকে। (৭) সহজ বকোক্তারণের অথবা ক্রন্দনের স্বরের আধিক্য হইয়া থাকে। এবং উহা উচ্চ স্বরবিশিষ্ট, অনুনাসিক ও ধাতবগুণ বিশিষ্ট হয়। এই স্বর প্রায় ইগোফনি ও পেক্টরোলোকুই শব্দের মত হইতে পারে। কদাচ হুইস্পারিং পেক্টরোলোকুই শ্রুত হয়। (৮) কোন যন্ত্রের স্থানচ্যুতি হয় না। (৯) আক্রান্ত অংশের উপর হৃৎপিণ্ডের শব্দের আধিক্য শুনা যায়।

ance intensified and metallic, it may be egophonic or pectoriloquous, no displacement of organs, heart sounds intensified over the affected part.

৪র্থ রেজোলিউশন্ বা আরোগ্যাবস্থা— এই অবস্থায় রিডাক্স ক্রিপিটান্ট রাল্ স শ্রুত হয় অথবা ঘণ্টানিনাদ এবং কিম্বা ধাতব গুণবিশিষ্ট বড় বা ছোট সূক্ষ্ম বাবিংরাল্ স শ্রবণগোচর হইয়া থাকে। এই অবস্থায় অন্যান্য অস্বাভাবিক ভৌতিক চিহ্নগুলি শীঘ্র বা বিলম্বে তিরোহিত হইতে থাকে। কোনং রোগে অস্বাভাবিক চিহ্ন কতক পরিমাণে আজীবন রহিয়া যায়।

Resolution stage redux crepitation or large, small or metallic bubbling, other abnormal signs gradually disappear.

[illegible] বা ডাল শব্দ স্থানের [illegible] থাকে। কদাচ এই অবস্থায় বক্ষ পশ্চাদ্দিকে দৃষ্ট হইতে পারে।

উল্লিখিত ভৌতিক চিহ্নগুলি ফুসফুসের একটি বা দুইটি তলদেশে সর্ব্বদা প্রকাশিত হইলেও উহারা ফুসফুসের চূড়ায় বা অপরাংশে প্রকাশ পাইতে পারে। ফুসফুসের অতিশয় কাঠিন্য ও নলীগুলির সম্পূর্ণ অবরোধ ফুসফুসের গভীর স্থানে প্রদাহ এবং প্লুরোনিউমোনিয়া প্রভৃতি অবস্থায় ভৌতিক চিহ্নগুলির পরিবর্তন দৃষ্ট হয়। ফুসফুসের বিস্তৃত অংশে পূঁযোৎপত্তি হইলে প্রচুর পরিমাণে সরস বা তরল বাব্লিং রাল্ স শব্দ শ্রবণগোচর হয়, ফুসফুসে স্ফোটক ও গ্যাংগ্রিন বা বিগলন হইলে গহ্বরের লক্ষণ প্রকাশ

Physical signs. appear at one or both bases, also at the apex or other parts, diffuse suppuration gives also to abundant liquid bubbling rales. Abscess and gangrene are followed by the signs of a cavity, signs of pulmonary congestion or bronchitis,

respiration is exaggerated in the unaffected parts.

পায়। নিউমোনিয়ার সহিত ব্রংকাইটিস্ ও প্লুরিষির চিহ্ন বর্ত্তমান থাকিতে পারে। ফুসফুসের সুস্থ স্থানে শ্বাস প্রশ্বাসের আধিক্য হইয়া থাকে।

Termination resolution by crisis preceded by the reappearance of fine and large crepitation, in some cases by lysis, relapse sometimes happens, death may occur from asphyxia, more commonly from collapse exhaustion and hyperpyrexia, pneumonia may become chronic, purulent infiltration, abscess caseous degeneration and phthisis

পরিণাম ও স্থিতিকাল। ১। তরুণ নিউমোনিয়া রোগ অধিকাংশ স্থলে রেজোলিউসন দ্বারা আরোগ্য হয়। নিউমোনিয়া রোগে প্রায়ই ক্রাইসিস্ হয় অর্থাৎ শারীরিক উত্তাপাধিক্যের শীঘ্র হ্রাস হয়। স্বভাবিক তাপাপেক্ষা উত্তাপের হ্রাস হইতে পারে। উত্তাপের হ্রাস হইলেই নাড়ী ও শ্বাস প্রশ্বাসের সংখ্যা ও বেগ কম হয়। ৩ হইতে ১১ দিনের মধ্যে বিশেষতঃ প্রথম সপ্তাহের শেষে রোগের উপশম হয়। ক্রাইসিস্ অর্থাৎ হঠাৎ জ্বর মগ্নের সহিত প্রচুর ঘর্ম্ম ও প্রস্রাব, এবং কদাচ উদরাময়, নাক দিয়া বা অন্য স্থান হইতে রক্তপাত, অথবা কোন প্রকার চর্ম্ম স্ফোট বাহির হইয়া থাকে। কখন২ রোগান্তে কোলাপ্স অবস্থা উপস্থিত হয়। প্রস্রাবে লিথেটস্, অক্সেলেটস্ কসফেটস্ একং কদাচ রক্ত দৃষ্ট হইয়া থাকে।

কোন২ নিউমোনিয়া রোগে লাইসিস প্রণালী দ্বারা আরোগ্য হয় অর্থাৎ ধীরে ধীরে রোগের উপশম হইয়া থাকে। নিউমোনিয়া রোগে স্ফোটক ও গ্যাংগ্রিন হইলেও উক্ত রোগ আরোগ্য হইয়াছে। কখন কখন রোগ আরোগ্য হইলেও উহার পুনরাক্রমণ দৃষ্ট হয়। ২। নিউমোনিয়া রোগে শ্বাস অবরোধ, কোলাপ্স সংজ্ঞা হীনতা দুর্ব্বলতা ও উত্তাপাধিক্যে প্রাণত্যাগ হইতে পারে। ৩। তরুণ নিউমোনিয়া পুরাতন নিউমোনিয়া রোগে পরিণত হইতে পারে অর্থাৎ এক্জুডেশন বা নিঃসৃত রস প্রভৃতি ভালরূপে শোষিত না হইলে রোগীর মধ্যে মধ্যে জ্বর হইতে থাকে এবং ক্রমে ক্রমে শীর্ণ হইয়া পড়ে। এইরূপ কালে যক্ষ্মা রোগের উৎপত্তি হইতে পারে।

সবল ব্যক্তির নিউমোনিয়া সপ্তাহান্তে এবং দুর্ব্বল ব্যক্তির ঐরূপ রোগ ২।৩ সপ্তাহে ভাল হইয়া থাকে। পূর্ব্বের মত রস

সঞ্চিত হইলে কয়েক সপ্তাহ রোগের ভোগ হয় এবং তৎসঙ্গে দুর্ব্বলকর জ্বর বর্ত্তমান থাকে।

১ম ও ২য় অবস্থায় ফুসফুসাংশের ইডিমা (শোথ) উপস্থিত হইলে মৃত্যু হইতে পারে।

রোগের ৩য় অবস্থায় বৃদ্ধ ব্যক্তি ও মাতাল দিগের দুর্ব্বলতার মরণ সম্ভব হয়।

নিউমোনিয়ায় স্ফোটক হইলে দুর্ব্বলকর ঘর্ম্ম, ঘনঘন কাশি, এবং প্রচুর পরিমাণে পীত ও ধূসর বর্ণ মিশ্রিত এবং কদাচ রক্ত মিশ্রিত শ্লেষ্মা উঠিয়া থাকে।

নিউমোনিয়া রোগে কদাচ গ্যাংগ্রিণ বা বিগলন উপস্থিত হইলে কোলাপ্স অর্থাৎ অবসাদনাবস্থা আনীত হয় এবং তৎসঙ্গে কালবর্ণের ও দুর্গন্ধযুক্ত শ্লেষ্মা উঠে।

রোগনিরূপণ—ফুসফুসের শোথ রোগের সহিত নিউমোনিয়ার প্রথমাবস্থার ভুল হইতে পারে এবং অবসাদন জ্ঞাপক জ্বর, মস্তিষ্ক প্রদাহ এবং তরুণ মদাতঙ্ক রোগ হইতে নিউমোনিয়া রোগের পার্থক্য বিচার করিতে হয়। Diagnosis from œdema of lungs and pleurisy

বিপদাশঙ্কা—শৈশবাবস্থা, বৃদ্ধ বয়স, নারী, গর্ভাবস্থা, দৌর্ব্বল্য, টিউবারকুলার অর্থাৎ গুটিকা রোগের ধাতু, পুরাতন মাতাল, ফুসফুস, হৃৎপিণ্ড ও মূত্রগ্রন্থি সম্বন্ধীয় পুরাতন রোগের অবস্থিতি, পুরাতন রোগের অবস্থিতি, প্লুরা ও পেরিকার্ডিয়ামের বিস্তৃত সংযোগ, অন্য রোগের সঙ্গে নিউমোনিয়া, দুই ফুসফুস অথবা এক ফুসফুসের সমুদায় অংশ, উহার মধ্যাংশ বা উহার উর্দ্ধাংশে পীড়ার আক্রমণ, প্রচুর ও জলবৎ বা প্রুণ ফলের রসের মত শ্লেষ্মা না উঠিয়া ফুসফুস মধ্যে বিবিধ প্রকার রস সঞ্চয়, রোগে বিস্তৃত ভাবে পুঁয, স্ফোটক বা গ্যাংগ্রিণের উৎপত্তি, প্রবল জ্বর ও তৎসঙ্গে নাড়ীর বেগ বা সংখ্যার বৃদ্ধি এবং উত্তাপের আধিক্য যথা এক মিনিটে ১২০ বার নাড়ী স্পন্দন, ও ১০৬ ডিগ্রি তাপ, Dangers or unfavourable circumstances

রোগে টাইফয়েড অর্থাৎ সান্নিপাতিক এবং স্নায়বিক ও দুর্ব্বলকর অথবা কোল্যাপ্স বা অবসাদন লক্ষণ, শ্বাস অবরোধের চিহ্ন, রোগের সহিত অন্যান্য উপসর্গ যথা পাকাশয় ও অন্ত্র প্রদাহ এবং পেরিকার্ডাইটিস্ প্রভৃতি বহুবিধ অবস্থা ও কারণে নিউমোনিয়া রোগে বিপদাশঙ্কা থাকে। আবার ইহা স্মরণ রাখিতে হইবে যে উল্লিখিত যাবতীয় বিপদ হইতে উত্তীর্ণ হইলেও এবং ক্রাইসিস্ দ্বারা জ্বরাদি নিবারিত হইলেও হৃৎপিণ্ডের ক্রিয়ার অবসাদন হেতু মৃত্যু ঘটিতে পারে। নিউমোনিয়া রোগে ফুসফুসের কনসলিডেশন অর্থাৎ ঘনাবস্থা সকল সময়ে স্বাস্থ্যাবস্থায় পরিবর্তিত হয় না সুতরাং পরিণামে যক্ষ্মা রোগের আশঙ্কা থাকিতে পারে এবং কালে নিউমোনিয়া যক্ষ্মা পরিণত হইলে অনেকে নিউমোনিয়া রোগের টিউবারকিউলার কারণ অনুমান করেন।

CATARRHAL PNEUMONIA.

ক্যাটারাল্ নিউমোনিয়া।

Synonyms
Definition
an acute catarrhal inflammation of the bronchioles and alveoli with fever cough, dyspnoea copious sputa, great prostration.

অপর নাম—ব্রঙ্কো-নিউমোনিয়া ও লবুলার নিউমোনিয়া।

নির্ব্বাচন বা পরিচয়—সূক্ষ্ম ব্রন্‌কাইগুলির শ্লৈষ্মিক ঝিল্লীর এবং ফুসফুসের এলভিওলাইগুলির তরুণ প্রদাহ তৎসঙ্গে জ্বর, কাশি, শ্বাসকষ্ট, প্রচুর শ্লেষ্মা স্রাব এবং অত্যন্ত দুর্ব্বলতা বর্ত্তমান থাকিলে উহাকে ক্যাটারাল্ নিউমোনিয়া রোগ কহে।

Causes.
extension of bronchial catarrh downward, following collapse of lung, meas-

কারণ—ব্রন্‌কাইটিস্ রোগের নিম্নদিকে বিস্তৃতি অথবা কোল্যাপ্স যুক্ত লবিউলে প্রদাহ হইয়া এই রোগ প্রকাশ পায়। শিশুদিগের হুপিংকাশি, হামজ্বর, ডিপ্‌থিরিয়া এবং ইন্‌ফ্লুয়েঞ্জা

রোগের সহিত অথবা উহাদিগের কোন যোগ না থাকিলেও ইহা প্রকাশ পাইয়া থাকে। বাল্যাবস্থায় ও বার্দ্ধক্যে এই রোগের প্রাবল্য দৃষ্ট হয়। দুর্ব্বলতা, দূষিত বায়ু সেবন এবং অন্য রোগ হেতু অধিককাল শয়নাবস্থায় কাল হরণ প্রভৃতি এই রোগের পূর্ব্ব-বর্ত্তী কারণ স্বরূপ। রিকেট ও স্ক্রফিউলা ধাতুতে, এম্ফিসিমা ও হৃদরোগে এবং প্রসারিত ব্রংকাই রোগের সহিত ক্যাটারেল নিউমোনিয়া উপস্থিত হইতে পারে। ব্রংকিয়াল ক্যাটার বা সর্দ্দি নিম্নদিকে বৃদ্ধি পাইয়া পুরাতন ভাবে এই রোগ প্রকাশ পাইয়া থাকে। পুরাতন ক্যাটারাল-নিউমোনিয়া হইতে থাইসিস্ অর্থাৎ যক্ষ্মা রোগ উৎপন্ন হইতে পারে একরূপ অনেকে বিশ্বাস করিয়া থাকেন।

les, whooping cough, diphtheria, influenza, rickets, scrofula, emphysema, heart disease, childhood, old age

নৈদানিক পরিবর্ত্তন—তরুণ-নিউমোনিয়া রোগের মত ক্যাটারাল্ নিউমোনিয়া রোগে ফাইব্রিন ঘটিত রস বাহির হয় না কেবল প্রচুর পরিমাণে ব্রংকিয়াল এবং এল্ভিয়োলার এপিথিলিয়াম হইতে নব নব কোষের উৎপত্তি হইয়া থাকে। উহাদের দ্বারা এল্ভিয়োলাই গুলি পূর্ণ ও বিস্তৃত হয়। আরোগ্যের কালে উক্ত নূতন কোষ সমূহ তরল হইয়া শোষিত অথবা শ্লেষ্মা দ্বারা বহির্গত হইতে পারে। কদাচ এই রোগে স্ফোটক অথবা কেজিয়াস্ অপকৃষ্টতা হয়, এবং পরিশেষে ফুসফুস্ তন্তুকে ধ্বংস করে অথবা উহাতে টিউবারকেল অর্থাৎ গুটিকা রোগের উপ-যোগী অবস্থা আনয়ন করে। এই অবস্থার পর পুরাতন ইন্টার-ষ্টিসিয়াল্-নিউমোনিয়া হইতে পারে। ফুসফুস অংশের কোলা-প্সের পর এই পীড়া জন্মিলে সচরাচর আক্রান্ত অংশ বা লবিউল গুলিতেই পরিবর্ত্তন দৃষ্ট হয়, কিন্তু উক্ত আক্রান্ত লবিউলগুলি একত্রে প্রদাহিত হইলে উহাদের মধ্যবর্ত্তী বিস্তৃত ফুস্ফুস্ তন্তুও আক্রান্ত হইয়া থাকে। ফুস্ফুসের তলদেশে এবং পশ্চাৎদিকের ধারগুলিতে এরূপ অবস্থা অধিক দৃষ্ট হয়। ক্যাটরাল নিউমো-

Predisposing causes debility, breathing impure air long continued recumbent posture

pathological anatomy: hyperaemia and swelling of mucous membrane of bronchi, bronchioles, and air cells with an abnormal secretion and production of cells, admixed with a yellowish creamy mucoid material which blocks up the bronchioles and air cells. No fibrinous exudation, new cells undergo liquifaction and

নিয়ার সহিত ব্রংকাইটিশ চিহ্ন ফুসফুসে রক্তাধিক্য এবং শোথ অথবা লবিউলদিগের চোপ্সান বা কোলাপ্স অবস্থা দেখিতে পাওয়া [illegible] উভয় ফুসফুসের স্থানে২ লবিউলগুলি প্রদাহিত অবস্থায় [illegible], [illegible] ফুসফুসের তলদেশে উহার নিম্নদিকের অগ্রভাগে [illegible] এবং উহার উপর গাত্রে ঐরূপ অধিক লবিউল প্রদাহিত [illegible] পাওয়া গিয়া থাকে। প্রত্যেক প্রদাহিত লবি-উলের [illegible] আকার দৃষ্ট হয়, উপর গাত্রের লবিউলগুলি পিরা-মিডাকৃত হয় অর্থাৎ উহাদিগের মোটা দিক ফুসফুসের গাত্র হইতে কিঞ্চিৎ বাহির হইয়া পড়ে। উহাদিগকে দৃঢ় ঘন গ্রন্থির ন্যায় বোধ হয়, কিন্তু চাপিলে অতি সহজেই ভগ্ন হইয়া যায়। কাটিলে উহাদিগকে ধূষর পীত বর্ণ ও দানাদার দেখায়। ঐ পীত বর্ণ ক্রমে পার্শ্বস্থ কনজেশ্চনের বর্ণের সহিত মিশাইয়া যায়। কাটা প্রদেশ হইতে শ্বেত বর্ণ অস্বচ্ছ ও ফেনা রহিত যে এক প্রকার তরল পদার্থ টিপিয়া বাহির করিতে পারা যায় তাহাতে বহু সংখ্যক কোষ বর্ত্তমান থাকে এবং অনুবীক্ষণ দ্বারা পরীক্ষা করিলে উক্ত কোষগুলিকে পুঁয এবং মিউকাশ কণার মত দেখায়। প্রদাহিত লবিউল মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র প্রসারিত ব্রংকাই দৃষ্ট হয়। উহাদিগের ভিতর পুঁযের মত তরল পদার্থ থাকে। প্রদাহিত লবিউল জলে নিমগ্ন হয়।

absorption and the consolidation is removed, but if the fatty change be inconplete then the cells atrophy, the little mass becoming caseous, and the disease passes to a chronic state Bronchial walls becomes thickened and then calibre is often dilated

কোলাপ্স কারণ ব্যতীত, লবিউল প্রদাহিত হইলে রক্তপূর্ণ এবং শোথযুক্ত ফুসফুস তন্তুমধ্যে বহুসংখ্যক ক্ষুদ্র ক্ষুদ্র সাদাটে পীত বিন্দু বিস্তৃত থাকিতে দেখা যায়। উহারা অল্প২ দানাদার এবং উহাদিগকে টিপিলে অস্বচ্ছ এবং দুগ্ধবৎ তরল পদার্থ বাহির হয়। কোন২ অংশে গহ্বর হইয়া থাকে এবং গহ্বর মধ্যে পুঁযের মত পদার্থ থাকে। কেহ কেহ বলেন উক্ত পুঁয ভার প্রযুক্ত ক্ষুদ্র ক্ষুদ্র ব্রংকাই ও বায়ু কোষ মধ্যে অবতরণ করে অথবা নিশ্বাসে উহা নামিয়া থাকে।

লক্ষণ—এই রোগে ক্রুপাস্ নিউমোনিয়ার মত শীতের সহিত জ্বর হয় না, কিন্তু শারীরিক উত্তাপ ১০৩।১০৪ অথবা ১০৫ ডিগ্রী পর্য্যন্ত উঠিয়া থাকে। এই রোগে জ্বরের বিরাম কাল তরুণ ক্রুপাস্ নিউমোনিয়া অপেক্ষা অধিক। এই রোগের বিরাম কালের নির্দ্দিষ্ট সময় থাকে না। জ্বরের সম্পূর্ণ বিরাম হইলেও পুনর্ব্বার জ্বর আইসে। ত্বক্ হইতে প্রচুর ঘর্ম্ম বাহির হয়, এবং উহা স্পর্শে জ্বালা বোধ হয় না। নাড়ী দ্রুত বহে, কিন্তু শীঘ্র ক্ষীণ ও অসমান হইয়া পড়ে। ব্রংকাইটিস রোগের পর এইরূপ রোগ হইলে নিম্ন লিখিত কতিপয় লোকাল্ অর্থাৎ স্থানিক লক্ষণ প্রকাশ পাইয়া থাকে যথা—শ্বাস কষ্ট, ক্ষুদ্র, কর্কশ, খক্ খকে এবং বেদনা যুক্ত কাশি হয়, কিন্তু কাশি চাপিয়া রাখিতে চেষ্টা করিলে বেদনা প্রযুক্ত কান্দিয়া উঠে। প্রথমতঃ অল্প এবং পরিশেষে অপেক্ষাকৃত অধিক অথবা প্রচুর শ্লেষ্মা-পূঁয মিশ্রিত গয়ার বাহির হয়। ক্রুপাস্-নিউমোনিয়ার মত ইহাতে ইষ্টক চূর্ণের মত লাল বা রষ্টি বর্ণের শ্লেষ্মা প্রায়ই বাহির হয় না।

General Symptoms : high temperature followed by marked remission, skin perspires and not burning to the touch, pulse quick, feeble and irregular local symtom dyspnoea; short harsh, hacking and painful cough, with little expectoration; first, sputa not rusty, later on profuse mucopurulent expectoration.

এই রোগে ক্ষুধামান্দ্য, ঈষৎ উদরাময়, স্বল্প এবং ঘোর লাল বর্ণের প্রস্রাব হইয়া থাকে।

Other symptoms :

এই রোগ একিউট্ অথবা সাব্ একিউট্ অর্থাৎ অত্যন্ত জোর এবং মধ্যম প্রকারের জোরের সহিত প্রকাশ পাইতে পারে। এই রোগ প্রবলাকার ধারণ করিলে রোগী অত্যন্ত অস্থির ও উদ্বিগ্ন হয় এবং অচৈতন্য হইয়া পড়িয়া থাকে, এতৎসঙ্গে শরীর নীলবর্ণ ধারণ করে। দুর্ব্বলতা এবং শীর্ণতা এই রোগের প্রধান লক্ষণ।

Symptoms in children : pale and livid countenance bluish lips, dull eyes restlessness, apathy and coma

লাইসিস্ প্রণালী দ্বারা অর্থাৎ ধীরে২ এইরোগ কয়েক সপ্তাহের মধ্যে আরোগ্য হইয়া থাকে।

Resolution by lysis :

ভৌতিক চিহ্ন—এই রোগের ভৌতিক চিহ্নগুলি অতি অস্পষ্ট থাকে। প্রদাহিত স্থানে ভোকাল্-ফ্রিমিটাসের আধিক্য, ঠোকরে ডাল্ বা সগর্ভ শব্দ, ব্রংকিয়াল শ্বাস প্রশ্বাস, ক্ষুদ্র২ ক্রিপিটেণ্ট

Physical signs : increased vocal fremitus, deficient resonance, bronch-

ial breathing, small, scattered crepitus or crackling, some times ringing rales, broncho-phony.

(কেশ মর্দ্দন বৎ) অথবা ক্রাক্লিং (ধাতু বাদ্যবৎ) এবং কদাচ ঘণ্টা শব্দবৎ বাল্স শব্দ এবং ব্রঙ্কোফনি (স্বরাধিক্য) শ্রুত হওয়া যায়। বাল্স শব্দ গুলি বিচ্ছিন্ন ভাবে শ্রুত হইয়া থাকে। আরোগ্যের কালে বাল্সগুলি অপেক্ষাকৃত বড় এবং অধিক হইয়া থাকে।

Sequelæ · complicated with collapse of lobules then emphesema results during recovery Phthisis when catarrhal products donot rapidly undergo fatty changes

পরিণাম—এই রোগে লবিউল চুপ্সিয়া গেলে এম্ফিসিমা (ফুস্ফুসের বায়ু পূর্ণতা) হয়। কিন্তু এল ভিয়োলাই এবং ক্ষুদ্র২ ব্রংকাই নলীর মধ্যে শ্লেষ্মা সঞ্চিত হইলে এবং উহাদের মধ্যবর্ত্তী সংযোগ তন্তুতে অস্বাভাবিক পদার্থ গুলি মেদাপকৃষ্টতায় পরিণত না হইলে সুতরাং উক্ত অবস্থায় শোষণ ক্রিয়ার ব্যাঘাত ঘটিলে নিউমোনিক-থাইসিস্ উৎপন্ন হয়।

Prognosis : 50 per cent fatal especially in rachitic and scrofulous subjects.

ভাবীফল—এই রোগে অর্দ্ধেক রোগীর মৃত্যু সম্ভব। র‍্যাকাইটিক ও এসক্রফুলাগ্রস্ত শিশুদিগের পক্ষে এই রোগ বড়ই মারাত্মক হইয়া থাকে।

Diagnosis from bronchial catarrh, croupous pneumonia, acute tuberculosis, œdema of the lungs

রোগ নিরূপণ—সাধারণ ব্রংকিয়েল-ক্যাটারেল রোগের সহিত ক্যাটারেল-নিউমোনিয়া রোগের ভুল হইতে পারে। কিন্তু প্রথমোক্ত রোগে শেষোক্ত রোগের মত শ্বাস কষ্ট, জ্বর এবং ঠোকরে নীরেট শব্দ প্রভৃতি লক্ষণ থাকে না, কেবল বড় বড় রাব্লিং রাল্ শব্দ শ্রুত হইয়া থাকে।

ক্রুপাস নিউমোনিয়া বক্ষের একটী ফুসফুস্ আক্রমণ করে। ক্যাটারাল্ নিউমোনিয়া রোগে প্রায়ই দুই ফুসফুস্ আক্রান্ত হয়। ইহাতে ফুসফুসের বিস্তৃত প্রদাহ হয়। এবং এই রোগের স্থিতি কাল ক্রুপাস্ নিউমোনিয়ার মত নির্দ্দিষ্ট থাকে না।

তরুণ টিউবার্কিউলোসিস্ রোগের সহিত কেপিলারী ব্রংকাই-টিস্ বর্ত্তমান থাকে। ফুসফুসের ইডিমা অর্থাৎ শোথ রোগ দুই ফুসফুসে প্রকাশ পায়, তৎসঙ্গে শুষ্ক ও ক্ষুদ্র কাশি এবং শ্বাস-কষ্ট বর্ত্তমান থাকে। কিন্তু এই রোগে শর্দ্দির ইতিহাস পাওয়া যায়, এবং তৎসঙ্গে তাপাধিক্য দৃষ্ট হয় না।

TREATMENT OF PNEUMONIA.

নিউমোনিয়া বা ফুস্‌ফুস্‌ প্রদাহের চিকিৎসা।

একোনাইট—যদি প্রথমাবস্থায় প্রবল জ্বর, জ্বরের পূর্ব্বে শীত বোধ, জ্বরের সহিত শুষ্ক ত্বক, জ্বালাকর তাপ, পূর্ণ ও স্পন্দনশীল নাড়ী, লাল বর্ণ মুখ, কষ্টকর শ্বাস প্রশ্বাস, বক্ষে ভার বোধ, গভীর নিশ্বাস টানিলে অথবা নড়িলে বক্ষে বেদনানুভব, চীৎ হইয়া শয়ন, দক্ষিণ পার্শ্বে শয়ন করিতে অক্ষমতা, বাম বক্ষে চিড়িক বেদনা, শরীর ও মনের মধ্যে যন্ত্রনা, অস্থিরতা, শুষ্ক কাশির পর আটার মত ও রক্তের ছিট্‌ যুক্ত গয়ার ওঠা, মাথা ব্যথা, প্রবল তৃষ্ণা, স্বল্প ও ঘোর বর্ণের প্রস্রাব, প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে তবে ইহা ব্যবহার করা যায়।

Aconite: high fever, dry skin, burning heat, full and bounding pulse, red face, laboured respiration weight in chest, reeumbent postture, left chest painful, inability to lie on right side, anguish, restlessness, dry cough with tenacious and blood streaked expectoration, headache, thirst santy and high colored urine.

ডাক্তার ক্যাফ্‌কা বলেন যে ইহা ক্রুপাস্‌ নিউমোনিয়া রোগে কিছুই উপকার করেনা। যোসেন্‌ ইহাকে আমলেই আনেন না। ডাক্তার হিউজ বলেন যে নিউমোনিয়া রোগে একোনাইট দ্বারা বিশেষ উপকার আশা করা বৃথা। কিন্তু ডাক্তার বেয়ার, কেবোল্‌ ডানহাম্‌ এবং হেওয়ার্ড প্রভৃতি ইহার বিশেষ পক্ষপাতী। প্রথম অবস্থায় ধামনিক ও স্নায়বিক উত্তেজনা নিবারণার্থে ইহা বিশেষ উপযোগী হইয়া থাকে।

এমোন্‌-কার্ব্ব--বৃদ্ধ ব্যক্তি দিগের নিউমোনিয়া রোগে ভেগাস্‌ স্নায়ুর পক্ষাঘাত হইলে (টার্টার এমেটিকের মত), তৎসঙ্গে প্রচুর গয়ার ওঠা, লেবিংস ভুড় ভুড় করিয়া অনবরত কাশি রাত্রি ৩টার সময় অত্যন্ত বৃদ্ধি প্রভৃতি লক্ষণ থাকিলে ইহা দ্বারা বিশেষ উপকার হয়।

Ammon carb: pneumonia of old people, profuse sputa, incessant cough, worse at 3 or 4 A. M.

আর্নিকা—আঘাত প্রযুক্ত নিউমোনিয়া রোগে ইহা উপযোগী হইয়া থাকে।

Arnica (traumatic):

Arsenic; restlessness, anxiety, thirst, drinking little a time, burning and heat of chest pale face cold extremities prostration

আর্সেনিক—অত্যন্ত অস্থিরতা, উদ্বেগ ও পাসা, অনবরত অতি অল্প পরিমাণ জল পান, বক্ষের ভিতর জ্বালা ও তাপ, ফেকাসে মুখ মণ্ডল, শীতল হস্ত ও পদ, দুর্ব্বলতা, শ্বাস কষ্ট, পর্য্যায়শীল জ্বর ও অসমান নাড়ী। শেষাবস্থায় উপযোগী।

Baptisia' censation of scattered cough and pluta, typhoid symptoom

ব্যাপ্‌টিসিয়া—বক্ষের ভিতর কাশি ও গয়ার ছিন্ন বিচ্ছিন্ন থাকে এরূপ অনুভব, সর্ব্বদা একত্রিত হইয়া গয়ার ওঠা এরূপ ইচ্ছা, টাইফয়েড্ লক্ষণ।

Belladenna. nervousness, delirium convulsion, drowsiness, sleeplessness, starting from sleep, red face and eyes, congested brain. dry and tickling cough, worse at night, upper poiting of the lung being affected Bell. delirium from rapid circulation not from blood poisoning.

বেলেডনা—স্নায়বিক চেতনাধিক্য, প্রলাপ, তড়কা বা আক্ষেপ সম্ভাবনা, তন্দ্রা, নিদ্রা না হওয়া, নিদ্রাবস্থায় চমকান, আরক্ত মুখমণ্ডল ও চক্ষু, মস্তিষ্কে রক্তাধিক্য, শুষ্ক ও গলা শুড় শুড়ে কাশি, রাত্রিকালে বৃদ্ধি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। নিউমোনিয়া রোগে উপসর্গ নিবারণার্থ ইহা কেবল ব্যবহৃত হইয়া থাকে।

যদি ফুস ফুসের উর্দ্ধাংশ আক্রান্ত হয়, এবং যদি রক্ত সঞ্চালনাধিক্য বশতঃ বিকার লক্ষণ হয়, রক্ত দূষিত হইয়া বিকার না হয় তবে কোন স্থলে বেলেডনা একোনাইট অপেক্ষা উপযোগী হইয় থাকে।

Bryonia. It is very useful during the process of exudation but useless when resolution is tardy or grey hepatization sets in. Bry is very good in plurso-pneumonia.

ব্রায়োনিয়া—ডাক্তার গেসিয়ার বলেন যে নিউমোনিয়া রোগে ইহা প্রথম হইতে শেষ পর্য্যন্ত ব্যবহার করিবে। ডাক্তার জোসেট ও ঐরূপ মতের পক্ষপাতী। ব্রায়োনিয়া সেবন করিয়া বিষাক্ত হইলে ফুসফুস মধ্যে ঠিক ফাইব্রিনাস্ রস বাহির হয়; এবং প্লুরা নামক ফুসফুসাবরণকে প্রদাহিত করিয়া বক্ষের পার্শ্ব বেদনা উপস্থিত করে, সুতরাং ইহা প্লুরোনিউমোনিয়ার অতি উপযুক্ত ঔষধ।

ডাক্তার বেয়ার বলেন যে নিউমোনিয়া রোগের জ্বর কমিলে এবং লালবর্ণ যকৃদাবস্থা সম্পূর্ণরূপ উপস্থিত হইলে ব্রায়োনিয়া ব্যবহার দ্বারা উপযুক্ত ফল পাওয়া যায়। ডাক্তার বেয়ারের

মতে ব্রায়োনিয়া ব্যবহার করিতে হইলে, উহার প্রয়োগ সম্বন্ধে অযথা বিলম্ব হয় বলিতে হইবে। নিউমোনিয়া রোগে রস বাহির হইলেই ব্রায়োনিয়া প্রয়োগ বিধি। রস শুষ্ক হইতে বিলম্ব হইলে অথবা ধূসর বর্ণের যকৃদাবস্থা উপস্থিত হইলে ব্রায়োনিয়া দ্বারা কোন উপকার হয় না।

ব্রায়োনিয়া প্রয়োগ লক্ষণ—নিশ্বাস অপেক্ষা প্রশ্বাস সময় কম, চুপ করিয়া থাকিতে ইচ্ছা, অল্প অঙ্গ সঞ্চালনে সমস্ত যাতনার বৃদ্ধি, অত্যন্ত তৃষ্ণা একেবারে অনেক পরিমাণ জলপান, অম্ল পানীয়ে ইচ্ছা, অথবা অল্প তৃষ্ণা কিম্বা এককালীন তৃষ্ণার অভাব, কিন্তু শুষ্ক মুখগহ্বর, বেদনাযুক্ত পার্শ্বে শয়ন করিলে সুস্থ বোধ, কখন ইহার বিপরীত অবস্থা, গোলাকার ও জেলীর মত শ্লেষ্মা স্রাব, পীত বা আমা ইটের মত গয়ার প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Bryonia indications: short expiration, inclination to be still, great thirst, desire for acid, dry mouth, better on lying on painful side, round jelly like lumps.

ক্যাল্কেরিয়া কার্ব্ব—ধূসর বর্ণের যকৃদাবস্থা, জলে ফেলিলে গয়ার ডুবিয়া যায় ও তারার মত দেখা যায়, মস্তকে প্রচুর ঘর্ম্ম প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Calc carb: gray hepatization, sputa sinks in water and becomes star like, head-sweat

ক্যাপ্সিকাম—কাশিবার কালে ফুসফুস হইতে যে বায়ু বাহির হয় উহা দ্বারা মুখ গহ্বরের ভিতর অত্যন্ত দুর্গন্ধযুক্ত স্বাদ হয়, মুখ হইতে অত্যন্ত দুর্গন্ধ বাহির হইয়া থাকে।

Capsicum: bad smelling breath when coughing.

কার্ব্বোভেজ—রোগের তৃতীয় বা পূযাবস্থায় থেকে২ কাশি, অথবা গলা ঘড়ঘড়ানি, কাশির অভাব, ফেকাসে মুখ, অর্দ্ধ মুদ্রিত চক্ষু, কুঞ্চিত ও শীতল নাসিকা, নীলবর্ণ ওষ্ঠ, অসাড়তা, শুষ্ক জিহ্বা সত্ত্বেও পিপাসার অভাব, বাক্য বা ক্রন্দন না থাকে, ক্ষীণ ও অত্যন্ত দ্রুত অর্থাৎ গণনা করা যায় না একরূপ দ্রুত নাড়ী, শীর্ণ ও শীতল ঘর্ম্মযুক্ত দেহ, হস্ত ও পদ নীল ও শীতল, উদর গ্যাসপূর্ণ, ঘনং শ্বাস প্রশ্বাস, শীতল প্রশ্বাস প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। বৃদ্ধদিগের এই রোগের সহিত দক্ষিণ হৃৎপিণ্ডের রোগ

Carbo-veg 3rd stage, co- by spells no cough rattling, pale face, eyes half open cold and pinched nose, blue lips, pulse insensible no complaining or crying, pulse feeble quick difficult to count

body emaciated, feet and hand blue and cold, distended abdomen with gas, frequent respiration cold breath.

থাকিলে ইহা বিশেষ উপকার করিয়া থাকে। কার্ব্বোভেজ সদৃশ কাশিতে স্বল্প গয়ার ওঠে ও তাহাতে কিছুই উপকার বোধ হয় না, কিন্তু টার্টার এমেটিক কাশিতে অধিক গয়ার ওঠে এবং তজ্জন্য বিশেষ আরাম বোধ হইয়া থাকে।

Chelidonium: in catarrhal pneumonia and capillary bronchitis with liver complaints, right side affected, bilious symptoms, pain under right shoulder blade great and irregular palpitation of the heart.

চেলিডোনিয়াম্—ডাক্তার টেষ্টি বলেন যে কাল চেহারা বিশিষ্ট ব্যক্তিদিগের ধাতুতে ইহা ব্রায়োনিয়া অপেক্ষা উপযোগী হয়। আবার তিনি ইহাও বলিয়াছেন যে ক্যাটারাল নিউমোনিয়া ও শিশুগণের কেপিলারী ব্রংকাইটিস্ রোগে অতি আশ্চর্য্যরূপ উপকার করিয়া থাকে, ডাক্তার লড্লাম ও ইহার বিশেষ পক্ষপাতী। ডাক্তার হিউজ বলিয়াছেন যে নিউমোনিয়ার সহিত যকৃতের দোষ থাকিলে ইহা দ্বারা বিশেষ উপকার হয়। ইহার প্রয়োগ লক্ষণ যথা :—

দক্ষিণ দিকের নিউমোনিয়া, পৈত্তিক লক্ষণ, দক্ষিণ স্কাপুলা অস্থির নিম্নে বেদনা, এবং হৃৎপিণ্ডের অত্যন্ত ও অসমান স্পন্দন।

Cuprum after a previous catarrh in chest or in bowels with dyspnœa, earthy face red roof of the mouth, little sweat, diarrhoea

কুপ্রাম—বক্ষে অথবা উদর মধ্যে পূর্ব্বে একবার শর্দ্দি হইবার পর এই রোগ হইলে, তৎসঙ্গে হঠাৎ শ্বাস বোধ, মাটীর মত মুখ, মুখ গহ্বরের ছাদ নীলবর্ণ, অল্প ঘর্ম্ম, কখন টকগন্ধযুক্ত, এবং উদরাময় থাকিলে ইহা দ্বারা উপকার হয়।

Ferr met slowly increasing dyspnoea roof of the mouth white, pale face

ফেরাম্ মেটালিকাম্—শীতের পূর্ব্বে কোন অসুখই প্রকাশ পায় না, ধীরে২ শ্বাস কষ্টের বৃদ্ধি, ফেকাসে মুখমণ্ডল, মুখ গহ্বরের ছাদ সাদা বর্ণযুক্ত, গাত্র সহজ নাড়ী সহজ এবং মল সহজ বা ঈষৎ কটা।

Ferr. phosp. expectorate clear blood

ফেরাম্-ফস্—কাশিয়া টাট্কা রক্ত উঠিলে ইহা উপযোগী হয়।

Gelseminum: after sudden check of sweat with pain under two scapulea.

জেলসিমিয়াম্—হঠাৎ ঘর্ম্মরোধ বশতঃ দুই স্কাপুলা অস্থির নিম্নে বেদনা ইহার প্রয়োগ লক্ষণ।

হায়েসায়েমাস—বহু দিবস কেবল চিৎ হইয়া শয়ন বশতঃ যেরূপ হাইপোষ্টাটিক নিউমোনিয়া হয় এবং তৎসঙ্গে বেলেডনা অপেক্ষাকৃত মৃদু বিকার এবং অপেক্ষা অনেক কম পরিমাণ রক্ত সঞ্চয়, কিন্তু অধিক পরিমাণ স্নায়বিক উত্তেজনা, অধিক বকা ও খেয়াল দেখা এবং ঘরের ভিতর মানুষ না থাকিলেও মনুষ্যের মূর্ত্তি দর্শন প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে তবে ইহা উপকার করে।

Hyoscyamus: hypostatic pneumonia with less congestion but more nervous excitement talkitiveness, and hallucinations, seeing men in the room who are not there.

কেলি-কার্ব্ব—টার্টার এমেটিক্ এবং ইপিকাক ব্যবহার করিয়া ওষধি রস শোষিত না হয় তবে ইহা উপযোগী হয়। শিশু দিগের রোগে বক্ষের ভিতর ঘড় ঘড়ানি ও সরস পুড় পুড় শব্দ শ্রুত হইলে এবং উহারা কিছুতেই শ্লেষ্মা তুলিতে না পারিলে, তৎসঙ্গে যন্ত্রণা দায়ক কাশি, প্রাতঃকালে ৩ টার সময় দম আট-কান কাশি, বক্ষের নিম্নাংশে বেদনা ও ঠোকর মারিলে ডাল শব্দ, শ্বাসকষ্ট বশতঃ শিশুর নিদ্রা ও পান কার্য্যে অক্ষমতা, হাত ও পা স্ফীত ও নীলবর্ণ, ক্ষুদ্র ও অসমান নাড়ী, ফেকাসে মুখ মণ্ডল এবং ত্বক ও মল শুষ্ক প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে তবে ইহা বিশেষ উপযোগী হইয়া থাকে।

Kali-carb.: in resolution stage with bubbling and rattling, inability to raise tough phlegm, tormenting cough worse at 3 a. m. pain dulness dyspnoea puffiness and cyanosis of hands and feet, small irregular pulse, pale face, dry skin and stool

কেলি-হাইড্রিয়োডিকাম—[illegible] বলেন যে দুই ফুসফুসের ঊর্দ্ধাংশ কঠিন [illegible] এবং তৎসঙ্গে যদি প্রবল কম্পের পর [illegible] নাকডাকা, আরক্ত চক্ষু, উত্তপ্ত মস্তক, শুষ্ক জিহ্বা, [illegible] নিম্ন চোয়াল ঝুলিয়া পড়া, হাতের অঙ্গুলের [illegible] নীলবর্ণ, অসমান ও পর্য্যায়শীল নাড়ী, চীৎ হইয়া [illegible] ও পদাদি উত্তোলন করিলে তৎক্ষণাৎ পড়িয়া যাওয়া, [illegible], তৃষ্ণার অভাব প্রভৃতি লক্ষণ থাকে তবে ইহা উপকার করে।

Kali Hydr. both upper portions hepatized, after shaking chill, deep sleep, snoring, red eyes, hot head dry tongue, blue lips and nails sunken lowerjaw, irregular intermittent pulse, weak extremities, retained urine, no thirst.

ডিজিটেলিস—বৃদ্ধ ব্যক্তিদিগের নিউমোনিয়া রোগে অন্যান্য লক্ষণের হ্রাস হইলেও যদি [illegible] নাড়ী নিয়মিত না হয়, অর্থাৎ নাড়ী যদি অসমান, এলোমেলো, ও পর্য্যায়শীল হয়, তবে

Digitalis and alcohol to regulate hearts' action in old people.

কাল বিলম্ব না করিয়া ডিজিটেলিস্ প্রযোগ করিবে। তাহা হইলে হৃৎপিণ্ড ও এযোর্টা আবার স্বাভাবিক ভাবে কার্য্য করিতে থাকিবে। এই রোগে বক্ষের চতুস্পার্শ্বে লৌহ শৃঙ্খল দ্বারা বদ্ধ এইরূপ বোধ থাকিলে ক্যাক্টাস্ ব্যবহৃত হইযাও থাকে। কোনং স্থলে হৃৎপিণ্ড ও স্নায়ুমণ্ডলীর অত্যন্ত দুর্ব্বলতা হেতু উপযুক্ত ঔষধ সেবন করিলেও সামলাইতে পারে না, সেরূপ স্থলে প্রত্যহ ১ বা ২ ঔন্স ১নং ব্রাণ্ডি বা ভাল হুইস্কি সুরা ২৪ ঘণ্টার মধ্যে দুগ্ধ বা সুরুযার সহিত পথ্য ও উত্তেজনা রূপে সেবন করান অতীব কর্ত্তব্য।

Lachesis dyspnoea, left side. factid stools.

লেকেসিস্—অত্যন্ত শ্বাসকষ্ট, অপরাহ্ন ও নিদ্রাভঙ্গে বৃদ্ধি, বামদিকে অসুখ, মল বাঁধিলেও দুর্গন্ধ যুক্ত ভেদ প্রভৃতি ইহার প্রযোগ লক্ষণ।

Ly·opod pneumonia (low type) rt side dilatation of alæ nasi, constant cough, with abundant mucous, worse from 4 to 8 P. M.

লাইকোপোডিযাম্—দুর্ব্বলকর ও পুরাতন নিউমোনিয়া রোগে দক্ষিণ বক্ষ আক্রান্ত হওন, নাকের ডানার তোলাপাড়া বদন মণ্ডলের স্থানেং লালবর্ণ, ওষ্ঠ ও জিহ্বায ক্ষত, গাত্রে আবরণ সহ্য না হওয়া, ঘর্ম্মে উপশম না হওয়া, জাগিলেই খিট্খিটে হওয়া, কাশিলেই একগাল গয়ার উঠা, অল্প বাহ্যাটে, সূত্রবৎ ... গয়ার, বেলা ৪টা হইতে রাত্রি ৮টা পর্য্যন্ত অসুখ বৃদ্ধি প্রভৃতি ইহার প্রযোগ লক্ষণ।

Merc. Sol.' continued fever, dry irritating cough, dyspnoea, headche stupor, light delerium yellowish green sputa, right side, bilious symptom jaundice, diarrhoea.

মার্ক-সল্—নিউমোনিয়া রোগে ইহার অতি অল্প ব্যবহার হয। ডাক্তার বেযার বলেন যে এপিডেমিক ব্রংকো-নিউমোনিয়া রোগে ইহা বিশেষ উপকার করিযা থাকে। ডাক্তার মুলার বলেন নিউমোনিযা রোগের তৃতীয় অবস্থায় ইহা বিশেষ উপযোগী হইয়া থাকে। ইহার প্রযোগ লক্ষণ যথাঃ—প্রবল জ্বর না থাকিলেও একরকম জ্বর, ত্বক্ কখন শুষ্ক ও উত্তপ্ত এবং কখন ঘর্ম্মাক্ত; শুষ্ক ও উগ্রকাশি, রাত্রি কালে বৃদ্ধি, কখনং রক্তের ছিট্ যুক্ত, অল্প পরিমাণ ঈষৎ পীত ও সবুজ বর্ণ মিশ্রিত গয়ার ওঠা, শ্বাস কষ্ট, প্রবল

শিরঃপীড়া, তন্দ্রা, অল্প প্রলাপ, জিহ্বায় পীত বর্ণের ময়লা, জিহ্বা শুষ্ক, ঘোলাটে ও স্বল্প প্রস্রাব ; হুপিং কাশি, ব্রংকাইটিস এবং প্রবল ইনফ্লুয়েঞ্জা দ্বারা শিশুগণ ভুগিলে পর যদি নিউমোনিয়া হয় তবে উহার গাঢ় রস নিঃসরণাবস্থায় ইহা ফলপ্রদ হয়। দক্ষিণ দিক আক্রমণ, পৈত্তিকলক্ষণ ন্যাবা ও উদরাময় প্রভৃতি ইহার বিশেষ প্রয়োগ লক্ষণ।

নাইট্রাম—বক্ষের ভিতর বিরক্তিকর ভারবোধ, যেন ভার বশতঃ দুইচক্ষু চাপিয়া ধরে, অত্যন্ত শ্বাস কষ্ট বশতঃ অত্যল্প জল পান করিবার ক্ষমতা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Nitrum: heavy chest, dyspnoea

নাইট্রিক-এসিড— দুর্ব্বল ও শীর্ণকায় ব্যক্তিগণের বহুদিনস্থায়ী নিউমোনিয়া রোগে হঠাৎ বেদনা দূর হইলেও ক্ষীণ ও দ্রুত নাড়ী ইহার প্রয়োগলক্ষণ।

Nit acid.; protracted; weak, cachectic, weak and quick pulse.

ওপিয়াম—মাতাল, বৃদ্ধ এবং শিশুগণের নিউমোনিয়া রোগে রক্তাধিক্য এবং রসসঞ্চয় বশতঃ মস্তিষ্কের অবসাদন হইলে ইহা বিশেষ উপকার করিয়া থাকে। ইহার প্রয়োগ লক্ষণ যথাঃ বেদনা হীনতা, কষ্টকর, ক্ষীণ ও ঘড়ঘড়ে শ্বাস প্রশ্বাস, নীলবর্ণ মুখমণ্ডল, অর্দ্ধ নিমীলিত চক্ষু, চক্ষু গতিহীন, শীতল গাত্র, অসমান ও লোপ প্রায়নাড়ী ইত্যাদি।

Opium: for drunkards aged and infants where cerebral depression is present, no pain, slow, labored Stertorous breathing blue face, immovable eyes, lids half open, cold surface, irregular and almost imperceptible pulse, stupor.

এক ৮০ বৎসর বয়স্ক ব্যক্তির দুইবক্ষে নিউমোনিয়া হইয়াছিল সে মধ্যে২ আপন পরিবার বর্গের মধ্যে যাইতে চাহিত। শয্যা গরমবোধে দুর্ব্বলতা সত্ত্বেও অনেক সময় বসিয়া থাকিত। দুই পদ ব্যতীত উহার সর্ব্বাঙ্গে অত্যন্ত গরম ঘর্ম্ম হইত। ঘর্ম্মাক্ত স্থানে ঘামাচির মত ফোট বাহির হইত। হস্তদ্বারা বিছানায় সর্ব্বদা পদার্থের অনুসন্ধান করিত। ডাক্তার বার্ণিউটার তাহাকে ব্রাই ও ফস্ দিয়া বৃথা সময় নষ্ট করিয়াছিলেন। ১১ দিবসের দিন তাহাকে ৬ নং ওপিয়াম দেওয়া হয় তাহাতে সম্পূর্ণরূপে আরোগ্য হইয়াছিল।

A case of double pneumonia cured by opium by C. Bernreuter.

Phosphorous: when pneumonia exhibiting a typhoid condition, dry-tongue with dark brown coating, tall and spare built, caused not by dry cold wind

ফসফরাস্—নিউমোনিয়া রোগে টাইফয়েড লক্ষণ উপস্থিত হইলে এবং শুষ্ক জিহ্বার উপরিভাগে কাল ও কটা বর্ণের দাগ পড়িলে ইহার উপযোগীতা দৃষ্ট হয়। ইহা ক্যাটারাল্ নিউ-মোনিয়া রোগে বিস্তর ব্যবহৃত হইয়া থাকে। প্রকৃত ক্রুপাস্ নিউমোনিয়া রোগে যদি প্রকৃত প্লুরিটিক্ খিচ্‌খিচে বেদনা না থাকে, শুষ্ক ও ঠাণ্ডা বায়ু লাগাইয়া যদি ঐরূপ রোগ না হইয়া থাকে এবং যদি আক্রান্ত ব্যক্তি দীর্ঘকায় ও শীর্ণাকৃতি বিশিষ্ট হয়, তবে সেরূপ স্থলে ইহা ব্রায়োনিয়া অপেক্ষা বিশেষ উপযোগী হইয়া থাকে। ব্রায়োনিয়া সেবনের ২৪ বা ৪৮ ঘণ্টার পর যদি নাড়ীর বেগ সংখ্যা না কমে অথবা অন্যান্য লক্ষণের বৃদ্ধি রাখে তবে রাত্রিকালের জন্য ফস্ফরাস্ ব্যবস্থা করিবে। দিবাভাগে ব্রায়োনিয়া ঔষধই রাখিবে। ভিয়ানার ডাক্তার ফ্লিচ্‌ম্যান্ হাঁস-পাতালের তালিকানুসারে বলিয়াছেন শতকরা ৯৫৷ জন ব্যক্তির ফসফরাস নিউমোনিয়া দ্বারা আরোগ্য হইয়া থাকে। ফসফারাস প্রয়োগ লক্ষণ :—

Phos. indications. stupor with burning, hot head, red hot cheeks, red-ears, contracted pupils closed mouth, muttering delerium short breath, takes water when offered greedily but cannot take more than a sip, wing like motion of alaeenasi, quick heart and pulse, dry and hot skin, lower portion of posterior right lung hepatized, tight chest, diarrhoea sputa when falling on paper break and fly like thin batter.

তন্দ্রা তৎসঙ্গে জ্বালা, উত্তপ্ত মস্তক, লাল ও গরম গাল, লাল-বর্ণ কর্ণ, কুঞ্চিত তারা, মুখ বদ্ধ, বিকারাবস্থায় বিড়বিড় করিয়া বকা, পেটভরিয়া জলপান করিবে বলিয়া আকিঞ্চন কিন্তু শ্বাস আটকান বশতঃ এক ঢোকের বেশী গিলিতে অক্ষমতা, নাকের ডানা দুটী উঠা ও নামা, হৃৎপিণ্ড ও প্রধান২ ধামনিক ক্রিয়াধিক্য, অত্যন্ত দ্রুত নাড়ী শুষ্ক ও উত্তপ্ত ত্বক্, দক্ষিণ ফুসফুসের পশ্চাদ্ভাগে ও নিম্নদেশে রোগের আক্রমণ ও যকৃদাবস্থা, বক্ষে অত্যন্ত টাইট বোধ, উদরাময়, কাগজে গয়ার ফেলিলে গয়ার ভাঙ্গিয়া পাতলা শ্লেষ্মা গড়ান ইত্যাদি।

Pulsatilla: horizontal position, left sided perspiration, whispering voice, respiration 50 per minute.

পালসেটিলা—পৃষ্ঠের উপর শয়ন, কোন পার্শ্বে শয়ন করিতে না পারা, বাম পার্শ্বে অধিক ঘর্ম্ম, ফুস ফুস করিয়া কথা কহা, প্রত্যেক মিনিটে ৫০ বার শ্বাস প্রশ্বাস প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

রাসটক্স—ভিজিয়া অথবা ঠাণ্ডা লাগাইয়া নিউমোনিয়া হইলে, প্রথম হইতেই দুর্ব্বলকর ঐরূপ রোগ হইলে, চর্ম্ম স্ফোটের সহিত নিউমোনিয়া হইলে অথবা রক্ত দূষিত হইয়া এই রোগে বিকার উপস্থিত হইলে ইহা অতি উৎকৃষ্ট ঔষধ। নিউমোনিয়ার সহিত অথবা পূর্ব্বে ব্রংকাইটিস্ রোগ থাকিলে ইহা ফসফরাসের মত উপযোগী হইয়া থাকে। রসটক্স সদৃশ শ্বাসকষ্টে পাকাশয় ফুলিয়া ওঠে। এতদ্ব্যতীত, শুষ্ক ও উত্তপ্ত গাত্র, শুষ্ক ও কাল বর্ণের জিহ্বা, জিহ্বার অগ্রভাগে ত্রিকোণ আকার লাল বর্ণ, সামর্থ্য হীনতা, তন্দ্রা, শ্রবণ শক্তির হ্রাস, বিছানা হাতড়ান এবং অসাড়ে মল ও মূত্র ত্যাগ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Rhustox : pneumonia from exposure to wet an cold, or of low type from the begining, or attended with eruption delirium or catarrh. Symptoms: dry hot skin, dry and dark tongue with a red triangular tip, loss of strength stupor dull hearing subsultus tendinum, involuntary faeces and urine.

সাঙ্গুয়িনেরিয়া—ইহা ফস্ফরাস ও লাইকোপডিয়ামের মত ধূসর বর্ণ যকৃদাবস্থায় ও ফুসফুসের স্ফোটকাবস্থায় ব্যবহৃত হইয়া থাকে। ক্ষয়কারী ও প্রাদাহিক জ্বর এবং নিউমোনিয়ার টাইফয়েড্ অবস্থায় ইহা উপযোগী হইয়া থাকে। ইহার প্রয়োগ লক্ষণ যথাঃ—নিউমোনিয়ার ২য় ও ৩য় অবস্থায় অত্যন্ত শ্বাসকষ্ট, চিমসে ও ইষ্টক চূর্ণের মত গয়ার, চিৎ হইয়া সর্ব্বদা শয়ন, বক্ষে কম পরিমাণ বেদনা, নাড়ী দ্রুত ও ক্ষুদ্র, মুখ ও হস্ত পদ শীতল অথবা হস্ত ও পদে জ্বালা, বদন মণ্ডলের এক স্থানে লাল বর্ণ ও জ্বালাকর তাপ, অপরাহ্নে বৃদ্ধি।

Sanguinaria: in gray hepatization, in symptoms of 2nd and 3rd stage: dyspnœa, tough rusty sputa horizontal position, not much pain, pulse quick, and small, cold face and extremities red and hot cheeks in afternoon

সেনেগা—দক্ষিণ দিকে নিউমোনিয়া, প্রবল চিড়িক বেদনা, দুর্ব্বলতা, ক্ষুদ্র ও লোপ প্রায় নাড়ী, কদাচ কাশি ও শ্লেষ্মা ওঠা, অথচ বক্ষের ভিতর শ্লেষ্মার ঘড়ঘড়ানি, তন্দ্রা ও চোপসান আকৃতি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Senega : right side, violent stitches sinking of strength imperceptible pulse, rare cough, no sputa, great rattling somnolence.

সালফার—যদি রস বাহির হইবার পরও জ্বর থাকে, যদি রস শোষণ ক্রিয়ার বিলম্ব হয়, অথচ টাইফয়েড লক্ষণ প্রকাশ না পায়; যদি রোগ এক ভাবে থাকা প্রযুক্ত ফুসফুস মধ্যে পূঁয

Sulphur : if fever persists after exudation it hastens absorb-

tion, and prevents pus formation.
Symptoms : hot palms, soles and vertex, forenoon spells, with suffocation, restless and sleepsloss nights, cutaneous eruptions.

হইবার সম্ভাবনা থাকে তবে সাল্ফার বিশেষ আবশ্যক হইয়া থাকে। ৫ম ও ৬ষ্ঠ দিবসের দিন সাল্ফার ঔষধের প্রয়োজন হইয়া থাকে। ইহা সেবিত হইলে শীঘ্রং রস শোষনের সুবিধা হয়, মুখমণ্ডলে ফুলা ও ঘর্ম্ম থাকিলে ইহা বিশেষ উপযোগী হয়। ডাক্তার ইডার বলেন যে রস বাহির হইতে আরম্ভ হইলেই সাল্ফার প্রযোগ বিধি। আবার এই রোগের সর্ব্ব অবস্থায় অন্যান্য ঔষধ ব্যর্থ হইতে থাকিলে ইহার প্রযোগ বিধি আছে।

সাল্ফার প্রয়োগের বিশেষং লক্ষণ :—

হস্তের ও পদের তলদেশ গরম, মাথার তালু গরম, দুই প্রহর বেলায় অল্পং কাশি, প্রত্যুষে উদরাময়, কাশিতেং দম বন্ধ, সুতরাং দরজা ও জানালা খুলিয়া থাকিতে ইচ্ছা, অস্থিরতা ও অনিদ্রা, ত্বকে স্ফোট ইত্যাদি।

Tartar-emetic.
in stage of resolution, in infants and old people
Symptoms rattling, coughing, with or without expectoration, œdema of lungs, impending paralysis, dyspnoea, cyanosis, frequent pulse lowered temperature, loose cough, cold moist skin.

টার্টার এমেটিক—আরোগ্যের অবস্থায়, শ্বাসকষ্ট ও বক্ষে চাপ বোধ হইলে, ফুসফুসের প্রদাহ কম পড়িলে এবং ফুসফুস কোষ ও ক্ষুদ্রং শ্বাস নলী শ্লেষ্মায় বুজিয়া গেলে, সুতরাং সহজে গয়ার না উঠিলে ইহা উপযোগী হইয়া থাকে। শিশু ও বৃদ্ধদিগের ব্রংকো-নিউমোনিয়া রোগে ইহা বিস্তর ব্যবহৃত হইয়া থাকে। হুপিং কাশি, এম্ফিসিমা এবং ডিলিরিয়াম্ ট্রিমেন্স রোগের পর নিউমোনিয়া হইলে ইহা বিশেষ উপযোগী হইয়া থাকে। ইহার প্রয়োগ লক্ষণ যথা :—

বক্ষের ভিতর শ্লেষ্মার ঘড়ঘড়ানি, অত্যন্ত কাশি তৎসঙ্গে প্রচুর ও ফেনাযুক্ত শ্লেষ্মা ওঠা অথবা আক্ষেপিক কাশির সহিত আদৌ শ্লেষ্মা না ওঠা, ফুসফুসে শোথ, ফুসফুসের পক্ষাঘাত সম্ভাবনা, অত্যন্ত শ্বাস কষ্ট, শরীর নীলবর্ণ, প্লুরোনিউমোনিয়ার লক্ষণ, দ্রুত নাড়ী, শারীরিক উত্তাপের হ্রাস, তরল কাশি, শীতল ও সরস গাত্র ইত্যাদি।

Veratrum-viridi :

ভেরেট্রাম-ভিরিডি—সর্ব্ব প্রথমে ইহা নিম্ন ক্রমে

ব্যবহার করিতে পারিলে নিউমোনিয়া রোগের প্রদাহ অঙ্কুরে দমন হয়। ইহার ক্রিয়া একোনাইটের মত। ইহার প্রয়োগ লক্ষণ যথা :—

আরক্ত মুখমণ্ডল, জিহ্বার মধ্যস্থলে লাল দাগ, উচ্চ তাপ, দ্রুত, কঠিন, সবল অথবা পর্য্যায়শীল নাড়ী. কষ্টকর শ্বাস প্রশ্বাস, শুষ্ক ও খকখকে কাশি তৎসঙ্গে প্রচুর ও রক্তমিশ্রিত গয়ার ওঠা, পাকাশয় গহ্বর মধ্যে শূন্য বোধ ইত্যাদি। ইহা দ্বারা শীঘ্র নাড়ীর বেগ সংখ্যা ও তাপাধিক্য কমিয়া গিয়া থাকে।

first stage with high temperature rapid hard and strong or intermitting pulse, flushed face, laboured respiration, dry hacking cough, with abundant and bloody sputa, red streak in the centre of the tongue, sinking in the pit of the stomach.

নিউমোনিয়া-চিকিৎসা-সার।

Special remidies in pneumonia with their characteristic cations.

ভেরেট্রাম-ভিরিডি—রক্তাধিক্যাবস্থা, প্রথমাবস্থা।

একোনাইট—রক্তাধিক্যাবস্থা-প্রথমাবস্থা।

ব্রায়োনিয়া—সামান্য জ্বর, দ্বিতীয় বা রসবাহির হওনাবস্থা।

ফসফারাস্-কেপীলারী ব্রংকাইটিস্—যকৃদাবস্থা, দুর্ব্বলতা ও টাইফয়েড্ লক্ষণ।

এণ্টিম-টার্ট—রস শোষণাবস্থায় যাবতীয় ব্যাঘাতে এবং প্লুরো-নিউমোনিয়া।

সাল্ফার—রস বাহির হওনাবস্থা, কুর কুর শব্দাবস্থা।

আয়োডিন্ ও কেলি-হাইড্রিয়োডিকাম্—ডাক্তার ক্যাফ্কার মতে প্রথমাবস্থার উপযোগী।

ব্রোমিয়াম্—ফুসফুসের নিম্নাংশে বিস্তৃত ভাবে যকৃদাবস্থা হইলে।

ডাক্তার সুস্লারের মতে নিউমোনিয়ার প্রথম অবস্থায় ফেরাম-ফস্, দ্বিতীয়াবস্থায় কেলি-মিউর, এবং এবং তৃতীয়াবস্থায় কাল্ক-সাল্ফ ব্যবস্থেয়।

চেলিডোনিয়াম্—নিউমোনিয়ার সহিত যকৃৎ রোগ

স্যাঙ্গুয়িনেরিয়া—ফুসফুসে পুঁষ সঞ্চয় তৎসঙ্গে ক্ষয়কারী জ্বর।

লাইকোপডিয়াম্—পুরাতন নিউমোনিয়া ও ক্ষয়কারী জ্বর।

নাইট্রিকএসিড্—বৃদ্ধ ও ক্ষীণকায় ব্যক্তির নিউমোনিয়া।

মার্কুরিয়াস্—ব্রঙ্কো-নিউমোনিয়া ও প্রচুর ঘর্ম্ম।

রাসটক্স—নিউমোনিয়ার সহিত টাইফয়েড্ লক্ষণ।

হেপার ও সাইলিসিয়া—ফুস ফুসে স্ফোটক ও পুঁষ সঞ্চয়।

বেলেডনা—মস্তিষ্কের রক্তাধিক্য, প্রলাপ ও তড়কা।

General measures: ventilated room, jacket poultice, plain and easily digestible food.

সাধারণ চিকিৎসা—রোগীকে বড় এবং বায়ু সঞ্চালিত গৃহে রক্ষা করিবে। গৃহের বায়ু উষ্ণ অথচ সরস থাকা চাই। রোগীর গাত্রে অযথা বস্ত্র জড়াইবেনা। পাতলা করিয়া দুই বক্ষে গরম পুলটিস বাঁধিয়া রাখা ভাল। ২।৩ ঘণ্টান্তর পুলটিস বদলাইয়া দিবে। সহজ পাচ্য অথচ পুষ্টিকর পথ্য ব্যবস্থা দিবে।

PNEUMONIC PHTHISIS.

নিউমোনিক্ থাইসিস্।

Synonyms: catarrhal or caseous phthisis.

অপরনাম—পুরাতন ক্যাটারাল্ নিউমোনিয়া, ক্যাটারাল্ থাইসিস্, কেজিয়াস্-নিউমোনিয়া, কেজিয়াস্-থাইসিস্।

Definition: caseation, and subsequent softening and destruction of pneumonic products, with he-

পরিচয়—ফুস ফুস প্রদাহ বা নিউমোনিয়া রোগে উহার প্রাদাহিক পদার্থ গুলির কেজিয়াস্ অপকৃষ্টতায় পরিণতি, তৎপরে উক্ত কেজিয়াস্ পদার্থের নরম হওন বা ধ্বংস প্রাপ্তি, সুতরাং ফুস ফুস তন্তুর অপচয়, তৎসঙ্গে ক্ষয়কারী জ্বর, কাশি, পুঁষের মত

গয়ার ওঠা এবং অল্প বা বিস্তর অবসন্নতা প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে উহাকে আমরা নিউমোনিক-থাইসিস্ বলিয়া থাকি।

cho fever, cough purulent, and more or less prostration.

কারণ—ষ্ট্রুমা ও গণ্ডমালা বা এস্‌ক্রফুলা ধাতু, বহুবিধ মন্দ ও অস্বাস্থ্যকর অবস্থায় বহু দিন যাপন বশতঃ ভগ্ন শরীর; ফুস ফুসের যে কোন অংশে বিশেষতঃ উর্দ্ধাংশে, নিউমোনিয়া; ফুসফুস মধ্যে রক্ত চাপ বাঁধিলে উহার চতুস্পার্শে প্রদাহ; বুনন, জাঁতা ঘুরান, প্রভৃতি ব্যবসায়ী গণের ক্ষুদ্র২ পদার্থের রেণু সর্ব্বদা আঘ্রাণ করণ প্রভৃতি কারণে এই রোগ হইয়া থাকে।

Causes: struma, scrofula pneumonia, inflammation about a blood clot, inhalation of irritant particles.

নৈদানিক পরিবর্ত্তন—নিউমোনিয়া রোগ আরোগ্য কালে উহার প্রাদাহিক পদার্থ গুলির চর্ব্বিজাতীয় অপকৃষ্টতা হইয়া শোষণ ক্রিয়ায় সুবিধা হয়। যদি কোন কারণে উক্ত চর্ব্বি জাতীয় অপকৃষ্টতা প্রণালী অসম্পূর্ণ থাকে তবে কোষ গুলি শুষ্ক হয় ও কেজিয়াস্ অপকৃষ্টতার অবস্থা প্রাপ্ত হইয়া থাকে। কেজিয়াস্ অপকৃষ্টতা প্রণালীতে নিউমোনিয়ার ফিব্রিনাস্ পদার্থের জলীয়াংশ ও চর্ব্বি জাতীয় পদার্থ শোষণ হয় এবং অবশেষে এক কোমল অথচ গাঢ় চাপ রহিয়া যায়। উহা দেখিতে ঈষৎ হরিদ্রা বর্ণ ও পনীরের মত সুতরাং উহাকে কেজিয়াস্ অপকৃষ্টতা কহে।

Pathological anatomy. incomplete fatty metamorphosis, cells atrophoy and undergo caseation.

ডাক্তার নিমায়ার বলেন যে, নিউমোনিয়ার প্রাদাহিক পদার্থ স্থিত কোষগুলি ফুস্‌ফুসের এল্‌ভিওলাই বা বায়ু কোষ এবং ক্ষুদ্র২ ব্রংকাই মধ্যে ঘন ভাবে সঞ্চিত হয় এবং উহারা আপনাদের চাপে আপনারা ধ্বংস হয় এবং ফুস ফুস তন্তুকে নষ্ট করিয়া ফেলে। পোষণ ক্রিয়ার ব্যতিক্রম হইয়া এরূপ ধ্বংস হইয়া থাকে। উল্লিখিত অবস্থা প্রধানতঃ ফুস ফুসের উর্দ্ধাংশে দৃষ্ট হয় কিন্তু ফুসফুসের সর্ব্বত্র ঐরূপ হইতে পারে।

অনেকস্থলে উহার সহিত আবার ফুস ফুসে টিউবার্কেল বা গুটি জন্মায় এবং একারণ শীঘ্র২ ফুস ফুস গাত্রকে ধ্বংস করিয়া উহার ভিতর গহ্বর নির্ম্মাণ করিয়া থাকে।

Niemyer's theory: cells accumulate in alveoli and bronchi, densely crowd upon each other and decay on want of nutrition; seat chiefly being on the apex, in many cases tubercles are formed which hasten the destruction and formation of cavities.

Varieties :

প্রকার—নিউমোনিক থাইসিস্ ৩ প্রকার যথাঃ— ১। ক্রণিক বা পুরাতন; ২। সাব্-একিডট্ বা অল্প পুরাতন বা অল্প প্রাদাহিক, ৩। একিউট বা তরুণ বা প্রাদাহিক।

Chronic-variety : susceptibility to cold, persistant cough, muco-pus like sputa, morning chill, evening fever pain in chest, blood streaked sputa, night sweat, weakness, prostration and death,

১। ক্রণিক বা পুরাতন প্রকার—সামান্য কারণেই রোগী ঠাণ্ডা অনুভব করে, সর্ব্বদাই কাশি থাকে এবং ক্রমে শ্লেষ্মা ও পূঁয মিশ্রিত গয়ার উঠিয়া থাকে। ঠাণ্ডা লাগিলেই শীত, জ্বর, বক্ষে বেদনা ও অল্প রক্ত উঠিয়া থাকে অথবা গয়ায়ের সহিত রক্ত উঠিয়া থাকে। অবশেষে রোগ বদ্ধ মূল হইয়া গেলে প্রাতঃ কালে শীত, সন্ধ্যাকালে জ্বর, প্রচুর নৈশ ঘর্ম্ম অত্যন্ত শীর্ণতা ও দুর্ব্বলতা, ক্ষুধা মান্দ্য, ক্ষীণ হজম শক্তি এবং ২।১ বৎসরের পর দুর্ব্বলতায় মৃত্যু ঘটিয়া থাকে।

Sub-acute-variety pneumonia of one or two weeks duration not followed by complete recovery but accompanied with softening, cavity, chills, fever, night-sweat emaciation cough, muco-purulent and blood streaked sputa and death from exhaustion within a year

২। সাব-একিউট্ বা অল্প পুরাতন প্রকার—এক বা দুই সপ্তাহ নিউমোনিয়া রোগের পর রোগী বিশেষ উপকার পাইয়াও যদি সম্পূর্ণ রূপ আরোগ্য না হয়, এবং কয়েক সপ্তাহ বা মাস পরে যদি ফুসফুসের আক্রান্ত অংশ কোমল হইয়া বিগলিত হয় সুতরাং সেই স্থানে গহ্বর নির্ম্মিত হয় এবং তৎসঙ্গে যদি শীত বোধ, জ্বর, নৈশ ঘর্ম্ম, শীর্ণতা, কাশি এবং তৎপরে শ্লেষ্মা ও পূঁযের মত ও রক্তের ছিট যুক্ত গয়ার ওঠে এবং ১ বৎসরের মধ্যে রোগী দুর্ব্বলতায় প্রাণ ত্যাগ করে তবে উহাকে সাবএকিউট বা অল্প পুরাতন নিউমোনিক সংজ্ঞা কহা যায়।

Acute variety : rapid in course, begins as catarrhal pneumonia, involves the whole of one or part of both lungs with loss of flesh and st-

তরুণ নিউমোনিক্ থাইসিস্—ইহার গতি অতি শীঘ্র। অর্থাৎ ইহা প্রথমে ক্যাটারাল্ নিউমোনিয়ার আকারে উৎপন্ন হইয়া শীঘ্রই এক বা দুই ফুসফুসের বহু স্থান অধিকার করে, তৎসঙ্গে শীঘ্র২ পেশীক্ষয়, বলক্ষয় ১০৩ হইতে ১০৫ ডিগ্রি তাপ, মধ্যে২ তাপের বিরাম, প্রচুর নৈশঘর্ম্ম, কষ্টকর শ্বাস প্রশ্বাস, প্রবল কাশি, প্রচুর পূঁযবৎ ও রক্ত মিশ্রিত গয়ার, ক্ষুধামান্দ্য, অত্যন্ত কম হজম শক্তি এবং শীঘ্র২ শীর্ণতা উপস্থিত হয়।

এমন কি দুর্ব্বলতা হেতু কয়েক সপ্তাহ বা মাসের মধ্যে মৃত্যু ঘটিয়া থাকে।

এই তরুণ নিউমোনিক্ থাইসিস্ যে যেব স্থানিক ও সাধারণ লক্ষণগুলির স্পষ্ট বিরাম সম্ভব হয় এবং সেরূপ স্থলে ইহা পুরাতন রোগে পরিণত হইতে পারে।

নিম্নলিখিত প্রণালী মত নিউমোনিক্-থাইসিস্ রোগ পরীক্ষা করা যাইতে পারে :—

দর্শন—নিরীক্ষণ করিয়া দেখিলে ফুসফুসের আক্রান্ত স্থানে শ্বাস প্রশ্বাস গতি দৃষ্ট হয় না।

স্পর্শন—যথায় ফুসফুস তন্ত কঠিন হইয়া পড়িয়াছে এবং যথায় গহ্বর প্রস্তুত হইয়াছে বক্ষদেশের সেই সেই প্রদেশে হস্ত রক্ষা করিলে এবং রোগীকে কথা কহিতে বলিলে উহার স্বরের আধিক্য হইয়া থাকে।

আঘাত করণ—বক্ষে ঠোকর মারিলে অল্প বা বিস্তর ডাল্ বা স্থূল শব্দ বাহির হয়। কিন্তু গহ্বর নির্ম্মিত হইলে ঠোকর দ্বারা ঐরূপ স্থূল শব্দের সহিত টিম্প্যানিক্ বা হলো অর্থাৎ ফাঁপা ও গভীর শব্দ বাহির হইয়া থাকে। গহ্বরের সহিত যদি কোন ব্রংকিয়াল্ নলীর যোগ থাকে তবে ঠোকর দ্বারা ক্র্যাকটপট্ অর্থাৎ ধাতব পদার্থ ভঙ্গবৎ শব্দ বাহির হইয়া থাকে। গহ্বরে পূঁয পূর্ণ থাকিলে ঠোকর দ্বারা ডাল্ বা স্থূল শব্দ বাহির হয়, কিন্তু গহ্বর হইতে পূঁয বাহির হইয়া গেলে তথায় ঠোকর দ্বারা আবার ক্র্যাকটপট্ শব্দ বাহির হইয়া থাকে।

আকর্ণন—ফুসফুসের যে যে স্থান সুস্থ ষ্টেথেস্কোপ দ্বারা শ্রবণ করিলে ভেসিকিলার বা সহজ শ্বাস প্রশ্বাস শব্দ শ্রবণ করা যায়। বহুসংখ্যক ক্ষুদ্র২ ব্রংকাইনলী বুজিয়া গেলে শ্বাস-প্রশ্বাস শব্দ প্রায় শুনা যায় না। ক্ষুদ্র২ ব্রংকাইগুলি সংকীর্ণ হইয়া পড়িলে কর্কশ অথবা ফুৎকার দেওয়াবৎ বা হাপর করার

rent, high tempt. with remissions, night sweats, short breath, severe cough, profuse purulent and blood streaked sputa, loss of appetite, feeble digestion rapid emaciation anp death

Inspection: deficient respiratory movements.

Palpitation: increased vocal fremitus over consolidated lung tissue and cavities.

Percussion: more or less dulness, tympanitic or hollow note where there is a cavity, where communicates with a bronchial tube there the cracked-pot sound is elicited, dull where cavity is full of pus, if pus is expelled the cracked-pot soundreturns.

Ausultation: feeble where bronchioles are obstructed, harsh or blowing where they are narrowed, jerky inspira-

tion when lungs lose their elasticity, fine and dry crackling or crepitation is heard at the end of the inspiration, bronchial or broncho-caverneus respiration where there is cavity with gurgling rales, amphoric breathing where cavity is free from pus, with firm walls.

মত শব্দ হয়। এই রোগে ফুসফুসের স্থিতিস্থাপকতা নষ্ট হইলে শ্বাস ক্রিয়া দমকে২ শ্রুত হয় এবং প্রশ্বাস কার্য্য দীর্ঘ ও ফুৎকার দেওয়াবৎ হইয়া থাকে। ভেসিকিউলার বা সহজ শ্বাস প্রশ্বাস শব্দের স্থানে অতি সূক্ষ্ম২ শুষ্ক ক্রিপিটেশন বা ক্রাকলিং বা কেশমর্দ্দনবৎ শব্দ শ্রবণ করা যায়। ঐরূপ শব্দ নিশ্বাসের শেষ ভাগে বিশেষ শ্রুত হয়। এই রোগের সহিত ব্রংকাইটিস্ রোগের যোগ থাকিলে শ্বাস প্রশ্বাসের সহিত সরস ও পুড়পুড় রাল্‌স বা শব্দ শ্রবণ করা গিয়া থাকে।

গহ্বর নির্ম্মিত হইয়া গেলে ব্রংকিয়াল অথবা ব্রংকো-কেভার্ণাস্ শ্বাস প্রশ্বাস শব্দ এবং তৎসঙ্গে অল্প বা বিস্তর গার্গ্লিং রাল্‌স শব্দ শ্রবণ করা যায়। যদি গহ্বরে পূঁয না থাকে এবং গহ্বরের প্রাচীরগুলি কঠিন থাকে তবে এম্ফোরিক্ শব্দ শুনা গিয়া থাকে।

Prognosis: acute form very fatal, sub acute and chronic forms may be arrested, but the termination is fatal.

ভাবীফল—তরুণ নিউমোনিক থাইসিস্ প্রায়ই কয়েক মাসের মধ্যে মারাত্মক হইয়া থাকে। স্যাবএকিউট ও ক্রনিক্ নিউমোনিক্ থাইসিস্ রোগ বিশেষ চেষ্টা করিলে আরোগ্য হইতে পারে অথবা উহা প্রায়ই ২।১ বৎসরের পর মারাত্মক হইয়া পড়ে। বিশেষ চেষ্টা করিলে কতক কেজিয়াস্ পদার্থ গয়ারের দ্বারা উঠিয়া যায়, কতক শোষিত হয়, এবং ফুসফুসের ক্ষত অংশ কুঞ্চিত হইয়া পড়িলে বক্ষ ভিতর দিকে ঢুকিয়া গিয়া থাকে।

Diagnosis: from catarrhal bronchitis and tubercular phthisis.

রোগের পার্থক্য বিচার—ক্যাটারাল্ ব্রংকাইটিস্ ও নিউমোনিক থাইসিস্ পরস্পর ভুল হইতে পারে। শেষোক্ত রোগের বহুদিন স্থিতি, তৎসঙ্গে প্রবল জ্বর, দুর্ব্বলতা ও শীর্ণতা প্রভৃতি লক্ষণ প্রথমোক্ত রোগকে পৃথক করিয়া দিয়া থাকে। নিউমোনিক-থাইসিস্ ও টিউবার্কুলার থাইসিস্ অনেক সময় পৃথক করা কঠিন হইয়া পড়ে।

TUBERCULAR PHTHISIS.

টিউবার্কুলার থাইসিস্।

অপর নাম—পাল্‌মোনারী টিউবার্কুলোসিস্, কনজম্‌সন্‌, যক্ষ্মা, ক্ষয়কাশী ইত্যাদি। Synonyms.

পরিচয়—যদি ফুসফুসের গঠন মধ্যে টিউবার্কেল বা গুটিকা সঞ্চয় হয় এবং সেই গুটি নরম হইয়া ফুসফুস মধ্যে গহ্বর উৎপন্ন করে এবং তৎসঙ্গে যদি জ্বর, কাশি, শ্বাসকষ্ট নৈশঘর্ম্ম শীর্ণতা ও দুর্ব্বলতা উপস্থিত হয় তবে সেই রোগকে টিউবার্কুলার থাইসিস্ রোগ কহে।

Definition: tubercle, softening and cavity in lung tissue with fever, cough, dyspnœa emaciation night sweat exhaustion &c.

কারণ—১। ডাক্তার কোচের মতে টিউবার্কেল বেসিলাই নামক বিশেষ পদার্থ দ্বারা যক্ষ্মা রোগের উৎপত্তি হইয়া থাকে। বায়ু পথে অথবা ফুসফুসের মধ্যে পূর্ব্ব হইতে সর্দ্দি অথবা কোনরূপ প্রদাহিক পদার্থ থাকা প্রযুক্ত উহা হীনবল হইলে উক্ত বেসিলাইগুলি শীঘ্র শীঘ্র এই রোগ উৎপন্ন করিতে সক্ষম হইয়া থাকে। ২। পৈত্রিক অথবা পারিবারিক পূর্ব্বকারণ—কেহ২ বলেন যে পিতামাতার যক্ষ্মা ধাতু পুত্র কন্যার শরীরে চালিত হয়, আবার কেহ২ বলেন যে পিতামাতার শরীর গত দৌর্ব্বল্য কেবল পুত্র কন্যার শরীরে উপস্থিত হইয়া থাকে। ৩। বয়স—২০।৩০ বৎসর বয়ক্রমের মধ্যে এই রোগ অধিক হইয়া থাকে। অত্যন্ত শৈশবে অথবা অত্যন্ত বার্দ্ধক্যাবস্থায় ইহার আক্রমণ অতি বিরল। ৪। শরীরগত অবস্থা—বলবান অপেক্ষা শীর্ণকায় ও দুর্ব্বল ব্যক্তিগণ ইহা দ্বারা অধিক আক্রান্ত হইয়া থাকে। ৫। ব্যবসা—যাহারা বিবিধ উত্তেজক পদার্থ আঘ্রাণ করে, অথবা অধিক ঠাণ্ডা লাগায়, কিম্বা বহুবিধ অস্বাস্থ্যকর অবস্থার মধ্যে থাকে তাহারা ইহা দ্বারা অধিক আক্রান্ত হইয়া থাকে। ৬। অভ্যাস সর্ব্বদা কর্ম্মশূন্য হইয়া বসিয়া

Causes: 1. Tubercle-bacillus of Koch 2 Hereditary or family predisposition (specific diathesis or constitutional debility being transmitted). 3 Age-from 20 to 30 4 Weak constitution 5 Occupation: exposure to irritant inhalation, cold, bad hygiene. 6 Habits (sedentary intemperate, masturbating, debauched). 7 Diet and digestion: malnutrition from insufficient amount or improper quality of blood and dispepsia.

থাকা, পরিশ্রম না করা, অপরিমিতাচার, হস্তমৈথুন ও অতিরিক্ত স্ত্রীসংসর্গ প্রভৃতি কারণে যক্ষ্মা রোগের প্রাদুর্ভাব দৃষ্ট হইয়া থাকে। ৭। **আহার ও পরিপাকের বিঘ্ন**—যুবাগণ অনুপযুক্ত আহারের দোষে অথবা উপযুক্ত পরিমাণ আহার করিতে না পাইলে, অথবা অজীর্ণ রোগ হেতু পুষ্ট না হইলে এই রোগাক্রান্ত হয়। কেহ২ বলেন যে চর্ব্বি জাতীয় পদার্থ হজম করিতে না পারিলে অথবা উহা শরীর মধ্যে সঞ্চিত না হইলে যক্ষ্মা উপস্থিত হইয়া থাকে। ৮। **শ্বাস প্রশ্বাস ক্রিয়ার বিঘ্ন**—গৃহের ভিতর বিশুদ্ধ বায়ু সঞ্চালিত না হইলে, সুতরাং অপরিষ্কার ও দূষিত বায়ু আঘ্রাণ করিলে যক্ষ্মা রোগ হয়। একারণ, দরজী করেদী, অতিথিশালার ভিক্ষুক ও পাঠশালার ছাত্র প্রভৃতি ব্যক্তিগণ দিবা ও রাত্রির অনেক সময় একত্রে থাকিয়া ও বদ্ধ গৃহের গরমে ও দূষিত বায়ুর শ্বাসপ্রশ্বাসে বিষাক্ত হইয়া এই রোগে ভুগিয়া থাকে। ৯। **দেশ ও বাসস্থান**—সেঁথ সেঁথে স্থানে বাস করিলে এবং সেঁথসেঁথে বায়ু সেবন করিলে ক্রমে যক্ষ্মা রোগ হইয়া থাকে। ভালরূপ ড্রেনেজ্ অর্থাৎ নর্দ্দামা সাফ প্রণালী প্রচলিত হওয়াতে অনেক স্থানের যক্ষ্মা রোগের হ্রাস হইতে দেখা গিয়াছে। যে সমস্ত দেশে ঘন২ ঋতু বা বায়ু বা তাপের পরিবর্ত্তন হয় অথবা যথায় দীর্ঘকাল সেঁথ সেঁথে অবস্থা ও শীত অবস্থিতি করে, তথায় প্রায়ই যক্ষ্মার আধিপত্য দৃষ্ট হইয়া থাকে। উষ্ণ প্রধান দেশে যক্ষ্মা রোগ অতি বিরল; কিন্তু নিম্ন প্রধান দেশে এই রোগ বিস্তর দেখা গিয়া থাকে। কথিত আছে যে ম্যালেরিয়া প্রধান দেশে এই রোগ অতি কম হইয়া থাকে। ১০। **মানসিক কারণ**—উদ্বেগ, শোক, শ্রান্তি, অত্যন্ত পরিশ্রমের সহিত পাঠাভ্যাস প্রভৃতি কারণে প্রবল ভাবে মানসিক অবসন্নতা উপস্থিত হইলে যক্ষ্মা রোগ হইয়া থাকে। আবার, পাগলদিগের মধ্যে অনেককে

8. Interference with respiratory functions (want of ventilation breathing impure air, confined rooms)
9. Climate and locality (damp soil, moist atmosphere, bad drainage, rapid change of temperature, prolonged cold, low districts)
10 mental causes: (anxiety, over-study, lunatics &c)
11 Previous and existing diseases (measles, whooping cough, croup, typhus typhoid scarlatina, repeated bronchitis catarrhal pneumonia, pleurisy, laryngitis, miscarriages, bad confinements, prolonged lactation, continued or excessive and suppressed discharges, diabetes, syphilis, anæmia and chlorosis)
12. Infection (through breath sputa, from eating flesh and drinking milk of affected ani-

এই রোগে ভুগিতে দেখা গিয়াথাকে। ১১। **পূর্ব্বের এবং উপস্থিত রোগ**—হাম জর, হুপিং কাশি, ক্রুপ, টাইফাস জ্বর, টাইফয়েড জ্বর এবং আবক্ত জ্বর প্রভৃতি তরুণ রোগের পর যক্ষ্মা হইতে পারে। ঘন ২ ব্রংকাইটিস রোগ হইলে পরিণামে যক্ষ্মা উপস্থিত হয়। ক্যাটারাল-নিউমোনিয়া হইতে এই রোগের উৎপত্তি হইয়া থাকে। প্লুরিষি ও সম্ভবতঃ লেরিঞ্জাইটিস হইতেও যক্ষ্মা উৎপন্ন হইয়া থাকে। ঘনং গর্ভস্রাব হইলে, প্রসবকালে বহুবিধ অসুখ, দীর্ঘকাল স্থায়ী স্তন দান, ক্রমাগত অথবা অতিরিক্ত স্রাব, অথবা এককালীন স্রাব বন্ধ প্রভৃতি কারণের যক্ষ্মা হইতে পারে। বহুমূত্র রোগের সহিত এই রোগের সম্ভাবনা অধিক। পরিপাক ক্রিয়ার দুর্ব্বলতা হেতু কালে যক্ষ্মা উপস্থিত হয়। উপদংশ রোগের পর শরীর দুর্ব্বল হইয়া পড়িলে যক্ষ্মা হয়। যুবতী স্ত্রীগণ এনিমিয়া অথবা ক্লোরোসিস্ রোগে ভুগিতে থাকিলে যক্ষ্মাগ্রস্ত হইবার সম্ভাবনা থাকে। **ইনফেকসন বা সংক্রামণ।** যক্ষ্মাগ্রস্ত ব্যক্তির শ্বাসপ্রশ্বাস দ্বারা অথবা উহাদের গয়ারের দ্বারা অপর সুস্থ ব্যক্তির এই রোগ হইতে পারে। যক্ষ্মা গ্রস্থ জীবের মাংস ভক্ষণ অথবা উহার দুগ্ধপান করিলে এই রোগের সংক্রামণ হয়। স্বামী হইতে স্ত্রীর যেরূপ যক্ষ্মা রোগের সম্ভাবনা স্ত্রী হইতে স্বামীর সেরূপ সম্ভাবনা থাকে না।

mals, from husband to wife in the event of pregnancy).

নিদানতত্ত্ব—যে সমস্ত অস্বাভাবিক প্রক্রিয়া দ্বারা ফুসফুস তন্তুর ধ্বংস হইয়া উহাতে গহ্বর নির্ম্মিত হয় উহাদের স্বভাব একেং লিখিত হইতেছে :—

Pathology: phthisis includes all morbid processes which lead to destruction of lung tissues, and formation of cavities.

১। ফুসফুসে টিউবার্কেল বা এক প্রকার গুটি প্রস্তুত হয়। উহারা দেখিতে ক্ষুদ্রং দানার মত, ঈষৎ ধূসর ও সাদাবর্ণ মিশ্রিত স্বচ্ছ এবং অল্প গাঢ় দানার মত পদার্থ। উহারা প্রধানতঃ ক্ষুদ্রতম ব্রংকিয়োল্ গুলির গাত্রে সঞ্চিত হয় এবং তথায় এক সামান্য

Various theories: 1. direct action of tuber-

প্রকার প্রদাহ উৎপন্ন করিয়া ধ্বংস প্রাপ্ত হয়। গুটিকা-চাপ বিগলিত হইয়া চিজি অর্থাৎ পনীরের মত পদার্থে পরিবর্তিত হইয়া থাকে। ফুসফুস তন্তু ক্রমে উহার দ্বারা আক্রান্ত হয় এবং ক্রমে উহার ভিতর ধ্বংস হেতু গহ্বর প্রস্তুত হইয়া থাকে। ডাক্তার কোচের মতে টিউবার্কেল্-বেসিলাই নামক বিশেষ পদার্থ দ্বারা যক্ষ্মা রোগের উৎপত্তি হইয়া থাকে। বায়ু পথে অথবা ফুসফুসের মধ্যে পূর্ব্ব হইতে সর্দ্দি অথবা কোনরূপ প্রাদাহিক পদার্থ থাকা প্রযুক্ত উহারা হীনবল হইলে উক্ত বেসিলাইগুলি শীঘ্র২ এই রোগ উৎপন্ন করিতে সক্ষম হইয়া থাকে। টিউবার্কেল্-বেসিলাস্ সম্বন্ধেও মতভেদ আছে।

টিউবার্কেলার প্রদাহ ক্ষুদ্র২ ধমনীর উপর বিস্তৃত হইলেই রক্ত উঠিয়া থাকে।

সাধারণতঃ একটী ফুসফুসের চূড়ায় টিউবার্কেল সঞ্চিত হয় এবং তথা হইতে ক্রমে২ উহার অন্যত্র বিস্তৃত হইয়া থাকে। মস্তিষ্কে, অন্ত্রে ও যকৃতে গুটি দৃষ্ট হইয়া থাকে।

ফুসফুসের চূড়ায় প্রথমতঃ টিউবার্কেল সঞ্চয় হইবার কারণ এই যে, এসক্রফুলা গ্রস্ত শিশুদিগের শৈশবাবস্থায় উহাদিগের প্রথম পঞ্জর দ্বয়ের উপাস্থি ক্ষুদ্র হয় ও অস্থিতে পরিণত হয় এবং এখানকার শ্বাস প্রশ্বাস সম্বন্ধীয় পেশীগুলির শক্তি অত্যন্ত ক্ষীণ হইয়া থাকে সুতরাং বক্ষ গহ্বরের উর্দ্ধাংশ অসাড় প্রায় থাকে, এবং ডায়াফ্রাম পেশী দ্বারা সমস্ত শ্বাস প্রশ্বাস কার্য্য নির্ব্বাহ হইয়া থাকে। এই সমস্ত কারণে ফুসফুসের উর্দ্ধাংশে অতি কম শ্বাস প্রশ্বাস হয় এবং তজ্জন্য এখানকার অপরিষ্কার নিঃসরণ প্রভৃতি পদার্থ শীঘ্র বহির্গত হইতে পারে না, সুতরাং এই স্থলেই গুটিকা সঞ্চয়ের সুবিধা হইয়া থাকে।

২। অনেকে বলেন যে ফুসফুসে স্থায়ী প্রদাহ বশতঃ ক্রমে থাইসিস্ রোগ হইয়া থাকে :—

cle bacillus of Koch, associated with morbid conditions as catarrh, inflammatory product &c, changes being formation of tubercle, which undergoing softening or caseation and lastly formation of cavities.

Tubercle over small arteries causing haemorrhage, its deposition mostly at one of the apices

Causes being: shortening and ossification of the cartilages of the first ribs of scrofulous children, and want of power of the respiratory muscles, constituting a paralytic thorax in consequence of which non-removal of the secretions which form at the apex, which favor the formation of tubercle.

2 The theory of inflammatory origin as in (a) Ae-

নিম্নলিখিত কয়েকটী রোগে ফুসফুসের প্রদাহ দৃষ্ট হয়। (ক) একিউট-ক্রুপাস্-নিউমোনিয়া, (খ) ক্যাটারাল-নিউমোনিয়া (একিউট বা ক্রনিক)। এরূপ স্থলে প্রদাহের নিয়মানুসারে এল্‌ভিয়োলাই ও ক্ষুদ্র২ ব্রংকাই মধ্যে বহু সংখ্যক কোষ বা সেল্‌ সঞ্চয় হয় পরে উহারা পরস্পরের চাপে আপন২ ধ্বংস উপস্থিত করিয়া থাকে। এতদ্ব্যতীত, ফুসফুস তন্তুর পোষণ প্রক্রিয়ার ব্যাঘাত ঘটাইয়া এল্‌ভিয়োলাই গাত্রগুলি নষ্ট করিয়া থাকে। অর্থাৎ এল্‌ভিয়োলাই স্থানে কেজিয়েসন্, ক্যাল্‌সিফিকেসন্ অথবা এবসর্পসন অর্থাৎ শোষণ, কিম্বা গহ্বর নির্ম্মাণ প্রভৃতি অবস্থা দৃষ্ট হইয়া থাকে। (গ) পেরিব্রঙ্কাইটিস্। (ঘ) ক্রনিক্ ইণ্টারষ্টি-সিয়াল্‌ নিউমোনিয়া।

ute croupot. pneumonia, (b) Catarrha pneumonia, (c) Peri-bronchitis (d) Chronic interstitial pneumonia.

৩। *কেহ২ বলেন যে ফুসফুসে ঔপদংশিক গামেটা বিগলিত* হইলে তথায় থাইসিস্ সূত্রপাত হয়। আবার হাইডেটিড্ রোগেও ঐরূপ হইতে পারে।

3. Breaking down of syphilitic gummata.

৪। কেহ২ বলেন যে ফুসফুসের রক্তবাহী নাড়ীতে রক্ত আটকান স্থানে এম্বোলিজম্ উপস্থিত হইয়া থাইসিস্ রোগ জন্মিয়া থাকে। রক্তোৎকাশ রোগে ফুসফুসে রক্ত চাপ আটকাইয়া ঐরূপ যক্ষ্মা রোগ আনয়ন করিয়া থাকে। যক্ষ্মারোগে প্লুরার পুরাতন প্রদাহ দৃষ্ট হয়, তাহাতে ক্রমে প্লুরার গহ্বর বদ্ধ হইয়া গিয়া থাকে। যক্ষ্মারোগে লেরিংসে অল্প বা বিস্তর ক্ষত হইয়া থাকে।

4 Vascular conditions as with embolus and hæmoptysis and clot formation in lungs

লক্ষণ —যক্ষ্মা কাশির লক্ষণগুলি অতি ধীরে২ প্রকাশ পাইয়া থাকে। এই রোগ স্পষ্ট প্রকাশ পাইবার পূর্ব্বে স্বাস্থ্য ভঙ্গের লক্ষণগুলি প্রকাশ পাইয়া থাকে যথা :—বলক্ষয়, আলস্য, ক্ষুধামান্দ্য চর্ব্বি জাতীয় পদার্থে ঘৃণা, অনিয়মিত ভাবে মল ত্যাগ, শীতল পদ, ফেকাসে আকৃতি, শারীরিক ওজনের হ্রাস (ওজনে কম হওয়া) ইত্যাদি। ইহার পর অল্প২ শুষ্ক ও

Symptoms: deterioration of general health and loss of constitutional vigour, lassitude diminished appetite, indigestion, aversion to fatty food,

irregular movements of bowels, cold feet, pallor, loss of weight, dry hacking cough, emaciation, weakness, chest pains, quick pulse, haemorrhage, chills, rise of tempt. hectic flush in the afternoon, night sweat, quick respiration, indigestion, white tongue, torpid bowels, scanty urine, abundant and purulent sputa, diarrhoea, hoarseness, aphonia, clubbed fingures swelled ankles and feet, death from exhaustation or suffocation.

Symptoms of the tubercular stage: increasing dyspepsia, irritable heart, light, dry, hacking cough referred to throat or stomach, scanty glairy sputa, gradual loss of weight, impaired muscular strength, pallid appearance, haemoptysis, pain below clavicles.

খক্‌খকে কাশি আরম্ভ হইয়া থাকে। পরিণামে এরূপ কাশিতে যথেষ্ট গয়ার উঠিয়া থাকে। ক্রমে শীর্ণতা, ফেকাসে বর্ণের বৃদ্ধি, দুর্ব্বলতা, বক্ষে বেদনা, দ্রুত নাড়ী, রক্ত স্রাব, (কাশিয়া রক্ত ওঠা) তাপ বৃদ্ধি, অপরাহ্নে লাল বর্ণ মুখ মণ্ডল, নৈশ স্বর্ম্ম, দ্রুত শ্বাস প্রশ্বাস, অজীর্ণ, সাদা জিহ্বা, কোষ্ঠ বদ্ধ ও স্বল্পমূত্র প্রভৃতি লক্ষণ প্রকাশ পাইয়া থাকে। অপরাহ্নে যাবতীয় লক্ষণগুলির মধ্যে সর্ব্বদা কাশি ও শীর্ণতার বৃদ্ধি।

এই দুইটী লক্ষণ প্রধান বলিয়া স্মরণ রাখিতে হইবে। এইরূপে যতই রোগ বৃদ্ধি পাইতে থাকে ততই প্রচুর ও পূঁযবৎ গয়ার ওঠে, ঐরূপ গয়ারে ফুসফুস তন্তু দৃষ্ট হয়; ক্রমাগত কাশি বৃদ্ধি পায়, উদরাময় উপস্থিত হয়, রোগী নারী হইলে উহার ঋতু কম হয় অথবা বদ্ধ হইয়া যায়, রোগী ক্রমশঃই ও শীঘ্র ২ দুর্ব্বল ও শীর্ণ হইতে হইতে থাকে, উহার গলা ভাঙ্গিয়া যায় সুতরাং স্বর কর্কশ অথবা এককালীন স্বর লোপ হইয়া থাকে। হস্তের অঙ্গুলিগুলি চ্যাপ্টা হইয়া পড়ে পদের গুড়মুড়া ফুলিয়া কিম্বা শ্বাস অবরোধে প্রাণত্যাগ হইয়া থাকে।

ফুসফুসে গুটিকা সঞ্চয়-সমকালীন লক্ষণ—

অজীর্ণ বৃদ্ধি, হৃৎপিণ্ডের উগ্রতা, শুষ্ক ও খকখকে কাশি, পাকাশয় অথবা কণ্ঠ হইতে ঐরূপ কাশির উৎপত্তি এইরূপ অনুভব, স্বল্প ও চকচকে গয়ার, ধীরে২ ওজনের হ্রাস, পেশী শক্তির হ্রাস, ফেকাসে আকৃতি, অল্প অথবা অধিক পরিমাণে রক্ত ওঠা, এবং ক্লাভিকেল অস্থির নিম্নে তীক্ষ্ণ বেদনা।

ফুসফুসের কোমলাবস্থার লক্ষণ—কাশির বৃদ্ধি, সহজে অধিক গয়ার ওঠা, নড়িলে চড়িলে শ্বাসকষ্ট, প্রাতঃকালে শীত বোধ, সন্ধ্যাকালীন জ্বর, রাত্রিকালে ঘর্ম্ম, হেক্টিক বা ক্ষয়কারী জ্বর, উদরাময়, শীর্ণতা ও দুর্ব্বলতার বৃদ্ধি, মনের ভিতর আরোগ্য আশা ইত্যাদি।

Symptoms of the softening stage: increased cough, freer sputa, dyspnoea on motion, morning chill, evening fever night sweat, diarrcea, increased emaciation, and weakness.

ফুসফুসের গহ্বরাবস্থার লক্ষণ—কাশির অত্যন্ত বৃদ্ধি, তৎসঙ্গে প্রচুর ও পূযবৎ শ্লেষ্মা ওঠা (যতগুলি গহ্বর হইবে অথবা যতবড় গহ্বর হইবে ততই অধিক গয়ার উঠিবে) সর্ব্বদা রক্ত ওঠা, দ্রুত ও ক্ষীণ নাড়ী, জ্বরের বৃদ্ধি, হাতের ও পায়ের তলা জ্বালা, প্রচুর নৈশঘর্ম্ম, অত্যন্ত দুর্ব্বলতা ও শীর্ণতা, পায়ের পাতা ফুলা, দুর্ব্বলতায় প্রাণ বহির্গমন, মৃত্যুকালেও জীবনের আশা।

Symptoms of cavities: severe cough, profuse and purulent sputa haemoptysis, rapid and weak pulse increased hectic, burning of soles and palms, copious night sweats greater debility and emaciation, oedema of feet and ankles, asthenia and death.

থাইসিস্ রোগের কয়েকটী লক্ষণের বিশেষ ব্যাখ্যা।

কাশি—যক্ষ্মা রোগে কাশির এককালীন অভাব হয় না, রোগ যত প্রবল হয় কাশিও তদনুসারে বাড়িয়া থাকে। প্রথমতঃ শুষ্ক ও খকখকে কাশি হয়, পরে কাশি বাড়িলে উহা সরস হয়, কখন কখন আক্ষেপিক হয় এবং কদাচ কাশিতে কাশিতে বমন হইয়াও থাকে। রোগ পাকিয়া উঠিলে প্রাতঃকালে রোগী অধিক কাশিয়া থাকে। রাত্রিতে ফুস্ফুস মধ্যে অনেক অস্বাভাবিক পদার্থ সঞ্চিত হয় বলিয়া পর দিন প্রাতঃকালে এত অধিক কাশি হয়। সন্ধ্যাকালে শয়ন করিলে পরই আবার অধিক কাশি হইয়া থাকে। এই রোগে লেরিংস আক্রান্ত হইলে ও ভোকাল্ কর্ডস্ বা স্বর রজ্জুতে ক্ষত হইলে কাশির শব্দই হয় না অথবা কর্কশ কাশি হইয়া থাকে।

Particular symptoms: Cough: first dry and hacking, then moist paroxysmal; worse in morning and after lying in the evening; lastly it becomes toneless owing to the ulceration in the vocal-cords.

Expectoration: first glairy mucous, blood streaked when violent and paroxysmal cough, sputa with shreds of elastic tissue when lungs break down, when cavities formed the sputa becomes round compact grayish or yellowish masses with ragged edges, often called nummular, which sink in water, besides sputa may contain cheesy calcareous or chalky masses like the size of a pea when softening progresses. In advanced cases sputa becomes greenish or dirty gray colored pus with offensive odour from putrefaction.

শ্লেষ্মা বা গয়ার—প্রথমতঃ ফেনিল ও চকচকে শ্লেষ্মা উঠে। কিছুকাল কাশিতে কাশিতে তবে গয়ার উঠিতে থাকে। আক্ষেপিক ও প্রবল কাশি হইলে গয়ারে রক্তের ছিট দৃষ্ট হয়। ফুসফুস ভগ্ন বিগলিত হইতে আরম্ভ হইলে গয়ারে ফুসফুসের স্থিতি স্থাপক তন্তু অনুবীক্ষণ যন্ত্র দ্বারা দৃষ্ট হইয়া থাকে। ফুসফুসে গহ্বর নির্ম্মিত হইলে গোলাকার, কঠিন, ঈষৎ ধূসর অথবা হরিদ্রা বর্ণের চাপ চাপ গয়ার উঠিয়া থাকে। এইরূপ গয়ার-চাপের ধারগুলি অসমান; উহাদিগকে নামুলেটেড্ গয়ার কহে। এই গয়ার জলে ফেলিলে ডুবিয়া যায়। পরীক্ষা করিলে এইরূপ গয়ার মধ্যে দানাদার পদার্থ, কোষ, এবং স্থিতিস্থাপকতন্তু দৃষ্ট হইয়া থাকে। কখন কখন চিজি বা পনীরের মত এবং দুর্গন্ধযুক্ত পদার্থ গয়ারের সহিত উঠিয়া থাকে। কখন কখন মটরের মত, ক্যাল্কেরিয়াস্ অথবা চা-খড়ীর মত চাপ গয়ার উঠিয়া থাকে। এইরূপ কঠিন গয়ার প্রায় উঠে না, কিন্তু মৃত্যুর পর ফুসফুস মধ্যে এবং সিকেট্রিকেল্ তন্তুর ঘন আবরণ মধ্যে উহাদিগকে দৃষ্ট হইয়া থাকে। উহারা না উঠিলে পুরাতন যক্ষ্মা আরোগ্যের দিকে অগ্রসর হয় কিন্তু উহারা থলী ছিঁড়িয়া গয়ারের দ্বারা উঠিলে ফুসফুসের কোমলত্ব বা বিগলন বৃদ্ধি পাইয়া থাকে বলিয়া বুঝা গিয়া থাকে। যক্ষ্মা রোগ যতই বাড়িতে থাকে ততই গয়ার পুঁযের আকার ধারণ করে। গহ্বরের গাত্র হইতে অধিক পুঁয উঠিয়া থাকে। ফুসফুস গহ্বর মধ্যে পুঁয সঞ্চয় হয়, জোরে কাশি আসিলেই কাশিতে কাশিতে উহা উঠিয়া গিয়া থাকে। এইরূপ গয়ারের ঈষৎ সবুজ অথবা ময়লাটে ধূসর বর্ণ হয় এবং উহা হইতে পচা দুর্গন্ধ বাহির হইয়া থাকে। যেরূপ ব্রংকিয়াল শুদ্ধি এবং ফুসফুসে যেরূপ গহ্বর হইবে সেই অনুসারে গয়ারের পরিমাণ স্থির হইবে।

Hæmoptysis:

কাশিতে কাশিতে রক্ত ওঠা—থাইসিস বা যক্ষ্মা

রোগে গয়ারে রক্তের ছিট ওঠা ব্যতীত, প্রচুর পরিমাণে রক্ত উঠিয়া থাকে। এইরূপ রক্তস্রাব হইলে রোগী ও গৃহস্থের মনে অত্যন্ত ভয়ের সঞ্চার হয়, কিন্তু এরূপ রক্ত উঠাতে শীঘ্র প্রাণ-বিয়োগের সম্ভাবনা থাকে না। যক্ষ্মা রোগের অত্যন্ত বর্দ্ধিতাবস্থায় রক্ত উঠিলে রোগী মারা পড়িতে পারে। যক্ষ্মা রোগের প্রারম্ভে অন্যান্য লক্ষণ প্রকাশ পাইবার পূর্ব্বে কেবল রক্ত উঠিলেই যক্ষ্মা হইবে বলিয়া বুঝা যায়। আবার ৩ভাগ রোগীর ২ভাগ রোগীদিগের এরূপ রক্ত উঠিলেও কয়েক সপ্তাহ, মাস অথবা বৎসরের মধ্যে যক্ষ্মা রোগের কোন চিহ্নও লক্ষিত হয় না।

common in all stages, is alarming but not fatal. It forms quite an important element in the diagnosis.

বক্ষে বেদনা—যক্ষ্মা রোগে শুষ্ক প্লুরিষি বশতঃ ক্ল্যাভিকেল অথবা স্ক্যাপুলার স্থানে প্রায়ই বেদনা হইয়া থাকে। কাহারও বা আদৌ বেদনা অনুভূত হয় না।

Pain in the chest over clavicle and shoulder.

জ্বর—যক্ষ্মা রোগে সর্ব্ব টাইপের জ্বর হইতে পারে। অর্থাৎ একজ্বর, স্বল্পবিরামজ্বর, সবিরামজ্বর অথবা হেক্টিক বা ক্ষয়কারীজ্বর হইতে পারে। এই রোগে সাধারণতঃ ১০০ হইতে ১০২ ডিগ্রি তাপ ওঠে। কিন্তু খারাপ রোগী হইলে প্রথম হইতেই ১০২ ডিগ্রি তাপ হইতে ১০৫ ডিগ্রি পর্য্যন্ত উঠিয়া থাকে। কখন কখন ১০৭ ডিগ্রি তাপও উঠিয়া থাকে। পর্য্যায় জ্বরের মত এই রোগেরও শীত, তাপ ও ঘর্ম্ম হইয়া থাকে। উদরাময়কালে সন্ধ্যাকালে তাপাধিক্য হইয়া থাকে।

Fever: chief types being continued, remittent, intermittent or hectic in average cases tempt. is from 100 to 102 degrees, in fatal cases temp. rises to 107. When diarrhoea sets in evening tempt. rises.

নাড়ী—যক্ষ্মা রোগে নাড়ী দ্রুত হয়। ফাইব্রয়েড থাইসিস্ রোগে নাড়ী ১০০ বারের অধিক স্পন্দিত হয় না। সন্ধ্যা কালে স্বাভাবিক নাড়ী হইলে রোগের উপশম বুঝা যায়। রোগ যত তরুণ হইবে ততই নাড়ী দ্রুত বহিবে। ঐরূপ স্থলে নাড়ী ১০০ হইতে ১৫০ বার হইয়া থাকে। যক্ষ্মা রোগের সর্ব্বাবস্থায় নাড়ী দুর্ব্বল হইয়া থাকে।

Pulse: generally accelarated but always weak.

Respiration: accelerated breathing especially after exercise but no dyspnoea except under complications.

শ্বাসপ্রশ্বাস—যক্ষ্মা রোগে প্রায় ভয়ানক অথবা অত্যন্ত কষ্টকর শ্বাস প্রশ্বাস ক্রিয়া প্রায় দৃষ্ট হয় না। তবে এই রোগের সহিত নিউমোথোরাক্স, ইডিমা, রক্ত ওঠা, প্লুরায় রস সঞ্চয় অথবা প্রচুর পরিমাণে টিউবার্কেল সঞ্চয় হইলে শ্বাস কষ্ট হইয়া থাকে। এই রোগে শ্বাস প্রশ্বাস দ্রুত হয়, বিশেষতঃ পরিশ্রম করিলে সিঁড়িতে উঠিলে অথবা কাশিলে অত্যন্ত দ্রুত শ্বাস প্রশ্বাস হইয়া থাকে।

Digestion and appetite: impaired or lost, disgust for fatty food, vomiting common.

ক্ষুধা—এই রোগে প্রায়ই ক্ষুধা থাকে না। আহারে ঘৃণা, বিশেষতঃ চর্ব্বি জাতীয় পদার্থে বড়ই ঘৃণা হইয়া থাকে। কাশিতে কাশিতে প্রায়ই বমন হইয়া থাকে।

Diarrhœa: cause: intestinal irritation from undigested food, atony of the intestines; or an specific tuberculous ulceration of either the small or large bowel, diarrhoea is very exhausting and is named colliquative when excessive. There is pain and tenderness along with the diarrhoea.

উদরাময—যক্ষ্মা রোগের সর্ব্বাবস্থায় উদরাময় হইলেও শেষাবস্থায় নিশ্চয়ই পেট ভাঙ্গিয়া থাকে। অজীর্ণকর আহার বশতঃ অন্ত্রের উত্তেজনা, অথবা অন্ত্রের দুর্ব্বলতা, অথবা ক্ষুদ্র ও বৃহদান্ত্রের ভিতর বিশেষভাবে টিউবার্কুলার ক্ষত প্রভৃতি কারণে উদরাময় হইয়া থাকে। ঐরূপ ক্ষত বশতঃ উদরাময় হইলে উহা শীঘ্র আরাম হয় না, কাশি, নৈশঘর্ম্ম অথবা জ্বর অপেক্ষা উদরাময় বড়ই দুর্ব্বলকর হইয়া থাকে। তরল ভেদের সহিত রক্তের ছিট থাকে। ভেদের সহিত অন্ত্র ক্ষত বশতঃ পেট বেদনা করে। পেয়ার্সপ্যাচ ও নির্জ্জন গ্রন্থি গুলিতে ক্ষত হইয়া থাকে। টিউবার্কুলার ক্ষত বশতঃ পেরিটোনাইটিস্ ও পেটফুলা হইয়া থাকে। এরূপ অবস্থায় অন্ত্রে ছিদ্র অথবা অন্ত্র হইতে রক্তস্রাব হইতে পারে। রোগের শেষভাগে প্রচুর ভেদ হইলে উহাকে কলিকোয়েটিভ্ উদরাময় কহে। অনেক সময় কেবল অজীর্ণ হেতু অথবা অনেক রক্তে জলের ভাগ অধিক হইলেও উদরাময় হইতে পারে।

Emaciation: loss of weight, debility,

শীর্ণতা—জ্বর, উদরাময়, ঘর্ম্ম, রক্ত ওঠা, গয়ার ওঠা ও ক্ষুধা মান্দ্য প্রভৃতি লক্ষণ যতই বাড়িবে ততই রোগী শীর্ণ হইয়া

দুর্ব্বিরে রোগের প্রথম হইতে শরীরের ওজন কম হয়। শীর্ণতার সহিত দুর্ব্বলতা উপস্থিত হয় এবং রোগীর পেশী শক্তির এককালীন লোপ হইয়া থাকে।

loss of muscular power.

রজোবন্ধ—রক্ত হীনতা ও দুর্ব্বলতা প্রযুক্ত আংশিক অথবা সম্পূর্ণ ভাবে মাসিক বক্ত বা ঋতু বন্ধ হইতে পারে। কোন২ যুবতীর যক্ষ্মা রোগের প্রাক্কালে ঋতু বন্ধ হয আবাব কাহাবও বা রোগের বৰ্দ্ধিতাবস্থায় ঐরূপ ঘটিয়া থাকে। ঋতু বন্ধ হইলে রোগিণীগণ চিকিৎসককে ঔষধ দ্বাবা বজঃ আনযন জন্য অনুরোধ কবিযা থাকে। কাবণ, তাহাদেব একরূপ বিশ্বাস যে রজঃ প্রকাশ হইলেই যক্ষ্মা সাবিয়া যাইবে। একপ স্থলে চিকিৎসক রোগিণীগণকে বুঝাইবেন যে, ঋতু বন্ধ যক্ষ্মা বোগের কাবণ নহে বরং যক্ষ্মার ফল স্বরূপ। অতএব, এরূপ স্থলে রজঃ প্রকাশের জন্য চেষ্টা করিলে তাহাদেব অনিষ্টের সম্ভাবনা।

Suppression of menses: being the effect of phthisis and not the cause so no emmenagogues to be used.

জীবনের আশা—যক্ষ্মা বোগে মৃত্যু পর্য্যন্ত জীবনাশা দূর হয় না। বাঁচিয়া উঠিব ও পবে এই২ কার্য্য করিব এরূপ আশা বড়ই বলবতী থাকে।

Hopefulness to the last

স্বরভঙ্গ—যক্ষ্মা বোগেব শেষভাগে লেরিংশ মধ্যে টিউবার্কেল সঞ্চয় হয় এবং অত্যন্ত স্বরভঙ্গ ও কর্কশ স্বর হইয়া থাকে। প্রত্যেকবার গিলিতে অত্যন্ত বেদনা হয়। আহারীয় দ্রব্য লেরিংসে নামিবার সময চাপ দেয়, সুতবাং অত্যন্ত বেদনা হয়, পরে গলাধঃকরণ করিবার সময় ব্যতীত অন্য সময়ে সর্ব্বদা কণ্ঠের উপর জ্বালাকর বেদনা উপস্থিত হয়, তাহাতে রোগী বড়ই কাতর হইয়া পড়ে। যক্ষ্মা আরোগ্য অপেক্ষা রোগী স্বরভঙ্গ ও কণ্ঠবেদনা নিরারণ জন্য চিকিৎসককে বার২ অনুরোধ করিয়া থাকে। যক্ষ্মার সহিত লেরিংশ লক্ষণ বড়ই অশুভ বলিয়া জানিবে।

Hoarseness: Aphonia, deglutition excite pain, burning pain in the throat

Clubbed fingers and toes due to interference with the peripheral circulation and consequent hypertrophy of the connective tissues.

অঙ্গুলির অগ্রভাগ চ্যাপ্‌টা ও মোটা—

যক্ষ্মা রোগের শেষাবস্থায় হস্তের ও পদের অঙ্গুলির শেষ পর্ব্বগুলি চ্যাপটা ও মোটা হইয়া থাকে এবং নখগুলি ভিতর দিয়া চুকিয়া থাকে। হৃদরোগে শরীর নীল বর্ণ হইলেও অঙ্গুলির শেষ পর্ব্বগুলি একপ আকার ধারণ করিতে পারে। হস্ত ও পদের অগ্রভাগে উত্তমরূপ রক্ত সঞ্চালন হয় না বলিয়া অঙ্গুলির পর্ব্বগুলির সংযোগতন্তু বৃদ্ধি পাইয়া একপ আকার পাইয়া থাকে।

Œdema of feet and ankles, due to thrombosis of the veins of one or both legs, dependent on weak heart and slow return of circulation

পদশোথ—যক্ষ্মারোগের পরিণামে পদের গুল্‌ফ সন্ধি ও পায়ের পাতা ফুলিয়া থাকে। পা ফুলা অতি কুলক্ষণ। এক বা দুই পদের শিরার ভিতর থ্রোম্বোসিস (রক্ত আটকান অবস্থাকে থ্রোম্বোসিস্ কহে) হইলে পা ফুলিয়া থাকে। হৃৎপিণ্ড দুর্ব্বল হইলে ও শিরার রক্তস্রোত গতি মন্দীভূত হইলে একপ থ্রোম্বোসিস্ হয়। প্রথমত ফুলা কমে ও বাড়ে। ক্রমে সর্ব্বদা ফুলাই থাকে।

Physical signs:
1. Supra and infraclavicular regions depressed, affected sides and shoulder lowered.
2. Local movements deficient,
3. Vocal fremitus increased.
4. Percussion dull.
5. Respiratory sounds weak, jerky, harsh with prolonged expiration, or bronchial or blowing, peurile in healthy parts.

ভৌতিক চিহ্ন—১। সুপ্রাক্ল্যাভিকিউলার ও ইন্‌ফ্রাক্ল্যাভিকিউলার প্রদেশ কিছু নীচু হইয়া থাকে। ফুসফুসের যে দিকের চূড়া আক্রান্ত হয় সেই দিকেরই স্কন্ধদেশ কিঞ্চিৎ নামিয়া পড়ে। ২। বক্ষের উত্থান ও পতন গতির বিলক্ষণ হ্রাস হয়; বিশেষতঃ উহার বিস্তারণশীল গতির হ্রাস হইয়া থাকে। ৩। ভোকাল্‌-ফ্রিমিটাস্ সাধারণতঃ বৃদ্ধি পাইয়া থাকে; কিন্তু উহা স্বাভাবিক ভাবে থাকিতেও পারে অথবা উহার হ্রাস হইতেও পারে। ৪। পার্কাশন বা আঘাত করণ প্রণালী দ্বারা বক্ষের স্বাভাবিক ফাঁপা আওয়াজ স্থানে কাঠে ঘা মারার মত স্থূল বা নিরেট বা ডাল্ শব্দ শ্রুত হইয়া থাকে। ফুসফুসের উর্দ্ধাংশের দিকে ঐরূপ ডাল্ শব্দের আধিক্য হইয়া থাকে। ৫। আকর্ণন যন্ত্র অর্থাৎ ষ্টেথোস্‌কোপ দ্বারা শ্রবণ করিলে অতি ক্ষীণ শ্বাস প্রশ্বাস শব্দ শ্রবণ করা যায়। অনেক স্থলে শ্বাস প্রশ্বাস শব্দ

আদৌ শ্রবণ করা যায় না। শ্বাস প্রশ্বাস শব্দের বিথিম্ কম্পনশীল অর্থাৎ কগ্‌ড-হুইল্ মত হয়। এতদ্ব্যতীত, শ্বাস প্রশ্বাস শব্দ কর্কশ হয় এবং তৎসঙ্গে প্রশ্বাস দীর্ঘ হইয়া থাকে। শ্বাস-প্রশ্বাস শব্দ ব্রংকিয়াল্ অথবা ব্লোয়িং স্বভাব প্রাপ্ত হইতে পারে। সুস্থ অংশে শ্বাস প্রশ্বাস শব্দ পিউবাইল অর্থাৎ উচ্চ ও দ্রুতবাহী হইয়া থাকে। ৬। ফুসফুসের কঠিন অংশের চতুষ্পার্শ্বে কোলাপ্স রংক্কাস শব্দ শ্রবণ করা যায়, কিন্তু আক্রান্ত স্থানে প্রথমতঃ শুষ্ক-ক্র্যাক্লিং তৎপরক্ষণেই সরস ক্র্যাকলিং কিম্বা কতকটা বাব্লিং রাল্স শ্রবণ করা যায়। আক্রান্ত স্থান কোমল হইয়া বিগলিত হইতে আরম্ভ হইলে ঐরূপ ক্র্যাক্লিং শব্দ পাওয়া গিয়া থাকে। ৭। ভোকাল্ রেজোনান্স অর্থাৎ স্বর শব্দের আধিক্য হইয়া থাকে। ৮। আক্রান্ত স্থানে প্লুরিটিক ফ্রিকসন্ শ্রবণ করা যায়। ৯। হৃৎপিণ্ড উর্দ্ধে আকর্ষিত হয়, আর ফুসফুস দ্বারা আবৃত থাকে না এবং উহার ইম্পাল্স অর্থাৎ চূড়ার আঘাত শব্দ বিস্তৃত ও সবল হয়, এবং উহার শব্দ স্বাভাবিক অপেক্ষা উচ্চ শব্দ বিশিষ্ট হয় ও বক্ষের উপরে কর্ণ পাতিলেই উহা শ্রবণ-গোচর হইয়া থাকে। দক্ষিণ ফুসফুসে গুটিকা সঞ্চয় হইলে হৃৎপিণ্ডের শব্দ দক্ষিণ ইন্‌ফ্রাক্লাভিকিউলার প্রদেশ পর্য্যন্ত বাহিত হইয়া থাকে। ১০। বামদিকের স্যাবক্ল্যাভিকেল্ স্থানে এক প্রকার শব্দ হয়। স্যাবক্লেভিয়ান্ ধমনীর উপর পুরু প্লুরার চাপ পতিত হয় বলিয়া ঐরূপ শব্দ হইয়া থাকে। ১১। ফুসফুস কুঞ্চিত হয় বলিয়া ডায়াফ্রাম, যকৃৎ ও পাকাশয় কিঞ্চিৎ উর্দ্ধে উঠিয়া থাকে।

6 Dry crackling followed by moist crackling or bubbling
7 Vocal and tussive resonance increased.
8 Pleuritic friction observed
9. Heart drawn up, its impulse extensive and strong and sounds loud and superficial
10 Subclavian murmur in left side
11 Displacement diaphragm liver or stomach upwards.

গহ্বরাবস্থায় ভৌতিক চিহ্ন—১। গহ্বরের উপর ঠোকর মারিলে টিউবিউলার, মেটালিক, ক্র্যাকৃপট্ এবং কদাচ এম্ফোরিক শব্দ উৎপন্ন হইয়া থাকে। ২। গহ্বরের স্থানে ষ্টেথোসকোপ্ বসাইয়া শ্রবণ করিলে ব্লোয়িং অথবা হলো বা ফাঁপা শব্দ শ্রবণ করা গিয়া থাকে। অথবা টিবিউলার, ক্যাভার্ণাস্ ও

Signs of cavities
1 Percussion tubular metallic and crack-pot.
2. Breath sounds: blowing, hollow tubular,

Cavernous or amphoric hissing, inspiration
3 Large moist rales at apices consonating rales, sometimes gurgling, rarely tinkling or amphoric echo
4 Vocal resonance intensified
Pectoriloquy and whispering pectoriloquy
5 Heart sounds intensified
6. Tussive resonance painful and metallic but breath sounds are better heard
7. Aneurismal murmurs heard if any.
Inspection
1st stage supraclavicular depression
Palpation:
2nd stage vocal fremitus slightly increased
Percussion :
1st stage slight dullness 2nd stage full dullness, 3rd stage dullness with circumscribed spots of amphoric, tympanic or crack pot sound.

এম্ফোরিক শব্দ শ্রবণগোচর হইয়া থাকে। নিশ্বাস টানিবার কালে এক প্রকার হিস্‌২ শব্দও শুনা গিয়া থাকে। ৩। গহ্বরাবস্থায় ফুসফুসের চূড়ায় বড়২ ও সরস রালস ; ফাঁপা, ধাতুবাদ্যবৎ অথবা ঘণ্টাধ্বনিবৎ,কখনং গার্গ্লিং এবং কদাচ মেটালিক টিংক্লিং বা এম্ফোরিক-একো শ্রবণ করা গিয়া থাকে। ৪। ভোকাল রেজোনান্স ধাতুবাদ্য বৎ হয় অর্থাৎ স্বরের তীক্ষ্ণতা হইয়া থাকে। পেক্টোরিলুকুই অথবা হুইস্পারিং পেক্টোরিলুকুই শ্রবণ করা যায়। ৫। গহ্বর স্থানে হৃৎপিণ্ডের শব্দ অতি স্পষ্ট শ্রবণ করা যায়। ৬। জোরে কাশিলে বেদনা ও ধাতুবাদ্যবৎ শব্দ হয় এবং কাশি দ্বারা গহ্বরস্থিত শ্লেষ্মা বাহির হইয়া পড়িলে তথাকার শ্বাস প্রশ্বাস শব্দ উত্তমরূপ শুনা গিয়া থাকে। ৭। গহ্বর স্থানে এনিউরিজম হইলে সেই মত শব্দ পাওয়া যাইতে পারে।

রোগের অবস্থানুসারে ভৌতিক চিহ্নগুলি নিম্নলিখিত প্রণালী মতে সহজে স্মরণ করিয়া রাখা যাইতে পারে :—

দর্শন—প্রথমাবস্থায় সুপ্রাক্লাভিকেল প্রদেশ কিঞ্চিৎ বসিয়া যায়, এবং কখনং ইনফ্রা-ক্যাভিকিউলার প্রদেশ ও ঐরূপ বসিয়া যাইতে পারে।

স্পর্শন—দ্বিতীয়াবস্থায় ভোকাল ফ্রিমাইটিস্ অল্প বৃদ্ধি পাইয়া থাকে।

আঘাত করণ—প্রথমাবস্থায় বক্ষে ঠোকর মারিলে বক্ষের ফাঁপা আওয়াজ কিছু কম বলিয়া বোধ হয়। দ্বিতীয়াবস্থায় ঠোকর মারিলে সম্পূর্ণ ডাল্ শব্দ বাহির হয়। তৃতীয়াবস্থায় ঠোকর দ্বারা ডাল্ শব্দের সহিত মধ্যেং এম্ফোরিক, টিম্পানিক অথবা ক্র্যাকপট্ শব্দ বাহির হইয়া থাকে।

আকর্ণন প্রণালী—প্রথমাবস্থায় বক্ষে ষ্টেথোস্‌কোপ্ দ্বারা শ্রবণ করিলে কম্পনশীল নিশ্বাস, দীর্ঘ প্রশ্বাস এবং নিশ্বাসের সহিত ক্রাক্লিং রাল্‌স শ্রবণ করা যায়। দ্বিতীয়াবস্থায় ভেসিকিউলো-ব্রংকিয়াল্ শ্বাস প্রশ্বাস শুনা যায়, তৎসঙ্গে স্যাব্‌ক্রিপিটাণ্ট এবং বড়২ ও ছোট২ বাব্লিং রাল্‌স শ্রবণ করা গিয়া থাকে। তৃতীয়াবস্থায় ব্রংকিয়াল্ ব্রংকো-ক্যাভার্ণাস শ্বাস প্রশ্বাস শব্দ শ্রবণ করা যায় এবং তৎসঙ্গে বড়২ ও ছোট২ সরস বাব্লিং রাল্‌স এবং স্থানে২ গার্গ্লিং রাল্‌স শব্দও শ্রবণ করা গিয়া থাকে।

Ausculation: 1st stage: inspiration with crackling rales, jerky expiration prolonged. 2nd stage: vesiculo-bronchial breathing with subcrepitant and large and small moist or bubbling rales. 3rd stage bronchial, broncho-cavernous or cavernous respiration with large and small moist or bubbling and localized gurgling rales.

২য় ও ৩য় অবস্থায় ব্রংকোফনি শ্রুত হইয়া থাকে।

Bronchophony in 2nd and 3rd stage

অন্যান্য রোগের সহিত পার্থক্য বিচার—ক্রনিক্ ব্রংকাইটিস্, ক্রনিক প্লুরিসি, ক্রুপাস্-নিউমোনিয়া, পাল্‌মোনারী ক্যান্সার, পাল্‌মোনারী-সিফিলিস, স্ফোটক, গ্যাংগ্রিণ এনিমিয়া এবং ক্লোরোসিস রোগ এবং ব্রংকিয়াল্ ডাইলেটেশন্ প্রভৃতি রোগের সহিত যক্ষ্মা রোগের ভুল হইতে পারে।

Diagnosis from various diseases

ক্রণিক ব্রংকাইটিস্—ইহাতে যক্ষ্মার মত প্রবল ভাবে লক্ষণ গুলি প্রকাশ পায় না, ইহাতে দুই ফুসফুস এক সময়েই আক্রান্ত হয়।

Ch Bronchitis. Symptoms less severe, disease bilateral

ক্রণিক প্লুরিসি—এই রোগে বক্ষের নিম্নদেশ হইতে ডাল্ শব্দ বা অবস্থা বক্ষের উর্দ্ধদিকে ওঠে, ইহাতে শ্বাস প্রশ্বাস শব্দ, ও ভোকাল স্বরের আধিক্য কিছুই থাকে না।

Ch Pleurisy dullness creep up, absence of respiratory sounds &c

নিউমোনিয়া—এই রোগ ফুসফুসের তলদেশে প্রধানতঃ প্রকাশ পাইয়া থাকে। যক্ষ্মায় ফুসফুসের চূড়া প্রথমতঃ আক্রান্ত হইয়া থাকে।

Pneumonia affects lower part chiefly

Pulmonary cancer: no deposit in the 'apex, does not soften soon, curant-jelly expectoration pain persistent and severe.

পাল্‌মোনারী ক্যান্সার—যক্ষ্মার মত কাঙ্গার পদার্থ ফুসফুসের উর্দ্ধাংশে প্রকাশিত হয় না। ইহা যক্ষ্মার মত শীঘ্র২ বিগলিত হয় না, সুতরাং ইহাতে যক্ষ্মার মত ২য় ও ৩য় অবস্থার লক্ষণ শ্রুত হওয়া যায় না। ইহাতে কুরাণ্ট জেলির মত গয়ার ওঠে। ইহাতে যক্ষ্মার মত শীঘ্র২ জ্বর, দ্রুতনাড়ী ও শীর্ণতা প্রকাশ পায় না—কিন্তু ইহাতে প্রবল ও দীর্ঘস্থায়ী জ্বর এবং বেদনা থাকে, যক্ষ্মা রোগে ঐরূপ বেদনা প্রায়ই থাকে না।

Pulmonary syphilis: nodes affect one lung at the lower part; do not spread, no haemoptysis, no fever.

পাল্‌মোনারী সিফিলিস্—একটী ফুসফুসের উর্দ্ধখণ্ডের তলদেশে সাধারণতঃ উপদংশরোগের গুটি প্রকাশ পায়। উহা শীঘ্র২ বিস্তৃত হয় না এবং উহার সহিত যক্ষ্মার রক্ত ওঠা বা জ্বর থাকে না।

Pulmonary abscess: affects one lung and at the base with copious, purulent and foetid sputa.

পাল্‌মোনারী স্ফোটক—নিউমোনিয়া রোগে ও ফুসফুসের তলদেশে প্রধানতঃ ফোড়া হইয়া থাকে। ইহাতে জ্বরাদি লক্ষণ কম থাকে, এবং ইহা হইতে প্রচুর ও দুর্গন্ধ যুক্ত পূঁয উঠিয়া থাকে।

Pulmonary gangrene affects lower part of one lung, terrible foeter of breath after coughing with brownish sputa

পাল্‌মোনারী গ্যাংগ্রিণ—ইহা একটী ফুসফুসের তলদেশে প্রধানতঃ প্রকাশ পাইয়া থাকে এবং কাশিলে কটাবর্ণের গয়ার ওঠে ও অত্যন্ত দুর্গন্ধ বাহির হয়।

Bronchial dilatation: middle or lower portion affected, less dullness, symptom less severe, common in advanced age, Physical signs do not change for months, sputa abundant and very foetid, cough more persistant.

ব্রংকিয়েল্‌ ডাইলেটসন্—ফুসফুসের মধ্য ও নিম্নাংশে এই রোগ হয়, এবং ইহাতে যক্ষ্মার মত অধিক নৈশ-ঘর্ম্ম, শীর্ণতা ও রক্তস্রাব হয় না। এই রোগে ডাল্‌নেস্‌ কম হয়। এই রোগ অতি প্রাচীন বয়সেই প্রায় হইয়া থাকে। ইহাতে ভৌতিক চিহ্ন গুলির শীঘ্র পরিবর্ত্তন হয় না এবং ইহাতে প্রচুর ও অত্যন্ত দুর্গন্ধযুক্ত গয়ার উঠিয়া থাকে এবং কাশির বিরাম দৃষ্ট হয় না।

ভাবীফল—যক্ষ্মা রোগের ভাবীফল প্রায়ই অশুভ হইয়া থাকে, তবে সময়ে উত্তমরূপ চিকিৎসা হইলে দীর্ঘজীবন সম্ভব হয়। Prognosis: doubtful.

FIBROID PHTHISIS

ফাইব্রয়েড্ থাইসিস্।

অপর নাম—ক্রণিক-নিউমোনিয়া, ফুসফুসের সিরোসিস্। Synonyms

পরিচয়—যদি ফুসফুসের সংযোগ তন্তু পুরু হইয়া ক্রমে শুষ্ক হয় এবং ফুসফুস তন্তুর ধ্বংস হয়, তৎসঙ্গে ব্রংকাই প্রদাহ, কাশি, প্রচুর গয়ার ওঠা, জ্বর, শীর্ণতা ও দুর্ব্বলতা হেতু পরিণামে মৃত্যু ঘটে তবে উহাকে ফাইব্রয়েড্ থাইসিস্ কহে। Definition, thickening of pulmonary connective tissue resulting in atrophy and degeneration of vesicular structure associated with bronchial inflammation, cough, profuse sputa, fever, emaciation and death by asthenia.

কারণ—পৈত্রিক, বহুদিন হইতে উগ্র পদার্থ ঘ্রাণ, ক্রণিক ব্রংকাইটিস্ এবং বহুদিন হইতে মদ্যপান বশতঃ বিষাক্ততা। Causes hereditary, irritant inhalation, chbronchitis, alcoholism

নিদানতত্ত্ব—রোগ বশতঃ ব্রংকাই শ্লৈষ্মিক ঝিল্লী পুরু হয় এবং ব্রংকাইনলী প্রসারিত হয়। ফুসফুস সম্বন্ধীয় সংযোগ তন্তু ফুলিয়া ও পুরু হইয়া ফুসফুস তন্তুর উপর চাপ দিয়া থাকে, সুতরাং চাপ প্রযুক্ত ফুসফুস তন্তুর ধ্বংস হয় এবং পরিশেষে উক্ত সংযোগ তন্তুও শুষ্ক হইয়া গিয়া থাকে। শীঘ্র বা বিলম্বে ক্যাটারাল নিউমোনিয়া প্রকাশিত হয়। তাহাতে ক্রমে চিজি অপকৃষ্টতা ও গহ্বর নির্ম্মাণ হইয়া থাকে। এইরূপে ফুসফুস Pathology: thickening of bronchial mucous membrane and dilatation of air tubes; thickening of pulmonary connective tissue resulting in the compressione and consequent destruction

হইতে দীর্ঘ স্থায়ী পূঁয স্রাব হইতে থাকিলে ক্রমে উহার উপর টিউবার্কেল বা গুটি সঞ্চয় হয় যদ্দারা শীঘ্র২ ফুসফুস তন্তু ধ্বংস হইয়া থাকে।

লক্ষণ—এই রোগ ক্রণিক ক্যাটারাল্-নিউমোনিয়া অর্থাৎ নিউমোনিক থাইসিস রোগাপেক্ষা কম হইয়া থাকে। ইহাও পুরাতন ভাবে অর্থাৎ দীর্ঘকাল হইতে সূত্রপাত হইয়া থাকে। ইহার গতিও দীর্ঘ স্থায়ী অর্থাৎ বহু বৎসরাবধি অবস্থিতি করিয়া থাকে। এই রোগে প্রথমতঃ ব্রংকিয়াল্ ক্যাটার অর্থাৎ শ্বাস নলীর পুরাতন ভাবে শর্দ্দি হয়, অল্প২ ও দীর্ঘ স্থায়ী অর্থাৎ সর্ব্বদাই কাশি থাকে। ঐরূপ কাশি প্রায়ই প্রথমতঃ শুষ্ক হয়, কাশিতে২ অল্প২ শ্লেষ্মা ওঠে, শীতকালে কাশি বৃদ্ধি পায়, গ্রীষ্ম কালে উহার উপশম থাকে, অবশেষে কয়েক বৎসর পরে সর্ব্ব-কালেই কাশি এক সমান ভাবে থাকে এবং প্রচুর পরিমাণ পূঁয ও শ্লেষ্মা মিশ্রিত গয়ার অতি সহজেই উঠিতে থাকে। অনেক দিন পর্য্যন্ত রোগীর ক্ষুধা, ওজন ও শক্তির কিছু বিশেষ ব্যতি-ক্রম হয় না, অবশেষে সন্ধ্যাকালে ১০০ ডিগ্রি জ্বর হয়, নাড়ী ক্ষুদ্র ও দুর্ব্বল হইয়া পড়ে, শীত ও ঘর্ম্ম হয়, ক্ষুধা ও পরিপাক শক্তির লোপ হয়, শরীরের ভার কম হয়, কাশি অত্যন্ত প্রবল হয় এবং কাশিতে২ বমন হইয়া থাকে। প্রচুর ও পূঁয বৎ গয়ার উঠিতে থাকে। ব্রংকাই প্রসারণ মধ্যে গয়ার সঞ্চিত হইয়া থাকে বলিয়া উহাতে অত্যন্ত দুর্গন্ধ হইয়া থাকে। ক্রমে স্বরভঙ্গ উদরাময়, ক্ষয়কারী জ্বর, নৈশ ঘর্ম্ম, শ্বাস কষ্ট, শীঘ্র শীর্ণতা, রক্ত সঞ্চালন ক্রিয়া, দুর্ব্বলতা হেতু গুল্‌ফসন্ধি ও পায়ের পাতা ফোলা,

of vesicular structure and ultimate contraction of the newly formed connective tissue; sooner or later catarrhal pneumonia results, products undergoing cheesy degeneration, cavities being formed, and as a result of long continued suppuration, tubercular depositions occur, hastening the destruction of lung tissue

Symptoms: chronic course, slight persistent cough, dry or mucous expectoration, worse in winter, better in summer, finally continued cough, expectoration freer, hectic fever, night sweat, debility, loss of weight, dyspnoea, emaciation, sputa profuse and fœtid, hoarseness, diarrhœa, oedema of ankles and feet, swelling of legs and scrotum and ascitis Haemoptysis is a common sym-

পদ ও পোতা ফোলা, উদরী এবং হৃৎপিণ্ডের ক্রিয়া লোপ হইয়া মৃত্যু ঘটিয়া থাকে। এই রোগে বরাবরই রক্ত ওঠা লক্ষণ থাকে।

ptom all through.

আঘাত করণ—ঠোকর দ্বারা বক্ষ পরীক্ষা করিলে প্রথমতঃ কম ফাঁপা আওয়াজ, পরে ভাল্ ব স্থূল শব্দ হয়, তৎসঙ্গে ঐ স্থানে এম্ফোরিক ও টিম্পানিটিক শব্দও বাহির হইতে পারে।

Percussion: dullness, irregular spots amphoric or tympanitic note.

আকর্ণন—ষ্টেথোসকোপ্ দ্বারা শ্রবণ করিলে প্রথমাবস্থায় ভেসিকিউলো-ব্রংকিয়াল্ অথবা কর্কশ শ্বাস প্রশ্বাস শব্দ শ্রবণ করা যায় তৎসঙ্গে বড় ও ছোট সরস ও বাব্লিংরাল্স তৎপরে ব্রংকিয়াল্, ব্রংকো ক্যার্ভানাস্ ও ক্যাভানাস্ শ্বাস প্রশ্বাস শব্দ এবং মধ্যে২ গার্গ্লিংরাল্স শ্রবণ করা গিয়া থাকে।

Auscultation: 1st stage, vesiculo-bronchial or harsh respiration, with large and small moist or bubbling rales, followed by bronchial, broncho-cavernous respiration, with circumscribed gurgling rales.

ভাবীফল—ফাইব্রয়েড্ থাইসিস প্রায়ই দীর্ঘস্থায়ী হয়, রোগী ৪।৫ বৎসর কাল ভুগিয়া থাকে, অবশেষে মৃত্যু ঘটে।

Prognosis: fatal after 4 or 5 years.

ACUTE PHTHISIS.

তরুণ যক্ষ্মা রোগ।

অপরনাম—একিউট্ মিলিয়ারী টিউবার্কুলোসিস্, গেলোপিং কঞ্জাপ্‌সন।

Synonyms.

পরিচয়—সমস্ত শরীরে বিশেষতঃ ফুস ফুস মধ্যে ধূসর বর্ণের গুটি (গ্রে টিউবার্কেল) সঞ্চয় বশতঃ তরুণ ও প্রবল জ্বর, কাশি, প্রচুর গয়ার ও শীঘ্র অবসন্নতা প্রভৃতি লক্ষণ প্রকাশ পায় উহাকে একিউট-থাইসিস্ কহে।

Definition—rapid deposition of gray tubercle in the lungs with high fever, cough, profuse expectoration and rapid prostration.

কারণ—যৌবনের আরম্ভ হইতে পূর্ণ যৌবনাবস্থা পর্য্যন্ত এই রোগ অধিক হইয়া থাকে।

Causes: common between puberty and middle life.

Pathological anatomy: gray or miliary tubercle over both lungs and bronchial tubes, with hyperaemia, increase of viscid secretion and destruction of tissue.

নিদানতত্ত্ব—উভয় ফুস ফুস ও ব্রংকিয়াল নলী মধ্যে ধূসর বর্ণের দানা অথবা মিলিয়ারী টিউবার্কেল সঞ্চয় বশতঃ রক্তাধিক্য, চট চটে ও আটাযুক্ত নিঃসবণাধিক্য বা গয়ার ওঠা এবং ফুসফুস তন্তুব ধ্বংস হওন ইত্যাদি।

Symptoms: whole of one or part of both lungs affected, with chills, high fever, rapid pulse, anorexia, vomiting prostration, violent cough, pain in chest, emaciation, exhausting sweats dyspnoea, occasional diarrhoea, rapid increase of symptoms, frequent hæmoptysis, headache, vertigo, sleeplessness, delirium, coma and death.

লক্ষণ—কয়েক সপ্তাহ হইতে কয়েক মাসের মধ্যে একটী ফুস্‌ফুসেব সর্ব্বাংশ অথবা দুই ফুসফুসের অনেকাংশ এই রোগ দ্বারা আক্রান্ত হইয়া থাকে। ইহাব হঠাৎ আক্রমণ দৃষ্ট হইয়া থাকে। প্রথমে শীত, পরে প্রবল জ্বব, দ্রুত নাড়ী, ক্ষুধামান্দ্য, বমন, অত্যন্ত দুর্ব্বলতা, প্রবল কাশি, দ্রুত শ্বাস প্রশ্বাস ও বক্ষে বেদনা প্রকাশ পাইয়া থাকে। ক্রমে ১০৪ হইতে ১০৭ ডিগ্রি পর্য্যন্ত তাপ উঠে এবং সন্ধ্যায় জব বৃদ্ধি বাথিয়া প্রাতঃকালে বিরাম হইয়া থাকে। শীর্ণতা, দুর্ব্বলকব ঘর্ম্ম, দ্রুত শ্বাস প্রশ্বাস, অত্যন্ত শ্বাস কষ্ট এবং কদাচ উদবাময় প্রভৃতি লক্ষণ প্রকাশ পাইযা থাকে। সামান্য ও পূঁযবৎ এবং বক্ত মিশ্রিত গযাব ওঠে, কিন্তু রাষ্টি অর্থাৎ ইষ্টক চূর্ণেব মত গয়াব ওঠে না; শীঘ্র ২ লক্ষণগুলি বৃদ্ধি পাইাতে থাকে, ঘন ২ রক্ত ওঠে, প্রায় শিরো-বেদনা শিবোঘূর্ণন, অনিদ্রা, প্রলাপ. সজ্ঞাহীনতা ও মৃত্যু উপ-স্থিত হইযা থাকে।

Percussion: slight dullness

আঘাতকরণ—বক্ষে ঠোকব মারিলে প্রথমতঃ স্বাভাবিক আওয়াজ পাওযা যায় পবে কিঞ্চিৎ ডাল্ হইয়া থাকে।

Ausculation: vesiculo-bronchial breathing with large and small moist or bubbling rales followed by bronchial and broncho-ca-

আকর্ণন—বক্ষে ষ্টেথোসকোপ দ্বাবা শ্রবণ করিলে ভেসি-কিউলো ব্রংকিযাল শ্বাস প্রশ্বাস তৎসঙ্গে বড় ও ছোট সবস অথবা বাব্লিং তৎপবে ব্রংকিয়াল্ এবং ব্রংকো-ক্যাভার্ণাস শ্বাস

প্রশ্বাস তৎসঙ্গে বড় ও ছোট সরস এবং মধ্যে ২ গার্গলিং-রাল্স শ্রবণ করা গিয়া থাকে।

vernous breathing with large and small moist and circumscribed gurgling rales

স্থিতিকাল—তরুণ যক্ষ্মারোগে ৭ হইতে ১২ সপ্তাহ মধ্যে মৃত্যু ঘটে।

Duration.

TREATMENT OF PHTHISIS.

যক্ষ্মারোগের চিকিৎসা।

সাধারণ ও নিবারক নিয়মাবলী—প্রচুর পরিমাণ ও বিশুদ্ধ বায়ু (সেবন) খোলা বাতাসে পরিশ্রম ও ব্যায়াম (এইরূপ করিলে ফুস্ ফুস্ সুস্থ ও দৃঢ় হয়), মধ্যে ২ পুরা নিশ্বাস গ্রহণ ও প্রশ্বাস (ত্যাগ), মধ্যে ২ সঙ্গীতকরণ, পুষ্টিকর আহার, স্নান ও ত্বক ঘর্ষণ (এরূপ করিলে গাত্র দৃঢ় হয়, সহজে ঠাণ্ডা লাগিতে পায় না), এবং মধ্যে ২ স্থান ও বাস পরিবর্ত্তন প্রভৃতি নিয়ম প্রতিপালন করিতে পারিলে যক্ষ্মারোগ হইতে দূরে থাকা যাইতে পারে।

General and preventive rules. Fresh and plenty air, exercise, taking regular slow and full inspirations and expirations, singing nourishing diet rubbing and washing the skin, change of climate, avoid sexual excitement, masturbation, mental excitement and depression

প্রথম যৌবন কালে কাম রিপুর বিশেষ দমন আবশ্যক, যে সকল নাটক নভেল পড়িলে কামরিপুর উত্তেজনা হয়, সে সমস্ত পুস্তক ও ভায়া, পাঠ না করা অতি কর্ত্তব্য। হস্ত-মৈথুন যক্ষ্মার পূর্ব্ববর্ত্তী কারণ বলিয়া স্মরণ রাখিতে হইবে। মানসিক উত্তেজনা অথবা অবসাদন এই দুই অবস্থাই দূর করা কর্ত্তব্য।

ডাক্তার নুসার বলেন যে যক্ষ্মা রোগে কোন একটী উপযুক্ত ঔষধ ব্যবস্থা করিলে পর যদি সেই ঔষধ সেবন জনিত কোন নূতন লক্ষণ বাহির হয় তবে তাহা শীঘ্র নিবারণ করিবে না। তিনি বলেন যে নিম্ন লক্ষণ গুলি যক্ষ্মা রোগে প্রকাশ পাওয়া ভাল, সুতরাং উহাদিগকে শীঘ্র দূর করিবে না :--

Dr. Nussen's favourable symptoms during the administration of a well selected remedy for phthisis, these symptoms not to be disturbed by change of ro- tation.

১। বগলের বীচি ফুলা।

২। ঘাড়ে, স্কন্ধে, বক্ষে, হিপ্ সন্ধিতে অথবা হস্ত ও পদাদিতে বাত।

৩। ঘাড়ে ও কাণের বীচি ফুলা।

৪। বক্ষ হালকা বোধ, লেরিংস ও টেকিয়ার স্বর ভঙ্গ, এই স্বরভঙ্গ আরোগ্যে নাসা বেদনা এবং নাসার চতুর্দ্দিকে বিজ্‌গুড়ি বহির্গমন।

৫। কর্ণে বাদ্যধ্বনি এবং পূঁয সঞ্চয়।

৬। প্রদাহিত চক্ষু।

৭। শিরঃপীড়া ও দন্ত শূল।

৮। বক্ষে ফোটা বাহির হওন

৯। পদের তলায় ঘর্ম্ম।

১০। অর্শ প্রকাশ।

১১। নূতন শর্দ্দি।

১২। চর্ম্ম রোগ।

MEDICINAL TREATMENT

ঔষধ দ্বারা যক্ষ্মারোগের চিকিৎসা।

Tubercular cachexia (remedies)

টিউবার্কুলার ক্যাকেক্সিয়া—অর্থাৎ রোগী দেখিলেই যদি শীর্ণকায় ও যক্ষা ধাতু বিশিষ্ট বোধ হয় তবে নিম্নলিখিত ঔষধগুলি ব্যবস্থা হয়।

ক্যাল্ক-কার্ব্ব, ক্যাল্ক-আয়োড্, ফেরাম, আর্স; ফস্; সাল্ফার ও ড্রসেরা।

Indigestion: remedies.

অজীর্ণ নিবারণার্থে—নক্স, পালস, হাইড্রাষ্টিস্, কার্ব্বো-ভেজ, আর্স, ক্রিয়োজোট্, ফেরাম, ও লাইকোপডিয়াম।

কাশি দমনার্থে—কস্, হায়েস্, বেল্, ব্রাই, ক্যাল্ক-কার্ব্ব, ড্রসেরা, ইপিকা, কোরালিয়াম্-রুব্রাম, লোবিলিয়া, ষ্ট্যানাম, কলি-কার্ব্ব, এণ্টিম- টার্ট, স্যাঙ্গুইনেরিয়া, রুমেক্স এবং ল্যাকেসিস্। Cough: remedies.

জ্বরনিবারণার্থে—চায়না, একোনাইট, ব্যাপ্টিসিয়া, এণ্টিম-টার্ট ও আর্স। Fever remedies.

নৈশঘর্ম্ম নিবারণার্থে—চায়না, আয়োড্, ফস-এসিড্, স্যাম্বুকাস্, পাইলোকার্পিন, সাল্‌ফুরিক এসিড্ ও নাইট্রিক এসিড্। Night sweats (remedies)

উদরাময় দমনার্থে—আর্স, চায়না, ক্যামো, পাল্‌স, ক্যাল্ককার্ব্ব, সাল্‌ফার ও মার্কুরিয়াস্। Diarrhoea (remedies)

রক্তওঠা নিবারণার্থে—মেলিফোলি, হামেমেলিস, একোনাইট, ট্রিলিয়াম, সিকেলি, ইপিকাক, ফেরাম-এসিটিকাম, লিডাম, আর্ণিকা ও আর্গোটিন্। Hæmoptysis (remedies)

শ্বাসকষ্ট দূরকরণার্থে—আর্স, এণ্টিম-টার্ট ও ইপিকাক্। Dyspnoea (remedies)

স্বরভঙ্গ আরোগ্যের জন্য—স্পঞ্জিয়া কষ্টিকাম্, কেলি-বাইক্রম, বেল্, কেলিহাইড্রিওডিকাম, রুমেক্স, ব্রোমিয়াম্ এবং আয়োডিন্। Hoarseness (remedies)

প্লুরাবেদনা দূরকরণার্থে—ব্রাই, আর্ণিকা, সাল্‌ফুরিক এসিড্, একোনাইট্ ও কেলিকার্ব্ব। Pleuritic pains (remedies)

যক্ষ্মারোগের প্রধান ২ ঔষধ ও উহার প্রয়োগ লক্ষণ :— Therapeutic hints

একোনাইট—পূর্ণ লম্ফনশীল ও চাপনশীল নাড়ী, প্রবল জ্বর, ঘন ঘন বক্ষে রক্তাধিক্য, ক্ষয়কারী জ্বর, অস্থিরতা, মুখে উদ্বেগ চিহ্ন, হৃদস্পন্দন, রক্তওঠা, প্লুরিটিক বা পার্শ্ব বেদনা, কাশিলে অথবা নিশ্বাস টানিলে বৃদ্ধি, অল্প ও শুষ্ক কাশি, সকালে ও সন্ধ্যাকালে বৃদ্ধি এবং গলা শুড়শুড়ানি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। Aconite: full compressible pulse, high fever, chest congestion, hectic fever anxiety palpitation, restlessness, haemoptysis, pleuritic pains, short dry cough, tickling in throat.

Actea Recemosa. intercurring congestion and inflammation from exposure with dry harassing cough, night sweat, diarrhoea

এক্টিয়া-রেসিমোসা—ঠাণ্ড প্রযুক্ত রক্তাধিক্য ও প্রদাহ হইলে তৎসঙ্গে শুষ্ক ও কষ্টকর কাশি, রাত্রিকালীন ঘর্ম্ম ও উদরাময় থাকিলে ইহা ব্যবহৃত হয়।

Antim Tart: Loose, rattling, hollow cough, worse at night with suffocation vomiting, profuse and free sputa, prostration afternoon hectic.

এণ্টিম-টার্ট—সরল, ঘড়ঘড়ে ও ফাঁপা কাশি, রাত্রিতে বৃদ্ধি ও দমবন্ধ (দূর হইতে ঘড়ঘড়ে শব্দ শ্রবণ করা যায়, শয়নাবস্থায় বৃদ্ধি, কাশিতে ২ বমন, সহজে প্রচুর শ্লেষ্মা ওঠা, অবসন্নতা এবং অপরাহ্নে ক্ষয়কারী জ্বরের আক্রমণ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Arsenic: prostration, emaciation, hectic, thirst, burning, nausea, diarrhoea, depression, dyspnoea, lung pain dry cough, frothy glairy transparent mucous sputa, thrush.

আর্সেনিক—অত্যন্ত অবসন্নতা, শীঘ্র২ শীর্ণতা ও জ্বরের বৃদ্ধি, অত্যন্ত তৃষ্ণা, পাকাশয়ে জ্বালা, বমনেচ্ছা উদরাময়, অবসন্ন মন, শ্বাস কষ্ট, ফুসফুসে বেদনা, দক্ষিণ ফুসফুসের উপরের এক তৃতীয়াংশ স্থানে অত্যন্ত বেদনা, অল্প পরিশ্রম করিলেই দ্রুত শ্বাস প্রশ্বাস, শয়ন করিলেই শ্বাসকষ্ট, শুষ্ক কাশি, কাশিতে ২ ফেনাযুক্ত, চকচকে ও স্বচ্ছ গয়ার ওঠা, অথবা পীত কিম্বা ধূসর ও পীতবর্ণ মিশ্রিত শ্লেষ্মা, সন্ধ্যাকালে শয়ন করিলে ও প্রাতঃকালে উঠিলে কাশি বৃদ্ধি, ফুস্ফুস হইতে রক্তস্রাব তৎসঙ্গে দক্ষিণ ফুসফুসের ঊর্দ্ধাংশে জ্বালা, শীত, জ্বর ও ঘর্ম্ম এবং মুখে ঘা ইত্যাদি ইহার প্রয়োগ লক্ষণ।

Ars. Iod.: sore larynx, hoarse racking cough, day and night.

আর্স আয়োড—লেরিংসে বেদনা ও ক্ষতবোধ, দিবা রাত্রি কর্কশ ও খকখকে কাশি, এবং প্রচুর ও পূঁযবৎ গয়ার ওঠা ইহার প্রয়োগ লক্ষণ।

Baptisia. forenoon or afternoon chill, heat, perspiration, weakness languor, loss of hope.

ব্যাপটিসিয়া—দুই প্রহর বেলায় অথবা অপরাহ্নে শীত হইয়া জ্বর ও ঘর্ম্ম (যেন পালা জ্বরের মত) তৎসঙ্গে দুর্ব্বলতা ও শিথিলতা এবং কখনং নৈরাশ্য প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Belladonna: hollow, spasmodic barking and violent cough,

বেলেডনা—পুরাতন ফুসফুস রোগের প্রারম্ভে ফাঁপা আক্ষেপিক ও কুকুর ডাকার মত প্রবল কাশি, রাত্রিকালে নড়িলে বৃদ্ধি, উদরের দক্ষিণ দিক হইতে উপরদিকে দক্ষিণ ফুসফুস ও

দক্ষিণ স্তন পর্য্যন্ত প্রবল চিড়িক বেদনা, ফুসফুসের চূড়ার ও দক্ষিণ স্কাপুলার আভ্যন্তরিক ধারে বেদনা, নাসা ও ব্রংকাই নলীর পুরাতন প্রচুর ও তরল সর্দ্দি, মস্তকে রক্তাধিক্য, পর্য্যায় ক্রমে ফেকাসে ও লালবর্ণ মুখ মণ্ডল, উজ্জ্বল লাল বর্ণের রক্ত ওঠা, স্বরভঙ্গ, চাপনে লেবিংস বেদনা, গলাধঃকরণ কষ্ট ও ঘর্ম্ম ইহার প্রয়োগ লক্ষণ।

violent stitching pain from rt. abdomen to right mamma, congestion, haemoptysis, aphonia, sensitive larynx, dysphagia perspiration

ব্রায়োনিয়া—ছিন্নকর ও শুষ্ক কাশি, কাশিতে২ মস্তক ও বক্ষ ফাটিয়া যাইবে এরূপ বোধ, পার্শ্বদেশে চিড়িক বেদনা তজ্জন্য শ্বাস গ্রহণে অক্ষমতা, প্লুরায় বেদনা ও রস সঞ্চয়, নড়িলে লক্ষণের বৃদ্ধি, শীত করিয়া জ্বর, পাতলা গয়ার, রক্তের ছিট যুক্ত গয়ার, ষ্টার্ণাম নিম্নে ক্ষত ও বেদনা বোধ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Bryonia: tearing dry cough, stitches in sides, exudation, chill and fever, thin blood streaked sputa, soreness under sternum.

ক্যাল্কেকার্ব্ব—যক্ষার আশঙ্কা থাকিলে ইহা অতি উৎকৃষ্ট ঔষধ। যুবতীগণের ঘন২ ও প্রচুর রজঃস্রাব অথবা এনক্রফুলা ধাতু বিশিষ্ট বালক, ক্ষীণ অস্থি বিশিষ্ট শিশু, উহার দন্তোদ্গম বিলম্ব, সহজে ঠাণ্ডা লাগা ধাতু, অল্প হজম ও পোষণ শক্তি প্রভৃতি অবস্থায় ইহা বিশেষ উপযোগী হয়। যক্ষা রোগ প্রকাশ পাইলে যদি দক্ষিণ ফুসফুসের উপর অর্দ্ধেকে বেদনা, সন্ধ্যাকালে ও রাত্রিতে অল্প২ শুষ্ক ও খকখকে কাশি, প্রাতঃকালে নিদ্রাভঙ্গে পূযবৎ গয়ার ওঠা, সন্ধ্যায়ও ঐরূপ গয়ার ওঠা, দিবাভাগে প্রচুর পীতবর্ণের দুর্গন্ধযুক্ত এবং কদাচ রক্তের ছিটযুক্ত গয়ার ওঠা, নাক দিয়া নিশ্বাস টানিবার কালে উচ্চশব্দ, দক্ষিণ নাসিকা দিয়া রক্তপাত, বালক ও যুবাদিগের শীঘ্র২ বাড় (ডাক্তার গ্রেগের মত) সহজে ঘর্ম্ম, অল্প পরিশ্রমে শ্রান্তি, উপরের সিঁড়ীতে উঠিতে হইলে দমবদ্ধ ও মাথা ঘোরা, ফেকাসে মুখ, মধ্যে২ মুখ লাল হওয়া, রাত্রিতে স্বপ্নদোষ অথবা বীর্য্যপাত, সময়ের পূর্ব্বে রজঃ প্রকাশ অথবা প্রচুর রক্তস্রাব কিম্বা রজোস্তম্ভ, সন্ধ্যাকালে

Calc carb.: short dry hacking cough at night, purulent sputa in morning, loud nasal breathing, bleeding from right nostril, fatigue on going upstairs nightly seminal emissions, early, profuse or suppressed menses, evening diarrhoea, damp cold feet, sputa sinks in water with a tail, hollow-eyes, emaciation, pains in upper chest, loss of appetite, constipation, weary of living.

উদরাময, সর্ব্বদা সেঁথসেঁথে ও শীতল পদ, গয়ার জলে ডুবিয়া যাওযা ও জলের ভিতর স্খলিত তারার মত সেই গয়ারের পুচ্ছ বাহির হওন, কোটরাগত চক্ষু, শীর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধ, অল্প পরিশ্রমে বুক ধড়ফড়ানি, বাঁচিতে শ্রান্তিবোধ, জিহ্বায় ঘন ও সাদা ময়লা সঞ্চয়, ইত্যাদি ইহার প্রযোগ লক্ষণ। ক্যাল্ক-আযোড এই রোগে বিশেষ উপযোগী হয়।

Carbo-veg.: nose-bleed in night, hard cough afterwards green or yellow purulent and offensive sputa, afternoon restlessness, flatulence, sour belching fistula in ano, hands hot, sweat on feet, night sweats, evening hoarseness, cold skin, cold kness in bed, weakness, pale face.

কার্ব্বো-ভেজ—রাত্রিতে নাসিকা হইতে রক্তস্রাব, কঠিন কাশি, কাশিতে২ সবুজ অথবা পীতবর্ণের পূঁযবৎ ও দুর্গন্ধ-যুক্ত গয়ার ওঠা, অপরাহ্নে অস্থিরতা, উপর পেটের ফাঁপ ও ও অম্ল উদ্গার ওঠা, ভগন্দর, হাতের তলা গরম, পদের তলায় ঘর্ম্ম, নৈশঘর্ম্ম, সন্ধ্যাকালে স্বরভঙ্গ, শীতল গাত্র, রাত্রিকালে শয্যায় শায়িত থাকিলেও শীতল জানু, অত্যন্ত দুর্ব্বলতা এবং ফেকাশে মুখ ইহার প্রযোগ লক্ষণ।

Causticum: dry cough, relieved by cold drink, involuntary urine, aphonia, morning hoarseness.

কষ্টিকাম—শুষ্ককাশি, শীতল স্থান হইতে গরম স্থানে যাইলেই কাশির বৃদ্ধি, কাশিতে২ অসাড়ে প্রস্রাব, ঠাণ্ডা জল প্রভৃতি পান করিলে কাশির উপশম, কখন২ সম্পূর্ণ স্বরভঙ্গ এবং প্রাতঃকালে স্বরভঙ্গ বা স্বরের কর্কশতা প্রভৃতি ইহার প্রযোগ লক্ষণ।

China: intermittent fever, sweat during sleep, weakness after haemoptysis, emissions, lactation, leucorrhoea and diarrhoea, weak voice, cough at night, worse after midnight, irritability.

চায়না—পর্য্যায়জ্বর, নিদ্রাবস্থায় প্রচুর ও রাত্রিতে প্রচুর ঘর্ম্ম, রক্ত ওঠা, বীর্য্যপাত, অত্যন্ত স্তন্যদান, প্রদর ও উদরাময়ের পররর্ত্তী অত্যন্ত দুর্ব্বলতা, ক্ষীণস্বর, রাত্রিতে কাশি, দুই প্রহর রাত্রির পর কাশির বৃদ্ধি অথবা কথা কহা, হাসা, খাওয়া ও পান করাতেও কাশির বৃদ্ধি, উত্তেজনা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Croccus: asthmatic or wheezy cough.

ক্রোকাস—হাঁপের মত সাইসাইবৎ কাশি, ফেণাযুক্ত গয়ার ওঠা, গয়ারে সূতার মত শক্ত পদার্থ থাকা, গ্রীষ্মকালে বৃদ্ধি, প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

ড্রসেরা—হুপিং কাশির মত আক্ষেপজনক কাশি, ২।৩ ঘণ্টান্তর কাশির প্রবল আক্রমণ, তৎপরে শ্লেষ্মা অথবা ভুক্ত পদার্থ বমন, রাত্রিতে এবং শয়নকালে কাশির বৃদ্ধি, কাশির পর প্রচুর ও দুর্গন্ধজনক গয়ার ওঠা, উদরাময়, শ্বাসরোধ, স্বরভঙ্গ, ফেরিংসের সর্দ্দি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। যক্ষ্মা ধাতু অথবা হুপিং কাশির পর যক্ষ্মা রোগে ইহা বিশেষ উপকার করে।

ডাল্কামারা—ঋতু পরিবর্ত্তনে ঠাণ্ডা লাগা, চিমসে ও ঈষৎ সবুজ বর্ণের গয়ার ওঠা, অল্পং কাশি, বক্ষের স্থানেং চিড়িক বেদনা, ও উদরাময় প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

ফেরাম-মেটালিকম্—বক্ষের স্থানে বেদনা, নাসা হইতে রক্তস্রাব, রক্ত ওঠা, পাকাশয় গহ্বর মধ্যে পূর্ণতা ও চাপ বোধ, ভুক্ত দ্রব্য বমন, ফেকাসে মুখগহ্বর, বেদনা শূন্য উদরাময়, জলবৎ ঋতু, ক্ষয়কারী জ্বর, অল্প উদ্বেগ বা পরিশ্রমে মুখ লালবর্ণ, অথবা নাক দিয়া রক্তপাত, অথবা কাশি, শ্বাসকষ্ট, রক্ত ওঠা, হৃদস্পন্দন, অল্পং বেড়াইলে অথবা আহারকালে লক্ষণের উপশম, রক্তহীনতা, পদশোথ, রাত্রিতে শুষ্ক কাশি কিন্তু প্রাতঃকালে প্রচুর ও পূযবৎ গয়ার ওঠা, টিউবারকুলার ধাতু প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

গুয়েকা—বক্ষে প্লুরিটিক বেদনা।

হেপার সালফার—এসক্রফুলা ধাতু, কোমল ও থলথলে মাংসযুক্ত ব্যক্তি, কুকুর ডাকার মত, সাঁইস সাঁইং ও দম আটকান কাশি, প্রাতঃকালের দিকে বৃদ্ধি, গাত্র খোলা থাকিলেই ঠাণ্ডা লাগিয়া অসুখ বৃদ্ধি, ঠাণ্ডা ও খোলা বাতাসে অসুখ বোধ, পরিশ্রমে ঘর্ম্ম ও ফেকাসে বর্ণ, হস্তের ও পদের তলদেশে জ্বালা, মনোমধ্যে বিষাদ, লেরিংস মধ্যে কুটকুটনি ও উত্তেজনা, প্রাতঃকালের দিকে বৃদ্ধি, স্বরভঙ্গ, রারিং রালস্ দূর হইতে শ্রবণ করা

Drosera: paroxysmal cough, ending in vomiting, worse at night, profuse disagreeable sputa, diarrhoea, suffocation hoarseness. pharyngial catarrh tubercular predisposition, phthisis after pertusis

Dulcamara: catching cold from any change of weather.

Ferr. Met.: Flying pains, nose bleed, blood spitting, stomach fullness, vomiting, pale mouth, painless diarrhoea, watery menses, hectic fever, easily flushed face, better on moving and while eating, anaemia, aedema of feet, dry cough at night, profuse and puslike sputa in morning.

Guaicum:

Heper Sulph: scrofula, barking wheezing and choking cough, worse morning, sensitive to cold, burning of palms & soles, depres-

যায), তাপাধিক্য, তরুণ যক্ষ্মা অথবা পুরাতন রোগে তরুণ আক্রমণ, নিউমোনিয়ার পরবর্ত্তী যক্ষ্মা ইত্যাদি ইহার প্রয়োগ লক্ষণ।

sion of spirits, scraping in larynx, hoarseness bubbling rales, high temperature acute phthithisis.

হায়োসায়েমাস—আক্ষেপজনক ও শুষ্ক, রাত্রিকালে ও শয়নকালে বৃদ্ধি, শিরঃপীড়া, শিরোঘূর্ণন, এবং হেঁচকি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। ৪০ বৎসরের উপর বয়স্ক বৃদ্ধদিগের পক্ষে ইহা বিশেষ উপযোগী হইয়া থাকে।

Hyoscy.: spasmodic dry cough worse at night, hiccough.

আয়োডিন—এসক্রফুলা, স্ফীতগ্রন্থি, সার্ব্বাঙ্গিক ক্ষীণতা, গলা শুড় শুড় করিয়া সর্ব্বদা কাশি, স্বল্প গয়ার ওঠা, ক্ষুধা সত্ত্বেও শীর্ণতা, প্রাতঃকালীন ঘর্ম্ম, সিঁড়ীতে উঠিলে হাঁপাইয়া পড়া, স্তনের শুষ্কতা, প্রচুর রজঃস্রাব ইত্যাদি ইহার প্রয়োগ লক্ষণ।

Iodine: scrofula, swollen glands, emaciation, tickling cough, transparent sputa, loss of flesh, morning sweat, dwindled breast, copious menses.

ইপিকাক—হাঁপানির মত শ্বাসবদ্ধকারী কাশি, মধ্যে২ শ্বাসকষ্ট বশতঃ নীলবর্ণ, বমনেচ্ছা, বমন, প্রচুর পরিমাণ সোনোরাস্ ও বাব্লিং র‍্যাল্স, রাত্রিতে ও সন্ধ্যায় লক্ষণগুলির বৃদ্ধি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Ipecac.: asthmatic, suffocative cough, cyanosis and bubbling rales, worse at night

কেলিকার্ব্ব—রগ্, চক্ষু, কর্ণ, দন্ত, কণ্ঠ, বক্ষ ও শরীরের নানা স্থানে চিড়িক বেদনা, আহারান্তে বমনেচ্ছা, মূর্চ্ছার ভাব ও নিদ্রা; দুই প্রহর বেলায় শীতবোধ, রাত্রিতে তাপ, অপরাহ্ণে ৫টা অথবা রাত্রি ৩টার সময় প্রবল কাশি; চক্ষুর উপরের পাতা ফোলা, সহজে ভয় পাওয়া, হঠাৎ পদে অল্প স্পর্শ করিলেই ভয়ে পা ছোড়া, স্তন্যদায়ী ধাত্রী, কাশিতে কাশিতে অথবা হক্‌হক্ করিতে গোলাকার ও শক্ত গয়ার (মটরের মত) মুখগহ্বর হইতে ছিট্‌কে পড়া, পায়ের তলায় ক্ষুদ্র ক্ষুদ্র ফোস্কা ওঠা ও তাহাতে অত্যন্ত চুলকনা, মস্তকের ও পায়ের তলায় অত্যন্ত জ্বালা, একটী গালে নির্দ্দিষ্ট স্থান ব্যাপিয়া লালবর্ণ, পাকাশয়িক বিকার বশতঃ উদ্গার ওঠা, উদ্গারে পচা ডিম্বের মত দুর্গন্ধ, বেলা ১০টার সময় ক্ষুধা ও মূর্চ্ছার ভাব, পদের গুল্ফ-

Kali-carb.: Stitching pain, after dinner nausea, faintishness, sleep, chilliness about noon, heat at night, cough worse about 5 p. m. or 3 a. m puffy upper eyelids, mucus expelled from mouth forcibly in white globular masses, during cough-

গুলির পশ্চাৎবর্ত্তী দড়ার উহাকে (টেণ্ডো একিলিস্ কহা যায়) কুঞ্চন; সর্ব্বশরীর মধ্যে বিশেষতঃ পেল্ভিস্ বা বস্তিকোটর মধ্যে কম্পন, প্রভৃতি লক্ষণে ৩য় শতমিক চূর্ণ বিশেষ উপযোগী হয়।

লেকেসিস—শুষ্ক, শুড়শুড়ে ও ক্রুপি কাশি, দিবাভাগে বৃদ্ধি, (কখন২ নিদ্রিতাবস্থায়ও কাশি বৃদ্ধি হয়) অতি কষ্টে কাশিতে কাশিতে অল্প গয়ার ওঠে, গলার ভিতর পুটুলি বোধ, কণ্ঠ স্পর্শ করিলে, মানসিক উত্তেজনায় এবং মদ্য পান করিলে কাশির বৃদ্ধি, দুর্গন্ধযুক্ত মল, রোগের শেষাবস্থায় মুখে ঘা, কখন২ স্বরভঙ্গ বা স্বরলোপ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

লিডাম—যক্ষ্মাকাশির সহিত পর্য্যায়ক্রমে বাতরোগ প্রকাশ পাইলে ইহা উপকার করে।

লাইকোপোডিয়াম—ভালরূপে নিউমোনিয়া রোগ চিকিৎসিত না হইলে, প্রচুর পরিমাণ পূযবৎ গয়ার উঠিলে, গয়ার লবণাক্ত হইলে, দিবারাত্রি কাশি হইলে, ক্ষয়কারি জ্বর হইলে, অপরাহ্ণ ৪টা হইতে রাত্রি ৮টা পর্য্যন্ত অসুখ বৃদ্ধি রাখিলে, গাত্রে বস্ত্রাদি না রাখিতে পারিলে, এবং নৈশ ঘর্ম্ম হইলে ইহা উপযোগী হয়।

মার্ক-সল—দক্ষিণ পার্শ্বে শয়ন করিতে অক্ষমতা, অথবা ঐ পার্শ্বে শয়ন করিলে লক্ষণের বৃদ্ধি, শরীরের স্থানে২ বেদনার বিস্তৃতি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

মার্টিস-কম—বামবক্ষে চিড়িক বেদনা, উপর হইতে বাম স্কাপুলা পর্য্যন্ত; নিশ্বাস লইলে, কাশিলে ও হাঁচি হাঁচিলে বেদনার বৃদ্ধি এবং রক্তওঠা ইহার প্রয়োগ লক্ষণ।

ing; burning on top of head and on soles, red spot on one cheek, eruption on soles with itching, foetid belching, contraction of heel cords, trembling through pelvic regions.

Lachesis: dry tickling croupy cough worse after or during sleep mostly during day, difficulty in raising sputa, sensitive larynx, offensive stools, sore mouth

Ledum: phthisis alternating with rheumatism.

Lycopod: neglected pneumonia, pus sputa, tasting salty, day night cough, hectic fever worse from 4 to 8 P M Cannot bear covering night sweats.

Merc. Sol.: inability to lie on right side, pains now here then there.

Myrtus com. stitches in left chest, worse from breathing &c blood spitting

Natr. Mur: dry mouth, catarrh of fauces, fluttering of heart.

নেট্রাম-মিউর—মুখের ভিতর অত্যন্ত শুষ্কতা, তালুর সর্দ্দি, হৃদকম্পন ও সমুদ্রতীরে বেড়াইলে বৃদ্ধি ইহার প্রয়োগ লক্ষণ।

Nit. Acid: syphilitic or mercurial cachexia, ulcer in mouth and throat, fœtid breath, offensive nightsweats, morning thirst, habitual looseness or constipation, fissure of anus.

নাইট্রিক-এসিড—রোগীর উপদংশ ও পারার ধাতু, মুখ ও কণ্ঠের ভিতর ক্ষত, দুর্গন্ধ নিশ্বাস, দুর্গন্ধযুক্ত নৈশ ঘর্ম্ম, প্রাতঃকালীন তৃষ্ণা, স্বাভাবিক উদরাময় অথবা কোষ্ঠবদ্ধ এবং মলদ্বারে ফাটা বা শোথ ইহার প্রয়োগ লক্ষণ।

Nux vom.: flatulence, heart burn, acid eructation, constipation, dry cough.

নক্সভমিকা—পেটফাপা, বুকজ্বালা, অম্ল উদ্গার, কোষ্ঠবদ্ধ ও শুষ্ককাশি, ষ্টার্ণাম অস্থির নিয়ে ক্ষতবোধ প্রভৃতি লক্ষণে ইহা ব্যবহার্য্য।

Phosphorous: short dry, tormenting night cough, headache, burning pain in chest, and pain in left chest, heat or burning between shoulders, evening chill, heat and sweat during sleep, next morning loose cough, puffiness around the eyes, alternate diarrhœa and constipation, stool and flatus very fœtid, dyspnoea, paleness prostration, emaciation, poor appetite, indigestion, pain-

ফসফরাস—যক্ষ্মারোগে ইহা সর্ব্বশ্রেষ্ঠ ঔষধ বলিয়া পরিগণিত হইয়াছে। অল্প ও শুষ্ক কাশি, দুই প্রহর রাত্রির পূর্ব্বে অত্যন্ত শুষ্ক ও টাইট হয়, আক্রান্ত দিকে শয়ন করিলে কাশির বৃদ্ধি হয়, কষ্টদায়ক কাশি, কথা কহিলে, হাসিলে, নড়িলে, আহারকালে কিম্বা ঠাণ্ডা বায়ু লাগিলে কাশির উত্তেজনা, কাশিবার কালে মস্তকবিদারণশীল বেদনা, বক্ষ ও লেবিংস মধ্যে জ্বালাকর বেদনা, বাম বক্ষে বেদনা, দুই স্কন্ধের মধ্যবর্ত্তী পৃষ্ঠদেশে তাপ ও জ্বালা, সন্ধ্যাকালে শীত, তৎপরে নিদ্রাবস্থায় তাপ ও ঘর্ম্ম, পর দিন প্রাতঃকাল পর্য্যন্ত এইরূপ অবস্থা থাকা, প্রাতঃকালে তরল গয়ার ওঠা, চক্ষুর চতুস্পার্শ্বে ফোলা, পর্য্যায়ক্রমে উদরাময় ও কোষ্ঠবদ্ধ, মলে ও বায়ু নিঃসরণে অত্যন্ত দুর্গন্ধ, শ্বাসকষ্ট, ফেকাসে আকৃতি, দুর্ব্বলতা, শীর্ণতা, ক্ষুধামান্দ্য, অজীর্ণ, বেদনাশূন্য ভেদ, সন্ধ্যাকালে কর্কশস্বর, কখনং স্বরলোপ, ক্ষুদ্র ও

দ্রুতগতি নাড়ী, নিদ্রাকালে নৈশ ঘর্ম্ম, সর্ব্বপ্রকার গয়ার ওঠা, প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। এই ঔষধ যক্ষারোগের সকল অবস্থায় ব্যবহৃত হইয়া থাকে। পাতলা ও সুন্দর ব্যক্তি ক্রোধ-পরায়ণ স্বভাব, শিশু ও বালিকার পক্ষে উপযোগী হইয়া থাকে।

less diarrhoea, evening hoarseness, small quick pulse, night sweats during sleep, hoemoptysis, rust colored sputa.

ফসফারিক এসিড্—যুবা ব্যক্তিগণ শীঘ্র২ বাড়িলে ইহা উপযোগী হয়।

Phosp. Acid:

সোরিনাম—শরীর হইতে যাহা ২ বাহির হয় তৎসমুদায়ে অত্যন্ত দুর্গন্ধ হইলে ও খোসপাচড়া হঠাৎ বন্ধ হইলে ইহা ব্যবহৃত হয়।

Psorin.: offensive smelling of secretions and excretions, after suppressed itch.

পালসেটিলা—উদরাময়, চর্ব্বি ও ঘৃত পক্ক সামগ্রীতে অরুচি, প্রবল অজীর্ণ, দিবাভাগে সরস কিন্তু রাত্রিতে শুষ্ক কাশি, গরমে কাশির বৃদ্ধি, ঠাণ্ডা বায়ুতে, শীতল পানীয়ে, মস্তক উত্তোলন করিয়া রাখিলে এবং বেড়াইলে উপশম, লবণাক্ত গয়ার, স্বল্প ও বিলম্বে রজঃ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Pulsatilla: diarrhoea, dislike to fatty food, dyspepsia, moist cough by day, dry at night, cough aggravated by warmth, saltish sputa, scanty and delayed menses.

রুমেক্স—শুষ্ক ও শ্রান্তিদায়ক কাশি, কাশির দীর্ঘস্থায়ী আক্ষেপ; শীতল বাতাসে, কথা কহিলে এবং লেরিংস চাপিলে কাশি বৃদ্ধি, ট্রেকিয়াতে ক্ষত, বেদনা ও কষ্টকর শুড়্‌শুড়ি বোধ, সর্দ্দিতে স্বরভঙ্গ, শয়ন করিলে বৃদ্ধি, বাম বক্ষে রোগের আক্রমণ, বর্ণের ও জলবৎ উদরাময়, প্রত্যূষে বৃদ্ধি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Rumex: dry fatiguing cough, sore trachea tickling, hoarseness, left chest affected, brown watery diarrhoea in the early morning.

স্যাম্বুকাস—জাগ্রতাবস্থায় কেবল প্রচুর ঘর্ম্ম, কিন্তু নিদ্রাবস্থায় ত্বক্ শুষ্ক ও উত্তপ্ত থাকে।

Sambucus: profuse sweats while awake.

স্যাঙ্গুয়িনেরিয়া—যক্ষার অঙ্কুরাবস্থা, শুষ্ককণ্ঠ, নিশ্বাস ও গয়ারে এরূপ দুর্গন্ধ যে রোগী আপনি তিষ্টিতে পারে না। তরল কাশি হইলে ও গয়ার তুলিতে কষ্ট, বক্ষে বেদনা, শীতল হস্ত ও নীলবর্ণ নখ, শ্বাসকষ্ট, দক্ষিণ বক্ষে বেদনা, উপদংশ সংক্রান্ত

Sanguinaria: incipient phthisis, dry throat, bad smell in breath and sputa, loose cough, difficult expectoration, cold hands, blue nails,

dyspnoea, pain in right chest, phthisis in syphilitics, loose stools, belching before and after cough, after cough heat, after heat gaping and stretching, night sweats, pain in lower part of left chest extending up to shoulder.

Sepia : stitching or darting pain through the centre of right lung, dry cough in evening free in morning, foetid sputa, cough better in lying down, loose cough-sounds but no sputa.

Silicea : foetid pus, formation of cavity, night sweats, paleness

Spongia : dry larynx, hoarseness, aphonia, dyspnea, hoarse hollow wheezing, dry cough, crowing, chillness in back not removed by heat.

Stannum : 1st mucous then yellow and sweet sputa, forcible expulsion of

রোগীর মুখের স্থানে লালবর্ণ, শয়ন করিলে কাশির বৃদ্ধি, তরল ভেদ ; সন্ধ্যাকালে আলস্য, কাশির পূর্ব্বে ও পরে উদ্গার ওঠা, কাশির পর তাপবোধ, এবং তাপের পর মুখব্যাদন ও গামোড়া, নৈশঘর্ম্ম, বামবক্ষের নিম্নাংশে বেদনা এবং এই বেদনার স্কন্ধ পর্য্যন্ত বিস্তৃতি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

সিপিয়া—দক্ষিণ ফুসফুসের মধ্যস্থলে চিড়িক ও বিদ্ধকর বেদনা, সন্ধ্যাকালে শুষ্ককাশি, প্রাতঃকালে প্রচুর গয়ার, অথবা রাত্রিতে গয়ার ওঠা কিন্তু দিবাভাগে কিছুই না ওঠা, গয়ারে অত্যন্ত দুর্গন্ধ, শয়ন করিলে কাশির উপশম, কাশির সরস শব্দ, কিন্তু গয়ার ওঠে না, অথবা অতি কষ্টে গয়ার উঠিয়া থাকে।

সাইলিসিয়া—প্রচুর পরিমাণে দুর্গন্ধযুক্ত ও পূযের মত গয়ার ওঠা, ফুসফুসে গহ্বর নির্ম্মাণ, প্রচুর নৈশ ঘর্ম্ম, ফেকাসে আকৃতি প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

স্পঞ্জিয়া—লেরিংসের শুষ্কতা, স্বরভঙ্গ, স্বরলোপ, হঠাৎ স্বরবদ্ধ, গ্লটিসের আক্ষেপ, শ্বাসকষ্ট ; কর্কশ, ফাঁপা, সাঁইসাঁইবৎ ও শুষ্ক কাশি, উত্তাপবৃদ্ধি, কাশিতে কাক ডাকার মত শব্দ, পরিশ্রম হইলেই বক্ষের ভিতর দুর্ব্বলতা, পৃষ্ঠে শীত বোধ তাপ দিলেও সে শীত যায় না, সন্ধ্যা হইতে দুই প্রহর পর্য্যন্ত কাশির বৃদ্ধি, মাথা নিচু করিয়া পান করিলেই শ্বাসকষ্ট প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

ষ্টাণাম—প্রথমাবস্থায় প্রচুর শ্লেষ্মা ওঠা, তৎপরে প্রচুর, পীতবর্ণ অথবা সবুজ এবং মিষ্টাস্বাদবিশিষ্ট গয়ার ওঠা.

তৎসঙ্গে কাশিতে২ সজোরে ছোট শ্লেষ্মার গুলি বহির্গমন, তরল কাশি, অত্যন্ত দুর্ব্বলতা, পদে কম জোর, ২।৩টী কথা কহিলেই শ্রান্তিবোধ ও হাঁপ, বক্ষের ভিতর শূন্যবোধ, আহারান্তে পেট ফুলিয়া ওঠা, হস্ত ও পদ শীতল, অথবা গরম, রাত্রিতে ও প্রাতঃকালে প্রচুর ঘর্ম্ম, বেলা ১০টার সময় শীতবোধ ইত্যাদি ইহার প্রয়োগ লক্ষণ।

smalls balls, loose cough, exhaustion, weakness of legs, short breath empty feeling in chest, bloating of stomach after eating, hands and feet cold, else burning hot, profuse morning and night sweat, chill at 10a.m.

সালফার—বাম ফুসফুসের উপরিভাগে বেদনা, এই বেদনার পৃষ্ঠ পর্য্যন্ত গতি, গরম বোধ বশতঃ লেপের ভিতর হইতে পা বাহির করিয়া রাখা, প্রধানতঃ শুষ্ক কাশি তথাপি মধ্যে২ পুযবৎ গয়ার ওঠা, হৃদস্পন্দন, প্রচুর নৈশঘর্ম্ম, অতি প্রত্যুষে উদরাময়, ক্ষুধা না থাকা, অথচ আহারের পূর্ব্বে মূর্চ্ছার ভাব বা দুর্ব্বলতা বোধ, শীর্ণতা ও দুর্ব্বলতা, শ্বাসকষ্ট, প্রবল, প্রচুর ও ঘন২ রজঃস্রাব, দীর্ঘস্থায়ী রোগ, একবার উপশম একবার বৃদ্ধি ঘন২ ও অল্প২ রক্তওঠা, বিষাদিত ও লিম্ফাটিক ধাতু, শিরায় রক্তাধিক্য ও অর্শের ধাতু, এসক্রফুলার স্ফোট, স্ফোটক, ছোট ফোড়া ও বীচি ফোলা, কণ্ঠের ভিতর শুষ্কতা ও জ্বালা, প্রশ্বাসে অত্যন্ত গরম বোধ, ইত্যাদি ইহার প্রয়োগ লক্ষণ।

Sulphur: soreness in upper part of left lung, going through to back, putting legs out of the bed-clothes, cough dry, now and then purulent sputa, palpitation, profuse night sweats, diarrhoea early in morning, no appetite, emaciation debility, dyspnoea leucorrhoea, profuse and frequent menses, lingering cases improving and relapsing, frequent slight blood spitting, melancholy and *lymphatic* temperament subject to venous plethora, and piles, scrofulla abscess boils, glandula swelling.

Sulphur-ac.: **সালফ্যুরিক এসিড**—বাম বক্ষের ঊর্দ্ধাংশে চিড়িক বেদনা।

Tarantula. **ট্যারাণ্টুলা-কিউবেন্সিস**—মরিবার কালে শরীর সুস্থ রাখিতে ইহা অপেক্ষা দ্বিতীয় নাই।

Adjuvants• sipping various kinds of water, try to suppress the cough Inhalation of remedies, medicines as morphine in extreme cases. For night sweats . hot bath, oxide of zinc internally, hypodermic injection of atropin-sulph. Picrotoxin internally For Hoemoptysis · cool room; less noise cold food and drink, simple and nourishing diet, sucking ice, tinct hammamelis internally. Appropiate diet for diarrhoea and constipation Poultice for pleuritic pains. For bedsores: bathe with alcohol or protect with glycerine when threatening, water or air bed.

অন্যান্য উপায় দ্বারা চিকিৎসা—মধ্যে২ গ্লিসিরিন্ মিশ্রিত জল পান, বার্লি-জল পান, গঁদভিজান জলপান, ভাতধোত জল পান, আইস্‌ল্যাণ্ড-মস্-চা পান প্রভৃতির দ্বারা অনেক সময় কাশির লাঘব হইয়া থাকে।

সহ্য করিয়া অনেক সময় কাশি দমন করিয়া রাখিতে পারিলে কাশি কম হয়। আয়োডিন্, ক্রিয়োজোট, কার্ব্বলিক-এসিড্ প্রভৃতি ঔষধের ধূমপান করিতে পারিলে প্রশ্বাস ও গয়েরের দুর্গন্ধ দূর হইয়া থাকে। একোনাইট, হায়োসায়েমাস্, বেলেডনা, ইপিকাক্, ব্রায়োনিয়া, ফস্‌ফরাস ও টার প্রভৃতির ধূম দ্বারাও উপকার হয়। যদি কণ্ঠ বড়ই শুষ্ক হয় তবে ধূম আঘ্রাণের পূর্ব্বে অল্প গ্লিসিরিন্ পান করা ভাল। ধূম বা ঔষধ আঘ্রাণ করিবার জন্য অনেক যন্ত্র (ইন্‌হেলার) বাহির হইয়াছে। উহাদের মধ্যে ঔষধ রক্ষা করিয়া প্রত্যহ দুইবার ৫ হইতে ১৫ মিনিট পর্য্যন্ত আঘ্রাণ করান যায়। বেন্‌জয়েন্ অথবা কয়েক বিন্দু সাল্‌ফ্যুরিক ইথার আঘ্রাণ করিলে উপকার হয়। ক্লোরোফর্ম্ম আঘ্রাণ দ্বারা কাশির উপশম হইলেও সাবধানে ব্যবহার করিতে হয়। রোগীর আর বাঁচিবার সম্ভাবনা না থাকিলে অথচ কাশি অত্যন্ত কষ্টকর হইলে বেলেডনা, কোনায়াম্, হায়োসায়েমাস্, হাইড্রোসিয়ানিক এসিড অথবা মর্ফিয়া সম্ভব মত অধিক মাত্রায় আঘ্রাণ বা সেবন করাইতে হয়। এক গ্রেণের $\frac{1}{২৪}$ হইতে $\frac{1}{৪}$ ভাগ পর্য্যন্ত মর্ফিয়া কোনরূপ টুলির ভিতর পুরিয়া সেবন করাইবে। এইরূপ সেবনে যদি কিছু অনিষ্টকর লক্ষণ সম্ভাবনা থাকে তবে মর্ফিয়া ঔষধের এক গ্রেণের $\frac{1}{৪}$ ও এট্রোপিয়ার এক গ্রেণের $\frac{1}{৬৪}$ অংশ

মিশ্রিত করিয়া খাওয়াইতে হইবে। নৈশ ঘর্ম্ম নিবারণার্থে বিবিধ উপায় অবলম্বন করা যাইতে পারে যথাঃ—গরম জলে স্নান করান আবশ্যক। অথবা ভিনিগার বা শির্কায় মিশ্রিত জল দ্বারা গাত্র স্পঞ্জ করা যাইতে পাবে; কিম্বা এসিটিক্ অথবা সাল্ফুরিক-এসিড তৎসঙ্গে ইউডিকলোন্ ও জল মিশ্রিত করিয়া সেই জলে কয়েক রাত্রি স্পঞ্জ দ্বাবা গাত্র ধৌত ও মার্জ্জনা করিলে নৈশ ঘর্ম্ম নিবারণ কবা যায়। প্রত্যহই শয়নকালে ২ হইতে ৪ গ্রেণ জিঙ্ক-অকসাইড সেবন কবাইলে বিশেষ উপকার দর্শে। এক গ্রেণেব ১/২০০ হইতে ১/১০০ অংশ এট্রোপি-সাল্ফ ত্বকেব নিম্নে পিচকারী করিলে, অথবা ঐ ঔষধেব এক গ্রেণেব ১/৬০ অংশ সেবন করিলে কিম্বা ২য দশমিক ক্রম মাস্কেবিন ৫ ফোটা সেবন করিলে বিশেষ উপকাব হইয়া থাকে। এক গ্রেণ পিক্রোটক্সিন ঔষধেব ১/৫০ অংশ শযনকালে সেবন কবিলে হোমিযোপ্যাথি মতে অতি উৎকৃষ্ট ব্যবস্থা হইযা থাকে। বাত্রিকালে কেবল দুগ্ধপান অথবা অন্যরূপ লঘু আহাব কবিলেও ঘর্ম্মেব উপকাব হইযা থাকে।

Various medicines when bed sore actualty for meed, remove presure from sores by means of air or down cushion.

বক্তস্রাব জন্যও বিবিধ উপায় অবলম্বন কবা যাইতে পারে যথাঃ—বোগীকে শীতল গৃহে বক্ষা করিয়া সম্পূর্ণভাবে স্থিব থাকিতে বলিবে; এমন কি তাহাকে কথা কহিতে বাবণ করিবে এবং যতদূর পাবা যায কাশি চাপিযা বাখিতে কহিবে। আহার ও পানীয় পদার্থ শীতল কবিয়া খাইতে দিবে। রোগী ও তাহাব বন্ধুবর্গকে ধৈর্য্য ধরিতে কহিবে এবং রক্ত উঠিয়া প্রায়ই মৃত্যু ঘটে না এরূপ আশ্বাস দিবে। লঘু ও পুষ্টিকর আহাব ব্যবস্থা করিবে। কোন প্রকার সুরা সেবন ব্যবস্থা দিবে না। অল্প২ বরফ সেবন ব্যবস্থা দিতে পারা যায় কিন্তু বক্ষের উপব ঠুলি করিয়া বরফ প্রয়োগ নিষেধ করিবে। ঘণ্টায়২ অথবা অর্দ্ধ ঘণ্টান্তর কিম্বা পনের মিনিট অন্তর রক্তস্রাবের পরিমাণানুসারে ২।৩ বিন্দু হ্যামে-মেলিস্ মূল অরিষ্ট সেবন করিতে কহিবে।

উপযুক্ত আহার দ্বারা কোষ্ঠবদ্ধ ও উদরাময় দূর করিবে। সেঁক বা পুল্‌টিস্‌ দ্বারা প্লুরিটিক বেদনা দূর করিবে। ভিজা বা শুষ্ক সেঁক দ্বারা অন্ত্রের বেদনা দূর করিবে, রোগের শেষাবস্থায় অন্ত্র বেদনায় অস্থির হইলে মর্ফাইন ব্যবস্থা না করিলে যন্ত্রণা দেখা যায় না। রোগের শেষাবস্থায় প্রায়ই শয্যাক্ষত হইয়া থাকে। যে সময় আশঙ্কা থাকে, অথবা ত্বক্‌ লালবর্ণ হইয়া উঠিলেই সেই স্থানে সুরাবীর্য্য অথবা কোলোডিয়াম্‌ মাখাইয়া দিবে এবং রোগীকে জল বা বায়ু পূর্ণ গদিতে শয়ন করাইবে। শয্যাক্ষত হইয়া পড়িলে ক্যালেণ্ডুলা ঘটিত জল বা মলম, ভেসে-লিন্‌, কার্ব্বলিক এসিড্‌, শোষক তুলা বা ওকাম্‌ দ্বারা ড্রেস করিবে অর্থাৎ ঢাকিয়া রাখিবে। কোনরূপ চটচটে প্লাস্টার দ্বারাও ক্ষত ঢাকিয়া রাখা যায়। ক্ষত স্থানের ঊর্দ্ধে ও নিম্নে বায়ুর গদি দিয়া ক্ষত স্থানের চাপ দূর করিবে।

CONGESTION OF THE LUNGS.

ফুসফুসের রক্তাধিক্য।

অপরনাম—ইহাকে ফুসফুসের হাইপারিমিয়া বা ফুস ফুসের রক্তাধিক্য কহা যায়।

Synonym:

পরিচয়—ফুসফুসের বায়ু কোষের কেপিলারি গুলি অস্বাভাবিক ভাবে রক্তপূর্ণ হয়। রক্ত সঞ্চালন প্রক্রিয়া দ্রুতবাহী হইলে উহাকে একটিভ হাইপারিমিয়া বা রক্তাধিক্য কহে; এবং কোন কারণ বশতঃ কেপিলারী গুলি বাধা প্রাপ্ত হইয়া তন্মধ্যস্থিত শোণিত বাহির হইতে না পারিলে উহাকে প্যাসিভ্ বা পরোক্ষভাবে রক্তাধিক্য বা হাইপারিমিয়া কহা যায়।

Definition: abnormal fullness in capillaries. (1) Active hyperaemia due to accelarated circulation. (2) passive hyperaemia due to impeded out flow of blood from the capillaries

তরুণ বা প্রবল রক্তাধিক্যের কারণ—১। যে রূপে হউকনা কেন হৃদপিণ্ডের অতিরিক্ত ক্রিয়া। ২। দক্ষিণ ভেণ্টি্রকেলের বৃদ্ধি। ৩। শীতল অথবা উষ্ণ বায়ু ক্রমাগত আঘ্রাণ। ৪। অত্যন্ত শারীরিক পরিশ্রম। ৫। অতিরিক্ত মদ্য পান। ৬। মানসিক উত্তেজনা। ৭। বিবিধ ফুসফুস সম্বন্ধীয় রোগ যদ্দ্বারা আক্রান্ত স্থলের কৈশিকা নাড়ী রক্ত সঞ্চালন ক্রিয়ার ব্যতিক্রম বশতঃ ফুসফুসের সুস্থ স্থানে রক্ত সঞ্চয়। ৮। প্রাদাহিক ফুসফুস রোগ স্থলে রক্তাধিক্য একটী প্রধান লক্ষণ হয়। ৯। নিশ্বাসে ফুসফুস মধ্যে ভূবায়ু প্রবেশ করিতে নাপারিলে ফুসফুস মধ্যস্থিত বায়ু ও পাতলা বিস্তৃত হয় সুতরাং কৈশিকা গুলির উপর চাপ দিতে পারেনা একারণ কৈশিকা রক্তপূর্ণ হইয়া পড়ে।

Causes: Active congestion: 1. increased cardiac action. 2 Hypertrophy of right ventricle. 3 Inhalation of cold air. 4 Bodily exertion. 5. Alcoholic excess. 6. Mental excitement. 7. Pulmonary affections. 8. Inflammatory pulmonary affections. 9. Inspiratory obstruction to air.

যান্ত্রিক বা মিকানিকাল রক্তাধিক্য—১। মাইট্রাল ভাল্ব দুটীর রোগ বশতঃ বাম্ ভেণ্টি্রকেলের শোণিত বাহির হইতে না পারা, তৎসঙ্গে বাম ভেণ্টি্রকেলের দুর্ব্বলতা ও প্রসারণ।—২। কখনং কোন প্রকার অর্ব্বুদ পাল্মোনারী শিরার উপর চাপ দিলেও ঐরূপ অবস্থা হইয়া থাকে।

Mechanical congestion: interference of blood flow through left ventricle &c.

Passive Congestion: 1. Dilated heart. 2. Valvular disease. 3. Low fevers. 4. Brights disease.

প্যাসিভ্ রক্তাধিক্যের কারণ:—১। হৃৎপিণ্ডের প্রসারণ, ২। ভল্‌ভিউলার রোগ, ৩। বৃদ্ধ ও দুর্ব্বলকায় ব্যক্তিগণের দুর্ব্বলকর জ্বর (এইরূপ অবস্থায় রক্তাধিক্য হইলে উহাকে হাইপোষ্টাটিক কঞ্জেশ্চন্ কহে); ৪। ব্রাইট্‌স্ রোগ।

Pathology: lungs bloated, dark red, vessels distended, tissue-succulent and relaxed, alveoli greatly swollen.

নিদানতত্ত্ব—রক্তপূর্ণ ফুস্‌ফুস ফুলিয়া ওঠে, কালাটে লাল বর্ণ ধারণ করে, ফুসফুসের রক্তবাহী নাড়ীগুলি অত্যন্ত ফুলিয়া ওঠে, ফুসফুস তন্তু সরস ও শিথিল হয়; ব্রংকাই মধ্যে রক্ত ও ফেনা মিশ্রিত পদার্থ দৃষ্ট হয় এবং ফুসফুস-এলভিয়োলাইগুলি এরূপ ফুলিয়া ওঠে যে উহাদের কৌষিক আকার আর দৃষ্ট হয় না। রক্তপূর্ণ নাড়ীগুলি ছিঁড়িয়া বা কাটিয়া দিলে সজোরে রক্ত বাহির হইয়া থাকে।

Symptoms: Active congestion: oppression, dyspnoea, flushed face, strong full pulse; congested eyes; short dry cough; scanty frothy and blood streaked expectoration.

তরুণ রক্তাধিক্যের লক্ষণ—শীঘ্র২ বক্ষে চাপ বোধ, কষ্টকর শ্বাস প্রশ্বাস, আরক্ত মুখমণ্ডল, সবল ও পূর্ণ নাড়ী; রগ দপদপানি; আরক্তচক্ষু; অল্প২ ও শুষ্ককাশি; তৎপরে অল্প২ ও শুষ্ককাশি; তৎপরে অল্প২ ও ফেনাযুক্ত গয়ার ওঠা প্রভৃতি লক্ষণ প্রকাশ ও রক্তের ছিট মিশ্রিত পাইযা থাকে।

Sympts of passive congestion: dyspnoea; blue surface, continuous hacking cough; scanty blood streaked sputa.

পরোক্ষ বা প্যাসিভ্ রক্তাধিক্যের লক্ষণঃ—শ্বাসকষ্ট, সর্ব্বাঙ্গ নীল বর্ণ, সর্ব্বদা খক খকে কাশি, এবং তৎপরে অল্প২ ও রক্তের ছিটযুক্ত গয়ার ওঠা ইহার লক্ষণ।

Percussion: deficiency in resonance, but tympanitic in quality.

আঘাত করণ—বক্ষে ঠোকর মারিলে ফুসফুসের স্বাভাবিক স্বর বিশিষ্ট ফাঁপা আওয়াজ অর্থাৎ রেজোনান্ট শব্দ পাওয়া যায়না অথবা ঠোকরের টিম্পানিক বা ঢেপ ঢেপে শব্দ বাহির হইয়া থাকে। রক্তাধিক্যের অবস্থায় প্রকৃত কোন ভৌতিক চিহ্ন ভাল করিয়া প্রকাশিত হয় না। ইডিমা বা শোথ এবং রক্ত ওঠা থাকিলে তবে প্রকৃত ভৌতিক চিহ্ন গুলি প্রকাশ পাইয়া থাকে।

আকর্ণন—বক্ষে ষ্টেথোসকোপ্ রক্ষা করিয়া পরীক্ষা করিলে স্বাভাবিক শ্বাস প্রশ্বাস শব্দ হ্রাস ভাব এবং সাব্ক্রিপিট্যান্ট শব্দ শুনিতে পাওয়া যায়। Auscultation: diminished vesicular murmur with subcrepitant rales.

স্থিতিকাল—তরুণ ও প্রবল রক্তাধিক্য ৩ হইতে ৫ দিবস অবস্থিতি করিয়া অবশেষে কমিয়া যায় অথবা রক্ত ওঠে কিম্বা কথনং নিউমোনিয়া বা ফুসফুস প্রদাহ রোগে পরিণত হইয়া থাকে। প্যাসিভ্ বা পরোক্ষ রক্তাধিক্য ধীরেং প্রকাশিত হয় এবং উহার মূল কারণের অবস্থিতি অনুসারে বর্ত্তমান থাকে। Duration of active congestion: from 3 to 5 days terminating by resolution, hæmorrhage, or rarely pneumonia.

চিকিৎসা—ফুসফুসে রক্তাধিক্য হইলে—একোনাইট্ আর্ণিকা, বেলেডনা, মেলিফোলিয়াম্, নক্স, টিলিয়াম, ও ভেরেট্রাম-ভিরিডি লক্ষণানুসারে ব্যবস্থা করিতে হয়। Treatment: of acute congestion.

প্যাসিভ্ রক্তাধিক্যের জন্য—আর্সেনিক, ডিজিটেলিস্, হেমেমেলিস, ইরিজিরিন্ এবং ইপিকাক্ ব্যবস্থা হইয়া থাকে। Passive congestion.

মিকানিক্যাল রক্তাধিক্যের জন্য—ক্যাক্টাস, ডিজেটেলিস্, লিডাম্ ও আর্সেনিক উপযোগী হইয়া থাকে। Mechanical congestion.

HÆMORRHAGES OF THE LUNGS.

ফুস ফুস হইতে রক্তস্রাব।

৯১ পৃষ্ঠায় হিমপ্টিসিস্ নাম দিয়া শ্বাস পথ মাত্রেরই মধ্য হইতে সাধারণ রক্ত ওঠার বিবরণ পুস্তকের সেই অংশে বিশেষ দ্রষ্টব্য। এস্থলে ফুসফুসে রক্তাধিক্য হইলে রক্ত প্রায়ই উঠিয়া থাকে বলিয়া উহার পুনর্ব্বার উল্লেখ হইল। ৯১ পৃষ্ঠায় রক্ত ওঠা সম্বন্ধে যে যে বিষয় লিখিত হয় নাই একণে সেই সকল বিষয় কেবল লিখিত হইতেছে। See Page 91 about the chapter on hæmoptysis.

Varieties of haemorrhage:

ফুসফুস হইতে রক্ত ওঠার অবস্থাকে বিবিধ শ্রেণীভুক্ত করা যাইতে পাবে যথাঃ—

1. Diffuse: vessel of some size give way lung tissue being lacerated, irregular cavity being formed, containing fluid and clotted blood, pleura may ruptured.

১। ডিফিউজ বা বিস্তৃত ভাবে রক্ত স্রাব— ইহাতে এই বুঝায় যে ফুসফুসেব কোন একটি বড় রক্ত বাহী নাড়ী বিদীর্ণ হয়া ফুস্‌ফুসেব অনেক স্থান ব্যাপিয়া রক্ত সঞ্চয় হইয়া থাকে, কিন্তু বিশেষ পরীক্ষা দ্বারা ইহা স্থির হইয়াছে যে, ফুস্‌ফুসেব বড়২ রক্তবাহী নাড়ী কদাচ বিদীর্ণ হইয়া থাকে। কিন্তু ফুস্‌ফুসের তন্তু প্রায়ই বিদীর্ণ হয় এবং উহার ফলস্বরূপ বিদীর্ণ স্থলে এক অসমান গহ্বর প্রস্তুত হয যথায় বিবিধ পরিমাণে চাপ২ ও তরল শোণিত সঞ্চয় হইযা থাকে। প্লুরাও কখন কখন বিদীর্ণ হয সুতরাং প্লুরা মধ্যেও রক্ত সঞ্চয় হইতে পারে।

Haemorrhagic infarction or pulmonary apoplexy: limited, nodular, and firm, central haemorrhagic infarction is larger than the superficial ones which are pyramidal containing coagulated blood (blackish,) seat of infraction:—interior of lower lobe, and vicinity of the root of lower lung, no rupture as in diffuse; capillaries simply pour blood in alveoli and finest bronchioles. The central vessel of pul-

২। অল্পস্থানব্যাপী রক্তস্রাব—ইহাকে হেমারেজিক্ ইন্‌ফার্কসন অথবা পাল্‌মোনারী এপোপ্লেক্সি কহা যায়। ফুস্‌ফুসের অতি অল্প স্থানে এইরূপ রক্তস্রাব হয়। রক্তস্রাবের সুতরাং রক্তসঞ্চিত স্থান নডুলার বা গুটির মত উচ্চ ও স্পর্শে কঠিন বোধ হইযা থাকে। ফুস্‌ফুসেব নানা স্থানে এইরূপ রক্তস্রাবেব অবস্থা দৃষ্ট হইতে পারে। ফুস্‌ফুসেব মধ্যে যে রক্তস্রাবী প্রদেশ দৃষ্ট হয় উহা ফুস্‌ফুসের উপরি ভাগের রক্তস্রাবী প্রদেশ অপেক্ষা বড়। ফুস্‌ফুসের উপরিভাগেব ইন্‌থার্কসন ছোট২ পিরামিড বা মন্দিরেব মত, উহাদের তলদেশ বাহ্যদিকে ফুস্‌ফুসের গাত্র হইতেও কিছু বাহির হইয়া থাকে। এরূপ অবস্থা দেখিতে ঠিক লবিউলার-নিউমোনিযার মত। এই ইন্‌ফার্কসন গুটি কাটিলে কালাটে লালবর্ণ ও অল্প দানাদার দেখায় এবং উহার মধ্যে রক্ত চাপ দৃষ্ট হইয়া থাকে। ঐ রক্ত চাপ তুলিয়া লইলে তবে বিকৃত ফুসফুস তন্তু দৃষ্ট হইয়া থাকে। ঐরূপ ইনফার্কসন গুটি এক সময়ে প্রায়ই ফুস্‌ফুসের অনেক স্থানে দৃষ্ট হইয়া থাকে। ফুসফুসেব নিম্ন লোব বা খণ্ডের মধ্যস্থলে অথবা ফুসফুসের

মূল দেশের নিকট উহারা প্রধানতঃ প্রকাশ পাইয়া থাকে। ইনফার্কসন্ গুটিতে ফুসফুস তন্তু বিদীর্ণ হয় না তবে পাল্মোনারী নামক রক্তবাহীনাড়ীগুলি ফুসফুসের এল্‌ভিয়োলাই বা বায়ু-কোষ; এবং ক্ষুদ্রতম ব্রংকিয়াল নলী গুলি মধ্যে রক্ত ঢালিয়া দিয়া থাকে সুতরাং সেই সেই প্রদেশে রক্ত সঞ্চয় হইয়া থাকে। থ্রোম্বোসিস্ ও এম্বোলিজম্ এই দুই প্যাথলজিক্যাল্ অস্বাভাবিক অবস্থা বুঝিতে পারিলে তবে হেমারেজিক ইন্‌ফার্কসন অবস্থা বুঝা গিয়া থাকে। হেমারেজিক্ ইন্‌ফার্কসন্ মধ্যস্থিত প্রধান রক্তবাহী নাড়ীর ভিতর একটী ক্ষুদ্র রক্তচাপ দৃষ্ট হয়। ঐ রক্ত চাপকে এম্বোলাস্ কহে। ঐ এম্বোলাস্ বশতঃ আংশিক বা সম্পূর্ণ ভাবে রক্তবাহীনাড়ী বন্ধ হয় বলিয়া উহার ভিতর দিয়া রক্ত সঞ্চালন হইতে পারেনা, সুতরাং উহার কেপিলারী গুলি হইতে রক্ত চোঁয়াইয়া এম্বোলাসের চতুস্পার্শস্থ ফুসফুস তন্তুতে রক্ত সঞ্চিত হইয়া থাকে। শিরার রক্ত স্রোত হইতে রক্ত চাপ (ইহাকে থ্রোম্বোসিস্ কহে) অথবা উহার খণ্ড হৃৎপিণ্ডের দক্ষিণ দিকদিয়া ফুসফুসের ভিতর উহার পাল্মোনারী ধমনীর কোন শাখা প্রশাখার বিভক্ত প্রদেশে আটকাইয়া যায়। তখন ঐ রক্ত চাপকে এম্বোলাস্ কহে।

ফুসফুস মধ্যে ঐরূপ হেমারেজিক্ বা এপোপ্লেক্‌টিক রক্তচাপ অবশেষে সম্পূর্ণরূপ বিদূরিত হইয়া সুস্থাবস্থা উপস্থিত হয়। অনেকস্থলে একটী কালবর্ণের বড়ীর মত অবস্থা রহিয়া যায়। কখনং উহার তাড়সে নিউমোনিয়া হয় অথবা উহার স্থানে স্ফোটক উৎপন্ন হয় কিম্বা উহা কেজিয়াস্ বা ক্যাল্কেরিয়াস্ অপ-কৃষ্টতা প্রাপ্ত হইয়া একটী পুটলির মত অবস্থিতি করিয়া থাকে।

monary appoplexy becomes blocked partially or wholly, by a clot (embolus) carried thence through the venous circulation, as a rule, from disintegrating thrombus. Embolus may be absorbed, may set up pneumonia or abscess, or may turn in to a pigmented knot or may undergo caseous or calcareous degeneration and becomes encapsuled.

এতদ্ব্যতীত, (৩) ইন্টার লবিউলার ও (৪) পেটিকিয়াল রক্ত স্রাব হইয়া থাকে। উহাদের বর্ণনা নিষ্প্রয়োজন।

Interlobular and Petechial haemorrhage of minor importance

ক্ষুদ্রং ব্রংকাই হইতেও রক্তস্রাব হইয়া থাকে।

Causes of bronchial haemorrhage: bronchitis, whooping cough, pneumonia, tuberculosis, exanthemata, inhalation of irritant gases, excessive heat and cold, severe strain and bodily exertion, suppression of menstrual or haemorrhoidal flow, heart disease, scorbutus, scarlatina, typhus, typhoid and variola.

ক্ষুদ্রতম বংকাই হইতে রক্তস্রাবের কারণঃ— যে যে কারণে ব্রংকাই গুলির শ্লৈষ্মিক ঝিল্লীতে তরুণ বা পরোক্ষ ভাবে রক্তাধিক্য হয়, সেই সেই কারণ হইতে রক্তস্রাব হইতে পারে যথাঃ—ব্রংকাইটিস, হুপিংকাশি, নিউমোনিয়া, টিউবার্কেল বা গুটি সঞ্চয়, তরুণ একজান্থেমেটা রোগ, উত্তেজক গ্যাস আঘ্রাণ, অত্যন্ত তাপ বা শৈত্য, অত্যন্ত শারীরিক পরিশ্রম, ঋতু বন্ধ, রক্তস্রাবী অর্শ বন্ধ, হৃদরোগ, স্কার্ভি, আরক্ত জ্বর, মোহ জ্বর, এবং বসন্তরোগ ইত্যাদি।

Causes of Haemorrhagic infarction: organic heart disease (right side), emphesema, atrophy of lungs, thrombosis.

হেমারেজিক ইন্‌ফার্কসনের কারণ—দক্ষিণ দিকের অর্গানিক হৃদরোগ, পাল্মোনারী এম্ফিশিমা, বৃদ্ধ অথবা যৌবন কালের ফুসফুসের এট্রোফি বা শুষ্কতা, এবং শারীরিক দূরস্থিত শিরার থ্রোম্বোসিস্ বা রক্ত চাপ।

Causes of pulmonary apoplexy: injuries (gunshot and penetrating wounds), contusions and concussions of thorax, rarely endocardites, aneurism, cancer, absces and gangrene.

পাল্মোনারী এপোপ্লেক্সির কারণ—বড় ধমনীর বিদারণ (বন্দুকের গুলি লাগিয়া অথবা তীক্ষ্ণ অস্ত্রদ্বারা বক্ষ বিদ্ধ হইলে অথবা বক্ষে প্রবলতর আঘাত লাগিলে ঐরূপ ফুসফুস স্থিত বড় ধমনী শাখার বিদারণ হয়)। এণ্ডোকার্ডাইটিস্, পাল্মোনারী ধমনীর গাত্রের এনিউরিজম্, ক্যান্সার, থাইসিস, স্ফোটক ও গ্যাংগ্রিণ প্রভৃতি কারণে বড়২ ধমনী বিদারিত হয়।

Physical signs: moist rales, dulness, weakened or absent respiratory murmur, bronchial

ভৌতিক চিহ্ন—ফুস ফুসের অল্পস্থানে রক্তস্রাব হইলে এবং সেই স্থানের উপর ষ্টেথোস্কোপ দ্বারা শ্রবণ করিলে সরস রাল্‌স শ্রবণ করা যায়। ফুস ফুসের অধিক স্থান ব্যাপিয়া রক্তস্রাব হইলে তথায় ঠোকরদ্বারা ডাল্ শব্দ শ্রুত হয়, এবং ষ্টেথোস্কোপ্ দ্বারা সহজ শ্বাস প্রশ্বাসের দুর্ব্বলগতি অথবা অভাব এবং তৎপরিবর্ত্তে প্রচুর পরিমাণ সরস রাল্‌স শ্রবণ করা গিয়া থাকে। যে পর্য্যন্ত না রক্ত ভিতরে জমাট বাঁধে অথবা শোষণ হইয়া যায় তদবধি ঐরূপ সরস রাল্‌স শ্রুত হইয়া থাকে।

এংপায়েমেক্টিক-নডিউল বা রক্তস্রাব জনিত গুটি গুলি বড়২ হইলে উহার স্থানে উপরোক্ত ভৌতিক চিহ্ন ও ব্রংকিয়াল্ শ্বাস প্রশ্বাস এবং স্বর শব্দের আধিক্য হইয়া থাকে। কারণ, শ্বাসনলীর নিকটবর্ত্তী স্থানে রক্তস্রাব হইয়া থাকে।

breathing, augmented vocal sounds.

রক্ত ওঠা বা রক্তস্রাবের চিকিৎসা—৯১ পৃষ্ঠায় হিমপ্টিসিস্ বা রক্তোৎকাশ অধ্যায়ে রক্ত ওঠার যাবতীয় ঔষধ ও উহার প্রযোগ লক্ষণ লিখিত হইয়াছে। এস্থলে যে সকল ঔষধ পূর্ব্বে লিখিত হয় নাই কেবল উহাদের বর্ণনা করা যাইতেছে।

Treatment : See page 91.

ক্রোকাস্—কাল বর্ণের ও সুতারমত লম্বা ভাবে রক্ত উঠিলে ইহা উপযোগী হয়।

Crocus. blood dark and stringy.

ডিজিটেলিস্—ঋতুর পূর্ব্বে রক্ত ওঠা, তৎসঙ্গে বক্ষে পৃষ্ঠে ও উরুদেশে বেদনা, হৃদরোগ ও টিউবার্কুলোসিস্ অর্থাৎ ফুসফুসে গুটি সঞ্চয় বশতঃ ফুসফুস মধ্যে রক্ত সঞ্চালনের বাধা, মস্তকের শিরায় রক্তাধিক্য, ফেকাসে আকৃতি, শীতল গাত্র, শীতল ঘর্ম্ম, অসমান নাড়ী, হৃদস্পন্দন, শ্বাসকষ্ট, উদ্বেগ, অস্থিরতা এবং মূর্চ্ছা সম্ভাবনা প্রভৃতি ইহার প্রযোগ লক্ষণ।

Digitalis : hæmoptysis before menses with pain in chest, back and thighs, bleeding from obstruction of pulmonary circulation from heart disease and tuberculosis, engorged veins of head, pale face, cold skin and sweat, irregular pulse, palpitation dyspnoea, fainting.

ইরিজিরিন্—প্যাসিভ্ রক্তস্রাব ও কাল২ রক্তেরচাপ ইহার প্রযোগ লক্ষণ।

Erigerin : passive haemorrhage, dark coagula.

গ্যালিক্-এসিড্—পুরাতন ও কিছুতেই যায়না এরূপ রক্তস্রাবে ইহা ফলপ্রদ হয়।

Gallic-acid : chronic and stubborn cases.

আয়োডিন্—যক্ষ্মা রোগীর বিরক্তকর ও গলা শুড়২ করিয়া কাশি ও রক্তওঠা, হৃদস্পন্দন, কম্পন ও শীতল হস্ত পদ ইহার প্রয়োগ লক্ষণ।

Iodine : tickling cough palpitation, trembling, cold extremities

নাইট্রিক্-এসিড্—ডাক্তার গুসন্ ইহার বিশেষ পক্ষপাতী।

Nitric-acid :

এসিড্-ফস্—যে সকল যুবা ব্যক্তি শীঘ্র২ বাড়ে তাহাদের যক্ষ্মা, উদরাময়, ও পেটের ভিতর গড়গড় শব্দ প্রভৃতি লক্ষণ থাকিলে ইহার ব্যবহার হয়।

Acid phos : fast growing youths.

Haemoptysis in suppressed menses.
After suppression of habitually bleeding piles.

ঋতু বন্ধ বশতঃ রক্ত উঠিলেঃ—ফস্. বেল., মেলিফো, ফস্-সিনিসিয়ো, ও সাল্‌ফার দ্রষ্টব্য।

রক্তস্রাবী অর্শ হইতে রক্তস্রাব বন্ধ হওয়া প্রযুক্ত রক্ত উঠিলে একোনাইট, নক্সভমিকা ও সাল্‌ফার ব্যবহার্য্য।

Definition · effusion of serum upon the free surface of the lung, with dyspnoea, cough and frothy blood streaked expectoration, oedema may be confined to larger portions
Pathology of Acute oedema: lungs injected, tense leaving no dent on pressure, when cut bloody serum contains much albumen, air driven out by the serum, lung tissue easily torn
It resembles serous pneumonia,
Morbid anatomy of chronic oedema · lungs pale and tough, dent on pressure, serum pale, yellowish, thin and contains little albumen, it fills air cells

ŒDEMA OF THE LUNGS.

ফুসফুস শোথ।

পরিচয়—ফুসফুসের উপর গাত্রে অর্থাৎ ফুসফুসের ভেসিকেল বা বায়ুকোষ মধ্যে সিরাম্ বা রক্ত রস সঞ্চয়, তৎসঙ্গে শ্বাস কষ্ট, কাশি এবং ফেনাযুক্ত ও অল্প রক্ত মিশ্রিত গয়ার ওঠা থাকিলে উহাকে ফুসফুসের শোথ রোগ বলা যায়।

এই রোগে ক্ষুদ্রতম ব্রংকিয়াল নলীগুলির মধ্যেও সিরাম সঞ্চিত হইয়া থাকে। ইহাকে দুই ভাগে বিভক্ত করা যায়:--১। একিউট ইডিমা বা তরুণ ও প্রবল শোথ। ২। ক্রনিক্ ইডিমা বা পুরাতন শোথ রোগ। কখন২ এই ইডিমা কেবল ফুসফুসের অল্প স্থানে প্রকাশ পাইতে দেখা যায়, কখন আবার সমস্ত ফুসফুস মধ্যে ইহা বিস্তৃত হইয়া পড়ে। তরুণ শোথ রোগে ফুসফুস প্রবলভাবে রক্ত পূর্ণ ও টাইট হয়, চাপিলে উহাতে দাগ বসে না; কাটিলে উহা হইতে রক্তের মত সিরাম বাহির হয; ঐ সিরামে প্রচুর পরিমাণে এল্‌বুমেন থাকে। সিরামের সহিত সমস্ত বায়ু বাহির হইয়া যায় সুতরাং ফুসফুস তন্তু সহজে ছিন্ন হইয়া থাকে। নিউমোনিয়া রোগের সহিত এই সমস্ত অবস্থার সাদৃশ্য আছে বলিয়া তরুণ ইডিমা রোগকে সিরাস্-নিউমোনিয়া কহে।

পুরাতন শোথ অবস্থায় ফুসফুস ফেকাসে ও চিমসে হয়; টিপিলে ফুসফুসে দাগ পড়ে, ফুসফুস কাটিলে যে সিরাম বাহির

হয় উহা পাতলা, ফেকাসে ও ঈষৎ পীতবর্ণ এবং উহাতে অল্প এলবুমেন থাকে। বায়ুকোষ ও ক্ষুদ্রতম ব্রংকাইগুলি এরূপ সিরাম দ্বারা পূর্ণ থাকে। ফুসফুস সিরাম দ্বারা উদরীর মত ফুলিয়া ভারি হয় এবং উহার যেং স্থান সিরাম্ দ্বারা পূর্ণ থাকে তথায় আদৌ বায়ু থাকে না।

and finest bronchioles, lung heavy and puffed contains no air as far as serous infiltration.

তরুণ শোথের কারণ—যে কোন কারণে হউক না কেন হাইপিরিমিয়া বা ফুসফুস মধ্যে তরুণ রক্তাধিক্য হইলেই একিউট-ইডিমা অর্থাৎ তরুণ ফুসফুস শোথ হইবেই হইবে। নিম্ন লিখিত কারণে ফুসফুসে রক্তাধিক্য হইয়া থাকে যথা ঃ— ১। যৌবনের প্রথম প্রারম্ভ, রিপুর উত্তেজনা, শারীরিক পরিশ্রম ও অধিক পরিমাণ উত্তেজক ও মাদক পদার্থ সেবন প্রভৃতি কারণে হৃদপিণ্ডের ক্রিয়ার আধিক্য হয় এবং হৃদপিণ্ডের ক্রিয়ার আধিক্য হইলেই ফুস্ফুসে রক্তাধিক্য হইয়া থাকে। ২। শীতল বায়ু অথবা গরম ও উত্তেজক পদার্থের আঘ্রাণ জনিত ফুস্ফুসে রক্তাধিক্য হইয়া থাকে। ৩। প্লুরিটিক এফিউজন্ বা প্লুরার মধ্যে রস সঞ্চয়, নিউমোনিয়া বা ফুসফুস প্রদাহ অথবা ফুসফুস মধ্যে টিউবার্কেল বা গুটিকা সঞ্চয় হেতু ফুস্ফুসের আক্রান্ত স্থানে সুচারুরূপে রক্ত সঞ্চালন হয় না সুতরাং সেই সেই স্থানে রক্তাধিক্য হইয়া থাকে।

Causes of Acute œdema: 1 Increased action of heart (puberty, passions, exertion, stimulants) 2 Direct irritations (inhaling cold air, or hot irritating substances) 3 Obstruction of a free circulation in some portion of lungs: (pleuritic effusion, pneumonic or tubercular infiltration)

পুরাতন শোথের কারণ—১। হৃদরোগ বিশেষতঃ মাইট্রাল ভাল্‌বদিগের রোগবশতঃ বাম দিগের অরিকিউলো-ভেন্টি্রকিউলার ছিদ্র উত্তমরূপ বন্ধ না হইলে ফুস্ফুসে রক্ত অনেক ক্ষণ দাঁড়াইয়া থাকে অর্থাৎ উহা হইতে শীঘ্রং বাহির হইয়া যাইতে পারে না সুতরাং ফুস্ফুসে ধীরেং রক্ত জমিয়া থাকে। ২। টাইফয়েড্, পিউরপিরাল প্রভৃতি যাবতীয় তরুণ ও প্রবল রোগ হেতু হৃদপিণ্ডের ক্রিয়া অত্যন্ত দুর্ব্বল হইলে, অথবা হৃদপিণ্ডের

Causes of Chronic œdema: 1. Stagnation of blood in lungs due to mitral insufficiency weakened action of heart from asthenic fevers (typhoid, puerperal) Fatty degene-

ration of heart and myocarditis.

মেদাপকৃষ্টতা হইলে কিম্বা মায়ো-কার্ডাইটিস রোগ হইলে পুরাতন ভাবে ফুস্‌ফুসে শোথ হইয়া থাকে।

Symptoms of oedema: great difficulty and extreme rapidity of breathing, great oppression, great anxiety, rapid and tumultuous cardiac action throbbing carotids and temporals, fullness of the head and headache, flushed face congested eyes, constant spasmodic cough with tough frothy mucus streaked with blood Effusion preventing air in the air cells cause Cyanosis, feeble pulse cold surface shallow and hurried breathing, suppressed cough, stupor and coma.

ফুসফুস শোথের লক্ষণঃ—শীঘ্র২ ফুস্‌ফুসে রক্তাধিক্য হইলে অত্যন্ত কষ্টকর ও শীঘ্র২ শ্বাস প্রশ্বাস হয়; তৎসঙ্গে বক্ষে চাপ বোধ, অত্যন্ত মানসিক উদ্বেগ, দ্রুত ও কম্পনশীল হৃৎপিণ্ডের ক্রিয়া, কেরোটিড্ ও টেম্পোরাল্ ধমনীর দপদপানি; মস্তক ভার ও শিরঃপীড়া, আরক্ত মুখমণ্ডল ও আরক্ত চক্ষু; সর্ব্বদা ও অল্প২ কাশি, এবং চিমসে ফেণাযুক্ত ও রক্তের ছিটযুক্ত শ্লেষ্মা গয়ার রূপে উঠিয়া থাকে।

বায়ুকোষ মধ্যে সিরাম সঞ্চয় বশতঃ ফুস্‌ফুস্ মধ্যে বায়ু প্রবেশ করিতে না পারিলে শীঘ্র২ সায়েনোসিস্ অর্থাৎ নীলবর্ণ উপস্থিত হয়; নাড়ী দুর্ব্বল ও ক্ষীণ হইয়া পড়ে, গাত্র শীতল হয়; শ্বাস প্রশ্বাস ভাস২ ও দ্রুত হয়, কাশি চাপিয়া যায়, অস্থিরতার স্থানে তন্দ্রা উপস্থিত হয় এবং শীঘ্র২ কোমা বা অচৈতন্যতা উপস্থিত হইয়া থাকে।

উপরোক্ত যাবতীয় লক্ষণের মধ্যে এই কয়েকটী লক্ষণ বিশেষ স্মরণ রাখিতে হইবে যথাঃ—

১। শ্বাসকষ্ট—ইহা প্রায়ই এরূপ বৃদ্ধি পায় যে রোগী কখন বসিয়া, কখন দাঁড়াইয়া এবং কখন কোঁযাইয়া নিশ্বাস লইতে চেষ্টা করে।

২। আক্ষেপিক কাশি—এরূপ কাশিতে ফেনিল ও রক্ত ছিট বা রক্তরস মিশ্রিত গয়ার উঠিয়া থাকে।

৩। সায়েনোটিক লক্ষণ—রক্ত সঞ্চালন ক্রিয়ার রোধ বশতঃ মুখ প্রভৃতি নীলবর্ণ হয়, অবশেষে শ্বাস বদ্ধ হয় সুতরাং রক্তে কার্ব্বনের আধিক্য হইয়া থাকে।

৪। অবসন্নতা—রোগী দুর্ব্বল হয়, গাল ফেকাসে ও নীল বর্ণ যুক্ত হইয়া পড়ে এবং উহার শ্বাসরোধে মৃত্যু ঘটিয়া থাকে।

ভৌতিকচিহ্ন—বক্ষ দর্শন ও স্পর্শন করিলে রোগী নিশ্বাস লইবার বিশেষ চেষ্টা করিলেও বক্ষ প্রাচীরের শ্বাস গতির হ্রাস দৃষ্ট ও অনুভূত হইয়া থাকে। ষ্টেথোসকোপ্ দ্বারা শ্রবণ করিলে র‍্যাটলিং বাব্লিং ও ক্রিপিটিশন শ্রবণ করা যায়। ফুসফুস একবারে বায়ু শূন্য হইলে বক্ষে ঠোকর মারিলে ডাল্ ও টিম্পানিক আওয়াজ বাহির হইয়া থাকে।

Physical signs; inspection and palpation: diminished respiratory movements. Ausculation: rattling, bubbling, crepitation. Percussion: dull and tympanitic when there is no air in the lungs.

ভাবীফল—সময়ে চিকিৎসা না হইলে প্রায় মৃত্যু ঘটে।

Prognosis: mostly unfavourable.

চিকিৎসা—তরুণ শোথ রোগে একোনাইট, নক্স-ভমিকা, সিলা, সাল্‌ফার, ও টার্টার-এমেটিক্ ব্যবস্থা হয়।

Treatment: Aco, Nux, Scilla, Sulph, antimo-tart in acute oedema.

এমোন্‌কার্ব্ব—তন্দ্রা ও কার্ব্বনিক-এসিড্ দ্বারা রক্ত বিষাক্ততা ইহার প্রয়োগ লক্ষণ।

Ammon-carb: somnolence, carbonic acid poisoning.

আর্সেনিক—অত্যন্ত উদ্বেগ, অস্থিরতা, এবং দুই প্রহর রাত্রিতে অথবা ঐ সময়ের পরেই অসুখের বৃদ্ধি ইহার প্রয়োগ লক্ষণ।

Arsenic: anxiety, restlessness, worse at midnight.

কার্ব্বো-ভেজ—কোলাপ্‌স অর্থাৎ অবসন্নাবস্থায় ব্যবস্থেয়।

Carbo-veg: collapse.

চায়না—কোনরূপ স্রাব হেতু দুর্ব্বলতা উপস্থিত হইলে ব্যবস্থা করা যায়।

China: after debilitating losses.

ইপিকাক্—আক্ষেপিক কাশি, বমনেচ্ছা, গলার ঘড়২ শব্দ।

Ipecac: Spasmodic cough, nausea, rattling.

কেলি-হাইড্রিয়োডিকাম্—সাবানের গুঁড়ার মত গয়ার ওঠা।

Kali hydr: sputa like soap-sud.

লেকেসিস্—শ্বাস বদ্ধকারী হাঁপকষ্ট, নিদ্রার পর বৃদ্ধি কাল বর্ণের প্রস্রাব, অন্ত্র হইতে দুর্গন্ধযুক্ত স্রাব হয়।

Laches.: Suffocating fits worse after sleep, black urine, offensive stools.

ফসফারাস্—দুই প্রহর রাত্রির পূর্ব্বে বৃদ্ধি এবং বক্ষে টাইট্ বোধ।

Phosp.:

টার্টার-এমেটিক—উচ্চশব্দ বিশিষ্ট ঘড়ঘড়ানি, বক্ষে শ্লেষ্মা পূর্ণাবস্থা অথচ গয়ার তুলিতে না পারা ইহার প্রয়োগ লক্ষণ।

Tart-emet: Large bubbling rattling

chest full of phlegm inability to raise it. other Remedies may be consulted.

এতদ্ব্যতীত, অরম, বেল্, ক্যাকটাস্, সিমিসি, জেল্স, গ্লন্, সাঙ্গ, স্পঞ্জ, ও ভেরেট্রাম-ভিরি লক্ষণানুসারে ব্যবহার করা যাইতে পারে।

PULMONARY GANGRENE.

ফুসফুসের গ্যাংগ্রিণ্ বা বিগলন।

Definition: Mortification and putrefaction of lung tissue.

পরিচয়—কোন মৃত জন্তুর তন্তু যেরূপ বায়ু শৈত্য ও তাপের সহযোগে বিগলিত হয়, অথবা পচিয়া যায়, ফুসফুস তন্তু মধ্যেও বিবিধ রোগ বশতঃ ঐরূপ অবস্থা ঘটিয়া থাকে।

Varieties: 1. Circumscribed. 2 Diffuse.

ফুসফুস গ্যাংগ্রিণ দুই প্রকারঃ—১। সীমাবদ্ধ বা অল্প স্থান ব্যাপী, ২। বহুস্থান ব্যাপী। প্রথম প্রকার ২য় প্রকারে পরিণত হইতে পারে।

Pathological-anatomy in the circumscribed the lower lobes and superficial portions are affected, gangrenous portion becomes moist, softened, bluish green and extremely foetid, or may have a greenish-black core, with broken-down tissue around; and irritating liquid escaping on pressure. Products escape & leave a cavity, no haemorrhage takes place within g an-

নৈদানিক-পরিবর্ত্তন—সীমাবদ্ধ গ্যাংগ্রিণ প্রায়ই একটী বড় সুপারীর মত স্থান অধিকার করে, কিন্তু ইহা দ্বারা লোবের বিস্তৃত অংশ অধিকৃত হইয়াও থাকে। ফুসফুসের নিম্ন লোবে বা খণ্ডে এবং উপর গাত্রে সাধারণতঃ সীমাবদ্ধ গ্যাংগ্রিণ হয়। ঐস্থান শীঘ্র সরস, কোমল, ঈষৎনীল ও সবুজ বর্ণ মিশ্রিত এবং অত্যন্ত দুর্গন্ধ যুক্ত হইয়া পড়ে; অথবা উহার মধ্যে ঈষৎ সবুজ ও কাল বর্ণের পদার্থ দৃষ্ট হয় এবং চতুর্দ্দিকের ফুস ফুস তন্তু ভঙ্গপ্রবণ হইয়া থাকে। ঐস্থান টিপিলে উগ্র তরল রস বাহির হয়। ব্রংকাস্ মধ্য হইতে উহার রস বাহির হইয়া গেলে কর্কশ, অসমান ও শ্লাফ্ যুক্ত গহ্বর দৃষ্ট হয়; এবং গহ্বরের চতুস্পার্শ প্রদাহিত হইয়া থাকে। গ্যাংগ্রিণ্ যুক্ত স্থানে রক্তবাহী নাড়ী থাকিলেও উহা হইতে রক্ত স্রাব হয় না; কারণ, উহার রক্ত জমাট বাঁধিয়া থাকে।

গ্যাংগ্রিণ গহ্বর কখনং প্লুরার গহ্বরের সহিত সংযুক্ত হয়, অথবা তদুপরি সাব্‌কিউটেনিয়াস্ সেলুলার তন্তুতেও যোগ রাখিয়া থাকে। কদাচ গ্যাংগ্রিণ্ যুক্ত স্থানের চতুস্পার্শে এক সূত্রবৎ তন্তু নির্ম্মিত থালী প্রস্তুত হয়, উহার ভিতর হইতে শ্লাফ্ ও পচা পদার্থ ব্রংকাস্ দ্বারা বহির্গত হয়, গহ্বর হইতে সহজ পূঁয বাহির হইতে থাকে এবং ক্রমে গহ্বর বন্ধ হইয়া যায়। grenous cavity may communicate with pleural cavity or with subcutaneous cellular tissue, or it may be encapsuled and ultimately close up.

বহুস্থানব্যাপী গ্যাংগ্রিনের সহিত ফুস্‌ফুস্ রক্তপূর্ণ, প্রদাহিত অথবা শোথযুক্ত হইয়া থাকে। ইহাতে সমস্ত লোব্ বা খণ্ড অথবা উহার বহু অংশ আক্রান্ত হইয়া থাকে। ইহা দ্বারাও ফুস্‌ফুস্ তন্তু কোমল হইয়া থাকে; উহার বর্ণ ঈষৎ সবুজ, ঈষৎ কটা ও কাল হইয়া থাকে; এবং উহা হইতে ময়লাটে ঈষৎ ধূসর ও কালবর্ণ মিশ্রিত রস ও দুর্গন্ধযুক্ত স্লাফ্ বা পচানি বাহির হইয়া থাকে। Diffuse portion is also softened, of a greenish or black color, saturated with dirty greyish black liquid, or with moist putrid slough.

কারণ—ব্যাক্‌টিরিয়া বা ক্ষুদ্র কীটানু দ্বারা ফুস্‌ফুস গ্যাংগ্রিন্ উৎপন্ন হইলেও নিম্নলিখিত কতিপয় কারণে ইহা প্রকাশ পাইয়া থাকে যথা :— Causes : besides Bacteria

১। একিউট অথবা ক্রনিক্ নিউমোনিয়া, থাইসিস্, ক্যান্সার, হাইডেটিড্ অথবা ব্রংকিয়াল্ ডাইলেটেসন বা প্রসারণ। ২। এক বা ততোধিক পোষণকারী রক্তবাহী নাড়ীর ভিতর এম্বলাস্ বা রক্তচাপ নির্ম্মাণ। ৩। দুর্ব্বলকর জ্বর, পূঁয শোষণ জ্বর, গ্ল্যাণ্ডার্স অথবা বিষাক্ত জন্তুর দ্বারা শারীরিক বিষাক্ততা। ৪। অনাহার, অস্বাস্থ্য, অথবা রোগ প্রযুক্ত অত্যন্ত দুর্ব্বলতা। ৫। ক্রনিক্ ডিমেন্‌সিয়া বা পুরাতনভাবে মস্তিষ্কের কোমলত্ব, মদাতঙ্ক, এবং মৃগী প্রভৃতি স্নায়বিক রোগে ফুস্‌ফুস্ গ্যাংগ্রিন উৎপন্ন হইতে পারে। ৬। পচা স্ফোট, বাহিরের পদার্থ শ্বাসপথের

1 Pneumonia phthisis, cancer, hydatids or bronchial dilatation.
2 Obstruction of vessels by embolus.
3 Blood poisoning from low fevers; pyaemia, septicimea, glanders, biting of venomous animals
4 Extreme exhaustion from want of bad hygiene, or disease.
5 Nervous diseases as dementia, softening of brain, alcoholism and epilepsy.
6. decomposing foreign

bodies, injuries.

ভিতর দিয়া ফুস্‌ফুসে অবস্থিতি ও পচন, এবং গুলির আঘাত বশতঃ পচন।

Symptoms: faetid smell after cough, gangrenous expectoration subsequently becomes frothy, partly liquid partly muco-purulent often dirty, blackish color, contains more or less blood. General symptoms being extreme depression, adynamia, collapse typhoid symptoms If sputa swallowed then severe diarrhoea, tympanits, abscess, hectic fever & death

লক্ষণঃ—ফুসফুসে গ্যাংগ্রিন হইলে প্রশ্বাসে অত্যন্ত দুর্গন্ধযুক্ত এক প্রকার বিশেষ গন্ধ বাহির হয়। কাশির পর এই দুর্গন্ধ বিশেষ বাহির হইয়া থাকে। গয়ারে গ্যাংগ্রিনাস্ পদার্থ উঠিয়া থাকে, তন্মধ্যে কদাচ ফুস্‌ফুস্ তন্তুও দৃষ্ট হয়। প্রথমে কয়েক দিবস হইতে প্রশ্বাসে দুর্গন্ধ বাহির হইয়া পরে দুর্গন্ধযুক্ত গয়ার উঠিতে পারে। এ স্থলে ইহা স্মরণ রাখা কর্ত্তব্য যে, কোন পুরাতন ব্রংকাইটিস্ রোগে এবং ব্রংকাই-প্রসারণ ও যক্ষ্মার গহ্বর বশতঃ গয়ারে অত্যন্ত দুর্গন্ধ বাহির হইতে পারে। গ্যাংগ্রিনের গয়ার পরে দুর্গন্ধ ও ফেনাযুক্ত হয়; আংশিক তরল ও আংশিক শ্লেষ্মা ও পূঁয মিশ্রিত অবস্থা প্রাপ্ত হয়; এবং প্রায়ই ময়লাটে, ঈষৎ কটা অথবা ঈষৎ কাল হইয়া থাকে। উহাতে গ্যাংগ্রিন ঘটিত পদার্থ, চর্ব্বিকণা, এবং স্থিতিস্থাপক সূত্র দৃষ্ট হইয়া থাকে। গয়ারে প্রায়ই রক্তের ছিট্ থাকে, এবং কখন কখন রক্ত উঠিয়া মৃত্যু ঘটিতেও পারে। গয়ার ধরিয়া রাখিলে অনেক থাক্ হয়। এতদ্ব্যতীত, সাধারণ লক্ষণ যথাঃ—অত্যন্ত অবসন্নতা, হৃৎপিণ্ডের দুর্ব্বলতা, হিমাঙ্গাবস্থা, এবং তৎসঙ্গে টাইফয়েড্ লক্ষণ উপস্থিত হইলে শীঘ্রং মৃত্যু ঘটে। যদি গ্যাংগ্রিনাস্ পদার্থ গলাধঃকরণ হয়, তবে প্রবল উদরাময় হয় ও পেট ফুলিয়া যায়। এম্বোলাই রক্তস্রোতে চলিয়া গিয়া ঐ স্থানে স্ফোটক উৎপন্ন করিতে পারে। এই রোগে ক্ষয়কারী (হেক্‌টিক) জ্বর হইয়া বিলম্বে মৃত্যু ঘটিতে পারে। অতি কদাচ এই রোগ ভাল হয়।

Physical signs, indistinct breathing, with moist rales, when cir-

ভৌতিক লক্ষণ—প্রথমতঃ অস্পষ্ট শ্বাস প্রশ্বাস ও তৎসঙ্গে সরস রাল্‌স্ শ্রুত হয়; তৎপরে গ্যাংগ্রিন্ সীমাবদ্ধ হইলে গহ্বর ও তন্মধ্যস্থিত তরল পদার্থের চিহ্ন প্রকাশিত হইয়া

থাকে। এতদ্ব্যতীত, বহুস্থানব্যাপী ব্রংকাইটিস্ অথবা প্লুরিষির চিহ্নগুলিও প্রকাশ পাইয়া থাকে।

cumscribed then signs of cavity elicted.

ভাবী ফল—সীমাবদ্ধ গ্যাংগ্রিন আরোগ্য হইতে পারে কিন্তু বিস্তৃত গ্যাংগ্রিন্ প্রায়ই মারাত্মক হইয়া থাকে।

Prognosis: grave.

চিকিৎসা—গরম জলে স্পিরিট্ টার্পেন্টাইন ফেলিয়া আঘ্রাণ করিলে উপকার হয়। কণ্ডিজ-ফ্লুয়িড্ জল মিশাইয়া কুল্লি করিবার ব্যবস্থা আছে। রোগীকে পুষ্টিকর আহার ও উত্তেজক সুরা ব্যবস্থা করা উচিত। ফেনিক্ এসিড, সাল্ফো-কার্ব্বনেট্স, সাল্ফাইটস, ক্লোরাইড অব্ লাইম ও সোডা, ক্লোরেট্ অব্ পটাস. এবং হাইপোক্লোরাইটস প্রভৃতি দুর্গন্ধনাশক ও বিষনাশক পদার্থ সেবন ব্যবস্থাও আছে।

Treatment: Various kinds of inhalations; internal use of several antiseptics and homoeopathic drugs.

হোমিওপ্যাথি মতে কার্ব্ব-ভেজ, আর্সেনিক, ল্যাকেসিস্, ক্রিয়োজোট্, সিকেলি, সাইলিসিয়া, ক্যাম্ফর, চায়না এবং কার্ব্বলিক-এসিড লক্ষণানুসারে ব্যবস্থা করিতে হয়।

EMPHESEMA.

এম্ফিসিমা।

এম্ফিসিমা রোগে বায়ুকোষ বিস্তৃত হইয়া থাকে। একটী বায়ুকোষ পরস্পরের প্রাচীর ছেদ করত একত্রিত ও বিস্তৃত হইয়া থাকে। এরূপ অবস্থাকে ভেসিকিউলার এম্ফিসিমা কহে। ফুসফুসের এক একটী ক্ষুদ্রতম বায়ুকোষ এক একটী বড় মটরের মত ফুলিতে পারে।

আবার, ইণ্টার লবিউলার অথবা সাব্প্লুরাল্ কৌষিক তন্তু মধ্যে ভূবায়ু প্রবেশ করিয়া উহাদিগকে স্ফীত করিলে ঐ অবস্থাকে ইণ্টার-লবিউলার এম্ফিসিমা কহে।

Definition: enlargement of air cells, either from distention or from union of several in one by diestruction of their partition wall or it is a transmisson of air into the interlobular, or subpleural cellular tissue.

Causes : (exciting) Theory of expiration Theory of inspiration. Pulmomary affections.

উদ্দীপক-কারণ—১। যে সমস্ত কারণে অত্যন্ত জোর ও দীর্ঘ স্থায়ী নিশ্বাস কার্য্য হয়, সেই সমস্ত কারণে এম্ফিসিমা হয় ; অথবা সজোর প্রশ্বাস দ্বারাও ইহার মিকানিকাল বা যান্ত্রিক ভাবে উৎপত্তি হইয়াও থাকে।

২। ফুসফুস সম্বন্ধীয় রোগ যথাঃ—ব্রংকাইটিস্ বিশেষতঃ পুরাতন ও শুষ্ক শর্দ্দি, ফুসফুস কাঠিন্য, ফুসফুসের চোপসান অবস্থা, যে কোন কারণে হউক না কেন ফুসফুস ক্ষয, প্লুরিটিক এড্‌হিজন অথবা প্লুরা মধ্যে রস সঞ্চয়।

Whooping cough. Croup, cardiac diseases, playing wind instruments, excessive efforts, straining at stool.

৩। শিশু দিগের হুপিং কাশি হইলে এম্ফিসিমা হইয়া থাকে। ৪। ক্রুপ ও অন্যান্য রোগ যাহাতে শ্বাস নলী বন্ধ হইয়া যায় উহাদিগের দ্বারা অত্যন্ত কাশি হয় সুতরাং এম্ফিসিমা হয়। ৫। হৃদরোগ বশতঃ ফুসফুসে দীর্ঘ স্থায়ী রক্তাধিক্য হয়, এবং সেই কারণে বায়ুকোষের প্রাচীর ধ্বংস হয় সুতরাং বায়ুকোষ বিস্তৃত হইয়া থাকে। ৬। বাঁশী বাজান, অত্যন্ত পরিশ্রম করা, অত্যন্ত ভার তোলা, বাহের সময় অত্যন্ত কোঁতান, পাহাড়ে চড়া ইত্যাদি।

Predisposing causes : weakchest, gouty and fatty subjects.

পূর্ব্ববর্ত্তী-কারণ—পিতা মাতায় শারীরিক দুর্ব্বলতা বশতঃ শিশুর ফুসফুসের অপুষ্টি থাকিলে, বাতরক্ত, ও মেদাধিক্য থাকিলে এম্ফিসিমা হইয়া থাকে।

Pathological Anatomy. left superior portion generally affected. Emphesematous portion feels soft to the touch, on cutting no creaking sound perceptible, its color pale red, walls thinner, vesi-

নৈদানিক পরিবর্ত্তন—বাম বক্ষের ঊর্দ্ধদিকে বিশেষতঃ এম্ফিসিমা দৃষ্ট হয়। এম্ফিসিমাগ্রস্ত ফুসফুস স্পর্শ করিলে কোমল বোধ হয়, এবং কাটিলে কিরকিরে শব্দ হয় না। ফুসফুসের বর্ণ ফেকাসে লাল হয়, বায়ু কোষের প্রাচীর অত্যন্ত পাতলা হয় ; বায়ুকোষ গুলি একটী২ বড় মটরের মত হয় ; উহাদের আকৃতি অসমান হয়, উহাদের মধ্যে২ প্রাচীর ছিন্ন অবশিষ্টাংশ দৃষ্ট হয় ; প্রাচীর ছিন্ন হেতু ক্ষুদ্র ক্ষুদ্র কৈশিকা বিদীর্ণ হয় সুতরাং এম্ফিসিমাগ্রস্ত তন্তগুলি শুষ্ক ও রক্তহীন হইয়া থাকে।

বহু সংখ্যক কেপিলারী ছিন্ন হওয়া প্রযুক্ত পাল্‌মোনারী রক্ত সঞ্চালন বদ্ধ হয় সুতরাং পাল্‌মোনারী ধমনী ও দক্ষিণ দিকের হৃৎপিণ্ড রক্তপূর্ণ থাকে, তৎপরে উহাদের মেদাপকৃষ্টতা ঘটিয়া থাকে। পাল্‌মোনারী শিরাগুলিও রক্তপূর্ণাবস্থায় থাকে বলিয়া পরিণামে সার্ব্বাঙ্গিক শিরায় রক্তস্রোত মন্দীভূত হয় সুতরাং নাট্‌মেগ্‌ লিভার্‌, বক্তাধিক্য, মূত্রগ্রন্থি এবং পাকাশয় ও অন্ত্রের শর্দ্দি প্রভৃতি অবস্থা উৎপন্ন হইয়া থাকে।

cles enlarged, and capillaries are ruptured; result: fatty degeneration of the heart, nutmeg liver congested kidneys, and gastro-intestinal catarrh.

লক্ষণ—শ্বাস কষ্টই ইহার প্রধান লক্ষণ। পরিশ্রম করিলেই উহা বৃদ্ধি পাইয়া থাকে। শুষ্ক কাশি হয় কিন্তু ব্রংকাইটিস থাকিলে শ্লেষ্মা উঠিয়া থাকে। বক্ষে কোনরূপ বেদনা থাকে না। এম্পিফর্ম্ম উপাস্থির স্থানে কেবল বেদনা হইতে পারে।

Symptoms: Dyspnoea, Cough, languor, wasting. &c.

অন্যান্য পরোক্ষলক্ষণ যথা ঃ—গলা মোটা, সার্ব্বাঙ্গিক শীর্ণতা (কেহ২ মোটাও হয়) ও দুর্ব্বলতা ইত্যাদি।

ভৌতিক চিহ্ন—দর্শন—স্কন্ধ গোল হয়, পঞ্জর মধ্যবর্ত্তী স্থান বিস্তৃত হয় ও বক্ষ লম্বভাবে দীর্ঘ হয়। বক্ষ বিস্তৃত ও ফুলিয়াই থাকে, শ্বাসগতি অধিক অনুভব করা যায় না।

স্পর্শন—স্বরাধিক্য থাকে না এবং ষ্টার্ণাম অস্থির দিকে হৃদস্পন্দন নামিয়া পড়ে।

আঘাত করণ—বক্ষ আঘাত করিলে অতি উচ্চ শব্দ বাহির হয়। কার্ডিয়াক্‌ ও হিপাটিক ডাল শব্দ বক্ষের উপর অতি কম হইয়া থাকে।

আকর্ণন—বক্ষের ভিতর শ্বাস প্রশ্বাস গতি ক্ষীণ হয়, অনেক সময় প্রায় লোপ হয়। ব্রংকাইটিস্‌ থাকিলে নিশ্বাসে কর্কশ অথবা সিবিলাণ্ট রঙ্কাস্‌ শ্রবণ করা যায়। প্রশ্বাস দীর্ঘ হয়, এবং ব্রংকাইটিস্‌ থাকিলে প্রশ্বাসে সরস অথবা বাব্লিংরাল্‌স শ্রুত হইয়া থাকে।

Physical Signs: rounded shoulder, intercostal spaces widened and vertcal diameter elongated. Vocal fremitus diminished and cardiac impulse depressed. Resonance or hyperresonance Weakened respiration, sibilant and bubbling rales, expiration prolonged, 1st sound of the heart lessened in intensity and duration, but 2nd sound is accentuated.

হৃদপিণ্ডের প্রথম শব্দের স্থিতিকাল ও আধিক্যের হ্রাস হয় কিন্তু ২য় শব্দের আধিক্য হইয়া থাকে।

Prognosis : grave when complicated

ভাবীফল—এম্ফিসিমা একটী পুরাতন রোগের মধ্যে গণ্য হইয়া থাকে। ইহা স্বয়ং মারাত্মক হয় না কিন্তু ইহার সহিত ঘনং হাঁপরোগ হইলে সাধারণ শোথ উপস্থিত হইয়া দুর্ব্বলতায় মৃত্যু ঘটে। অথবা ইহার সহিত নিউমোনিয়া উপস্থিত হইলেও আরোগ্যের বিঘ্ন ঘটে।

Diagnosis : from bronchitis and asthma.

রোগের পার্থক্য বিচার—ব্রংকাইটিস্ রোগে ইহার মত শ্বাসকষ্ট, বক্ষের উপর ঠোকরে শব্দাধিক্য, বক্ষের বিকৃত আকৃতি, গতির তারতম্য, এবং রক্তের স্রোত গতির বিপর্য্যয় দৃষ্ট হয় না।

হাঁপানিরোগ মধ্যেং ভাল থাকে। এম্ফিসিমা ভাল হয় না ইহার উপর হাঁপ উপস্থিত হয়।

TREATNENT.

চিকিৎসা।

Arsenic . dyspnœa even to suffocation, anxiety, restlessness, cyanotic face, with cold sweat, pain through upper part of right lung, chronic cases with scanty white glairy mucus.

আর্সেনিক—শ্বাস কষ্টের চরমসীমা, অর্থাৎ শ্বাসবন্ধের সম্ভাবনা, তৎসঙ্গে অত্যন্ত উদ্বেগ ও অস্থিরতা, নীলবর্ণ মুখমণ্ডল, মুখমণ্ডলে শীতল ঘর্ম্ম, যক্ষ্মা কাশের লক্ষণ এবং দক্ষিণ ফুসফুসের উর্দ্ধাংশে বেদনা ইহার প্রয়োগ লক্ষণ। পুরাতন এম্ফিসিমা রোগ হেতু অল্প, সাদা ও চকচকে শ্লেষ্মা উঠিলে ইহা বিলক্ষণ উপযোগী হইয়া থাকে।

Belladonna : circulatory disturbance, dizziness, headache palpitation, tympanites.

বেলেডনা—রক্ত সঞ্চালন ক্রিয়ার ব্যতিক্রম, শিরোঘূর্ণন, শিরঃপীড়া, হৃদস্পন্দন এবং পেটফুলা ইহার প্রয়োগ লক্ষণ।

Bromium . after pneumonia, asthma,

ব্রোমিন্—নিউমোনিয়ার পর এম্ফিসিমা, উহার সহিত হাঁপকাশি, পাকাশয়ে চাপ বোধ, রাত্রিতে উঠিয়া উপবেশন প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

কাম্ফার—হাঁপ, পরিশ্রমে বৃদ্ধি, কথা কহিলে ও নিশ্বাস টানিলে কাশি, শরীরে শীতবোধ, পাকাশয় গহ্বর হইতে শীত উৎপন্ন হইয়া বক্ষে বিস্তৃতি ও প্রশ্বাস দ্বারা শীতল বায়ু বহির্গমন।

Camphora : asthma, cough, coldness cold breath.

কার্ব্বো-ভেজ—ইহা আর্সেনিকের পর ব্যবহৃত হইয়া থাকে। অত্যন্ত শ্বাসকষ্ট, প্রবল কাশি, উদ্বেগ, সহজে বা কষ্টে প্রচুর তরল শ্লেষ্মা ওঠা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Carbo-veg : great dyspnœa, violent cough, profuse sputa.

চিনিনাম-আর্স—প্রত্যেক দিবস ৯টার সময় ও দুই প্রহর বেলায় দম বন্ধকারী কাশি, বরফের মত শীতল হস্ত পদ, সর্ব্বাঙ্গে শীতল ঘর্ম্ম, অত্যন্ত উদ্বেগ, দুর্দ্দমনীয় তৃষ্ণা, হাঁপ বশতঃ উঠিয়া জানালার নিকট বসিতে হয় প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Chin-ars : *forenoon attack* of violent cough, cold limbs, clammy, sweats, greatest anxiety, unquenchable thirst, sitting up near a window

ক্লোরিণ—সহজ নিশ্বাস গৃহীত হয় কিন্তু প্রশ্বাসে প্রাণ যেন বহির্গত হইতে থাকে।

Chlorine : easy inhalation, oxhalation impossible

কুপ্রাম—বায়ুর দিকে বিচরণ করিলে হাঁপ বৃদ্ধি হইয়া থাকে।

Cuprum : asthma worse on walking *against wind.*

ডিজিটেলিস্—এম্ফিসিমার সহিত হৃদরোগ, চুপ করিয়া শয়ন করিয়া থাকিলে যাতনার উপশম ইহার প্রয়োগ লক্ষণ।

Digitalis : *complicated* with heart disease, better *while lying.*

হেপার-সালফার—এম্ফিসিমার সহিত ব্রংকিয়াল্ সর্দ্দি, অল্প ঠাণ্ডা লাগিলেই বৃদ্ধি, দুই প্রহর রাত্রি হইতে প্রাতঃকাল পর্য্যন্ত কাশি, মস্তক পশ্চাদ্দিকে হেলাইয়া শয়ন প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Hepar-sulph with bronchial *catarrh* worse from exposure, cough *from* midnight till morning, sleeps with head thrown back.

ইপিকাক—বৃদ্ধদিগের শুষ্ক ও আক্ষেপিক কাশি, গলায় শ্লেষ্মা সঞ্চয় অথচ তুলিতে অক্ষমতা, ও বমনেচ্ছা ইহার প্রয়োগ লক্ষণ।

Ipecac : dry spasmodic cough, collection of mucus, difficulty in raising.

কেলি-কার্ব্ব—রাত্রিতে শ্বাস কষ্টের বৃদ্ধি, অত্যন্ত হৃদ-স্পন্দন, ক্ষুধামান্দ্য, বমন, ও শুষ্কগাত্র প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Kali-carb : dyspnœa, palpitation anorexia, vomiting, dry skin

Lachesis: sensitive neck and chest, worse after sleep, torturing cough until expectoration, foul stools, follows well after Ars and carbo-veg

লেকেসিস্—গ্রীবা ও বক্ষে কোন প্রকার চাপ সহ্য না হওন, নিদ্রাভঙ্গে অসুখের বৃদ্ধি, যতক্ষণ না চিমসে গয়ার ওঠে ততক্ষণ কষ্টদায়ক কাশি, দুর্গন্ধ যুক্ত মল, প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। আর্সেনিক এবং কার্ব্বোভেজ ঔষধ সেবনের পর ইহা উপযোগী হইয়া থাকে।

Lobelia: sighing

লোবিলিয়া ইনফ্লেটা—দীর্ঘ নিশ্বাস লইতে ইচ্ছা হইলে ইহা উপযোগী হয়।

Napthal: emphesema from forced expiration, bronchial asthma without catarrh

ন্যাফ্থাল—সজোরে প্রশ্বাস বশতঃ এম্ফিসিমা রোগে এবং ব্রংকিয়াল হাঁপ রোগে শর্দ্দি না উঠিলে ইহা ফলপ্রদ হয়।

Lycopod: flatulence and constipation.

লাইকোপডিয়াম—এম্ফিসিমা রোগে পেটের ফুঁাপ ও কোষ্ঠবদ্ধ থাকিলে ইহা উপযোগী হয়।

Mercurius and Bryonia: fever and acute bronchitis.

মার্কুরিয়াস ও ব্রায়োনিয়া—এম্ফিসিমার সহিত তরুণ ব্রংকাইটিস ও প্রবল জ্বর থাকিলে ব্যবস্থা হয়।

Opium. nightly asthma, whizzing and rattling during long expiration, retracted stomach short and noiseless inhalation

ওপিয়াম—রাত্রিকালীন হাঁপ, প্রশ্বাসে সাঁইসাঁই শব্দ ও গলা ঘড়ঘড়ানি, দীর্ঘ প্রশ্বাস, পাকাশয় খোলে পড়া, স্বল্প ও নিঃশব্দ নিশ্বাস ইহার প্রয়োগ লক্ষণ।

Sarsaparilla: asthma worse after eating or motion.

সার্সাপেরিলা—আহারান্তে অথবা অঙ্গ সঞ্চালনে হাঁপ বৃদ্ধি হইলে ইহা উপকার করিয়া থাকে।

Senega: narrow feeling within the chest, deep inhalation, burning in chest

সেনেগা—বক্ষের ভিতর সঙ্কীর্ণতা বোধ, সর্ব্বদা নিশ্বাস টানিয়া বক্ষ বিস্তৃত করিবার ইচ্ছা, এবং বক্ষের ভিতর জ্বালা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Sepia and sulphur: getting suddenly roused by asthma from a deep sleep.

সিপিয়া ও সাল্ফার—নিদ্রার পর বৃদ্ধি, গভীর নিদ্রার অবস্থায় হাঁপবশতঃ জাগিয়া ওঠা, ইহাদের প্রয়োগ লক্ষণ।

টেরিবিন্থ—অঙ্গ সঞ্চালনে হাঁপ বৃদ্ধি হইলে ইহা উপযোগী হয়।

Terebinth: worse from motion.

টার্টার-এমেটিক—ব্রংকিয়াল নলী মধ্যে শ্লেষ্মা থাকিলেও শ্লেষ্মা না ওঠা ইহার প্রয়োগ লক্ষণ।

Tart-emet.: secretion present but difficult to raise.

নেট্রাম-মিউর—হৃৎপিণ্ডের দোষ থাকিলে উপকার করে।

Nat-mur: with cardiac involvement.

ফসফরাস—মেদাপকৃষ্টতা হইলে ইহা উপযোগী হয়, কিন্তু মেদাপকৃষ্টতা ব্যতীত অন্যবিধ ক্ষয়কারী অথবা অপকৃষ্টতার অবস্থায় অরম-মিউরিয়েটিকাম, আর্সেনিক, ক্যান্থারিষ, কুপ্রাম-এসিটিকাম্‌, হেপার-সলফার, মার্ক-কর, নাইট্রিক-এসিড্‌, ফসফরিক এসিড, প্লাম্বাম ও সাইলিসিয়া স্মরণ করিতে হইবে।

Phosp: only in fatty degeneration, but in other destructive conditions the deep acting tissue remedies are useful.

অন্যান্য উপায়—রোগীকে অধিক পরিশ্রম করিতে নিষেধ করিবে। অজীর্ণ জনিত পেটের ফাঁপ দূর করিবে। লঘু ও সহজ পাচ্য এরূপ আহার ব্যবস্থা করিবে। তরল পদার্থ অতি কম পান করিতে বলিবে। এইরূপ করিলে ফুসফুসে অতি কম শোণিত যোগান হয় সুতরাং হাঁপ প্রভৃতি কম হইয়া থাকে।

Other-measures: exertion to be avoided, remove flatulence, plain, nutritious diet to be allowed, abstain from liquids.

PLEURODYNIA.

প্লুরোডিনিয়া।

পরিচয়—ইহাকে কৃত্রিম প্লুরীষি কহে। বক্ষপ্রাচীরের পেশীশূল অথবা বাত রোগ হইলে উহাকে প্লুরিডিনিয়া কহা যায়। ঘাড়ের ও কোমরের ব্যথা যেরূপ ইহাও সেইরূপ। এই রোগে জ্বর হয় না কিন্তু বাম ইন্‌ফ্রা-ম্যামারী প্রদেশে বেদনা হইয়া থাকে। ইহাতে হৃদপিণ্ডের ভিতর বেদনা হয় না।

Definition: it is a myalgia of the chest walls with pain but no fever.

Causes: exposure, to draughts or to cold wet weather, gout, previous attack.

কারণ—শৈত্য ইহার প্রধান কারণ। শীতল ও সেঁৎ-সেঁতে বায়ুতে বিচরণ করিলে এই রোগ হইয়া থাকে। গাউট বা বাতবাতগ্রস্ত ব্যক্তিদিগের এই রোগ প্রায়ই হইয়া থাকে এবং একবার ইহা প্রকাশ পাইলে আবার উৎপন্ন হইতে পারে।

Seat of the pain in 4 muscles.

এই রোগে পেক্‌টোরেলিস্, ইণ্টার-কষ্টালস, সেরেটাস্ ও ও একসটার্ণাল-ওব্লিক্ পেশীগুলি বেদনাগ্রস্ত হইয়া থাকে।

Symptoms: extreme pain worse in motion, impeded respiration, coughing and sneezing becomes most difficent, presure of palm relives the catching pain, both sides may be affected, pain may shift.

লক্ষণ—এই রোগে অত্যন্ত বেদনা হয় এবং এরূপ বেদনা অঙ্গ সঞ্চালনে বৃদ্ধি পাইয়া থাকে। সুতরাং বক্ষের পার্শ্বদেশে শ্বাস প্রশ্বাস গতির হ্রাস হইয়া থাকে। হাঁচিলে অথবা কাশিলে ঐ বেদনা অত্যন্ত বৃদ্ধি পাইয়া থাকে। বেদনা এক স্থানে বদ্ধমূল হইলেও উহার স্থানে চাপিলে যাতনার আধিক্য হইয়া থাকে। ঐ বেদনা চিড়িকমারার মত। হাতটী বিস্তৃত করিয়া চাপিয়া ধরিলে যাতনার উপশম হইয়া থাকে। বক্ষের দুই পার্শ্বেই ঐরূপ বেদনা ধরিতে পারে। এবং ঐ বেদনা নড়িয়া স্থানান্তরে যাইতে পারে।

Diagnosis from plurisy and intercostal neuralgia

রোগ নিরূপণ—ইহা প্লুরিসি রোগের মত, কিন্তু উহার মত ইহাতে কোনরূপ ভৌতিক লক্ষণ প্রকাশ পায় না। ইণ্টার-কষ্টাল স্নায়ুশূল রোগে এত বিস্তৃত স্থান ব্যাপিয়া বেদনা হয় না, ইহার সহিত পর্য্যায়ক্রমে অনেক পেশীশূল দৃষ্ট হয় এবং ইহাতে এক স্থানে বেদনার আধিক্য হয় না।

Treatment-aconite. exposure to cold dry wind with fever.

চিকিৎসা—একোনাইট—ঠাণ্ডা অথবা শুষ্ক বাতাসে বেড়াইলে ও তৎসঙ্গে জ্বর হইলে তবে ইহার নিম্নক্রম ঘন২ ব্যবহার করিলে উপকার করিয়া থাকে।

Arnica: bruised sensation, worse on motion and pressure bed feels too hard

আর্ণিকা—থেঁতলানিবৎ বেদনা, নড়িলে ও চাপিলে বৃদ্ধি, শয্যা কড়া বোধ, প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Actea-Racemo..

একটিয়া-রেসিমোসা—অথবা উহার বীর্য্য ম্যাক্রো-

টিন্ নারীগণের ঋতুবিকার ও পাকাশয় স্থানে মূর্চ্ছা বা দুর্ব্বলতা বোধ থাকিলে ব্যবহৃত হয়। uterine disorder fainting in stomach.

ব্রায়োনিয়া—চিড়িক ও ছিন্নকর বেদনা, নড়িলে বৃদ্ধি, চাপিলে ও বেদনার দিকে চাপিয়া শয়ন করিলে উপশম, এবং বাত প্রভৃতি লক্ষণে ইহা ফলপ্রদ। Bryonia: stitching and tearing pain worse on movement, better on pressure and on lying on the affected side.

কল্‌চিকাম—বাতের ধাতু, হৃদস্পন্দনের সহিত রোগের আক্রমণ, অগ্নির নিকট থাকিলেও শীত বোধ, জ্বালাকর, নড়নশীল ও দপদপে বেদনা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। Colchicum: gouty and rheumatic constitution, palpitation, chilliness, shifting, burning and gerking pain.

নক্সভমিকা—অর্শের ধাতু, মদ্যপানের ধাতু এবং বেদনার দিকে শয়ন করিতে অক্ষমতা ইহার প্রয়োগ লক্ষণ। Nux vom: piles, habit of Drinking, cannot lie on painful side.

রানানকুলাস্ বুলবাস—বাম দিকের ইনফ্ল্যামামারী প্রদেশে এরূপ বেদনা যে রোগী সাহস করিয়া নড়িতে পারে না। Ranunculus: left inframammary pain, patient dare not move.

PLEURISY.

প্লুরিষি।

পরিচয়—ফুসফুসের সিরাস্ ঝিল্লীর প্রদাহ, তৎসঙ্গে শীতবোধ, জ্বর, বক্ষের এক বা উভয় পার্শ্বে চিড়িক বা ছুরি দিয়া কাটার মত বেদনা, প্লুরার দুই পর্দার মধ্যবর্ত্তী রস যদ্দ্বারা উহারা অভিষিক্ত থাকে প্রথমতঃ সেই রসের শুষ্কতা পরে অতিরিক্ত পরিমাণে ঐরস বহির্গমন সুতরাং বক্ষ স্ফীতি, শুষ্ক কাশি, দ্রুত অসমান ও ভাঙ্গা২ শ্বাস প্রশ্বাস এবং দ্রুত ও টানযুক্ত বা মোটা নাড়ী থাকিলে উহাকে প্লুরিষি রোগ কহা যায়। Definition: inflammation of pelura with chilliness, fever stitching pain effusion dry cough, dyspnoea quick and tense pulse, implication of bronchial capillaries.

নিউমোনিয়া রোগে যেরূপ পাল্মোনারী ধমনীতে রক্তাধিক্য হয়, প্লুরিষি রোগে সেইরূপ ব্রংকিয়াল্ কেপিলারী গুলিতে রক্ত জমিয়া থাকে। কারণ, ইহাদিগের দ্বারা প্লুরার পোষণ হইয়া থাকে।

Varieties :
1 Acute (little effusion).
2. subacute (much effusion)
3. chronic (no absorption).
4. Empyema (pus accumution).

প্রকার—১। একিউট্ বা তরুণ প্লুরিষি—ইহাতে অল্প পরিমাণ রস বাহির হয়। ২। সাব্ একিউট্ প্লুরিষি—ইহাতে অধিক পরিমাণে সিরামরস বাহির হইয়া থাকে। ৩। ক্রণিক্ প্লুরিষি—ইহাতে সিরামরস শোষণ হয় না।

৪। এম্পাইমিয়া—উক্ত সিরাম্ রস্ যদি অনেক দিন জমিয়া ক্রমে পূঁযের মত অবস্থা প্রাপ্ত হয় তবে উহাকে এম্পাইমিয়া কহে।

Pus secretes from the walls of pleura in true empyema, but pus in pluoral cavity from ruptured pulmonary abscess occurs false empyema.
Pus finds its exit between the ribs this also happens in puerperal fever, pyaemia &c.

যদি প্লুরার মধ্যে পূঁয অথবা সিরাম মিশ্রিত পূঁয সঞ্চয় হয় এবং ঐ পূঁয প্রকৃত প্লুরার গাত্র হইতে বাহির হয়, তবে উহাকে প্রকৃত এম্পাইমিয়া কহা যায়। কারণ, পাল্মোনারী স্ফোটক বিদীর্ণ হইয়া প্লুরা মধ্যে পূঁয সঞ্চয় হইলে উহাকে কৃত্রিম এম্পাইমিয়া কহে। প্লুরা গহ্বর স্থিত পূঁয বাহির হইয়া যাওয়া আবশ্যক, নতুবা হেক্‌টিক্ জ্বর হইয়া মৃত্যু আনয়ন করে। অত্যন্ত পূঁয সঞ্চয় হইলে ফুসফুসকে চাপিতে থাকে, এই দিকে বাহির হইবার কোন পথ না পাইলে বাহ্যদিকে দুই পঞ্জর মধ্যস্থিত স্থানে ঠেলিয়া ফুলিয়া ওঠে এবং ক্রমে না কাটিয়া বাহির করিয়া দিলে ত্বক্ বিদীর্ণ করিয়া বাহির হইয়া পড়ে। যাবতীয় একজ্যান্থিমেটাস্ ও প্রসবান্তিক জ্বর এবং পাইমিয়া বা পূঁয শোষণ জ্বর রোগে এইরূপ প্লুরা মধ্যে পূঁয হইয়া বাহ্যদিকে বাহির হইয়া থাকে।

Pathological anatomy : hyperaemia, lymp exudation, fluid effusion, absorption, and adhesion.
1st Stage : hyperaemia with specks of exudation
2nd Stage :

নৈদানিক-পরিবর্ত্তন—প্রথমতঃ সিরাস ঝিল্লীতে রক্তাধিক্য, তৎপরে লিম্ফরস বাহির হওন, সিরাস্ রস বাহির হওন, উহাদের শোষণ এবং সিরাস্ ঝিল্লীর এড্‌হিসন্ বা সংযোগ প্রভৃতি অবস্থা প্রকাশ পাইয়া থাকে।

প্লুরিষির প্রথম ও শুষ্কাবস্থায় প্লুরাতে রক্তাধিক্য অথবা বিস্তৃত ভাবে উহাতে লালবর্ণ দৃষ্ট হয় তৎসঙ্গে বিন্দু২ রস মধ্যে২

বাহির হইয়া থাকে। ২য় অবস্থায় প্রচুর পরিমাণে লিম্ফ বাহির হইয়া প্লুরাকে সম্পূর্ণ রূপে আবৃত করে সুতরাং প্লুরা দেখিতে মেঘের বর্ণের মত ঘোলাটে আকার পাইয়া থাকে। যদি প্রদাহ এই স্থানেই সমাপ্ত হয় তবে উহাকে শুষ্ক প্লুরিসি কহা যায়। নতুবা ৩য় অবস্থায় প্লুরা হইতে সিরোফাইব্রিনাস রস বাহির হইয়া অল্প বা বিস্তৃত ভাবে প্লুরাকে স্ফীত করিয়া থাকে। ঐরূপ সিরো-ফাইব্রিনাস্ রস মধ্যে রক্তকণা ও এপিথিলিয়াম্ প্রভৃতি দৃষ্ট হইয়া থাকে।

copious exudation of lymph, cloudy appearance. 3rd Stage effussion of sero-fibrmous fluid contaning blood and epethelial cells.

ইহার পর শীঘ্র২ অল্প বা বিস্তর পরিমাণে উক্ত লিম্ফ শোষিত হয়। যাহা শোষণ হয় না তাহা শুকাইয়া দুই পুরু প্লুরাকে সংযুক্ত করিয়া ফেলে সুতরাং প্লুরা গহ্বর বদ্ধ হইয়া থাকে।

Absorption begins, unabsorbed portion becoming organized forming adhesions which obliterate the cavity

দক্ষিণ দিকের প্লুরার মধ্যে রস সঞ্চয় হইলে হৃদপিণ্ডকে বাম দিকে ঠেলিয়া এবং বামদিকে হইলে দক্ষিণ দিকে ঠেলিয়া থাকে। ষ্টার্ণাম অস্থির দক্ষিণ দিকে হৃদস্পন্দন প্রায়ই ঠিক থাকে। ফুসফুস চাপ প্রাপ্ত হয় এবং উহা উপর দিক ও পশ্চাতে সরিয়া যায়। রস বাহির হইয়া পড়িলে আবার ফুসফুস স্ফীত হইয়া থাকে। পুরাতন প্লুরিসি রোগে ফুসফুস তন্তুর শক্তি চিরদিনের জন্য ক্ষীণ হইয়া থাকে।

Owing to the effussion the heart is displaced, and lungs compressed and displaced except in chronic pleurisy, pulmonary structure more or less permanently impaired

প্লুরা মধ্যে রস শোষিত না হইলে অথবা উহার ভিতর ধীরে২ রস সঞ্চয় হইলে উহাকে ক্রনিক প্লুরিসি কহে। এরূপ অবস্থায় প্লুরা অসমান ভাবে পুরু হয়, উহার দুই আবরণ শক্তভাবে যুড়িয়া যায়, উহার মধ্যে রস থাকে এবং বক্ষ প্রাচীর ভিতর দিকে চাপিয়া গিয়া থাকে।

পুরাতন প্লুরিসির রসে সিরাম, পুঁয, এবং রক্ত থাকে। এইরূপ অবস্থাকেই এম্পাইমা কহে। ক্রমে ইহাতে ছিদ্র হয় বাহ্যদিকে ব্রংকাইমধ্যে অথবা কখন২ অন্ত্রের দিকে ঐ ছিদ্রের মুখ হইয়া থাকে।

In chronic pleurisy the pleurae are irregularly thickened, firmly adhered and thoracic walls depressed, cavity contains serum, pus and blood, openings may form externally in to the bronchi or rarely into the bowels.

Causes: 1. Direct irritation of pleura from injury, entrance of pus or air, cancer or tubercle deposit, friction or pressure by tumours 2 Cold from without ? 3. Muscular over exertion. 4 Extension from pneumonia, pericarditis and phthisis 5. Blood poisoning from scalratina, typhoid, puerperal fever, acute rheumatism, pyaemia septicimea, bright's disease, and alcoholism It may occur at any age Common in colder seasons

কারণ—প্লুরিষি রোগের প্রধানত কারণ যথাঃ—১। প্লুরাতে সাক্ষাৎ সম্বন্ধে উত্তেজনা হইলেই প্লুরিষি হয়—অর্থাৎ প্লুরা আহত হইলে পুঁয অথবা ভূবায়ু প্রভৃতি অন্য পদার্থ উহার ভিতর কোন রূপে প্রবিষ্ট হইলে, ক্যান্সার ও টিউবার্কেল পদার্থ উহার ভিতর সঞ্চয় হইলে, এবং কোন প্রকারে অর্ব্বুদ দ্বারা ঘর্ষণ বা চাপা পাইলে প্লুরিষি উৎপন্ন হইয়া থাকে। ২। বাহির হইতে শৈত্য লাগিলে উহার উৎপত্তি হয়। অনেকে ইহা অস্বীকার করিয়া থাকেন। ৩। পেশী সমূহের অতিরিক্ত সঞ্চালন, বিশেষতঃ সভা প্রভৃতি স্থলে ক্রমাগত অনেক দিন পর্য্যন্ত সজোরে বক্তৃতা করিলে ইহার উৎপত্তি হইতে পারে। ৪। পেরিকর্ডিয়াম রোগ, নিউমোনিয়া এবং থাইসিস্ বা যক্ষ্মা রোগের সহিত এই রোগের প্রকাশ হয়। ৫। স্কার্লেটিনা, টাইফয়েড্, পিউরপিরাল-জ্বর, তরুণ বাতরোগ, পাইমিয়া ও সেপ্টিসিমিয়া, ব্রাইট্স রোগ এবং অত্যন্ত মদ্য পান বশতঃ মত্ততা প্রভৃতি রক্ত দূষিত অবস্থায় ইহা প্রকাশ পাইয়া থাকে।

সকল বয়সে প্লুরিষি রোগ হইতে পারে। শিশুগণেরও এই রোগ হইতে দেখা যায়। ঠাণ্ডার দিনে বিশেষতঃ শীতকালে এই রোগের প্রাদুর্ভাব হইয়া থাকে।

Symptoms

লক্ষণ—প্রথমতঃ কয়েকবার শীত করিয়া প্লুরিষি রোগ উৎপন্ন হইয়া থাকে। এই রোগের স্থানিক ও সার্ব্বাঙ্গিক লক্ষণ দৃষ্ট হইয়া থাকে যথা :—

Local stitching pain in inframammary or infraaxillary region, increased by breathing or coughing, with tenderness, respiration hurried,

স্থানিক লক্ষণ—প্রথমতঃ ইনফ্রামামারী অথবা ইনফ্রা-একজিলারী প্রদেশে তীক্ষ্ণ বেদনা উপস্থিত হয়। উহা টেনে-ধরণ অথবা চিড়িক মারার মত হইয়া থাকে। শ্বাস প্রশ্বাস কার্য্যে অথবা কাশিলে বেদনা বৃদ্ধি পায় এবং সর্ব্বদা বক্ষের উপর অথবা গভীর প্রদেশে বেদনাধিক্য হইয়া থাকে। কাসিবার ও শ্বাস প্রশ্বাস লইবার ভঙ্গিতে বেদনার তীক্ষ্ণতা অনুভব করা

যায়। দ্রুত, ভাসাং এবং অসমান ভাবে শ্বাস প্রশ্বাস কার্য্য হয়, কিন্তু প্রথম হইতেই প্রকৃত শ্বাস কষ্ট উপস্থিত হয় না। প্রত্যেক মিনিটে ৩০।৩৫ বারের অধিক দ্রুত শ্বাস প্রশ্বাস হয় না। পরে স্পষ্ট শ্বাস কষ্ট উপস্থিত হয এবং প্লুরা মধ্যে অধিক রস সঞ্চার হইলে প্রবল শ্বাস কষ্ট হইযা থাকে। সর্ব্বদা কাশি বর্ত্তমান থাকে কিন্তু রোগী যন্ত্রণার ভযে উহা চাপিয়া রাখে। কাশি শুষ্ক, অল্প২ ও খক খকে হয এবং গযারে কিছুই ওঠে না। কখন২ রোগী বসিলে অথবা সম্মুখ দিকে ঝুঁকিলে কাশি বৃদ্ধি পায়। প্রথমতঃ রোগী আক্রান্ত বক্ষ চাপিয়া শযন করে কিন্তু পরিশেষে আর ঐ নিয়ম থাকে না।

shallow, and irregular, no dyspnoea until effusion. Repressing, short hacking, and dry, cough but no sputa, lying on affected side.

সাধারণ লক্ষণ—জর হয়, কিন্তু এরূপ জরে প্রবল লক্ষণ প্রকাশ পায় না। নাড়ী দ্রুত, মোটা ও সবল হয এক মিনিটে ৯০ হইতে ১২০বার উহার স্পন্দন হইযা থাকে। অবসাদন কম হয়, ক্ষুধামান্দ্য শিরঃপীড়া প্রভৃতি লক্ষণ সামান্য ভাবে প্রকাশ পায় এবং মূত্রে অল্প পরিমাণ অণ্ডলাল বাহির হইযা থাকে।

General Sympts: moderate fever with frequent and full pulse 90 to 120 in a minute.

গতি ও হ্রাস বৃদ্ধি—সাধারণ স্থলে প্লুরিসি কয়েক দিবসের মধ্যেই কমিযা যায এবং উহার রস শোষিত হইযা থাকে। রস শোষিত না হইলে শ্বাস কষ্ট বাড়িয়া যায। এক সপ্তাহ মধ্যে উহার জর কমিয়া যায়। আবার উত্তেজনা বৃদ্ধি পাইয়া উহার ভিতর রস সঞ্চয় হইতে পারে। এইরূপ বারে২ রোগের আক্রমণ হইলে পরিণামে মৃত্যু ঘটে। পুরাতন প্লুরিসি রোগে জর দীর্ঘ স্থায়ী হয়, ত্বক শুষ্ক, উত্তপ্ত, ও কর্কশ থাকে, এবং নাড়ী দ্রুত ও দুর্ব্বল হইয়া পড়ে। এইরূপ অবস্থায় প্লুরার মধ্যস্থিত রস শীঘ্র২ পূঁয না হইতেও পারে অথবা কোন২ স্থলে উহা শীঘ্র২ পূয় হইয়া যায়। পূয হইলে বেদনা কম পড়ে বটে কিন্তু দ্রুত ও চাপনশীল নাড়ী, অত্যন্ত উদ্বেগ ও অস্থিরতা, এবং অবশেষে হিমাঙ্গাবস্থা উপস্থিত হইয়া থাকে। পূয পূর্ণ প্লুরা ফাটিয়া গেলে

Course and progress. symptoms abate and fluid being absorbed in favorable cases. In chronic effusion pyrexia continues and patient wastes. Fistulous empyema attended with weakness, loss of flesh, and hectic fever. Bronchial perforation attended with profuse expectoration. In adhesion

there remains retraction of the side, short breath, occasional pains, and debility, paralysis of arm after empyema

যে ফিস্চুলাস্ এম্পাইমা হয়, উহাতে অত্যন্ত দুর্ব্বলতা, শীর্ণতা, ও ক্ষয়কারী বা হেক্‌টিক জ্বর হইয়া থাকে। মস্তকের চুল উঠিয়া যায়, অবশেষে যক্ষ্মা বা টিউবার্কুলোসিস্ রোগ উপস্থিত হইয়া থাকে।* ব্রংকাই মধ্য দিয়া পূয বাহির হইলে প্রচুর গয়ার উঠিয়া থাকে। প্লুরার আবরণ যুড়িয়া গেলে আক্রান্ত দিক বসিয়া যায়, শ্বাসকষ্ট থাকে, মধ্যে২ বেদনা হয় এবং রোগীকে দুর্ব্বল করিয়া ফেলে। এম্পাইমার পর কোন২ স্থলে বাহুর পক্ষাঘাত হইয়া থাকে।

Latent pleurisy, bilateral pleurisy, diaphragmatic pleurisy

কোন২ স্থলে প্লুরামধ্যে প্রচুর পরিমাণ রস বাহির হইলেও শীঘ্র কোন লক্ষণ প্রকাশ পায়না। ঐরূপ অবস্থাকে লেটেণ্ট-প্লুরিষি কহে। দ্বিতীয় বার প্লুরিষি হইলে এইরূপ হয় এবং শিশুগণের এইরূপ অবস্থা ঘটিয়া থাকে। সাধারণতঃ বক্ষের এক পার্শ্বে প্লুরিষি হয় কিন্তু দুই পার্শ্বে হইলে উহাকে বাইল্যাটারাল্-প্লুরিষি কহে। এই অবস্থায় বিপদ জনক শ্বাস কষ্ট হইয়া থাকে। ডায়াফ্রেগ্‌মেটিক্ প্লুরিষি রোগে বক্ষের নিম্নাংশে অত্যন্ত বেদনা হইয়া থাকে সুতরাং শ্বাস প্রশ্বাসের বিশেষ বিঘ্ন ঘটে।

Physical signs
Early-stage: diminished movements, friction fremitus, friction sound
Stage of fluid effusion.
1. Side enlarged
2. Movement diminished
3. Vocal fremitus deficient.
4. Fluctuation?
5. Dull over the area of the fluid.
6. Feeble breath sounds.

ভৌতিক-লক্ষণ—শুষ্ক প্লুরিষির প্রথমাবস্থায়—১। বেদনা বশতঃ আক্রান্ত দিকের শ্বাস প্রশ্বাস গতির হ্রাস হয়। ২। কখন২ বক্ষে হস্ত রক্ষা করিলে ঘর্ষণশব্দ বা ফ্রিকশন্ ফ্রিমাইটিস্ অনুভূত হয়। ৩। প্রথমতঃ অল্প২ পরে লিম্ফ বাহির হইলে ঘর্ষণ বা ফ্রিকসন্ বা এক প্রকার কির কিরে শব্দ শ্রবণ করা যায়। দ্বিতীয় অবস্থায় রস বাহির হইলেঃ—১। বক্ষের আক্রান্ত দিক বড় হয় ও ফুলিয়া ওঠে। ২। শ্বাস প্রশ্বাস গতির হ্রাস বা লোপ হয়। ৩। বক্ষের নিম্নভাগে ভোকাল্ ফ্রিমিটাস্ কম হয় কিন্তু বক্ষের উপর উহার আধিক্য হইয়া থাকে। ৪। কখন২ দুই অঙ্গুলি দ্বারা ফুলার স্থানে টিপিলে তলতলে অবস্থা বোধ হয়। ৫। রস পূর্ণ স্থানে ঠোকর মারিলে ডাল্ শব্দ বাহির হয়।

শারীরিক বিবিধ অবস্থায় রসেরও স্থানচ্যুতি হয় সুতরাং ডাল্ শব্দেরও তারতম্য ঘটিয়া থাকে। ৬। বক্ষের নিম্নভাগে শ্বাস প্রশ্বাস শব্দ ক্ষীণ হয় অর্থাৎ প্রায় শুনা যায় না কিন্তু উপরি ভাগে উহা ফুৎকার দেওয়ার মত অথবা টিবুলার হইয়া থাকে।

৭। ডাল্ শব্দের ধারের ঘর্ষণ শব্দ বা ফ্রিকসন্ শ্রবণ করা যাইতেও পারে অথবা শুনাও যায় না। ৮। বক্ষের নিম্নভাগে স্বরাধিক্যের হ্রাস হয় কিন্তু উপরিভাগে উহার আধিক্য হইয়া থাকে। স্কাপুলার কোণে ইগোফণি শ্রবণ করা যায়। ৯। হৃৎপিণ্ড স্থানচ্যুত হইয়া থাকে। ডায়াফ্রাম, যকৃৎ, প্লীহা ও পাকাশয়ও নীচে নামিয়া পড়িতে পারে। ১০। প্লুরার ভিতর রস ও বায়ু থাকিলে আলোড়ন প্রণালী দ্বারা জল চলকানবৎ শব্দ কখন২ শ্রবণ করা গিয়া থাকে।

7 Friction may be heard at the margin of the dulness.
8 Vocal resonance diminished below, Ægophony heard at the angle of the scapula
9 Displacement of organs
10 Splashing on succussion.

২য় অবস্থার পর উপরোক্ত লক্ষণ গুলি কমিয়া গেলে ধীরে২ রস শোষণ হইতে পারে। এই অবস্থায় পুনর্ব্বার ও উচ্চ শব্দ বিশিষ্ট ঘর্ষণ বা ফ্রিকসন্ শব্দ শুনা যায় এবং বক্ষে হস্ত রাখিলেও ফ্রিকসন্-ফ্রিমিটাস অনুভূত হইতে পারে। কিছু দিনের জন্য ডাল্ শব্দ থাকে। এইরূপ আক্রান্ত বক্ষ আপন স্বাভাবিক আকৃতি ও গঠন পুনঃ প্রাপ্ত হয় এবং ফুসফুস বিস্তৃত হইয়া থাকে। সংযোগ বশতঃ হৃৎপিণ্ড কখন২ অস্বাভাবিক অবস্থায় বা স্থানে থাকিতে পারে।

Redux friction sound (loud) after absorption of the fluid with friction fremitus, expansion of the lung.

ফুস ফুস বিস্তৃত হইয়া স্বাভাবিক অবস্থা পুনঃ প্রাপ্ত হইতে না পারিলে নিম্ন লিখিত লক্ষণ গুলি প্রকাশ পায় যথাঃ—১। আক্রান্ত দিক ভিতর দিকে চাপিয়া থাকে, পঞ্জর গুলি স্বাভাবিক অবস্থা অপেক্ষা নিকটে২ থাকে, স্কন্ধ নামিয়া পড়ে, বক্ষের সমস্ত ব্যাসরেখা বিশেষতঃ সম্মুখ-পশ্চাৎ ব্যাসরেখা ছোট হইয়া যায়, এবং কশেরুক-মজ্জা আক্রান্তদিকে প্রায়ই বাঁকিয়া গিয়া থাকে। ২। শ্বাস প্রশ্বাস গতি একেবারে

Should the lung remain unexpanded then .
1 Retraction of the side, ribs crowded, shoulder lowered, diameter diminished, and the spine curved
2. Movements lessened

3. Deficient resonance.
4. Feeble respiration
Fluid is generally loculated, sometimes it points like an abscess, exhibits pulsation when near the heart; when empyema opens into the bronchi then rales are heard and pneumothorax is produced,
Cessation of abdominal movements in diaphragmatic pleurisy
In pleuritic-effusion of children yeilding and dilated chest, organs less displaced, bronchial breathing and vocal resonance often persist, or breathing may be tubular.
Diagnosis · pleurisy to be diagnosed from pleurodynia, inter costal neuralgia and croupous pneumonia.

কমিয়া যায়। ৩। ঠোকর মারিলে ফাঁপা শব্দ পূর্ব্বাপেক্ষা অনেক কম হয়। ৪। আক্রান্তদিকে শ্বাস প্রশ্বাস শব্দ অত্যন্ত ক্ষীণ হয়, অনেক স্থলে উহা ব্রংকিয়াল হইয়া থাকে। ফিশ্চ লাম্ এম্পাইমারোগে আক্রান্তদিক ভিতর দিকে অত্যন্ত ঢুকিয়া গিয়া থাকে।

বক্ষের দুই পার্শ্বেই প্রায়ই রস সঞ্চয় হয় এবং বক্ষ স্ফীত করে। কখনং রস ঠেলিযা স্ফোটকের আকার প্রাপ্ত হয়। হৃৎপিণ্ডের নিকটবর্ত্তী স্থানে রস জমিলে তথায় নাড়ীর মত বেগ পাওয়া যায়। ব্রংকাই মধ্যে এম্পাইমার পূঁয ঝরিতে থাকিলে ঐ স্থানে রাল্স শব্দ শ্রবণ করা যায় এবং কখনং নিউমোথোরাক্স অবস্থা উৎপন্ন হইযা থাকে। ডায়াফ্রাগমেটিক প্লুরিষি রোগে কোন প্রকার ভৌতিক চিহ্ন প্রকাশিত হয় না ইহাতে শ্বাস প্রশ্বাস কালে ঔদরিক সঞ্চালকগতি দৃষ্ট হয় না। শিশুগণের প্লুরায় রস সঞ্চয়কালে বক্ষ নমনীয় ও বিস্তৃত থাকে এবং কোন যন্ত্রের বিশেষ স্থানচ্যুতি হয় না, প্লুরা রস পূর্ণ হইলেও ব্রংকিয়াল শ্বাস প্রশ্বাস ও স্বরের আধিক্য বর্ত্তমান থাকে। অথবা শ্বাস প্রশ্বাস টিবুলার হইতেও পারে।

অন্যান্য রোগের সহিত পার্থক্য বিচার—শুষ্ক প্লুরিষির সহিত প্লুরোডিনিয়া ও ইণ্টারকষ্টাল নিউরালজিয়া রোগের ভ্রম হইতে পারে। শেষোক্ত রোগ দুটীতে জ্বর ও ঘর্ষণ শব্দ থাকে না। প্লুরোডিনিয়ার বেদনা স্থানান্তরিত হইয়া থাকে। প্লুরিষি দ্বারা বক্ষের দুই পার্শ্বই আক্রান্ত হইতে পারে এবং বক্ষ চাপিলে অত্যন্ত বেদনা হইয়া থাকে। ইণ্টারকষ্টাল নিউরালজিয়া প্রায়ই বাম দিকে হইয়া থাকে এবং ৬ষ্ঠ পঞ্জর হইতে নবম পঞ্জর স্থিত স্নায়ুগুলিতে বেদনা হইয়া থাকে। ইহার বেদনা প্রায়ই পর্য্যায়শীল; এবং রক্তহীন ও পেল্ভিক গহ্বর সম্বন্ধীয় রোগাক্রান্ত নারীগণ ইহা দ্বারা ভুগিয়া থাকে। ইণ্টারকষ্টাল

স্নায়ু শূল রোগেও স্থানেং বেদনা হইয়া থাকে যথা :—প্রথম পৃষ্ঠ মজ্জা হইতে বাহির হইবার সময় পঞ্জরের কোণে এবং ষ্টার্ণাম অস্থির সম্মুখে অর্থাৎ ইহার সমাপ্তি স্থলে ইত্যাদি।

প্লুরিষি ও নিউমোনিয়ার পার্থক্য।

প্লুরিষি।	নিউমোনিয়া।
ঘনং শীত।	একবার শীত।
শ্লেষ্মা গয়ার।	ইষ্টক চূর্ণের মত গয়ার।
চিড়িক বেদনা।	ডাল্ বেদনা।
বক্ষ বিস্তৃত হয়।	বক্ষ বিস্তৃত হয় না।
ভোক্যাল্ ফ্রিমিটাস থাকে না	ভোকাল ফ্রিমিটাসের আধিক্য।
হৃৎপিণ্ড, যকৃত্ ও প্লীহাচ্যুতি	কোন যন্ত্রই স্থানচ্যুত হয় না।
ফ্রিকসন শব্দ।	ক্রিপিটিসন্ শব্দ।

ভাবি ফল—নিম্ন লিখিত কতিপয় অবস্থা প্লুরিষি আরোগ্যের প্রতিকূল :—১। বক্ষের দুই দিকে প্লুরিষি, কারণ এরূপ হইলে প্লুরার টিউবাকুলোসিস্ রোগ বলিয়া বুঝা যায়। ২। অধিক দিন স্থায়ী উচ্চ ও প্রবল জ্বর। ৩। শীঘ্র রসাধিক্য, জ্বর এবং বিবিধ যন্ত্রের স্থানচ্যুতি। এরূপ হইলে ৪।৬ সপ্তাহের পর শোষন আরম্ভ হইয়া থাকে। ৪। শ্বাস রোধের আশঙ্কা। ৫। পায়োনিমোথোরাক্স অর্থাৎ ব্রংকাই নলীর ভিতর মুখ হওয়া। অথবা ইণ্টার কষ্টাল্ স্থান দিয়া পূঁয বহির্গমন। ৬। পূর্ব্বে রস বাহির হওন বন্ধ সত্বেও যদি আবার শীঘ্রং প্রচুর রস বাহির হয়।

Prognosis: unfavorable under the following: 1. Double pleurisy, 2. Continued high fever. 3. Rapid increase of effusion &c, 4. Impending suffocation, 5. Pyo-pneumothorax. 6. Rapid increase of effusion after previous suppression,

TREATMENT.

চিকিৎসা।

একোনাইট—সামান্যও তরুণ প্লুরিষি রোগ ঠাণ্ডায় উৎপত্তি হইলে এবং তৎসঙ্গে ঘনং শীত, জ্বর, অত্যন্ত পিপাসা, দ্রুতনাড়ী, শুষ্কগাত্র, উদ্বেগজনক অস্থিরতা, বক্ষে চিড়িক বেদনা, দক্ষিণ

Aconite: 1st stage with fever, inability, to lie on the right side, dry hacking cough.

পার্শ্বে শয়ন করিতে অক্ষমতা, শুষ্ক ও খক খকে কাশি প্রভৃতি ইহার প্রযোগ লক্ষণ। আঘাতজনিত প্লুরিষি ও অন্যান্য কারণ জনিত প্লুরিষির প্রথমাবস্থায় বিশেষ ফলপ্রদ হয়।

Arnica : after mechanical injuries with bruised feeling in chest and expectoration of bloody foam, nervous persons, dry cold extremities, head hot rest of the body cold, feeling of hard bed.

আর্নিকা—আঘাতজনিত প্লুরিষি তৎসঙ্গে বক্ষে মোচড়ানিবৎ বেদনা, সর্ব্বাঙ্গেও ঐরূপ বেদনা, রক্ত মিশ্রিত ফেনার মত গয়ার ওঠা, স্নায়বিক ধাতু, শুষ্ক ও শীতল হস্ত পদ, মস্তক গরম, কিন্তু অবশিষ্ট অঙ্গ ঠাণ্ডা, শয্যা কড়া বোধ, সর্ব্বদা পার্শ্ব পরিবর্ত্তন। ইহার পর এসিড্-সাল্ফ উত্তম খাটে।

Arsenic. rapid and profuse serous effusion great dyspnoea and little pain, weak and cachectic people, drunkards, intermittent paroxysm, pyothorax.

আর্সেনিক—ইহা অত্যন্ত দুর্ব্বলতায় ও হিমাঙ্গ অবস্থার আশঙ্কায় ব্যবহৃত হয়। দুর্ব্বল ম্যালেরিয়া পীড়িত ও মদ্যপায়ী ব্যক্তির ধাতুতে ইহা বিশেষ উপযোগী হইয়া থাকে। এম্প্যাইমার ইহা অতি উৎকৃষ্ট ঔষধ। শীঘ্র২ও প্রচুর পরিমাণ সিরাস রস সঞ্চয়, অত্যন্ত শ্বাসকষ্ট ও অল্প বেদনা, এবং পর্য্যায়শীলতা ইহার প্রযোগ লক্ষণ।

Apis : dyspnoea, scanty urine,

এপিস্—প্রবল শ্বাসকষ্ট, শয়ন করিতে অক্ষমতা, ও স্বল্পমূত্র ইহার প্রযোগ লক্ষণ। ডাক্তার যোসেট বলেন যে ক্যান্থারিস দ্বারা রস শোষিত না হইলে ইহা বিশেষ উপযোগী হইয়া থাকে।

Belladonna inflammation ascends from diaphragm, plethoric and lymphatic persons tuberculous women, with exanthemata, typhoid puerperal fevers &c

বেলেডনা—ডায়াফ্রাম হইতে প্রদাহ ওঠা, মোটা ও লিম্ফাটিক ধাতু, টিউবার্কুলাস্ নারী, তৎসঙ্গে প্রলাপ; এক-জ্যান্থেমেটা, টাইফয়েড অথবা পিউর্পিরাল জ্বরের সহিত প্লুরিষি প্রভৃতি ইহার প্রযোগ লক্ষণ।

Bryonia after aconite, less violent in attack, early sign of effusion stitches worse on motion, better when lying on the affected side, white tongue great thirst,

ব্রায়োনিয়া—একোনাইট সেবনের পরও যদি প্লুরিষি বৃদ্ধি পায় ও প্রবল ভাবে রোগ আরম্ভ হয়, এবং শীঘ্র২ প্লুরা মধ্যে রস সঞ্চয় হয় তবে ইহা বিশেষ উপযোগী হইয়া থাকে। বক্ষে চিড়িক বেদনা, অল্প নড়িলেই বৃদ্ধি, আক্রান্ত দিক চাপিয়া শয়ন করিলে উপশম (সর্ব্বদা এই নিয়ম নহে) সাদা বর্ণের জিহ্বা, অত্যন্ত পিপাসা ও অধিক জল পান প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

ক্যাল্ক-কার্ব্ব—ইহা দ্বারা শীঘ্র২ রস কমিয়া গিয়া থাকে। Calc-Carb, diminish exudation

এস্ক্লিপিয়াস্-টিউবারোষা—দক্ষিণ বক্ষে অত্যন্ত বেদনা, বাম বক্ষের নিম্নভাগে বিশেষ শ্বাসকষ্ট, শুষ্ক ও আক্ষেপিক কাশি ইহার প্রয়োগ লক্ষণ। Asclepias-tuber: acute pain in right chest dyspnoea, dry and spasmodic cough.

ক্যান্থারিষ—প্রচুর পরিমাণ সিরাস্ রস বাহির হওন, ঘন২ কাশি, শ্বাসকষ্ট, হৃদস্পন্দন, প্রচুর ঘর্ম্ম, অত্যন্ত দুর্ব্বলতা, মূর্চ্ছার ভাব ও স্বল্প প্রস্রাব ইহার প্রয়োগ লক্ষণ। ডাক্তার কেরার প্রথমতঃ ৩য় ক্রমে ব্যবস্থা করিতে বলেন, ইহাতে শীঘ্র২ উপকার না হইলে ২য়, ১ম এমন কি মূল প্রবিষ্ট প্রয়োগের ব্যবস্থা করিয়াছেন। Cantharis: profuse serous exudation, frequent cough dyspnoea palpitation, profuse sweat, great weakness, tendency to syncope scanty urine, dose 3, 2, 1 or even the mother tinct

কার্ব্বোভেজ—পূরা মধ্যে পূয, অথবা রসানির মত পূয, ক্ষয়কারী জ্বর, চোপসান মুখ, শুষ্কতা এবং দুর্ব্বলতা ইহার প্রয়োগ লক্ষণ। Carbo-veg, pus or ichorous discharge, hectic fever, sunken countenance, wasting, prostration,

কল্চিকাম—লাল ও স্বল্প প্রস্রাব, প্রস্রাবে এল্বুমেন, বাতের ধাতু, টকগন্ধ যুক্ত ঘর্ম্ম হইলেও রোগের উপশম না হওয়া প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। Colchicum red and scanty urin, containing albumen, gouty constitution, sour sweat without relief

ডিজিটেলিস্—প্রচুর সিরাস রস বাহির হইলে ইহা বিশেষ উপযোগী হয়। বাত জনিত প্লুরিসি রোগে ইহা ব্রায়োনিয়ার পরই প্রধান ঔষধ। Digitalis abundant serous effusion, next to Bry in rheumatic pleurisy,

হেপার সাল্ফার—পুরাতন প্লুরিষি রোগে সিরাম পূয হইলে ইহা আর্সেনিক ও সাইলিসিয়ার সহিত বিশেষ উপযোগী হইয়া থাকে। পর্য্যায় ক্রমে ক্ষয়কারী জ্বর, ঈষৎ পীত ও কটা Hepar-sulph: empyema (with ars, and silicea), intermittent paroxysm of hectic fever, yellowish brown face

scrofulous and lymphatic individuals.

বর্ণের মুখমণ্ডল, এস্ক্রফুলা ও লিম্ফাটিক ধাতু প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Iodine: helps sulphur in the absorption of serous and plastic exudation.

আয়োডিন্—সিরাস্ ও প্লাষ্টিক রস সঞ্চয় হইলে ইহা সাল্ফার ঔষধের সহিত শোষণের বিশেষ সহায়তা করিয়া থাকে।

Kali-Carb: stitch on the left chest, palpitation, dry cough worse about 3. p. m. epigastric pain, throbbing and stitches in back up to the neck.

কেলি-কার্ব্ব—বাম বক্ষে প্রবল ও চিড়িক বেদনা (ব্রায়োনিয়া ব্যর্থ হইলে), হৃদস্পন্দন রাত্রি ৩টার সময় শুষ্ক কাশির বৃদ্ধি, পাকাশয়ে বেদনা, পৃষ্ঠদেশ হইতে গ্রীবা পর্য্যন্ত দপদপে চিড়িক বেদনা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Kali-Hydr.: pleuritic exudation.

কেলি হাইড্রিয়োডিকাম্—প্লুরিসির রস শোষণ জন্য ইহা ব্যবহৃত হয়।

Laurocera.: drunkards and melancholic persons, continued and suffocating cough in the begining pleuritic pain soft and quick pulse.

লরোসিরেসাস্—মাতাল ও বিষাদ প্রিয় ব্যক্তির প্রথম হইতে ক্রমাগত ও দমবন্ধকারী কাশি, প্লুরার এক স্থানে প্রবল বেদনা এবং কোমল ও দ্রুত নাড়ী ইহার প্রয়োগ লক্ষণ।

Mercurius: pus from the begining, frequent chills worse when feet touches a cool place in bed, burning heat, copious sweat, persisting pain after fever, great thirst, stitches in right chest through the back when coughing and sneezing, syphilitic rheu-

মার্কুরিয়াস—প্রথম হইতেই প্লুরার ভিতর পূয সঞ্চয়, ঘন২ শীত বোধ, পরে জ্বালাকর তাপ, প্রচুর ঘর্ম্মেও উপশম বোধ হয় না; জ্বর ত্যাগ হইলেও বেদনা থাকে, শয্যার কোন এক শীতল স্থানে পা ঠেকিলেই শীত বোধ, প্রচুর তৃষ্ণা, কাশিতে অথবা হাঁচিতে পৃষ্ঠ পর্য্যন্ত চিড়িক বেদনা, দক্ষিণ দিকে রোগের আক্রমণ; উপদংশ, বাত, ব্রংকাইটিস্, পাকাশয়, অন্ত্রের সর্দ্দি

ও ন্যাবা রোগের সহিত প্লুরিষি প্রভৃতি লক্ষণে ইহা বিশেষ উপযোগী হইয়া থাকে।

matic, bronchitic gastric or intestinal catarhal and icteric patients.

নাইট্রিক-এসিড্—বৃদ্ধ ব্যক্তির পক্ষে, বেদনা ছাড়িলে নাড়ীর বেগ বৃদ্ধি পায়, অত্যন্ত দুর্ব্বলতা এবং উদরাময় প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Nitric-acid: old people, pain abates but pulse increases, great weakness and diarrhœa.

ফসফরাস্—প্লুরা প্রদাহে শুষ্ক ও টাইট্ কাশি, সন্ধ্যায় বৃদ্ধি, বক্ষের চতুর্দ্দিকে চাপ বোধ, প্লুরিষির সহিত হৃদরোগ (দক্ষিণ দিকের), ও মূত্র গ্রন্থির রোগ বা ব্রাইট্ রোগ, ব্রংকাইটিস্ এবং শেষে পূঁয সঞ্চর প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Phosphorous: dry tight cough, constriction, with heart and kidney disease, bronchitis, and empyema.

রাসটক্স—শৈত্য ও মোচড়ান বা টান ধরা, ভার বহন, ঘুসোঘুসী করা প্রযুক্ত প্লুরিষি; তৎসঙ্গে জিহ্বার অগ্রভাগ লালবর্ণ, মুখের ও নাকের চতুর্দ্দিকে জর ফোট, অস্থিরতা ও বেদনা ইহার প্রয়োগ লক্ষণ। ইহা পেরিটোনাইটিস রোগে অধিক উপকার করিয়া থাকে।

Rhustox: from exposure straining, and lifting; tip of tongue red, hydroa on lips and nose, restlessness and pain.

সেনেগা—পুরাতন প্লুরাইটিস্, তৎসঙ্গে হৃদরোগ অথবা যক্ষ্মা রোগ, সার্ব্বাঙ্গিক শোথ, প্রচুর শ্লেষ্মা সত্ত্বে অতি কষ্টে শ্লেষ্মা ওঠা, বক্ষে টাইট বোধ ও জ্বালা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Senega: chronic pleurisy with heart disease and phthisis; with anasarca copious secretion but difficult expectoration, tightness and burning in chest.

স্কুইলা—বাম পার্শ্বে চিড়িক বেদনা, অল্প২ গলা ঘড়ঘড়ানি, কাশিতে২ নিদ্রাভঙ্গ, বামপার্শ্বে শয়ন করিতে অক্ষমতা দন্তে২ ঘর্ষণ, ওষ্ঠ নড়ন, বাম ওষ্ঠে হলদে বর্ণের মামড়ী পড়া, উজ্জ্বল

Squilla: left side stitches, short rattling cough disturbing sleep, grating of teeth, twitching of lip with thick yellow crusts, red cheeks, sweat on forehead red tip

of tongue with yellowish coating on the back part, Sulphur,: follows well after Bry & Rhus; steady left sided pain extending from below upwards, arthritic constitution; brightred lip fibranous Pleuro-Pneumonia, Tart-emet pleuro-pneumonia, dyspnoea, palpitation tingling and pinching in the pit of stomach œdema on the healthy side, Other measures hot fomentations, hot linseed poultices, mustard plasters, adhesive plasters, paracentesis thoracis in chronic pleurisy and empyema by means of pneumatic aspirator, needle to be inserted behind, in a line running perpendicular from the scapula and two inches above the normal base line of the lung.

লাল বর্ণ বদন মণ্ডল, কপালে প্রচুর ঘর্ম্ম, জিহ্বার অগ্রভাগ লাল কিন্তু পশ্চাদ্দেশ হরিদ্রা বর্ণ ইত্যাদি ইহার প্রযোগ লক্ষণ।

সাল্‌ফার—প্লুরিষি রোগে ব্রায়োনিয়া অথবা রাসটক্স সেবনের পরও যদি রস শোষণের বিলম্ব থাকে তবে সাল্‌ফার প্রয়োগ করিলে শোষণের অত্যন্ত সুবিধা হইয়া থাকে। এক ভাবের বেদনা, বামপার্শ্বে আক্রমণ, নিম্নাংশ হইতে স্কাপুলা পর্য্যন্ত বেদনার বিস্তৃতি, প্লুরিষির সহিত বাত, উজ্জ্বল লাল বর্ণ ওষ্ঠ ও ফিব্রিনাস প্লুরো-নিউমোনিয়া প্রভৃতি লক্ষণে ইহা ফলপ্রদ।

টার্টার এমেটিক—প্রথম হইতেই প্লুরোনিউমোনিয়া, শ্বাসকষ্ট বশতঃ উঠিয়া উপবেশন, হৃদস্পন্দন, পাকাশয় গহ্বর মধ্যে চিন চিন করা অথবা খিমচিকাটা, এবং সুস্থ দিকে শোথ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

অন্যান্য উপায় দ্বারা চিকিৎসা—প্লুরিষির তরুণ অবস্থায় বক্ষে অত্যন্ত কর্ত্তনবৎ বেদনা থাকিলে তথায় গরম জলের সেঁক ও গরমং পুল্টিস প্রয়োগ করিলে অথবা রাই সরিষার পালাস্ত্রা বসাইলে বিশেষ উপকার হইয়া থাকে। কয়েক ঘণ্টার মধ্যে বিশেষ উপকার না হইলে বক্ষের উপর চটচটে পালাস্ত্রা দ্বারা বক্ষ টাইট করিয়া জড়াইয়া রাখিলেও বিশেষ উপকার হয়।

প্লুরামধ্যে রস সঞ্চয় হইয়া যদি দমবন্ধ না হয় তবে উহা ঔষধ প্রয়োগ দ্বারা শোষণের চেষ্টা করা কর্ত্তব্য। কিন্তু পুরাতন প্লুরিষিতে অতিরিক্ত রস সঞ্চয় হইলে অথবা প্লুরার ভিতর পূঁয জমিলে অর্থাৎ এম্পাইমা বশতঃ শারীরিক অত্যন্ত দুর্ব্বলতায়, উদ্বেগ জনক ও দ্রুত শ্বাস প্রশ্বাস, দুর্ব্বল নাড়ী, ও ফেকাসে আকৃতি প্রভৃতি লক্ষণ প্রকাশ পায় তখন এস্পিরেশন প্রণালী দ্বারা বক্ষ ফুটাইয়া রস বা পূঁয বাহির করিয়া দিবে। বক্ষ বিদীর্ণ করিবার

সময় প্লুরার মধ্যে ভূবায়ু প্রবিষ্ট না হয় এরূপ সতর্ক থাকিতে হইবে। কারণ প্লুরার ভিতর রস থাকিলে যদি বক্ষ ফুটাইবার সময় বায়ু প্রবিষ্ট হয় তবে উহা শীঘ্র পূঁয হইয়া যায়। স্কাপুলার নিম্ন কোণ হইতে সোজা লাইন ফুসফুসের নিম্নদেশ পর্য্যন্ত টানিয়া সেই লাইন মধ্যে সূঁচ বিদ্ধ করিতে হয়। একেবারে সমস্ত তরল পদার্থ বাহির করিবে না। কারণ আংশিক তরল পদার্থ বাহির হইলেও প্রকৃতি অবশিষ্ট রস বা পূঁয শোষণের সহায়তা করিয়া থাকে। পূয সঞ্চয় হইলে, ঐরূপ সাবধানতার প্রয়োজন থাকেনা। পুনর্ব্বার পূয সঞ্চয় হইলে ইণ্টার কষ্টাল প্রদেশে ছুরী দ্বারা কাটিয়া ড্রেনেজ নল দ্বারা পূয বাহির করিয়া দিবে। যতদিন না ক্ষত ভাল হয় ও শোষ পুরিয়া আইসে, ততদিন ড্রেনেজ নল রক্ষা করিয়া উপযুক্ত ব্যাণ্ডেজ দ্বারা বক্ষ বাঁধিয়া রাখিবে। প্রত্যহ ব্যাণ্ডেজ খুলিয়া এবং কার্ব্বোলিক বা স্যালিসিলিক এসিড, আয়োডিন অথবা কণ্ডিজ ফ্লুয়িড দ্বারা ধৌত করিয়া দিবে। প্রথমে পরিশ্রুত জল গরম করিয়া প্লুরা গহ্বর ধৌত করিয়া পরে উক্ত দ্রব্য গুলির দ্রাবন দ্বারা ক্ষত ধৌত করান ভাল। এইরূপ গহ্বর মধ্যে গ্রানুলেসন উৎপন্ন হইয়া ক্ষত ও শোষ ভাল হইয়া থাকে। অস্ত্র চিকিৎসার কালে অথবা রোগী দুর্ব্বল হইয়া পড়িলে পুষ্টিকর আহার ও উত্তেজক সুরা ব্যবস্থা করিবে। কারণ, এইরূপ করিলে কেবল যে রোগী সবল থাকে তাহা নয়, শোষণ কার্য্যেরও বিলক্ষণ সহায়তা হইয়া থাকে। আহারের সহিত জলীয় বা তরল পদার্থ সেবন নিষিদ্ধ।

Precaution should be exercised to prevent entrance of air in case of serum-accumulation, else the bland serous fluid will readily become purulent.

When there is pus the same care is unnecessary.

When second evacuation is required make a free incision through an intercostal space and empty through a double drainage tube.

The tube should be left in situ, and secured, the pleural cavity can be irrigated each day with a solution of antiseptic lotions, ultimately the cavity heals by granulation.

Besides the patient should be fed rather liberally and often stimulants are required not only for strengthening but to favor absorption; liquid food is prohibited.

HYDROTHORAX.

হাইড্রোথোরাক্স।

Synonym: dropsy of the pleura. Definition: effusion of serum in the pleural cavity (bilateral), the result of general dropsy from renal or cardiac disease. Pathological anatomy: collection of serum (bilateral) no inflammation, serum clear, yellowish or greenish, sometimes reddish, contains no fibrinoussubstance but great deal of albumen(?) pleura looks pale lung becomes *œdematous* and is pressed towards the spine. *Causes:* obstraction from cardiac and renal disease; thin and watery blood from Bright's disease; anaemia; intermittent cachexia; cancer or tubercular deposit in pleura; general dropsy.

অপর নাম—ইহাকে প্লুরা গহ্বরের শোথ বলা গিয়া থাকে। অর্থাৎ প্লুরা গহ্বর মধ্যে জল সঞ্চয় হইয়া থাকে।

পরিচয়—প্লুরা গহ্বরে সিরাম সঞ্চয় হয়। হৃদরোগ বশতঃ সাধারণ শোথ রোগ হইলে অথবা মূত্র গ্রন্থির রোগ থাকিলে ঐরূপ ঘটে। বক্ষের দুই দিকেই জল জমিয়া থাকে।

নৈদানিক পরিবর্ত্তন—প্লুরাতে প্রদাহের চিহ্ন প্রকাশিত না হইয়া উহার ভিতর সিরাম সঞ্চিত হইয়া থাকে। এক সময়ে উভয় বক্ষেই জল জমে, কখন কখন এক দিকে অপর, দিকাপেক্ষা অধিক জল জমিয়া থাকে। উক্ত সিরাম দেখিতে পরিষ্কার, অল্প পীত বর্ণ অথবা সবুজবর্ণ। রক্ত মিশ্রিত হইলে উহা কখন অল্প লাল বর্ণেরও হইয়া থাকে। প্লুরিষির রসে যেরূপ ফাইব্রিনাস্ পদার্থ থাকে, হাইড্রোথোরাক্স রসে সেরূপ ফাইব্রিনাস পদার্থ আদৌ দৃষ্ট হয় না, কিন্তু তদপরিবর্ত্তে প্রচুর এল্‌বুমেন সঞ্চিত হইয়া থাকে।

প্লুরা ফেকাসে থাকে, কারণ, উহাতে আদৌ প্রদাহ লক্ষণ প্রকাশ পায় না। প্লুরার যে স্থানে অধিক রস বা জল বাহির হয় সেই স্থানের ফুসফুস অংশ অত্যন্ত চাপ পাইয়া থাকে। এই রোগে ফুসফুসও কিঞ্চিৎ শোথ গ্রস্ত হইয়া পড়ে এবং রসের চাপে উহা মেরুদণ্ডের দিকে ঝুঁকিয়া থাকে।

কারণ—হৃদপিণ্ড এবং মূত্রগ্রন্থির রোগ বশতঃ ফুসফুস মধ্যে শিরার রক্ত স্রোত বাধা প্রাপ্ত হইলে, ব্রাইটস্ রোগ প্রভৃতি কারণে শারীরিক রক্ত পাতলা ও জলবৎ হইলে; কোন প্রকার প্লীহা ও যকৃৎ রোগ হইলে; রক্তহীনতায় এবং পর্য্যায়শীল জ্বরে শরীর অত্যন্ত খারাপ হইলে ফুসফুসে জল জমিয়া থাকে। ফুসফুসে ক্যান্সার ও টিউবার্কেল সঞ্চয় হইলে তরুণ ভাবে প্লুরার ভিতর

জল জমিয়াও থাকে। প্লুরার ভিতর জল জমিলে শারীরিক অন্যান্য স্থানেও শোথ হইয়া থাকে।

লক্ষণ—ফুসফুসে রক্ত সঞ্চালন ক্রিয়ার বাধাহেতু প্রবল শ্বাসকষ্ট হইয়া থাকে। শয়ন করিলে শ্বাসকষ্ট অত্যন্ত বৃদ্ধি পাইয়া থাকে এবং উঠিয়া বসিলে উহার উপশম হইয়া থাকে। অত্যন্ত জল জমিলে পাশ ফিরিবার সময় দমবদ্ধ হয়। এই রোগে প্লুরিসি রোগের মত সীমাবদ্ধ স্থানে জল সঞ্চয় হয় না। সমস্ত প্লুরা ব্যাপিয়া জল জমিয়া থাকে।

Symptoms: dyspnœa, worse on lying, better on sitting.

ভৌতিক চিহ্ন দর্শন—বক্ষ ফুলিয়া বড় হয়।

স্পর্শন—বক্ষে হস্ত রক্ষা করিলে ভোকাল্ ফ্রিমাইটস পাওয়া যায় না এবং এই রোগে হৃদপিণ্ড, যকৃৎ ও প্লীহার স্থানচ্যুতি হয় না।

Physical signs: enlargement of the chest. No vocal fremitus, no displacement of organs.

আঘাত করণ—যতদূর রস থাকিবে ততদূর ডাল শব্দ বাহির হইবে।

Dulness on percussion over the fluid

আকর্ণন—যে স্থলে ফুসফুস জল দ্বারা চাপা পড়ে তথায় কিছুই ভেসিকিউলার শ্বাস প্রশ্বাস শব্দ শ্রবণ করা যায় না।

ফ্রিকসন শব্দ থাকে না। টিউবার্কেল ও ক্যান্সার সংশ্লিষ্ট হইলে প্রায়ই একদিকে জল জমিয়া থাকে। সাধারণতঃ দুই দিকেই জল জমে এবং অধিক পরিমাণ জল জমিলে বক্ষ আলোড়ন প্রনালী দ্বারা টল টল শব্দ শ্রবণ করা গিয়া থাকে। মেরুদণ্ডের নিকট ব্রংকিয়াল্ শ্বাস প্রশ্বাস শব্দ শ্রবণ করা যায়।

Absence of vesicular breathing and of friction sound, bronchial breathing near the spine.

TREATMENT.

চিকিৎসা।

এপিস্—অত্যন্ত কষ্ট, শয়ন করিতে অক্ষমতা, শৈত্য ও তৃষ্ণার অভাব, কাল বর্ণের প্রস্রাব প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ। স্কার্লেট জ্বর ইহার কারণ।

Apis: Oppression, no thirst dark urine, cause: cold, scarlet fever.

Apo-caun: inability to speak, catching of breath, vomiting, suppressed urine
Asclepias syr
Arsenic: dyspnoea, worse from exertion, lying down and on turning in bed, anxiety, palpitation, dryness, drinking little at a time
Asparagus: old people with heart disease.
Bryonia: side pain, cough, contraction of diaphragm, vomiting, splitting headache worse o motion, constipation frequent desire to water but only a few drops flow
Colchicum: asthma, swelling of hands and feet, constant urging to pass water but little is voided with great pain, heart disease due to acute rheumatism.
Digitalis: intermittent pulse, pale face cold skin oedema, difficult unination cyanosis fainting.

এপোসাইনম্‌ক্যানাবিনাম্‌—কথা কহিতে অক্ষমতা, শ্বাস প্রশ্বাসে টেনেধরবার মত বেদনা, পাকাশয়ের প্রবল উত্তেজনা বশতঃ জলপান করিলেই বমন ও প্রস্রাব বন্ধ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

এসক্লিপিয়াস-সাইরিকা—আরক্ত জ্বরের পরে এই রোগ হইলে উহা উপকার করিতে পারে।

আর্সেনিক—শ্বাস কষ্ট, পরিশ্রম করিলে বৃদ্ধি, রাত্রিতে সাবধানে শয়ন করিলেও শ্বাস অবরোধ বোধ,শয্যায় পাশ ফিরিলেই শ্বাস কষ্ট, এতদ্ব্যতীত উদ্বেগ, হৃদস্পন্দন, শুষ্কতা ঘনঽ ও অল্প পরিমাণ জল পান।

এসপ্যারাগাস—বৃদ্ধ ব্যক্তির হৃদরোগ বশতঃ বুক্ষে জল জমিলে ইহা উপযোগী হয়।

ব্রায়োনিয়া—পার্শ্ব বেদনা,কাশি, ডায়াফ্রাম কুঞ্চন, বমন, মস্তকে ফেটে যাবার মত শিরঃ পীড়া, নড়িলে বৃদ্ধি, মলবদ্ধ, ঘনঽ প্রস্রাব চেষ্টা হইলেও ফোটাঽ মূত্র ত্যাগ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

কলচিকাম্‌—হাঁপ, হস্ত ও পদে শোথের মত ফুলা সর্ব্বদা প্রস্রাব করিবার চেষ্টা, মূত্রথালীর আক্ষেপ, অতি কষ্টে অল্প মূত্র ত্যাগ এবং তরুণ বাতরোগ প্রযুক্ত হৃদরোগ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

ডিজিটেলিস্‌—পর্য্যায়শীল নাড়ী, ফ্যাকাসে মুখ, শীতল গাত্র, সার্ব্বাঙ্গিক শোথ, কষ্টকর প্রস্রাব, নীলবর্ণ ও মূর্চ্ছা প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

হেলিবোরাস,—সহজে বুঝিতে না পারা, বিলম্বে উত্তর প্রদান, ফ্যাকাসে মুখ, অন্ত্র মধ্যে খামচানি, এবং আটার মত হড়হড়ে ভেদ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Helliborus :- slow comprehension, slow answer, pale face, griping, jelly like diarrhœa.

কেলিকার্ব্ব—সাঁইসাঁই শ্বাস প্রশ্বাস, রাত্রি ৩টার সময় অত্যন্ত কষ্ট বোধ, ভ্রূ ও চক্ষুর উপর পাতার মধ্যবর্ত্তী স্থানে শোথের মত ফুলা (দেখিতে থলীর মত) মাইট্রাল ভাল্‌ভের রোগ বশতঃ রক্তের পশ্চাৎগতি এবং শুষ্ক গাত্র থাকিলে ইহা ব্যবহার্য্য।

Kali-carb. whizzing. oppression at 3 A. M. œdoma of the upper eyelids, insufficiency of mitral valves, dryness of the skin

ল্যাকেসিস,—শ্বাস বন্ধকারী আক্ষেপ, নিদ্রাভঙ্গে হাত পা ছোঁড়া, নীলবর্ণ, যকৃৎ ফোলা, কাল বর্ণের প্রস্রাব ও দুর্গন্ধযুক্ত মল প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Lachesis : suffocating fits, waking, cyanosis, swollen liver, black urine, offensive stools

লাইকোপডিয়াম্‌—পৃষ্টের উপর শয়ন করিলে শ্বাস কষ্টের বৃদ্ধি, কোষ্টবদ্ধ, বাম ইলিয়াক্‌ প্রদেশে গড়গড়ানি, লাল বর্ণের প্রস্রাব এবং নিদ্রাভঙ্গে খিটখিটে মেজাজ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Lycopodium : dyspnœa, worse when lying on the back, constipation, rumbling in left iliac red urine, cross when awake

মার্কুরিয়াস,—আরক্ত জ্বরের পরবর্ত্তী অসুখ, সার্ব্বাঙ্গিক শোথ, ঘর্ম্মেও উপশম হয় না, শুষ্ক ও কঠিন কাশি, এবং জননেন্দ্রিয়ের প্রদাহ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

Mercurius after scarlatina all over œdema, sweat without relief, dry hard inflamed genitals

স্কুইলা—প্রবল মূত্র বেগ অথচ স্বল্প ও কালবর্ণের মূত্র ক্রমাগত কাশি, শ্লেষ্মা ওঠা ও সার্ব্বাঙ্গিক শোথ ইহার প্রয়োগ লক্ষণ।

Squilla : strong urging to urinate scanty and dark urine continuous cough, mucous sputa, œdema all over

সেনেগা—তরল ও খক্‌খকে কাশিতে অল্প গয়ার উঠিয়া থাকে।

Senega : loose hacking cough.

Spigelia: dyspnœa, can lie on right side, worse on morning, anxiety, palpitation
Sulphur sudden suffocation at night when turning, going of when sitting, constipation, morning diarrhœa, liver compaint, red lips.
Tart-emet rattling but not much phlegm, drowsiness, cyanosis.

স্পাইজিলিয়া—শয্যায় নড়িলে শ্বাসকষ্ট হয়। কেবল দক্ষিণ দিকে স্কন্ধ উচ্চ করিয়া শয়ন করিতে পারে। অল্প নড়িলে অথবা বাহু উত্তোলন করিলে শ্বাস রুদ্ধের সম্ভাবনা, তৎসঙ্গে উদ্বেগ হৃদ স্পন্দন প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

সালফার—রাত্রিকালে পাশ ফিরিতে গেলেই হঠাৎ দমবন্ধ, উঠিয়া বসিলে উপশম, কোষ্ঠবদ্ধ, অথবা প্রাতঃকালীন ভেদ, যকৃৎরোগ ও লাল বর্ণ ওষ্ঠ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

টার্টারএমেটিক্—বক্ষের ভিতর অত্যন্ত কর্কশ ভাবে ঘড়ঘড়ানি, যত ঘড়ঘড়ানি তত শ্লেষ্মা সঞ্চয় হয় না, তন্দ্রা ও নীল বর্ণ প্রভৃতি ইহার প্রয়োগ লক্ষণ।

HAEMOTHORAX.

প্লুরামধ্যে রক্তস্রাব।

Causes:
1. Pleurisy
2. Scurvy.
3. Purpura
4. Rupture from injury or perforation during operation
5. Bursting of an aneurism.
6. Carcinoma of lung
7. Diffuse pulmonary hæmorrhage
8. Cancer of pleura.
9. Leucocythæmia.

কারণ—১। কোন প্রকার প্রদাহিক কারণ বশতঃ প্লুরা মধ্যে রস বাহির হইলে তৎসঙ্গে উহার ভিতর অল্প অথবা বিস্তর রক্ত মিশ্রিত হইয়া থাকিতে পারে। ২। রোগীর স্কর্বুটাস্। ৩। পার্পুরা ব্যাধির অবস্থা থাকিলে সিরামের সহিত রক্ত থাকিতে পারে। ৪। আঘাত বশতঃ কোন রক্তবাহী নাড়ীর স্বতঃবিদারণ অথবা অস্ত্র করণ বশতঃ উহার কর্ত্তন বা ছিদ্র হওন (বক্ষে খোঁচা বিদ্ধ হওন, বক্ষে বন্দুক বা কামানের গুলি প্রবিষ্ট হওন, পঞ্জরাস্থি ভাঙ্গিয়া যাওয়া, ও মোচড়ান প্রভৃতি এই শ্রেণীর অন্তর্গত হয়)। ৫। এনিউরিজম ফাটিয়া গেলে প্লুরায় রক্ত জমিতে পারে। এক জনের ডায়াফ্রাম পেশীর ২স্তম্ভ মধ্যবর্ত্তী স্থানের এওয়ার্টিক এনিউরিজম ফাটিয়া উহার বাম প্লুরা গহ্বরে রক্ত জমিয়া ছিল। ফুসফুসে কর্কট রোগ হইলে উহা বিদীর্ণ হইয়া

প্লুরার রক্ত জমিতে পারে। ফুসফুসের ভিতর বিস্তৃত ভাবে রক্ত-স্রাব হইলে সেই রক্ত প্লুরায় ঢুকিতে পারে। ৮। প্লুরার ভিতর ক্যান্সার বা কর্কট রোগ হইলেও এইরূপ রোগ হয়। ৯। লিউকোসিথিমিয়া রোগে প্লুরার ভিতর কখন২ রক্ত সঞ্চয় হইয়া থাকে।

লক্ষণ—রক্ত ক্রমাগত ফুসফুসকে চাপিতে থাকে, সুতরাং অত্যন্ত শ্বাসকষ্ট হইয়া থাকে। এতদ্ব্যতীত, ফেকাসে ও চোপসান আকৃতি, পিপাসা, কর্ণে গর্জ্জন ও মূর্চ্ছা, চক্ষুর সম্মুখে অন্ধকার দর্শন ও শীতল গাত্র প্রভৃতি লক্ষণ প্রকাশ পাইয়া থাকে।

Symptoms: dyspnœa, pallor, pinched features, thirst, ringing in ears, fainting, darkness before the eyes, cold skin.

ভৌতিক চিহ্ন—সমস্তই হাইড্রোথোরাক্সের মত।

Physical signs:

চিকিৎসা—বাহ্য কারণে রক্ত সঞ্চয় হইলে একোনাইট্, আর্ণিকা, ক্যালেণ্ডুলা, ইবিজিবিন্, হ্যামেমেলিস্ ও বাসটক্স প্রভৃতি লক্ষণানুসারে ব্যবহার করিতে হয়। ইহাতে রক্ত বন্ধ না হইলে বিদীর্ণ রক্তবাহী নাড়ী বাঁধিবার চেষ্টা করা কর্ত্তব্য। আভ্যন্তরিক কারণে রক্তপাত হইলে রোগীকে চুপ করিয়া শয়ন করাইয়া রাখিবে। আর্সেনিক অতি উৎকৃষ্ট ঔষধ। রক্তস্রাব বশতঃ দুর্ব্বলতায় চায়না বিশেষ উপযোগী। এতদ্ব্যতীত রক্ত ওঠার যাবতীয় ঔষধ বিচার করিয়া ব্যবস্থা করিতে হয়।

Treatment, according to external and internal causes.

PNEUMOTHORAX.

প্লুরাগহ্বরে বায়ুসঞ্চয়।

পরিচয়—প্লুরা গহ্বরে বায়ু সঞ্চয় বশতঃ প্লুরার প্রদাহ, তৎসঙ্গে তীক্ষ্ণ বেদনা, কাশি ও শ্বাসকষ্ট বর্ত্তমান থাকিলে উহাকে নিউমোথোরাক্স কহে।

Definition: air in pleura with inflammatory symptoms, pain, cough and dyspnœa.

Causes: 1 From perforation of lung owing to rupture of a Phthisical cavity, also when in connection with emphysema, abscess, gangrene hydatid, cancer, whooping cough 2, From pleura into the lung when there is empyema and abscess in chest wall 3, Injuries from without as laceration by fractured rib or severe contusion, 4, Stomach or esophagus may rupture into the pleura,

কারণ—১। থাইসিস্ রোগের গহ্বর বিদীর্ণ হইলে ফুসফুস হইতে প্লুরার ভিতর বায়ু প্রবিষ্ট হয়। থাইসিস্ রোগের প্রথমাবস্থায় ও অতি কদাচ ফুসফুস হইতে প্লুরার ভিতর বায়ু প্রবিষ্ট হইয়া থাকে। এম্ফাইসিমা, স্ফোটক, গ্যাংগ্রিন্, হাইডাটিড্ ও ক্যান্সার রোগেও ফুসফুস বিদীর্ণ হইয়া প্লুরায় বায়ু প্রবিষ্ট হয়। হুপিং কাশি রোগে প্রবল কাশি বশতঃ বায়ু কোষ বিদীর্ণ হইয়া প্লুরার ভিতর বায়ু প্রবেশ করে এবং প্লুরার নিম্নে বায়ু ও রক্ত সঞ্চয় হইলে উহারা প্লুরা বিদীর্ণ করিয়া তন্মধ্যে প্রবিষ্ট হইতে পারে। ২। এম্পাইমা (অর্থাৎ প্লুরার পূয সঞ্চয়) এবং বক্ষ প্রাচীরের স্ফোটক ভিতর দিকে ফাটিলে প্লুরার সহিত ফুসফুসের যোগ হয় সুতরাং প্লুরার ভিতর বায়ু আসিয়া উপস্থিত হয়। ৩। বাহির হইতে বক্ষ দেশ আহত হইলে, পঞ্জরাস্থি ভাঙ্গিয়া নিকটস্থিত গঠনকে ছিন্নবিচ্ছিন্ন করিলে এবং বক্ষে প্রবল আঘাত বশতঃ বক্ষ থেঁথলাইয়া গেলে প্লুরা মধ্যে বায়ু প্রবেশ করিতে পারে। ৪। পাকাশয় ও ইসোফেগাস কখন২ বিদীর্ণ হইয়া প্লুরার সহিত যোগ রাখিলে উহার ভিতর বায়ু প্রবিষ্ট হইয়া থাকে।

Anatomical characters gas may completely or partially fill the pleura, it excites inflammation and hydro, and hydro-pneumo thorax results

নৈদানিক পরিবর্ত্তন—প্লুরা মধ্যে যে গ্যাস থাকে উহাতে অক্সিজেন, কার্ব্বনিক এন্‌হিড্রাইড্, ও নাইট্রোজেন গ্যাস্ মিশ্রিত হইয়া থাকে। কখন২ সাল্‌ফুরেটেড্ হাইড্রোজেন জন্মিয়া উক্ত গ্যাসকে দুর্গন্ধযুক্ত করে। প্লুরা গহ্বরের সমস্ত প্রদেশে গ্যাস্ সঞ্চিত হইয়া ফুসফুসকে চাপিতে পারে অথবা সংযোগ বশতঃ স্থানে২ গ্যাস সঞ্চয় হইতে পারে। গ্যাস সঞ্চয় বশতঃ প্লুরাতে প্রদাহ উৎপন্ন হইতে পারে, এবং এই প্রদাহের নিয়মানুসারে প্লুরার ভিতর সিরাম অথবা পূঁয সঞ্চয় হইয়া থাকে, ঐরূপ স্থলে হাইড্রো-নিমোথোরাক্স ও পায়ো-নিমোথোরাক্স উৎপন্ন হইয়া থাকে।

ফুসফুস গহ্বর হইতেও প্লুরা মধ্যে পূয আসিয়া উপস্থিত হইয়া থাকে।

লক্ষণ—ছিদ্র হওয়া প্রযুক্ত নিমোথোরাক্স রোগে হঠাৎ অত্যন্ত পার্শ্ব বেদনা হয়, এবং কখন২ বোধ হয় যে যেন বক্ষের ভিতর কিছু ফাটিয়া তরল পদার্থ গড়াইতেছে। তৎপরে অত্যন্ত শ্বাসকষ্ট ও চমকানর মত লক্ষণগুলি প্রকাশ পাইয়া থাকে। কখন২ প্রবল কাশির পর উক্ত লক্ষণগুলি প্রকাশ পায়। ক্ষণ কালের জন্য শ্বাসকষ্ট কম হয়, অথবা অধিক বায়ু সঞ্চয় বশতঃ পূর্ণমাত্রায় ও দীর্ঘস্থায়ী শ্বাস বোধ উপস্থিত হইয়া থাকে। ঐ সময়ে ক্ষীণ স্বর, কখন২ স্বরভঙ্গ, ও কষ্টকর কাশি হইয়া থাকে। কাশিতে গয়ার ওঠে না। কখন২ আক্রান্ত দিকে চেতনাধিক্য হইয়া থাকে। দ্রুত ও দুর্ব্বলনাড়ী, দ্রুত শ্বাস প্রশ্বাস, উদ্বেগ এবং শ্বাস অবরোধ উপস্থিত হইয়া থাকে। প্রথমতঃ রোগী মস্তক উচ্চ করিয়া ডর্সাল ভার্টেব্রার উপর শায়িত থাকে ও সুস্থ বক্ষের দিকে শরীর হেলাইয়া থাকে। অথবা রোগী আপন জানু ও কনুয়ের উপর ভর দিয়া অবস্থিতি করে। ক্রমে প্লুরা মধ্যে রস সঞ্চার হইলে রোগী আক্রান্ত দিকে চাপিয়া শয়ন করিয়া থাকে।

Symptoms of perforative Pneumothorax: sudden intense pain in the side, sensation of something given way, and of fluid pouring out, dyspnœa, Shock, these may appear after a violent cough, feeble voice or aphonia, difficult cough, no expectoration, hyperæsthesia of the side, frequent and weak pulse, hurried breathing, anxiety, apnoea, dorsal decubitus with hand large, or kneeling posture, inclines to healthy side until fluid collects.

ভৌতিক চিহ্ন—১। বক্ষের আক্রান্ত দিক বিস্তৃত হয়। অনেক সময় একপ বাড়ে যে বুকে হাত দিলে সমস্ত চোস্ত বোধ হইয়া থাকে। ২। বক্ষের উপর শ্বাস প্রশ্বাস গতি থাকে না। ৩। ভোকাল ফ্রিমিটাস্ ক্ষীণ হয় অথবা আদৌ থাকে না। । ঠোকর মারিলে প্রথমতঃ ফাঁপা শব্দের আধিক্য হয়। এমন ক ধাতুবাদ্যবৎ অর্থাৎ এম্ফোরিক শব্দের মত শব্দ হয়, কিন্তু াতিশয় বায়ু সঞ্চার হইলে ঠোকরে স্থূল শব্দ বাহির হইয়া থাকে। ়। শ্বাস প্রশ্বাস শব্দও অত্যন্ত ক্ষীণ হয় কিন্তু ফিশ্চুলা বা নালী ইলে উহা ধাতুবাদ্যবৎ শ্রুত হয়। ৬। স্বর-শব্দ ক্ষীণ অথবা

Physical signs: 1 Side enlarged, 2, Vocal fremitus absent 3 Chest movements are diminished, 4, Percussion resonant, tympanitic or amphoric at first, lastly dull when the amount of air beco-

mes extreme,
5. Breath sounds weak, distant or suppressed, amphoric when fistula opens, with amphoric echo
6, Vocal resonance feeble or absent or exaggerated with etallic echod, and loud whispers.
7. cough with metellic echo,
8, metallic tinkling in breathing, coughing and speaking,
9, Splashing when there is air and fluid in pleural cavity,
10, Displacement of organs,
11, Heart's sound intensified,
Prognosis occassional recovery,
Differential : diagnosis between pneumo-thorax and emphesema,
Treatment, according to symptoms,

লোপ প্রায় হয় কিম্বা অত্যন্ত বৃদ্ধি পাইয়া ধাতুবাদ্যবৎ প্রতিধ্বনি করে। হুইস্পারিং শব্দই বিশেষতঃ ঐরূপ প্রতিধ্বনি করিয়া থকে। ৭। কাশিতেও ধাতুবাদ্যবৎ প্রতিধ্বনি হয়। ৮। শ্বাস লইলে, কাশিলে অথবা কথা কহিলে মেটালিক টিংক্লিং অর্থাৎ ধাতুবাদ্যবৎ টুংটুং শব্দও শুনা গিয়া থাকে। ৯। আলোড়ন প্রণালী দ্বারা প্লুরা গহ্বরে বায়ু ও জল থাকিলে চলকানবৎ শব্দ অনুভূত হইযা থাকে। ১০। মিডিয়াষ্টিনাম্, হৃৎপিণ্ড, ডায়াফ্রাম্ এবং ঔদবিক যন্ত্রগুলি স্থানচ্যুত হইয়া থাকে। ১১। আক্রান্ত দিকে হৃৎপিণ্ডের শব্দের আধিক্য হয় এবং উহাব শব্দেরও ধাতুবাদ্যবৎ প্রতিধ্বনি শব্দ হইয়া থাকে।

ভাবীফল—এই রোগ সর্ব্বদা মারাত্মক হয না। কখন২ আরোগ্য সম্ভব হইয়া থাকে। নিমোথোরাক্স সীমাবদ্ধ হইলে অধিক ভয থাকে না। যক্ষ্মার সহিত হইলে উহার ক্ষয় কিয়ৎ দিবসের জন্য রোধ কবিতে পাবে।

পার্থক্য বিচার—নিউমোথোরাক্স ও এম্ফিসিমা পরস্পর ভুলহইতে পাবে। নিউমোথোরাক্স রোগেহঠাৎ শ্বাসকষ্ট ও ক্রমাগত বৃদ্ধি, বক্ষের একপার্শ্বে আক্রমণ, পঞ্জর মধ্যবর্ত্তী দেশ স্ফীত হওন ভোকাল ফ্রিমিটাস ও শ্বাস প্রশ্বাস শব্দের অভাব এবং মেটালিক শব্দের আধিক্য প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে।

চিকিৎসা—হঠাৎ শ্বাসকষ্ট নিবারণার্থে আর্সেনিক ব্যবহৃত হয। আঘাত বশতঃ হইলে একোনাইট, আর্ণিকা, ও ষ্টাফিসিগ্রিয়া প্রভৃতি উপযোগী হয়।

DIGEST TO ACUTE AND CHRONIC CATARRH IN HEAD AND NOSE.

তরুণ ও পুরাতন শর্দ্দি চিকিৎসার সারসংগ্রহ।

প্রথমে ঠাণ্ডা লাগিলে :—নক্স-ভমি।

সদ্য প্রসূত শিশুর ঠাণ্ডা লাগিলে :—নক্স-ভমি।

বহুলোকের এক সময়ে ঠাণ্ডা লাগিলে: মার্ক-সল।

প্রথমে শুষ্ক শর্দ্দি :—একো।

শুষ্ক শর্দ্দি তৎসঙ্গে তীক্ষ্ণ ঘ্রাণ শক্তি অথবা উহার হ্রাস :—বেল্।

দিবাভাগে শুষ্ক ও তরল শর্দ্দি কিন্তু রাত্রিতে নাক বন্ধ :—নক্স-ভোমি।

শুষ্ক শর্দ্দি, নাক আড়ষ্ট, পরে গাঢ় ও রক্তানির মত শ্লেষ্মা, এবং শেষে শুষ্ক শর্দ্দির সহিত হাঁচি :—সাল্‌ফার।

প্রচুর তরল শর্দ্দি :—একো ও এনাকার্ড।

পর্য্যায় ক্রমে তরল ও শুষ্ক শর্দ্দি : ফস্।

মধ্যে২ তরল শর্দ্দিস্রাব :—ক্যাল্ক কার্ব্ব।

এক ন্যাসিকায় তরল শর্দ্দি, অপর নাসিকা বন্ধ :—ফস্, ফাইটো, রোডো।

তরল শর্দ্দি, বধিরতা ও কর্ণ বন্ধ :—এসারাম।

ঐ ঐ, তৎসঙ্গে হাঁচি :—সাইক্লে।

তরল শর্দ্দি তৎসঙ্গে ঘনং হাঁচি হইয়া পরে হাঁপ উপস্থিত হয় :—এরেলিয়া।

ঐ ঐ, হঠাৎ বন্ধ হইয়া স্বরভঙ্গ ও ক্রুপিকাশি :—হেপার।

শ্লেষ্মাস্রাব-উগ্র,জলবৎ ও জ্বালাকর: —এমোন-কার্ব্ব।

ঐ, তৎসঙ্গে নাসারন্ধ্রে জ্বালা:—বেল্।

ঐ, উপরের ওষ্ঠে এবং চক্ষু হইতে স্রাব :—সিপা।

ঐ, তৎসঙ্গে নাসা ও ওষ্ঠ হাজিয়া যাওয়া :—সিপা, কেলি-বাইক্রম।

ঐ, তৎসঙ্গে মুখের কোণে ঘা :—এবাম-ট্রাই।

ঐ এবং নাসিকায় ক্ষত ও রক্তপাত:—সিলিকা।

ঐ, তৎসঙ্গে স্ফীত, আরক্ত ও ক্ষতযুক্ত নাসিকা :—মার্ক-সল।

ঐ, তৎসঙ্গে হাঁচি :—সিপা, আয়োড্, কেলি-হাই।

ঐ এবং নাসিকা বন্ধ :—আর্স।

রক্তের মত স্রাব :—গ্রাফ্, কেলিকার্ব্ব, ফস, পাল্‌স, সাল্‌ফার।

জ্বালা :—এমোন-কার্ব্ব, আর্স, এরাম-ট্রাই।

দুর্গন্ধ :—এগার, এসাফ, অরম, ইলাপ্স আয়োডাম্, পাল্‌স, স্পাইজি।

দুর্গন্ধ পূঁযের চাপ :—কুরারী।

এক নাক হইতে ঐরূপ স্রাবঃ—কেলি-কার্ব্ব।

ঋতুকালীন দুর্গন্ধ স্রাব :—গ্রাফ্।

দুর্গন্ধ যুক্ত, ঘন, পীত ও ঈষৎ লালবর্ণ মিশ্রিত স্রাবে ওষ্ঠ হাজিয়া যায় :—ক্যাল্ক-কার্ব্ব।

পূঁযবৎ চিমসে ও চটচটেঃ—সিলিকা।

পূঁযবৎ ও রক্ত চাপ যুক্ত :—আর্জ্জেন্টম নিট।

সবুজ ও দুর্গন্ধ যুক্ত :—এসাফ।

সবুজ অথবা পীত ও ঘন :—পাল্‌স।

সবুজ স্রাব ও রক্তপাত :—পালস্।

পীত ও ঘনস্রাবঃ—বম্টিক্স।

পীত ও সবুজ অথবা রক্তের মত স্রাব :-কেলি-কার্ব্ব, ফস্।

দিবাভাগে নাকবন্ধ :—ক্যাল্ক-কার্ব্ব।

শ্লেষ্মা চটচটে ও কাচের মত :—আয়োড্।

ঐ প্রচুর :—ইউফ্রে, সিপিয়া।

ঐ পাতলা ও জলবৎ :—লেকেসিস্, নেট্রাম-কার্ব্ব।

ঐ ঘন ও রক্ত মিশ্রিত :—সাল্‌ফার।

ঐ হরিদ্রা বর্ণ :—এলাম।

শ্লেষ্মা ঘন, পীত ও সবুজ বর্ণ, গন্ধ বিশিষ্ট আহারান্তে ও রাত্রিতে উপশম :—নেট্রাম-কার্ব্ব।

ঐ পাতলা ও জলবৎ :—লেকেসিস্।

ঐ সাদা :—নেট্রাম-কার্ব্ব।

জলবৎ শ্লেষ্মা ঝরা :—পাল্‌স।

নাক ঝাড়িলে রক্তপাতঃ—অরম-মিউর।

মধ্যে রক্তপাত :—ইলাপ্‌স ও আর্স।

মামড়ীতে রক্তের চিহ্ন :—কেলি-বাইক্র।

ঈষৎ সবুজ মামড়ীর চারিপার্শ্বে রক্তের চিহ্ন :—সিপিয়া।

কঠিন মামড়ী :—গ্রাফ।

স্থিতি স্থাপক শ্লেষ্মা :—লাইকো।

POSTERIOR NARES.

পশ্চাৎ নাসারন্ধ্র।

শ্লেষ্মায় পশ্চাৎ নাসারন্ধ্র বন্ধ :—হাইড্রাষ্ট।

মস্তক হইতে কণ্ঠ পর্য্যন্ত শ্লেষ্মা :—অরম-মিউর।

কেবল পশ্চাৎ নাসারন্ধ্র হইতে শ্লেষ্মাস্রাব :—নাইট্রিক এসিড্।

শয়ন করিলে গলায় শ্লেষ্মা পতন :—ফস্।

রাত্রিতে শ্লেষ্মা বশতঃ দমবন্ধ :—স্পাইজি।

শ্লেষ্মা বশতঃ বারম্বার হক্‌২ করা :—ক্লোরাল্‌।

পীত শ্লেষ্মা :—মার্ক-প্রোটো।

পশ্চাৎ নাসারন্ধ্র দ্বারা শ্লেষ্মা টানা স্বভাব :—সাল্‌ফার।

প্রাতে শুষ্কতা, শেবিংস মধ্য শুড়শুড়ি এবং কর্কশ স্বর :—নেট্রাম-মিউর।

আলি জিহ্বার পশ্চাতে পশ্চাৎ-নাসারন্ধ্রে মামড়ী :—ব্যাবাইটা-কার্ব্ব।

শুষ্ক ও সবুজ মামড়ী, কণ্ঠের পশ্চাৎ গাত্র কুঞ্চিত ও ফাটা, বা চেরা :—ইলাপ্‌স।

নাসারন্ধ্র এক কালীন বন্ধ :—এরাম্‌-ট্রাই, ক্যাল্ক-কার্ব্ব, হাইড্রাষ্টিস।

নাসারন্ধ্র-বন্ধ, সন্ধ্যাকালে :—আয়োড্‌।

ঐ, প্রাতে শয্যা হইতে উঠিলে :—ক্যাল্ক-কার্ব্ব, ফস্‌।

ঐ, পরে হক্‌২ করিয়া ঘন শ্লেষ্মা ওঠা:—সিলিকা।

ঐ, রাত্রিকালে :—এমোন-কার্ব্ব, নেট্রাম্‌-কার্ব্ব, নক্স, সিলিকা।

ঐ, এবং শুষ্কতা :—ক্যাল্ক-কার্ব্ব।

ঐ, সুতরাং মুখদ্বারা নিশ্বাস টানিতে হয় :—লাইকো।

ঐ, নিদ্রাবস্থায় সুতরাং চমকিয়া উঠিয়া নিশ্বাস লইতে হয় :—এমোন-কার্ব্ব।

ঐ, অশ্বপৃষ্ঠে বেড়াইবার কালে :—ফাইটো।

ঐ, উষ্ণ গৃহে, খোলা বাতাসে উপশম :—কেলি-কার্ব্ব।

ঐ, কিন্তু তরল সর্দ্দির সহিত পর্য্যায় ক্রমে :—এমোন-মিউর, আর্স, কুপ্রাম, গ্রাফ, নক্স, পাল্‌স।

ঐ, তৎসঙ্গে দুর্গন্ধযুক্ত ও চিমসে শ্লেষ্মা স্রাব :—গ্র্যাফ।

ঐ, বোধ হয় যেন নাসিকা সম্পূর্ণ রূপে শ্লেষ্মায় বন্ধ :—এগার।

পশ্চাৎ নাসারন্ধ্র বন্ধ :—পিট্রোলি।

নাসারন্ধ্র বন্ধ, তৎসঙ্গে কপাল বেদনা :—ইলাপ্‌স।

ঐ, তৎসঙ্গে হঠাৎ নাক দিয়া জলবৎ স্রাব :—নেট্রাম-মিউর।

এক নাসা বন্ধ অপর মুক্ত :—রোডো।

গ্রীষ্ম ও আর্দ্র কালে সর্ব্বদা নস্য গ্রহণের মত নাক টানা :—কেলি-বাই।

INTERIOR NOSE.

নাসাভ্যন্তর।

বায়ু স্পর্শে নাকের ভিতর বেদনা :—হেপার।

শীতল বায়ু স্পর্শে নাকের ভিতর ক্ষত বোধ :—এণ্ট-ক্রুড্‌।

গরম ঘরের বায়ুতে নাকের ভিতর কষ্টবোধ :—সাল্ফার।

নাকের ভিতর ক্ষতবোধ ও মামড়ী :—এলাম্।

নাকের ডাঁটিতে বেদনা বোধ :—সিলিকা, সাল্ফার।

নাকের ভিতর ক্ষুদ্র২ ও বেদনাযুক্ত ক্ষত :—অরম-মিউর।

নাসিকার ভিতর ঝিনৃঝিনি :—নক্স-ভোমিকা।

নাসিকার ভিতর ক্ষত :—কেলি-বাই।

ডাঁটী বিদ্ধকারী ক্ষত :—কেলি-বাই।

নাকের ভিতর কঠিন মামড়ী :—এণ্ট-ক্রুড।

কঠিন মামড়ী প্রযুক্ত নাক বন্ধ :—কেলি-কার্ব্ব।

স্রাব হেতু নাকের ভিতর ছড়া :—হেপার।

নাকের ভিতর ও ডাঁটিতে বেদনা :—ক্যাল্ক কার্ব্ব।

ওষ্ঠ বেদনা :—লেকেসিস্।

নাসিকার ভিতর বেদনা ও লাল বর্ণ :জেল্সি।

নাসাবন্ধ্র ক্ষত :—অরম, ক্যাল্ক-কার্ব্ব, গ্রাফ্, ফস্, পাল্স।

ফ্রণ্টাল সাইনাসে ও বক্ষে প্রদাহ বিস্তার :—ব্রাই।

ল্যাক্রিমাল্ নলী ও ফসেসের প্রদাহ :কেলি-হাই।

প্রদাহের সহিত ছিন্নকর শিরঃপীড়া, সন্ধ্যায় বৃদ্ধি :—লাইকো।

প্রদাহের সহিত কপাল বেদনা, বামচক্ষু ও নাকের গোড়ায় বৃদ্ধি, নড়িলে বৃদ্ধি, শয়ন করিলে উপশম :—কুপ্রাম।

প্রদাহের সহিত কপালে দপ দপে বেদনা :—সিলিকা।

ফ্রনটাল সাইনাসে স্থূল বেদনা :—বেল্।

শর্দ্দি বন্ধ হেতু ফ্রণ্টাল সাইনাসে বেদনা :—লেকেসিস্।

শর্দ্দি বন্ধ হেতু ফ্রণ্টাল সাইনাসে ক্ষত ও বেদনা :—কেলি-বাইক্রম।

নাসিকার মূলে বেদনা :—সাঙ্গু।

ঢোক গিলিতে কর্ণে বেদনা:—ইলাপ্স।

নাসা মূলে চাপবোধ :—পাল্স।

শিরঃপীড়া কিন্তু নাসিকা টিপিয়া ধরিলে উপশম :—কেলি-বাই।

নাসিকার অস্থিতে ক্ষত : - অরম।

EXTERNAL NOSE.

নাসার বহির্দ্দেশ।

লাল ও স্ফীত :—অরম, বেল্, হেপার কেলি হাইড্রিয়ো।

নাকে ও স্পর্শে বেদনা :—হেপার।

বিবর্ণ প্রমিত লালবর্ণ ও স্ফীতি তৎ-সহ মুখমণ্ডলে শীত ও তাপ বোধ :—বেল্।

সন্ধ্যাকালে ফুলা ও চুলকনা :—পাল্‌স

স্ফীত ও বেদনাযুক্ত :—আয়োড্।

বিশ্রামাবস্থায় অধিক ফুলা :—ক্যাল্ক-কার্ব্ব।

স্ফীত ও স্পর্শে বেদনা যুক্ত :—ফস।

ফুলার সহিত মধ্যে মধ্যে রক্তপাত :—রসটক্স।

ঝুঁকিয়া পড়িলে নাসিকার অগ্রভাগে রক্তাধিক্য :—এমোন-কার্ব্ব।

বেদনা ও টাটানি :—এমোন-মিউর।

স্পর্শে বেদনা :—হেপার।

রাত্রিতে বেদনা বৃদ্ধি :—অরম।

স্পর্শে নাসিকার অস্থিতে বেদনা :—অরম।

নাসিকার ডানায় ক্ষত :—পাল্‌স।

নাসিকার প্রবল চুলকণা :—আর্জে-ণ্টম-নিট।

নাসিকা ও ওষ্ঠ খোঁটা :—অরম-ট্রাই।

SMELL.

ঘ্রাণ।

ঘ্রাণলোপ :—এমোন-মিউর, কুপ্রাম, ইলাপ্স, আয়োড, কেলি-বাইক্র।

ঘ্রাণ ও আস্বাদন লোপ :—সাইলি, নেট্রাম-কার্ব্ব, নেট্রাম-মিউর, ফস, পাল্‌স।

সোলা পোড়ার মত গন্ধ :—এনাকার্ড।

জন্তুর বিষ্ঠা, পচাডিম্ব অথবা বারুদের মত গন্ধ :—ক্যাল্ক-কার্ব্ব।

চুলপোড়ার গন্ধ :—গ্রাফ্।

পুরাতন পনীরের মত অথবা গন্ধকের মত গন্ধ :—নক্স।

নাসিকায় দুর্গন্ধ বাহির হয় :—কেলি-বাইক্রম, নিট-এসিড্।

বাদলার কালে দুর্গন্ধ :—ইলাপ্স।

নিঃসরণ ও বহির্গমন শীল রসে দুর্গন্ধ :—সোরিনাম।

SNEEZING.

হাঁচি।

হাঁচি সর্ব্বদা :—একো, এনাকার্ড, এরেলিয়া ও আর্স।

ঐ, রাত্রিকালে :—ইল্যাপ্স।

ঐ গ্রীষ্মকালের প্রত্যূষে :—জেল্‌স।

ঐ, ও অত্যন্ত শ্লেষ্মাস্রাব :—সাইলি।

ঐ, তৎসঙ্গে মস্তকে বেদনাযুক্ত কম্পন :—বেল্।

হাঁচিতে মস্তক ও কণ্ঠে বেদনা ও বক্ষে চাপ বোধ :—ফস্ফরাস্।

নাক ঝাড়িলে কান বন্ধ, বোধ হয় যেন কানের ভিতর বায়ু প্রবেশ করে :—সাল্‌ফার।

ঐ, তৎসঙ্গে কানের ভিতর ঝিঁঝি ও পট২ শব্দ এবং নাসিকার ভিতর বেদনা বোধ :—হেপার সাল্‌ফ।

SYSTEMIC SYMPTOMS

শারীরিক লক্ষণ।

তন্দ্রা :—বেলেডনা।

কার্য্য করিতে, পড়িতে অথবা চিন্তা করিতে অক্ষম :—নেট্রাম-মিউর।

উত্তেজনা :—কেলি-হাইড্রিয়োডিকাম্।

প্রলাপ ও আরক্ত চক্ষু :—বেলেডনা।

উদ্বেগ ও অস্থিরতা :—কেলি-হাইড্রিয়োডি।

শিশুগণের সর্ব্বদা ক্রন্দন ও অসন্তোষ : বেলেডনা।

ভীত, অন্তরে বিরক্ত ও সন্তপ্ত, অথচ শান্ত :—পাল্‌স।

তন্দ্রাযুক্ত, কিছু চাহেনা :—বেল্।

শিরঃপীড়া বশতঃ নিরাশা—লাইকো।

শিরঃপীড়া :—একো, অরম-মিউর, সিপা।

ঐ, ও নিরাশা :—লাইকো।

ঐ, ও কর্ণশূল :—পাইক্রে।

শিরঃপীড়া, কপালে :—হাইড্রাষ্টিস্, কেলি-হাইড্রো, লেকেসিস্ ও নক্স।

ঐ, তৎসঙ্গে হঠাৎ শক্তি কমিয়া যাওয়া :—লেকেসিস্।

ঐ, যেন মস্তকের দুইদিক হইতে চাপিয়া ধরে অথবা মস্তক ১০ গুণ বড় বোধ হয় :—কেলি-হাইড্রো।

শিরঃপীড়া, ফ্রাণ্টাল্ গহ্বরের ভিতর :—বেল্, লেকেসিস্ ও লাইকো।

ঐ, পশ্চাৎ মস্তকে ও তৎসঙ্গে হস্তে ও পদে বাত বেদনা :—সিপিয়া।

ঐ, তজ্জন্য ঝিমায়ে পড়া :—আর্জেণ্টম-নিট।

ঐ, দপদপে :—বেলেডনা।

তাপ ও আলস্য :—ক্যাল্কেরিয়া-কার্ব্ব।

ঐ, ও কপালে বেদনা :—নক্স-ভমিকা।

কঞ্জাংটাইভা প্রদাহিত :—কেলি-হাই, পাল্‌স।

চক্ষু প্রদাহিত, জ্বালাকর জল পড়া :—ইউফ্রে।

অক্ষিপুট স্ফীত :—কেলি-হাইড্রি।

চক্ষু, ফ্রণ্টাল্ ও হাইমোরিয়ান্ গহ্বর, লেরিংস, ট্রেকিয়া, ব্রংকাই, টন্সিল ও কোমল তালু প্রদাহ :—মার্ক-সল।

চক্ষুতে সড় সড়ানি, জ্বালা ও জল-ফুটানি :—সিপা।

[illegible] :—একো, আর্জেণ্টম্-নিট, [illegible] ফিলা।

ঐ, [illegible] বা নলী বদ্ধ প্রযুক্ত: নেট্রাম-মিওর।

ঐ, ও আলোকাতঙ্ক :—বেলেডনা।

স্পর্শে বেদনাবোধ :—স্যাঙ্গুইনেরিয়া।

ইউ-ষ্টেশিয়ান নলীর ভিতর সড়-সড়ানি :—সাইলিসিয়া।

ঐ, বদ্ধ, তৎসঙ্গে কর্ণে শব্দ :—আয়োড, পিট্রোলি।

কানে অল্প শোনা:—জেল্‌স, আয়োড, পিট্রোলি।

অল্প শব্দে চেতনাধিক্য :—বেল।

কর্ণের পশ্চাতে একজিমা :—সিপিয়া।

কর্ণের পশ্চাতে সরস বিজগুড়ি:—গ্রাফ্‌।

কর্ণের ভিতর গর্জ্জন :—একোনাইট।

ঐ, ঐ, ঐ, এবং ঝিঁঝিঁ, তৎসঙ্গে পড়িতে অথবা চিন্তা করিতে অক্ষমতা :- নেট্রাম-মিওর।

কর্ণের ভিতর আঘাত করার মত বেদনা :—কেলি-হাইড্রো।

হাইমোরিয়ান গহ্বর হইতে কর্ণ পর্য্যন্ত ছিন্নকর বেদনা :—পাল্‌সেটিলা।

লালবর্ণ মুখ :—একো, বেল, কেলি-হাইড্রো।

এক গাল লাল অপর গাল ফেকাসে :—ক্যামো।

ফেকাসে মুখ :—আর্সেনিক।

নাকের নীচে একজিমা :—রস্‌টক্স।

মুখের কোণে ফাটা ও ঘা :—এণ্টিম-ক্রুড।

উপরের ওষ্ঠ কাঠের মত শক্ত :—ইউফ্রেসিয়া।

ঐ, স্ফীত :—ক্যাল্‌কেরিয়া কার্ব্ব।

মুখ গহ্বর শুষ্ক :—ক্যালকেরিয়া-কার্ব্ব।

পিপাসা :—একো, আর্স, ক্যামো।

পিপাসার অভাব :—পাল্‌স।

স্বাদ অসম্পূর্ণ :—কুপ্রাম, পাল্‌স।

মুখে দুর্গন্ধ :—এগার, পিট্রোলি।

কোমল তালু শুষ্ক :—বেল।

ঐ, ঐ চকচকে লাল এবং জ্বালাযুক্ত : ফস্‌।

ঐ, ঐ, ঐ এবং বেদনা যুক্ত :—সাইলিসিয়া।

কোমল তালুতে শ্লেষ্মা সঞ্চয় :— পিট্রোলি।

ঐ, প্রদাহিত তৎসঙ্গে গলাধ: করণ কষ্ট এবং কর্ণে বিদ্ধকর বেদনা :—জেল্‌স।

ঐ, কালাটে লালবর্ণ :—মার্ক-প্রটো।

কণ্ঠে পুটুলির মত বোধ এবং শ্লেষ্মা সঞ্চয় :—কেলি-কার্ব্ব।

কণ্ঠে বেদনা ও জ্বালা :—আর্স।

কণ্ঠে আঁচড়ান :—নক্সভমিকা।

কণ্ঠে ক্ষতবোধ :—স্যাঙ্গুইনেরিয়া।

ঐ, ঐ, এবং আঁচড়ানবোধ এবং শর্দ্দির পূর্ব্বে বেদনা ও লালবর্ণ :—ল্যাকে-সিস্।

গলাধঃ করণ কষ্ট :—বেল্।

তালু লম্বা তৎপশ্চাতে শ্লেষ্মা :—মার্ক প্রটো।

তালু প্রদাহিত ও চক্‌চকে :—বেল।

তালু স্ফীত :—সাইলিসিয়া।

টন্সিল প্রদাহিত এবং সাব্ ম্যাগ্‌জি-লারী গ্রন্থী স্ফীত :—সাইলিসিয়া।

টন্সীল স্ফীত :—বেলেডনা।

টন্সিলে ঈষৎ পীত অথবা ঈষৎ সাদা দাগ :—মার্ক-প্রটো।

— —

পাকাশয় বেদনা :—পাল্‌স।

পোর্টাল শিরায় রক্তাধিক্য :—সিপিয়া।

আমময় ও বেদনা যুক্ত উদরাময় :—পাল্‌স।

পরে কেবল উদরাময় :—স্যাঙ্গুই-নেরিয়া।

কোষ্ঠবদ্ধ :-অরম মিউর, নক্স-ভমিকা।

অর্শ :—অরম-মিওর।

মলদ্বার এবং জননেন্দ্রিয়ের চতুস্পার্শ্বে বিজগুড়ি :—গ্রাফাইটিস্।

স্বল্প ও বহুল রজঃস্রাব :—একোনাইট্।

ঘন২ এবং প্রচুর রজঃস্রাব :—ক্যাল্ক-কার্ব্ব।

অস্-ইউটিরাই স্থানে বেদনা :—কুবারি।

স্বল্প রজ :—কুবারি।

স্বল্প, বিলম্বিত ও থেকাসে রজ :—পাল্‌স।

প্রচুর এবং কাল বর্ণের রজঃ স্রাব :—ইলাপ্স।

ঋতুর পর প্রদর :—পাল্‌সেটিলা।

অম্ল জলবৎ ও বেৎসারের মত প্রদর :—কুবারী।

— —

স্বরভঙ্গ :—আর্স, ইউপেট-পার্ফো।

ঐ, প্রাতঃকালে :—ক্যাল্ক-কার্ব্ব।

ঐ, ব্রংকিয়াল শর্দ্দির সহিত :—ফস্।

কর্কশ স্বর, হক্ হক্ করিলে আরাম বোধ :—ক্যাল্ক-কার্ব্ব।

কাশি কেবল দিবাভাগে :—ইউফ্রে।

ঐ, সন্ধ্যায় বৃদ্ধি :—ইউপেট পার্ফো।

ঐ, রাত্রিকালে :—আর্স, কেলি-কার্ব্ব, পাল্‌স।

ঐ, আক্ষেপিক, তৎসঙ্গে প্রাতঃকালে দম বন্ধ এবং ঘড়ঘড়ানি :—কেলি-কার্ব্ব।

ঐ, শুষ্ক :—একো, আর্স, পাল্‌স।

ঐ, শয়ন কালে বৃদ্ধি, বসিলে উপশম :—পাল্‌স।

দর্দ্দ বর্দ্ধ তৎসঙ্গে কণ্ঠ গহ্বর শুড় শুড় করিলে :—আর্স।

ঐ তৎসঙ্গে ক্রন্দন :—একোনাইট।

ঐ, তৎসঙ্গে লেরিংসে ছিন্নকর বেদনা :—সিপা।

ঐ, তৎপরে ভেদ :—স্যাম্বুইনেরিয়া।

ঐ, তৎসঙ্গে ঘড় ঘড়ানি :—ক্যামোমিলা।

শর্দ্দির ধাতু :—আর্স।

বক্ষে চিড়িক বেদনা :—ব্রাই।

নাড়ী ও শ্বাস প্রশ্বাস দ্রুত :—একো।

শীতবোধ :—আর্জেন্টাম-নিট, ক্যামো, পাল্স।

শীত ও তাপ মিশ্রিত :—পাল্স।

অপরাহ্নে হাত ও পা ঠাণ্ডা :—জেল্স।

জ্বরবোধ :—ক্যামো।

ঐ, প্রাতঃকালে :—জেল্স।

ঐ, গাত্র গরম এবং নড়িলে শীতবোধ :—নক্স-ভমীকা।

ঐ, মধ্যে২ কাঁপুনি :—কেলিহাইড্রো।

গরম ও শুষ্ক গাত্র :—একোনাইট।

পর্য্যায়ক্রমে গরম গাত্র ও ঘর্ম্ম এবং গরম কাল প্রস্রাব :—কেলিহাইড্রো।

রাত্রিকালে প্রচুর ঘর্ম্মও উপশম না হওয়া :—মার্ক-সল।

আরক্ত জ্বর তৎসঙ্গে গলাক্ষত, একজুরি, বরফের মত শীতল ও নীলবর্ণ হস্ত :—ক্রস্।

বাত লক্ষণ :—কেলিকার্ব্ব।

রাত্রিকালে বাত বেদনা :—ইউপেটপার্ফো।

বিশ্রামে বেদনার বৃদ্ধি :—রাস্টক্স।

ভাসা হাড়ে বেদনা রাত্রিকালে বৃদ্ধি :—কেলি হাইড্রো।

গা ব্যথা :—আর্স।

তন্দ্রা ও মুদ্রিত চক্ষু :—জেল্স।

অনিদ্রা অথবা তন্দ্রার সহিত চমকান :—একো, বেল।

রাত্রিকালে অর্দ্ধ জাগ্রত অবস্থা এবং নিদ্রায় বকা :—জেল্স।

ফ্লেগ্মেটিক বা থল্থলে ধাতু :—জেল্স।

স্ক্রফুলাস্ বা গণ্ডমালা ধাতু :—আয়োডাম।

ঐ ধাতুতে সর্ব্বদা শর্দ্দি :—ক্যাল্ক-কার্ব্ব।

স্নায়বিক ধাতু তৎসঙ্গে হাত পা ঠাণ্ডা :—ক্যাম্ফর।

সহজেই ঠাণ্ডালাগা ধাতু :—গ্রাফ্, হেপার।

প্রত্যেক ঋতু পরিবর্ত্তনে ঠাণ্ডা লাগা :— জেলস্।

তাপ অল্প নামিয়া গেলেই শর্দ্দি:— এরেলিয়া।

BETTER AND WORSE.

উপশম এবং বৃদ্ধি।

উপশম, খোলা বাতাসে:—সিপা,পাল্স।

ঐ, তাপের হ্রাস হইলে :—কেলি বাইক্রম।

ঐ, আবৃত থাকিলে (গরম অবস্থায়ও) :—হেপার।

বৃদ্ধি, গরম ঘরে :—সিপা, কেলিকার্ব্ব, প্যাল্স।

ঐ, অল্প ঠাণ্ডা লাগিলে অথবা গায়ের কাপড় খুলিলে :—নেট্রাম কার্ব্ব।

বৃদ্ধি, ঠাণ্ডায় এবং গরমে :—মার্ক-সল।

ঐ, অপরাহ্নে এবং সন্ধ্যায় :—বেল।

ঐ, প্রাতঃকালে তৎসঙ্গে দপ্দপে শিরঃপীড়া :—আর্স।

CAUSES.

কারণ।

পারদ সেবনজনিত :—এসাকোটিড, অরম, হেপার, কেলিহাইড্রো, নাইট্রিক-এসিড।

উত্তর ও পূর্ব্ব দিকের হাওয়ায় শর্দ্দি ; সিপা।

কিছুতেই আরোগ্য না হইলে :— সোরিনাম।

তরুণ ও পুরাতন লেরিঞ্জাইটিস্ রোগ চিকিৎসার সার সংগ্রহ।

LOCAL SYMPTOMS.

স্থানিক লক্ষণ।

ফেরিংস লাল বর্ণ :—স্যাঙ্গু।

ঐ শর্দ্দি :—আর্জেণ্টম্-নিট।

ঐ প্রদাহ :—নেট্রাম-মিউর।

ঐ ক্ষত :—আয়োড, কেলি-হাইড্রো।

ফেরিংস শিরাস্ফীতি, ঈষৎনীল বর্ণ :— ক্যাল্ক-কার্ব্ব, কার্ব্বো-ভেজ, কেলি-বাই, ম্যাঙ্গানাম্।

কণ্ঠ শুষ্ক :—আর্স, ক্যাল্ক-কার্ব্ব, লেকে, সিপ্স।

কণ্ঠে জ্বালা :—আর্স।

কণ্ঠে জ্বালা ও লালবর্ণ :—কষ্টিকাম।
কণ্ঠ আঁচড়ান, কর্কশ তৎসঙ্গে শ্বাস-কষ্ট :—ব্রোমিন্।
কণ্ঠে উগ্রতা :—স্পঞ্জিয়া।
কণ্ঠ লালবর্ণ ও স্ফীত :—মার্কুরিয়াস।
কণ্ঠে পুটলিবোধ ও দমবদ্ধ :—লেকেসিস্।
কণ্ঠে অর্দ্ধেক রাত্রিতে দম বন্ধকারী আপেক্ষ :—স্পঞ্জিয়া।
লেরিংসে শুষ্কতা, জ্বালা ও সড়সড়ানি :—কেলি-বাই, কেলি-হাইড্রো।
উহাতে ক্ষত বোধ ও ফুলা :—স্যাঙ্গু।
উহাতে আক্ষেপ :—আয়োড।
উহাতে বেদনা :—একো, বেল্।
উহার এক স্থানে ক্ষতের মত বেদনা, জোরে কাশিলে কথা কহিলে ও নিশ্বাস লইলে বৃদ্ধি :—হেপার।
উহার বাম পার্শ্বে ক্ষত বোধ :—লেকেসিস্।
উহা আরক্ত ও স্ফীত :—আর্স।
উহাতে ক্ষত :—নাইট্রিক এসিড।
স্বর-রজ্জু স্ফীত :—কার্ব্বো-ভেজ।
উহাতে লাল বর্ণ ও ক্ষত :—ফস্।
উহা লাল, স্ফীত ও অল্প ধূসর বর্ণের শ্লেষ্মায় আবৃত :—কেলি-বাই।
ভেণ্ট্রিকিউলার ব্যাণ্ডস্ আরক্ত :—মাঙ্গনাম।
উহা বেগুনি বর্ণ :—কার্ব্বো-ভেজ।
এরিটনয়েড উপাস্থি বেগুনি বর্ণ, স্ফীত ও দানাদার :—কেলি-হাইড্রো।
স্বর লোপ :—কার্ব্বো-ভেজ, কষ্টিকাম্।
স্বরলোপ হঠাৎ :—বেলেডোনা।
স্বর শব্দ শূন্য :—নাইট্রিক-এসিড্।
স্বর চুপিচুপি :—ক্যাল্ককার্ব্ব।
স্বর কর্কশ ও কাঁপা :—কেলি-বাই।
স্বর চাপিয়া যাওয়া :—ফস্।
স্বরভঙ্গ :—ব্রোমিন্, আয়োড্।
স্বরভঙ্গ ও কর্কশ :—ব্রোমিন্।
স্বর বসা বা স্থূল :—আর্স।
স্বর-মধ্যস্থলে অভাব :—কেলিহাইড্র।
চীৎকার করিলে স্বর বাহির মাত্র :—কষ্টিকাম।
স্বর কর্কশ :—ব্রোমিন্, হেপার, কেলি-হাইড্রো।
স্বর সন্ধ্যাকালে খারাপ :—কার্ব্বো-ভেজ।
স্বর প্রাতঃকালে খারাপ :—কষ্টিকাম্।
স্বর প্রাতে খারাপ হইলেও চাপ২ গয়ার তুলিতে২ পরিষ্কার হয় :—মাঙ্গানাম্।
স্বর সেঁথসেঁথেকালে খারাপ :—কার্ব্বো-ভেজ।
স্বরভঙ্গ-গায়ক ও বক্তাদিগের :—কষ্টিকম।

শ্বাস-প্রশ্বাস ঝি ঝিঁ শব্দবৎ :—
স্পঞ্জিয়া।

কাশি, সন্ধ্যা হইতে রাত্রি দুই প্রহর পর্য্যন্ত বৃদ্ধি :—ক্যাল্ক-কার্ব্ব, ফস্, স্পঞ্জিয়া।

কাশি, কুকুর ডাকার মত ও আক্ষেপিক এবং ঐরূপ কাশিতে দুই প্রহর রাত্রির সময় উঠিয়া পড়া ;—বেল্।

কাশি ক্রুপি :—ব্রোমিন্, স্পঞ্জিয়া।

কাশি প্রাতঃকালে বৃদ্ধি :—হেপার।

কাশিতে দুই প্রহর রাত্রিতে উঠিয়া পড়া তৎসঙ্গে লেরিংসে বেদনা, মানসিক উদ্বেগ ও জ্বর :—একো।

কাশি শুষ্ক :—কেলি-হাইড্রো, ফস্।

কাশি আক্ষেপজনক —কুমেক্স।

কাশি লেবিংস্ শুড় শুড় করিয়া :—ক্যামো।

কাশি শুড়শুড়িজনক :—আয়োড।

কাশি, লেবিংস হইতে :-ড্রসেরা, ফস্।

ঐ, ষ্টার্ণাম অস্থির মধ্যদেশের নিম্ন হইতে :—রসটক্স।

ঐ, তৎসঙ্গে মস্তক বিদারণশীল শিরঃপীড়া :—ফস্।

ঐ, তৎপরে কণ্ঠে অত্যন্ত শুষ্কতা ও জ্বালা : ফস্,

ঐ, তৎসঙ্গে পাকাশয় গহ্বরে বেদনাঃ ব্রাই।

কাশি, তৎসঙ্গে চাপ্‌চাপ্ গয়ার :—কার্ব্বো-ভেজ।

কাশি তৎসঙ্গে গাঢ় শ্লেষ্মা ওঠাঃ-ম্যাঙ্গ।

কাশি, তৎসঙ্গে অল্প ও সূত্রবৎ গয়ারঃ—কেলি-বাই।

কাশি, তৎসঙ্গে চটচটে ও শ্লেষ্মা পুঁয-মিশ্রিত গয়ার ওঠা :-হেপার-সাল্‌ফ।

কাশি, পাকাশয় গহ্বর হইতে উত্তেজনা প্রযুক্ত :— ব্রাই-লেকেসিস্, পাল্‌সেটিলা।

কাশি, হাস্য করিলে :—কেলি-বাই, লেকে, রাস্‌টক্স।

কাশি, কথা কহিলে :— আর্স, ক্যাল্ক-কার্ব্ব, কেলি-বাই, লেকে, ফস্, রাসটক্স, রুমেক্স।

কাশি, দ্রুত ও গভীর শ্বাস টানিলে অথবা স্বাভাবিক অপেক্ষা শীতল বায়ু আঘ্রাণ করিলে :—রুমেক্স।

কাশি-নড়িলে :—ব্রাই।

কাশি-কণ্ঠের গহ্বরের উপর ট্রেকিয়ার চাপ পড়িলে :—রুমেক্স।

কাশি-গরম ঘরে প্রবেশ করিলে :—ব্রাই।

কাশি প্রাতঃকালে বৃদ্ধি :—আয়োড।

কাশি সন্ধ্যাকালে এবং শয়ন করিবার পূর্ব্বে বা সময়ে :—পাল্‌স, সাল্‌ফার।

কাশি সন্ধ্যা হইতে দুই প্রহর রাত্রি পর্য্যন্ত :—ফস্, স্পঞ্জিয়া।

কাশি রাত্রিকালে :—ক্যাম্মো।

কাশি নিদ্রিতাবস্থায় :—ক্যাল্ক-কার্ব্ব, ক্যাম্মো।

কাশির অনেক বিলম্বে২ আক্ষেপ :—কার্ব্বো-ভেজ।

ATTENDING SYMPTOMS

সহযোগী লক্ষণ।

মানসিক ও শারীরিক পরিশ্রম করিতে অক্ষমতা :—ক্যাল্ক-কার্ব্ব।

সঙ্গীত এবং শব্দে অসন্তোষ :—ক্যাল্ক-কার্ব্ব।

উগ্রস্বভাব :—ক্যাম্মো।

অধৈর্য্য :—একো, ক্যাম্মো।

খিট খিটে :—এণ্টিম-টার্ট।

অস্থিরতা :—একো, ক্যাম্মো।

অমনোযোগী স্বভাব :—ক্যাল্ক-কার্ব্ব।

শিরঃপীড়া বেল, নক্স, স্যাম্বু।

মস্তকে শর্দ্দি :—মার্ক।

নাসা বন্ধ :—নক্স।

ঐ, তৎসঙ্গে ভুরুতে বেদনাঃ-স্যাম্বু।

মুখ ফেকাসে :—এণ্টিম-টার্ট।

মুখ ফুলা বিশেষতঃ অক্ষিপুট ফুলা,চক্ষুর চতুস্পার্শে কালিমা পড়া :—ক্যাল্ক-কার্ব্ব।

মুখ মোমের মত, ওষ্ঠ সাদা :—ক্যাল্ক-কার্ব্ব।

মুখের বর্ণ সাদা :—ব্রোমিয়াম্‌।

গাল, এক বা দুই গাল লালবর্ণ :—ক্যামো।

দন্তোদ্গমে কষ্ট :—বেল, ক্যাল্ক-কার্ব্ব, ক্যামো।

জিহ্বাসাদা ও মুখ গহ্বর ফেকাসে :—ক্যাল্ক-কার্ব্ব।

পিপাসার অভাব :—পাল্‌স ও এণ্টিম-টার্ট।

ক্ষুধা সত্ত্বেও শীর্ণতা :—আয়োড।

বক্ষে টাইট বোধ :—ফস্‌।

গুটিকা বা টিউবার্ক্যুলার ধাতু :—আর্স, হেপার, ম্যাঙ্গানাম।

হৃদস্পন্দন :—আর্জেণ্টম-নিট।

ঐ এবং পরিশ্রম করিলে দম্‌লোপ : ক্যাল্ক-কার্ব্ব।

কম্পনশীল নাড়ী—এণ্টিমটার্ট।

তন্দ্রা বা আচ্ছন্নভাব :—বেল, এণ্টিম-টার্ট।

শীত বোধ :—পাল্‌সেটিলা।

ঐ, প্রারম্ভে :—নক্স।

ঐ, জ্বর কালে, এবং শয্যায় শীতল স্থানে পদদ্বয় নাড়িয়া রাখিলে :—মার্ক-সল।

শীতল জানু, শয্যায় শায়িত থাকিলেও ঐরূপ :—কার্ব্বো-ভেজ।

শীতল ও সরস হস্ত ও পদ :—ক্যাল্ক-কার্ব্ব।

জ্বর :—বেল্, ক্যামো ও স্পঞ্জিয়া।

ঐ, তৎসঙ্গে উত্তপ্ত শুষ্ক গাত্র :-একো।

ঘর্ম্ম মস্তকে :—ক্যাল্ক-কার্ব্ব।

ঐ, উষ্ণ :—ক্যাম্।

ঐ, সহজে অথচ উপকার নাই :—মার্ক।

ঐ, চট চটে :—এণ্টিম্-টার্ট।

ঐ, নৈশ :—ক্যাল্ক-কার্ব্ব।

সর্ব্বাঙ্গের অস্থিতে বেদনা এবং বিশ্রামে বৃদ্ধি :—বাসটক্স।

দুর্ব্বলতা প্রযুক্ত চলিতে অশক্ত :—ক্যাল্ক-কার্ব্ব।

ঐ এবং কম্পন :—আর্জেণ্টম-নিট্।

ঐ এবং রক্তহীনতা :—ম্যাঙ্গানাম।

সার্ব্বাঙ্গিক ক্রিয়ার শিথিলতা :-কার্ব্বো-ভেজ।

জীবনী শক্তির হ্রাস :—কার্ব্বো-ভেজ।

দুর্ব্বল ধাতু :—আর্স।

র‍্যাকিটিক্ শিশু :—ক্যাল্ক-কার্ব্ব।

অন্যান্য দৈহিক বিষাক্ত শক্তি সংযোগে চর্ম্মস্ফোট :—সাল্ফার।

পশ্চিমদিকের শীতল বায়ু সেবন বশতঃ লেরিঞ্জাইটিস্ :—একো, হেপার।

শীতল ঘরে বসিয়া ঠাণ্ডা প্রযুক্ত লেরিঞ্জাইটিস :—নক্স।

গরম হইতে হঠাৎ ঠাণ্ডা প্রযুক্ত ঐ রোগে :—ব্রাই, ডাল্কা।

ঠাণ্ডা হইতে গরম প্রযুক্ত ঐ রোগে :—ব্রাই।

পারদ সেবন জনিত ঐ রোগে :—নাইট্রিক-এসিড্।

নাইট্রেট অব্ সিলভার দ্বারা বিষাক্ততা বশতঃ ঐ রোগে :—নেট্রাম-মিউর।

চর্ম্ম স্ফোট চাপন বশতঃ ঐ রোগে :—সাল্ফার।

গরম ঘরের ভিতর বৃদ্ধি :—পাল্স।

DIGEST TO BRONCHITIS.

ব্রঙ্কাইটীস বা বায়ুনলী ভুজ প্রদাহ রোগের সারসংগ্রহ।

কাশির স্বভাব অনুসারে।

কুকুর ডাকার মত :—বেল্।

কাশিলে মাথায় লাগা :-নিকেল, সিপিয়া।

আক্ষেপিক কাশি :—ওপিয়ম্।

সন্ধ্যায় শুষ্ককাশি কিন্তু প্রাতঃকালে ধূসর বর্ণের গয়ার উঠা :-এস্কু।

শুষ্ক কাশি তৎসঙ্গে ষ্টার্ণাম বা বক্ষাস্থির নিম্নস্থিত শ্বাস নলীতে তাপ এবং জ্বালা :—এমোন্-কার্ব্ব।

শুষ্ক ও আক্ষেপিক কাশি তৎসঙ্গে হাঁপানির মত প্রবল শ্বাসকষ্ট :—আর্সেনিক।

ঐ, শ্রান্তি দায়ক, শুষ্ক ও খক্‌খকে কাশি, বিশেষতঃ রাত্রিতে : সিনা।

শুষ্ক ও গলা সুড়্ সুড়্ করিয়া কাশি :-ইউফ্রে।

শুষ্ক, আক্ষেপিক ও সুড সুড়ে কাশি, রাত্রিকালে :—হায়েস্।

ট্রেকিয়া বা শ্বাস নলীর ভিতর শ্লেষ্মা অথবা শ্লেষ্মা ঘটিত শর্দ্দি জড়াইয়া বা আটকাইয়া থাকা প্রযুক্ত শুষ্ক কাশি এবং ঐরূপ কাশিতে কিছুতেই গয়ার তুলিতে না পারিলে :-কেলি-কার্ব্ব।

দুর্ব্বল ও শীর্ণকায় বালিকাদিগের দিবা রাত্রি শুষ্ক কাশি :—লাইকো পোডিয়ম্।

শুষ্ক আক্ষেপিক সুড়্ সুড়ে ও পর্য্যায়শীল কাশি :—ওপিয়ম।

শুষ্ক কাশি অথবা প্রাতঃকালে সহজে চিম্‌সে কাশি উঠা :—ফস্‌ফরস।

ক্রমাগত বা অনেকক্ষণ ধরিয়া শুষ্ক কাশি :—রুমেক্স।

দুই প্রহর রাত্রির পূর্ব্বে ঘনং শুষ্ককাশি তৎপরে শ্লেষ্মা স্রাব :—সিপিয়া।

শুষ্ক ও যন্ত্রনা দায়ক কাশি : —ষ্টিক্টা।

প্রাতঃকালে তরল এবং রাত্রিতে শুষ্ক কাশি :—বেডায়েগা।

তরল অথবা শুষ্ক কাশি :—হেপার।

সন্ধা হইতে দুই প্রহর রাত্রি পর্য্যন্ত তরল কাশি :—ফস্।

তরল কাশি তৎসঙ্গে শ্লেষ্মার ঘড়ঘড়ানি :—কেলিকার্ব্ব, এণ্টিমটার্ট।

ঘড ঘড়ে কাশি :—আর্জেণ্টম্-নাইট্রিকম।

কর্কশ ও আঁচড়ান কাশি :—ইউপেটো, পার্কো।

আক্ষেপিক :-বেডায়েগা, হাওসায়েমস।

অপরাহ্ন হইতে সায়ং পর্য্যন্ত ঐরূপ আক্ষেপিক কাশি :–মেনৃগেনম্।

থাকিয়া২ কাশি :—কার্ব্ব-ভেজ।

টাইট্ বা দুশ্ছেদ্য কাশি :—কস্‌ফরস।

ঐরূপ অথবা তরল কাশি :—হেপার।

সন্ধ্যাকালে শয়ন করিলে ঐরূপ কাশি এবং তজ্জন্য বমন :—পাল্‌সেটীলা।

সুড়্ সুড়ে কাশি : এমন-কার্ব্ব, ক্যাম্মো, ইউফ্রেসিয়া, ইগ্নেসিয়া, ইপিকাক-আইওডিয়ম, লরো ও সিপিয়া।

শয়ন করিলেই সুড়্ সুড়ে কাশির বৃদ্ধি:- হায়োসায়েমস।

সুড়্ সুড়ে কাশি তৎসঙ্গে শ্বাসকষ্ট :- ইপিকাক।

হৃদরোগ বশতঃ সুড়্ সুড়ে কাশি :— লরো।

দুই প্রহর রাত্রির পূর্ব্বে ঐরূপ কাশি এবং তৎপরে শ্লেষ্মা উঠা :-সিপিয়া।

বক্ষের ভিতর সাঁইং ও হাঁপ বোধ :— স্পাঞ্জিয়া।

সাঁইং কাশি তৎসঙ্গে কষ্টকর শ্লেষ্মা উঠা :—আর্সেনিক।

শ্লেষ্মা দুর্গন্ধ যুক্ত :-ক্যাল্ক-কার্ব্ব,হিপার।

ঐ, কাল এবং কষ্টকর :—চায়না।

ঐ, কখনং রক্ত মিশ্রিত :-ব্রাইওনিয়া।

ঐ, রক্তের মত :—আর্নিকা।

ঐ, শীতল :—কোরেলিয়ম-রুব্রম।

শ্লেষ্মা কখনং শীতল :—ফস্‌ফরস।

ঐ, কষ্টকর :—এলাম,আর্নিকা, আর্স, চায়না, ম্যানৃগেনম।

ঐ, সরল :—ম্যানৃগেনম।

ঐ, ফেনাযুক্ত ও চিম্‌সে :—আর্স।

ঐ, প্রাতঃকালে ধূসর বর্ণ :—এম্ব্রা।

ঐ, চটচটে বা লালময় :—কেলি-কার্ব্ব, সিপিয়া।

ঐ, অল্প পূঁয যুক্ত :—ক্যাল্ক-কার্ব্ব, লাইকো, প্লাম্বম, ষ্টানাম্।

ঐ, জলে ফেলিলে তারকা স্খলনের মত নিম্নে ও পশ্চাতে লাঙ্গুল বাহির হওনের ন্যায় দেখাযায় :—ক্যাল্ক-কার্ব্ব।

ঐ, প্রচুর :—এমন মিউর, লাইকো, ষ্টানম।

ঐ, সম্পূর্ণ পূঁয যুক্ত :—লাইকো, সিলিকা, ষ্টানম।

ঐ, জলে ফেলিলে ডুবিয়া যায় এবং তলায় ভারী পদার্থের মতন গড়াইয়া থাকে :—সিলিকা।

ঐ, দড়ির মত :—কেলি-বাইক্রম।

ঐ, লবণাক্ত :-কেলিকার্ব্ব, লাইকো।

ঐ, অম্ল :—ম্যানৃগেনম্।

ঐ, ঈষৎ মিষ্ট :—ক্যাল্ক-কার্ব্ব, ফস্, ষ্টানম্।

ঐ, ঘন এবং চাপযুক্ত : এমন-মিউর, ক্যাল্ক-কার্ব্ব।

শ্লেষ্মা স্বচ্ছ ও আঠাযুক্ত :—ন্যাট্রাম-মিউর।

ঐ, পীতবর্ণ :—ক্যাল্ক-কার্ব্ব।

ঐ, পীত অথবা সবুজ বর্ণ :—পলস, সল্ফ।

ঐ, ময়লাটে ঈষৎ পীতবর্ণ :-হিপার।

কাশির উত্তেজনা বা কারণ অনুসারে।

লেরিংসের নিম্নে কিছু সুড়্২ করিলে :-ক্রিয়োজ।

বক্ষ হইতে কণ্ঠ পর্য্যন্ত সুড়্২ করিলেঃ-নক্স-মশ্চেটা।

কণ্ঠ চাপিয়া ধরার মত দম আটকাইলেঃ-ক্যামো।

উপর কণ্ঠের গর্ত্তের ভিতর সুড়্ সুড়্ করিলে :—ল্যাকেস্, রুমেক্স।

লেরিংসের নিম্নে ট্রেকিয়ার দক্ষিণ দিকে সুড়্ সুড়্ করিলে :—ষ্টিক্টা।

ট্রেকিয়াতে ও ষ্টার্ণম অস্থির মধ্য স্থলের নিম্নাংশ সুড়২ করিলেঃ-আর্সেনিক।

কেবল ষ্টার্ণম অস্থির মধ্যস্থলের নিম্ন অংশে সুড়্২ করিয়া কাশি :—রসটক্স, রুমেক্স।

পাকাশয় গহ্বরের ভিতর সুড়্২ করিয়া কাশি :—ব্রাইওনিয়া।

উদর মধ্যে ঐরূপ হইলে :-এন্টিমক্রুড ড্রোসেরা, সিপিয়া।

ব্রংকাই সুড়্২ করিয়া কাশি :-সল্ফর।

কণ্ঠমধ্যে শ্লেষ্মা সঞ্চয় বশতঃ কাশি :—সেনেগা।

শীতল বায়ু লাগিলে কাশি :—ফস্, সিলিকা।

শরীরের কোন অংশ ফুলিলে কাশি :—হেপার, রসটক্স।

শীতল বায়ুতে বিচরণ করিলে কাশি :-কার্ব্বো-ভেজ, ফস্।

অত্যল্প বায়ু লাগিলে সমস্ত মাথা ঢাকিতে ইচ্ছা ও কাশি :-রুমেক্স।

সমুদ্র কিনারায় যাইলে কাশি :-নেট্রাম-মিউর।

গরম ঘরে প্রবেশ করিলে কাশি :—ব্রাইওনিয়া, নেট্রাম-কার্ব্ব।

শয্যার গরম হইলে কাশি :—কষ্টিকম্-নক্স-মশ্চেটা।

পান করিলে কাশি :—আর্স, কেলি-বাইক্রম, কেলি-কার্ব্ব, হেপার।

ঠাণ্ডাজল পান করিলে কাশি :—রসটক্স।

বরফজল পানে কাশি :—মার্ক-সল।

শীতল বিয়ার মদ পানে কাশি :—নক্স-ভমি।

আহার করিলে কাশি :—ব্রাই, কেলি-বাইক্রম, কেলিকার্ব্ব।

মাংস ভক্ষণে কাশি :—ষ্টেফিসেগ্রিয়া।

আহারান্তে কাশি :—কেলিকার্ব্ব।

আহারের পূর্ব্বে এবং পরে কাশি :—ইউপেটোরিয়ম্ পার্ফো।

তামাক সেবনে কাশি :—ব্রাইওনিয়া।

নড়িলে কাশি :-ব্রাই, মেনগেনম্, ফস্।

শিশুর ক্রন্দনের পর কাশি —আর্নিকা।

হাস্য, গীত ও কথা বলার পর কাশি :-এক্টিয়া-রেসি, চায়না, কোনায়াম লেকে, ফস্, বস, রুমেক্স।

নিশ্বাস টানিলে কাশি :—ইকুটা।

অনিয়মিত শ্বাস প্রশ্বাসে অথবা গভীর নিশ্বাস টানিলে কাশি :—রুমেক্স।

অতি পরিশ্রম জনিত এবং বাদ্য করণ জনিত কাশি :—এম্ব্রা।

শয়ন করিলে কাশি :—কোনায়ম, হায়েস্, এন্টিম্‌টার্ট।

শয়ন করিয়া পড়িয়া থাকিলে পর কাশি.আর্সেনিক।

সন্ধ্যায় শয়ন করিলে কাশি তৎসঙ্গে কষ্টকর বমন :—সল্ফার।

মস্তক নিচু করিয়া শয়ন করিলে কাশিঃ চায়না।

দক্ষিণ পার্শ্বে শয়ন করিলে কাশি :—মার্ক-সল।

বাম পার্শ্বে শয়ন করিলে কাশি :—চায়না।

নিদ্রিতাবস্থায় কাশি :—আর্নিকা, বেল, কেল্ক-কার্ব্ব ও ক্যামোমিলা।

নিদ্রার পর কাশি :—লেকেসিস্।

মানসিক উত্তেজনা বশতঃ কাশি :—আর্স।

দন্তসাফ করা বশতঃ :—ষ্টেফিসেগ্রিয়া।

কণ্ঠ চাপিলে কাশি :—রুমেক্স।

কাশির বৃদ্ধি প্রাতঃকালে :—বেল, হিপার, নক্সভমিকা ও পাল্স।

কাশি বৃদ্ধি প্রাতে ৬টার সময় :—এলাম্।

ঐ, দিবাভাগে :—ব্রাই, ইউফে।

ঐ, দিবারাত্র, শীর্ণ ও দুর্ব্বল বালকের পক্ষে :—লাইকো।

ঐ, শয়ন পর্য্যন্ত :—ম্যানগেনম্।

ঐ, সন্ধ্যা হইতে দুই প্রহর রাত্রি পর্য্যন্ত :—ফস্।

ঐ, শয়ন করিলে পরঃ—আর্স, পাল্স রুমেক্স, সলফর।

কাশি রাত্রিকালে :—এলাম, আর্শ, সিনা, হায়েস্, নেট্রাম-সলফ্, শুপি, সেঙ্গুই।

ঐ, রাত্রিকালে (উঠিয়া বসিতে হয়): ব্রাই।

ঐ, দুই প্রহর রাত্রির পর :—আর্স।

ঐ, রাত্রি ৩টার পর :—কেলিকার্ব্ব।

ঐ, থেকে২ :—ওপিয়ম, রুমেক্স।

ঐ, অনেক বিলম্বে২ :—কার্ব্বো-ভেজ।

কাশির হ্রাস বস্ত্রাচ্ছাদনে, গাত্র গরম করিলে :—হেপার।

ঐ, ঐ বেড়াইবার সময় মুখ ও নাক ঢাকিয়া রাখিলে :—রুমেক্স।

ঐ, ঐ শয্যায় শয়ন কালে -কষ্টিকম্।

ঐ, রাত্রিতে আহার কালে :—ফেরাম্-মেট্।

ঐ, আহার ও পান করিলে :—স্পঞ্জিয়া।

ঐ, অল্প পরিমান জল বা বিয়ার পান করিলে :—ইউফ্রেসিয়া।

ঐ, একঢোক শীতল জলপান করিলে :—কষ্টিকম্, কুপ্রাম্।

ঐ, উষ্ণ পানীয়ের পর:-নক্সভমিকা, রসটক্স, সিলিকা।

কাশি নিম্নে শয়ন করিলে :—ম্যাঙ্গেনম্।

ঐ, মুখ চেপে শয়ন করিলে :—এলাম।

ঐ, মাথা উচু করিয়া শয়ন করিলে :—চায়না।

কাশির সহিত উপসর্গ।

ক্রন্দন এবং মাথা চাপিয়া ধরা :—বেডাযেগা।

মস্তকে বেদনা :—ব্যাডাযেগা, ব্রাই, নক্সভমিকা, ফসফরস্।

কপালে ফাটার মত বেদনা :—ষ্টিক্টা।

বক্ষে বেদনা বশতঃ হাত দিয়া বুকধরা : ব্রাই।

বক্ষের নিম্নাংশে বেদনা:-কেলিকার্ব্ব।

বক্ষে, মস্তকে ও লেরিংস্ বা বাক্‌যন্ত্রে বেদনা :—ফস্‌ফরস্।

বাম উরুতে বেদনা :—কষ্টিকম্।

পাকাশয় গহ্বরে ও ছোট ছোট পঞ্জরের নিম্নে বেদনা :-ব্রাই।

পাকাশয় প্রদেশে বেদনা :—লোবিলিয়া।

কোমর হইতে উরুদেশ পর্য্যন্ত বেদনা : আর্সেনিক।

অর্শে বেদনা :—ল্যেকেসিস্।

বক্ষে ক্ষতবোধ :—ইউপেট্‌পার্ফো।

বক্ষে মোচড়ানিবৎ বেদনা :—ম্যান্‌-
গেনম্‌

ষ্টার্ণাম্‌ অস্থিব নিম্নে শ্বাস নলীর ভিতব
তাপ ও জ্বালা :—এমোন-কার্ব্ব।

কণ্ঠ হইতে বক্ষের মধ্যস্থল পর্য্যন্ত
সড়্‌ সড়ানী :—কার্ব্বো-ভেজ।

বক্ষের ও উদবের পেশী গুলিব আক্ষেপঃ
ড্রোসেবা।

শ্বাসকষ্ট :—আর্সেনিক।

মুত্রত্যাগ :—ব্রাই, কষ্টিকম, নক্সভমিকা।

শিশুব লিঙ্গ ধবণ :—জিঙ্কম।

দম আটকান বশতঃ মুখমণ্ডল পীত-
বর্ণ, তৎসঙ্গে মুখ ও নাক হইতে
চট্‌ চটে শ্লেষ্মা বাহিব হওযা :—
বেডাযেগা।

ফেকাশে ও ঈষৎ নীলবর্ণ মুখ মণ্ডল :-
ইপিকাক্‌।

মুখে নীলাভ লাল বর্ণ এবং গাত্রে ঘর্ম্ম :-
ওপিয়ম।

কপালে শীতল ঘর্ম্ম :—ভেরেট্রাম-
এলবম্‌।

গাত্রে তাপ :-কার্ব্বো-ভেজ।

কম্পন :—ফস্‌ফবস।

শরীর আড়ষ্ট :—সিনা।

কাশির পর উপসর্গানুসারে।

গিলিলে বোধ হয় যেন কিছু গলায়
উঠিতে থাকে :—সিনা।

গলা হইতে পাকাশয় পর্য্যন্ত কল্‌ কলে
বেদনা :—সিনা।

উদ্গাব :—লাইকো।

বিবমিষা :—সিপিযা।

বমন :—পাল্‌সেটিলা।

হাইতোলা : —ওপিয়ম, এণ্টিম্‌টার্ট।

কম্পন : —কুপ্রম।

সাধারণ লক্ষণানুসারে।

পাখাব বাতাস খাইবার ইচ্ছা :—
কার্ব্বো-ভেজ।

বেড়াইতে ইচ্ছা :—আর্জ্জেণ্টম্‌, নাই-
ট্রিকম, ক্যামো, এণ্টিম্‌টার্ট।

বাত্রিকালে চীৎকাব :—ক্রিয়োজোট্‌।

বাত্রিতে অস্থিবতা ও উদ্বেগ :—আর্স।

উগ্রতা ও উত্তেজনা :—আর্স, ক্যামো,
ক্রিয়োজোট, নক্সভমিকা।

উগ্রস্বভাব বিশিষ্ট ব্যক্তিগণ সহজে
হাসিলে অথবা কাঁদিলে :—এলাম্‌।

খিট্‌ খিটে স্বভাব বিশিষ্ট :-ক্রিয়োজেট্‌।

ধমকানিতে সহজে মনঃ ক্ষুণ্ণ :—
ষ্টেফিসেগ্রিয়া।

অস্থিরতা :—একোনাইট্‌।

আলো, শব্দ এবং গন্ধে বিরক্তি বোধ অথবা চেতনাধিক্য :-নক্সভমিকা।
মানসিক বিকার :—প্লাটীনা।
অত্যন্ত ব্যস্ত :—ক্রিয়াজোট্।

শিরঃপীড়া :—নক্সভমিকা।
অক্ষিপুট লাল এবং স্ফীত :—কেলি-কার্ব্ব।
অশ্রুপাত এবং হাঁচি :—বেডায়েগা।
সন্ধ্যাকালে নাকবন্ধ :—নক্সভমিকা।
মস্তকে শর্দ্দি তৎসঙ্গে উদরাময় :-আর্স।
গাল লাল :—সেঙ্গুইনেরিয়া।
ফেকাসে মুখমণ্ডলঃ-ভেরেট্রাম, এল্ব।
নীলবর্ণ :—লোবিলিয়া, এণ্টিম্টার্ট।
শীর্ণ আকৃতি :—লাইকো।
নাক বেরিয়া পড়া :—কার্ব্বো-ভেজ।
চোয়াল আড়ষ্ট :—কষ্টিকম্।
জিহ্বায় ঘন ও ঈষৎ পীতবর্ণের ময়লাঃ মার্ক-সল।
মুখগহ্বর এবং কণ্ঠের ভিতর জ্বালা কর শুষ্কতা, জল পান করিলেও শুষ্কতা দূর হয় না :—সেঙ্গুইনেরিয়া।
কোমল তালুতে ক্ষত বোধ :—এমোন-মিউর।
কাশি তৎসঙ্গে প্রাতঃকালে তৃষ্ণা :—এসিড্-নাইট।
বরফ্ জলের পিপাসা :—মার্কসল।
পিপাসার অভাব :—পালসেটীলা।
দন্ত উদ্গমকালে রোগ :—কাল্কেরিয়া ক্যাম্বো।
গ্রীবা ও বগলের গ্রন্থির স্ফীতি :—ষ্টেফিসেগ্রীয়া।
গ্রীবা ও ব্রঙ্কিয়েল গ্রন্থির স্ফীতি :—আইওডিয়ম্।
কণ্ঠ পার্শ্বে চেতনাধিক্যঃ—লেকেসিস্।

স্বরভঙ্গ :—আর্জ্জেণ্টম্, নাইট্রিকম্, কার্ব্বো-এনিমেলিস্।
স্বরভঙ্গ প্রাতঃকালে :—কষ্টিকম্।
স্বরভঙ্গ সন্ধ্যাকালে :—কার্ব্বো-ভেজ।
কর্কশ স্বর :—এমোন-কার্ব্ব।
ক্ষীণ স্বর :—নেট্রাম-মিউর।

বক্ষের ভিতর জ্বালা :—এমন-মিউর, কার্ব্বোভেজ।
ষ্টার্ণাম অস্থির নিম্নে জ্বালা :-কার্ব্বো-ভেজ।
বক্ষে ক্ষতবোধ :—কার্ব্বো-ভেজ।
বক্ষে টাইট ভাব :—ফস্।
হাঁপানি :—আর্স, নেট্রাম-সল্ফ, স্পঞ্জিয়া।
শ্বাস কষ্ট :—ইপিকাক্, এণ্টিম্-টার্ট
শ্বাস কষ্টের সহিত নীলবর্ণ :—লোবিলিয়া।

নড়িলে এবং শয়ন করিলে শ্বাসকষ্ট :—এমোন-মিউর।

বক্ষে চাপবোধ :—কার্ব্বো-ভেজ।

মাথা নিচু করিয়া শয়ন করিলে বক্ষে চাপবোধ :—স্পঞ্জিয়া।

গভীর নিশ্বাস লইতে অক্ষমতা :—লোবিলিয়া।

বক্ষের ভিতর ঘড় ঘড়ানি :—এণ্টিম-টার্ট।

শয়ন করিলে ঘড় ঘড়ানির বৃদ্ধি তৎসঙ্গে সর্দ্দি অথবা কষ্টে গয়ার তোলা :—এমন্ মিউর।

উচ্চ শব্দ বিশিষ্ট ঘড় ঘড়ানি :—কার্ব্বো-ভেজ।

শিশুদের বক্ষে শর্দ্দি :—একোনাইট, ফেরম-ফস।

বৃদ্ধ দিগের শর্দ্দি :—লাইকো।

কেপিলারী ব্রংকাইটীস :—ভেরেট এল্‌ব।

পুরাতন ফুস্‌ফুস প্রদাহ :—লাইকো।

শ্বাস নলীর প্রসারণ :—এমোন-মিউর, হিপার, লাইকো, ষ্টেনম্।

ফুস্‌ফুসে বায়ু পূর্ণতা :—এমোন-মিউর, লাইকো, নিকেল।

ফুস্‌ফুসের বায়ু পূর্ণতা তৎসঙ্গে ডায়াফ্রাম পেশীর আক্ষেপ :—লোবিলিয়া।

হৃদ্‌স্পন্দন :—আর্স, ইউপেটর্পার্ফো, আয়োডম্।

আহারান্তে হৃদ্‌স্পন্দন :—ক্যাল্ক-কার্ব্ব।

হৃদ্‌কম্পন :—নেট্রাম-মিউর।

হৃদ্‌পিণ্ডের অসমান কুঞ্চন :—ভেরেট্রাম্ এলবাম্।

হৃদ্‌রোগ :—আর্সেনিক্, লরোসিরেসস্।

চিনি খাইবার ইচ্ছা :—আর্জ্জেণ্ট-নিট্।

দিবাভাগে মুখ দিয়া জল উঠা :—কার্ব্বো-ভেজ।

তৈলাক্ত শর্করা জাতীয় এবং শ্বেতসার জাতীয় পদার্থ ভক্ষণে বুকজ্বালা এবং অম্লাধিক্য :—কষ্টিকম্।

বমনেচ্ছা এবং বমন :—ইপিকাক্।

পাকাশয়িক বিকার :—এণ্টিম-ক্রুড্।

অজীর্ণ ও অম্ল :—লাইকোপডিয়ম্।

যকৃতে রক্তাধিক্য :—লাইকো।

পেটফাঁপা :—লাইকো।

ঢাকের মত পেট ফাঁপা :—লোবিলিয়া।

অম্লশূল, উদরাময় ও পেট ফাঁপা :—সিকেলি।

উদরাময় :—আর্সেনিক, ইপিকাক্।

সন্ধ্যাকালে উদরাময়ের আধিক্য :—ক্যাল্ক-কার্ব্ব।

মল গাঢ় হইলেও অত্যন্ত দুর্গন্ধ যুক্ত :—লেকেসিস্।

অর্শ তৎসঙ্গে কোষ্ঠ বদ্ধ :—এস্কিউলস্।

প্রস্রাবের পর মূত্রনালীতে কর্ত্তনবৎ বেদনা :—নেট্রাম-মিউর।
মূত্রে লাল গুড়া :—লাইকো।
জরায়ু মধ্যে শৌরিক রক্ত সঞ্চয় :—সিপিয়া।
জরায়ু রোগ তৎসঙ্গে মানসিক বিকার :-প্লাটীনা।
গর্ভাবস্থায় এই রোগ :—নক্সমশ্চেটা।
হস্ত পদে বাত বেদনা :—আর্শেনিক।
বিশ্রাম অবস্থায় অথবা প্রথম অঙ্গ সঞ্চালনে বাত বেদনা কিন্তু চলিতেং বেদনার হ্রাস :—রসটক্স।
রাত্রিকালে হাঁটুতে ও উরুদেশে বেদনা এবং ঐসব স্থানে ঠাণ্ডা ও ক্ষত বোধ :-সাল্ফর।
হস্ত পদে ও পৃষ্ঠে বাত বেদনা :—ইউপেটোরিয়ম-পার্ফো।
কটি প্রদেশে এবং পদে বেদনা ও শীতলতা :—কার্ব্বো-এনি।
রাজবাত :--এস্কিউলাস-হিপ্।
রাত্রিকালে গোড়ালির উপর শক্ত দড়াতে হঠাৎ আক্ষেপ :-কষ্টিকম।

তন্দ্রা :—এণ্টিমটার্ট।
তন্দ্রার সহিত অনিদ্রা :-বেল, ওপিয়ম।
সমস্ত রাত্রি নিদ্রাভাব :—সিকেলি।
অস্থিরতা :—রসটক্স।
নিদ্রায় চমকান :—বেলেডনা।
নিদ্রাবস্থায় অর্দ্ধ নিমিলিত চক্ষু :—ভেরেট্রাম্-এলব।

শীতবোধ :—পাল্সেটীলা।
ঐ, শয্যার ভিতর কোন শীতল স্থানে পা রাখিলে :—মার্ক-সল।
পর্য্যায়ক্রমে শীত ও তাপ :—মার্ক-সল্।
শীতল গাত্র :—কার্ব্বো-ভেজ।
শয্যায় ঠাণ্ডা বোধ :—কার্ব্বো-ভেজ।
শীতল পদ :—সাল্ফার।
গরম বিছানায় শীতল জানু :—কার্ব্ব-ভেজ।
শীতল হস্ত পদ তৎসঙ্গে নীলবর্ণ নখ :ভেরেট্রাম-এলব্ম।
ঠাণ্ডার সময়ে অথবা ঘর্ম্ম বন্ধকালে বক্ষের ভিতর বরফের মত ঠাণ্ডা বোধ :—সালফার।
দুই স্কন্ধের মধ্যস্থলে ঠাণ্ডাবোধ :—এমোন মিউর।
কটি প্রদেশে এবং নিম্নাঙ্গে ঠাণ্ডাবোধ এবং কামড়ানি:-কার্ব্ব-এনিমেলিস।
প্রবল জ্বর :—একোনাইট।
প্রবল জ্বর তৎসঙ্গে অল্প নড়িলেই শীত বোধ :—নক্স-ভমীকা।
জ্বর তৎপরে ঘর্ম্ম :—কার্ব্বো-এনিম।
ঘর্ম্ম এবং তাপ :—কার্ব্বো-ভেজ।

গাত্র হইতে গরম ভাপ ওঠা :-সল্ফার।

উত্তপ্ত অথচ সরস গাত্র :—বেলেডনা।

শয্যায় গরম বোধ কিন্তু উহার ঠাণ্ডা স্থানে পা নড়াইলে শীত বোধ :—মার্ক সল।

হাতের ও পায়ের তালু এবং ব্রহ্মতালু গরম :—সালফার।

ঘর্ম্ম প্রচুর :—সিকেলি।

ঐ, চটচটে :—এণ্টিম-টার্ট।

ঐ, উপশম না হওয়া :—মার্ক-সল।

ঐ, ঘুম ভাঙ্গিলেই :—ড্রসেরা।

ঐ, নিদ্রিতাবস্থায় মস্তকেঃ—ক্যাল্ক-কার্ব্ব।

ঐ, দুর্গন্ধযুক্ত এবং দুর্ব্বলকর এবং শীত ও জ্বরের পর সন্ধ্যাকালেঃ—কার্ব্ব-এনি।

ঐ, কোনরূপ পরিশ্রমে :—ক্যাল্ক-কার্ব্ব।

শুষ্ক গাত্র :—কেলিকার্ব্ব।

শয়ন করিলেই গাত্র কুণ্ডুয়ন :—সাল্-ফার।

কঠিন বিজগুড়ি উহার তলদেশ লাল-বর্ণ তৎসঙ্গে জ্বালা ও চুলকনা :—সিপিয়া।

অবসন্নতা :—আর্সেনিক।

দুর্ব্বলতা :—কার্ব্বো-ভেজ।

হৃৎপিণ্ডের দুর্ব্বলতা :-এমোন-কার্ব্ব

শোথ :—আর্সেনিক।

শরীর বিশেষতঃ পদদ্বয় শুকাইয়া যাওয়া :—আর্জেণ্টাম-নিট।

ক্ষুধা সত্তেও দিন২ শরীর শুষ্ক হওয়া :-আয়োডাম।

নাসিকা হইতে ব্রংকাই পর্য্যন্ত শ্লেষ্মা সঞ্চয় :—মার্কসল।

গরম অথবা শীতল বায়ু সহ্য না হওয়া : মার্কসল।

দন্তোদ্গম কালে কাশিঃ—বেল, ক্যাল্ক-কার্ব্ব, ক্যামো, ক্রিয়োজোট।

সর্ব্বদাই স্বরভঙ্গ এবং সর্ব্বদা কথা কহা :—ক্যাল্ককার্ব্ব।

যুবা ব্যক্তিগণের রক্ত ওঠা :-আয়োডাম।

যুবা ব্যক্তিগণের শীঘ্র২ বৃদ্ধি পাওয়াঃ—ফস্-এসিড।

বৃদ্ধ ব্যক্তির কাশি :—এম্ব্রা, এমোন-কার্ব্ব, এমোম্-মিওর, কার্ব্বো-ভেজ, এণ্টিম-টার্ট।

স্ক্রফুলা ধাতুগ্রস্থ ব্যক্তির কাশি :—ক্যাল্ক-কার্ব্ব।

সর্ব্ব প্রকার বাত, চর্ম্মরোগ এবং স্ক্রফুলা ধাতুগ্রস্থ ব্যক্তির কাশি :-সাল্ফার।

স্ফোট চাপিয়া যাওয়া :-হেপারসাল্ফ।

দদ্রুরোগ চাপিয়া যাওয়া :—সিপিয়া।

ঘর্ম্ম রোধ হওয়া :—একোনাইট।

হাম রোগের পর কাশি:—কেলি-কার্ব্ব, পাল্‌সেটিলা।

অর্শ হইতে রক্তপড়া বন্ধের পর কাশিঃ-ইউফেসিয়া।

কর্কশ ও শুষ্ক কালে শর্দ্দি হওয়া :—ব্রমো, এমোন-কার্ব্ব, হেপার।

ঠাণ্ডা ও সেঁথ সেঁথে কালে শর্দ্দি লাগা :—নেট্রাম-সাল্‌ফ, সিপিয়া।

শীতকালে শর্দ্দি কাশি হইয়া গ্রীষ্মকাল পর্য্যন্ত থাকা :—এলুমিনা।

বায়ু পরিবর্ত্তনে কাশি :—আর্সেনিক, ব্রায়োনিয়া।

স্নান করিলে কাশি :—এণ্টিম-ক্রুড।

বিবিধ কফ্‌ মিক্‌শ্চার সেবন জনিত কাশি বৃদ্ধি :—নক্স-ভমীকা।

পেঁয়াজ সেবন জনিত কাশি বৃদ্ধি :—ফস্‌ফরাস।

ব্রায়োনিয়া সেবনের পর :—এলুমিনা উত্তম।

নিউমোনিয়া চিকিৎসার সার-সংগ্রহ।

প্রথমাবস্থা :—একো, ফেরাম-ফস্‌, কেলি-হাইড্রো, সাল্‌ফার।

দ্বিতীয়াবস্থা :—কেলি-মিউর, স্যাঙ্গু।

যকৃদাবস্থা ধূসর বর্ণের:—ক্যাল্কেরিয়া।

ঐ, নিম্ন খণ্ডে :—ব্রোমিন্‌।

ঐ, দক্ষিণ দিকের নিম্ন খণ্ডের পশ্চাৎ-ভাগে :—ফস্‌।

ঐ, দুই ফুস ফুসের ঊর্দ্ধাংশে :—কেলি-হাইড্রো।

নিউমোনিয়া দক্ষিণ দিকে :—চেলি, মার্ক-সল্‌, ফস্‌, ও লেনেগা।

ঐ, বামদিকে :—ল্যাকেসিস্‌ ও রাসটক্স।

ডবল্‌ নিউমোনিয়া :—লাইকো, ওপিয়াম্‌।

ক্যাটারাল্‌ নিউমোনিয়া :—ফস্‌।

নিউমোনিয়ার ৩য় অবস্থা :—ক্যাল্ক-সাল্‌ফ, কার্ব্বো-ভেজ, স্যাঙ্গু, সাল্‌ফার।

প্লুরো-নিউমোনিয়া :—ব্রাই, এণ্টিম-টার্ট।

টাইফয়েড-নিউমোনিয়া :— ব্যাপ্টি, হায়েস, রাসটক্স।

ফুসফুসে শোথ :—এণ্টিমটার্ট।

কাশি শুষ্ক, শুড়শুড়ি জনক, রাত্রিতে বৃদ্ধি:—বেল্‌।

ঐ, দম বন্ধকারী বিশেষতঃ রাত্রি ৩টার সময় বৃদ্ধিঃ—কেলি-কার্ব্ব।

ঐ, থেকেং অথবা কাশির অভাব :- কার্ব্বো ভেজ।

ঐ, কদাচ, শ্লেষ্মা না ওঠা, অথচ বক্ষে অত্যন্ত ঘড়ঘড়ানি :—সেনেগা।

ঐ, অত্যন্ত তৎসঙ্গে প্রচুর ফেনা যুক্ত শ্লেষ্মা অথবা শ্লেষ্মা না ওঠা :—এণ্টিম-টার্ট।

গর্মার কাগজে ফেলিলে ভাঙ্গিয়া গড়াইয়া যায় :—ফস্।

ঐ, কষ্টকর আটাযুক্ত, গোল ও চাপং এবং কালাটে লাল বর্ণ :—একোনাইট।

ঐ, গোলাকার ও আটার মত চাপং এবং পীত বর্ণের অথবা আমা ইটের মত :—ব্রায়োনিয়া।

ঐ, জলে পড়িলে ডুবিয়া যায় এবং স্খলিত তারার ন্যায় দেখায় :—কাল্ক-কার্ব্ব।

ঐ, লৌহ মরিচা চূর্ণের মত :—স্যাঙ্গুইনেরিয়া।

ঐরূপ বর্ণ একেবারে একমুখ বাহির হওয়া, সুতার মত এবং সহজে বিচ্ছিন্ন হওয়া :—কাইলো।

ঐ, পূঁজ এবং লাল রক্ত মিশ্রিত :—ভেরেট্রাম-ভিরিডি।

পরিষ্কার রক্ত ওঠা :—ফেরামফস্।

প্রবল চিড়িক বেদনা :—সেনেগা।

চিড়িক বেদনা, জ্বালা অথবা জল বেদনা :—স্যাঙ্গু।

জ্বালা এবং তাপ :—আর্স।

নিম্ন বক্ষে বেদনা এবং ঠোকরে স্থূল শব্দ বহির্গমন :—কেলি-কার্ব্ব।

শ্বাস প্রশ্বাস ঘন ঘন এবং ছোট :—কার্ব্বো-ভেজ।

ঐ, এক মিনিটে ৫০ বার :—পাল্স।

চুপিচুপি কথার অপেক্ষা উচ্চকথা কহিতে না পারা :—পাল্স।

প্রশ্বাস অপেক্ষা নিশ্বাস দীর্ঘ; :—ব্রায়োনিয়া।

অত্যন্ত শ্লেষ্মার ঘড়ঘড়ানি :—এণ্টিম-টার্ট।

ভার বশতঃ দুই বক্ষে চাপিয়া ধরা :—নাইট্রিক-এসিড।

অত্যন্ত টাইট বোধ :—ফস্।

শ্বাস কষ্ট অত্যন্ত অধিক :—সেনিগা, এণ্টিম-টার্ট।

ঐ, ধীরেং বৃদ্ধি :—ফেরাম-মেট।

ঐ, অপরাহ্নে এবং নিদ্রাভঙ্গে বৃদ্ধি :-ল্যাকেসিস্।

ঐ, দম বন্ধকারী :-নাইট্রিক-এসিড।

ঐ, হঠাৎ আক্রমণ :—কুপ্রাম ও এণ্টিম-টার্ট।

শ্বাস বদ্ধকারী আক্ষেপ বশতঃ দ্বার ও জানালা খুলিতে ইচ্ছা :-সাল্ফার।

ফুস্ ফুসের পক্ষাঘাত আশঙ্কা :—এণ্টিম-টার্ট।

হৃৎপিণ্ডের জোর আঘাত :—ফস্।

অত্যন্ত এবং অসমান হৃদস্পন্দন :—চেলিডো।

ক্যারোটিড ধমনীতে প্রবল দপ্-দপানি :—ফস্।

নাড়ী দ্রুত :—ফস্।

ঐ ঐ এবং ক্ষুদ্র :—স্যাম্বুই-নেরিয়া।

ঐ ক্ষুদ্র প্রায় পাওয়া যায় না :—সেনেগা।

ঐ দ্রুত, গণনা করিতে কষ্ট :—কার্ব্বো-ভেজ।

ঐ অসমান :—কেলি-কার্ব্ব।

ঐ ঐ, পর্য্যায়শীল :-কেলি-হাইড্রো।

ঐ অসমান অথচ পর্য্যায়শীল :—ভেরেট্রাম-ভিরিডি।

ঐ তিনবারের পর লোপ :—নাইট্রিক-এসিড।

ঐ পূর্ণ নহে এবং কঠিনও নহে :—কেরাম-মেট।

সহযোগী লক্ষণ।

তন্দ্রা তৎসঙ্গে জ্বালা মাথা গরম, লাল ও গরম গাল, লালবর্ণ কর্ণ, কুঞ্চিত তারা, মুখ বন্ধ :—ফস্।

প্রলাপ স্নায়বিক :—বেল।

ঐ বিড়বিড়ে এবং ইঙ্গিত জ্ঞাপক :-ফস্।

ঐ কাশি বিচ্ছিন্ন হইয়াছে বোধে একত্রিত করিবার ইচ্ছা :—ব্যাপ্টিসিয়া।

ঐ পরিবার বর্গের সহিত আপন বাটীতে থাকিবার ইচ্ছা :—ওপিয়াম।

ঐ, বিছানা হাতড়াইয়া কোন বস্তু অন্বেষণ করা :—ওপিয়াম।

ঐ, অনুপস্থিত ব্যক্তিকে গৃহমধ্যে দর্শন করা :—হায়োসায়েমাস।

মুমূর্ষ অবস্থাতেও ভীত না হওয়া :—ওপিয়াম।

কোন বিষয় না বলা অথবা ক্রন্দন না করা :—কার্ব্বো-ভেজ।

চেহারা খারাপ হওয়া :—সেনেগা।

অত্যন্ত উদ্বেগ ও অস্থিরতা :—আর্স।

মস্তিষ্কে রক্তাধিক্য :—বেল্।

মাথা গরম :—কেলি-হাইড্রো।

মাথার তালু গরম :—সাল্ফার।

চক্ষু রক্তবর্ণ :—বেল, কেলি-হাইড্রো।

ঐ অর্দ্ধ মুদ্রিত :—কার্ব্বো-ভেজ।

তারা কুঞ্চিত :—ফস্।

ঐ অসাড় :—কার্ব্বো-ভেজ।

মুখ মণ্ডল আরক্ত:-বেল, ভেরেট্রামভিরি।

বদন লাল ও গরম :—ফস্, স্যাঙ্গুই-নেরিয়া।

উহার একস্থান লাল বর্ণ :—লাইকো।

অপরাহ্নে গাল লাল:—সাঙ্গুইনেরিয়া।

মুখ মণ্ডল ফেকাসে: আর্স, ফেরা-মেট, কেলি-কার্ব্ব।

ঐ, মাটীর মত ময়লাটে ঈষৎ নীল বর্ণ কদাচ লাল —কুপ্রাম।

মুখে বোকার মত আকৃতি :—ফেরাম-মেট।

মুখ ফেকাসে ও চোপসান :—কার্ব্বো-ভেজ, ফেরাম মেট।

নীলবর্ণ :—এণ্টিম টার্ট।

নাসা শীতল এবং চোপসান :—কার্ব্বো-ভেজ।

নাকের ডানায় পাখার মত ওঠা নামা : লাইকো, ফস্।

ওষ্ঠ অল্প নীলবর্ণ :—কার্ব্বো-ভেজ, কুপ্রাম, কেলি-হাইড্রো।

ওষ্ঠে ও জিহ্বায় ক্ষত, লাল বর্ণ এবং শুষ্কতা :—লাইকো।

নিম্ন চোয়াল চুপসে যাওয়া :—কেলি-হাইড্রো।

মুখ গহ্বরের ছাদ লালবর্ণ :—কুপ্রাম।

ঐ, সাদা :—ফেরাম।

জিহ্বা শুষ্ক :—কেলি হাইড্রো।

জিহ্বার অগ্রভাগ লাল :—রাস্টক্স।

জিহ্বার মধ্যস্থলে লাল দাগ :-ভেরেট-ভিরিডি।

পিপাসা, অল্প জল পান করা : আর্স।

পিপাসা অনেক পরিমাণে জল চাওয়া —ব্রায়োনিয়া।

জল নিকটে ধরিলে পেটুকের মত জল-পাত্র ধারণ ও জলপান :—ফস, সাল্ফার।

দম বন্ধ প্রযুক্ত এক ঢোকের অধিক জল পান করিতে অক্ষমতা :—ফস্, নাইট্রিক এসিড।

জিহ্বা শুষ্ক স্বত্বেও অল্প তৃষ্ণা অথবা পিপাসার অভাব :—ব্রাই, পাল্স।

পানীয় পদার্থের জন্য যাচিঞা না করা : —কেলি-হাইড্রো।

অম্লযুক্ত পানীয় পদার্থে ইচ্ছা :—ব্রায়োনিয়া।

কাশিবার কালে ফুস্ফুস হইতে ১প্রকার দুর্গন্ধ বাহির হয় এবং জিহ্বায় দুর্গন্ধ-যুক্ত তার হয় :—ক্যাপসিকাম।

প্রশ্বাস শীতল :—কার্ব্বো-ভেজ।

পৈত্তিক লক্ষণ :—চেলিডো, মার্ক-সল্।
ন্যাবা :—মার্ক-সল্।
উদরাময় :—মার্ক-সল্, ফস্।
ঐ প্রাতঃকালে বৃদ্ধি :—সাল্ফার।
মল কটা ও ঘন :—ফেরাম।
ঐ শুষ্ক :—কেলি-কার্ব্ব।
ঐ গাঢ় হইলেও দুর্গন্ধযুক্ত :—ল্যাকেসিস্।
উদর গ্যাস পূর্ণ :—কার্ব্ব-ভেজ।
দক্ষিণ স্ক্যাপুলা অস্থির নীচে বেদনা :—চেলিডোনিযাম।

তন্দ্রা, নিদ্রা যাইতে অক্ষমতা :—বেল।
নিদ্রার ভাব -কেলি-হাইড্রো, সেনিগা।
অনিদ্রা ও অস্থিরতা :—রাসটক্স, সালফার।
নিদ্রায় চমকান :—বেলেডনা।
অত্যন্ত নাক ডাকা :—কেলি-হাইড্রো।
পৃষ্ঠের উপর শয়ন করা :—কেলি-হাইড্রো।
জাগিলেই খিটখিটে মেজাজ —লাইকো।

শীতল হস্ত পদ :—আর্সেনিক।
ঐ ঐ এবং মুখমণ্ডল :—স্যাম্বুই।
শীতল পদ এবং নীল বর্ণ হস্ত :—কার্ব্বো-ভেজ।
নখের নিচে অল্প নীল বর্ণ :—কেলি-হাইড্রো।
শীতের পূর্ব্বে কোন অসুখ না থাকা :—ফেরম মেট।
সর্ব্বদা শীত, গাঢ় নিদ্রা সহজে ভাঙ্গে না :—কেলি-হাইড্রো।
প্রথম অবস্থায় প্রবল জ্বর :—একোনাইট।
হাতের ও পায়ের তলদেশ এবং ব্রহ্মতালু গরম :—সাল্ফার।
উত্তপ্ত এবং শুষ্ক গাত্র :—ফস্।
ত্বক শীতলও নহে এবং জ্বালাকর গরমও নহে :—ফেরাম।
ঘর্ম্ম সর্ব্ব শরীরে কেবল নিম্নাঙ্গে নহে :—ওপিয়াম।
ঐ অত্যন্ত উষ্ণ : —ওপিয়াম।
ঐ প্রচুর নহে কিন্তু কখন কখন টক গন্ধযুক্ত :—কুপ্রাম।
ঐ বাম বক্ষে :—পালসেটিলা।
ঐ অথচ উপকার নাই —কুপ্রাম, ল্যাকে, লাইকো, মার্কসাল।
ঐ তৎসঙ্গে ঘামাচির মত স্ফোট :—ওপিয়াম।

ত্বকে বিজগুড়ি বা স্ফোট: —সাল্ফার।
শুষ্ক গাত্র, —কেলি-কার্ব্ব।

অল্প আক্ষেপ দুই প্রহর বেলায় বৃদ্ধি :
সাল্‌ফার।

অবসন্নতা :—আর্সেনিক।

বলক্ষয় :—স্যাঙ্গুইনেরিয়া।

হস্ত ও পদ উত্তোলন করিলে পক্ষাঘাতের ন্যায় পতন :—কেলি-হাইড্রো।

শীর্ণতা ও শীতলতা :—কার্ব্বো-ভেজ।

আক্ষেপের আশঙ্কা :—বেলেডনা।

স্থির হইয়া শুইয়া থাকা :—ব্রায়োনিয়া।

বেদনার দিকে শয়ন করিলে উপশম কিন্তু কখন কখন তদ্বিপরীত :—ব্রাই।

চিত হইয়া শয়ন করিয়া থাকা :—স্যাঙ্গুই, কেলি-হাইড্রো।

পার্শ্ব ফিরিয়া শুইতে অক্ষমতা :—পাল্‌স।

চিত হইয়া চুপ করিয়া শুইয়া থাকা :—একোন।

বাম বক্ষে চিড়িক বেদনা বশতঃ দক্ষিণ পার্শ্বে শয়ন করিতে অক্ষমতা :—একোন।

অল্প অঙ্গ সঞ্চালনে সমস্ত লক্ষণের বৃদ্ধি :—ব্রায়োনিয়া।

স্থির হইয়া শয়ন করিলে বেদনা ও শ্বাস কষ্ট বৃদ্ধি :—রাসটক্স।

গাত্রে বস্ত্র রাখিতে না পারা :—লাইকো।

শয্যা গরম বোধে বসিয়া থাকিতে ইচ্ছা :—ওপিয়াম।

আঘাত প্রযুক্ত রোগে :—আর্ণিকা।

হঠাৎ ঘর্ম্মরোধের পর এই রোগ তৎসঙ্গে দুই স্কাপুলা অস্থির নিম্নে বেদনা :—জেল্‌স।

পূর্ব্বে কোন প্রকার সর্দ্দি অথবা অন্ত্র-রোগের পর নিউমোনিয়া হইলে :—কুপ্রম।

দীর্ঘস্থায়ী ও দুর্ব্বল ব্যক্তির রোগে হঠাৎ বেদনা লোপ কিন্তু নাড়ীর বেগ সংখ্যা বৃদ্ধি :—নাইট্রিক-এসিড।

যক্ষ্মারোগের চিকিৎসার সার সংগ্রহ।

কাশি কুকুর ডাকার মত :—বেলেডনা।

কাশি কুকুর ডাকার মত, দম বন্ধ, বাঁশী, সাঁইসাঁইবৎ ও প্রাতঃকালে বৃদ্ধি :—হেপার সল্‌।

কাশি কর্কশ ও খকখকে :—আস-আয়োড।

কাশি হাঁপানির মত সাঁইসাঁইবৎ :—ক্রোকাশ।

কাশি শুষ্ক :—আর্সেনিক।

কাশি শুষ্ক সন্ধ্যাকালে :—সিপিয়া।

কাশি শুষ্ক শ্রান্তিবিধায়ক:-একটিয়ারেসি।

কাশি শুষ্ক, টাইট, যন্ত্রণাদায়ক এবং দুই প্রহর রাত্রির পূর্ব্বে :—ফস্‌।

কাশি দিবাভাগে আক্ষেপজনক কিন্তু রাত্রিকালে কম :—ক্যাল্ক কার্ব্ব।

কাশি আক্ষেপজনক এবং যতক্ষণ না সবুজ এবং পীত অথবা পূঁজবৎ ও দুর্গন্ধযুক্ত গয়ার না ওঠে ততক্ষণ থামেনা :—কার্ব্বো-ভেজ।

ঐ আক্ষেপ জনক ও খক্‌খকে :—নক্সভমীকা।

ঐ সমস্ত দিন :—ব্রায়োনিয়া।

ঐ কেবল দিবাভাগে :-ল্যাকেসিস্‌।

ঐ দিন রাত্রি :—লাইকো।

ঐ সন্ধ্যাকালে :—আর্স, স্পঞ্জিয়া।

কাশি দুই প্রহর রাত্রিতে :—আর্স, বেল্‌।

ঐ রাত্রি ৩টার সময় :-কেলিকার্ব্ব।

ঐ নিদ্রিত অবস্থায় কিন্তু জাগ্রত অবস্থা হয় না :—ল্যাকেসিস্‌।

ঐ শয়ন করিলেই বৃদ্ধি :—আর্স, ক্রোকাশ।

ঐ দক্ষিণ পার্শ্বে :—মার্ক-সাল্‌।

ঐ প্রাতঃকালে উঠিলেই :-আর্স।

ঐ নিদ্রাভঙ্গে :—ল্যাকেসিস্‌।

ঐ শীতল বায়ুতে :-ফস্‌, স্পঞ্জিয়া।

ঐ শরীরের কোন অংশ খোলা থাকিলে :—হেপার।

ঐ গ্রীষ্মকালে অথবা গরম ঘরে :—ক্রোকাশ।

ঐ আহার করিলে এবং নড়িলে:—নক্স-ভমিকা।

ঐ কথা কহিলে ও হাসিলে :—ফস্‌, স্পঞ্জিয়া।

ঐ আহার করিলে অথবা পান করিলে উপশম :-ফেরাম, স্পঞ্জিয়া।

ঐ শয়ন করিলে উপশম :-সিপিয়া।

ঐ তৎসঙ্গে মস্তকে বিদারণ শীল বেদনা :—ব্রাই, নক্স, ফস্‌।

কাশি তৎসঙ্গে শিরঃপীড়া অথবা পাকাশয় ও অন্ত্র মধ্যে মোচড়ানি বোধঃ নক্স-ভমিকা।

ঐ তৎসঙ্গে বক্ষে এবং লেরিংসে ক্ষত বোধ ও জ্বালাকর বেদনা :—ফস্।

কাশির পর তাপ বোধ :—স্যাঙ্গুই।

গয়ার, প্রাতঃকালে সবল :-ফস্ সিপিয়া।

গয়ার রাত্রিকালে, দিবভাগে কিছুই ওঠে না :—সিপিয়া।

গয়ার কষ্টকর, সর্ব্বদা হক্‌হক্ করিয়া অল্প গয়ার উঠিলে উপশম বোধ :-ল্যাকেসিস।

গয়ার ও তরল কাশি কিন্তু গয়ার না ওঠা অথবা অতিকষ্টে অল্প ওঠা :—সিপিয়া।

গয়ার ফেনাযুক্ত তৎসঙ্গে সাদাটে ও পীত বর্ণের সরুদড়ির মত শ্লেষ্মা : ক্রোকাশ।

গয়ার, ফেনাযুক্ত ও চকচকে ও স্বচ্ছ শ্লেষ্মা :—আর্স।

গয়ার, স্বচ্ছ শ্লেষ্মা কখন২ রক্তের ছিট যুক্ত :—আয়োডাম।

গয়ার, কঠিন সাদা গোলাকার চাপ (মটরের মত) কাশিলে বা হকুং করিলে মুখ হইতে সজোরে বাহির হইয়া পড়ে :—কেলি-কার্ব্ব।

গয়ার, জলে ডুবিয়া যায় ও ঋলিক তাবার মত দেখায় :—ক্যাল্ক কার্ব্ব।

গয়ার, পীতবর্ণ অথবা অল্প ধূসর ও পীত বর্ণ মিশ্রিত :-আর্স, কার্ব্বো-ভেজ।

গয়ার, সবুজ অথবা পীতবর্ণ:—কার্ব্বো-ভেজ।

গয়ার, চিমসে অল্প সবুজ বর্ণ তৎসঙ্গে অল্প২ কাশি :—ডাল্‌কামারা।

গয়ার দুর্গন্ধযুক্ত :-কার্ব্বো-ভেজ, স্যাঙ্গুই, সিপিয়া, সিলিকা।

ঐ ঐ তৎসঙ্গে কাশির কঠিন আক্ষেপ :—কার্ব্বো-ভেজ।

ঐ পূর্ব্ববৎ :—আর্সেনিক, আয়োড, কার্ব্বো-ভেজ, ক্যাল্ককার্ব্ব, লাইকো, সিলিকা ও সালফার।

ঐ ঐ প্রাতঃকালে উঠিলেই বৃদ্ধি এবং সন্ধ্যার প্রাক্কালে বৃদ্ধি :—ক্যাল্ক-কার্ব্ব।

ঐ ঐ তৎসঙ্গে দিবা রাত্রি কুকুর ডাকার মত কাশি :—আর্সেনিক, আয়োডিয়াম।

ঐ ঐ ক্ষণকালের জন্য উপশম :—সাল্‌ফার।

ঐ লবণাক্ত :—লাইকো।

ঐ অল্প মিষ্ট :—হ্যামেমেলিস।

রক্ত ওঠা : —একো, আর্স, ফেরাম, ফেরাম ফস্ ও মার্ট-কম।

ক্ষুধা লোপ :-ক্যাল্ক-কার্ব্ব, আইয়োড।

আহারান্তে পাকাশয়ে চাপবোধ ও ফুলা :—ষ্ট্যানাম্।

পাকাশয় গহ্বরের ভিতর চাপ ও পূর্ণতা বোধ :—ফেরাম।

উদর চাপিলে বেদনা বোধ :—নক্স।

উদরাময় :—ডাল্কা, স্যাঙ্গু।

ঐ, দুর্ব্বলকর :—আর্স।

ঐ, বেদনাহীন : —ফেরাম্।

ঐ, তৎসঙ্গে নৈশঘর্ম্ম :—নাইট্রিক-এসিড্।

ঐ, প্রাতঃকালে বৃদ্ধি :—সাল্ফার।

ঐ, সন্ধ্যাকালে বৃদ্ধি :—ক্যাল্ক-কার্ব্ব।

ঐ, অথবা কোষ্ঠ বদ্ধ :—নাইট্রিক-এসিড্, ফস্।

কোষ্ঠ বদ্ধ :—ক্যাল্ক-কার্ব্ব।

মল দুর্গন্ধযুক্ত :—ল্যাকেসিন্।

মল দুর্গন্ধযুক্ত তৎসঙ্গে দুর্গন্ধযুক্ত বায়ু নিঃসরণ :—ফস্।

গুহ্যদ্বার ফাটা :—নাইট্রিক-এসিড্।

বস্তি গহ্বরের ভিতর হইতে সর্ব্বাঙ্গ কম্পন :—কেলি-কার্ব্ব।

কামেচ্ছা লোপ :—ক্যাল্ক-কার্ব্ব।

রাত্রিকালে স্বপ্নদোষ :—ক্যাল্ক-কার্ব্ব।

রজঃ প্রচুর :—আয়োড্।

রজঃ সময়ের পূর্ব্বে :—ক্যাল্ক-কার্ব্ব।

রজঃ জলবৎ :—ফেরাম্।

রজঃ বদ্ধ :—ক্যাল্ক-কার্ব্ব।

প্রদর :—ক্যাল্ক কার্ব্ব।

স্তন শুষ্কতা :—আয়োড্।

যেখানে সেখানে বেদনা :—মার্কসল্।

গোড়ালীর মোটাদড়া (টেণ্ডনের) কুঞ্চন :—কেলি-কার্ব্ব।

পায়ের পাতা ঠাণ্ডা :—ক্যাল্ক কার্ব্ব।

হাত এবং পা শীতল ও ভারযুক্ত অথবা গরম :—ষ্ট্যানাম্।

শীতল গাত্র : —কার্ব্ব-ভেজ।

শীতল জানু :—ঐ।

দুপুর বেলা শীত বোধ :-কেলি-কার্ব্ব।

খোলা বাতাসে শীত বোধ :-হেপার।

সর্ব্বদা শীত বোধ তৎসঙ্গে গরম ভাব : —ষ্ট্যানাম্।

দুপুরবেলা শীত তৎপরে বৈকালে তাপ ও ঘর্ম্ম :—ব্যাপ্টি।

সন্ধ্যাকালে শীত তৎপরে নিদ্রার সময় তাপ ও ঘর্ম্ম প্রাতঃকাল পর্য্যন্ত :-ফস্।

শীত, পরে জ্বর :—ব্রাই।

হাতের তলার শুষ্ক তাপ :—হেপার ও ষ্ট্যানাম্।

দুই স্কন্ধের মধ্যবর্ত্তী পৃষ্ঠদেশে তাপ ও জ্বালা :—ফস্।

নিদ্রাবস্থায় ত্বক্ শুষ্ক ও গরম :—স্যাম্বুকাস্।

রাত্রিকালে তাপ :—কেলিকার্ব্ব।

সকল সময়ে গরম বোধ, লেপের বাহিরে পা রাখা :—সাল্ফার।

তাপের পর হাঁ করা ও গা-ভাঙ্গা :—স্যাম্বু।

পর্য্যায়শীল জ্বর :-আর্স, ব্যাপ্টি, চায়না, ন্যাট্র্যাম-মিউর।

ক্ষয়কারী জ্বর :—ফেরাম্, লাইকো।

অপরাহ্নে জ্বর বৃদ্ধি :—লেকেসিস।

অল্পেই ঘর্ম্ম :—ক্যাল্ক-কার্ব্ব, হেপার।

ঘুম আসিবার কালে ঘর্ম্ম :—চায়না।

জাগ্রত অবস্থায় ঘর্ম্ম :—স্যাম্বুকাস।

নৈশ ঘর্ম্ম :—লাইকো, স্যাম্বু।

ঐ এবং ভেদ :—এণ্টিম-টার্ট, বেসি।

ঐ প্রচুর :—সাইলিসিয়া, সাল্ফার।

ঐ দুর্গন্ধ যুক্ত এবং দুর্ব্বল কর :—নাইট্রিক এসিড্।

ঐ এবং প্রাতঃকালে প্রচুর ঘর্ম্ম :—ষ্টানাম।

প্রাতঃকালীন ঘর্ম্ম :—আর্যোড।

পায়ের তলায় ক্ষুদ্র২ বিস্ফুড়ি ও অত্যন্ত চুলকনা :—কেলি-কার্ব্ব।

ফেকাসে মোমের মত গাত্র :—সাইলিসিয়া।

সর্ব্বাঙ্গিক বসে দুর্গন্ধ :—সেরিনাম্।

অল্প পরিশ্রমে ক্লান্তি :—ক্যাল্ক-কার্ব্ব।

অত্যন্ত ক্লান্তিবোধ :—ষ্টানাম্।

সর্ব্বাঙ্গিক দুর্ব্বলতা ও ক্লান্তি :—ব্যাপ্টি।

অপরিষ্কৃততা :—আর্স, কার্ব্বো-ভেজ।

শীর্ণতা :—ক্যাল্ক-কার্ব্ব, আয়োডাম্।

যুবা ব্যক্তি গণের শীঘ্র২ বাড় :—ক্যাল্ক-কার্ব্ব, ফস-এসিড।

চোকবসা :—ক্যাল্ক-কার্ব্ব।

স্নায়বিক ও সবল ব্যক্তি :—বেলেডনা।

অল্প উদ্বেগ ও পরিশ্রমে মুখ লাল বর্ণ, নাকদিয়া রক্ত পড়া, কাশি, হাঁপ, রক্ত ওঠা, হৃদস্পন্দন, অল্প খড়িয়া বেড়াইলে উপশম :—ফেরাম্।

রক্তপাত বহুদিন ধরিয়া দুগ্ধ পান ও শুক্র পাতের পর :—চায়না।

স্ক্রফুলা ধাতু :—কডলিভার-অয়েল।

খোস পাচড়া বন্ধের পর :—সোরিনাম, সাল্ফার।

উপদংশ ও পারার ধাত :—নাইট্রিক-এসিড।

নিউমোনিয়ার পর :-হেপার, লাইকো।

প্রস্তর কর্ত্তন কারী যক্ষ্মা :-সাইলিসিয়া।

গরম ঘরে ও গরম কালে বৃদ্ধি :—ক্রোকাশ।

গাত্রাবরণ অসহ্য :—লাইকো।

গাত্রাবরণ খুলিলে এবং ঠাণ্ডা হাওয়া লাগিলে বৃদ্ধি :—হেপার, রুস্।

নদী বা সমুদ্র তীরে বৃদ্ধি :—আর্স, কার্ব্বো-ভেজ, নেট্রাম-মিউর।

অল্প ঋতু পরিবর্ত্তনে বৃদ্ধি :—ডাল্কা।

৪ হইতে রাত্রি ৮ পর্য্যন্ত বৃদ্ধি :—লাইকো।

সমাপ্ত।

Diagnostic Table Of Acute Pulmonary Diseases

ফুস ফুস [illegible] তরুণ রোগ গুলির পার্থক্য বিচার।

	ব্রংকাইটিস্।	ক্রুপাস্ নিউমোনিয়া।	ক্যাটারাল নিউমোনিয়া।	প্লুরিসি	তরুণ থাইসিস্।
১। আক্রমণ প্রণালী	শর্দ্দি ও শর্দ্দি লক্ষণ, স্পষ্ট কম্প নং কিন্তু অল্প ও ঘনং শীতবোধ।	প্রথমেই একবার প্রবল ও দীর্ঘ স্থায়ী শীত, শিশু দিগের প্রথমে তড়কা হইতে পারে।	স্পষ্ট শীত হয় না, ব্রংকাইটিস ও পাল্মোনারী কোলাপ্স রোগের সহিত হইয়া থাকে।	কয়েকবার মধ্যম প্রকারের কম্প ও শীত অথবা জনান না দিয়া রোগ উপস্থিত হয়।	তরুণ নিউমোনিয়া, ব্রংকাইটিস অথবা ক্যাটারাল নিউমোনিয়ার সহিত ঘনং কম্পের সহিত আক্রমণ।
২। বক্ষে বেদনা ইত্যাদি	ক্ষতবোধ, উত্তাপ, ষ্টার্ণাম অস্থির নিম্নে ক্ষতবোধ, কাশি প্রযুক্ত পেশী বেদনা, বক্ষে চাপ বোধ।	সর্ব্বদা পার্শ্ব বেদনা, ঐ বেদনা চিড়িক বেদনা অপেক্ষা গুরুতর হইয়া থাকে।	সর্ব্বদা বক্ষে বেদনা, কিন্তু ঐরূপ বেদনা এক স্থানে বদ্ধ নহে।	পার্শ্ব দেশে প্রবল চিড়িক বেদনা, গভীর নিশ্বাস, টানিলে বা কাশিলে ঐরূপ ষ্টিচ্ বেদনা বৃদ্ধি পায়।	বক্ষের নানা স্থানে বেদনা, কিন্তু ঐরূপ বেদনার কোন বিশেষ স্বভাব থাকে না।
৩। কাশি	আক্ষেপিক কাশি, প্রায়ই অত্যন্ত প্রবল হইয়া থাকে।	অত্যন্ত কাশি, মধ্যেং কাশি হইয়া থাকে।	অল্পং ও খক্খকে ও বেদনাজনক কাশি হয়।	অত্যন্ত কাশি, রোগী কাশি দমন করিতে চেষ্টা করে।	ঘনং ও প্রবল কাশির আক্ষেপ হয়।
৪। গয়ার	প্রচুর, রোগের বৃদ্ধির সহিত গয়ারের স্বভাব পরিবর্ত্তন:— প্রথমে শ্লেষ্মা পরে শ্লেষ্মা ও পূঁয মিশ্রিত গয়ার ওঠে।	প্রচুর পরিমাণ আটা যুক্ত এবং ইষ্টক চূর্ণের মত শ্লেষ্মা উঠিয়া থাকে।	প্রথমে অধিক পরে কম শ্লেষ্মা ওঠা, কিন্তু ইষ্টকচূর্ণের মত বর্ণ নহে।	অত্যল্প গয়ার অথবা কিছুই ওঠে না. এবং উহার কোন স্বভাব থাকে না।	প্রচুর, ব্রংকিটীক, অথবা ইষ্টকচূর্ণের মত গয়ার অথবা রক্ত ওঠা।
৫। শ্বাসক্রিয়ার ব্যাঘাত	অল্প অথবা অধিক শ্বাসকষ্ট (রোগের বিস্তৃতি অনুসারে); নাড়ী ও শ্বাস প্রশ্বাস নিয়ম প্রায় ঠিক থাকে।	অত্যন্ত দ্রুত শ্বাস প্রশ্বাস; নাড়ী ও শ্বাস নিয়মের বিশেষ তারতম্য; কিন্তু অধিক শ্বাস কষ্ট থাকেনা।	ব্রংকাইটিস রোগের পর হইলে অত্যন্ত দ্রুত শ্বাস প্রশ্বাস, হয়, কিন্তু শ্বাসকষ্ট কম থাকে।	প্রথমে কম পরে অত্যন্ত শ্বাসকষ্ট; নাড়ী ও শ্বাস নিয়মের বিশেষ ব্যতিক্রম ঘটে না।	অত্যন্ত শ্বাসকষ্ট ও দ্রুত শ্বাস প্রশ্বাস, গুটিকা সঞ্চয় হইলে আরও বৃদ্ধি।
৬। জ্বরের পরিমাণ।	জ্বর কম, অথবা না হইতেও পারে। ১০০। ১০২,ডিগ্রি তাপ ইহার উর্দ্ধে তাপ ওঠেনা। ত্বক সরস থাকে।	অত্যন্ত তাপাধিক্য; ১০৩। ১০৪। ১০৫ বা ততাধিক তাপ ওঠে। নির্দ্দিষ্ট গতি, ত্বক্ গরম শুষ্ক ও উগ্র থাকে।	তাপ উচ্চ হইলেও উহার অনেকক্ষণ বিরাম হয়। এই বিরামকালের নিয়ম থাকে না।	তাপ অধিক হয় না, এবং তাপের নিয়মিত হ্রাস বৃদ্ধিও থাকে না, ত্বক্ উগ্র ও শুষ্ক থাকিলেও শীঘ্র সরস হয়।	উচ্চ তাপ. গুটিকা হইলে অত্যন্ত তাপবৃদ্ধি, কিন্তু তাপের নিয়মিত হ্রাস বৃদ্ধি নাই।
৭। রোগীর আকৃতি ও অবস্থা	বিশেষ কিছু বৈলক্ষণ্য ঘটেনা, রোগ বিস্তৃত হইলে নীল বর্ণ হয়। কোন কোন স্থলে রোগী দুর্ব্বল হইয়া থাকে।	স্পষ্ট আরক্ত মুখ, এক পার্শ্বে অধিক দেখা যায়. নীল বর্ণ হয় না, অত্যন্ত দুর্ব্বলতা হইয়া থাকে।	মুখ প্রায়ই আরক্তিম হয়, সর্ব্বদা উদ্বেগ ও অস্থিরতা তৎসঙ্গে শীর্ণতা ও দুর্ব্বলতা।	বিশেষ কিছু বৈলক্ষণ্য ঘটে না।	অত্যন্ত দুর্ব্বলতা ও অবসন্নতা, প্রচুর ঘর্ম্ম ও শীঘ্রং শীর্ণতা,গুটিকা হইলে দুর্ব্বলতার একশেষ হইয়া থাকে।
৮। ভৌতিক চিহ্ন	বিবিধ প্রকার শুষ্ক রংকাই ও সরস রাল্স; রংকাল্ ফ্রিমিটাস, কোন কোন স্থলে শ্বাস নলীর রুদ্ধভাব উপস্থিত হয়, অল্প ও বিস্তরভাবে দুই দিক আক্রান্ত হয়। বক্ষের তলদেশে সরস রাল্স শ্রুত হয়। উদর দিকে শুষ্ক রংকাই শ্রবণ করা গিয়া থাকে।	প্রথমতঃ ক্রিপিটেণ্ট রাল্স, পরে ফুসফুস কাঠিন্যের চিহ্ন যথা:—শ্বাসগতি হ্রাস, ভোকাল্ ফ্রিমিটাসের আধিক্য, ডাল্ শব্দ, ব্রাংকিয়াল অথবা টিবুলার শ্বাস প্রশ্বাস, স্বরের শব্দাধিক্য ও উহা শুনিতে ধাতুবাদ্যবৎ; শেষে আরোগ্যসূচক রিডাক্স ক্রিপিটেশন্ শব্দ; সাধারণতঃ এক বক্ষ আক্রমণ; আক্রান্ত বক্ষ স্ফীত হয় না ও তজ্জন্য কোন যন্ত্রের স্থানচ্যুতি হয় না।	স্থানে ২ ফুসফুস কাঠিন্যের চিহ্ন ও রাল্স থাকে; সাধারণতঃ দুই বক্ষের স্থানে রোগের আক্রমণ;ফুসফুসের কোলাপ্স রোগের পর এই রোগ হইলে ডাল্ শব্দ বাহির হয়।	প্রথমতঃ ফ্রিকসন শব্দ শুনা যায় ও হস্তের দ্বারা উহা অনুভব করা যায়; পরে [illegible]রসসঞ্চয়ের লক্ষণ যথা:—পার্শ্ব বৃদ্ধি; শ্বাসগতির হ্রাস; ভোকাল্ ফ্রিমিটাসের হ্রাস; ডাল্ শব্দ, শ্বাস প্রশ্বাস শব্দ ক্ষীণ [illegible] অথবা উহার এককালীন লোপ [illegible] ভোকাল স্বরেরও ঐ অবস্থা; কখনং ইগোফনি শব্দ; [illegible] যন্ত্রের স্থানচ্যুতি; অবশেষে [illegible] শোষণ চিহ্ন তৎসঙ্গে রিডাক্স [illegible] ফ্রিকসন শব্দ ও ফ্রিমাইটিস; সা[illegible]রণতঃ এক বক্ষে রোগের আক্রমণ।	প্রথমতঃ রংকাইটিস চিহ্ন, কাঠিন্য, কোমলত্ব ও গহ্বরের চিহ্ন; তলদেশে আক্রমণ; তরুণ টিউবার্কুলোসিস্ রোগে ফুসফুসের স্থানেং রাল্স শব্দ শ্রবণ করা গিয়া থাকে।
৯। স্থিতি ও পরিণাম	একেবারে জ্বর ছাড়ে না। কেপিলারী ব্রংকাইটিস, রোগে এপ্নিয়া ও দুর্ব্বলতায় মৃত্যু ঘটে।	ক্রাইসিস দ্বারা জ্বর ত্যাগ, কিছু দিন পরে রোগ আরোগ্য হয়।	ক্রাইসিস হয় না এবং কাশি দীর্ঘস্থায়ী হইয়া থাকে।	ক্রাইসিস্ হয় না, গতির নিয়ম থাকে না	সাধারণতঃ শীঘ্রং জ্বর হয় ও মৃত্যু ঘটে।